২য় খণ্ড ] [ ১ম সংখ্যা

# ফলিত জ্যোতিষ।

# ASTROLOGY.

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়
কর্ত্তৃক প্রণীত ও প্রকাশিত।

কলিকাতা

যোড়াসাঁকো শিবকৃষ্ণ দাঁর লেন ৭ নং

জ্যোতিষপ্রকাশ যন্ত্রালয়ে

শ্রীঅদ্বৈতচরণ ঘোষ দ্বারা মুদ্রিত।

সন ১২৮৪ সাল, কার্ত্তিক।

মূল্য এক টাকা মাত্র।

# ফলিত জ্যোতিষ।

## দ্বিতীয় খণ্ড।

## ASTROLOGY.

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়

কর্ত্তৃক প্রণীত ও প্রকাশিত।

সাং বুতুনি জেলা ঢাকা, হাল সাং যোড়াসাঁকো।

---

অন্যান্যশাস্ত্রেষু বিনোদমাত্রং ন তেষু কিঞ্চিদ্ভুবি দৃষ্টমস্তি।
চিকিৎসিতজ্যোতিষতন্ত্রবাদাঃ পদে পদে প্রত্যয়মাবহন্তি॥

---

কলিকাতা।

যোড়াসাঁকো, শিবকৃষ্ণ দাঁর লেন, ৭ নং,

জ্যোতিষপ্রকাশ যন্ত্রালয়ে

শ্রীঅদ্বৈতচরণ ঘোষ দ্বারা মুদ্রিত।

সন ১২৮৭ সাল।

# দ্বিতীয় খণ্ডস্থ সূচীপত্রং।

# অনুক্রমণিকা।

বহু পরিশ্রমে বহুযত্নে ও বহু অর্থব্যয়ে আমি ফলিত জ্যোতিষের বহুবিধ গ্রন্থ সংগ্রহ পূর্ব্বক অস্মদ্দেশীয় সাধারণের হিত সাধনোদ্দেশে প্রচার করিতে কৃতসংকল্প হইয়া রাজকীয় যন্ত্রাধ্যক্ষ মহাশয়ের সহিত এরূপ বন্দোবস্ত করিয়াছিলাম যে, তিনি প্রতি মাসে ১২ বারো ফরমা মুদ্রিত করিয়া দিবেন, এবং প্রতিফরমায় আমি তাঁহাকে ৬॥ সাড়ে ছয় টাকা দিব। তিনি বর্ণাশুদ্ধি শোধন জন্য প্রুফ দেখিয়া এবং যদি অনুবাদের দোষ থাকে তাহাও শোধন করিয়া দিবেন, তজ্জন্য আমি তাঁহাকে প্রতিফরমাতে অতিরিক্ত এক টাকা দিব। আমি ফলিত জ্যোতিষ প্রথম খণ্ডের কএক সংখ্যা মুদ্রাঙ্কন কালে রাজকীয় যন্ত্রাধ্যক্ষের নিকটএই মাত্র বিশেষ সাহার্য্য গ্রহণ করিয়াছিলাম। এবং তাহার টাকাও সমুদায় তাঁহাকে সম্পূর্ণ রূপ যথা সময়ে প্রদান করিয়াছি। পরে উক্ত রাজকীয় যন্ত্রাধ্যক্ষের ও প্রিণ্টারের নানাবিধ অসন্তোষকর অবৈধ বিপরীতাচরণে আমি বিরক্ত হইয়া ঐ যন্ত্রালয়ে মুদ্রাঙ্কন কার্য্য বন্ধ করিয়া জ্যোতিষ প্রকাশ নামক একটী নুতন যন্ত্রালয় স্বয়ং সংস্থাপন করিয়া নানাবিধ নুতন উৎকৃষ্ট সরঞ্জাম সমুদায় ক্রয় পূর্ব্বক তাহাতে ফলিত জ্যোতিষের প্রথম খণ্ডের সপ্তম সঙ্খ্যা হইতে এবং দ্বিতীয় খণ্ডের প্রথম সঙ্খ্যা হইতে প্রচার করিতে আরম্ভ করিয়াছি। গ্রাহকগণের মধ্যে অধিকাংশ ব্যক্তির অনুরোধে প্রথম খণ্ড সম্পূর্ণ না হইতেই দ্বিতীয় খণ্ড ও তাহাতে প্রশ্নগণনা প্রচার করিতে আরম্ভ করিলাম। এক্ষণে প্রথম খণ্ডের শেষ এবং দ্বিতীয় খণ্ডের প্রথম অংশ উভয় এক কালে মাসে মাসে মুদ্রিত করিবার কল্পনা আছে।

অতীব প্রাচীন মনু প্রভৃতি মহর্ষিগণের সময় অবধি এই ফলিত জ্যোতিষ অস্মদ্দেশে চিরকাল প্রচলিত আছে। পূর্ব্বতন জ্যোতির্ব্বেত্তা পণ্ডিতগণ এই শাস্ত্র অবলম্বন পূর্ব্বক অভ্রান্ত রূপে কালত্রয়ের বৃত্তান্ত বলিয়া দিতেন। এখনও কোন কোন মহাত্মার অভ্রান্ত গণনা দেখিয়া আমরা যার পর নাই বিস্ময়সাগরে মগ্ন হইয়াছি। পূর্ব্ব কালে পারস্য গ্রীশ মীসর রোম চীন তুরস্ক প্রভৃতি নানাদেশীয় পরিব্রাজকগণ অস্মদ্দেশে আসিয়া অস্মদ্দেশীয় জ্যোতির্বিৎ পণ্ডিতগণের অদ্ভুত ত্রিকালজ্ঞতা দেখিয়া মোহিত হইয়াছিলেন। পরে তাঁহারা অস্মদ্দেশ হইতে গণনা শিক্ষা করিয়া স্ব স্ব দেশে প্রচার করেন। ইংলণ্ডেও পূর্ব্বে এই জ্যোতিষগণনা প্রচলিত ছিল। ইয়ুরোপীয় সম্রাট্দিগের নিকটেও একএকজন জ্যোতির্ব্বিৎ পণ্ডিত থাকিতেন। যুদ্ধ বিগ্রহাদির সময় তাঁহারা গণনা করিয়া শুভাশুভ ফল ও সন্ধি বিগ্রহের মধ্যে কর্ত্তব্যাকর্ত্তব্য নিরূপণ করিয়া দিতেন। ইংলণ্ডে মহারাণী এলিজেবেথের সময় পার্লিয়ামেণ্টে স্থির হইল যে, ভবিষ্যৎ গণনা দ্বারা লোকের অনিষ্ট ব্যতীত উপকার বিশেষ নাই। অশুভ ফল শ্রবণে লোকে অগ্রেই হতাশ ও ভগ্নোদ্যম হইয়া পড়ে এবং এই গণনায় খৃষ্টানধর্ম্মও দৃঢ় রূপে থাকিতে পরে না, ইত্যাদি নানা কারণে ইংলণ্ডে আইন নিবন্ধ হইল যে, অতঃপর যিনি ভূত ভবিষ্যৎ গণনা করিবেন, তিনি রাজদণ্ডে দণ্ডিত হইবেন। এক্ষণে আমাদের দেশে যে সমুদায় জ্যোতিষের গ্রন্থ পাওয়া যায় না, তাহারও অনুবাদ ইংলণ্ডে প্রাপ্ত হওয়া যাইতেছে। মুসলমানদিগের দৌরাত্ম্যে কোন কোন গ্রন্থ লুপ্ত হওয়াতে এরূপ ঘটনা হইয়াছে। আমাদের ইচ্ছা আছে যে সংস্কৃত যত গ্রন্থ পাওয়া যায় তাহার গণনা প্রচার করিয়া পশ্চাৎ যে সমুদায় গ্রন্থ লুপ্ত হইয়াছে, ও ভিন্ন দেশীয়েরা যে, গ্রন্থের অনুবাদ করিয়া লইয়াছে, তাহা হইতেও শেষে কিছু কিছু গণনা প্রকাশ করিব। আমরা যেরূপ দুর্ল্লভ গ্রন্থ প্রকাশ করিতেছি, যেরূপ দুরূহ কার্য্যে প্রবৃত্ত হইয়াছি, তাহাতে যদি কোন অংশ যথাস্থানে বিন্যস্ত না হইয়া স্থানান্তরে দেওয়া হয়, পাঠকমহোদয়গণ তাহা ক্ষমা করিবেন। ইতি

শিবকৃষ্ণ দাঁর লেন নং ৭
জ্যোতিষ প্রকাশ যন্ত্র।

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়
সাং বুতনী জেলা ঢাকা।
হাল সাং কলিকাতা যোড়াসাঁকো। শিবকৃষ্ণ দাঁর লেন। নং ৭

# দৈববাণী চক্র।

| ক | হ | বা | হে | না | হ | ই | র | মা | য | ম | ঈ | ম | যে | এ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ম | স | ত্র | নে | নে | শ্ব | ন | ভা | ক | ঙ্গ | ন্দে | ভা | যে | র | র |
| স্থি | ব | র্ম্ম | ন | হ | ব | ভা | ভা | সা | র | না | এ | হ | ক | না |
| ব | ব | স্থ | ন | ক | ই | বে | রি | য় | না | না | কু | হে | রি | ক্ষ |
| ক | বা | দো | ক | ত্ব | ল | এ | য়া | নে | দি | না | ষ | রি | রা | আ |
| কা | ছ | হ | ব | এ | দে | য়া | য় | ছে | র | তা | ও | স | বা | খি |
| ছ | ম | ন | ণ্য | হা | নে | ক | র | তে | তা | ঙ্গ | ভা | ভা | নি | র |
| যে | ভা | ছি | হা | ল | ব | লো | তা | যো | ক | লো | ভা | হ | হ | না |
| দে | স্ত | ত | প | ই | লো | বে | ই | ক | খি | হ | দে | রে | হ | হ |
| ক | বে | রি | না | বে | থি | নি | ই | বে | কি | ক | বা | বু | ক | না |
| তা | তে | ক | চ্ছু | ঈ | না | ঝি | না | ম্নি | স্ত | ছে | না | কা | শ্ব | ত্ব |
| য়া | বু | ছা | ম | ত্ব | স | ল | র | রা | কা | থা | শ্র | ঙ্গ | রা | দা |
| ব্যা | ভা | য় | র্য্য | শ্র | ম | ল | য় | সা | জ | ব | সা | ক | ম | কে |
| ভা | জা | ব | হ | না | ক্ষি | রি | ক | ন | ব | নি | ধা | ই | ক | পা |
| লে | রি | ক | না | তে | ন | বে | র | ই | তা | বা | র | না | পা | ই |

ঈশ্বরস্মরণ পুর্ব্বক মনে মনে কোন একটী ভাবী শুভাশুভ ঘটনার প্রশ্ন করিয়া এই দৈববাণী চক্রের অন্তর্গত যে কোন অক্ষরে অঙ্গুলি প্রদান করিবে। পরে সেই স্পৃষ্ট অক্ষর গ্রহণ পূর্ব্বক তৎপরবর্ত্তী দশম ও তাহার দশম এই রূপে দশম দশম অক্ষর গ্রহণ করিবে। চক্রের শেষ পর্য্যন্ত হইলে প্রথম হইতে আরম্ভ করিবে। যে অক্ষর স্পর্শ করা হইয়াছিল, সেই পর্য্যন্ত পৌঁছিলে আর অক্ষর গ্রহণ করিবে না। পরে গৃহীত অক্ষর সমুদায় পাঠ করিলে মানসিক প্রশ্নের উত্তর হইবে। উত্তরের শেষের ২।৪ অক্ষর প্রথমে উঠিতে পারে। তাহা যথা স্থানে বিন্যস্ত করিয়া লইবে।

# অথ প্রশ্নাঙ্কচূড়ামণি।

## অথ প্রশ্নাঙ্ক চূড়ামণি

পূর্ব্বাহ্নে গ্রাহয়েৎ প্রশ্নে পুষ্পস্য শিশুনাভিধাম্।
যূনা ফলস্য মধ্যাহ্নে দেবস্যাতো জরামতা ॥
তত্র বস্তুস্বরাঙ্কানাং পিণ্ডং ধ্রুবকমিশ্রিতম্।
ভাজয়িত্বা ত্রিভির্ব্বাচ্যং ফলং শেষানুসারতঃ

অথাক্ষরাঙ্কাঃ ॥

গুণেন্দবো ১৩ হবনিকরৌ ২১ কৃশানুশশিনৌ ১৩ ধৃতিঃ ১৮।
তিথয়ো ১৫ বাহুযমলা ২২ নন্দচন্দ্রা ১৯ দ্বিবাহবঃ ২২।
অঙ্কেন্দবো ১৯ হবনিগুণা ৩১ ভানবো ১২ দ্বিরদেন্দবঃ ১৮।
স্বরাণাং ক্লীবহীনানাং নির্দ্দিষ্টাঃ পিণ্ডকা ইমে ॥
রূপনেত্রাণি ২১ খগুণা ৩০ বিশ্বে ১৩ মঙ্গলভূময়ঃ ১৮।
শশাঙ্করামা ৩১ ভান্য ২৭ ষ্টি ১৬ রিষুরামা ৩৫ ধৃতি ১৮ নখাঃ২০।
অব্দাঃ ১৭ শরাগ্নয়ো ৩৫ বিশ্বে ১৩ বজ্রিণঃ ১৪ পর্ব্বতেন্দবঃ ১৭।
ঘনা ১৭ নাগভুবো ১৭ বাণবহ্নয়ো ৩৫ দ্বিরদাশ্বিনৌ ২৮।
গজচন্দ্রা ১৮ ঋতুগুণা ৩৬ রূপদস্রা ২১ ধরাশ্বিনঃ ২১ ॥
নখরা ২০ স্তিথয়ো ১৫ বিশ্বে ১৩ রুদ্রা ১১ নন্দাঃ ৯ কুবাহবঃ ২১
শরবামা ৩৫ ঘনা ১৭ বাণবহ্নয়ো ৩৫ হর্কাশ্চ ১২ বজ্রিণঃ ১৪ ॥
কাদীনামিত্যঙ্কপিণ্ডাঃ ক্ষান্তানামীরিতাঃ ক্রমাৎ ॥

### অথ প্রশ্নজ্ঞান।

প্রশ্ন দুই প্রকার, মানসিক ও বাচনিক। তন্মধ্যে বাচনিক প্রশ্নগণনার নানাপ্রকার উপায় নির্দ্দিষ্ট আছে। তাহাতে প্রশ্নাঙ্কচূড়ামণি গ্রন্থে যেরূপ প্রশ্নজ্ঞানের উপায় এবং তাহার ফলাফল নির্দ্ধারিত আছে, তাহা নিম্নে প্রকাশ করা যাইতেছে। প্রথমতঃ দিনমানকে বা রাত্রিমানকে সমান তিন ভাগে বিভক্ত করিয়া প্রথম ভাগকে পূর্ব্বাহ্ন তৎপর ভাগকে মধ্যাহ্ন এবং শেষ ভাগকে অপরাহ্ন রূপে কল্পনা করিবে। যে সময়ে প্রশ্নকর্ত্তা কোন প্রশ্ন করিবে, ঐ সময় উক্ত কালত্রয়ের মধ্যে কোন্ কাল তাহা বিবেচনা করিবে। যদি তখন পূর্ব্বাহ্ন হয়, তাহা হইলে একটি শিশুকে কোন একটী পুষ্পের নাম করিতে কহিবে। যদি মধ্যাহ্ন হয়, তাহা হইলে একটি যুবাপুরুষকে কোন একটী ফলের নাম করিতে বলিবে। যদি অপরাহ্ন হয়, তাহা হইলে এক বৃদ্ধকে কোন দেবতার নাম করিতে কহিবে। পরে বালক যুবা অথবা বৃদ্ধ যে পুষ্প, ফল বা দেবতার নাম গ্রহণ করিবে, তাহাতে যত অক্ষর হইবে, ঐ সমস্ত অক্ষরাঙ্ক এবং যে প্রশ্নের যে ধ্রুবাঙ্ক নির্দ্দিষ্ট আছে, এই দুই প্রকার অঙ্ক একত্র যোগ করিলে যে অঙ্ক হয়, তাহাকে তিন দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা যেরূপ প্রশ্নে যেরূপ ফল উক্ত হইবে, তাহা কহিবে। সেই ফল পশ্চাৎ প্রকটিত হইয়াছে।

ষোড়শ স্বরবর্ণের মধ্যে ক্লীব স্বর অর্থাৎ ঋ ৠ ঌ ৡ ব্যতীত অবশিষ্ট অকারাদি দ্বাদশ স্বর এবং ককারাদি চৌত্রিশ ব্যঞ্জন বর্ণের যে পিণ্ডাঙ্ক নির্দ্দিষ্ট আছে, তাহা নিম্ন লিখিত চক্রে প্রকটিত হইল।

| অ১৩ | এ ১৯ | ক ২১ | ছ ১৬ | ড ১৩ | ধ ২৮ | ম ১৫ | ব ১৭ |
|---|---|---|---|---|---|---|---|
| আ ২১ | ঐ ২২ | খ ৩০ | জ ৩৫ | ঢ ১৪ | ন ১৮ | য ১৩ | স ৩৫ |
| ই ১৩ | ও ১৯ | গ ১৩ | ঝ ১৮ | ণ ১৭ | প ৩৬ | র ১১ | হ ১২ |
| ঈ ১৮ | ঔ ৩১ | ঘ ১৮ | ঞ২০ | ত ১৭ | ফ ২১ | ল ৯ | ক্ষ ১৪ |
| উ ১৫ | অং১২ | ঙ ৩১ | ট ১৭ | থ ১৭ | ব ২১ | ব ২১ | |
| ঊ ২২ | অঃ১৮ | চ ২৭ | ঠ ৩৫ | দ ৩৫ | ভ ২০ | শ ৩৫ | |

অথ ধ্রুবাঙ্কাঃ ফলানি চ ॥

লাভালাভগতপ্রশ্নে খাব্ধয়ো ৪০ ধ্রুবকঃ স্মৃতঃ।
লাভোঽল্পলাভোঽপচয়ঃ ফলমত্র ক্রমান্বিতম্ ॥
জীবনাজীবনপ্রশ্নে গগনাব্ধি ৪০ র্ধ্রুবঃ স্মৃতঃ।
ক্রমেণ জীবনং কষ্টং মৃতিশ্চ ত্রিফলং স্মৃতম্ ॥
সুখদুঃখাত্মকপ্রশ্নে ধ্রুবা মঙ্গলভূময়ঃ ৩৮।
সুখং মিশ্রং মহৎকষ্টং ফলমত্র ক্রমান্বিতম্ ॥
আগমাগমনপ্রশ্নে গজরামো ৩৮ ধ্রুবো ভবেৎ।
অনুক্রমাৎ ফলান্যত্র আগমস্থিত্যনাগমাঃ ॥
চত্বারিংশদ্ধ্রুবঃ ৪০ প্রোক্তঃ প্রশ্নে জয়পরাজয়ে।
জয়ঃ সন্ধিশ্চ ভঙ্গশ্চ ক্রমেণাত্র ফলান্যপি ॥
গমনাগমনপ্রশ্নে ধ্রুবঃ স্যাদ্দাগনাগ্নয়ঃ ৩০।
গমনাগমনাভাবো মরণঞ্চ ক্রমাৎ ফলম্ ॥
বর্ষাবর্ষাত্মকপ্রশ্নে ধ্রুবকঃ স্যাদ্দ্বিপাবকাঃ ৩২
বর্ষাল্পবৃষ্ট্যনাবৃষ্টিঃ ফলমত্র ক্রমাদ্বিদুঃ।
ইত্যেতে ধ্রুবকাঃ প্রোক্তাঃ ফলানি চ যথাক্রমম্।
এষামেবানুসারেণ শেষমূহ্যং বিচক্ষণৈঃ ॥
ইতি প্রশ্নাঙ্কচূড়ামণিঃ সমাপ্তঃ।

অথ লাভালাভ।

লাভালাভ বিষয়ক প্রশ্নে ধ্রুবাঙ্ক ৪০ চল্লিশ। ইহাতে বালাদি দ্বারা উচ্চারিত পুষ্পাদি নামের বর্ণাঙ্ক যোগ করিয়া তিন দ্বারা ভাগ করিলে যদি ১ এক অবশিষ্ট থাকে, তাহা হইলে লাভ হয়, যদি ২ দুই অবশিষ্ট থাকে, তাহা হইলে অল্প লাভ হয় এবং ০ শূন্য অবশিষ্ট থাকিলে ক্ষতি হয়।

অথ জীবনমরণ

জীবন মরণ বিষয়ক প্রশ্নে ধ্রুবাঙ্ক ৪০ চল্লিশ। এখানেও পূর্ব্বের ন্যায় প্রক্রিয়া করিয়া পশ্চাৎ তিন দ্বারা ভাগ করিলে যদি অবশিষ্ট ১ এক থাকে তাহা হইলে জীবন, ২ দুই থাকিলে কষ্ট, শূন্য থাকিলে মৃত্যু হয়।

অথ সুখদুঃখ।

সুখ এবং দুঃখ ঘটিত প্রশ্ন হইলে ধ্রুবাঙ্ক ৩৮ আটত্রিশ। এস্থলেও পূর্ব্বের ন্যায় ভাগ পর্য্যন্ত সমস্ত কার্য্য করিবে এবং শেষাঙ্ক দ্বারা ফল স্থির করিয়া কহিবে। যদি ১ এক অবশিষ্ট থাকে তাহা হইলে সুখ, দুই থাকিলে সুখ ও দুঃখ মিশ্রিত ফল, শূন্য থাকিলে অতিশয় কষ্ট হইবে।

অথ আগমনানাগমন।

আগমন এবং অনাগমন সম্বন্ধে প্রশ্ন হইলে ধ্রুবাঙ্ক ৩৮ আটত্রিশ। ইহাতে পূর্ব্বের ন্যায় যোগ পূর্ব্বক তিন দ্বারা ভাগ করিয়া যদি ১ এক অবশিষ্ট থাকে, তাহা হইলে আগমন, যদি দুই থাকে সেই স্থলেই স্থিতি, শূন্য থাকিলে অনাগমন (আসিবে না) স্থির করিবে।

অথ জয়পরাজয়।

জয় পরাজয় সম্বন্ধীয় প্রশ্নে ধ্রুবাঙ্ক ৪০ চল্লিশ। এ স্থলেও পূর্ব্বের ন্যায় যোগ ও ভাগ করিয়া যদি এক থাকে তাহা হইলে জয় হয়, দুই থাকিলে, সন্ধি (মিলন) ০ শূন্য থাকিলে পরাজয় হয়।

অথ যাত্রা।

গমনাগমন (যাত্রা) সম্বন্ধীয় প্রশ্নে ধ্রুবাঙ্ক ৩০। এস্থলেও পূর্ব্বের ন্যায় যোগাদি ভাগহার পর্য্যন্ত সমস্ত কার্য্য করিয়া যদি এক থাকে তাহা হইলে গমন, যদি দুই থাকে তাহা হইলে আগমনাভাব, যদি শূন্য থাকে তাহা হইলে সেই যাত্রায় গমন করিলে মৃত্যু ঘটিয়া থাকে।

অথ গর্ভস্থ সন্তান পরীক্ষা।

(মতান্তরে) গর্ভসম্বন্ধীয় প্রশ্নে ধ্রুবাঙ্ক ৩২ বত্রিশ। ইহাতে পূর্ব্বের ন্যায় যোগ ভাগ পর্য্যন্ত সমস্ত কার্য্য করিয়া এক থাকিলে পুত্র, দুই থাকিলে কন্যা, শূন্য থাকিলে শূন্য (সন্তানাভাব) হয়।

অথ বর্ষণচিন্তা।

বর্ষা এবং বর্ষাভাব ঘটিত প্রশ্ন হইলে ধ্রুবাঙ্ক ৩২ বত্রিশ। এস্থলেও পূর্ব্বের ন্যায় যোগাদি ভাগ পর্য্যন্ত সমস্ত কার্য্য করিয়া যদি ১ এক অবশিষ্ট থাকে তাহা হইলে বর্ষা, দুই থাকিলে অল্প বৃষ্টি, যদি শূন্য থাকে, তাহা হইলে অনাবৃষ্টি হইবে। এই যে সমস্ত ধ্রুবাঙ্ক কথিত হইল, যথাক্রমে উহাদিগের ফলও কথিত হইয়াছে। ইহাতে যে সমস্ত প্রশ্ন উক্ত হইয়াছে, তদতিরিক্ত প্রশ্ন হইলে তাহা উহাদিগের মধ্যে যাহার অন্তর্গত হইতে পারে, তাহা বিবেচনা করিয়া যাবদীয় প্রশ্নের ফল কহিবে।

ইতি ফলিত জ্যোতিষে প্রশ্নাঙ্কচূড়ামণি সমাপ্ত।

# অথ কেরলী।

-**-

## প্রশ্নজ্ঞান।

নরাণাং প্রশ্নবাক্যেন যথা ব্যক্তং শুভাশুভম্।
তাং বর্ণরূপিণীং বন্দে ভারতীং পরমেশ্বরীম্॥

যে বাক্‌দেবী হইতে প্রশ্নবাক্যোক্ত অক্ষর দ্বারা মানবগণের শুভাশুভ ব্যক্ত হইয়া থাকে, সেই বর্ণরূপধারিণী পরমেশ্বরীকে নমস্কার করি।

বিনা লগ্নং বিনা ভাবং বিনা গ্রহবিচারণম্।
অদৃশ্যদর্শনাদর্শং প্রশ্নজ্ঞানং নিরূপ্যতে॥

যাহা অদৃশ্য পদার্থ দর্শনের আদর্শ স্বরূপ, এক্ষণে সেই প্রশ্ন পরিজ্ঞান নিরূপণ করা যাইতেছে। ইহাতে কোন লগ্ন বিচার কিম্বা ভাববিচার অথবা কোনরূপ গ্রহ বিচার করিবার আবশ্যক হইবে না, কেবল মাত্র উচ্চারিত প্রশ্নাক্ষর লইয়া অভীষ্ট প্রশ্ন গণনা সামাধা হইবে।

প্রশ্নকালীন যে লগ্ন উদিত থাকে, সেই লগ্ন দ্বারা প্রশ্ন গণনা করিবার যে রীতি প্রচলিত আছে, ইহাতে তাহার কিছুমাত্র প্রয়োজন নাই। ঐ লাগ্নিক প্রশ্নগণনায় শয়নাদি ও তন্বাদি নানাপ্রকার ভাব বিচার এবং গ্রহগণের অস্ত, বক্র ও মিত্র শত্রু স্ব-ভাব উচ্চাদি স্থান এবং বলাবল বিবেচনানুসারে প্রশ্নের ফলাফল কথিত হইয়া থাকে, কিন্তু ইহাতে সেরূপ কোন গণনার আবশ্যক করে না, কেবল মাত্র বর্ণাক্ষর দ্বারা অভিপ্রেত প্রশ্ন প্রকাশ হয়।

অকচটতপযশা বর্গাশ্চাষ্টৌ প্রকীর্ত্তিতাঃ।
সর্ব্বেষাং প্রশ্নবর্ণানামাদ্যাক্ষরস্য মুখ্যত্বম্॥
আবির্ভাববশাৎ ক্বাপি যদৃচ্ছস্বরতাং ব্রজেৎ।

অ, ক, চ, ট, ত, প, য, শ এই আটটি বর্ণ আট বর্গের আদি বলিয়া কীর্ত্তিত হইয়া থাকে। অবর্গ উল্লেখ করিলে, অ আ ই ঈ উ ঊ এ ঐ ও ঔ অং অঃ এই সমুদয় অক্ষর প্রতীত হইবে এবং কবর্গের উল্লেখ করিলে, ক খ গ ঘ ঙ এই পাঁচবর্ণ, চ বর্গের উল্লেখ করিলে, চ ছ জ ঝ ঞ, এই পাঁচ বর্ণ, ট বর্গের প্রয়োগ করিলে ট ঠ ড ঢ ণ, ত বর্গের উল্লেখ করিলে, ত থ দ ধ ন, পবর্গেব উল্লেখ করিলে, প ফ ব ভ ম, যবর্গের উল্লেখ করিলে য র ল ব এবং শ বর্গের উল্লেখ করিলে শ ষ স হ এই সকল বর্ণের বোধ হয়। প্রশ্নবাক্যে যে সকল অক্ষর পরিদৃষ্ট হয়, তাহার আদ্য অক্ষর প্রধান বলিয়া পরিগণিত হইয়া থাকে। কোন কোন স্থলে প্রশ্নাক্ষরের আবির্ভাব হেতুক যদৃচ্ছা ক্রমে স্বরেরও গতি হয়।

অ ই এ ও বর্ণাজ্জীবং আ ঈ ঐ ঔ চ মূলকম্॥
উ ঊ অং অস্তথা ধাতুং প্রশ্নযোনিবশাদ্বদেৎ॥

অ, ই, এ, ও, এই চারি স্বর বর্ণে জীব এবং আ, ঈ, ঐ, ঔ, এই চারি বর্ণে মূল এবং উ ঊ অং অঃ, এই চারি স্বর বর্ণে ধাতু বুঝাইয়া থাকে। প্রশ্নযোনি অর্থাৎ প্রশ্নাক্ষর দ্বারা ক্রমে জীব মূল ও ধাতু অনুভব করিয়া লইবে।

## অথাক্ষরপিণ্ডাঃ।

অকারে দশকং গ্রাহ্যং দশবৃদ্ধ্যোত্তরোত্তরম্।
ককারাদিক্ষকারান্তমেকমেকমুদীরয়েৎ॥

অধুনা অক্ষরপিণ্ড কথিত হইতেছে।

স্বরবর্ণের মধ্যে অকারের অঙ্ক দশ এবং আকারাদি অন্যান্য স্বরবর্ণে দশ দশ করিয়া সঙ্খ্যা বৃদ্ধি সহকারে অঙ্কপাত হয় যথা।

অ ১০ আ ২০ ই ৩০ ঈ ৪০ উ ৫০ ঊ ৬০ এ ৭০

ঐ ৮০ ও ৯০ ঔ ১০০ অং ১১০ অঃ ১২০ এই সমুদায় স্বরাঙ্ক অবধারিত আছে।

ক আদি ক্ষ পর্য্যন্ত ব্যঞ্জন বর্ণে অঙ্কপাত করিতে হইলে ক বর্ণে এক, এবং খ বর্ণে দুই ইত্যাদি প্রত্যেক বর্ণে এক এক অঙ্ক বৃদ্ধি করিয়া বিন্যাস করিতে হইবে। কিরূপে সমুদায় ব্যঞ্জনবর্ণের অঙ্ক পাত হইবে, তাহা নিম্নে লিখিত হইতেছে, যথা। ক ১ খ ২ গ ৩ ঘ ৪ ঙ ৫। চ ৬ ছ ৭ জ ৮ ঝ ৯ ঞ ১০। ট ১১ ঠ ১২ ড ১৩ ঢ ১৪ ণ ১৫। ত ১৬ থ ১৭ দ ১৮ ধ ১৯ ন ২০। প ২১ ফ ২২ ব ২৩ ভ ২৪ ম ২৫। য ২৬ র ২৭ ল ২৮ ব ২৯ শ ৩০ ষ ৩১ স ৩২ হ ৩৩ ক্ষ ৩৪।*

ঋ ৠ ৯ ৯৯ অকারশ্চ বর্ণযুক্তো ন গৃহ্যতে।
জীবং ধাতুঞ্চ মূলঞ্চ ত্রিভিঃ শেষে চ লক্ষয়েৎ ॥
সর্ব্বত্রাক্ষরপিণ্ডাচ্চ হারকাঙ্কেন শেষিতে।
জীবে দৃষ্টে চতুর্ভেদাশ্চতুঃশিষ্টাঃ ক্রমাদমী ॥
দ্বিপদাশ্চ চতুষ্পাদা অপদাঃ পদসঙ্কুলাঃ।

ঋ ৠ ৯ ৯৯ এবং ব্যঞ্জন বর্ণের সহিত যুক্ত অকার গ্রহণ করিবে না। ইহার আর পৃথক্ গ্রহণের আবশ্যক নাই।

প্রশ্নবাক্যের অন্তর্গত বর্ণসমূহের উক্ত প্রকার অঙ্ক অর্থাৎ পূর্ব্বে স্বর ও ব্যঞ্জনবর্ণে যে সকল অঙ্ক বিন্যাস করা হইয়াছে, সেই সেই অক্ষর পরিমিত অঙ্ক একত্র যোগ করিয়া ৩ তিন দিয়া ভাগ করিবে পরে ভাগাবশিষ্ট অঙ্ক দ্বারা জীব ধাতু ও মুল বিচার করিবে। যদি ভাগ শেষাঙ্ক এক থাকে, তাহা হইলে জীব, যদি দুই থাকে, তাহা হইলে ধাতু এবং যদি শূন্য থাকে তাহা হইলে মুল নিরূপিত হইবে।

যদি প্রশ্ন দ্বারা জীব নিশ্চয় হয়, তাহা হইলে এই প্রকারে চতুর্ব্বিধ জীবভেদ স্থির করিতে হইবে যে, ঐ প্রশ্নবাক্যের অক্ষরাঙ্ক সমুদায়কে চার দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা দ্বিপদ চতুষ্পদ অপদ ও পদসঙ্কুল (বহুপদ) এই চারি প্রকার জীব নিরূপণ করিবে। হৃত অঙ্কের শেষ এক থাকিলে দ্বিপদ, দুই থাকিলে চতুষ্পদ, তিন থাকিলে অপদ এবং ০ শূন্য থাকিলে বহুপদ জীব স্থির হইবে।

দ্বিপদে চ চতুর্ভেদা দেবা নৃপক্ষিরাক্ষসাঃ ॥
দেবে দৃষ্টে ত্রিধা ভেদাস্ত্রিভিঃ শিষ্টাঃ ক্রমাদমী।

অধুনা দ্বিপদের ভেদ কথিত হইতেছে।

কল্পস্থো ভুবনস্থোঽপি জ্যোতিষ্ক ইতি কীর্ত্তয়েৎ ॥
কৈশ্চিচ্চ ষড়্বিধো ভেদো দ্বিপদানাঞ্চ কথ্যতে।
নৃদেবরাজ-ভূদেব-তপস্বিজ্ঞানিনঃ ক্রমাৎ ॥

প্রশ্ন বাক্যানুসারে দ্বিপদ জীব স্থির হইলে, প্রশ্ন বাক্যের অক্ষরাঙ্ককে ৪ চারি ভাগ করিয়া যদি ১।২।৩ কিম্বা ০ অবশেষে থাকে, তাহা হইলে তাহা দ্বারা ক্রমশঃ দেবতা, মনুষ্য, পক্ষী এবং রাক্ষস, এই চারি প্রকার জীবভেদ বিবেচনা করিবে। যদি প্রশ্নে দেবতা দৃষ্ট হয়, তাহা হইলে অক্ষরাঙ্ককে তিন ভাগ করিয়া শেষাঙ্ক দ্বারা কল্পস্থ ভুবনস্থ এবং জ্যোতিষ্ক, এই তিন প্রকার দেবতা ভেদ স্থির করিবে। শেষাঙ্ক এক থাকিলে কল্পস্থ দেবতা, দুই থাকিলে ভুবনস্থ দেবতা এবং শূন্য থাকিলে জ্যোতিষ্ক দেবতা হইবে।

কেহ কেহ এইরূপ কহিয়া থাকেন যে, মনুষ্য, দেবতা রাজা, ভূদেব, তপস্বী ও জ্ঞানী, এই ছয় প্রকার দ্বিপদ জীব কথিত হয়।

* কোন কোন মতে ব্যঞ্জন বর্ণে অঙ্কপাত করিবার এইরূপ রীতি প্রদর্শিত আছে, যথা—

ক ১ খ ২ গ ৩ ঘ ৪ ঙ ৫। চ ১ ছ ২ জ ৩ ঝ ৪ ঞ ৫। ট ১ ঠ ২ ড ৩ ঢ ৪ ণ ৫। ত ১ থ ২ দ ৩ ধ ৪ ন ৫। প ১ ফ ২ ব ৩ ভ ৪ ম ৫। য ১ র ২ ল ৩ ব ৪। শ ১ ষ ২ স ৩ হ ৪ ক্ষ ৫। প্রত্যেক বর্গের প্রথমাক্ষর এক এবং বর্গ শেষ পর্য্যন্ত এক এক অঙ্ক বৃদ্ধি হইবে।

অন্য মতে অঙ্ক বিন্যাস যথা— ক ১ খ ১ গ ১ ঘ ১ ঙ ১। চ ১ ছ ১ জ ১ ঝ ১ ঞ ১। ট ১ ঠ ১ ড ১ ঢ ১ ণ ১। ত ১ থ ১ দ ১ ধ ১ ন ১। প ১ ফ ১ ব ১ ভ ১ ম ১। য ১ র ১ ল ১ ব ১। শ ১ ষ ১ স ১ হ ১ ক্ষ ১ এই মতে প্রত্যেক ব্যঞ্জন বর্ণের অঙ্ক একমাত্র নির্দ্দিষ্ট আছে।

অনুষ্টচ্ছ

কস্তপস্বী জ্ঞানিনঃ কে কো রাজা জ্ঞানবাংশ্চ কঃ।
অকৌ দেবাশ্চটৌ মর্ত্ত্যা-স্তপৌ পক্ষিগণঃ স্মৃতঃ॥
যশবর্গৌ নারকাণাং চতুর্ভির্হরণাদপি।
তপস্বী ব্রাহ্মণঃ প্রোক্তো রাজা কান্তিযুতো নরঃ॥

কে তপস্বী, কে বা জ্ঞানী, কে রাজা এবং কে বা রাজা ও জ্ঞানবান্, ইত্যাদি জীবভেদ স্থির করিবার উপায় কথিত হইতেছে।

প্রশ্নের আদ্য বর্ণ অ বর্গ বা কবর্গ হইলে দেবতা, চবর্গ বা টবর্গ হইলে মানব, তবর্গ বা পবর্গ হইলে পক্ষী, যবর্গ বা শবর্গ হইলে নারকী অর্থাৎ রাক্ষসাদি জীব নির্ণয় হয়।

এস্থলে বর্ণপিণ্ডাঙ্ককে চারি দিয়া ভাগ করিলে ইহার সবিশেষ ভেদ প্রকাশ হইয়া থাকে, অর্থাৎ ইহা দ্বারা তপস্বী, ব্রাহ্মণ, কান্তিযুক্ত মনুষ্য এবং রাজা ব্যক্ত হয়। বর্ণপিণ্ডাঙ্ককে চারি ভাগ করিয়া ভাগশেষ ১ থাকিলে তপস্বী, ২ থাকিলে ব্রাহ্মণ, ৩ থাকিলে বিলাসী মনুষ্য, শূন্য থাকিলে রাজা নির্ণীত হইয়া থাকে।

জী-ধা-মূ ক্রহি চিন্তাসু ধা-মূ-জী লুককর্ম্মণি।
মূ-জী-ধা মুষ্টিবদ্ধেষু ত্রিশেষেণাঙ্কপিণ্ডতঃ॥

সাধারণ প্রশ্ন স্থলে বর্ণপিণ্ডাঙ্ককে তিন ভাগ করিয়া তদ্দ্বারা চিন্তাবিষয়, লুকবিষয় ও মুষ্টিচিন্তাবিষয় নির্ণয় করিবে। উহার মধ্যে চিন্তাবিষয়ক প্রশ্নে প্রশ্নবর্ণপিণ্ডাঙ্ককে তিন দ্বারা ভাগ করিয়া এক থাকিলে জীব চিন্তা, দুই থাকিলে ধাতুচিন্তা, তিন থাকিলে মুল চিন্তা বিবেচনা করিবে।

লুকি প্রশ্নে অর্থাৎ চুরী ডাকাইতি প্রভৃতি-বিষয়ক প্রশ্ন হইলে বর্ণপিণ্ডাঙ্ককে তিন দ্বারা ভাগ করিয়া যদি এক থাকে, তাহা হইলে ধাতুবিষয়ক চিন্তা, দুই থাকিলে মুলবিষয়ক চিন্তা, তিন বা শূন্য থাকিলে জীববিষয়ক চিন্তা নিরূপণ করিবে।

মুষ্টিপ্রশ্ন স্থলে পিণ্ডাঙ্ককে তিন দ্বারা বিভক্ত করিয়া যদি এক থাকে, তাহা হইলে মুলচিন্তা, যদি দুই থাকে তাহা হইলে জীবচিন্তা, যদি তিন বা শূন্য থাকে, তাহা হইলে ধাতুচিন্তা স্থির করিবে।

উত্তরা বিষমা জ্ঞেয়া অধরাশ্চ সমাঃ স্মৃতাঃ।
উত্তরে দেয়মেকঞ্চ অধরে হেয়মেককম্॥

প্রশ্নবর্ণের মধ্যে বর্গের বিষম বর্ণের নাম উত্তরবর্ণ এবং সম অর্থাৎ যুগ্ম বর্ণের নাম অধরবর্ণ। যথা অ ই উ এ ও অং ক গ চ জ ইত্যাদি উত্তরবর্ণ। আ ঈ ঊ ঐ ঔ অঃ খ ঘ ঝ ঠ ইত্যাদি অধর বর্ণ। ঋ ৠ ঌ ৡ ঙ ঞ ণ ন ম এই কয়েকটী বর্ণ উহার মধ্যে গৃহীত হইবে না।

প্রশ্নাক্ষর মধ্যে উত্তরবর্ণ অধিক হইলে এক যোগ করিতে হইবে এবং অধরবর্ণ অধিক হইলে এক বিয়োগ করিতে হইবে। পশ্চাৎ যথোক্তরূপে বর্ণপিণ্ডাঙ্ক বিভক্ত করিয়া ফল নির্দ্দেশ করিবে।

পুংস্ত্রীনপুংসকং জ্ঞেয়ং ত্রিভিঃ শেষে ততঃ পরম্।
তত্র পঞ্চবিধা ভেদা বাল্যং কৌমারযৌবনম্।
মধ্যং বয়ো বার্দ্ধকঞ্চ পঞ্চ শেষে ক্রমাদ্বদেৎ॥

জীবচিন্তা স্থলে পুরুষ, স্ত্রী ও নপুংসক ভেদ জানিতে হইলে, পিণ্ডাঙ্ককে তিন দিয়া ভাগ করিবে, যাহা ভাগশেষ থাকিবে, তন্মধ্যে এক থাকিলে পুরুষ, দুই থাকিলে স্ত্রী, তিন বা শূন্য থাকিলে নপুংসক স্থির করিবে।

যদি প্রশ্নে পুরুষ স্ত্রী বা নপুংসক পরিজ্ঞাত হওয়া যায়, তাহা হইলে পাঁচ দ্বারা বিভাগ করিয়া বাল্য, কৌমার, যৌবন, মধ্যবয়স ও বার্দ্ধক্য, এই পাঁচ প্রকার অবস্থাভেদ বিবেচনা করিবে। বর্ণপিণ্ডাঙ্ককে পাঁচ দিয়া ভাগ করিলে যদি ভাগশেষাঙ্ক এক থাকে, তাহা হইলে বালক, দুই থাকিলে কুমার, তিন থাকিলে যুবা, চারি থাকিলে পরিণতবয়স্ক এবং পাঁচ বা শূন্য থাকিলে বৃদ্ধ স্থির হইবে।

গৌরঃ শ্যামশ্চ কৃষ্ণশ্চ ত্রিভিঃ শেষে বদেদ্বুধঃ।
করেণাত্র কৃতং চিহ্নং দ্বিশেষে চোত্তমাধমৌ॥

গৌরাদি বর্ণ নিরূপণ করিতে হইলে, বর্ণপিণ্ডাঙ্ককে তিন দ্বারা ভাগ করিয়া শেষাঙ্ক দ্বারা গৌর শ্যাম ও কৃষ্ণ, এই তিন প্রকার বর্ণ বিচার করিবে অর্থাৎ শেষাঙ্ক যদি

এক থাকে, তাহা হইলে গৌরবর্ণ, দুই থাকিলে শ্যামবর্ণ এবং তিন বা শূন্য থকিলে কৃষ্ণবর্ণ নিরূপণ করিবে।

বর্ণপিণ্ডাঙ্ককে দুই দ্বারা বিভাগ করিয়া যদি এক থাকে তাহা হইলে অঙ্গে ক্ষতচিহ্ন, এবং শূন্য থাকিলে অন্য কোন চিহ্ন থাকিবে।

বর্ণপিণ্ডাঙ্ককে দুই ভাগ করিয়া শেষাঙ্ক দ্বারা উত্তমাধম বিচার করিবে। যদি শেষাঙ্ক এক থাকে, তাহা হইলে উত্তম এবং শেষাঙ্ক শূন্য থাকিলে অধম হইবে।

ব্রাহ্মণ ক্ষত্রবিট্ শূদ্রা ম্লেচ্ছাশ্চ বাণশেষিতে।
স্ত্রী সতীমসতীঞ্চৈব জানীয়াৎ করশেষিতে॥

বর্ণপিণ্ডাঙ্ককে পাঁচ ভাগ করিয়া ভাগশেষ অঙ্ক দ্বারা ব্রাহ্মণাদি জাতি বিচার করিবে। যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে ব্রাহ্মণ, দুই থাকিলে ক্ষত্রিয়, তিন থাকিলে বৈশ্য, চারি থাকিলে শূদ্র এবং পাঁচ বা শূন্য থাকিলে সামান্য জাতি স্থির হইবে।

যদি প্রশ্নে স্ত্রীজাতি নিরূপণ হয়, তাহা ঐ স্ত্রী সতী কিম্বা অসতী, ইহা জানিতে হইলে, বর্ণপিণ্ডাঙ্ককে দুই দিয়া ভাগ করিবে। ভাগশেষ এক থাকিলে সতী, আর শূন্য থাকিলে অসতী স্ত্রী নির্ণয় হইবে।

পক্ষিযোনিমথো বক্ষ্যে দ্বিশিষ্টৌ স্থলজাম্বুজৌ।
ভক্ষ্যাভক্ষ্যৌ দ্বিশেষে তু ততো বাণাবশেষিতে॥
শ্বেতং কৃষ্ণঞ্চ হরিতং পীতং রক্তঞ্চ পঞ্চধা।

অধুনা পক্ষিযোনি কথিত হইতেছে।

বর্ণপিণ্ডকে দুই দিয়া ভাগ করিলে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা স্থলজ ও জলজ, এই দুই প্রকার পক্ষী স্থির হইবে। হৃতশেষাঙ্ক এক থাকিলে স্থলজ পক্ষী এবং শূন্য থাকিলে জলজ পক্ষী নিরূপিত হইয়া থাকে।

পরে পিণ্ডাঙ্ককে দুই ভাগ করিয়া ভাগাবশিষ্ট অঙ্ক দ্বারা ভক্ষ্য ও অভক্ষ্য নিরূপিত হইবে। যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে ভক্ষ্য, আর যদি শূন্য থাকে তাহা হইলে অভক্ষ্য পক্ষী স্থির হইবে।

বর্ণপিণ্ডাঙ্ককে পাঁচভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্ক দ্বারা পূর্ব্বোক্ত পক্ষিগণের শ্বেত, কৃষ্ণ, হরিত, পীত ও রক্ত, এই পাঁচ প্রকার বর্ণ নিরূপিত হইবে। শেষাঙ্ক যদি এক থাকে, তাহা হইলে শ্বেতবর্ণ, দুই থাকিলে কৃষ্ণবর্ণ, তিন থাকিলে হরিদ্বর্ণ, চারি থাকিলে পীতবর্ণ এবং পাঁচ বা শূন্য থাকিলে রক্তবর্ণ স্থির হইয়া থাকে।

যোনিং বক্ষ্যে নারকাণাং দ্বাভ্যাং কর্ম্মজযোনিজৌ।
কর্ম্মজাঃ ক্ষেত্রপালাদ্যাঃ পিশাচাদ্যাশ্চ যোনিজাঃ॥

অধুনা নারকীদিগের বিবরণ কথিত হইতেছে।

কর্ম্মজ ও যোনিজ, এই দুই প্রকার রাক্ষসাদি জীব ভেদ জানিতে হইলে, বর্ণপিণ্ডাঙ্ককে দুই ভাগ করিয়া যদি ভাগশেষ এক থাকে,তাহা হইলে কর্ম্মজ, আর শূন্য থাকিলে যোনিজ, স্থির হইবে। পরন্তু কর্ম্মজ হইলে ক্ষেত্রপাল প্রভৃতি এবং যোনিজ হইলে পিশাচ প্রভৃতি স্থির করিবে।

উত্তমা অধমা দ্বাভ্যাং অথ বক্ষ্যে চতুষ্পদান্।
ক্রমাৎ খুরী নখী দন্তী শৃঙ্গী চ বেদশেষিতে॥

অপর ইহাদের মধ্যে উত্তম বা অধম বিবেচনা করিতে হইলে বর্ণপিণ্ডাঙ্ককে দুই দ্বারা ভাগ করিয়া যদি শেষাঙ্ক এক থাকে, তাহা হইলে উত্তম, যদি শূন্য বা দুই থাকে, তাহা হইলে অধম নিরূপিত হইবে।

অধুনা চতুষ্পদ জীব নিরূপণ করা যাইতেছে।

খুরী, নখী, দন্তী ও শৃঙ্গী, এই চারিপ্রকার চতুষ্পদ জীবের মধ্যে অন্যতর স্থির করিতে হইলে, বর্ণপিণ্ডাঙ্ককে চারি দিয়া ভাগ করিবে এবং ভাগশেষ এক থাকিলে খুরী, দুই থাকিলে নখী, তিন থাকিলে দন্তী এবং শূন্য থাকিলে শৃঙ্গী নির্ণীত হইয়া থাকে।

গ্রাম্যারণ্যে দ্বিশেষে তু এবঞ্চ নখরাদয়ঃ।
রবৌ শৃঙ্গী কফৌ দন্তী খুরী আগ্রৈ নখী চছৌ॥

ও নখি প্রভৃতি চতুষ্পদ জীবগণের মধ্যে গ্রাম্য বা বন্য বিবেচনা করিতে হইলে, বর্ণপিণ্ডাঙ্ককে দুই দ্বারা ভাগ করিয়া যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে গ্রাম্য, শূন্য থাকিলে বন্য নিরূপণ করা হইবে।

প্রশ্নবাক্যের আদ্যবর্ণ র বা ষ হইলে শৃঙ্গী স্থির হইবে।

যদি উহা ক বা ক্ষ হয়, তাহা হইলে দন্তী, যদি আ কিম্বা ঐ হয়, তাহা হইলে খুরী, এবং চ বা ছ হয় তাহা হইলে নখী স্থির হইবে।

ইদানীমপদান্ বক্ষ্যে দ্বিশেষে স্থলজাম্বুজৌ।
ভক্ষ্যাভক্ষ্যৌ দ্বিশেষেঽপি বক্ষ্যেঽথ পদসঙ্কুলান্॥

এক্ষণে অপদ জীব নিরূপিত হইতেছে। স্থলজ ও জলজ, এই দুই প্রকার অপদ জীব মধ্যে অন্যতর স্থির করিতে হইলে বর্ণপিণ্ডাঙ্ককে দুই দিয়া ভাগ করিতে হইবে। শেষাঙ্ক যদি এক থাকে, তাহা হইলে স্থলজ অপদ জীব, শূন্য থাকিলে জলজ অপদ জীব নির্ণীত হইবে। অপর বর্ণপিণ্ডাঙ্ককে দুই দ্বারা ভাগ করিয়া শেষাঙ্ক যদি এক থাকে, তাহা হইলে ভক্ষ্য এবং শূন্য থাকিলে অভক্ষ্য নিরূপিত হইবে।

অতঃপর পদসঙ্কুল জীব নিরূপিত হইতেছে।

অণ্ডজাঃ স্বেদজাশ্চেতি দ্বিশেষে দ্বিবিধা মতাঃ।
ধাতবো দ্বিবিধা জ্ঞেয়া ধাম্যাধাম্যৌ বিশেষতঃ॥
উত্তমা অধমা দ্বাভ্যাং ততো নাগাবশেষিতে॥
স্বর্বর্ণং রজতং তাম্রং কাংস্যং পিত্তলরঙ্গকম্।
শীষকঞ্চ তথা লৌহং বিজ্ঞেয়ং ক্রমশো বুধৈঃ॥

পাদসঙ্কুল জীব নিরূপণ করিতে হইলে, বর্ণপিণ্ডাঙ্ককে দুই দিয়া হরণ করিবে। যদি শেষাঙ্ক এক থাকে, তাহা হইলে অণ্ডজ জীব এবং যদি শূন্য থাকে তাহা হইলে স্বেদজ বহুপদ জীব স্থির হইবে।

ধাতু নিরূপণ করা যাইতেছে।

ধাতুনিরূপণ করিতে হইলে, বর্ণপিণ্ডাঙ্ককে দুই দিয়া ভাগ করিবে। ভাগশেষাঙ্ক এক থাকিলে ধাম্য (সুবর্ণ রজতাদি) ধাতু এবং শূন্য থাকিলে অধাম্য (মণিমাণিক্যাদি) ধাতু নির্ণয় হইবে। ধাম্যাধাম্য ধাতুর মধ্যে উত্তম অথবা অধম জানিতে হইলে বর্ণপিণ্ডাঙ্ককে দুই দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে উত্তম, এবং যদি শূন্য থাকে তাহা হইলে অধম স্থির হইবে।

সুবর্ণ প্রভৃতি অষ্ট ধাতুর মধ্যে অন্যতম ধাতু স্থির করিতে হইলে, বর্ণপিণ্ডাঙ্ককে আট দিয়া ভাগ করিবে যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে সুবর্ণ, দুই থাকিলে রৌপ্য, তিন থাকিলে তাম্র, চারি থাকিলে কাংস্য, পাঁচ থাকিলে পিত্তল, ছয় থাকিলে রঙ্গ (রাং) সাত থাকিলে শীষক (শীষা) শূন্য বা আট থাকিলে লৌহ ধাতু স্থিরীকৃত হইবে।

অসম্বাদে প্রশ্নবর্ণে সমাঙ্কং পিণ্ডকে ত্যজেৎ।
গঠিতাগঠিতা দ্বাভ্যাং অঙ্কঞ্চ পরিশেষিতে॥

প্রশ্ন বর্ণ যদি সুস্পষ্ট না হয়, এবং যদি তাহাতে প্রশ্ন নির্ণয় হইয়া না উঠে, তাহা হইলে বর্ণপিণ্ডাঙ্ক হইতে দুই, চার, ছয় বা অন্য কোন সমাঙ্ক পরিত্যাগ করিয়া প্রশ্ন গণনা করিবে।

বর্ণপিণ্ডাঙ্ককে দুই দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট অঙ্ক দ্বারা গঠিত ও অগঠিত ধাতু বিচার করিবে। ভাগশেষ এক থাকিলে গঠিত, শূন্য থাকিলে অগঠিত নিরূপণ হইবে।

অথাষ্টশেষকং শীর্ষকর্ণগ্রীবাহৃদয়বাহুপাণিকটিপাদাঃ
ভূষণং করশেষে চ দক্ষিণং বামমুন্নয়েৎ
অধাম্যযোনিং বক্ষ্যামি দ্বিশেষে চোত্তমাধমৌ

মস্তকাদি অবয়বের মধ্যে কোন্ অঙ্গের অলঙ্কার, জানিতে হইলে,বর্ণপিণ্ডাঙ্ককে আট দ্বারা ভাগ করিবে। যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে শিরোভূষণ, দুই থাকিলে কর্ণালঙ্কার, তিন থাকিলে গ্রীবাভূষণ, চারি থাকিলে বাহুভূষণ বাজু জসম প্রভৃতি, ছয় থাকিলে হস্তাভরণ কটক কঙ্কণ অঙ্গুরীয় প্রভৃতি, সাত থাকিলে কটিভূষণ কাঞ্চী প্রভৃতি, এবং শূন্য থাকিলে চরণালঙ্কার মল নুপুর গুজরী পঞ্চম প্রভৃতি স্থির হইবে। বর্ণপিণ্ডাঙ্ককে দুই ভাগ করিয়া তদ্দ্বারা দক্ষিণ অথবা বাম ভাগের ভূষণ বিবেচনা করিবে। ভাগশেষ এক থাকিলে দক্ষিণ অঙ্গের ভূষণ, শূন্য থাকিলে বাম অঙ্গের ভূষণ নির্ণীত হইবে।

মণিমুক্তা প্রভৃতি অধাম্য ধাতু নির্ণয় করা যাইতেছে।

বর্ণপিণ্ডাঙ্ককে দুই ভাগ করিলে, উত্তম ও অধম এই দুই প্রকার অধাম্য ধাতু স্থির হয়। তন্মধ্যে ভাগশেষ

এক থাকিলে উত্তম ও শূন্য থাকিলে নিকৃষ্ট ধাতু স্থির করিবে।

তত্রৈবাষ্টবিধা জ্ঞেয়া বস্থশেষেণ কথ্যতে ॥
মণিমাণিক্যমুক্তা চ হীরামরকতস্তথা।
পদ্মরাগশ্চ বৈদূর্য্যং নীলকাঃ শ্রেষ্ঠজাতয়ঃ ॥

এই উত্তম অধাম্য ধাতুর মধ্যে মণি মাণিক্য প্রভৃতি আট প্রকার ভেদ জানিতে হইলে বর্ণপিণ্ডাঙ্ককে আট দিয়া ভাগ করিবে। যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে মণি, দুই থাকিলে মাণিক্য, তিন থাকিলে মুক্তা, চারি থাকিলে হীরক, পাঁচ থাকিলে মরকত, ছয় থাকিলে পদ্মরাগ, সাত থাকিলে বৈদূর্য্য এবং শূন্য থাকিলে ইন্দ্রনীল মণি স্থির হইবে। এই আটটি উৎকৃষ্ট বলিয়া পরিগণিত হইয়া থাকে।

পূর্ব্ববৎ পঞ্চভির্বর্ণা অধমাঃ শর্করাদয়ঃ।
অথ বক্ষ্যে মূলযোনিং ভেদস্তত্র চতুর্ব্বিধঃ ॥
বৃক্ষগুল্মলতাবন্যং বৃক্ষাঃ শালতমালকাঃ।
গুল্মাস্তু করবীরাদ্যাঃ কুষ্মাণ্ডাদ্যা লতাঃ স্মৃতাঃ ॥

ঐ অধাম্য ধাতু যদি নিকৃষ্ট হয়, তাহা হইলে তাহা শর্করা প্রভৃতি হইবে। পরে ঐ অধম অধাম্য ধাতু শর্করা প্রভৃতির বর্ণ নির্ণয় করিতে হইলে পূর্ব্বের ন্যায় বর্ণপিণ্ডাঙ্ককে পাঁচ দ্বারা বিভক্ত করিবে। যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে শ্বেত বর্ণ, যদি দুই থাকে, তাহা হইলে কৃষ্ণবর্ণ, যদি তিন থাকে, তাহা হইলে হরিদ্বর্ণ, যদি চারি থাকে,তাহা হইলে পীতবর্ণ, যদি পাঁচ বা শূন্য থাকে, তাহা হইলে রক্তবর্ণ স্থির করিবে।

অধুনা মূল নিরূপণ করা যাইতেছে।

বৃক্ষ, গুল্ম, লতা এবং তৃণ, এই চারি প্রকার মূল অর্থাৎ উদ্ভিদ্। তন্মধ্যে শাল তমাল প্রভৃতি বৃক্ষ, করবী প্রভৃতি গুল্ম, কুষ্মাণ্ড প্রভৃতি লতা এবং কুশ তৃণাদি তৃণ নামে বিখ্যাত আছে। বর্ণপিণ্ডাঙ্ককে চারি দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে বৃক্ষ, দুই থাকিলে গুল্ম, তিন থাকিলে লতা, এবং শূন্য থাকিলে তৃণজাতি স্থির করিবে।

বন্যাঃ কুশতৃণাদ্যাশ্চ তত্রাপি পঞ্চশেষিতে ॥
ত্বচং পত্রঞ্চ পুষ্পঞ্চ ফলনির্যাসমুন্নয়েৎ।

বর্ণপিণ্ডাঙ্ককে পাঁচ দ্বারা ভাগ করিলে পূর্ব্বোক্ত বৃক্ষাদির ত্বক্ ও পত্র প্রভৃতি জানিতে পারা যায়। যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে ত্বক্ (ছাল) দুই থাকিলে পত্র, তিন থাকিলে পুষ্প, চারি থাকিলে ফল, এবং শূন্য থাকিলে নির্য্যাস (আটা) স্থির হইবে।

কেচিচ্চ সপ্তভির্ভাগং জটা ত্বক্ বিটপং ক্রমাৎ ॥
পুষ্পং ফলঞ্চ পত্রঞ্চ নির্যাসমুন্নয়েদ্বুধঃ।

কেহ কেহ বর্ণপিণ্ডাঙ্ককে সাত দ্বারা বিভক্ত করিয়া জটা, ত্বক্, বিটপ, পুষ্প, ফল, পত্র ও নির্য্যাস নিরূপণ করেন। ঐ পিণ্ডাঙ্ককে সাত ভাগ করিয়া যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে জটা অর্থাৎ নম্রা, যদি দুই থাকে, তাহা হইলে ছাল, যদি তিন থাকে তাহা হইলে ডাল, যদি চারি থাকে, তাহা হইলে ফুল, যদি পাঁচ থাকে, তাহা হইলে ফল, যদি ছয় থাকে, তাহা হইলে পাতা এবং যদি শূন্য সাত থাকে, তাহা হইলে নির্য্যাস অর্থাৎ আটা বা বৃক্ষরস নির্দ্ধারণ করিবে।

কর্কশঞ্চ মৃদু জ্ঞেয়ং গুরু লঘু চ স্নিগ্ধকম্ ॥
রুক্ষঞ্চ ঋতুশেষে চ ক্রমাজ্‌জ্ঞেয়ং বিচক্ষণৈঃ

প্রশ্নবর্ণাঙ্ককে ছয় ভাগ করিয়া পূর্ব্বোক্ত বৃক্ষাদির কর্কশতা মৃদুতা প্রভৃতি বিবেচনা করিবে। যদি ভাগশেষাঙ্ক এক থাকে তাহা হইলে কর্কশ, দুই থাকিলে মৃদু (কোমল) তিন থাকিলে গুরু (ভারি) চারি থাকিলে লঘু, পাঁচ থাকিলে স্নিগ্ধ এবং শূন্য থাকিলে রুক্ষ নিরূপিত হয়।

ভক্ষ্যাভক্ষ্যৌ দ্বিশেষেণ সুদুর্গন্ধী করেণ চ ॥
আর্দ্রং শুষ্কং দ্বিশেষেণ পুনঃ ষড়্‌ভিশ্চ শেষিতে।

বর্ণপিণ্ডাঙ্ক দুই ভাগ করিয়া ভাগশেষ অঙ্ক দ্বারা ভক্ষ্য ও অভক্ষ্য, সুগন্ধ এবং দুর্গন্ধ, আর্দ্র ও শুষ্ক বিচার করিবে। ভাগশেষ এক থাকিলে ভক্ষ্য, শূন্য থাকিলে অভক্ষ্য স্থির হইবে। বর্ণপিণ্ডাঙ্ককে দুই ভাগ করিয়া ভাগশেষ এক থাকিলে সুগন্ধ, শূন্য থাকিলে দুর্গন্ধ নিরূপিত হইবে। বর্ণপিণ্ডাঙ্ক দুই দ্বারা বিভক্ত করিয়া

ভাগশেষ এক থাকিলে আর্দ্র বা টাট্কা, শূন্য থাকিলে শুষ্ক নির্ণয় করিবে।

তিক্তং কটু কষায়ঞ্চ অম্লঞ্চ লবণং মধু॥
মৃদু চ কঠিনং দ্বাভ্যাং স্বেদজং মূলজন্তথা।

পুনরায় প্রশ্নবর্ণপিণ্ডাঙ্ককে ছয় ভাগ করিয়া শেষাঙ্ক দ্বারা তিক্তাদি ভেদ বিচার করিবে। ভাগশেষ এক থাকিলে তিক্ত, দুই থাকিলে কটু, তিন থাকিলে কষায়, চারি থাকিলে অম্ল, পাঁচ থাকিলে লবণ এবং শূন্য থাকিলে মধুর অবধারিত হইবে।

প্রশ্নবর্ণপিণ্ডাঙ্ককে দুই ভাগ করিয়া শেষাঙ্ক দ্বারা মৃদু ও কঠিন এবং স্বেদজ ও মূলজ বিবেচনা করিয়া লইবে।

ঈ ঐ ঔ যদি প্রশ্নস্য আদ্যন্তমক্ষরে তথা॥
বস্ত্রং সূত্রঞ্চ কার্পাসং ত্রিভিঃ শেষে চ লক্ষয়েৎ।

প্রশ্নাক্ষরের আদ্য এবং অন্তে ঈ ঐ ঔ অক্ষর থাকিলে, প্রশ্নবর্ণাঙ্ককে তিন ভাগ করিবে। ভাগশেষ এক থাকিলে বস্ত্র, দুই থাকিলে সূত্র এবং শূন্য থাকিলে কার্পাস হইবে।

ত্রিভির্জ্জয়াসিদ্ধিভঙ্গোঽথাপি কালবিনির্ণয়ঃ।

প্রশ্নবর্ণপিণ্ডাঙ্ককে তিন ভাগ করিয়া জয়, অসিদ্ধি এবং ভঙ্গ নিরূপণ করিবে।

### কালনিরূপণম্।

অ ই এ ও লাভকরা দিনমধ্যে চ তৎফলম্॥
আ ঈ ঐ ঔ দুঃখকরাঃ সিদ্ধিদা মাসতঃ ফলম্॥
উ ঊ অং অঃ নাশকরা বৎসরান্তে ফলপ্রদাঃ।

প্রশ্নের ফলকাল নির্ণয় করিতে হইলে, অ ই এ ও এই সমুদায় অক্ষর লাভকর, এবং দিবস মধ্যে ইহাদের ফল লাভ ঘটিয়া থাকে। আ ঈ ঐ ঔ এই সমুদায় অক্ষর সিদ্ধিদায়ক ও সুখকর, ইহারা মাস মধ্যে ফল প্রদান করিয়া থাকে এবং উ ঊ অং অঃ এই সকল অক্ষর নাশকর। বৎসরান্তে ইহারা ফলদাতা হয়।

অ এ ক চ ট ত প য শা উত্তমাঃ পরিকীর্ত্তিতাঃ।
দ্বিপদাঃ পুরুষাঃ শুক্লাঃ প্রথমপ্রহরা দ্বিজাঃ॥
সুগন্ধাঃ জ্ঞানিনঃ পৃথ্বী পুত্রদা মধুরস্বরাঃ।
শীঘ্রং জয়াক্ষরা মোক্ষাঃ পূর্ব্বস্যাং দিশি সংস্থিতাঃ॥
সর্ব্বার্থসাধকা এতে বর্ত্তমানক্ষণাত্মিকাঃ।

অ এ ক চ ট ত প য শ, ইহারা উত্তম বলিয়া পরিগণিত হইবে। ইহারা দ্বিপদ শুক্লবর্ণ ব্রাহ্মণজাতীয় পুরুষ প্রথম প্রহরাভিধায়ী, সুগন্ধ, জ্ঞানী, পৃথিবী, পুত্রদাতা মধুর স্বর, শীঘ্রবাচক জয়াক্ষরযুক্ত মোক্ষদাতা ও পূর্ব্বদিক্স্থিত হয়। ইহারা সর্ব্বার্থসাধক ও বর্ত্তমানকালাত্মক হইয়া থাকে।

ই ও গ জ ড দ ব ল সা বর্ণানামপি তে গুণাঃ॥
কিন্তু জীবা দীর্ঘবৈশ্যাস্ত্রিকোণা বসবস্তথা।
তৃতীয়প্রহরা বায়ুপশ্চিমস্থা জলাত্মিকাঃ॥

ই, ও, গ, জ, ড, দ, ব, ল, স, এই সমস্ত বর্ণেরও পূর্ব্বোক্ত রূপ গুণ আছে, কিন্তু দীর্ঘাকৃতি জীব বৈশ্যজাতি ত্রিকোণ মুক্তারত্ন সুবর্ণাদি, তৃতীয় প্রহরাত্মক, পশ্চিম দিক্ স্থানবাসী ও সলিলাত্মক হইবে।

আ ঐ খ ছ ঠ থ ফ র ষা বৈশ্যা দক্ষিণদিগ্যুবা।
স্ত্রী সূক্ষ্মাশ্চ ভক্তাঃ শূদ্রাশ্চতুষ্পদাঃ॥

আ, ঐ, খ, ছ, ঠ, থ, ফ, র, এবং ষ, এই সমস্ত বর্ণ যুবা স্ত্রী দক্ষিণ দিক্ বাসী সূক্ষ্ম ভক্ত শূদ্র ও চতুষ্পদ হইয়া থাকে।

ঈ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব হা বহুপাদাশ্চ পীড়কাঃ।
ভবিষ্যদুত্তরাধঃস্থা নানাদ্রব্যাণি খং তথা॥

ঈ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব হ এই নয়টী বর্ণ বহুপদ, পীড়াকর, ভবিষ্যৎকাল উত্তর দিক্ অধোদেশ নানাবিধ দ্রব্য ও আকাশবোধক।

উ ঊ অং অঃ ঙ ঞ ণ ন মা নষ্টাঃ শূন্যাঃ ফলোজ্ঝিতাঃ।
সন্ধ্যা রক্তাঃ পশ্চিমস্থা দগ্ধাস্তেজোঽতিদাহকাঃ॥

উ ঊ অং অঃ ঙ ঞ ণ ন ম, এই নয়টি বর্ণ নষ্ট শূন্য ফলরহিত সন্ধ্যাকাল রক্তবর্ণ পশ্চিম দিক্স্থিত দগ্ধ তেজঃ ও অতিদাহক।

কেচিন্নপুংসকা বৃদ্ধাঃ কুষ্ঠিনশ্চূর্ণমূর্ত্তয়ঃ।
ব্যাপাররহিতাঃ কুব্জাঃ কাণাঃ খঞ্জাশুভাত্মিকাঃ॥

কেহ কেহ বলেন, উ ঊ অং অঃ ঙ ঞ ণ ন ম

এই নয়টী বর্ণ নপুংসক, বৃদ্ধ, কুষ্ঠী ছিন্নভিন্ন ব্যাপাররহিত অর্থাৎ জড়বৎ কুব্জ কাণ খঞ্জ ও অশুভাত্মক।

## অথ মুষ্টিঃ।

মুষ্টৌ জীবাক্ষরে মূলং ধাতুর্মূলাক্ষরে ধ্রুবে।
ধাতুবর্ণে ভবেজ্জীবঃ কথিতং মুষ্টিলক্ষণম্॥

যদি মুষ্টিপ্রশ্নস্থলে জীবাক্ষর হয়, তাহা হইলে মুল নির্ণয় হইবে। যদি মুষ্টিপ্রশ্নে মুলবর্ণ হয়, তাহা হইলে ধাতু স্থির করিবে। যদি মুষ্টিপ্রশ্নে ধাতু বর্ণ থাকে, তাহা হইলে জীব নিরূপিত হইবে। এইরূপে মুষ্টিগত দ্রব্য ব্যক্ত হইয়া থাকে।

## অথ লুকচিন্তা।

জীবে দৃষ্টে ভবেদ্ধাতুর্ধাতু বর্ণে তু মূলকম্।
মূলবর্ণে ভবেজ্জীবঃ কথিতং লুকলক্ষণম্॥

নষ্টদ্রব্য স্থলে যদি জীববর্ণ দৃষ্ট হয়, তাহা হইলে ধাতুদ্রব্য নির্ণীত হইবে। যদি ধাতু বর্ণ লক্ষিত হয়, তাহা হইলে মুল নিরূপিত হইবে। যদি মুলবর্ণ হয়, তাহা হইলে জীব নির্ণয় হইবে। নষ্টদ্রব্য স্থলে এইরূপ লক্ষণ কথিত হইয়াছে।

## মানসিক চিন্তা।

জীবাক্ষরে ভবেজ্জীবো ধাতৌ ধাতুং বিনির্দ্দিশেৎ।
মূলস্তু মূলকে জ্ঞেয়ং ত্রিবিধং জ্ঞানলক্ষণম্॥

মানসিকচিন্তা স্থলে যদি জীববর্ণ উচ্চারিত হয়, তাহা হইলে জীব নিরূপিত হইবে। ধাতুবর্ণ উচ্চারিত হইলে ধাতুদ্রব্য নির্ণয় করিবে। যদি মুলবর্ণ উচ্চারিত হয়, তাহা হইলে মুলদ্রব্য স্থির হইবে।

আদৌ প্রশ্নস্থিতা বর্ণা জীবমাত্রাসমন্বিতাঃ।
তদা জীবো বিনির্দ্দেশ্যো ধাতুমূলস্থ লক্ষণম্॥

প্রশ্নবাক্যের প্রথম অক্ষরে যদি জীবমাত্রা সংযুক্ত থাকে, তাহা হইলে জীব নিরূপিত হইবে। ধাতু ও মুলের লক্ষণও ঐ রূপ হইবে, অর্থাৎ প্রশ্নবাক্যের আদ্য বর্ণে যদি ধাতু মাত্রা সংযুক্ত থাকে, তাহা হইলে, ধাতুবর্ণ এবং প্রশ্নবাক্যের আদ্য বর্ণে যদি মুল বর্ণ থাকে, তাহা হইলে মুল স্থির করিবে।

আলিঙ্গিতে স্থিতে জীবো ধাতুর্দগ্ধে সমুচ্যতে।
যদা দীর্ঘাঃ স্বরা দৃষ্টা স্তদা মূলং ন সংশয়ঃ॥

যদি প্রশ্নবাক্যের মধ্যে আলিঙ্গিত বর্ণ অধিক থাকে তাহা হইলে জীব নিরূপণ করিবে। যদি প্রশ্নবাক্যের মধ্যে দগ্ধবর্ণ অধিক থাকে, তাহা হইলে ধাতুদ্রব্য স্থির করিবে। যদি প্রশ্নবাক্যের মধ্যে অধিকাংশ দীর্ঘস্বরবর্ণ থাকে তাহা হইলে, মুল নির্ণয় করিবে।

আলিঙ্গিতাস্ত্রয়ো বর্ণা একো বর্ণোঽভিধূমিতঃ।
তদা জীবো বিনির্দ্দেশ্যো নাত্র কার্য্যা বিচারণা॥

যদি প্রশ্নবাক্যের মধ্যে তিন ভাগ বর্ণ আলিঙ্গিত ও একভাগ বর্ণ অভিধূমিত হয়, তাহা হইলে নিঃসন্দিগ্ধ হৃদয়ে জীব নির্দ্দেশ করিবে, তাহাতে আর কোন বিচার করিবে না।

দগ্ধাঃ প্রশ্নে যদা সর্ব্বে একবর্ণো লঘু ক্রমে।
ধাতুযোনিং সমালোক্য ভ্রান্তিহীনস্তু লক্ষয়েৎ॥

যখন প্রশ্নবাক্যের সমুদায় বর্ণ দগ্ধ এবং একটি বর্ণ মাত্র হ্রস্ব হইবে, তখন অভ্রান্ত হৃদয়ে তাহাকে ধাতুযোনি বলিয়া নির্দ্দেশ করা যাইবে।

দীর্ঘমাত্রাঃ স্থিতাঃ সর্ব্বা একো দগ্ধস্তু দৃশ্যতে।
মূলযোনিশ্চ বিজ্ঞেয়ঃ স্ফুটযোনিং বিনির্দ্দিশেৎ॥

যে স্থলে প্রশ্নবাক্যের মধ্যে সমুদায় বর্ণেই দীর্ঘস্বর সংযুক্ত থাকিবে, এবং একটীমাত্র দগ্ধবর্ণ দৃষ্ট হইবে, সেই স্থলে মুলযোনি ও স্ফুটযোনি নিরূপিত হইবে।

জীববর্ণং স্বরঞ্চৈব মূলধাতুং বিনির্দ্দিশেৎ।
ধাতুস্বরে ভবেন্মূলং মূলে জীবং বিনির্দ্দিশেৎ॥

যদি প্রশ্নবাক্যের অন্তর্গত অধিকাংশ ব্যঞ্জনবর্ণ জীববর্ণ হয়, তাহা হইলে মুল নির্দ্দেশ করিবে। যদি প্রশ্নবাক্যের অধিকাংশ স্বরবর্ণ জীবস্বর হয়, তাহা হইলে ধাতু নির্দ্দেশ করিবে। যদি প্রশ্নবাক্যের অধিকাংশ স্বর ধাতুস্বর হয়, তাহা হইলে মুল স্থির করিবে। যদি প্রশ্নবাক্যের অধি-

কাংশ স্বর মুলস্বর হয়, তাহা হইলে জীব নির্দ্দেশ করিবে।

---

## অথ চৌরস্য নামাদ্যাক্ষরজ্ঞানম্।

অক্ষরং দ্বিগুণং কৃত্বা মাত্রাপিণ্ডং চতুর্গুণম্।
বস্থশেষেণ নামাদিবর্গস্থ বর্ণনির্ণয়ঃ॥

প্রশ্নবাক্যে যতগুলি ব্যঞ্জনবর্ণ থাকিবে, তাহাকে দ্বিগুণ করিয়া পশ্চাৎ যতগুলি মাত্রা থাকিবে, তাহাদের প্রত্যেকের পিণ্ডাঙ্ককে * চতুর্গুণ করিবে। এই সমুদায় অঙ্কের যোগ করিয়া তাহাকে আট দিয়া ভাগ দিতে হইবে। যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে অবর্গ অর্থাৎ স্বরবর্ণের মধ্যে তাহার নামের আদ্যাক্ষর আছে। যদি দুই ভাগাবশিষ্ট থাকে, তাহা হইলে কবর্গের মধ্যে, যদি তিন অবশিষ্ট থাকে তাহা হইলে, চবর্গের মধ্যে, যদি চারি অবশিষ্ট থাকে তাহা হইলে টবর্গের মধ্যে, যদি পাঁচ অবশিষ্ট থাকে তাহা হইলে তবর্গের মধ্যে, যদি ছয় অবশিষ্ট থাকে, তাহা হইলে পবর্গের মধ্যে, যদি সাত অবশিষ্ট থাকে, তাহা হইলে যবর্গের মধ্যে, যদি আট বা শূন্য অবশিষ্ট থাকে তাহা হইলে শবর্গে মধ্যে চোরের নামের আদ্যবর্ণ আছে, নিশ্চয় করিবে।

ততঃ পঞ্চাবশেষেণ বর্গাক্ষরবিনির্ণয়ঃ॥

অনন্তর উক্ত বর্ণপিণ্ডকে পাঁচ দ্বারা বিভক্ত করিয়া যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে বর্গের প্রথম বর্ণ, দুই অবশিষ্ট থাকে তাহা হইলে বর্গের দ্বিতীয় বর্ণ, যদি তিন অবশিষ্ট থাকে তাহা হইলে বর্গের তৃতীয় বর্ণ, যদি চারি অবশিষ্ট থাকে, তাহা হইলে বর্গের চতুর্থ বর্ণ, যদি পাঁচ অবশিষ্ট থাকে তাহা হইলে বর্গের পঞ্চম বর্ণ চোরের নামের আদ্যাক্ষর হইবে।

এই স্থলে গ্রন্থকার যে পাঁচ দ্বারা ভাগ দিতে বলিয়াছেন, তাহা উপলক্ষণ মাত্র। ফলত যদি অবর্গে চোরের নামের আদ্যবর্ণ থাকে তাহা হইলে ষোল দ্বারা, যদি কবর্গ চবর্গ টবর্গ তবর্গ বা পবর্গে চোরের নামের আদ্যবর্ণ থাকে, তাহা হইলে পাঁচ দ্বারা যদি যবর্গে থাকে, তাহা হইলে চারি দ্বারা, যদি শবর্গে থাকে তাহা হইলে পাঁচ দ্বারা বিভাগ করিয়া যাহা ভাগশেষ থাকিবে তাহা দ্বারা চোরের নামের আদ্যবর্ণ নিরূপণ করিবে।

যাং দিশং বীক্ষতে প্রষ্টা যত্র সংস্থোঽপি পৃচ্ছতি।
চৌরস্থ বস্তুনো বাপি তাং দিশং তদ্দিনং ভবেৎ॥

প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে যে দিকে দৃষ্টিপাত করে, অথবা যে দিকে থাকিয়া প্রশ্ন করে, প্রশ্নকালে সেই দিকে অপহৃত বস্তু আছে, অথবা চোর আছে, বলিয়া দিবে।

নষ্টেষ্টপ্রশ্নাক্ষরবর্ণসংখ্যাং পিণ্ডে বিহায়ানললব্ধভাগাৎ।
বিক্রীতসংস্থাপিতদূরিতঞ্চ বাচ্যং ততঃ পঞ্চহৃতাচ্চ পিণ্ডাৎ।
নষ্টং গৃহে ভূমিগতোঽথ দেবালয়ে বিদেশেঽথ হৃতং পরেণ॥

প্রশ্নে যতগুলি বর্ণ থাকিবে সেই সঙ্খ্যা পূর্ব্বোক্ত অক্ষর পিণ্ড হইতে বিয়োগ করিয়া যত থাকিবে, তাহাকে তিন দিয়া ভাগ দিতে হইবে। যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে ঐ বস্তু বিক্রীত হইয়াছে, যদি দুই অবশিষ্ট থাকে তাহা হইলে, নষ্ট বস্তু কোথাও রক্ষিত বা ন্যস্ত আছে, যদি তিন অবশিষ্ট থাকে তাহা হইলে ঐ নষ্ট বস্তু কোন দূরদেশে নীত হইয়াছে। পরে উহাকে পাঁচ দ্বারা বিভক্ত করিয়া যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে ঐ নষ্ট দ্রব্য গৃহেই আছে, যদি দুই অবশিষ্ট থাকে, তাহা হইলে উহা ভুমি মধ্যে নিখাত আছে, যদি তিন অবশিষ্ট থাকে, তাহা হইলে তাহা দেবালয়ে আছে, যদি চারি অবশিষ্ট থাকে, তাহা হইলে তাহা বিদেশে আছে, যদি শূন্য বা পাঁচ অবশিষ্ট থাকে, তাহা হইলে তাহা অপরে অপহরণ করিয়া লইয়া গিয়াছে।

## অথ জীবনমরণজ্ঞানম্।

অক্ষরং দ্বিগুণং কৃত্বা মাত্রাপিণ্ডং চতুর্গুণম্।
বস্থশেষে সমে মৃত্যুং জীবনং বিষমে বদেৎ॥

প্রশ্নবাক্যের অক্ষরগুলিকে দ্বিগুণ ও মাত্রাপিণ্ডকে

* অক্ষরপিণ্ড কেরলী ১ পৃষ্ঠা ২ কলম ২৭ পংক্তিতে প্রত্যেক বর্ণের পিণ্ডাঙ্ক নির্দ্দিষ্ট আছে।

চতুর্গুণ করিয়া উভয় অঙ্কের যোগ করিবে। পরে তাহাকে আট দ্বারা ভাগ দিয়া যদি ২।৪।৬।৮ অবশিষ্ট থাকে, তাহা হইলে মৃত্যু হইবে। যদি ৯।৩।৫।৭ অবশিষ্ট থাকে, তাহা হইলে বাঁচিবে।

## অথ প্রকারান্তরম্।

রাশিপিণ্ডং বিধায়াথ অষ্টভাগং হরেত্ততঃ।
নিশ্চিতং বিষমে জীবেৎ সমে চ মরণং ভবেৎ॥

পূর্ব্বোক্ত অক্ষর সঙ্খ্যা ও মাত্রাসঙ্খ্যার যোগ করিয়া আট দ্বারা বিভক্ত করিবে। যদি ভাগশেষ বিষম হয়, তাহা হইলে বাঁচিবে, যদি সম হয় তাহা হইলে মরিবে. সন্দেহ নাই, অর্থাৎ ভাগশেষ যদি ১।৩।৫।৭ থাকে, তাহা হইলে রোগী বাঁচিয়া উঠিবে এবং যদি ২।৪।৬।৮ অবশিষ্ট থাকে, তাহা হইলে রোগীর মৃত্যু হইবে, নির্ণয় করিবে।

ত্রিভাগহরণাচ্চৈব জীবিতং মরণং তথা।
ব্যাধিতশ্চৈব জানীয়াৎ কেরলীবচনং যথা॥

অথবা পূর্ব্বোক্ত অক্ষর সঙ্খ্যা ও মাত্রাসঙ্খ্যার যোগ করিয়া তিন দ্বারা বিভাগ করিবে। যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে বাঁচিবে, যদি দুই অবশিষ্ট থাকে তাহা হইলে মৃত্যু হইবে, যদি শূন্য অবশিষ্ট থাকে, তাহা হইলে পীড়া ভোগ করিবে। কেরলীমতে এইরূপ নির্ণীত হইয়াছে।

পিণ্ডাঙ্কং দ্বাদশে কৃত্বা তন্বাদীনি বিচিন্তয়েৎ।

প্রশ্নকর্ত্তার মনে কোন্ বিষয়ক চিন্তা আছে, তাহা নিরূপণ করিতে হইলে প্রশ্নবাক্যের পিণ্ডাঙ্ককে ১২ বারো দ্বারা বিভাগ করিবে। পরে অবশিষ্ট অঙ্ক দ্বারা তন্বাদি দ্বাদশ ভাব জ্ঞাত হওয়া যাইবে। দ্বাদশ ভাবের মধ্যে কোন্ ভাব উদিত হয়, তাহা জানিতে পারিলে তাহাই প্রশ্ন-কর্ত্তার মনের চিন্তা নিশ্চয় হইবে। *

* তনুর্ধনঞ্চ সহজঃ সুহৃৎ পুত্রো রিপুস্তথা।
জায়া নিধনধর্ম্মাশ্চ কর্ম্ম লাভব্যয়াবপি॥
পর্য্যায়সংজ্ঞা চৈতেষাং কথ্যতে মুনিসম্মতা।
তনু ১ ধন ২ সোদর ৩ সুহৃৎ ৪ পুত্র ৫ রিপু ৬ জায়া ৭ মৃত্যু ৮ ধর্ম্ম ৯ কর্ম্ম ১০ আয় ১১ ব্যয় ১২। মহর্ষিগণ এই দ্বাদশ ভাবের দ্বাদশ সংজ্ঞা দিয়াছেন।

## দম্পত্যোর্ম্মৃত্যুজ্ঞানম্।

বর্ণঞ্চ দ্বিগুণং কৃত্বা মাত্রা কার্য্যা চতুর্গুণ..
নামদ্বয়সমাযোগাৎ রামাঙ্কেন বিশেষয়েৎ॥
একে শূন্যে পতিং হন্যাৎ যুগাঙ্কে যুবতীং তথা।
অগ্রে পৃষ্ঠে বিজানীয়াৎ দম্পত্যোর্ম্মরণং ধ্রুবম্॥

পতি ও পত্নীর নামে যতগুলি বর্ণ থাকিবে, তাহাকে দ্বিগুণ ও যতগুলি মাত্রা থাকিবে, তাহাকে চতুর্গুণ করিবে। উভয় অঙ্কের যোগে যাহা হইবে, তাহাকে তিন দিয়া ভাগ দিবে। যদি ভাগাবশেষ ১ অথবা ০ থাকে, তাহা হইলে অগ্রে পতি মরিবে। যদি ২ অবশিষ্ট থাকে, তাহা হইলে পত্নী অগ্রে মরিবে।

## গ্রহণ নিরূপণ।

অ ই এ ও ভবেদ্‌গ্রাসঃ উ ঊ অং অঃ (অ) ক্ষরে নহি।
আ ঈ ঐ ঔ যোগমাত্রম্ অথবা অঙ্কপিণ্ডতঃ॥
একেন গ্রহণং দ্বাভ্যাং সন্ধিযোগো ত্রয়ে ন চ।

যদি প্রশ্নবর্ণের আদ্যস্বর অ ই এ ও এই বর্ণচতুষ্টয়ের অন্যতম হয়, গ্রহণ হইবে। যদি প্রশ্নবর্ণের আদ্যস্বর উ ঊ অং অঃ এই বর্ণ চতুষ্টয়ের মধ্যে কোন বর্ণ হয়, তাহা হইলে গ্রহণ হইবে না। যদি প্রশ্নবাক্যের আদ্যস্বর আ ঈ ঐ ঔ এই চারি বর্ণের মধ্যে কোন বর্ণ হয়, তাহা হইলে যোগ-মাত্র হইবে, গ্রহণ হইবে না।

অথবা প্রশ্নবাক্যের অঙ্কপিণ্ড দ্বারা গণনা করিবে। অঙ্কপিণ্ডকে তিন দ্বারা বিভাগ করিয়া যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে গ্রহণ হইবে। যদি দুই অবশিষ্ট থাকে, তাহা হইলে রাহুর সহিত যোগ হইবে মাত্র, গ্রহণ দেখা যাইবে না। যদি তিন বা শূন্য থাকে, তাহা হইলে গ্রহণ হইবে না।

অন্যচ্চ।

অ এ ক চ ট ত প য শা গ্রহণস্য সূচকাঃ।
ই ও গ জ ড ব দ ল সা অপি তৎফলাঃ॥

অ এ ক চ ট ত প য শ, ই ও গ জ ড ব দ ল স এই কএকটী বর্ণ গ্রহণ সূচক অর্থাৎ প্রশ্ন বাক্যের আদ্য-বর্ণ যদি উক্তবর্ণ সমুদায়ের অন্যতম হয়, তাহা হইলে গ্রহণ

হইবে। প্রশ্নের আদ্য অক্ষর অন্ত বর্ণ হইলে গ্রহণ হইবে না ইতি কেরলী মতে গ্রহণ নিরূপণং।

### অথ জয়পরাজয়ৌ।

একে লব্ধে জয়ো বাচ্যো দ্বাভ্যাং সন্ধিস্ত্রয়েঽজয়ঃ।
অ ই এ ও চ জ য দ আ ঈ ঐ ঔ চ সন্ধিদাঃ॥
উ ঊ অং অঃ ভয়ঙ্করাঃ ক্রমাদ্বাচ্যা বিচক্ষণৈঃ

### অথ বিবাহঃ।

অ ই এ ও বিবাহঃস্যাৎ আ ঈ ঐ ঔ ব্রিয়োগদাঃ।
উ ঊ অং অঃ বিবাহো ন প্রবক্তব্যঃ কদাচন॥

---

## অথ রাক্ষস কেরলী।

জ্ঞানতিলকং।

যদুপচিত মন্যজন্মনি শুভাশুভং তস্য কর্ম্মণঃ পঙক্তীঃ। ব্যঞ্জয়তি শাস্ত্র মেতৎ দ্রব্যাণি যথা তমসি দীপএব সাক্ষাৎ॥ লোকস্যৈব হিতার্থায় ব্যক্তং চূড়ামণিম্বক্ষ্যে। কৃত্বা তত্র ত্রিধাস্থানং শৃণুস্ব স্থির চেতসঃ। সুস্থে চিত্তে ধাতু নিবন্ধে হসুস্থে চিত্তে ধাতু বিনাশঃ॥ তস্মাৎ সুস্থং চিত্তং পালনীয়ং সুস্থেচিত্তে বুদ্ধয়ঃ সম্ভবন্তে॥ উঅ বিসঅ পরি কথন্তো বিঅ বগ্গ প্রচণ্ড ধঅলো সিদ্ধিং অকৃথর ভাবিঅ সবামি তুলামি আশীসো দহি ফলং তদ্যোগা সকৃথো আলো লোলই ইহ সমূলসিদ্ধিং। রুদ্ধানি নিদাঅ সমত্র হিমগিরি পুচ্ছ ইতি মিরহ লভ্যকা জননী কো বিআ রোহরি। আবং জয়ই। পুচ্ছইনিদায় যমএ কেরলী ভাসহিং গিরিজাত্র কথয়ন্তো মি অঙ্ক চু লো কেরল দেশ ভাসইং জঅই॥ সাক্ষাৎ ত্রৈলোক্য সম্বাদপ্রশ্নং কেরলিনা সংভাবিতং ত্রিকালবিষয়ং প্রোক্তং যেন তস্মৈ সর্ব্ববিদায় নমঃ। জ্ঞান দীপক মাদায় বর্ত্তিং কৃত্বা সদাক্ষরৈঃ। স্বর স্নেহেন সংযুক্তং জ্বলন্তং চোত্তরাধরৈঃ॥

অ এ ক চ ট ত প যশাঃ প্রথমো বর্গঃ। আ ঐ খ ছ ঠ থ ফ রষাঃ দ্বিতীয়ো বর্গঃ। ই ও গ জ ড দ ব ল সাঃ তৃতীয়ো বর্গঃ। ঈ ঔ ঘ ঝ ঢ ধভবহাশ্চতুর্থো বর্গঃ। উ ঊ অং অঃ ঙ ঞ ণ ন মা পঞ্চমো বর্গঃ। এবং নবভি র্নবভি র্ব্বর্ণৈ র্ব্বর্গ স্থাপনং।

অথ স্বরাঃ। অআ ইঈ উঊ এঐ ওঔ অংঅঃ। এষাং স্বরাণাং মধ্যে হ্রস্বা লভ্যকরাঃ দীর্ঘা অলভ্যকরা ভবন্তি। এব স্বরবিধিঃ। ইদানীং পক্ষাঃ। এষাং স্বরাণাং মধ্যে অষ্টৌ পক্ষাঃ। সংযুক্তে একঃ পক্ষঃ, অসংযুক্তো দ্বিতীয়ঃ পক্ষঃ। আভহিত স্তৃতীয়ঃ পক্ষঃ। অনভিহিত শ্চতুর্থঃ পক্ষঃ। অভিঘাতিকঃ পঞ্চমঃ পক্ষঃ। আলিঙ্গিতঃ ষষ্ঠঃ পক্ষঃ। অভিধ মিতঃ সপ্তমঃ পক্ষঃ। দগ্ধোঽষ্টমঃ পক্ষঃ। ইত্যষ্টৌ পক্ষাঃ।

অথ সংযোগং বক্ষ্যে। স্বকায় সংযুক্তো যত্র প্রশ্নে দৃশ্যতে। অসংযুক্তং প্রথম তৃতীয় বর্গাক্ষরাণি তে লভ্যকরাঃ। কেতে তত্রোচ্যতে কগ, চজ, টড, তদ, পব, যল, শস: ইত্যেব। দ্বিতীয় চতুর্থেনাপি যথা খঘ, ছঝ, ইত্যাদি। পাদাদি দক্ষিণেনৈব যদি দূত স্তমুং স্পৃশেৎ। অসংযুক্তা যথা পরকায় সংযুক্তা যত্র পৃশ্নে দৃশ্যন্তে তে হসংযুক্তাঃ প্রথম দ্বিতীয় বদ্ধাক্ষরাণি অসংযুক্তাণি। যথা কখ, চছ, টঠ, তথ, পফ, যর, শষ:। তৃতীয়াদ্যক্ষরেণ চ গঘ, জঝ, ডঢ, দধ, বভ, লব, সহ। ইত্যদ্যপ্যসংযুক্তং। ঘগ, ঝজ, ঢড, ধদ, ভব, বল, হস ইত্যপি সংযুক্তং। অথাভিহিতং। প্রথম দ্বিতীয় তৃতীয় চতুর্থ বর্গাক্ষরং যদা পরস্পর সংযোগে দৃশ্যতে তদাভিহিতঃ। লাভকরোভবতি। কে তে অত্রোচ্যন্তে ক খ গ ঘ চছ, জ ঝ ট ঠ, ড ঢ ত থ দ ধ প ফ ব ভ য রল ব শ ষ স হ ইত্যপি বিপরীতাঙ্গপি। ইদানী মনভিহিতং। অনভিহিতং যথা। প্রথম দ্বিতীয় তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্গাক্ষরাণি পরস্পর সংযুক্তানি। যত্র দৃশ্যন্তে তদেবানভিহিতং। শোকসন্তাপ ভয়দুঃখ পীড়াবহং। কখগঘঙাদয়ঃ। যদা সর্ব্বাঙ্গং স্পৃশতি এবংক্রমঃ সোপ্যনভিহতঃ। স্বকীয় সংযোগে চ ক্ক, চ্চ, ট্ট ত্ত প্প য্য শ্শ এবং খথাদয়ঃ। আদ্যন্তেন চ কঙ চঞ টণ তন পম যব শহ্য ইতি। এতা মাত্রা আদ্য মধ্যাবসানে যত্র দৃশ্যতে স আলিঙ্গিতঃ সুখাবহঃ। ককি কেকো সর্ব্বত্র ক্ত ষ্ঠ, স্থ, ক্ষ। অথাভিঘাতং বিপরীতেনাপি ক্ষ ষ্ণ ণ্ট ইতি। অথাভিঘাতং প্রথম বর্গাক্ষরাণি অধশ্চতুর্থবর্গাক্ষরং উৰ্দ্ধে যত্র তদভিঘাতং যথা ঘক ঝচ ইত্যাদি। তৃতীয় বর্গাক্ষরাণি উর্দ্ধে দ্বিতীয়াক্ষরাণি অধস্তাৎ যত্র প্রশ্নে দৃশ্যতে সএবানভিঘাতিকঃ গখ জছ ডঠ, দথ বফ লর সষ। উত্তরোত্তরং উত্তরাধরং অধরোত্তরং অধরাধরং বর্গোত্তরং বর্গাধরং স্বরোত্তরং স্বরাধরং অক্ষরোত্তরং আদেশোত্তরং নবগণঃ। অথ উত্তরোত্তরাদি। অক উত্তরোত্তরো চট উত্তরাধরো তপ অধরোত্তরো যশ অধরাধরো। অ চ-ত যা উত্তর মধ্যে উত্তরা অ এ ক চ ট ত প ষ শা বর্গোত্তরা আ ঈ-উ এ ঐ অং স্বরোত্তরাঃ গ জ ড় দ ব ল সাঃ অধরোত্তরাঃ আ খ ছ ঠ থ ফ রষা বর্গাধরাঃ। অথ শঙ্কটং। সঙ্কটা হ্রস্বা উকার বর্ণ রহিতাঃ পঞ্চ অ ই এ ও অং শঙ্কটাঃ আ ঈ ঐ ঔ অঃ বিকটা

ইত্যাদি। এ ঐ অং, স্বরোত্তরাঃ অ ই এ ও গণোত্তরাঃ আ ঈ ঊ ঐ ঔ অঃ স্বরাধরাঃ। পৃচ্ছকস্থ বাচ্যাক্ষরাণি শুদ্ধানি অকারস্বর সংযুক্তানি অন্যস্বর বর্জিতানি ফলদায়কানি ভবন্তি। চতুর্থমাত্রাভেদেষু অষ্টপক্ষ নবোত্তরেষু সংশোধিতেষু যদুত্তীর্ণ মক্ষরং ভবতি তদেবাদেশোত্তরং এতে জীবধাতু মূলানি নবদ্রব্যাণি পৃথিব্যাদীনি যন্ত্রান্তর্গত বন্ধন মোক্ষণ জীবন মরণ লাভালাভ জয় পরাজয় গমনাগমনানিচ। ত্রিকালবিষয়াণিচ যথাক্রমং কথয়ামি। অ ই এ ও তির্য্যগ্ মাত্রা জীবস্বরাঃ। উ ঊ অং অঃ অধোমাত্রা ধাতুস্বরাঃ। আ ঈ ঐ ঔ ঊর্দ্ধ মাত্রা মূলস্বরাঃ। সমুদায়েন ঊর্দ্ধাধস্তির্য্যক্স্থিতং বস্তু প্রকাশয়তি। ঈদানীং যোনিপটলং বক্ষ্যে তত্র ত্রিবিধো যোনিভেদঃ। জীবধাতুমূলাত্মকঃ। জীবাক্ষরাণি ধাত্বক্ষরাণি মূলাক্ষরাণি পৃথক্ পৃথক্ কৃত্বা যোযস্তা ম্নোভাগস্তস্তাম্নোঽক্ষরঃ গুরুত্বেনজ্ঞাত্বা সএবযোনি র্বক্তব্যঃ।

অথালিঙ্গিতং। অ ই এ ও স্বাভ্যামপি নত্বেকয়া তস্মিন শুভদাঃ। অথাভিধূমিতং। আ ঈ ঐ ঔ এতা আদি মধ্যাবসানে ক্ষরে দৃশ্যন্তে তদভিধূমিতং। অলাভকরং। অথ দগ্ধাঃ। উ ঊ অং অঃ পূর্ব্ববৎ সংস্থানং। ইতি সংজ্ঞা বর্গাধরং।

অথ জীবযোনিঃ। দ্বিপদ চতুষ্পদ অপদ পাদসংকুলাঃ। দ্বিপদেচ চতুর্ব্বিধো ভেদঃ। দেব মনুষ্য পক্ষি রাক্ষসাঃ। দেবাশ্চতুর্ব্বিধা আকাশ ভুবন বাসিনো জ্যোতিষোঽন্তরীক্ষগামিনশ্চ। মনুষ্যাঃ পঞ্চবিধাঃ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রাশ্চান্ত্যজাশ্চেতি। পক্ষিণো দ্বিবিধা জলচরাঃ স্থলচরাশ্চ। রাক্ষসা দ্বিবিধা কর্ম্মজা যোনিজাশ্চেতি। ইতি দ্বিপদযোনিঃ॥

অথ চতুষ্পদযোনিঃ। চতুষ্পদাশ্চতুর্ব্বিধাঃ। শৃঙ্গী, নখী, খুরী, দন্তীচেতি। তেচ দ্বিধা গ্রামবাসিনো ঽরণ্যবাসিনশ্চ। অথাপাদযোনিঃ। অপদা দ্বিধা জলচরাঃ স্থলচরাশ্চ জলচরা মৎস্যাঃ শকুলাদয়ঃ। স্থলচরাঃ সর্প কীট পতঙ্গাদয়ঃ। অথ পাদসংকুলা ভ্রমর বৃশ্চিক পতঙ্গাদয়ঃ। ইতি জীবযোনিঃ।

অথ ধাতুযোনিঃ। সচ দ্বিধা ধাম্যো ঽধাম্যশ্চ। ধাম্যোঽষ্টবিধঃ। সুবর্ণ রজত ত্রিপু তাম্র পিত্তল লোহ সীসক কাংস্যাদয়ঃ। তত্র ঘটিত মঘটিতং যথা শিরোভরণং কর্ণাভরণং গ্রীবাভরণং পদোভরণং ইতি তত্র বাম দক্ষিণ ভেদঃ। অথাধাম্যং। অধাম্যং নববিধ মৃত্তিকা দৃশদ্ হরিতাল মনঃশিলা শর্করা বালুকা মরকত পদ্মরাগ প্রবালশ্চ এতে অধাম্য ভেদাঃ।

অথ মূলযোনিঃ। মূলং চতুর্ব্বিধো ভেদঃ বৃক্ষ গুল্ম লতা বল্লী চ তত্র চতুর্ব্বিধঃ কঠিন করণং ত্বক্ পত্র পুষ্প ফলং। তত্র খাদ্যমখাদ্যং। খাদ্যং তিক্ত কটু কষায়াম্ল লবণ মধুরাশ্চেতি। তত্রাদ্রং শুষ্কং তত্র মূলং ফলং ইতি মূলযোনিঃ॥

অথ জীবাক্ষরাণি। অ আ ই এ ও অঃ কখগঘ চছজঝ টঠডঢ যশহাঃ। ২১। বহুধাত্বক্ষর গুণেনৈব বাহুল্যাৎ জীবধাতু মূলাক্ষরাণি প্রশ্নাক্ষরে দৃশ্যন্তে চেৎ তদা পরস্পরং শোধয়িত্বা যা অধিকা যোনিঃ সা বক্তব্যা। ত্রয়ঃ এব স্বরা দশক্ষরাণি চ। ১৩। উঊ অং ত দ ধ প ফ ব ভ রষাঃ এতে ধাত্বক্ষরাঃ। ত্রয়ঃস্বরাঃ অষ্টাক্ষরাঃ। ১১। ঈ ঐ ঔ ঙ ঞ ণ ন ম ব লসা এতে মূলাক্ষরাঃ। অক্ষরাণি॥ ৩৫॥ আ খছঠ থফ রষাশ্চতুষ্পদাঃ। ঈ ঔ ঘ ঝ ঢ ধ ভ বহাঃ পাদসংকুলাঃ। ই ও গ জ ড দ ব ল সা অপদাঃ। অঊউ এ অং অঃ ক চ ট ত প য শ ঙ ঞ ণ ন মাঃ দ্বিপদাঃ। দ্বিপদ দৃষ্টে চতুর্ব্বিধো ভেদঃ। দেবমনুষ্য পক্ষিনায়কাঃ। দেবাশ্চতুর্ব্বিধাঃ। কল্পা ভুবনবাসিনো ঽরণ্যবাসিনো জ্যোতিষঃ। ধ্বজে আয়ং গজে জীবং ধূম্রে বৃষে শূনি খরেধাতুঃ। সিংহে বায়সেচ মূলং।

অথ চিন্তা পরীক্ষা। জীবদৃষ্টে চতুর্ব্বিধো ভেদঃ। দ্বিপদ চতুষ্পদ অপদ পাদসংকুলান্ প্রতিদেব মনুষ্য পক্ষি রাক্ষসাশ্চেতি ভাগক্রমেণ জ্ঞাতব্যাঃ। চতুষ্পাদ দৃষ্ট চতুর্ব্বিধো ভেদঃ দন্তী খুরী নখী শৃঙ্গী পাঠান্তরং দন্তী শৃঙ্গী নখী খুরীতি ভাগঃ।

অথাপদশ্চ দ্বিবিধো ভেদঃ। জলচরাঃ স্থলচরাভাগাঃ। জলচর দৃষ্টে চতুর্ব্বিধঃ। পাদসংকুল দৃষ্টে চতুর্ব্বিধং। ভ্রমর খঞ্জর কীট, পতঙ্গাদয়ঃ পাদসংকুলাঃ ধাতুনাং ভেদঃ ভাগঃ। মূলং ত্বক্ পত্রাণি। মূলং চতুর্ব্বিধো ভেদঃ। বৃক্ষ গুল্মলতা বল্লীচ। তত্র চতুর্ব্বিধ কঠিনকরণং ত্বক্ পত্র পুষ্প ফলং। ধাতু ৮ সুবর্ণং রজতং ত্রপু তাম্রং কাংস্যং পিত্তলং কাচং লৌহং ধাম্যং ধাতুং সমুদ্দিশেৎ। মূলেচ ত্বকপত্র পুষ্পফলমূলানি ভাগঃ।

অথ চিন্তাপ্রকরণং। অকচটতপসহাঃ এতে জীবাক্ষরাঃ আঈউ অং তপগা এতে ধাত্বক্ষরাঃ। ঐ ঔ অঃ ঙ ঞ ণ ন মাঃ এতে মূলাক্ষরাঃ। অই এও কখগঘ চছজঝ টঠডঢ যশহা বর্ণা এতে জীবাক্ষরাঃ। আঈউ তথদধ পফবভ বষা এতে ধাত্বক্ষরাঃ একবিংশতি জীবাক্ষরাণি ২১। তে ধাত্বক্ষরাণি ১৩। অথ মূলাক্ষরাণি ১১। প্রশ্নস্থাক্ষরে গ্রহাঃ। প্রাণিনামাক্ষরং একীকৃত্য তস্য রাশিং সংযুক্তং দশগুণং কারয়েৎ অষ্টভাগো দাতব্যঃ। নবচ গৃহ্যতে। তত্রস্থঃ করণং বিদ্যাৎ। সাচ চিন্তা নসংশয়ঃ। ধ্বজেস্থানে গজে জীবং ধূমে বৃষভে শূনি খরে ধাতু সিংহে বায়সে মূলং। ইতি চিন্তা।

প্রাণিবানী প্রশ্নাক্ষরৈর্গ্রাহ্যা বক্যার ক্রমসংখ্যায়া একত্রী কার-

'কারয়েৎ। দশোনিতং নূকাষ্টং কারয়েৎ। অষ্টাদশান্বিতং কারয়েৎ। তৃতীয়ভাগেন জ্ঞাতব্যং। শেষং মুষ্টিলুক্কা জ্ঞাতব্যাঃ। ইতি চিন্তালুক্কা সমাপ্তা। উদয়াৎ দশদণ্ডং যাবৎ জীববেলা ততো দশদণ্ডং ধাতুবেলা ততো দশদণ্ডং মূলবেলা। জীববেলায়াং ত্রিধা ৩।২০। লূকমুষ্টিচিন্তা মুধাজী মূজীধা। জীধামূ ধামূজী মূজীধা অঃ স্বঙ্গঃ আমর্ত্যঃ ইপতানং। অনেন ক্রমেণাঙ্কিরাণি জ্ঞাতব্যানি।

অথ ধাতুঃ। তচ্চ দ্বিধা ধাম্যোঽধামাশ্চ উত্তরে ধাম্যা অধরে ঽধাম্যাঃ। ধাম্যোঽষ্টধা ভেদঃ স্বুবর্ণং রজতং তাম্রং শীশকং ত্রিপু লোহকং। পিত্তলং কাংশ্যমিত্যাদয়ঃ। আলিঙ্গিতে ঘটিতং। অভিধূমিতে অর্দ্ধ ঘটিতং। দগ্ধে অঘটিতং। উত্তরে আভরণং অধরে অনাভরণং। উত্তরে শিরঃ অধরে অবয়বাভরণং। শিরঃ কর্ণাভরণং মস্তকাভরণং পট্ট অর্দ্ধচন্দ্রমৌক্তিকাদয়ঃ। আলিঙ্গিতে গ্রীবাভরণং অভিধূমিতে কর্ণাভরণং আলিঙ্গিতে হস্তাভরণং অভিধূমিতে কট্ট্যাভরণং। দগ্ধে পদাভরণং। কট্ট্যাঃ কটিসূত্র মৌক্তিকাদয়ঃ। উত্তরেণোত্তমাভরণং অধরে মধ্যাঙ্গাভরণং। ইতি ধাম্যধাতুঃ।

অথাধাম্যঃ। মুক্তিকাঞ্চনপাষাণ মনঃশিলা শর্করা বৈদূর্য্য অম্বরাগপ্রবাল ইত্যধাম্য ধাতুঃ। অথাক্ষর বর্ণ পটলং অকচটত যশাঃ শুক্লাঃ আঐ খছঠথফ রষাঃ কৃষ্ণাঃ। এ ও গজডদব লসাঃ পীতবর্ণাঃ। ঈঔ ঘঝঢধভ বহা নীলবর্ণাঃ। অথাতঃ কর্ত্তৃবর্ণপঠনং। ক ১ খ ২ গ ৩ ঘ ৪ ঙ ৫ চ ১ ছ ২ জ ৩ ঝ ৪ ঞ ৫ ট ১ ঠ ২ ড ৩ ঢ ৪ ণ ৫। ত ১ থ ২ দ ৩ ধ ৪ ন ৫। প ১ ফ ২ ব ৩ ভ ৪ ম ৫। য ১ র ২ ল ৩ ব ৪ শ ৫ ষ ৬ স ৭ হ ৮ ক্ষ ৯। প্রকারান্তরং অ ১০।১২ আ ২০।১২ ই ৩০।১৩ ঈ ৪০।১৮ উ ৫০।১৫ ঊ ৬০।২২ এ ৭০।১৯ ঐ ৮০।২৫ ও ৯০।২২ ঔ ১০০।১৪ অং ১১০ অঃ ১২০ ক ১।০ খ ২।৩০ গ ৩।৬০ ঘ ৪।১৫ ঙ ৫।১৫ চ ১।২ ছ ২।১৫ জ ৩।৩৫ ঝ ৪।১৮ ঞ ৫।৪৯ ট ১।৪৯ ঠ ২।৪৯ ড ৩।৪৯ ঢ ৩।৪৯ ণ ৫।১৪ ত ১।১০ থ ২।১৭ দ ৩।১৫ ধ ৪।১০ ন ৫।২৮ প ১।১৫ ফ ২।২১ ব ৩।২১ ভ ৪।২১ ম ৫।২৫ য ১।২৩ র ২।১১ ল ৩।১১ ব ৪।১৫ শ ৫।১০ ষ ৬।২৫ স ৭।১২ হ ৮।২০ ক্ষ ৯।২০। চতুর্ভাগৈঃ ইরেষ্বধঃ। একেন চতুষ্পদং দ্বাভ্যাং দ্বিপাদং ত্রিভির্ব্বিপদং চতুর্ভিঃ পাদসংকুলাঃ।

অথ চতুষ্পাদযোনিঃ। অআ শ্বেতবর্ণাঃ উঊ রক্তবর্ণাঃ ও ঔ কৃষ্ণবর্ণাঃ জীবানাং যদা মূলধাতু দৃঢ়ানাং যা আভ্যন্তরা ইত্যর্থঃ।

চিন্তাত্রিপ্রকারা জীবচিন্তা মূলচিন্তা ধাতুচিন্তা। ধাতুচিন্তা ভাগাষ্টৌ তথা মূলচিন্তা ভাগাঃ পঞ্চ। ত্বক্ মূল ফল পত্র পুষ্প ভেদাঃ। সুবর্ণরজত তাম্রকাংশ্য কাচীরপিত্তলাদয়ঃ। কাচীরো লৌহ ধাতুবিশেষঃ। অ আ দীর্ঘ ই ঈ কৃষ উ ঊ চৌরসং ঐ ঔ ত্রিকোণং অংঅঃ বর্ত্তুলাখ্যং। ক রক্তং, খ কৃষ্ণং, গ পীতং, ঘ রক্তং, ঙ নীলং, চ পীতং, ছ ধূম্রং জ নীলং ঝ রক্তং ঞ নীলং ট ধূম্রং ঠ কৃষ্ণং ড পীতং ঢ শ্বেতং ণ রক্তং ত ধূম্রং থ কৃষ্ণং দ পীতং ধ শ্বেতং ন রক্তং প পীতং ফ ধূম্রং ব নীলং ভ রক্তং ম নীলং য নীলং র ধূম্রং, ল পীতং, ব রক্তং শ কৃষ্ণং ষ ধূম্রং স রক্তং হ শ্বেতং ক্ষ রক্ত ধূম্রমিশ্রং। ক ঘ ঝ ল ন ভবসারক্তাঃ। খ ছ থসাঃ কৃষ্ণাঃ গ চ ড দ পলাঃ পীতাঃ। ঙ জ ঞ বমযা নীল বর্ণাঃ। ছ ট ত ফ বসা ধূম্রাঃ ঢ ধহাঃ শ্বেতাঃ ক্ষংরক্ত ধূম্রবর্ণং। ইতি বর্ণাঃ।

অথ দিশাংভেদঃ। কখগঘঙ আগ্নেয়ং চছজঝঞ দক্ষিণং। টঠডঢণ নৈঋতং। তথদধন পশ্চিমং। পফবভম বায়ব্যং। যরলব উত্তরং শষসহ ঈশানং। অ ই উ এ ও পূর্ব্বং।

---

দিবারাত্রিভাগং আদি মধ্যান্তরেণ প্রত্যেকং দশদণ্ড। উদয় বেলায়াং আলিঙ্গিতং ১০দং। মধ্যেঽভিধূমিতং১০দং অন্তেদগ্ধং১০দং। উদয়বেলায়াং জীবঃ। মধ্য ধাতুঃ। অন্তে মূলং। ৩।২০ বিশংয়ত্রিপলাধিক ত্রয়োদণ্ডাঃ অন্তরোদয়ং ভ্রাময়েদহর্নিশং। যথা

| উদয়বেলায়াং ১০দণ্ড মধ্যে | মধ্যবেলায়াং ১০দণ্ড মধ্যে | অন্তবেলায়াং ১০দণ্ড মধ্যে |
|---|---|---|
| আলিঙ্গিতং————৩দণ্ড।২০পল | অভিধূমিতং————৩দণ্ড।২০পল | দগ্ধং————৩দণ্ড।২০ পল |
| অভিধূমিতং————৩দণ্ড।২০পল | দগ্ধং————৩দণ্ড।২০ পল | আলিঙ্গিতং————৩দণ্ড।২০পল |
| দগ্ধং————৩দণ্ড।২০পল | আলিঙ্গিতং————৩দণ্ড।২০পল | অভিধূমিতং————৩দণ্ড।২০পল |
| ১০ দণ্ড | ১০ দণ্ড | ১০ দণ্ড |

আলিঙ্গিতবেলায়া মালিঙ্গিতপ্রশ্নে আলিঙ্গিতং ফলং। তদুত্তরাক্ষর বলবান্। ইত্যাদি রূপেণ বোদ্ধব্যং।

লব্ধং মূলে বিনিক্ষিপ্য ইত্যাদি কৃত্বা পঞ্চভির্হৃতে ব্রাহ্মণ-ক্ষত্রিয় বৈশ্য শূদ্রান্ত্যজা জ্ঞেয়াঃ।

লব্ধাঙ্কও এক মূলের সহিত যোগ করিয়া যাহা হইবে, তাহাকে পাঁচ দ্বারা বিভক্ত করিবে। যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে ব্রাহ্মণ, যদি দুই থাকে, তাহা হইলে ক্ষত্রিয়, যদি তিন থাকে তাহা হইলে বৈশ্য, যদি চারি থাকে তাহা হইলে শূদ্র, যদি পাঁচ থাকে তাহা হইলে ইতর জাতি স্থির করিয়া বলিবে।

লব্ধং মূলে বিনিঃক্ষিপ্য ইতি কৃত্বা ত্রিভির্হৃতে পুং স্ত্রী নপুংসকং জ্ঞেয়ম্।

লব্ধাঙ্ক মূলের সহিত যোগ করিয়া তাহাতে এক মিশ্রিত করিবে। ঐ অঙ্ককে তিন দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে পুরুষ, যদি দুই থাকে তাহা হইলে স্ত্রী, যদি শূন্য থাকে তাহা হইলে নপুংসক স্থির করিয়া দিবে।

পুনর্লব্ধং মূলে বিনিঃক্ষিপ্য ইতি কৃত্বা পঞ্চভির্হৃত্বা বালকাদয়ো জ্ঞেয়াঃ।

পুনর্ব্বার লব্ধাঙ্ক ও এক মূলের সহিত যোগ করিয়া পাঁচ দ্বারা বিভক্ত করিলে তদ্দ্বারা বালক তরুণ যুবা প্রৌঢ় ও বৃদ্ধ স্থির করিবে।

লব্ধং মূলে বিনিঃক্ষিপ্য ইতি কৃত্বা। ত্রিভির্হৃত্বা গৌর শ্যাম শুক্লা জ্ঞেয়াঃ।

পুনর্ব্বার পূর্ব্ববৎ প্রক্রিয়া করিয়া তিন দ্বারা বিভক্ত করিলে গৌরবর্ণ শ্যামবর্ণ বা শুক্লবর্ণ অবগত হইতে পারা যাইবে।

লব্ধং মূলে বিনিঃক্ষিপ্য একাঙ্কেনৈব পূরয়েৎ। অষ্টাভহৃতে একেন বিষয়ী দ্বাভ্যাং ভূমিজীবী, ত্রিভির্ব্বিদ্যাজীবী, চতুর্ভির্ব্বাণিজ্যজীবী, পঞ্চভিশ্চিকিৎসাজীবী, ষড়্ভিঃ শিল্পী, সপ্তভিরস্ত্রজীবী, অষ্টভিরন্যজীবসেবী জ্ঞেয়ঃ।

পুনর্ব্বার পূর্ব্ববৎ প্রক্রিয়া করিয়া আট দ্বারা বিভাগ করিবে। যদি অবশিষ্ট এক থাকে, তাহা হইলে বিষয়ী, দুই অবশিষ্ট থাকিলে ভূমিজীবী, তিন অবশিষ্ট থাকিলে বিদ্যাজীবী, চারি অবশিষ্ট থাকিলে বাণিজ্যজীবী, পাঁচ অবশিষ্ট থাকিলে চিকিৎসাজীবী, ছয় অবশিষ্ট থাকিলে শিল্পজীবী, সাত অবশিষ্ট থাকিলে অস্ত্রজীবী, আট বা শূন্য অবশিষ্ট থাকিলে অন্যজীবের সেবক স্থির করিবে।

স্ত্রীপক্ষে লব্ধং মূলে বিনিঃক্ষিপ্য ইতি কৃত্বা দ্বাভ্যাং হৃতে একেন সধবা দ্বাভ্যাং বিধবা।

চোর যদি স্ত্রীলোক হয় তাহা হইলে পূর্ব্ববৎ লব্ধাঙ্ক ও এক মূলের সহিত যোগ করিয়া দুই দ্বারা বিভাগ করিবে। যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে সধবা, দুই থাকিলে বিধবা স্থির করিবে।

পুনর্লব্ধং মূলে বিনিঃক্ষিপ্য ইতি কৃত্বা দ্বাভ্যাং হৃতে একেন সাধ্বী, দ্বাভ্যাম্ অসাধ্বী।

পুনর্ব্বার পূর্ব্ববৎ প্রক্রিয়া করিয়া দুই দ্বারা বিভাগ করিবে। যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে সাধ্বী, যদি দুই থাকে তাহা হইলে অসাধ্বী স্থির করিবে।

---

অথ নামানয়নম্। লব্ধং মূলে বিনিক্ষিপ্য অষ্টভির্হৃতে একেন অবর্গঃ দ্বাভ্যাং কবর্গঃ ইত্যাদি চ শবর্গ পর্য্যন্তং। পুনর্লব্ধমিত্যাদি পঞ্চভির্হৃতে একেন প্রথমাক্ষরং দ্বিতীয়ে দ্বিতীয়াক্ষরং তৃতীয়াদিভিরেবং। অথাক্ষরসংখ্যা। লব্ধমিত্যাদি সপ্তভির্বিভজেৎ। একেন অক্ষরং নাম চতুঃ পঞ্চ ষষ্ঠ সপ্তমাষ্টমঃ। দ্বিক্রমেণ দ্ব্যক্ষরং বোদ্ধব্যং। এবং দ্রব্যস্য নাম॥ অথ চিন্তাপ্রকরণং। লব্ধং মূলে বিনিক্ষিপ্য দিগঙ্কেনৈব যোজয়েৎ। দ্বাদশভির্ব্বিভজেৎ। একেন লাভালাভচিন্তা। দ্বাভ্যাং জীবনমরণচিন্তা। ত্রিভীরণভঙ্গচিন্তা। চতুর্ভিঃ সংযোগচিন্তা। পঞ্চভির্গমনাগমনচিন্তা। ষড়্ভির্ধাতুচিন্তা। সপ্তভির্ব্বিবাহচিন্তা। অষ্টভির্গর্ভচিন্তা। নবভির্বিদ্যালাভচিন্তা। দশভীরোগচিন্ত, একাদশভিরাগমন চিন্তা, দ্বাদশভিঃ কাল নিরূপণং। অংশে একং দেয়ং হেয়ং বেতি॥ ইদানীং লাভালাভো বক্ষ্যে। পিণ্ডাঙ্কং দ্বাদশভির্হৃত্বা ষোড়শভির্হরেৎ। শেষং দ্বাভ্যাং হৃত্বা চতুর্ভির্হৃতে একেন লাভঃ দ্বাভ্যামল্পলাভঃ ত্রিভির্লাভো নাস্তি। শূন্যে মরণম্। জীবনমরণ প্রশ্নে লব্ধমিত্যাদি ত্রিভির্হৃতে একেন জীবতি, দ্বাভ্যাং সন্দেহঃ, শূন্যে মরণম্, এবং সর্ব্বত্র॥ বিবাহপ্রশ্নে লব্ধমিত্যাদি ত্রিভির্হৃতে একেন বিবাহঃ, দ্বাভ্যাং বিলম্বঃ, ত্রিভির্ব্বিবাহো নাস্তি, কন্যামরণং বা॥ গর্ভপ্রশ্নে। লব্ধমিত্যাদি একাঙ্কং সংযোজ্য চতুর্ভির্হৃতে একেন পুত্রঃ দ্বাভ্যাং কন্যা ত্রিভির্যুগ্মং শূন্যে গর্ভো নাস্তি॥ বিদ্যালাভপ্রশ্নে। লব্ধমিত্যাদি ত্রিভির্হৃতে একেন বিদ্যালাভঃ, দ্বাভ্যাং মধ্যম বিদ্যালাভঃ, শূন্যে বিদ্যা নাস্তি॥ রোগপ্রশ্নে। লব্ধমিত্যাদি ত্রিভির্হৃতে একেন রোগান্মুক্তঃ, দ্বাভ্যাং বিলম্বেন, শূন্যে মরণম্॥ আগমনপ্রশ্নে। লব্ধমিত্যাদি ত্রিভির্হৃতে একেন আগমনং, দ্বাভ্যাং বিলম্বঃ, শূন্যে তত্র মরণম্॥ মুক্তিপ্রশ্নে। লব্ধমিত্যাদি চতুর্ভির্হৃতে একেন গঙ্গাপ্রাপ্তিঃ, দ্বাভ্যাং সন্দেহঃ, ত্রিভির্ব্বিদেশে মৃত্যুঃ, শূন্যে অপমৃত্যুঃ॥ অথ কাল নিরূপণম্। পূর্ব্বকৃতপিণ্ডাঙ্কং অষ্টভির্হৃত্বা ত্রিভির্হৃতে একেন দিনসংখ্যা, দ্বাভ্যাং মাসসংখ্যা, শূন্যে বৎসরসংখ্যা॥

---

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষে প্রশ্নতন্ত্র সমাপ্ত।

# অথ প্রশ্নসারসংগ্রহং।

——**——

শ্রীগণেশং নমস্কৃত্য শ্রীগুরুং গিরিজাপতিম্।
দৈবজ্ঞানাং হিতার্থায় ক্রিয়তে প্রশ্নসংগ্রহঃ ॥
সদা প্রশ্নো ন কর্ত্তব্যঃ কুটিলানাং তথা নিশি।
নাপরাহ্নে নাবিশ্বাসে ত্বরিতং ন বদেৎ কদা ॥
ফলপুষ্পযুতো যো হি দৈবজ্ঞং পরিপৃচ্ছতি।
তস্যৈব কথয়েৎ প্রশ্নং সত্যো ভবতি নান্যথা ॥

আদৌ চিন্তাপরিজ্ঞানং কৃত্বা প্রশ্নং বিচারয়েৎ। ব্যোমদৃষ্টৌ ভবেজ্জীবো মূলং ভূম্যবলোকনে ॥ সমাবলোকনে ধাতুচিন্তায়া লক্ষণং স্মৃতম্॥ শিরস্পর্শে জীবচিন্তা পাদস্পর্শে তু মূলকম্। নাভিস্পর্শে ধাতুচিন্তা বিজ্ঞেয়া সর্ব্বদা বুধৈঃ ॥ স্পর্শে বক্তুং ললাটঞ্চ জীবচিন্তা শুভপ্রদা। হৃদোদরকটিস্পর্শে ধাতুচিন্তা চ মধ্যমা ॥ গুহ্যোরুপৃষ্ঠভাগে চ প্রথমং মূলচিন্তনম্। জানুজঙ্ঘাপদে জীবধাতুমূলনিরূপণম্॥ পূর্ব্বস্যাং ধাতুচিন্তা স্যাৎ জীবং দক্ষিণতস্তথা। উত্তরস্যাং পশ্চিমায়াং মূলচিন্তাং বদেদ্বুধঃ ॥

## অথ জীবধাতুমূলজ্ঞানম্।

প্রশ্নাক্ষরং দ্বিগুণিতং একেন চ সমন্বিতম্। বহ্নিভিস্তু হরেদ্ভাগং শেষে চিন্তাং বিনির্দ্দিশেৎ। বিষমাঙ্কে জীবচিন্তা সমে ধাতুঃ প্রকীর্ত্তিতঃ। শূন্যে মূলং বিজানীয়াৎ চিন্তায়া লক্ষণং স্মৃতম্॥

## বর্ণকথনম্।

তিথিঃ প্রহরসংযুক্তা তারকাবারমিশ্রিতা। নবভিস্তু হরেদ্ভাগং শেষাঙ্কে বর্ণমাদিশেৎ॥ তাম্রঃ ১ মুক্তাসদৃশঃ ২ শ্বেতমিশ্রিতরক্তঃ ৩ দূর্ব্বাসদৃশশ্যামঃ ৪ সুবর্ণবর্ণঃ ৫ মুক্তাসদৃশঃ শুভ্রঃ ৬ শ্যামবর্ণঃ ৭ আরক্তনীলশ্বেতঃ ৮ নীলরক্তবর্ণঃ ৯ জ্ঞাত্বা বিদ্বান্ বদেদ্বর্ণম্ ॥

## অথ কার্য্যস্য শুভাশুভম্।

প্রশ্নাক্ষরং ষড়্গুণিতম্ অষ্টাভিশ্চ বিমিশ্রিতম্। নবভিস্তু হরেদ্ভাগং শেষং তাৎকালিকো গ্রহঃ॥ গ্রহঃ পরিবদেৎ সম্যক্ কার্য্যাকার্য্যাদিলক্ষণম্। আদিত্যে নৈব সিদ্ধিঃ স্যাৎ সোমে সিদ্ধিঃ প্রজায়তে। ভৌমে তু মরণং প্রোক্তং গুরুশুক্রবুধাঃ শুভাঃ। শনৈশ্চরে নাস্তি সিদ্ধিঃ রাহুকেতূ ন সিদ্ধিদৌ ॥

## অথ সময়জ্ঞানম্।

আদিত্যে মাসমেকন্তু সোমে তু বিংশতির্দ্দিনৈঃ। ভৌমে ঋতুদ্বয়ং প্রোক্তং বুধে সপ্তদিনৈঃ ফলম্। একবিংশতি জীবে চ ভৃগৌ বিংশতিবাসরে। শনৈশ্চরে চৈকবর্ষে রাহুকেত্বোরপি স্মৃতঃ।

## অথ তাৎকালিকগ্রহাৎ ধাত্বাদিলক্ষণম্।

পূর্ব্বোক্ততাৎকালিকগ্রহাৎ। গ্রহোপরি বদেৎ সম্যগ্ধাতুমূলাদিলক্ষণম্। চন্দ্রে শুক্রে তথা জীবে জীবচিন্তাং বিনির্দ্দিশেৎ। ভৌমে বুধে তথা কেতৌ ধাতুচিন্তাং বদেদ্বুধঃ। রবৌ মন্দে চ রাহৌ চ মূলচিন্তা বিনিশ্চিতা ॥

## অথ গ্রহাণাং বর্ণকথনম্।

রক্তশ্যামো ভবেৎ সূর্য্যঃ শশী গৌরঃ প্রকীর্ত্তিতঃ। রক্তগৌরঃ কুজো জ্ঞেয়ো দূর্ব্বাশ্যামো বুধঃ স্মৃতঃ। গৌরবর্ণো গুরুর্জ্ঞেয়ঃ শুক্লবর্ণো ভৃগুঃ স্মৃতঃ। কৃষ্ণঃ শনৈশ্চরো জ্ঞেয়ো বিবর্ণো বিধুন্তুদঃ॥

## অথ ধাতুজ্ঞানম্।

শুক্রে চন্দ্রেঽথ রৌপ্যঞ্চ বুধে স্বর্ণমুদাহৃতম্। গুরৌ রত্নযুতং হেমং সূর্য্যে মৌক্তিকমুচ্যতে। ভৌমে তাম্রং শনৌ লৌহং রাহাবপ্যায়সঃ স্মৃতঃ। কেতৌ কর্পূরধাতুঃ স্যাদয়ঞ্চ ধাতুনির্ণয়ঃ ॥

## মূলপত্রপুষ্পাদিনিরূপণম্।

চন্দ্রে শুক্রে গুল্মবল্লী লতাকন্দৌ বুধস্য চ। পত্রং গুরৌ ফলং সূর্য্যে মূলঞ্চ রবিজে কুজে। রাহৌ মূলং বিজানীয়াৎ কেতৌ পুষ্পং বিনির্দ্দিশেৎ ॥

## দ্বিপদাদিজ্ঞানম্।

দ্বিপদৌ ভার্গবগুরূ ভূমিজার্কৌ চতুষ্পদৌ। পক্ষিণৌ বুধশৌরী চ চন্দ্ররাহূ সরীসৃপৌ ॥

### অথ দিগ্‌জ্ঞানম্‌।

চন্দ্রভানৌ বদেৎ প্রাচ্যাং জীবশুক্রে চ পশ্চিমে। উত্তরে ভৌমসৌম্যাভ্যাং শনিরাহো চ দক্ষিণে॥

### অথাক্ষরবর্গোপরি চিন্তাজ্ঞানম্‌।

অবর্গে আত্মনশ্চিন্তা পরচিন্তা কবর্গকে। তথা চবর্গে বিজ্ঞেয়া টবর্গশ্চ চতুষ্পদে। চবর্গে পাদবহুলা অপদা তু কবর্গকে। তথা তবর্গে বিজ্ঞেয়া পবর্গে পাদসঙ্কুলাঃ। চতুষ্পদাঃ যবর্গেতু শবর্গে দ্বিপদাঃ স্মৃতাঃ। দেবা অবর্গে বিজ্ঞেয়াঃ কবর্গে মনুজাঃ স্মৃতাঃ। চবর্গে পক্ষিণো জ্ঞেয়াষ্টবর্গে তদ্বদেব্বহিঃ। নরাস্তবর্গে বিজ্ঞেয়া বিজ্ঞেয়া অসুরাঃ স্মৃতাঃ। পবর্গে মনুজাশ্চৈব তথৈবচ শবর্গকে। অবর্গে ব্রাহ্মণাঃ প্রোক্তাঃ কবর্গে ক্ষত্রিয়াঃ স্মৃতাঃ। বিশশ্চবর্গে বিজ্ঞেয়াঃ পবর্গে তদ্বদেব্বহিঃ। শূদ্রাঃ পবর্গে জ্ঞাতব্যাঃ শবর্গে বিশ এব চ। স্ত্রীচিন্তা চ অবর্গে স্যাৎ কবর্গে পুরুষোত্তমঃ। নপুংসকশ্চবর্গে স্যাট্টবর্গে তদ্বদেব্বহিঃ॥

অস্মিন্‌ বর্ষে সুখং ক্লেশাদিকং বা কিং ভবিষ্যতি? ইতি প্রশ্নে বর্ষফলম্‌॥

তিথিবারর্ক্ষযোগানাং যুতিঃ সংবৎসরান্বিতা। প্রশ্ননামাক্ষরৈর্যুক্তা ত্রিহৃতা শেষকে ফলম্‌। একেন ক্লেশঃ, সমভবনং দ্বাভ্যাং, তৃতীয়ে সুখম্‌, ইতি বর্ষফলম্‌॥

### অথ রাজকৃপাচিন্তা।

প্রশ্নবর্ণো গুণৈর্হন্যাৎ ঘটিভির্যুক্ত বহ্নিহৃৎ। একেন স্বল্পমানঃ স্যাৎ দ্বাভ্যাং মানাধিকং ভবেৎ। ত্রিভিঃ শেষে ন মানঃ স্যাদিত্যেতৎ প্রশ্নলক্ষণম্‌॥

### অথ স্বরাজ্যপ্রাপ্তিলক্ষণং।

স্ববর্ণাঃ ত্রিগুণাঃ কার্য্যাঃ বস্তুবর্ণৈকরূপযুক্‌। দ্বিহীনং শেষকে ব্রূয়াৎ একে প্রাপ্ত্যন্যথা সমে॥

### অথ রোগিণাং রোগাদিপ্রশ্নঃ।

তিথিনাড়ীসমাযোগো দ্বাভ্যাং গুণিতবেদযুক্‌। বহ্নিভির্ভাজিতে শেষং ফলং তস্য প্রকীর্ত্তিতম্‌। একেন বেদনাভাবঃ শিরোরোগী দ্বিশেষকে। শূন্যেন নিধনং জ্ঞেয়ং শেষতঃ সর্ব্বদা বুধৈঃ॥

### দ্রব্যপ্রাপ্তিপ্রশ্নঃ।

ঘটিকা রামগুণিতা তদ্বর্ণমিশ্রিতা শরৈঃ। বেদৈর্ব্বিহৃত্য শেষে চ বিষমে প্রাপ্তিঃ নান্যথা॥

### অমুকস্য দ্রব্যপ্রাপ্তির্ব্বা ন।

প্রভোর্নাম গুণৈর্হন্যাৎ স্ববর্ণৈর্মিশ্রিতং হরেৎ। রামৈঃ প্রাপ্তির্ব্বিজানীয়াৎ একশেষে দ্বিকে নহি। ত্রিশেষে চিরকালেন দ্রব্যপ্রাপ্তির্ভবিষ্যতি॥

### সন্ধিপ্রাপ্তিঃ।

ঘটিভিস্তিথিসংযুক্তা ত্রিভির্ভাগং সমাহরেৎ। একশেষে ভবেৎ সন্ধির্দ্বিশেষে বহুযত্নতঃ। ত্রিশেষে নৈব সন্ধিঃ স্যাৎএতৎ প্রশ্নস্য লক্ষণম্‌॥

### সন্তানচিন্তা।

চতুর্গুণাতিথিশ্চৈকমিশ্রিতা বারযোগকৈঃ। দ্বাভ্যাং ভাগেন যৎ লব্ধং ত্রিঘ্নং বেদহৃতঞ্চ যৎ। একশেষে বিলম্বেন দ্বিশেষে নৈব সম্ভবঃ। অচিরেণৈব কালেন ত্রিচতুঃশেষকে বদেৎ॥

অস্যা গর্ভোঽস্তি বা ন ইতি প্রশ্নে।

বারঞ্চ ত্রিগুণং কার্য্যং তিথিভিশ্চ সুসংযুতম্‌। দ্বাভ্যাং হৃতঞ্চ যচ্ছেষং বিষমেঽস্তি সমেঽফলম্‌॥

### অন্যচ্চ।

প্রশ্নবর্ণাঙ্কে মাত্রাঙ্কঘাতঃ (৭ গুণিতঃ) সপ্তাবশেষতঃ। বিষমে গর্ভসম্ভূতিঃ সমে নাস্তি চ সংবদেৎ॥

### পুংস্ত্রীপ্রশ্নঃ।

প্রশ্নবর্ণাঙ্কমাত্রাঙ্কং তিথিবারর্ক্ষসংযুতম্‌। সপ্তভুক্তাবশেষেণ সমে স্ত্রী বিষমে পুমান্‌॥

### অথান্যৎ।

তিথিবারর্ক্ষযোগানাং যোগো মানাক্ষরৈর্যুতঃ। ক্ষিতিজেন যুতশ্চাপি বহ্নিহৃৎ শেষজং ফলম্‌॥ একাঙ্কেন ভবেৎ পুত্রো দ্বাভ্যাং কন্যাং বিনির্দ্দিশেৎ। ত্রিশেষে গর্ভপাতঃ স্যাৎ জ্ঞাতব্যঃ সর্ব্বদা বুধৈঃ॥

### মমান্যস্য পুত্রো বা? প্রশ্নে।

যোগঃ পঞ্চগুণাঃ কার্য্যাঃ কার্য্যেণাপি নিযোজয়েৎ। রামৈর্ব্বিভক্তং যচ্ছেষমেকস্য স্বভবোদ্ভবঃ। দ্বাভ্যামন্যদ্বিজানীয়াৎ ত্রিশেষে বীর্য্যয়োর্যুতিঃ॥

### দুর্গপ্রাপ্তিপ্রশ্নঃ।

রামৈর্গুণিববারস্তু নেত্রৈর্যোজিত ত্রিহৃতা। দুর্গঃ প্রাপ্তিরেকশেষে দ্বিকে সন্ধিঃ ত্রিকে ন হি॥

### পরচক্রাগমনচিন্তা।

ঘটিকা পঞ্চভির্গুণ্যা দিনর্ক্ষে বিশ্ব ১৩ সংযুতঃ। দ্বাভ্যাং ভাগে তু যচ্ছেষং ফলং তত্র বদাম্যহম্‌। একেন গমনং বিদ্যাৎ দ্বাভ্যাং নৈবাগমো ভবেৎ॥

**অথামুকদেশে শত্রুরাগমিষ্যতি বা ন।**

দেশনামর্ক্ষয়োর্যোগ একহীনস্ত্রিভির্ভজেৎ। এক শেষে তু যুদ্ধেন আগমিষ্যতি নিশ্চিতম্। পলায়নং তৎসৈন্যস্য দেশমুক্তির্দ্বিশেষকে। ত্রিশেষকে ভবেদ্দুঃখং যুদ্ধঞ্চ সেনয়োর্ম্মহৎ॥

**দ্বয়োর্যুদ্ধে কস্য জয় ইতি প্রশ্নে।**

উভয়োস্ত্রিগুণং নাম তৎকালশ্চ ত্রিনাড়ীযুক্। বহ্নি হৃত্বা তু শেষং স্যাদধিকং জয়কৃদ্ভবেৎ।

**গমনপ্রশ্নঃ।**

তিথিবারর্ক্ষযোগানাং যোগো রামযুতস্তথা। দ্বিগুণো বহ্নিভির্ভক্তৈঃ শেষেণ ফলমাদিশেৎ। একেন গমনং ব্রূয়াৎ দ্বাভ্যাঞ্চ স্থিরতা ভবেৎ। শূন্যেন চিরকালেন। ইতিগন্তব্যলক্ষণম্।

**দূতশ্চলিতো বা ন।**

তিথিশ্চ ত্রিগুণা কার্য্যা পঞ্চযুক্ বারমিশ্রিতা। সপ্তভির্গুণিতা দ্বাভ্যাং ভক্তে শেষে ফলং বদেৎ। একেন চলিতো দূতঃ শূন্যশেষে তু নিশ্চলঃ॥

**অথ দূতক্রিয়ানুমার্গং বর্ত্ততে বা ন।**

প্রশ্নবর্ণাঙ্কমাত্রাঙ্কযোগো দ্বাভ্যাং হৃতোঽগ্নিযুক্। বসুভিশ্চ হরেদ্ভাগং শেষাঙ্কেন ফলং বদেৎ। একেন সংস্থিতস্তত্র দ্বিতীয়ে মার্গমাশ্রিতঃ। তৃতীয়ে চার্দ্ধমার্গেণ চতুর্থে গ্রামসন্নিধৌ। পঞ্চমে পুনরাবৃত্তিঃ ষষ্ঠে ব্যাধিসমাকুলঃ। সপ্তমে চ গৃহে জ্ঞেয়শ্চাষ্টমে চৌর সঙ্কুলঃ।

**দূরস্থস্যাগমননির্ণয়ঃ॥**

প্রভুস্বনাময়োরৈক্যং দ্বিনিঘ্নং তুরগৈর্যুতম্ পুনঃ ত্রিভির্ব্বিভজ্যতে শেষং বসুর্ভিগুণিতং পুনঃ। ত্রিভির্ব্বিভক্তশেষাঙ্কে ফলং ব্রূয়াৎ শুভাশুভম্। একেন চিরকালেন দ্বিতীয়ে বহু-কালতঃ। শূন্যশেষে মহদ্দুঃখং বিনা দ্রব্যেণ মুঞ্চতি।

**দ্রব্যচিন্তা।**

নক্ষত্রং ত্রিগুণং কার্য্যং তিথিশ্চ ত্রিহৃতং ফলম্। স্বল্পঃ সমোঽধিকো জ্ঞেয় একদ্বিত্রিভিঃ শেষকে।

**নষ্টপ্রাপ্তিচিন্তা।**

প্রশ্নাঙ্কৈস্তিথির্গুণ্যা তৎকালঘটিকান্বিতা। দ্বাভ্যাং ভুক্তা ত্বেকশেষে প্রাপ্তির্ন্নাচ্যাঽম্বরে নহি।

**নষ্টদ্রব্যস্য স্থিতিস্থানজ্ঞানম্।**

বস্বক্ষরগুণো যোগঃ ত্রিযুক্তা পঞ্চহৃত্তথা। একেন স্বগৃহে জ্ঞেয়ং দ্বিতীয়ে বহিরেবচ। তৃতীয়ে শয়নাগারে চতুর্থে স্নানসন্নিধৌ। পঞ্চমে চ বিনোদে চ হৃতং তেনৈব বুধ্যতাম্।

**দিগ্‌জ্ঞানম্।**

পূর্ব্বাপরে চ পূর্ব্বস্যাং দক্ষিণোত্তরে চোত্তরাম্, আগ্নিবায়ুদিশোর্ম্মধ্যে মধ্যাস্যাঞ্চৈব নির্দ্দিশেৎ। রুদ্ররাক্ষসয়োর্ম্মধ্যে মধ্যাস্যাঞ্চ বিশেষতঃ। তোয়োত্তরেচ দৃষ্টৌ চ স্থিতামুত্তরগাং বদেৎ। পূর্ব্বোত্তরে বদেচ্চৈব পূর্ব্বস্যাঞ্চবিচারণাম্।

**মিথ্যাসত্যবার্ত্তাজ্ঞানম্।**

বারর্ক্ষযোগযোগঞ্চ তিথিঘ্নো দেবযুক্ত্রিহৃৎ। অষ্টভিস্তু হরেদ্ভাগং শেষাঙ্কে ফলমাদিশেৎ। সপ্তেকেন তথা মিথ্যা দ্বিশেষেঽপি ত্রয়ো যদা। তদাদৌ সত্যতাং যাতি পশ্চান্মিথ্যা ভবোদ্ভবঃ॥

**মৈত্রীচিন্তা।**

তিথিবারর্ক্ষযোগস্তু প্রভোর্নামহৃতস্ত্রিভিঃ। যুক্তঃ স্যাৎ ভাজিতো দ্বাভ্যামেকে মৈত্রী দ্বিকে নহি॥

**জীবনমৃত্যুজ্ঞানম্।**

উদয়াৎ ঘটিকা ত্রিঘ্না তিথিবারেণ সংযুতা। সূর্য্যেণ বিভজেদ্ধীমান্ বিজ্ঞেয়ং মৃত্যুজীবনং। রাম ৩ বাণ ৫ রসা ৬ সিদ্ধি৮ নন্দ৯ রুদ্রশ্চ ১১ জীবনম্। রূপ ১ অক্ষি ২ বেদ ৪ দ্বীপ ৭ দিক্ ১০ সূর্য্যেণ ১২ জীবনং স্মৃতম্।

**বৃষ্টিপ্রশ্নঃ।**

তৎকালঘটিকা দ্বিঘ্না ত্রিহৃতৈকেন সত্বরাৎ। দ্বাভ্যাং কিঞ্চিৎ বিলম্বেন গ্রামদূরেঽতিবৃষ্টিকৃৎ॥

**মিলনং ভাবি ন বা।**

ঘটিভিঃ ত্রিগুণা সৈক্যা সপ্তভিঃ সংযুতং পুনঃ। চতুর্ভির্ভাজিতা তত্র শেষাঙ্কে ফলমাদিশেৎ। একশেষে চ মিলনং দ্বিশেষে গমনান্তরে। ত্রিশেষে দর্শনাভাবঃ সমুদ্রে ৪ ক্লেশকৃদ্ভবেৎ।

**কুত্র কেন প্রকারেণ দর্শনম্।**

তিথিবারর্ক্ষযোগানাং যোগো দ্বাভ্যাং হৃতস্ত্রিভিঃ। যুক্তো দ্বাদশভির্ভাজ্যা শেষেণ ফলমাদিশেৎ। হাস্যযুক্তঃ স্থিতো ভূম্যাং সুস্থাসনযুতো জনঃ। তন্দুলাধূপচারৈশ্চ একশেষে তদা ভবেৎ। ব্যায়ামেন যুতঃ স্বামী স্বল্পমানবসংযুতঃ। উদ্বেগবার্ত্তাশ্রবণং দ্বিশেষে দর্শনং ফলম্। কুপিতঃ স্বাসনস্থোঽপি তাড়নে বুদ্ধিসম্ভবঃ। পশ্চাৎ কার্য্যপ্রসঙ্গেন গমনঞ্চ ত্রিশেষকে। বেদশেষে চ সুপ্তঃ স্যাৎ জলেন করশুদ্ধতা। পঞ্চশেষে সুসুপ্তঃ সন্ উত্থিতো

ভোজনং ততঃ ৬। স্ত্রীভোগং ব্যবহারঞ্চ সপ্তশেষে বিনির্দ্দিশেৎ। অষ্টশেষে যদা দৃষ্টিঃ ধর্ম্মকার্য্যেষু তৎপরঃ। দশমে রাজসম্মানং রুদ্রে ভোজনমেব। চ দ্বাদশে দুঃখিতো জ্ঞেয়ঃ স্ত্রীভোগং কর্ত্তুমিচ্ছতি।

## কার্য্যস্য কালনির্ণয়ঃ।

তিথিবারর্ক্ষ যোগস্তু ত্রিঘ্নঃষড্ভির্যুতস্তথা। অষ্টাভির্ব্বিভজেৎ ভাগং শেষাঙ্কে ফলমাদিশেৎ। একেন পক্ষং দ্বিতয়েন মাসং ঋতুস্ত্রিভিঃ স্যাদয়নং চতুর্ভিঃ। দিবারাত্রি পঞ্চ অপি যাম ষষ্ঠকৈঃ ঘটিকাপলাদ্যানি সপ্তাষ্টকেন। ১ পক্ষ ২ মাস ৩ ঋতু ৪ অয়ন ৫ দিবারাত্রি ৬ মাস৭ ঘটিকা ৮ পলানি।

## প্রকারান্তরম্।

অথানুভূতামবধিং ক্রিয়াং বক্ষ্যে সমাসতঃ। জ্ঞায়তে কার্য্যকালোঽত্র বিজ্ঞাতব্যঃ প্রমাণতঃ। অব্ধি ৪ পঞ্চ ৫ রসা ৬ সপ্ত ৭ নাগ ৮ নন্দ ৯ দিশঃ ১০ শিবঃ ১১। অবর্গাদ্যষ্টকে লেখ্যা গণয়েচ্চক্রতঃ সুধীঃ। প্রশ্নবর্ণাঙ্কমাত্রাঙ্কং বর্গমাত্রাঙ্কমাত্রকম্। প্রশ্নবর্ণাঙ্কমাত্রাঙ্কমেকীকৃত্যাব্ধি ভির্ভজেৎ।

## স্পষ্টমাহ।

প্রশ্নবর্ণস্য স্বরব্যঞ্জনভেদেন ঋণিধনিচক্রবৎ অবর্গাদ্যষ্টকবর্গচক্রতঃ অঙ্কং গৃহীত্বা পুনঃ প্রশ্নবর্ণস্য স্বরব্যঞ্জনভেদেন যৎ তৎসংখ্যাং গৃহীত্বা তদুভয়সংখ্যামেকীকৃত্য চতুর্ভির্হরেৎ শেষেণ দিনপক্ষমাসহায়নাদিকং জ্ঞাতব্যং। যথা একশেষে দিনং প্রোক্তং দ্বিশেষেপক্ষ ঈরিতঃ। শেষত্রয়েণ মাসঃ স্যাৎ শূন্যশেষে তু হায়নং। এবং যথা তথা বাচ্যা বিশেষস্তু বদেদ্বুধঃ। যদা বিশেষো বক্তব্যস্তদা। দিনে দৃষ্টে চ যল্লব্ধং মূলে যোজ্যাঽম্বরাগ্নিভিঃ ৩০। বিভজেদ্দিবসা বাচ্যা শেষতুল্যাত্র সূরিভিঃ। লব্ধং মূলে পুনর্যোজ্যং ষষ্টিভির্ব্বিভজেত্ততঃ। শেষতুল্যাত্র ঘটিকা জ্ঞেয়া সূরি বিচক্ষণৈঃ। শুক্লকৃষ্ণক্রমেণৈব গণয়েৎ গুরুশুক্রতঃ। পক্ষে শরেন্দুভি ১৫ র্ভাগং মাসে দৃষ্টেঽর্কভি ১২ র্ভজেৎ। বর্ষে দৃষ্টে শতৈ ১০০ র্ভাগং শেষং পূর্ব্বোক্তমেব চ। তদা পূর্ব্বোক্ত প্রশ্নীয় মূল সংখ্যায়াং দিনবোধকসংখ্যং সংযোজ্য ত্রিংশতা হরণেন শেষসংখ্যকতুল্যং দিনং বাচ্যং। ষষ্টিভিঃ শেষেণ ঘটিকা বাচ্যা। পক্ষবোধকসংখ্যং সংযোজ্য দ্বাভ্যাং পক্ষো বাচ্যঃ। পঞ্চদশভিস্তিথির্ব্বাচ্যা। মাসস্য সংখ্যাং সংযোজ্য দ্বাদশভির্মাসোবাচ্যঃ। বর্ষস্য শতৈর্ব্বর্ষং বাচ্যং।

কার্য্যস্য সিদ্ধ্যসিদ্ধিবিষয়ে। লব্ধং মূলে পুনর্যোজ্য ভজেচ্চ সপ্তভির্বুধঃ। শেষতুল্যো কার্য্যসিদ্ধির্বিজ্ঞেয়া বাত্র নিশ্চয়ং। দিনজ্ঞাপক শেষলব্ধ মূলযোজিতসপ্তহৃত শেষপাপাপগ্রহবশাৎ সিদ্ধিরসিদ্ধির্জ্ঞাতব্যা। এবং কালস্য বিজ্ঞানং ময়া সম্যক্ প্রকীর্ত্তিতম্। পরীক্ষিতায় শিষ্যায় দেয়ং বৎসরবাসিনে। তেন ন খণ্ডিতা বাচা দেবি সত্যং প্রবর্ত্ততে।

## প্রশ্নসারসংগ্রহঃ।

---

শ্রীগণেশ শ্রীগুরু ও শঙ্করকে নমস্কার করিয়া দৈবজ্ঞদিগের হিতসাধনের নিমিত্ত প্রশ্নসংগ্রহ নামক গ্রন্থ প্রণয়ন করিতেছি। সকল সময় প্রশ্ন করা কর্ত্তব্য নহে। বিশেষত কুটিল ব্যক্তির প্রশ্ন গণনা করা অথবা অপরাহ্নে বা রাত্রি কালে প্রশ্ন গণনা করা অনুচিত। যে ব্যক্তির তাদৃশ বিশ্বাস নাই, তাহার প্রশ্ন গণনা করিয়া যদি অনিষ্ট ফল দৃষ্ট হয়, তাহা হইলে তাহা ব্যক্ত করিবে না।

যে ব্যক্তি ফল বা পুষ্প হস্তে লইয়া দৈবজ্ঞের নিকট প্রশ্ন করিবেন, তাঁহার প্রশ্নই গণনা করিয়া বলিবে, এতদ্ভিন্ন গণনা সত্য হইবে না। প্রথমত প্রশ্নকর্ত্তার চিন্তা পরিজ্ঞাত হইয়া পশ্চাৎ প্রশ্ন বিচার করিবে। চিন্তার লক্ষণ এই যে, যদি প্রশ্নকর্ত্তার দৃষ্টি আকাশে থাকে, তাহা হইলে জীবচিন্তা বিবেচনা করিতে হইবে। প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে ভূমির প্রতি দৃষ্টিপাত করিলে মূলচিন্তা স্থির করিবে। প্রশ্নকালে সমদৃষ্টি হইলে ধাতুচিন্তা নির্ণীত হইবে। প্রশ্নকর্ত্তা মস্তক স্পর্শ করিলে জীবচিন্তা, পাদস্পর্শ করিলে মূলচিন্তা এবং নাভিদেশ স্পর্শ করিলে ধাতুচিন্তা বিবেচনা করিবে। যদি কেহ প্রশ্নকালে মুখ বা ললাটদেশ স্পর্শ করে, তাহা হইলে তাহার জীবচিন্তা স্থির হইবে এবং ঐ জীবচিন্তা শুভফল হইবে। হৃদয়-উদর বা কটিদেশ স্পর্শ করিলে ধাতুচিন্তা স্থির করিবে, পরন্তু উহাতে মধ্যবিধ ফল হইবে। যদি প্রশ্নকর্ত্তা প্রশ্ন কালে গুহ্যদেশ ঊরুদেশ বা পৃষ্ঠভাগ স্পর্শ করে

তাহা হইলে তাহার মূলচিন্তা স্থির হইবে, পরন্ত তাহাতে শুভ ফল দৃষ্ট হইবে না। জানুস্পর্শে জীবচিন্তা, জঙ্ঘাস্পর্শে ধাতুচিন্তা এবং পাদস্পর্শে মূলচিন্তাও নিরূপিত হইয়া থাকে।

যদি প্রশ্নকর্ত্তা পূর্ব্বদিকে থাকিয়া প্রশ্ন করে, তাহা হইলে ধাতুচিন্তা, যদি দক্ষিণ দিক্ হইতে প্রশ্ন করে তাহা হইলে জীবচিন্তা এবং যদি উত্তর দিক্ হইতে প্রশ্ন হয়, তাহা হইলে মূলচিন্তা স্থির করিবে।

### জীব ধাতু ও মূলজ্ঞান।

প্রশ্নবাক্যে যতগুলি অক্ষর আছে, তাহাকে দ্বিগুণ করিয়া তাহাতে এক যোগ করিবে। পরে উহাকে ৩ তিন দ্বারা বিভক্ত করিয়া অবশিষ্ট অঙ্ক দ্বারা ফল স্থির করিবে। যদি এক অবশিষ্ট থাকে তাহা হইলে জীবচিন্তা, যদি দুই অবশিষ্ট থাকে, তাহা হইলে ধাতুচিন্তা এবং যদি শূন্য অবশিষ্ট থাকে তাহা হইলে মূলচিন্তা নিরূপণ করিবে।

### বর্ণ কথন।

প্রশ্নকালে কোন্ তিথি, কত প্রহর বেলা, কোন্ নক্ষত্র, কি বার, এই সমুদায় অঙ্ক একত্র যোগ করিয়া তাহা ৯ নয় দ্বারা বিভক্ত করিবে। যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা বর্ণ নির্ণয় করিবে। ১ এক থাকিলে তাম্র বর্ণ, দুই থাকিলে মুক্তার ন্যায় উজ্জ্বল বর্ণ, তিন থাকিলে শ্বেতমিশ্রিত রক্তবর্ণ, চারি থাকিলে দূর্ব্বাদল সদৃশ শ্যামবর্ণ, পাঁচ থাকিলে সুবর্ণবর্ণ, ছয় থাকিলে মুক্তাসদৃশ শুভ্রবর্ণ, সাত থাকিলে শ্যামবর্ণ, আট থাকিলে ঈষৎ রক্তাক্ত নীলশ্বেতবর্ণ, শূন্য থাকিলে নীলরক্তবর্ণ নিরূপণ করিবে।

### কার্য্যের শুভাশুভ গণনা।

প্রশ্নাক্ষরকে ছয় গুণ করিয়া তাহাতে আট যোগ পূর্ব্বক নয় দ্বারা বিভক্ত করিবে। পরে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে তাহা দ্বারা তাৎকালিক গ্রহ নির্ণয় করিয়া ফল বলিবে। (এক থাকিলে সূর্য্য, দুই থাকিলে, সোম, তিন থাকিলে মঙ্গল, চারি থাকিলে বুধ, পাঁচ থাকিলে বৃহস্পতি, ছয় থাকিলে শুক্র, সাত থাকিলে শনি, আট থাকিলে রাহু, নয় বা শূন্য থাকিলে কেতু।)

তাৎকালিক গ্রহ সূর্য্য হইলে অভিপ্রায় সিদ্ধ হয় না, সোম হইলে সিদ্ধ হয়। যদি তখনকার গ্রহ মঙ্গল হয়, তাহা হইলে মৃত্যু হইবে, যদি বুধ বৃহস্পতি বা শুক্র হন, তাহা হইলে শুভ হয়। শনি রাহু বা কেতু হইলে কার্য্য সিদ্ধ হয় না।

### সময় জ্ঞান।

সূর্য্য তাৎকালিক গ্রহ হইলে এক মাসে, সোম হইলে বিংশতি দিনে, মঙ্গল হইলে চারি মাসে, বুধ হইলে সাত দিনে, বৃহস্পতি হইলে একবিংশতি দিনে, শুক্র হইলে বিংশতি দিনে, শনি রাহু বা কেতু হইলে এক বৎসরে ফল দৃষ্ট হইবে।

### তাৎকালিক গ্রহ দ্বারা ধাত্বাদি নিরূপণ।

পূর্ব্বোক্ত তাৎকালিক গ্রহ দ্বারা ধাতু মূলাদি নিরূপণ হইবে। চন্দ্র, শুক্র বা বৃহস্পতি তাৎকালিক গ্রহ হইলে জীবচিন্তা স্থির করিবে। মঙ্গল, বুধ বা কেতু তাৎকালিক গ্রহ হইলে ধাতুচিন্তা নিরূপিত হইবে। সূর্য্য, রাহু বা কেতু তখনকার গ্রহ হইলে মূলচিন্তা স্থির করিবে।

### গ্রহ দ্বারা বর্ণ কথন।

তাৎকালিক গ্রহ সূর্য্য হইলে রক্তশ্যামবর্ণ, সোম হইলে গৌরবর্ণ, মঙ্গল হইলে রক্তগৌরবর্ণ, বুধ হইলে দূর্ব্বাদল সদৃশ শ্যামবর্ণ, বৃহস্পতি হইলে গৌরবর্ণ, শুক্র হইলে শুক্লবর্ণ, শনি হইলে কৃষ্ণবর্ণ, রাহু ও কেতু হইলে আকাশের ন্যায় বর্ণ নির্ণয় করিবে।

### ধাতুজ্ঞান।

তাৎকালিক গ্রহ শুক্র বা চন্দ্র হইলে রৌপ্য, বুধ হইলে সুবর্ণ, বৃহস্পতি হইলে রত্নযুক্ত সুবর্ণ, সূর্য্য হইলে মৌক্তিক, মঙ্গল হইলে তাম্র, শনি হইলে লৌহ, রাহু হইলে লৌহ, কেতু হইলে মিশ্র ধাতু নির্ণয় করিবে।

### মূল ও পত্র পুষ্পাদি নিরূপণ।

তাৎকালিক গ্রহ চন্দ্র বা শুক্র হইলে গুল্ম ও বল্লী,

বুধ হইলে লতা ও কন্দ, বৃহস্পতি হইলে পত্র, সূর্য্য হইলে ফল, শনি মঙ্গল বা রাহু হইলে মূল, কেতু হইলে পুষ্প নির্দ্দেশ করিবে।

দ্বিপদাদি বিজ্ঞান।

তাৎকালিক গ্রহ বৃহস্পতি বা শুক্র হইলে দ্বিপদ, মঙ্গল বা সূর্য্য হইলে চতুষ্পদ, বুধ বা শনি হইলে পক্ষী, চন্দ্র বা রাহু হইলে সরীসৃপ স্থির করিবে।

দিগ্‌জ্ঞান।

তাৎকালিক গ্রহ চন্দ্র বা সূর্য্য হইলে পূর্ব্ব দিক, বৃহস্পতি বা শুক্র হইলে পশ্চিম দিক্, মঙ্গল বা বুধ হইলে উত্তর দিক্, এবং শনি, রাহু বা কেতু হইলে দক্ষিণ দিক্ স্থির হইবে।

বর্ণ দ্বারা চিন্তা জ্ঞান।

প্রশ্নের আদ্যবর্ণ অবর্গ হইলে আত্মচিন্তা, কবর্গ হইলে পরচিন্তা ও অপদ জীবচিন্তা, চবর্গ হইলে পরচিন্তা, ও বহুপদ জীব চিন্তা, টবর্গ হইলে চতুষ্পদ জীবচিন্তা, তবর্গে পাদহীন জীবচিন্তা, পবর্গে পাদসঙ্কুল জীবচিন্তা, যবর্গে চতুষ্পদ জীব চিন্তা এবং শবর্গে দ্বিপদ জীবচিন্তা স্থির করিবে।

প্রশ্নের আদ্যবর্ণ অবর্গ হইলে দেবচিন্তা, কবর্গে মনুষ্যচিন্তা, চবর্গে পক্ষিচিন্তা, টবর্গেও পক্ষিচিন্তা, তবর্গে মনুষ্যচিন্তা, পবর্গে ঐ মনুষ্যচিন্তা, যবর্গে অসুরচিন্তা, শবর্গেও মনুষ্যচিন্তা স্থির করিবে।

অবর্গে ব্রাহ্মণ চিন্তা, কবর্গে ক্ষত্রিয় চিন্তা, চবর্গে বৈশ্য চিন্তা, পবর্গেও বৈশ্য চিন্তা, যবর্গে শূদ্র চিন্তা এবং শবর্গে বৈশ্য চিন্তা স্থির করিবে।

অবর্গে স্ত্রী চিন্তা, কবর্গে পুরুষ শ্রেষ্ঠ চিন্তা, যবর্গে নপুংসক চিন্তা, এবং তবর্গেও ঐ নপুংসক চিন্তা স্থির করিবে।

---

বর্ষফল।

এই বৎসর সুখ বা ক্লেশাদি কি হইবে, এইরূপ প্রশ্ন হইলে যেরূপে প্রশ্নফল গণনা করিতে হয়, তাহা প্রদর্শিত হইতেছে।

প্রশ্ন সময়ের তিথি, বার, নক্ষত্র, যোগ এবং প্রভবাদি বৎসর, * এতৎসমুদায় যোগ করিয়া তাহাতে প্রশ্নাক্ষর ও প্রশ্নকর্ত্তার নামাক্ষর যোগ করিবে। পরে তাহাকে তিন দ্বারা ভাগ করিয়া যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে ক্লেশ হইবে, দুই থাকিলে সুখ দুঃখ সমান হইবে, তিন বা শূন্য থাকিলে সুখ হইবে, স্থির করিবে।

রাজকৃপা চিন্তা।

প্রশ্নাক্ষর-সঙ্খ্যাকে তিন দ্বারা গুণ করিবে। পরে প্রশ্ন সময়ে যত দণ্ড বেলা হইয়াছে, তাহা উহাতে যোগ করিয়া তিন দ্বারা বিভক্ত করিবে। যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে অল্প সম্মান লাভ হইবে, দুই থাকিলে অধিক সম্মান হইবে, তিন থাকিলে মানহানি হইবে।

স্বরাজ্য প্রাপ্তিচিন্তা।

প্রশ্নকর্ত্তার নামের অক্ষর গুলি তিন গুণ করিয়া তাহাতে কোন বস্তুর নামের অক্ষর ও প্রশ্নাক্ষর এবং এক যোগ করিবে। পরে উহাকে দুই দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে রাজ্য প্রাপ্তি হইবে, দুই বা শূন্য থাকিলে প্রাপ্তি হইবে না।

রোগীর রোগাদিবিষয়ক প্রশ্ন।

প্রশ্নকালে যে তিথি হইবে, যত দণ্ড বেলা হইবে, এই উভয়ের যোগ করিয়া দুই দ্বারা গুণ করিবে। পরে তাহাতে চারি যোগ করিয়া তিন দ্বারা বিভাগ করিবে। ভাগশেষ যদি এক থাকে তাহা হইলে শীঘ্র রোগশান্তি হইবে, দুই থাকিলে, পীড়ায় সাতিশয় কষ্ট পাইবে, তিন বা শূন্য থাকিলে মৃত্যু হইবে। †

---

* বর্ণস্বরোদয়ে প্রভবাদি ৬০ বৎসর নিরূপিত হইয়াছে।

† এস্থলে কেহ কেহ এরূপ অর্থ করেন, যে প্রশ্ন কালের তিথি ও দণ্ড যোগ করিয়া তাহাতে দ্বিগুণিত বেদ যোগ করিবে, পরে তিন দ্বারা বিভাগ করিয়া যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে ক্লেশাভাব, দুই থাকিলে শিরোরোগ, শূন্য থাকিলে মৃত্যু হইবে।

### দ্রব্যপ্রাপ্তি প্রশ্ন।

প্রশ্নদণ্ডকে তিন গুণ করিয়া তাহাতে প্রশ্নবর্ণ ও পাঁচ যোগ করিবে। পরে তাহাকে চারি দ্বারা বিভাগ করিয়া যদি ভাগশেষ এক বা তিন থাকে তাহা হইলে দ্রব্যপ্রাপ্তি হইবে, যদি দুই বা শূন্য থাকে তাহা হইলে প্রাপ্ত হওয়া যাইবে না।

অমুকের অমুকদ্রব্য পাওয়া যাইবে কি না? এইরূপ প্রশ্ন হইলে যাহার দ্রব্য প্রাপ্তিবিষয়ক প্রশ্ন হইবে, তাহার নামাক্ষর তিন গুণ করিয়া তাহাতে নিজ নামাক্ষর সঙ্খ্যা যোগ করিবে। পরে ঐ অঙ্ক তিন দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে দ্রব্য প্রাপ্তি হইবে, দুই থাকিলে প্রাপ্ত হওয়া যাইবে না, তিন বা শূন্য থাকিলে বহুকাল পরে প্রাপ্ত হওয়া যাইবে।

### সন্ধি প্রশ্ন।

প্রশ্নদণ্ডের সহিত প্রশ্ন কালের তিথির যোগ করিয়া তিন দ্বারা বিভাগ করিবে। যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে সন্ধি হইবে, দুই থাকিলে বহুযত্নে সন্ধি হইবে, শূন্য থাকিলে সন্ধি হইবে না।

### সন্তানচিন্তা।

প্রশ্নতিথিকে চারি গুণ করিয়া তাহাতে এক যোগ করিবে। পরে তাহাতে বার ও যোগ মিশ্রিত করিয়া দুই দ্বারা ভাগ দিয়া যাহা ভাগফল লাভ হইবে, তাহাকে তিন গুণ করিয়া চারি দ্বারা ভাগ দিতে হইবে। যদি এক অবশিষ্ট থাকে তাহা হইলে বিলম্বে সন্তান হইবে, দুই শেষ থাকিলে সন্তান হইবে না, যদি তিন বা শূন্য শেষ থাকে তাহা হইলে অবিলম্বে সন্তান হইবে, গণনা করিয়া বলিয়া দিবে। *

†এস্থলে চতুর্গুণা তিথিশ্চৈব মিশ্রিতা বারযোগকৈঃ। এরূপ পাঠ ধরিয়া কেহ কেহ এইরূপ অর্থ করেন যে, প্রশ্ন সময়ের তিথিকে চারি গুণ করিয়া তাহাতে বার ও যোগ মিশ্রিত করিবে। পরে উহাকে দুই দ্বারা বিভক্ত করিয়া ভাগফলকে তিন গুণ করিয়া চারি দ্বারা বিভক্ত করিবে। ভাগশেষ এক থাকিলে বিলম্বে, তিন বা চারি থাকিলে শীঘ্র সন্তান হইবে। দুই থাকিলে সন্তান হইবে না।

### গর্ভ পরীক্ষা।

ইহার গর্ভ হইয়াছে কি না, এরূপ প্রশ্ন হইলে প্রশ্নবারকে তিন গুণ করিয়া তাহাতে প্রশ্নকালীনতিথি যোগ করিবে। পরে তাহাকে দুই দ্বারা বিভাগ করিয়া যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে গর্ভবতী হইয়াছে, যদি শূন্য থাকে তাহা হইলে গর্ভ হয় নাই, স্থির করিবে।

### অন্যপ্রকার গর্ভ প্রশ্ন।

প্রশ্নের বর্ণাঙ্কের সহিত মাত্রাঙ্কের গুণ করিবে। পরে তাহাকে সাত দিয়া ভাগ করিলে যদি ভাগশেষ ১।৩।৫।০ অবশিষ্ট থাকে তাহা হইলে গর্ভ হইয়াছে। যদি ২।৪।৬ ভাগশেষ থাকে তাহা হইলে গর্ভ হয় নাই, বলিবে।

### পুত্রকন্যাবিষক প্রশ্ন।

প্রশ্নবর্ণাঙ্ক, প্রশ্নমাত্রাঙ্ক, তিথি, বার, নক্ষত্র, এই সমুদায়ের যোগ করিয়া সাত দ্বারা বিভাগ করিবে। যদি ভাগশেষ ১।৩।৫।৭ থাকে তাহা হইলে পুত্রসন্তান হইবে। যদি অবশিষ্ট ২।৪।৬ থাকে, তাহা হইলে কন্যাসন্তান জন্মিবে, বলিয়া দিবে।

### অন্য প্রকার সন্তানপরীক্ষা।

তিথি, বার, নক্ষত্র, যোগ, গর্ভিণীর নামাক্ষর এবং তিন এতৎসমুদায় সমষ্টি করিয়া যে অঙ্ক হইবে, তাহাকে তিন দ্বারা বিভাগ করিতে হইবে। যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে পুত্র হইবে, দুই থাকিলে কন্যা হইবে, তিন বা শূন্য থাকিলে গর্ভপাত হইবে।

### জারজ পরীক্ষা।

এইটী আমার সন্তান বা অন্যের সন্তান? এইরূপ প্রশ্ন হইলে যোগকে পাঁচ গুণ করিয়া তাহাতে চৌদ্দ যোগ করিবে। পরে উহা তিন দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে আত্মজ অর্থাৎ আপনার সন্তান, দুই থাকিলে অন্যজ অর্থাৎ অন্য পুরুষ কর্ত্তৃক উৎপাদিত হইয়াছে, তিন বা শূন্য থাকিলে উভয়ের বীর্য্যযোগে জন্ম হইয়াছে, সিদ্ধান্ত করিবে।

দুর্গপ্রাপ্তি প্রশ্ন।

প্রশ্নবারকে তিন দ্বারা গুণ করিয়া তাহাতে দুই যোগ করিয়া তিন দ্বারা বিভক্ত করিবে। যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে দুর্গপ্রাপ্তি হইবে, দুই থাকিলে সন্ধি হইবে, তিন বা শূন্য থাকিলে দুর্গ লাভ হইয়া উঠিবে না।

পররাজ্য আক্রমণের প্রশ্ন।

যত দণ্ডের সময় প্রশ্ন হইবে, তাহাকে পাঁচ দ্বারা গুণ করিয়া তাহাতে প্রশ্নবার প্রশ্ননক্ষত্র ও ১৭ যোগ করিবে। পরে ঐ অঙ্কপিণ্ডকে দুই দ্বারা বিভাগ করিয়া যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে যুদ্ধযাত্রা করিতে পরামর্শ দিবে, শূন্য থাকিলে যুদ্ধযাত্রায় নিষেধ করিবে। কারণ তাহাতে গমন করিলে আর ফিরিয়া আসিতে পারিবে না।

বিপক্ষাগমন পরীক্ষা।

অমুক দেশে শত্রু আসিবে কি না? এইরূপ প্রশ্ন হইলে, দেশের নামাক্ষর, এবং প্রশ্ন নক্ষত্র যোগ করিয়া তাহা হইতে এক হীন করিবে। পরে ঐ অঙ্ককে তিন দ্বারা বিভক্ত করিয়া যদি এক অবশিষ্ট থাকে তাহা হইলে বিপক্ষ সৈন্য যুদ্ধ করিয়া দেশ অধিকার করিবে, যদি দুই অবশিষ্ট থাকে, তাহা হইলে বিপক্ষসৈন্যগণ পলায়ন করিবে ও দেশ মুক্ত হইবে। যদি শূন্য বা তিন অবশিষ্ট থাকে, তাহা হইলে উভয় সৈন্যের তুমুল সংগ্রাম হইবে, এবং প্রজাগণ মহাকষ্টে পতিত হইবে।

জয়পরাজয় পরীক্ষা।

উভয়ের যুদ্ধ উপস্থিত হইলে কোন্ পক্ষের জয় হইবে? এরূপ প্রশ্ন হইলে দুই জনের নাম দুই স্থানে রাখিয়া তিন গুণ করিবে। পরে উভয় ত্রিগুণিত নামে প্রশ্নদণ্ড ও তিন দণ্ড যোগ করিবা যে দুইটী অঙ্ক হইবে, তাহা তিন দ্বারা বিভক্ত করিবে। যাঁহার ভাগশেষ অধিক হইবে, তিনিই জয়লাভ করিবেন।

গমন পরীক্ষা।

কোন ব্যক্তি গমন করিবে কি না? এরূপ প্রশ্ন হইলে, তিথি, বার, নক্ষত্র যোগ এবং তিন, এতৎসমুদায়ের যোগ করিয়া তাহাকে দ্বিগুণ করিবে। পরে তাহাকে তিন দ্বারা বিভক্ত করিয়া যাহা ভাগশেষ থাকিবে, তাহা দ্বারা ফল বলিবে। ভাগশেষ এক থাকিলে গমন করিবে, দুই থাকিলে গমন করিবে না, শূন্য থাকিলে অনেক বিলম্বে গমন করিবে।

দূতগমন পরীক্ষা।

দূত গমন করিল কি না? এরূপ প্রশ্ন হইলে তিথিকে তিন গুণ করিয়া তাহাতে পাঁচ ও বার যোগ করিবে। পরে তাহাকে পুনর্ব্বার সপ্তগুণ করিয়া দুই দ্বারা বিভাগ করিবে। যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে দূত যাত্রা করিয়াছে, দুই থাকিলে স্থির হইয়া আছে।

দূতকার্য্য পরীক্ষা।

প্রশ্নবর্ণাঙ্ক ও প্রশ্নমাত্রাঙ্ক যোগ করিয়া দুই দ্বারা বিভক্ত করিয়া তাহাতে তিন যোগ করিবে। পরে তাহা আট দ্বারা ভাগ করিয়া যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে দূত সেই স্থানেই আছে; যদি দুই থাকে তাহা হইলে দূত আসিবার জন্য যাত্রা করিয়াছে, যদি তিন থাকে তাহা হইলে অর্দ্ধপথে আসিয়াছে, যদি চারি থাকে তাহা হইলে গ্রামের নিকটে আসিয়াছে, যদি পাঁচ থাকে তাহা হইলে কোন কারণবশত ফিরিয়া আসিতেছে, যদি ছয় থাকে তাহা হইলে দূতের পীড়া হইয়াছে, যদি সাত থাকে তাহা হইলে দূত গৃহে আছে, যদি শূন্য থাকে তাহা হইলে দূত দস্যু হস্তে পতিত হইয়াছে, নির্ণয় করিবে।

দূরস্থিত ব্যক্তির আগমন পরীক্ষা।

প্রশ্নকর্ত্তার নাম ও দূরস্থিত ব্যক্তির নাম উভয়ের বর্ণসঙ্খ্যা যোগ করিয়া তাহাকে দ্বিগুণ করিবে। পরে তাহাতে সাত যোগ করিয়া তিন দ্বারা বিভাগ করিবে। ভাগশেষ যাহা থাকিবে তাহাকে আটগুণ করিয়া পুনর্ব্বার তিন দ্বারা ভাগ করিবে। যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে অতি শীঘ্র আগমন করিবে, যদি দুই থাকে তাহা হইলে বহুবিলম্বে আসিবে, যদি তিন বা শূন্য থাকে তাহা হইলে মহাকষ্টে পড়িয়াছে, কিছু টাকা না হইলে

আসিতে পারিবে না, এইরূপগণনাপূর্ব্বক স্থির করিয়া দিবে।

দ্রব্যচিন্তা।

প্রশ্ন নক্ষত্রকে তিন গুণ করিয়া তাহাতে প্রশ্নতিথি যোগ করিবে। পরে তাহাকে তিন দ্বারা বিভাগ করিয়া যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে অল্প টাকা, দুই থাকিলে নিতান্ত কম নহে, নিতান্ত অধিকও নহে, শূন্য থাকিলে অধিক টাকা আবশ্যক স্থির করিয়া দিবে।

নষ্টদ্রব্য চিন্তা।

প্রশ্নাক্ষর সঙ্খ্যা দ্বারা প্রশ্নতিথি সংখ্যাকে গুণ করিয়া তাহার সহিত প্রশ্নদণ্ড যোগ করিবে। পরে তাহাকে দুই দ্বারা ভাগ করিয়া ভাগশেষ যদি এক থাকে, তাহা হইলে নষ্টদ্রব্য প্রাপ্ত হওয়া যাইবে, যদি শূন্য থাকে, তাহা হইলে পাওয়া য়াইবে না, বলিয়া দিবে।

নষ্টদ্রব্যের স্থিতিস্থান নিরূপণ।

গণক, জিজ্ঞাসু ব্যক্তিকে কোন বস্তুর নাম গ্রহণ করিতে বলিবেন। ঐ বস্তুর নামে যে কএকটি অক্ষর থাকিবে, তাহাদের পরস্পর গুণ করিয়া যে একটী যোগাঙ্ক হইবে, তাহাতে তিন যোগ করিয়া পাঁচ দ্বারা ভাগ দিবে। যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে সেই বস্তু স্ব-গৃহেই আছে, দুই থাকিলে গৃহে নাই স্থানান্তরে আছে, তিন থাকিলে শয়নাগারে আছে, চারি থাকিলে বাটীর নিকটেই আছে, পাঁচ থাকিলে আমোদপ্রমোদ স্থানে কোন প্রমোদসহায় ব্যক্তি কর্ত্তৃক হৃত হইয়াছে, বিবেচনা করিবে।

উদাহরণ যথা, গোলাপ ফুলের নাম গ্রহণ করিলে গ ৩ ও ১৩ ল ৩ আ ২ প ১ ইহাদের পরস্পর গুণ করিয়া ২৩৪ ইহাকে ৫ দ্বারা ভাগ দিয়া ভাগশেষ ৪ থাকে। এস্থলে গণক এইরূপ উত্তর করিবেন যে, নষ্টদ্রব্য বাটীর নিকটেই আছে, অনুসন্ধান কর।

নষ্টদ্রব্য কোন্ দিকে আছে তাহা নিরূপণ।

যদি প্রশ্নকর্ত্তা পূর্ব্ব দিকে ও পশ্চিম দিকে দৃষ্টিপাত করেন, তাহা হইলে নষ্টদ্রব্য পূর্ব্বদিকে আছে, বলিবে। যদি প্রশ্নকর্ত্তা দক্ষিণ দিকে ও উত্তর দিকে দৃষ্টি করেন, তাহা হইলে ঐ নষ্টদ্রব্য উত্তর দিকে আছে, স্থির করিবে। যদি প্রশ্নকর্ত্তা অগ্নিকোণের ও বায়ুকোণের মধ্যে দৃষ্টি-পাত করেন, তাহা হইলে নষ্ট ঐ মধ্যস্থলে আছে, বলিবে। প্রশ্নকালে যদি ঈশান কোণে ও নৈঋ‌র্ত কোণের মধ্যে দৃষ্টিপাত করে, তাহা হইলে নষ্টবস্তু ঐ ঈশান কোণ ও নৈঋ‌র্ত কোণের মধ্যে আছে, বলিয়া দিবে। যদি প্রশ্নকর্ত্তা পশ্চিম ও উত্তর দিকে দৃষ্টিপাত করে, তাহা হইলে, নষ্টদ্রব্য উত্তর দিকে আছে, বলিবে। যদি প্রশ্নকর্ত্তা পূর্ব্ব দিকে উত্তর দিকে দৃষ্টি নিক্ষেপ করে, তাহা হইলে গণক বলিয়া দিবে যে, নষ্টবস্তু পূর্ব্ব দিকে আছে।

এই বার্ত্তা সত্য বা মিথ্যা জানিবার উপায়।

প্রশ্নকালীন বার নক্ষত্র যোগ এই সমুদায় একত্র করিয়া তাহাকে তাৎকালিক তিথি দ্বারা গুণ করিবে। পরে তাহাতে ৩৩ যোগ করিয়া যে অঙ্ক হইবে, তাহাকে তিন দ্বারা বিভক্ত করিবে। ঐ ভাগ দ্বারা যে অঙ্ক লব্ধ হইবে, তাহাকে আট দ্বারা বিভক্ত করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা ফল বলিয়া দিবে। যদি ৭।১।২ সাত এক বা দুই অবশিষ্ট থাকে তাহা হইলে সেই সংবাদ বা জনরব মিথ্যা বিবেচনা করিবে। যদি তিন অবশেষ থাকে, তাহা হইলে সেই সংবাদ প্রথম সত্য হইয়া পশ্চাৎ মিথ্যা হইবে। গণক স্বীয় যুক্তি দ্বারা বলিয়া দিবেন যে, যদি ৪।৫।৬।০ অবশিষ্ট থাকে, তাহা হইলে প্রবাদ সত্য হইবে, বলিয়া দিবে।

মিত্রতা হইবে কি না জানিবার উপায়।

প্রশ্নকালীন তিথি বার নক্ষত্র যোগ এই সমুদায়ের যোগ করিয়া যে অঙ্ক হইবে, তাহাকে প্রভুর নামাক্ষর সঙ্খ্যা দ্বারা বিভক্ত করিবে। পরে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাতে তিন যোগ করিবে। পরে তাহা দুই দ্বারা বিভক্ত করিবে। যদি ভাগশেষ এক থাকে তাহা হইলে মিত্রতা হইবে, দুই বা শূন্য থাকিলে মিত্রতা হইবে না।

জীবনমৃত্যুগণনা।

সূর্য্যোদয় অবধি যত দণ্ড বেলা হইয়াছে, তাহাকে তিন দ্বারা গুণ করিবে। পরে তাহার সহিত তিথি ও

বার যোগ করিতে হইবে। তৎপরে ঐ অঙ্ককে বারো দ্বারা বিভক্ত করিয়া জীবন মরণ অবগত হইতে পারিবে। যদি ৩।৫।৬।৮।৯।১১ অবশিষ্ট থাকে, তাহা হইলে বাঁচিবে। যদি ১।২।৪।৭।১০।১২ অবশিষ্ট থাকে, তাহা হইলে বাঁচিবে না, বলিয়া দিবে।

বৃষ্টিবিষয়ক প্রশ্ন।

বৃষ্টি হইবে কি না? এরূপ প্রশ্ন হইলে সেই প্রশ্ন-কালে যত দণ্ড বেলা হইয়াছে, তাহাকে দ্বিগুণ করিয়া তিন দ্বারা বিভাগ করিবে। যদি এক অবশিষ্ট থাকে তাহা হইলে শীঘ্র বৃষ্টি হইবে। যদি দুই অবশিষ্ট থাকে, তাহা হইলে কিঞ্চিৎ বিলম্বে বৃষ্টি হইবে এবং গ্রাম হইতে দূরে অতি বৃষ্টি হইবে। এই স্থলে গণক নিজ বুদ্ধি বলে অনুভব করিয়া লইবেন যে যদি শূন্য, বা তিন অবশিষ্ট থাকে তাহা হইলে বৃষ্টি হইবে না।

মিলন বিষয়ক প্রশ্ন।

প্রশ্নকালে যত দণ্ড বেলা হইয়াছে, তাহাকে তিন গুণ করিয়া তাহাতে এক যোগ করিবে। পরে উহার সহিত পুনর্ব্বার সাত যোগ করিবে। পরে ঐ অঙ্ককে চারি দ্বারা ভাগ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা ফল বলিয়া দিবে। যদি এক শেষ থাকে তাহা হইলে মিলন হইবে। যদি দুই শেষ থাকে, তাহা হইলে যাত্রান্তরে মিলন হইবে। যদি তিন শেষ থাকে, তাহা হইলে দেখা হইবে না। যদি শূন্য বা চারি অবশিষ্ট থাকে, তাহা হইলে ক্লেশজনক হইবে।

কোন্ স্থানে কিরূপে দর্শন হইবে, জানিবার উপায়।

প্রশ্নকালীন তিথিবার নক্ষত্র যোগ এ সমুদায় একত্র করিয়া দুই দ্বারা ভাগ দিয়া যাহা লব্ধ হইবে, তাহাতে তিন যোগ করিবে। পরে ঐ অঙ্ককে বারো দ্বারা বিভাগ করিয়া ভাগাবশেষ দ্বারা ফল বলিয়া দিতে হইবে।

যদি এক অবশিষ্ট থাকে তাহা হইলে প্রভু ভুমির উপর দাঁড়াইয়া হাসিতেছেন। অথবা তিনি শুভ আসনে সমাসীন হইয়া এক এক বার গুঁড়িতে হাত বুলাইতেছেন। আতর গোলাপ প্রভৃতি গন্ধ দ্রব্য ও অন্যান্য উপচার ভোগ করিতেছেন। যদি দুই অবশিষ্ট থাকে। তাহা হইলে প্রভু অল্প সঙ্খ্য অনুচরবর্গের সহিত মিলিত হইয়া ব্যায়ামকার্য্যে নিযুক্ত আছেন। এ সময় উদ্বেগ-জনক বার্ত্তা শ্রবণ হইবে। যদি তিন অবশিষ্ট থাকে, তাহা হইলে, স্বামী নিজ আসনে উপবিষ্ট থাকিয়াও কুপিত আছেন এবং তাঁহার মনের ভাব এরূপ হইয়াছে যে, কাহাকে প্রহার করেন। পশ্চাৎ তিনি কার্য্য প্রসঙ্গে স্থানান্তরে গমন করিবেন। যদি চারি অবশিষ্ট থাকে, তাহা হইলে শয়ন করিয়াছিলেন, এক্ষণে উত্থিত হইয়া হস্ত মুখ ধৌত করিতেছেন। যদি পাঁচ অবশিষ্ট থাকে, তাহা হইলে এক্ষণে উত্তম নিদ্রিত আছেন, পশ্চাৎ উঠিয়া ভোজন করিবেন। যদি সাত অবশিষ্ট থাকে, তাহা হইলে এক্ষণে স্ত্রীসম্ভোগ করিতেছেন, পশ্চাৎ অন্যান্য ব্যবহার করিবেন। যদি আট শেষ থাকে, তাহা হইলে ধর্ম্ম কর্ম্মে তৎপর আছেন। যদি নয় অবশিষ্ট থাকে, তাহা হইলে ঐ ধর্ম্ম কর্ম্ম করিতেছেন। যদি দশ অবশিষ্ট থাকে, তাহা হইলে প্রভু রাজসম্মান ভোগ করিতেছেন। যদি এগার অবশিষ্ট থাকে, তাহা হইলে প্রভু ভোজন করিতেছেন। যদি শূন্য বা দ্বাদশ শেষ থাকে, তাহা হইলে প্রভু কিছু দুঃখিত হৃদয়ে আছেন, তিনি স্ত্রীসম্ভোগ করিতে ইচ্ছা করিতেছেন।

কার্য্য নির্ব্বাহের কাল নিরূপণ।

প্রশ্নসময়ে তিথি বার নক্ষত্র যোগ, এ সমুদায় একত্র করিবে। পরে তাহাকে তিন দিয়া গুণ করিয়া পরে তাহাতে ছয় যোগ করিতে হইবে। ঐ অঙ্ককে আট দ্বারা বিভক্ত করিয়া ভাগশেষ দ্বারা ফল নির্দ্দেশ পূর্ব্বক বলিয়া দিবে।

যদি এক শেষ থাকে, তাহা হইলে এক পক্ষ পরে, দুই শেষ থাকিলে এক মাস পরে, তিন অবশিষ্ট থাকিলে, দুই মাস পরে, চারি অবশিষ্ট থাকিলে ছয় মাস পরে, পাঁচ অবশেষ থাকিলে এক দিবারাত্রি পরে, ছয় অবশেষ থাকিলে, এক প্রহর পরে, সাত অবশেষ থাকিলে, এক ঘটিকা পরে, আট অবশিষ্ট থাকিলে, কএক পল পরে কার্য্য সম্পন্ন হইবে।

ইতি শ্রীরসিক মোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষে প্রশ্নসার সংগ্রহ সমাপ্ত।

# পারিজাত পঞ্চপক্ষী।

——**——

শ্রীশ্রীকার্ত্তিকোক্ত পঞ্চ পক্ষির বিশদার্থ।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| শ্যেন | পিঙ্গল | কাক | কুক্কুট | ময়ুর |
| অ, ক, ছ, ড, ধ, ভ, ব,<br>রবি মঙ্গল। মেষ,<br>সিংহ বৃশ্চিক।<br>নন্দা ১। ১৬প্রতিপদ ৬। ২১ ষষ্ঠী ১১।২৬ একাদশী<br>১ অশ্বিনী ২ ভরণী ৩ কৃত্তিকা ৪ রোহিণী ৫ মৃগশিরা। | ই, খ, জ, ঢ, ন,ম, শ,<br>সোম বুধ,<br>কন্যা মিথুন কর্কট,<br>ভদ্রা ২।১৭। দ্বিতীয়া ৭। ২২ সপ্তমী ১২।২৭ দ্বাদশী।<br>৬ আর্দ্রা ৭ পুনর্ব্বসু ৮ পুষ্যা ৯ অশ্লেষা ১০ মঘা ১১ পূর্ব্ব ফল্গুণী। | উ, গ, ঝ, ত, প, য, ষ,<br>বৃহস্পতি।<br>ধনুঃ মীন।<br>জয়া (৩।১৩তৃতীয়া ৮।২৩ অষ্টমী ১৩। ২৮ ত্রয়োদশী।)<br>১২ উত্তর ফল্গুণী ১৩ হস্তা ৪ চিত্রা ১৫ স্বাতি ১৬ বিশাখা ১৭ অনুরাধা। | এ, ঘ, ঠ, থ, ফ, র, স,<br>শুক্র।<br>তুলা বৃষ।<br>রিক্তা(৪।১৯ চতুর্থী ৯।২৪ নবমী ১৪।২৯ চতুর্দ্দশী)।<br>১৮ জ্যেষ্ঠা ১৯ মূলা ২০ পূর্ব্বাষাঢ়া২১ উত্তরাষাঢ়া ২২ শ্রবণা। | ও, চ, ট, দ, ব, ল, হ,<br>শনি<br>মকর ও কুম্ভ।<br>পূর্ণা ৫। ১৫ পঞ্চম ১০। ২৫ দশমী ১৫ পৌর্ণমাসী অমাবস্যা।<br>২৩ ধনিষ্ঠা ২৪ শতভিষা ২৫ পূর্ব্বভাদ্রপদ ২৬ উত্তরভাদ্রপদ২৭রেবতী। |
| শ্বেত, ব্রাহ্মণ, খড়্গ | পীত, বৈশ্য, চাপ, | অরুণ, শূদ্র, ছুরিকা | শ্যাম, চণ্ডাল, কুন্ত | নীল অন্ত্যজ গদা |
| মস্তক,পুরুষ,ভবিষ্যৎকাল, | বাহু,স্ত্রী. বর্ত্তমানকাল, | বক্ষঃ, পুরুষ, ভবিষ্যৎকাল | কুক্ষি, স্ত্রী, বর্ত্তমানকাল | অধঃ নপুংসক ভূতকাল |
| দ্বিপদ, পুত্রচিন্তা, মূলতরু | চতুষ্পদ, লাভচিন্তা, | দ্বিপদ, সৌখ্যচিন্তা | শৃঙ্গী, গমনাগমন | পক্ষী জ্ঞানচিন্তা |
| দিন ও মুহূর্ত্ত, পূর্ব্ব | মূলতরু, পক্ষ, দক্ষিণ | জীবধাতু মাস, পশ্চিম | জীবমূল অয়ন উত্তর | জীবজীব অব্দ মধ্য |
| কাক অপেক্ষা দুর্ব্বল | কুক্কুট অপেক্ষা দুর্ব্বল | সর্ব্বাপেক্ষা বলবান্ | শ্যেন অপেক্ষা দুর্ব্বল | সকল অপেক্ষা দুর্ব্বল |

# অথ পঞ্চপক্ষী।

—※※—

ও নমঃ শিবায়।

ঋষয় উচুঃ ॥—সূতং সুখসমাসীনং লোকানাং হিতকাম্যয়া।
পপ্রচ্ছু র্মুনয়ঃ সর্ব্বে কুতূহলসমন্বিতাঃ ॥
ভূতভাব্যর্থবিজ্ঞানং কেনোপায়েন লভ্যতে।
তমুপায়ং বদ শ্রীমন্ সংক্ষিপ্তঞ্চ মহার্থকম্ ॥

ঋষিগণ কহিতেছেন। একদা লোমহর্ষণ সুখে উপবিষ্ট আছেন, এমত সময় মহর্ষিগণ কৌতূহলাক্রান্ত হইয়া লোকের হিতসাধনের উদ্দেশে তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, শ্রীমন্! যে উপায় দ্বারা লোকদিগের ভূত এবং ভবিষ্যদ্বিষয়ক জ্ঞান লাভ হয়, যাহা সকলের অতিশয় প্রয়োজনীয়, সেই উপায় সংক্ষেপে ব্যক্ত করুন।

শ্রীসূত উবাচ ॥—শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে প্রশ্নশাস্ত্রমনুত্তমম্।
ভূতভাব্যর্থবিজ্ঞানং স্কন্দপ্রোক্তং মহার্থকম্ ॥
পার্ব্বতীশিববাক্ত্রাভ্যাং স্কন্দঃ শ্রুত্বা মহামনাঃ।
প্রশ্নশাস্ত্রমগস্ত্যায় প্রোবাচেদং মহার্থকম্ ॥৪॥

সূত কহিলেন। মুনিগণ! কার্ত্তিকেয় কথিত অতিশয় প্রয়োজনীয় সর্ব্বশ্রেষ্ঠ ভূত ও ভাবী বিষয়বোধক প্রশ্নশাস্ত্র বলিতেছি, শ্রবণ কর। পূর্ব্বে মহামনা কার্ত্তিকেয় অতিপ্রয়োজনীয় এই প্রশ্ন শাস্ত্র পার্ব্বতী এবং মহাদেবের বদনপঙ্কজ হইতে শ্রবণ করিয়া অগস্ত্য ঋষিকে কহিয়াছিলেন।

অগস্ত্য উবাচ ॥—পার্ব্বতীনন্দন শ্রীমন্ সর্ব্বলোকহিতে রত।
অতীতবর্ত্তমানেঽস্মিন্ জ্ঞানশাস্ত্রং বদস্বমে ॥ ৫ ॥

অগস্ত্য বলিলেন। পার্ব্বতীনন্দন! আপনি শ্রীমান্। আপনি সর্ব্বলোকের হিত সাধনে নিরত আছেন। আপনি এক্ষণে অতীত কালে যে জ্ঞান শাস্ত্র প্রচলিত ছিল এবং বর্ত্তমান কালে যে জ্ঞান শাস্ত্র প্রচলিত আছে, তাহা আমার নিকট ব্যক্ত করুন।

সুব্রহ্মণ্য উবাচ ॥—পিতরং ভ্রাতরং নত্বা গণেশং লোকপূজিতম্।
বক্ষ্যে স্বরাশ্রিতং শাস্ত্রং পঞ্চপক্ষিনিদর্শনম্ ॥ ৬ ॥
ভেরণ্ডক-চকোরাখ্য-কাক-কুক্কুট-কোকিলাঃ।
শ্বেত-পীতারুণ-শ্যাম-নীলাঃ স্যুঃ পঞ্চ পক্ষিণঃ ॥ ৭ ॥

কার্ত্তিকেয় কহিলেন। আমি পিতা এবং লোকপূজিত ভ্রাতা গণেশকে প্রণাম করিয়া পঞ্চপক্ষি-নিদর্শন স্বরাশ্রিত শাস্ত্র বলিতেছি। অ, ই, উ, এ, ও এই পঞ্চ স্বরাশ্রিত এই শাস্ত্রে পাঁচটি পক্ষী * নিদর্শন স্বরূপ প্রদর্শিত হইয়াছে। ১ ভেরণ্ডক, ২ চকোর, ৩ কাক, ৪ কুক্কুট ৫ ময়ূর এই পাঁচটি পক্ষী। (এই পঞ্চপক্ষীর বর্ণ এবং ঐ সকল পক্ষী দ্বারা পূর্ব্বোক্ত ত্রিকাল জ্ঞান এবং যে সমস্ত বস্তু প্রভৃতি যে রূপে নির্ণীত হয়, তাহা ক্রমশঃ

*পঞ্চ পক্ষী ও বর্ণ স্বরোদয়, পঞ্চস্বরা ও বালকুমারাদি, ইহারা পঞ্চ তত্ত্বের অনুরূপ এই পুস্তকের ৭।১০।১১।১২ পৃষ্ঠা পাঠ করিলে তত্ত্বজ্ঞান এবং তাহার ফলাফল জ্ঞান জন্মিবে এবং ৫৩ পৃষ্ঠা পাঠ করিলে বালাদি স্বরের অবস্থা জ্ঞাত হইয়া ফলাদি বিবেচনা করিতে পারিবেন।

প্রশ্নে বাক্যের আদ্যক্ষরে যে স্বর হইবে, তাহা গ্রহণ করিয়া তাহার দ্বারা শুক্ল কৃষ্ণ পক্ষভেদে বার ও পক্ষি নিশ্চয় করিয়া এবং প্রশ্ন কালে প্রশ্ন পক্ষির ভোজনাদি অবস্থা জানিয়া ফলাফল নির্ণয় হইবে।

প্রশ্ন বাক্যের আদ্য স্বর দ্বারা যে যে পক্ষি কল্পনা করিতে হইবে তাহা এই যথা। অ—শ্যেন। ই—পিঙ্গল। উ—কাক এ কুক্কুট। ও—ময়ূর।

নিম্নে প্রকাশিত হইতেছে।) শ্বেত পীত অরুণ শ্যাম এবং কৃষ্ণ, এই পাঁচটি বর্ণবিশিষ্ট পাঁচটি পক্ষীর মধ্যে ভেরণ্ড শ্বেতবর্ণ, চকোর পীত, (হরিদ্রা বর্ণ) কাক অরুণ, (রক্ত বর্ণ) কুক্কুট শ্যামবর্ণ,ময়ূর কৃষ্ণবর্ণ। ইহার দ্বারা পৃষ্ট বস্তু প্রভৃতির বর্ণ নির্ণয় হয়।

ব্রহ্মবিট্‌ক্ষত্রিয়াঃ শূদ্রশ্চাণ্ডালশ্চেতি জাতয়ঃ।
খড়্গাচাপৌ ছুরিকা চ কুন্তশ্চ গদয়া সহ॥ ৮॥

এই পাঁচটী পক্ষীর জাতি উক্ত হইতেছে। ইহা দ্বারা প্রশ্নকর্ত্তা এবং তস্কর প্রভৃতির জাতি নিরূপণ হইবে।

ভেরণ্ডক ব্রাহ্মণ, চকোর বৈশ্য, কাক ক্ষত্রিয়, কুক্কুট শূদ্র, ময়ূর চাণ্ডল বা সামান্য জাতি।

এই পক্ষিপঞ্চক দ্বারা যে সকল অস্ত্র নিরূপিত হয় তাহা কথিত হইতেছে। ভেরণ্ডক খড়্গ, চকোর ধনুঃ, কাক ছুরিকা (ছুরী) কুক্কুট কুন্ত, (প্রাসাস্ত্র) ময়ূর গদা।

শ্যেনো মূর্দ্ধ্নি পিঙ্গলশ্চ বাহ্বোর্ব্বক্ষসি বায়সঃ।
কুক্কুটঃ কুক্ষিভাগে স্যাৎ কলাপী তদধঃ স্মৃতঃ॥ ৯॥

এই পক্ষিক পঞ্চ দ্বারা দেহ বিভাগ এবং ঐ পাঁচটী পক্ষির বিভিন্ন নাম কথিত হইতেছে। মস্তকদেশে শ্যেন, বাহুযুগলে পিঙ্গল, বক্ষঃস্থলে বায়স, উদরভাগে কুক্কুট, ইহার নিম্নদেশে ময়ূর।

শ্যেনো মেষালিসিংহেশঃ কুলীরযমযোষিতঃ।
পিঙ্গলো বায়সশ্চাপমীনেশঃ কুক্কুটাভিধঃ॥
তুলাবৃষভয়োরীশঃ কুম্ভনক্রেশ্বরঃ শিখী।
তত্তদ্রাশীশ্বরাস্তেস্তু চিন্তনীয়াঃ সুপক্ষিভিঃ॥

শ্যেন, মেষ বৃশ্চিক এবং সিংহ রাশির অধিপতি। পিঙ্গল,কর্কট মিথুন এবং কন্যারাশির অধিপতি। কাক, ধনুঃ এবং মীনরাশির অধিপতি। কুক্কুট, তুলা এবং বৃষরাশির অধিপতি। ময়ূর, কুম্ভ এবং মকর রাশির অধিপতি। এই সকল পক্ষি দ্বারা উক্ত রাশি সকলের অধিপতি নিরূপণ করিবে।

শ্যেনেন চিন্ত্যৌ ভৌমার্কৌ চকোরেণেন্দুসোমজৌ।
গুরুশুক্রাসিতা জ্ঞেয়াঃ কাককুক্কুটকেকিভিঃ॥

শ্যেনেতে মঙ্গল এবং রবি, চকোরে চন্দ্র এবং বুধ, কাকে বৃহস্পতি, কুক্কুটে শুক্র, ময়ূরে শনি।

অঃ শ্যেনঃ পিঙ্গলঃ স্যাদিরুরপি বলিভুক্‌স্যে ভবেৎকুক্কুটস্থো
কেকী যে নাম বর্ণাধিপথগনিবহাঃ পঞ্চযামাধিপাশ্চ।
যামে যামে তু শুক্লেঽভ্যবহৃতিগমনে রাজ্যনিদ্রাঽসুযাত্রা।
কৃষ্ণে ভুক্তির্ম্মৃতিশ্চ স্বপনমপি তথা রাজ্যমধ্বপ্রয়াণম্॥

অকারে শ্যেন, ইকারে পিঙ্গল, উকারে কাক, একারে কুক্কুট, ওকারে ময়ূর।

নামের আদিতে যে বর্ণ আছে, ঐ বর্ণে যে পক্ষী হয়, তদবধি ক্রমে ক্রমে পাঁচটি পক্ষী পাঁচ যামের অধিপতি হইবে।

প্রতি যামেই পক্ষিদিগের পাঁচটি অবস্থা হইয়া থাকে। শুক্লপক্ষে প্রথম অবস্থা ভোজন, দ্বিতীয় অবস্থা গমন, তৃতীয় অবস্থা রাজ্য, চতুর্থ অবস্থা নিদ্রা, পঞ্চম অবস্থা মরণ। কৃষ্ণপক্ষে প্রথম অবস্থা ভোজন, দ্বিতীয় অবস্থা মৃত্যু, তৃতীয় অবস্থা নিদ্রা, চতুর্থ অবস্থা রাজ্য, পঞ্চম অবস্থা গমন।

শুক্লে ভেরণ্ডকাঃ পঞ্চ প্রাচ্যাদিস্বথ মধ্যতঃ।
মধ্যে দিক্ পূর্ব্বযাম্যাং স্যুঃ প্রতীচ্যামসিতে চ তে॥

পূর্ব্বোক্ত পাঁচটি পক্ষী শুক্ল এবং কৃষ্ণপক্ষ ভেদে পাঁচ দিকের অধিপতি হইয়া থাকে। শুক্লপক্ষে ভেরণ্ডকাদি পাঁচটি পক্ষী পূর্ব্বদিক্ অবধি মধ্যদিক্ পর্য্যন্ত পাঁচ দিকের অধিপতি হয়। যথা শুক্লপক্ষে ভেরণ্ডক পূর্ব্বদিকের স্বামী, চকোর দক্ষিণ দিকের স্বামী, কাক পশ্চিম দিকের স্বামী, কুক্কুট উত্তর দিকের স্বামী, ময়ূর মধ্যস্থলের স্বামী। কৃষ্ণপক্ষে ভেরণ্ডক, মধ্যদেশের স্বামী, চকোর উত্তরদিকের স্বামী, কাক পূর্ব্বদিকের স্বামী, কুক্কুট দক্ষিণ দিকের স্বামী, ময়ূর পশ্চিম দিকের স্বামী।

শুক্লে ভেরণ্ডকোঽহ্নস্যধিপতিরহনীশারয়োর্ব্বারয়োস্তু-
দ্রাত্রৌকাকো বুধেন্দ্বোরহনি তদধিপঃ পিঙ্গলস্তন্নিশায়াম্।
ঈশঃ স্যাৎ কুক্কুটাখ্যো গুরুভৃগুশনিনাং বায়সঃ কুক্কুটাখ্যঃ।
কেকী চৈতন্নিশায়াং ভুজগরিপু চকোরাখ্যভেরণ্ডকাঃ স্যুঃ॥
মন্দেন্দ্বোঃ কৃষ্ণপক্ষে ভুজগভৃগুভয়োঃ কুক্কুটো রাত্রিনাথো।
ভানোর্ভৌমস্য চাপৌ দিবসপতিরথো শ্যেন এতন্নিশেশঃ।
গুরুস্য শ্যেন এতন্নিশি ভুজগরিপুর্ব্বাকপতেঃ পিঙ্গলস্তু-
দ্রাত্রৌ কাকো বুধস্যাপ্যয়মহনি চকোরাখ্য এতন্নিশেশঃ॥

যেরূপ শুক্লপক্ষ কৃষ্ণপক্ষ ভেদে পক্ষিদিগের দিগধিপতিত্ব উক্ত হইল, সেইরূপ রবি প্রভৃতি সপ্ত বারে ও দিবা রাত্রি ভেদে ঐ সকল পক্ষী দিবসের ও রাত্রির অধিপতি হইয়া থাকে। যথা শুক্লপক্ষে রবি এবং মঙ্গলবারে ভেরণ্ডক দিবসের অধিপতি, কাক রাত্রির অধিপতি। বুধ এবং সোমবারে পিঙ্গল দিবসের অধিপতি, কুক্কুট রাত্রির অধিপতি। বৃহস্পতি বারে বায়স দিবসের অধিপতি, ময়ূর রাত্রির অধিপতি। শুক্রবারে কুক্কুট দিবসের অধিপতি, চকোর রাত্রির অধিপতি। শনিবারে ময়ূর, দিবসের অধিপতি, ভেরণ্ডক রাত্রির অধিপতি। কৃষ্ণপক্ষে, শনি এবং সোমবারে ময়ূর দিবসের অধিপতি, কুক্কুট রাত্রির অধিপতি। রবি এবং মঙ্গল বারে কুক্কুট দিবসের অধিপতি, শ্যেন রাত্রির অধিপতি। শুক্রবারে শ্যেন দিবসের অধিপতি, ময়ূর রাত্রির অধিপতি। বৃহস্পতিবারে, পিঙ্গল দিবসের অধিপতি, কাক রাত্রির অধিপতি। বুধ বারে কাক দিবসের অধিপতি, চকোর রাত্রির অধিপতি।*

অথ সূত্রাণি ॥

অরি সুকেতো ॥ ১ ॥ তোতরিপুরে ॥ ২ ॥ কেশোমারিপু ॥ ৩॥ উপেন্দ্রোহরি ॥ ৪ ॥ বিষ্ণুঃ শেব্যোনা ॥ ৫ ॥ ইতি শুক্লপক্ষে দিনে।

ভৃষ্টিকালোকে ॥ ১ ॥ কেতুর্হিরাহো ॥ ২ ॥ মোক্ষেমুদিতঃ ॥৩ ব্যাকোন্তে দুঃখী॥ ৪ ॥ শিতাংশোঃ কেতুঃ ॥ ৫ ইতি শুক্লে রাত্রৌ।

শ্যেনস্তত্যোহি ॥ ১ ॥ ময়ূরোজ্জি্রপে ॥ ২ ॥ দুষ্টোহিস্তেন ॥ ৩॥ ব্যোপিচেৎ পশুঃ ॥ ৪ ॥ পিতেবহ্নোঃ ॥ ৫ ॥ ইতি কৃষ্ণদিনে ॥

অহেরিপোতুঃ ॥ ১ ॥ ছেদিপোহৃষ্টঃ ॥ ২ ॥ পীনোহৃপথে ॥ ৩ ॥ হোতুর্য্যায়েহি ॥ ৪ ॥ স্বভাং কেপিত্রোঃ ॥ ৫ ॥ ইতি কৃষ্ণে রাত্রৌ ॥

রবি প্রভৃতি সপ্তবারের মধ্যে যে কোন বারে শুক্ল পক্ষে অথবা কৃষ্ণপক্ষে যে সময়ে প্রশ্ন হয়, ঐ সময়ে কোন্ পক্ষির উদয় এবং কোন্ পক্ষির কি অবস্থা, তাহা অনায়াসে বুঝিতে পারিবার নিমিত্ত গ্রন্থকার যে কয়েক সূত্র লিখিয়াছেন, নিম্নে তাহা লিখিত হইতেছে।

এই যে সকল সূত্র উক্ত হইল, উহার ব্যঞ্জন বর্ণ ত্যাগ করিয়া স্বরবর্ণ মাত্র গ্রহণ পূর্ব্বক পক্ষিনির্ণয় করিয়া তদবধি সূত্র কল্পনা করিতে হইবে। ইহার প্রমাণ পশ্চাৎ প্রকাশ পাইবে। এক্ষণে উক্ত সূত্রে যে সমস্ত পক্ষিরূপ স্বরবর্ণ আছে, তাহাই যথাক্রমে লিখিত হইল।

| অথ শুক্ল দিনে | | | | |
|---|---|---|---|---|
| অ | ই | উ | এ | ও |
| ও | অ | ই | উ | এ |
| এ | ও | অ | ই | উ |
| উ | এ | ও | অ | ই |
| ই | উ | এ | ও | অ |

| অথ কৃষ্ণপক্ষে দিবসে | | | | |
|---|---|---|---|---|
| এ | অ | উ | ও | ই |
| অ | উ | ও | ই | এ |
| উ | ও | ই | এ | অ |
| ও | ই | এ | অ | উ |
| ই | এ | অ | উ | ও |

| অথ শুক্ল রাত্রিতে | | | | |
|---|---|---|---|---|
| উ | ই | অ | ও | এ |
| এ | উ | ই | অ | ও |
| ও | এ | উ | ই | অ |
| অ | ও | এ | উ | ই |
| ই | অ | ও | এ | উ |

| অথ কৃষ্ণপক্ষ রাত্রিতে | | | | |
|---|---|---|---|---|
| অ | এ | ই | ও | উ |
| এ | ই | ও | উ | অ |
| ই | ও | উ | অ | এ |
| ও | উ | অ | এ | ই |
| উ | অ | এ | ই | ও |

ষষ্টিনাড্যাত্মকং জ্ঞাত্বা দ্বিধা রাত্রিদিনাত্মকম্।
ঘটিকাবষ্ঠমানেন পঞ্চযামাত্মকং পুনঃ ॥
ভাগদ্বয়ঞ্চ বিজ্ঞেয়ং হ্রাসবৃদ্ধ্যনপেক্ষয়া।
পঞ্চাহানি তু সূত্রাণি রাত্রৌ জ্ঞেয়ানি পঞ্চ চ ॥
স্বরৈঃ সূত্রগতৈর্জ্ঞেয়া ভুক্ত্যাদিক্রমগাঃ খগাঃ।
তদ্বারদিনরাত্রীশৌ জ্ঞাত্বা পক্ষীশ্বরৌ ততঃ ॥

---

* শুক্ল পক্ষে দিবসে যে যে বারে যে যে পক্ষির উদয় হয়।

রবি ও মঙ্গলবারে শ্যেন। শনিবারে ময়ূর। শুক্রবারে কুক্কুট। গুরুবারে কাক। সোম এবং বুধবারে পিঙ্গল।

শুক্ল পক্ষে রাত্রে যে যে বারে যে যে পক্ষির উদয় হয়।

রবি মঙ্গল বারে কাক। সোম ও বুধবারে কুক্কুট। গুরুবারে ময়ূর। শনিবারে শ্যেন। শুক্রবারে পিঙ্গল।

কৃষ্ণ পক্ষে দিবসে যে যে বারে যে যে পক্ষির উদয় হয়।

রবি ও মঙ্গল বারে কুক্কুট। শুক্রবারে শ্যেন। বুধবারে কাক। সোম ও শনিবারে ময়ূর। গুরুবারে পিঙ্গল।

কৃষ্ণ পক্ষে রাত্রে যে যে বারে যে যে পক্ষির উদয় হয়।

রবি ও মঙ্গল বারে শ্যেন। সোম এবং শনি কুক্কুট। বুধবারে পিঙ্গল। শুক্রবারে ময়ূর। গুরুবারে কাক।

তৎক্রমাদ্যামপান্ জ্ঞাত্বা ততঃ সূত্রং সমুন্নয়েৎ।
পঞ্চযামিকপক্ষীশং জ্ঞাত্বা সূত্রঞ্চ কল্পয়েৎ॥
নাম্নঃ প্রশ্নস্য বাথ প্রথমলিপিবশাৎ পক্ষিণং কল্পয়িত্বা
তস্যেদানীন্তু ভুক্ত্যাদ্যনুভবমখিলং বুদ্ধিযুক্ত্যাবিচার্য্যম্।
বাচ্যং তত্তৎ ফলানাং গুণমগুণমথো মিশ্রিতং কার্য্যজাতেঃ
সত্বে কালে স্থিতির্বা রজসি তমসি বা সংস্থিতেত্যাদি সূক্ষ্মম্॥

ষষ্টি দণ্ডাত্মক দিবা রাত্রিকে দুই ভাগ করিয়া ৩০ ত্রিশদণ্ড দিবা ও ৩০ ত্রিশ দণ্ড রাত্রি কল্পনা করিবে। তৎপরে রাত্রি এবং দিবসের ৩০ ত্রিশ দণ্ডকে ছয় ছয় দণ্ড করিয়া পাঁচটি যামার্দ্ধ কল্পনা করিবে। দিনমান ও রাত্রিমানের হ্রাস বৃদ্ধি নিয়ম পরিত্যাগ পূর্ব্বক দিনমান ও রাত্রিমান দুই সমান অংশ করিয়া তাহাকে পাঁচ ভাগ করিয়া দিবসে উক্ত পঞ্চ যামার্দ্ধে পাঁচটি সূত্র এবং রাত্রিতে পঞ্চ যামার্দ্ধে পাঁচটি সূত্র নিয়োজিত করিবে। সূত্রে যে সকল স্বরবর্ণ আছে, তাহার দ্বারা ক্রমশঃ ভুক্তি ক্রমে পক্ষী নিরূপণ করিবে। যে বারে প্রশ্ন হইবে, সেই বারের দিন এবং রাত্রির অধিপতি যে পক্ষী, তাহা নিশ্চয় করিয়া দিনকৃত প্রশ্নে দিনাধিপতি পক্ষীকে, রাত্রিকৃত প্রশ্নে রাত্রির অধিপতি পক্ষীকে সেই দিবসের পক্ষীশ্বর বলিয়া গ্রহণ করিবে এবং সেই পক্ষী হইতে যথাক্রমে গণনা করিয়া পূর্ব্বোক্ত পঞ্চ পক্ষীকে পাঁচ যামের অধিপতি কল্পনা করিবে। তৎপরে সেই পক্ষী অবধি পাঁচটি সূত্র সমুন্নয়নে সযত্ন হইয়া পাঁচ যামের অধিপতি পাঁচটি পক্ষী নিশ্চয় করিয়া সূত্র কল্পনা করিবে। নামের কিম্বা প্রশ্নের প্রথমবর্ণে যে অক্ষর হইবে, সেই বর্ণে যে পক্ষী উক্ত হইয়াছে, সেই পক্ষী কল্পনা করিয়া পক্ষীদিগের ভোজনাদি যে সমস্ত অবস্থা উক্ত হইয়াছে, তাহার মধ্যে তৎসময়ে সেই পক্ষী কোন্ অবস্থা প্রাপ্ত এবং কোন্ দিগবস্থিত তত্তৎসমুদায় বুদ্ধি যোগে বিচার করিয়া কার্য্যসমূহের গুণ দোষ (সিদ্ধ অসিদ্ধ) এবং মিশ্রিতাদি ফল কহিবে। ঐ সময়ে পক্ষিগণ সত্ব রজ এবং তম এই তিন গুণের মধ্যে কোন্ গুণাবলম্বী, তাহাও বিবেচনা করিয়া সূক্ষ্ম ফল কহিবে।

### পক্ষিগণ ৩০ ত্রিশদণ্ড মধ্যে যে যে ভাব প্রাপ্ত হয় তাহার নিরূপণ।

দিন এবং রাত্রির প্রত্যেক ছয় দণ্ডে পঞ্চ পক্ষী কিরূপে ভোজনাদি পাঁচটি অবস্থা প্রাপ্ত হয়, তাহা প্রকটিত হইতেছে। যথা শুক্লপক্ষীয় রবিবার দিবসে শ্যেনপক্ষী সূর্য্যোদয় সমকালে উদিত হইয়া ৬ ছয় দণ্ড বেলা পর্য্যন্ত ভোজনাবস্থায় থাকে। তৎপরে ৬ ছয় দণ্ড গমনাবস্থায়, ঐ বারো দণ্ডের পর আর ছয় দণ্ড রাজ্যাবস্থায়, ঐ ১৮ আঠার দণ্ডের পর আর ছয় দণ্ড নিদ্রাবস্থায়, ঐ ২৪ চব্বিশ দণ্ডের পর হইতে ৩০ ত্রিশ দণ্ড পর্য্যন্ত ছয় দণ্ড মরণাবস্থায় থাকে। শ্যেন পক্ষী যখন ভোজনাবস্থায় থাকে, পিঙ্গল পক্ষী তখন গমনাবস্থা, কাক তখন রাজ্যাবস্থা, কুক্কুট তখন নিদ্রাবস্থা এবং ময়ূর তখন মরণাবস্থা ভোগ করে। এইরূপ যে যে বারে যে যে পক্ষী অধিপতি, সেই সেই পক্ষী সেই সেই বারে উদয় হইয়া ভোজনাবস্থা প্রাপ্ত হয়। আর অন্য চারিটি পক্ষী অন্য চারিটি অবস্থা উপভোগ করে। ইহার দৃষ্টান্ত নিম্নে প্রদর্শিত হইতেছে।

শুক্লপক্ষ দিবস।

| অবস্থা | রবিমঙ্গল | শনিবার | শুক্রবার | বৃহস্পতি | সোমবুধবার |
|---|---|---|---|---|---|
| | ৬ দণ্ড | ১২ দণ্ড | ১৮দণ্ড | ২৪ দণ্ড | ৩০দণ্ড |
| ভোজন | শ্যেন | ময়ূর | কুক্কুট | কাক | পিঙ্গল |
| গমন | পিঙ্গল | শ্যেন | ময়ূর | কুক্কুট | কাক |
| রাজ্য | কাক | পিঙ্গল | শ্যেন | ময়ূর | কুক্কুট |
| নিদ্রা | কুক্কুট | কাক | পিঙ্গল | শ্যেন | ময়ূর |
| মরণ | ময়ূর | কুক্কুট | কাক | পিঙ্গল | শ্যেন |

শুক্লপক্ষ রাত্রি।

| অবস্থা | রবিমঙ্গল | সোমবুধ | বৃহস্পতি | শনি | শুক্রবার |
|---|---|---|---|---|---|
| | ৬ দণ্ড | ১২ দণ্ড | ১৮ দণ্ড | ২৪ দণ্ড | ৩০ দণ্ড |
| ভোজন | কাক | কুক্কুট | ময়ূর | শ্যেন | পিঙ্গল |
| গমন | পিঙ্গল | কাক | কুক্কুট | ময়ূর | শ্যেন |
| রাজ্য | শ্যেন | পিঙ্গল | কাক | কুক্কুট | ময়ূর |
| নিদ্রা | ময়ূর | শ্যেন | পিঙ্গল | কাক | কুক্কুট |
| মরণ | কুক্কুট | ময়ূর | শ্যেন | পিঙ্গল | কাক |

কৃষ্ণপক্ষ দিবসে।

| অবস্থা | রবিমঙ্গল | শুক্র | বুধ | সোমশনি | বৃহস্পতি |
|---|---|---|---|---|---|
| | ৬ দণ্ড | ১২ দণ্ড | ১৮ দণ্ড | ২৪ দণ্ড | ৩০ দণ্ড |
| ভোজন | কুক্কুট | শ্যেন | কাক | ময়ূর | পিঙ্গল |
| মরণ | শ্যেন | কাক | ময়ূর | পিঙ্গল | কুক্কুট |
| নিদ্রা | কাক | ময়ূর | পিঙ্গল | কুক্কুট | শ্যেন |
| রাজ্য | ময়ূর | পিঙ্গল | কুক্কুট | শ্যেন | কাক |
| গমন | পিঙ্গল | কুক্কুট | শ্যেন | কাক | ময়ূর |

কৃষ্ণারাত্রি।

| অবস্থা | রবিমঙ্গল | সোমশনি | বুধবার | শুক্রবার | গুরুবার |
|---|---|---|---|---|---|
| | ৬ দণ্ড | ১২ দণ্ড | ১৮ দণ্ড | ২৪ দণ্ড | ৩০ দণ্ড |
| ভোজন | শ্যেন | কুক্কুট | পিঙ্গল | ময়ূর | কাক |
| মরণ | কুক্কুট | পিঙ্গল | ময়ূর | কাক | শ্যেন |
| নিদ্রা | পিঙ্গল | ময়ূর | কাক | শ্যেন | কুক্কুট |
| রাজ্য | ময়ূর | কাক | শ্যেন | কুক্কুট | পিঙ্গল |
| গমন | কাক | শ্যেন | কুক্কুট | পিঙ্গল | ময়ূর |

এই পক্ষগণের আবার অন্তর্ভুক্তি আছে। ত্রিশ দণ্ডের মধ্যে প্রত্যেক পক্ষী যেমন স্থূল রূপে ছয় দণ্ড করিয়া ভোগ করে, সেইরূপ প্রত্যেক ছয় দণ্ডের মধ্যেও ঐ পঞ্চ পক্ষীর অন্তর্ভুক্তি হইয়া থাকে, নিম্ন লিখিত চক্র দেখ।

শুক্ল দিনে।

নং ২

শুক্ল দিনে।

নং ৩

শুক্ল দিনে।

নং ৪

শুক্ল দিনে।

নং ৫

শুক্ল রাত্রৌ।

নং ১

শুক্ল রাত্রৌ।

নং ২

শুক্ল রাত্রৌ।
নং ৩
গুরু
বারে
মো
ভোজনে
১।৩০
ময়ূর
দি
নিদ্রায়াং
০।৪৫
পিঙ্গল
তঃ
মরণে
০।৩০
শ্যেন
ক্ষে
গমনে
১।১৫
কুক্কুট
মু
রাজ্যে
২।০
কাক
শুক্লে
রাত্রৌ
শুক্ল রাত্রৌ।
নং ৪
শনি
বারে
ভোজনে
১।৩০
শ্যেন
দ
নিদ্রায়াং
০।৪৫
কাক
খী
মরণে
০।৩০
পিঙ্গল
কো
গমনে
১।১৫
ময়ূর
রাজ্যে
২।০
কুক্কুট
শুক্লে
রাত্রৌ
শুক্ল রাত্রৌ।
নং ৫
শুক্র
বারে
খী
ভোজনে
১।৩০
পিঙ্গল
কে
নিদ্রায়াং
০।৪৫
কুক্কুট
ভু
মরণে
০।৩০
কাক
তাং
গমনে
১।১৫
শ্যেন
শোঃ
রাজ্যে
২।০
ময়ূর
শুক্লে
রাত্রৌ
কৃষ্ণ দিনে।
নং ১
রবিবারে
নিদ্রায়াং
০।৪৫
স্ত
কাক
মঙ্গবারেচ
মরণে
০।৩০
ম
শ্যেন
ভোজনে
১।৩০
শ্যে
কুক্কুট
রাজ্যে
২।০
ময়ূর
গমনে
১।১৫
পিঙ্গল
কৃষ্ণে
দিনে

নং ২

কৃষ্ণ দিনে।

নং ৩

কৃষ্ণ দিনে।

নং ৪

কৃষ্ণ দিনে।

নং ৫

কৃষ্ণরাত্রৌ।

নং ১

রবিবারে শুক্রবারেচ

রি
বিদ্রীয়াং
০।৪৫
পিঙ্গল

হে
মরনে
০।৩০
কুক্কুট

অ
ভোজনে
১।৩০
শ্যেন

পো
রাজ্যে
২।০
ময়ূর

উ
গমনে
১।১৫
কাক

কৃষ্ণে রাত্রৌ

কৃষ্ণ রাত্রৌ।

নং ২

কৃষ্ণ রাত্রৌ।

নং ৩

কৃষ্ণে রাত্রৌ।

নং ৪

৬

রাজ্যং সুভিক্ষমক্ষোভ্যং নষ্টযুষ্ট সদা জয়ঃ।
রোগমুক্তির্মহালাভঃ পক্ষিণাং ভুক্তিলক্ষণম্‌॥ ১

পক্ষিগণ যখন ভোজনাবস্থায় থাকে, তখন প্রশ্ন হইলে প্রশ্নকর্ত্তার মহালাভ হইয়া থাকে। বিশেষত তাহার রাজ্যপ্রাপ্তি, সুভিক্ষ অর্থাৎ অনায়াসে ধনাদির আগম, অক্ষুব্ধহৃদয়তা, হৃতদ্রব্যপ্রাপ্তি, সর্ব্বদা জয় ও রোগ হইতে মুক্তিলাভ হয়। ১

অনর্ঘমতিবৃষ্টিঞ্চাপ্যদৃষ্টধনসঞ্চয়ঃ।
দূরাদাগমনং প্রোক্তং প্রয়াণে পক্ষিণাম্মতম্‌॥ ২

কোন পক্ষীর গমন সময়ে প্রশ্ন হইলে অনর্ঘ অর্থাৎ অনায়াসে দ্রব্য প্রাপ্তি অতিবৃষ্টি, অলক্ষিতরূপে ধনসঞ্চয় এবং দূর হইতে আগমন, এই সমুদায় ফল হইয়া থাকে। ২

চিরাল্লাভো জয়ঃ সৌখ্যমক্ষোভ্যং রোগনাশনম্‌।
অভীতিমল্পবৃষ্টিশ্চ সংমার্গ্যং রাজ্যলক্ষণম্‌॥৩

কোন পক্ষীর রাজ্যাবস্থায় প্রশ্ন হইলে প্রশ্ন কর্ত্তার বহুদিনের পরলাভ জয় সুখভোগ ক্ষোভশূন্যতা রোগনাশ অভয় ও অল্পবৃষ্টি হইয়া থাকে। ৩

যাত্রাহানিরনাবৃষ্টিঃ কার্য্যহানিরদর্শনম্‌।
আধিশ্চ দীর্ঘরোগশ্চ পক্ষিণাং স্বপ্নলক্ষণম্‌॥ ৪

কোন পক্ষীর নিদ্রাবস্থায় প্রশ্ন হইলে, প্রশ্নকর্ত্তার যাত্রার হানি, অনাবৃষ্টি কার্য্যহানি অদর্শন মানসিক পীড়া ও দীর্ঘকাল শারীরিক পীড়া হইয়া থাকে। ৪

সর্ব্বকর্য্যবিনাশশ্চ সর্ব্বসৌখ্যমৃতিপ্রদং।
মরণং পঞ্চখেটানাং ফলান্যেতানি তাদৃশি॥ ৫

কোন পক্ষীর মরণাবস্থায় প্রশ্ন হইলে সমুদায় কার্য্যনাশ সমুদায় সুখনাশ ও মৃত্যু হইয়া থাকে। ৫

অথ পক্ষিগণানাঞ্চ স্থিতিচক্রং প্রদর্শ্যতে।
চক্রং পঞ্চারমালিখ্য তস্যাগ্রে চ খগস্থিতিঃ॥ ৬
অধিপাঃ পূর্ব্বভোক্তারো দিবারাত্রৌ চ পক্ষিণঃ।
চক্রস্থৈঃ পরিবর্ত্তৈস্তু ভুজ্যতে ভোজনাদিকম্‌॥ ৭
ভোক্তা গচ্ছতি গন্তাবৈ পাতি পানং স্বপিত্যথ।
সুপ্তো মৃতিমবাপ্নোতি মৃতো ভোক্তান্বয়ামকঃ॥৮

এক্ষণে পক্ষিগণের স্থিতিচক্র প্রদর্শিত হইতেছে। পঞ্চ শলাকাবিশিষ্ট একটী চক্র অঙ্কিত করিয়া তাহার অগ্রে পক্ষিগণের বিন্যাস করিবে। যে দিবস বা যে রাত্রিতে যে পক্ষী অধিপতি হইবে, সেই পক্ষীই তখন প্রথমত ভোজন অবস্থায় থাকিবে। পরে প্রত্যেক ছয় দণ্ড অন্তর ঐ চক্র এক এক অংশ পরিবর্ত্তিত করিলে পর্য্যায় ক্রমে প্রত্যেক পক্ষীর ভোজন প্রভৃতি অবস্থা ঘটিবে। প্রত্যেক পক্ষীই ভোজন অবস্থায় থাকিলে ভোজন করেন গমন অবস্থায় থাকিলে গমন করে, রাজ্য অবস্থায় থাকিলে রাজ্যপালন করে, নিদ্রাবস্থায় থাকিলে নিদ্রা যায়, মরণ অবস্থায় থাকিলে মৃত্যু হয়। যে পক্ষী মৃত্যু অবস্থায় থাকে, সেই পক্ষী আবার তৎপরবর্ত্তীযামে ভোজন অবস্থা ভোগ করে। পক্ষিগণের অবস্থানুসারে গণক প্রশ্ন কর্ত্তাকে তদনুরূপ ফল বলিয়া দিবে। ৮

মিত্রং ময়ূরঃ শ্যেনস্য পিঙ্গলঃ শত্রুসংজ্ঞকঃ।
কুক্কুটস্য তু সুহৃচ্ছ্যেনো ময়ূরোঽরুণশেখরী॥
কাকস্য শত্রবো নিত্যং পিঙ্গলশ্যেনকুক্কুটাঃ।
কুক্কুটস্য রিপূ স্যাতাং সদা পিঙ্গলবায়সৌ॥
নীলকণ্ঠস্য সুহৃদৌ সদা পিঙ্গলবায়সৌ॥ ১০

শ্যেন পক্ষীর ময়ূর মিত্র ও পিঙ্গল শত্রু। পিঙ্গল পক্ষীর শ্যেন ময়ূর ও কুক্কুট মিত্র। পিঙ্গল শ্যেন কুক্কুট,

ইহারা কাকের শত্রু। পিঙ্গল ও কাক ইহারা কুক্কুটের শত্রু এবং ময়ূরের সুহৃৎ। ১০

কাকো বলিষ্ঠঃ সর্ব্বেভ্যস্তস্মাচ্ছেনো হি দুর্ব্বলঃ।
কুক্কুটো দুর্ব্বলস্তাভ্যাং পিঙ্গলস্তেভ্য ঊনিতঃ।
নীলকণ্ঠস্তু সর্ব্বেষাং দুর্ব্বলো ভবতি ধ্রুবং॥ ১১

কাক সর্ব্বাপেক্ষা বলবান্। কাক অপেক্ষা শ্যেন দুর্ব্বল। কাক ও শ্যেন অপেক্ষা কুক্কুট দুর্ব্বল। কাক শ্যেন ও কুক্কুট অপেক্ষা পিঙ্গল দুর্ব্বল। ময়ূর সর্ব্বাপেক্ষা দুর্ব্বল। ১১

শ্যেনকাকৌ তু পুরুষৌ স্ত্রিয়ৌ পিঙ্গলকুক্কুটৌ।
নপুংসকস্তু বিজ্ঞেয়ো ময়ূরোঽপি চ ধীমতা॥ ১২

শ্যেন ও কাক পুরুষ। পিঙ্গল ও কুক্কুট স্ত্রীজাতি, ময়ূর নপুংসক জাতি। ১২

ভূতো ময়ূরঃ কুজশ্চ কুক্কুটো বর্ত্তমানকঃ।
ভবিষ্যো বায়সশ্যেনঃ কালভেদ ইতীরিতঃ॥ ১৩

ময়ূর ও পিঙ্গল অতীতকাল, কুক্কুট বর্ত্তমানকাল, কাক ও শ্যেন ভবিষ্যৎকাল। এইরূপে কালত্রয়ভেদ নির্ণীত হইয়াছে। ১৩

চতুষ্পাৎ পিঙ্গলো জ্ঞেয়ো দ্বিপাদৌ শ্যেনবায়সৌ।
তাম্রচূড়স্তথা শৃঙ্গী শিখণ্ডী পক্ষিজীবকঃ॥ ১৪

পিঙ্গল চতুষ্পাদ, শ্যেন ও বায়স দ্বিপাদ, কুক্কুট শৃঙ্গাযুধ জীব, ময়ূর পক্ষিজাত। ১৪

ভেরণ্ডোঽপত্যচিন্তা চ পিঙ্গলো লব্ধিচিন্তকঃ।
বায়সঃ সৌখ্যচিন্তা চ চঞ্চলী তাম্রশেখরঃ।
নীলকণ্ঠোজ্ঞানচিন্তা পঞ্চানাং পঞ্চচিন্তনম্॥ ১৫

শ্যেনে পুত্রচিন্তা, পিঙ্গলে লাভচিন্তা, কাকে সুখচিন্তা, কুক্কুটে গমনাগমন চিন্তা ময়ূরে জ্ঞান চিন্তা। এই পঞ্চপক্ষি দ্বারা পঞ্চচিন্তা নিরূপণ করিবে। ১৫

শ্যেনকুজৌ মূলস্তরু জীবো ধাতুশ্চ বায়সঃ।
কুক্কুটো জীবমূলং তু জীবজীবঃ শিখণ্ডভাক॥ ১৬

শ্যেন দ্বারা মূল, পিঙ্গল দ্বারা বৃক্ষ, কাক দ্বারা জীব ও ধাতু, কুক্কুট দ্বারা জীবাশ্রিত মূল, ময়ূর দ্বারা জীবাশ্রিত জীব নিরূপিত হইবে। ১৬

শ্যেনো দিনমুহূর্ত্তশ্চ পিঙ্গলঃ পক্ষমেব চ।
বায়সো মাসসংখ্যা চ তাম্রচূড়োঽয়নং তথা।
নীলকণ্ঠোঽব্দসংখ্যা চ কালভেদ ইতি ক্রমাৎ॥ ১৭

শ্যেন দ্বারা এক দিন বা মুহূর্ত্ত, পিঙ্গল দ্বারা একপক্ষ, কাক দ্বারা এক মাস, কুক্কুট দ্বারা ছয় মাস, ময়ূর দ্বারা এক বৎসর, এইরূপে কালভেদ নিরূপিত হইবে। ১৭

কুজবায়সসর্পাশাঃ কুক্কুটশ্যেনকুজকাঃ।
শ্যেনশ্চেতি ক্রমাৎ পক্ষে শুক্লে বারমৃতাঃ খগাঃ॥ ১৮

শুক্লপক্ষে, রবিবারে পিঙ্গলের মরণাবস্থা, সোমবারে কাকের মরণাবস্থা মঙ্গলবারে ময়ূরের মরণাবস্থা, বুধবারে কুক্কুটের মরণাবস্থা, বৃহস্পতি বারে শ্যেনের মরণাবস্থা, শুক্রবারে পিঙ্গলেরমরণাবস্থা, শনিবারে শ্যেনের মরণাবস্থা হইয়া থাকে। ১৮

কৃষ্ণে কাকশ্চকোরাখ্যঃ শ্যেনো বর্হী চ কুক্কুটঃ।
বর্হী চ কুক্কুটশ্চেতি রব্যাদি মৃতপক্ষিণঃ॥ ১৯

কৃষ্ণপক্ষে রবিবারে কাকের মরণাবস্থা, সোমবারে পিঙ্গলের মরণাবস্থা, মঙ্গলবারে শ্যেনের মরণাবস্থা, বুধবারে ময়ূরের মরণাবস্থা, বৃহস্পতিবারে কুক্কুটের মরণাবস্থা, শুক্রবারে ময়ূরের মরণাবস্থা, শনিবারে কুক্কুটের মরণাবস্থা ঘটিয়া থাকে। ১৯

যন্নামবর্ণপো নষ্টোদিনে যস্মিন্ খগেশ্বরঃ।
তদ্দিনং তস্য বর্জ্জ্যং স্যাৎ সর্ব্বকার্য্যেষু সর্ব্বদা॥ ২০

যাহার নামের আদিম বর্ণে যে পক্ষী হয়, সেই পক্ষির যে দিবস মৃত্যুবার হইবে, সেই দিবস কোন কার্য্য করিবে না। ২০

ঊর্দ্ধদৃষ্টির্ভবেজ্জীবস্ত্বধোদৃষ্টিস্তু মূলকম্।
ধাতুশ্চ সমদৃষ্টীনাং দূতচেষ্টিতলক্ষণম্॥ ২১

প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে ঊর্দ্ধে দৃষ্টিক্ষেপ করিলে জীবচিন্তা নিম্নে দৃষ্টিক্ষেপ করিলে মূলচিন্তা মধ্যস্থলে দৃষ্টিপাত করিলে ধাতুচিন্তা স্থির করিবে। ২১

চতুরস্রৌ রবিভৌমাবায়তবৃত্তং গুরুর্বুধস্ত্র্যস্রঃ।
ইন্দুর্মণ্ডলগাত্রো দৈত্যাচার্য্যোঽর্দ্ধ ভূবৃতঃ॥ ২২

রবি ও মঙ্গল দ্বারা চতুষ্কোণ, বৃহস্পতি দ্বারা দীর্ঘাকার ও গোল, বুধ দ্বারা ত্রিকোণ, চন্দ্র দ্বারা মণ্ডলাকার গোল, শুক্র দ্বারা অর্দ্ধগোলাকার নিরূপিত হইবে।

শনিশ্চাব্রাঙ্গঃ শুক্লেপক্ষে প্রাদক্ষিণ্যে ন ভোজনাদ্যেষু।
অপ্রাদক্ষিণ্যেনাপ্যপরে ভুক্ত্যাদিকে যথা সমানঃ। ২৩।

পক্ষিগণ শুক্লপক্ষে চক্রের দক্ষিণাবর্ত্তে ভোজনাদি অবস্থা ভোগ করে, এবং কৃষ্ণপক্ষে বামাবর্ত্তে ভোজনাদি অবস্থা ক্রমে প্রাপ্ত হয়। ২৩।

ভুক্তৌভুক্তিঃ পুরতোগমনে গমনঞ্চ রাজ্যকং রাজ্যে।
সুপ্তৌস্বপিস্তন্ম্মৃতিরপি মরণে যথাক্রমং॥ ২৪॥

পক্ষিগণ ভোজনাবস্থায় থাকিলে ভোজন, গমনাবস্থায় গমন, রাজ্যাবস্থায় রাজ্য, নিদ্রাবস্থায় নিদ্রা, মরণাবস্থায় মরণ এই সকল যথাক্রমে হইয়া থাকে। ২৪।

ভুক্তিঃসার্দ্ধঘটির্জ্ঞেয়া গতিঃ পাদযুতাঘটিঃ।
রাজ্যেদ্বেঘটিকেজ্ঞেয়ে স্বাপে পাদোনিকাবটিঃ।
ঘট্যর্দ্ধং মরণেজ্ঞেয়ং যামেঽন্তর্ভুক্তিলক্ষণং॥ ২৫॥

পক্ষিরা প্রতিদিবসেই উদয়াবধি ৬ দণ্ড করিয়া ভোজনাদি পঞ্চ অবস্থা ভোগ করে। এবং ঐ প্রত্যেক ছয় দণ্ডের মধ্যে পক্ষিগণ পুনরায় ভোজনাদি পঞ্চ অবস্থা প্রাপ্ত হইয়া থাকে; তাহার নাম অন্তর্ভুক্তি। এই অন্তর্ভুক্তি ভোগের নিয়ম এই; প্রথম ১ দণ্ড ৩০ পল ভোজনাবস্থা, তৎপর ১ দণ্ড ১৫ পল গমনাবস্থা, ২ দণ্ড রাজ্যাবস্থা, ৪৫ পল নিদ্রাবস্থা, ৩০ পল মরণাবস্থা। এই সমুদায়ে ৬ দণ্ড হয়। ২৫।

শ্যেনাদিখগতাজ্ঞেয়া নন্দাভদ্রাজয়াদিকাঃ॥ ২৬॥

শ্যেনাদি পাঁচটী পক্ষীতে নন্দাদি পাঁচ তিথি ব্যবহৃত হইয়া থাকে। যথা শ্যেনপক্ষীতে নন্দা অর্থাৎ প্রতিপদ, ষষ্ঠী, একাদশী। পিঙ্গল পক্ষীতে ভদ্রা অর্থাৎ। দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশী। কাক পক্ষীতে জয়া অর্থাৎ তৃতীয়া, অষ্টমী ও ত্রয়োদশী। কুক্কুট পক্ষীতে রিক্তা অর্থাৎ চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী। ময়ূর পক্ষীতে পূর্ণা অর্থাৎ পঞ্চমী, দশমী ও পূর্ণিমা পরিগৃহীত হইবে॥ ২৬॥

৫৬৬৫৫
অশ্বিন্যাদিকভেশাশ্চ শস্ততে শশনৈর্ম্মিতাঃ॥ ২৭॥

এই রূপে অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্র গ্রহণ করিবে। শ্যেনপক্ষীতে অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, রোহিণী ও মৃগশিরা, পিঙ্গল পক্ষীতে আর্দ্রা, পুনর্ব্বসু, পুষ্যা, অশ্লেষা, মঘা, ও পূর্ব্বফল্গুনী। কাকপক্ষীতে উত্তরফল্গুনী, হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা, ও অনুরাধা। কুক্কুটপক্ষীতে জ্যেষ্ঠা, মূলা, পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া ও শ্রবণা, এবং ময়ূরপক্ষীতে ধনিষ্ঠা, শতভিষা পূর্ব্বভাদ্র, উত্তরভাদ্র ও রেবতী নক্ষত্র জানিবে। ২৭।

গুলিকস্থিতিরাশেশ্চ স্থিতিভাবো হ্যনর্থদঃ।
তেন দৃষ্টোপি ভাবোযঃ সোঽপি কষ্টফলপ্রদঃ॥ ২৮॥

গুলিক অর্থাৎ মঙ্গলের সপ্তম যে রাশি ঐ রাশিতে শুক্র অবস্থিত হইয়া ভাব গণনায় শুভকর হইলেও অনিষ্ট ফল প্রদান করে। এবং ঐ শুক্র যে ভাবের উপর দৃষ্টি করিবে তাহারও অনিষ্ট ফল হইবে। ২৮।

লগ্নং বা লগ্নপোবাপি দৃষ্টৌচেদ্‌গুলিকেনবা।
অষ্টমেশেন বা দৃষ্টৌচেৎ ক্ষুদ্র মিতিকথ্যতে॥ ২৯॥

মঙ্গলের সপ্তমস্থিত শুক্র যদি লগ্ন বা লগ্নাধিপতির প্রতি দৃষ্টি করে অথবা লগ্ন ও লগ্নাধিপতি যদি অষ্টমাধিপতি কর্ত্তৃক দৃষ্ট হন তাহা হইলে ক্ষুদ্রকর্ম্ম অর্থাৎ জাদু ইত্যাদি জানা যাইবে। ২৯।

মান্দিস্থিতেপদে যেবা রাশাবোজাংশকেঽপিবা।
পুরুষপ্রেতকৃত্যংস্যা দন্যথা স্ত্রীকৃতং ভবেৎ॥ ৩০॥

মান্দি অর্থাৎ শনির সপ্তম রাশির ওজ অংশে চন্দ্র প্রশ্নকালে অবস্থিত হইলে পুরুষের প্রেতকার্য্য ও যুগ্ম অংশে থাকিলে স্ত্রীর প্রেতকার্য্য বুঝাইবে। ৩০।

চরেস্থিতো যদা মান্দিঃকার্য্যং দূরগমীরিতং।
স্থিরস্থিতো যদা মান্দিঃ কার্য্যমগ্রগতং বদেৎ।
দ্বন্দগো যদি মান্দিঃস্যান্মধ্যগং কম্পমীরিতং।
এবং মান্দ্য ফলং জ্ঞেয়ং প্রশ্নকালবশাৎকিল॥ ৩১॥

প্রশ্নকালে ঐরূপ শনির সপ্তম চন্দ্র যদি চররাশিস্থিত হন্ তাহা হইলে কার্য্যের বহু বিলম্ব বুঝায়, আর ঐ মান্দি যদি স্থির রাশিতে থাকে, তবে কার্য্য শীঘ্র হইবে এবং দ্ব্যাত্মক রাশিতে স্থিত হইলে কার্য্যের অর্দ্ধ সম্পন্ন জানা যায়। এই রূপে প্রশ্নকালানুসারে মান্দিফল নির্ণয় করিয়া প্রশ্নের শুভাশুভ জানিতে পারিবে॥ ৩১॥

প্রশ্নশাস্ত্রমিদং প্রোক্তং সমানেন তপোধনাঃ।
গ্রহরাশিস্বভাবানাং জ্ঞাপনং পক্ষিসংজ্ঞয়া ॥ ৩২ ॥
এতৎশাস্ত্রং নাস্তিকায় শঠায়ানৃজবে তথা।
——————নবক্তব্যং কদাচন ॥ ৩৩ ॥

এই রূপে সংক্ষেপে প্রশ্নশাস্ত্র কথিত হইল। এই প্রশ্ন শাস্ত্র পক্ষী উল্লেখ করিয়া বলা হইল কিন্তু উক্ত পক্ষীগণ বাস্তবিক পক্ষী নহে উহারা সকলই গ্রহ ও রাশিদিগের স্বভাবাদি অনুসারে ঐরূপ নাম কল্পিত হইয়াছে। এই প্রশ্নশাস্ত্র নাস্তিক, শঠ, ও বঞ্চক ইহাদিগের নিকট প্রকাশ করিবে না ॥ ৩২ ॥ ৩৩ ॥

কাদয়ষ্টাদয়ো ঞান্তাঃ পাদ্যাঃ পঞ্চপ্রকীর্ত্তিতাঃ।
যাদয়োঽষ্টৌ সমাখ্যাতা গণকৈর্বুদ্ধিমত্তমৈঃ ॥ ৩৪ ॥

ইতি পারিজাতে চতুর্থোঽধ্যায়ঃ।

এই প্রশ্নগণনায় কবর্গ হইতে তবর্গপর্য্যন্ত প্রত্যেক অক্ষরে ১০ দশ অঙ্ক গ্রহণ করিবে। পবর্গের প্রত্যেক বর্ণে ৫ পাঁচ, যবর্গে অর্থাৎ য র ল ব শ ষ স হ এই সকল অক্ষরের প্রত্যেক বর্ণে ৮ আট অঙ্ক ধরিবে। এইস্থলে বুদ্ধিমান গণক প্রশ্নের অবস্থা অনুসারে উক্ত অঙ্ক সকলের বিশেষ নির্ণয় করিবেন অর্থাৎ দশের স্থলে দশ, হাজার, দশ হাজার, পাঁচের স্থলে ৫ পাঁচ ২৫ পঁচিশ ৫০ পঞ্চাশ, আটেরস্থলে ৮ আট ৮০ আশী ইত্যাদি স্থির করিবে ॥৩৫॥

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত প্রকাশিত কলিত জ্যোতিষে পারিজাত পঞ্চ পক্ষী গণনং সমাপ্তং।

---

যাঁহারা পঞ্চপক্ষী গণনা শিক্ষা করিবেন তাঁহারা তাৎকালিক চন্দ্র গণনা অভ্যাস করিলে এই গণনায় বিশেষ ব্যুৎপত্তি লাভ করিতে পারিবেন অতএব নিম্নে তাৎকালিক চন্দ্রগণনা চক্রাদিসহ নরপতি জয়চর্য্যা স্বরোদয় হইতে উদ্ধৃত করিয়া প্রকটিত হইল।

## অথ তাৎকালিক চন্দ্রকথনং।

অথাতঃ সংপ্রবক্ষ্যামি তৎকালেন্দুপরিস্ফুটং। যেন বিজ্ঞায়তে সর্ব্বং ত্রৈলোক্যং সচরাচরং। লাভালাভং সুখং দুঃখং জীবিতং মরণং তথা। জয়ঃ পরাজয়ঃ সন্ধির্গমাগম বিনিশ্চয়ঃ। লুকং চিন্তা তথা মুষ্টিং রাজাবস্থাদিকৌতুকং। এতৎ সর্ব্বং তথা চান্যৎ জ্ঞায়তেঽত্র শুভাশুভং। অশ্বিন্যাদীন্দুভুক্তানি তানি ষষ্টি ৬০ হতানিচ। স্বভুক্তং নাড়িকাযুক্তং দ্বিঘ্নং নন্দ হৃতানিচ। দিনেন্দোর্ভুক্ত ভাগাদি জ্ঞায়তে চেষ্টকালিকঃ। উদয়াদিষ্ট নাড়্যস্ত ষড়্গুণা স্তত্র যোজয়েৎ। ত্রিংশদ্ভাগাপ্তরাশ্যাদি শ্চন্দ্র স্তৎকালসম্ভবঃ। চন্দ্রবৎ সর্ব্বখেটাংস্ত কুর্য্যাত্তৎকাল সম্ভবান্। তৎকাল রাশি নক্ষত্রে দ্রেক্কাণেচ নবাংশকে। জ্ঞাত্বা পরিস্ফুটং চন্দ্রং ততোঽবস্থাং নিরীক্ষয়েৎ। প্রবাসঃ ১ সুস্থতা ২ মৃত্যু ৩ র্জয়ো ৪ হাস্য ৫ জরো ৬ রতিঃ ৭। নষ্টতা ৮ শূন্যতা ৯ ক্রীড়া ১০ সুপ্তি ১১ র্ভুক্তিশ্চ ১২ মেষতঃ ॥ যথাবস্থাবিধো রাশৌ তথাধিষ্ট নবাংশয়োঃ। আদিপঞ্চ নবাবস্থা দ্রেক্কাণেচ স্বরাশিতঃ। এতাশ্চ দ্বাদশাবস্থা শশাঙ্কস্য দিনে দিনে। শুভাশুভেষু কার্য্যেষু ফলং নামানুসারতঃ। যথোক্তর বলাবস্থা রাশে দ্রেক্কাণ সম্ভবাঃ। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন অংশাবস্থাং নিরীক্ষয়েৎ। নবাংশকা অমীভব্যা ধনুঃ কর্ক্কি তুলা ঝষাঃ। বৃষ সিংহোস্তবা মধ্যাঃ শেষাঃ স্যু র্মৃত্যুদায়কাঃ। স্বক্ষেত্র স্বাংশকোচ্চস্থঃ শুভদৃষ্টোঽথবা যুতঃ। শুভমধ্যগতশ্চন্দ্রঃ সর্ব্বকার্য্যেষু শোভনঃ। শত্রুক্ষেত্রাংশ নীচস্থঃ ক্রূরযুক্তোঽথ বীক্ষিতঃ। ক্রূরমধ্যগত শ্চন্দ্রো মৃত্যুহানিকরঃপরঃ। লগ্নাম্বু সপ্তব্যোমস্থো ভবেৎ পাপযুতো বিধুঃ। আত্মপীড়া সুহৃৎপীড়া ত্রিকুট্যা বর্ত্তিতাঃ ক্রমাৎ। আত্মনো বন্ধুবর্গস্য জায়ায়াঃ কর্ম্মণঃ ক্রমাৎ। বিনাশো জায়তে শীঘ্রং তদ্বিনা কর্ম্মকারিণঃ। এবং শুভগ্রহৈ শ্চন্দ্রো যদা ভবতি কেন্দ্রগঃ। আত্ম বন্ধু কলত্রাণাং কর্ম্মণশ্চ তদা শুভং। ষষ্ঠাষ্টান্ত্যগতাঃ সৌম্যাঃ পাপাঃ কেন্দ্রান্ত্যবিত্তগাঃ। চন্দ্রাৎ প্রযত্নতস্ত্যাজ্যা অন্যত্রৈব সুশোভনাঃ। চররাশ্যংশগে চন্দ্রে যাত্রা ভবতি নিশ্চিতা। স্থিরেষু তন্তবেন্নৈব দ্বিস্বভাবে বিলম্বিতাঃ। নবাংশক ক্রমেণৈব জ্ঞেয়া অক্ষরগাগ্রহাঃ। তৈ শ্চন্দ্রাক্ষরং বিদ্ধং রজ্জুবেধে নিরীক্ষিতে। রাশি দ্রেক্কাণধিষ্টাংশে যস্য যস্যাক্ষরে স্থিতিঃ। তস্য তস্য ফলং বক্ষ্যে শশিনো রজ্জুবেধতঃ। রাশিতোঽত্রদিশো জ্ঞেয়া নক্ষত্রাৎ স্থাননির্ণয়ঃ। দ্রেক্কাণাত্তস্করা জ্ঞেয়া দ্রব্যনাম নবাংশকে। গ্রহদৃষ্টিবশাদ্বর্ণঃ সংখ্যা ভুক্তি প্রমাণতঃ। অক্ষরাৎ কালনির্দ্দেশো নামরজ্জু প্রবন্ধতঃ। জীবজ্ঞ শশিভির্জ্জীবং ধাতুং পাতার্কিভূসুতৈঃ। মূল মাদিত্য শুক্রাভ্যাং মিশ্রে র্মিশ্রং বিনির্দ্দিশেৎ। ইতিদৃষ্টে গ্রহৈশ্চন্দ্রে ভবেৎ কার্য্যস্য নির্ণয়ঃ। বলাধিকেন নির্দ্দেশঃকর্ত্তব্যা মিশ্রিতৈ র্গ্রহৈঃ। সজীবং জীবচন্দ্রাভ্যাং নির্জ্জীবং বুধবীক্ষিতে। ধাম্যা

ধাম্যং ক্রমাদ্দ্বেধা ধাতুং পাতার্কি ভূসুতৈঃ। মূলমাদিত্য শুক্রাভ্যাং শুষ্কাশুষ্কং ক্রমেণ তু। মিশ্রৈ র্ম্মিশ্রং ভবেদ্দ্রব্যং তৎকালেন্দৌ নিরীক্ষিতে। দ্বিপদং স্ত্রীতুলাযুগ্মে কুম্ভেচাপে পদোজ্ঝিতঃ। বহ্বঙ্ঘ্রিং মীনকর্কালৌ শেষে চন্দ্রে চতুষ্পদং। চতুর্দ্ধা দ্বিপদাজ্ঞেয়া দেবানৃপক্ষিরাক্ষসাঃ। এবং মেষাদিগে চন্দ্রে জ্ঞাতব্যা শ্চাত্র মিশ্রয়ে। চতুষ্পদাশ্চতুর্দ্ধাচ দন্তী শৃঙ্গী নখী খুরী। মেষাদি রাশিগেচন্দ্রে জ্ঞাতব্যাশ্চাত্রমিশ্রয়ে। অপদানেক পাদাশ্চ দ্বিধাস্থিল জলোদ্ভবাঃ। তেচ রাশিস্বভাবেন জ্ঞাতব্যা যত্রগঃ শশী। হেমং তারং তথা তাম্রং বঙ্গং পিত্তল লৌহকং। নাগং কাংশ্যং তথাপ্যস্থি জ্ঞেয়ং নবাংশকক্রমাৎ। গুল্মং বল্লী লতা কন্দং মেষাদ্যৈকৈক সংস্থিতে। পত্রং পুষ্পং ফলং মূলং ত্বচং ত্রিংশাংশকে বুধৈঃ। জাতি বিপ্রাদিকাবস্থা অন্ত্যজা স্তস্করাঃক্রমাৎ চন্দ্রে সূর্য্যাদি গেহস্থে চিন্তিতঃ পুরুষোপিবা। সূর্য্যাদি বেশ্মগে চন্দ্রে কুষ্ঠং লাঞ্ছন লাহকং। মসকং তিলকং স্ফোটং ঘাতং চৌরস্য নির্দ্দিশেৎ। গৌরোহতিগৌরঃ শ্যামশ্চ কৃষ্ণো মর্কটসন্নিভঃ। চন্দ্রে ত্রিংশাংশকে বর্ণো মানবানাং বিলোমতঃ। গ্রহদৃষ্টিযুতে বর্ণান্তে চ বর্ণাঃ পুরোদিতাঃ। জ্ঞাতব্যাঃ সর্ব্ববস্তূনাং নষ্টেবা চিন্তিতে পিবা। বালকং, তরুণং, বৃদ্ধং, দ্রেক্কাণৈঃ ক্রমতো বদেৎ। মিত্রাদিক্ষেত্রগে চন্দ্রে চিন্তা মিত্রাদিকাঙ্গনাঃ। ঊর্দ্ধঅর্দ্ধর্ক্ষগে চন্দ্রে ঊর্দ্ধং মধ্যঞ্চ তির্য্যগে। অধোমুখে ত্বধঃস্থঞ্চ নষ্টচিন্তাং বিনির্দ্দিশেৎ। রাশৌ ঋক্ষেচ দ্রেক্কাণে তথাচৈব নবাংশকে। একৈকস্য ফলং বক্ষ্যে রজ্জুবেধস্থিতে বিধৌ। দ্বাদশারং লিখেচ্চক্রং মেষাদ্যাঃ সৃষ্টিমার্গগাঃ। অকারাদি স্বরাদেয়া রাশি বেধা ভবন্ত্যমী। প্রথমে নবমে বেধো দ্বিতীয়ে সপ্তমে তথা। তৃতীয়ে পঞ্চমে রাশৌ দ্রেক্কাণে চ নবাংশকে। ঋক্ষাক্ষর চতুষ্কঞ্চ চতুষ্কঞ্চ পুনঃ পুনঃ। সপ্তবিংশতি ধিষ্টানাং বেধোহয় মুরজাকৃতিঃ।

সর্পাকার বেধযুক্ত তাৎকালিক চন্দ্রচক্র।

তৎকালিক চন্দ্রের দ্বারা গণনা। এই চক্রে মেষাদি দ্বাদশ রাশির দ্বাদশ গৃহ অঙ্কিত আছে। অ-কারে মেষ রাশি, আকারে বৃষ রাশি ইত্যাদি। বর্ণরূপে নয় পাদ নক্ষত্রে এক এক রাশি লিখিত হইয়াছে, যথা ক অবধি ঝ পর্য্যন্ত নয়পাদ ইত্যাদি। ক অশ্বিনী নক্ষত্রের এক পাদ। ক খ গ ঘ অশ্বিনী নক্ষত্রের চারি পাদ ইত্যাদি। অ-কারে ও কারকে বেধ করিয়াছে ইত্যাদি। ত্রিশ অংশে এক রাশি। দশ অংশে এক দ্রেক্কাণ ইত্যাদি।

কবর্গাদি চবর্গাণাং নবাক্ষর যথানিচ। এতৎ সর্ব্বং লিখেচ্চক্রে তত্রস্থাং ক্রমশস্তথা॥ দ্রেক্কাণে বেধ বক্ষ্যেহয়ং ষট্‌ত্রিংশন্মাতৃকাক্ষরৈঃ॥ ৩৬॥ চন্দ্রবেধেন বিজ্ঞেয়ং চৌরনামস্ফুটো ভবেৎ। ক্রূরঋক্ষগতে চন্দ্রে বিদ্যা চ্চৌরস্য সম্ভবং। অবেধে সৌম্যবেধে চ নষ্টং চৌরবিবর্জ্জিতং। যৎ সংখ্যাঃ খেচরাঃ ক্রূরাশ্চন্দ্র বেধে ব্যবস্থিতাঃ। তৎসংখ্যা স্তস্করা জ্ঞেয়াঃ সহায়াশ্চান্তরাক্ষরৈঃ। রূপং দ্রেক্কাণরূপেণ তস্করস্য প্রজায়তে। ক্রমাৎ দ্রেক্কাণ তো জ্ঞেয়ং কৃশং মধ্যং বলাধিকং। পংক্তিযুক্তান্ লিখেদ্বর্ণান্ সংখ্যয়াষ্টোত্তরং শতং। সর্পাকারোহংশ বেধোহয়ং তেন নামানি সাধয়েৎ। উদয়াস্তময়ে দ্রব্যং চৌরনাম রসাতলে। দশমে ধনিকস্যাপি এবং নামত্রয়ং ভবেৎ। বর্গাংশকাদি ভূমান মর্দ্ধহস্তো নিবর্ত্তনং। অর্দ্ধক্রোশং তথাক্রোশং দ্বিক্রোশং যোজনাদিকং।

দণ্ডাহঃ পক্ষমাসর্ত্তু যন্মাসাব্দং যুগাদিকং। বর্গক্ষর গতেচন্দ্রে বর্ণৈশ্চকান্তরক্রমাৎ। যদুক্তং যামলে চন্দ্রে জ্ঞানং তৎকাল-চন্দ্রতঃ। এতৎ সর্ব্বং ময়াখ্যাতং অবস্থাদি পরিস্ফুটং। যেন বিজ্ঞানমাত্রেণ সত্যতাং যাতিভূতলে। তৎকালচন্দ্রজং জ্ঞান মাভানি জনহেতবে। ইতি নরপতিজয়চর্য্যায়াস্বরোদয়ে তৎ-কালচন্দ্রঃ চক্রম্॥

## তাৎকালিক চন্দ্র।

| ক। | খ॥ | গ ৸ | ঘ ১ | ঙ ১। | চ ১॥ | ছ ১৸ | জ ২ | ঝ ২। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ঞ ২॥ | ট ২৸ | ঠ ৩ | ড ৩। | ঢ ৩॥ | ণ ৩৸ | ত ৪ | থ ৪। | দ ৪॥ |
| ধ ৪৸ | ন ৫ | প ৫। | ফ ৫॥ | ব ৫৸ | ভ ৬ | ম ৬। | য ৬॥ | র ৬৸ |
| ল ৭ | ব ৭। | শ ৭॥ | ষ ৭৸ | স ৮ | হ ৮। | ক্ষ ৮॥ | ক ৮৸ | খ ৯ |
| গ ৯। | ঘ ৯॥ | ঙ ৯৸ | চ ১০ | ছ ১০। | জ ১০॥ | ঝ ১০৸ | ঞ ১১ | ট ১১। |
| ঠ ১১॥ | ড ১১৸ | ঢ ১২ | ণ ১২। | ত ১২॥ | থ ১২৸ | দ ১৩ | ধ ১৩। | ন ১৩॥ |
| প ১৩৸ | ফ ১৪ | ব ১৪। | ভ ১৪॥ | ম ১৪৸ | য ১৫ | র ১৫। | ল ১৫॥ | ব ১৫৸ |
| শ ১৬ | ষ ১৬। | স ১৬॥ | হ ১৬৸ | ক্ষ ১৭ | ক ১৭। | খ ১৭॥ | গ ১৭।।। | ঘ ১৮ |
| ঙ ১৮। | চ ১৮॥ | ছ ১৮।।। | জ ১৯ | ঝ ১৯। | ঞ ১৯॥ | ট ১৯।।। | ঠ ২০ | ড ২০। |
| ঢ ২০॥ | ণ ২০।।। | ত ২১ | থ ২১। | দ ২১॥ | ধ ২১।।। | ন ২২ | প ২২। | ফ ২২॥ |
| ব ২২।।। | ভ ২৩ | ম ২৩। | য ২৩॥ | র ২৩।।। | ল ২৪ | ব ২৪। | শ ২৪॥ | ষ ২৪।।। |
| স ২৫ | হ ২৫। | ক্ষ ২৫॥ | ক ২৫।।। | খ ২৬ | গ ২৬। | ঘ ২৬॥ | ঙ ২৬।।। | চ ২৭ |

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষে পারিজাত পঞ্চপক্ষী ও তাৎকালিক চন্দ্র সমাপ্তঃ।

# শিবোক্ত পঞ্চপক্ষী।

শ্রীশ্রীশিবোক্ত পঞ্চ পক্ষির বিশদার্থ।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| শ্যেন | পিঙ্গল | কাক | কুক্কুট | ময়ূর |
| বাল, পৃথ্বী, গন্ধ ঈশ্বর, গুরু। | কুমার, আপ, রস, পবন, শুক্র। | তরুণ, তেজ, রূপ, ইন্দ্র, কুজ। | বৃদ্ধ, বায়ু, স্পর্শ, আকাশ, বুধ। | মৃত্যু, আকাশ, শব্দ, সদাশিব, শনি। |
| অ ক ছ ড ধ ভ ব<br>মেষ, সিংহ, বৃশ্চিক,<br>রবি মঙ্গল।<br>নন্দা, প্রতিপদ ষষ্ঠী, একাদশী,<br>২৭ রেবতী, ১ অশ্বিনী, ২ ভরণী, ৩ কৃত্তিকা ৪ রোহিণী, ৫ মৃগশিরা। ৬ আর্দ্রা। | ই খ জ ঢ ন ম শ<br>কন্যা মিথুন কর্কট,<br>সোম বুধ,<br>ভদ্রা দ্বিতীয়া সপ্তম দ্বাদশী।<br>৭ পুনর্ব্বসু ৮ পুষ্যা ৯ অশ্লেষা ১০ মঘা ১১ পূর্ব্ব ফল গুণী। | উ গ ঝ ত প য ষ<br>ধনুঃ মীন বৃহস্পতি।<br>জয়া তৃতীয়া অষ্টমী ত্রয়োদশী।<br>১২ উত্তরফল্গুণী ১৩ হস্তা ১৪ চিত্রা ১৫ স্বাতি ১৬ বিশাখা। | এ ঘ ট থ ফ র স<br>তুলা বৃষ<br>শুক্র।<br>রিক্তা চতুর্থী নবমী চতুর্দ্দশী।<br>১৭ অনুরাধা ১৮ জ্যেষ্ঠা ১৯ মূলা২০ পূর্ব্বাষাঢ়া ২১ উত্তরাষাঢ়া। | ও চ ঠ দ ব ল হ<br>মকর কুম্ভ শনি।<br>পূর্ণা পঞ্চমী দশমী পৌর্ণমাসী অমাবস্যা।<br>২২ শ্রবণা ২৩ ধনিষ্ঠা ২৪ শতভিষা ২৫ পূর্ব্বভাদ্রপদ ২৬ উত্তরভাদ্রপদ২৭রেবতী |
| ভবিষ্যৎ কাল।<br>মূলচিন্তা<br>দ্বিপদ, পুরুষ, দ্বিজ<br>হিরণ্যবর্ণ<br>কাকাপেক্ষা দুর্ব্বল<br>মিত্র ময়ূর।<br>শত্রু, কাক, কুক্কুট<br>অদৃশ্য ধন<br>পৃথ্বীতলে, নিজগৃহে<br>বন্ধু স্থানে, স্ব গ্রামে<br>এক ক্রোশ পূর্ব্ব। মুখ,<br>পূর্ব্ব দিক | ভূতকাল<br>জীবচিন্তা, চতুষ্পদ, স্ত্রী<br>দ্বিজ, শুক্লবর্ণ<br>শ্যেন কাক হইতে দুর্ব্বল<br>মিত্র শ্যেন<br>সুহৃৎ ময়ূর ও কুক্কুট<br>শত্রু কাক ও কুক্কুট<br>কণ্ঠ, বাহু,<br>জলকাদামধ্যে<br>স্বগ্রামে<br>দশ হস্তদূরে<br>দক্ষিণ দিকে | ভবিষ্যৎকাল<br>ধাতুচিন্তা, দ্বিপদ, পুরুষ,<br>ক্ষত্রিয়, রক্তবর্ণ,<br>সর্ব্বাপেক্ষা বলবান্<br>মিত্র ময়ূর,<br>শত্রুপিঙ্গল<br>শ্যেন, কুক্কুট<br>বক্ষঃস্থল<br>তৃণসংযুক্ত<br>বন্ধুর,<br>আত্মীয় নিকট<br>দুই ক্রোশ পশ্চিম দিকে | বর্ত্তমানকাল<br>মূলজীব, নখী শৃঙ্গী<br>চিত্রবিচিত্রবর্ণ<br>পুরুষ ও স্ত্রী<br>উভয়, শূদ্র, বণিক<br>কাক ও শ্যেন হইতে দুর্ব্বল<br>সুহৃদ ময়ূর ও পিঙ্গল<br>শত্রু শ্যেন ও কাক। পৃষ্ঠ<br>কুক্ষিভাগ, ভস্মাবৃত<br>পরদেশে এক ক্রোশ<br>মধ্যে<br>উত্তর দিক্ | ভূতকাল<br>মূলধাতু, পক্ষিজীবিক<br>নপুংসক অন্ত্যজ শ্যামল<br>সর্ব্বাপেক্ষা দুর্ব্বল<br>মিত্রপিঙ্গল,<br>শত্রুশ্যেন ও কাক<br>পাদযুগ, উর্দ্ধস্থানে<br>শ্যেন, শিখী, গ্রহমধ্যে<br>বক্ষস্থলে পরগ্রাম<br>ক্রোশার্দ্ধ, উর্দ্ধ অধঃ এবং<br>কোণাদি। |

### শুক্ল পক্ষে।

বাল পৃথ্বী ঈশ্বর গন্ধ শুরু। মেষ সিংহ বৃশ্চিক রবি মঙ্গল। নন্দা (প্রতিপদ ষষ্ঠী একাদশী।) ২৭. রেবতি ১ অশ্বিনী, ২ ভরণী ৩ কৃত্তিকা ৪ রোহিণী ৫ মৃগশিরা ৬ আর্দ্রা। শুক্লপক্ষে উপরি উক্ত বার প্রভৃতির অধিপতি শ্যেন।

### কৃষ্ণ পক্ষে।

ঐ সকল বার তিথি প্রভৃতির অধিপতি শ্যেন।

---

### শুক্ল পক্ষে।

কুমার আপ পবন রস শুক্র। কন্যা মিথুন কর্কট। সোম বুধ। ভদ্রা (দ্বিতীয়া সপ্তমী দ্বাদশী।) ৭ পুনর্ব্বসু ৮পুষ্যা ৯ অশ্লেষা ১০ মঘা ১১ পূর্ব্বফল্গুনী। শুক্ল পক্ষে উপরি উক্তবার ইত্যাদির অধিপতি পিঙ্গল।

### কৃষ্ণ পক্ষে।

কৃষ্ণপক্ষে উপরিউক্ত তিথি নক্ষত্রাদির অধিপতি কুক্কুট।

---

### শুক্ল পক্ষে।

তরুণ তেজ ইন্দ্র রূপ কুজ। ধনু মীন। বৃহস্পতি। জয়া (তৃতীয়া অষ্টমী ত্রয়োদশী।) ১২ উত্তরফল্গুনী ১৩ হস্তা ১৪চিত্রা ১৫ স্বাতিঃ ১৬ বিশাখা। শুক্ল পক্ষে এই সকলের অধিপতি কাক।

### কৃষ্ণ পক্ষে।

কৃষ্ণ পক্ষে ঐ ঐ বার তিথি নক্ষত্র ইত্যাদির অধিপতি পিঙ্গল।

---

### শুক্ল পক্ষে।

বৃদ্ধ বায়ু আকাশ স্পর্শ বুধ। তুলা বৃষ। শুক্র। রিক্তা (চতুর্থী নবমী চতুর্দ্দশী।) ১৭ অনুরাধা ১৮ জ্যেষ্ঠা ১৯ মূলা ২০ পূর্ব্বাষাঢ়া ২১ উত্তরাষাঢ়া। শুক্ল পক্ষে এই সকলের অধিপতি কুক্কুট।

### কৃষ্ণ পক্ষে।

কৃষ্ণ পক্ষে ঐ ঐ বারতিথি ইত্যাদির অধিপতি ময়ূর।

---

### শুক্ল পক্ষে।

মৃত্যু। আকাশ। শিব। শব্দ। শনি। মকর কুম্ভ। শনি। পূর্ণা (পঞ্চমী দশমী অমাবস্যা পূর্ণিমা।) ২২ শ্রবণা ২৩ ধনিষ্ঠা ২৪ শতভিষা ২৫ পূর্ব্বভাদ্রপদ ২৬ উত্তর ভাদ্র পদ। শুক্ল পক্ষে এই সকলের অধিপতি ময়ূর।

### কৃষ্ণ পক্ষে।

কৃষ্ণ পক্ষে ঐ ঐ বার তিথি ইত্যাদির অধিপতি কাক।

নিঃশ্বাস রূপে পঞ্চভূতের অবস্থা পবনবিজয় স্বরোদয়ে উক্ত হইয়াছে। বালাদিস্বর, পঞ্চপক্ষী, উদিতাদিস্বর, এবং জন্ম কর্ম্মাদিস্বর এই সকল পঞ্চতত্বের অনুরূপ।

অকারাদিক্ষকারান্ত-বালাদিপঞ্চকাঃস্বরাঃ।
আদ্যবর্ণং লভেৎ প্রশ্নে বালাদিফলসম্মতাঃ॥

বালকে পরচিন্তা স্যাৎ গমাগমনসংশয়ঃ।
পদ্মদ্রব্যগতঃ স্থিরঃ কিঞ্চিলাভ ন সংশয়ঃ॥ ১॥
কুমারে দ্বিতীয়ং প্রশ্নং পুংস্ত্রিয়ং বালকান্বিতম্।
অথবা রজতং খণ্ডং মূলঞ্চ লাভমর্দ্ধকম্॥ ২
তরুণে স্থানচিন্তা স্যাৎ লাভচিন্তা বিশেষতঃ।
স্বস্থে৷ দ্বিতীয় জীবশ্চ প্রবাসং কুরুতে সদা॥ ৩॥
বৃদ্ধে রোগভয়ঞ্চৈব কলহং দুঃখ চিন্তনম্॥ ৪॥
নষ্টংবাপি মনস্তাপং স্থানভ্রষ্টং গমাগমৌ।
পীড়িতং মরণং বাপি পরহস্তগতং ধনম্॥ ৫॥

১। অকারাদি ক্ষ পর্য্যন্ত বর্ণসমূহকে বালাদি পঞ্চস্বরে যে রূপে বিভক্ত করিতে হয়, তাহা এই পুস্তকে লিখিত হইয়াছে। এইরূপে উক্ত বালাদি অবস্থার দ্বারা প্রশ্নের আদ্যক্ষর গ্রহণ করিয়া ঐ বর্ণের বালাদি অবস্থা বিবেচনা পূর্ব্বক প্রশ্ন এবং তাহার ফল নির্ণয় করিবে।

২। যোগস্বরে স্বকর্ম্ম। পিণ্ডস্বরে স্ব শরীর, নক্ষত্র স্বরে সুহৃদ জন, রাশিস্বরে আত্মকুল। জীবস্বরে আত্মবিত্ত। গ্রহ স্বরে শত্রু জন। বর্ণস্বরে আত্মস্বামিত্বের। এবং মাত্রাস্বরে স্ত্রী সম্বন্ধীয় চিন্তা জানায়।

### অথ পঞ্চপক্ষী গণনার সঙ্কেত।

৩। প্রশ্নবাক্যের আদ্যক্ষরে যে স্বর হইবে? তাহা গ্রহণ করিয়া বার কল্পনা করিবে। তদনন্তর তাহার দ্বারা শুক্ল কৃষ্ণ পক্ষ ভেদে পক্ষী নিশ্চয় করিয়া তাহার বলাবল এবং ভুক্তি দ্বারা ভোজনাদি অবস্থা ভেদে ফলাফল নির্ণয় করিবে।

৩। অন্যান্য জ্যোতিষ শাস্ত্রে দ্বাদশ সংখ্যক লগ্ন দ্বারা গণনা হয়, পঞ্চপক্ষী শাস্ত্রের দ্বারা কেবলমাত্র পাঁচ সংখ্যক লগ্ন দ্বারা অতি অল্প সময় মধ্যে অত্যুৎকৃষ্টরূপে গণনা হইতে পারে।

৪। কোন কোন মতে প্রশ্নপক্ষী। দিনপক্ষী। দণ্ডপক্ষী। ভাগাংশ পক্ষী। বারপক্ষী। তিথিপক্ষী। নক্ষত্রপক্ষী। কল্পনা করিয়া গণনা করিয়া থাকে। ঐ সকল পক্ষীর মধ্যে প্রশ্নপক্ষী তিথিপক্ষী এবং নক্ষত্র পক্ষী ফলবাচক।

৫। পঞ্চতত্ব দ্বারা যে যে বিষয় প্রশ্নে প্রয়োজন তাহা নিম্ন প্রদর্শিত চক্রে লিখিত হইল।

## অথ পঞ্চ তত্ত্বের সংজ্ঞার নির্ঘণ্ট।

| পৃথ্বীতত্ত্ব | জলতত্ত্ব | অগ্নিতত্ত্ব | বায়ুতত্ত্ব | আকাশতত্ত্ব |
|---|---|---|---|---|
| বৃহস্পতি পূর্ব্ব | শুক্র দক্ষিণ | মঙ্গল পশ্চিম | বুধ উত্তর | শনি উর্দ্ধাদি |
| অগ্নি | নৈর্ঋত। | বায়ু | ঈশান। | ও কোণাদি |
| ঈশ্বর দেবতা | পবন দেবতা | ইন্দ্র দেবতা | আকাশ দেবতা | সদাশিব দেবতা |
| ব্রহ্মা | বিষ্ণু | রুদ্র | ঈশ্বর | সদাশিব |
| মধ্যেবহতি | অধ বহতি | ঊর্দ্ধ বহতি | তির্য্যক্ বহতি | সর্ব্বদিক বহতি |
| স্তম্ভং | শান্তি | মৃত্যু | উচ্চাটন | কটু |
| মধুরং | কষায়ং | তিক্ত | অম্ল | নাসাপুট মধ্যে ঘুরিয়া |
| বার অঙ্গুল বহন শ্বাস | ষোল অঙ্গুল বহন শ্বাস | চৌদ্দ অঙ্গুল বহন শ্বাস | অষ্টাঙ্গুলবহনশ্বাস | ঘুরিয়া বহন হয় |
| জানুদেশ | পাদান্তে | স্কন্ধদেশ | নাভিমূলে | মস্তকে |
| যুদ্ধই নিশ্চয় | সন্ধি | বিজয় | রণভঙ্গ | নিধন |
| বাত জন্য পিত্ত ও কফ | কফ জন্য | পিত্তজন্য | বাতজন্য বাত পিত্ত | সান্নিপাত বায়ুতত্ত্বে প্রশ্ন |
| ত্রিদোষ মিশ্রিত পীড়া। | শ্বেতবর্ণ | রক্তবর্ণ | কি বাতশ্লেষ্মা | করিয়া বহ্নিতত্ত্ব সময় |
| পীতবর্ণ | বর্ত্তুলাকৃতি(গোলাকার) | ত্রিকোণ | নীলবর্ণ | প্রস্থান করিলে বাত- |
| চতুরস্র (চৌকা) | শুভফল | মিশ্রফল | অর্দ্ধচন্দ্রাকৃতি | পিত্ত জন্য অন্যত্রে বাত- |
| শুভফল | জীব। দ্বিপদ | ধাতু, চতুষ্পদ | হানি ও মৃত্যুকর ফল | শ্লেষ্মা। নানা আকার |
| মূল বহুপদ | শ্বেত বর্ণ | রক্তবর্ণ | জীব, দ্বিপদ | কৃষ্ণবর্ণ |
| পীতবর্ণ | চর কর্ম্ম | সোম কর্ম্ম | নীলবর্ণ | হানি ও মৃত্যুকর ফল |
| স্থির কর্ম্ম | সিদ্ধি | মৃত্যু | মারণ উচ্চাটন | শূন্য পদহীন |
| সিদ্ধি | তৎক্ষণাৎ | লাভ হানি | ক্ষয় | ভূরি বর্ণ |
| চির লাভ | জ্বর কম্প | নিদ্রাবস্থায় | লাভ হানি | অন্য কর্ম্ম কিছু করিবে |
| তুষ্টি পুষ্টি রতি ক্রিয়া জয় | শুক্র শোণিত মজ্জা | নিদ্রা ক্ষুধা তৃষ্ণা ক্লান্তি | নিদ্রাবস্থায় | না, সেওয়ায় যোগসেবা |
| হাস্য | মল মূত্র | আলস্য | ধারণ, চালন, ক্ষেপণ, | নিষ্ফল |
| অস্থি মাংস লোম | | | সঙ্কোচ, প্রসারণ। | নিষ্ফল |
| নখ ত্বক্ | ২০ পূর্ব্বাষাঢ়া ৯ অশ্লেষা | ভরণী ৩ কৃত্তিকা ৮ পুষ্যা | ১৬ বিশাখা ১২ উত্তরফল্গুণী | মৃত্যু |
| ২৩ ধনিষ্ঠা ২৭ রেবতী | ১৯ মূলা ৬ আর্দ্রা ৪ রো- | ১০ মঘা ১২ উত্তরফল্গুণী | ১৩ হস্তা ১৪ চিত্রা ৭ পুন- | কাম, ক্রোধ, মোহ, |
| ১৮ জ্যেষ্ঠা ১৭ অনুরাধা | হিণী ২৬ উত্তরভাদ্রপদ | ২৫ পূর্ব্বভাদ্রপদ | র্ব্বসু ১ অশ্বিনী | লজ্জা লোভ |
| ২২ শ্রবণা অভিজিৎ | ২৪ শতভিষা | ১৫ স্বাতি | ৫ মৃগশিরা | |
| ২১ উত্তরাষাঢ়া। | ৪০ পল | ৩০ পল | ২০ পল | ১০ পল |
| ৫০ পল, ৫ গুণ | ৪ গুণ | ৩ গুণ | ২ গুণ | ১ গুণ |
| যাত্রা কালে | | | | |
| উদরে আঘাত | পদ স্থানে আঘাত | উরুস্থানে আঘাত | করস্থানে আঘাত | শিরে আঘাত |
| পুত্র | পুত্রী | গর্ভপাত | কন্যা | নপুংসক |

# শিবোক্ত পঞ্চপক্ষী।

—জ—

অভিগম্য মহাদেবং সর্ব্বশাস্ত্রবিশারদম্।
ভবিষ্যদর্থবোধায় পপ্রচ্ছ মুনয়ো মুদা॥
তেষাং বচনমাকর্ণ্য নিজগাদ মহেশ্বরঃ।১
শ্রীমহারুদ্র উবাচ।—ত্রিকালজ্ঞানবোধার্থং পঞ্চপক্ষী প্রদর্শ্যতে।
অনেনৈব তু সারেণ লোকৈঃ কালত্রয়ং প্রতি॥
বলাবলানি দৃশ্যন্তে সর্ব্বকার্য্যেষু নিশ্চিতম্।২
আগতং প্রচ্ছকং দৃষ্ট্বা দৈবজ্ঞঃ সাবধানতঃ।
করোতি যদ্বৎ কর্ম্মাণি তস্মাৎ সর্ব্বং বিচিন্তয়েৎ॥ ৩
ঊর্দ্ধাবলোকনে জীবস্ত্বধোদৃষ্টৌ তু মূলকম্।
সমদৃষ্টৌ ভবেদ্ধাতুরেতাশ্চিন্তাঃ প্রভেদতঃ॥
ললাটে পুত্রচিন্তা স্যাৎ কামচিন্তা চ কণ্ঠকে।
বাহুভ্যাং বস্তুচিন্তা চ ব্যাধিচিন্তাপি চোদরে॥
কটৌ বিচ্ছেদচিন্তা চ শত্রুচিন্তা চ গুহ্যকে।
দুঃখচিন্তা ভবেৎ পাদে এতশ্চিন্তা প্রভেদিকা॥৪*

মতান্তরে—বাহুমস্তক সংস্পর্শাৎ জীবচিন্তা শুভপ্রদা।
বক্ষোদরকটিস্পর্শাৎ ধাতুচিন্তা মনোরমা॥
গুহ্যো রুবস্তিতো জ্ঞেয়ং মধ্যমং মূলচিন্তনম্।
জানুজঙ্ঘাপদাজ্জীবধাতুমূলনিরূপণম্॥
পাদে গমন চিন্তা স্যাৎ আননে ব্যবসায়িনঃ।
চিবুকে পরমন্দস্য বক্ষসি প্রীতিচিন্তনম্॥
পার্শ্বে পরগতা চিন্তা পরাঙ্গে পরমঙ্গলম্।
গর্ত্তে চ গর্ত্তচিন্তা স্যাৎ কটৌ মরণমেব চ॥
মুদ্রিতাক্ষে আত্মশুভং পার্শ্বে চৈব গমাগমম্।
বস্ত্রং বা দ্রব্যসংযুক্তং প্রবাসং লাভচিন্তনম্॥
পৃষ্ঠদেশে পরচক্রম্ অথবা ক্লেশচিন্তনম্।
পাদবিক্ষেপমাত্রেণ পরচিন্তাগমাগমম্।
কম্পনং কণ্ডুদুঃখঞ্চ শুভং স্যাৎ করকম্পনে।
হাস্যে পরগতং সৌখ্যং দুঃখং স্যাদোষ্ঠ মার্জ্জনে॥
সাক্ষাতে পরদূতঞ্চ পরমঙ্গলকারণম্।
প্রশ্নান্তে দৃশ্যতে যাদৃক্ তস্যাং দিশি ন সংশয়ঃ॥
কণ্ঠে বাহৌ স্থিতে হস্তে জীবচিন্তাং প্রকীর্ত্তয়েৎ।
কণ্ঠে স্বদেহচিন্তা চ বাহৌ ক্রিয়া বিশেষতঃ॥
মস্তকে পরকার্য্যাণি ময়ূরার্থশ্চ দৃশ্যতে।
কৃষ্ণষ্টদ্রব্যস্য চিন্তনং॥
কৃষ্ণ পক্ষে ঐ ঐ বার ৬

কটিদেশে যদা হস্তং তীর্থ চিন্তা চ জায়তে।
উরুদেশে যদা হস্তো বিবাহঃ পুত্রচিন্তনম্।
নাভিদেশে যদা হস্তো রোগো মৃত্যুশ্চ দৃশ্যতে॥
নেত্রে হস্তসমারোপে অর্থচিন্তাপি জায়তে।
বস্ত্রচিন্তা বক্ষসি স্যাদ্দূরে বা গমনস্তথা॥
পাদাঙ্গুষ্ঠে যদা হস্তং কুরুতে প্রশ্নকারকঃ।
গর্ত্তচিন্তা ভক্ষ চিন্তা ভূমিচিন্তাপি জায়তে॥
গ্রীবায়াং পৃষ্ঠদেশে চ যদা হস্তশ্চ রোপিতঃ।
মোচনং বন্ধনস্যাপি সুখদুঃখঞ্চ চিন্তয়েৎ।
অধরে রোপিতং হস্তং চিবুকে দশনে তথা।
চতুষ্পদগজাদেশ্চ চিন্তনং জায়তে ধ্রুবম্॥
প্রশ্নান্তে দৃশ্যতে যাদৃক্ তস্যাং দিশি ন সংশয়ঃ।
যস্যাং দিশি স্থিতঃ প্রশ্নং কুরুতে যো নরঃ স্বয়ম্॥
তস্যাং দিশি ফলং সর্ব্বং কথয়ামি শুভাশুভম্।
পূর্ব্বোত্তরে সমীপে চ দূরে দক্ষিণপশ্চিমৌ॥
ঈশানাগ্নৌ পথি জ্ঞেয়ং ন দৃষ্টং বায়ুনৈঋতম্॥
প্রশ্নং কৃত্বা প্রচলিতে গতিচিন্তা ভবেৎ ধ্রুবম্।
ত্রস্তপ্রশ্নে নষ্টচিন্তা গমচিন্তা তথা ভবেৎ।
শিরঃস্বর্গং হৃদামর্ত্ত্যং পাদে পাতালকং বিদুঃ।

(হৃদী আত্মা নিয়োজয়েৎ।)

মুনিগণ সর্ব্বশাস্ত্রবিশারদ ( ত্রিকালদর্শী ) মহাদেবের নিকট উপস্থিত হইয়া বর্ত্তমান ভূত, ভবিষ্যৎ, এই ত্রিকালীন বিষয় পরিজ্ঞাত হইবার অর্থাৎ ত্রিকালদর্শী হইবার উপায় জিজ্ঞাসা করিলেন। মহেশ্বর, মুনিগণের বাক্য শ্রবণ করিয়া যথাক্রমে বিস্তারিত রূপে উপদেশ দিতে আরম্ভ করিলেন।

শ্রীমহারুদ্র কহিলেন। বর্ত্তমান, ভূত, ভবিষ্যৎ, এই কালত্রয়ের সমুদায় বৃত্তান্ত পরিজ্ঞাত হইবার নিমিত্ত পঞ্চপক্ষী অর্থাৎ শকুনশাস্ত্র প্রকাশ করিতেছি। এই শকুনশাস্ত্রানুসারে সমুদায় কার্য্যে লাভালাভ, শুভাশুভ, জয়পরাজয় প্রভৃতি পরিজ্ঞাত হইতে পারা যাইবে এবং কল্পিত পক্ষিগণের বলাবল শত্রুমিত্রভাব প্রভৃতিও জানিতে পারিলে ফল নিশ্চয় করিতে পারা যাইবে।

যখন প্রশ্নকর্ত্তা উপস্থিত হইয়া প্রশ্ন করিবে, তখন সে যে যে কার্য্য করে, দৈবজ্ঞ সতর্ক হইয়া তাহা নিরীক্ষণ করিবেন। পরে প্রশ্নকর্ত্তার কার্য্য দেখিয়া তাহার মানসিক ভাব নিরূপণ করিবেন।

প্রশ্নকর্ত্তা যদি ঊর্দ্ধদৃষ্টি করেন, তাহা হইলে জীবচিন্তা, অধোদৃষ্টি করিলে মূলচিন্তা, সম দৃষ্টি করিলে ধাতুচিন্তা নির্ণয় করিবে। দৃষ্টিপাত দ্বারা এই তিনপ্রকার চিন্তাভেদ প্রকাশ হইবে।

প্রশ্নকর্ত্তা প্রশ্ন কালে যদি ললাটে হস্ত প্রদান করেন, তাহা হইলে পুত্রচিন্তা, কণ্ঠে হস্ত প্রদান করিলে কামচিন্তা, বাহুযুগলে হস্ত প্রদান করিলে বস্তুচিন্তা, উদরে হস্ত প্রদান করিলে ব্যাধিচিন্তা, কটিদেশে হস্ত প্রদান করিলে বিচ্ছেদ চিন্তা, গুহ্য দেশে হস্ত প্রদান করিলে শত্রুচিন্তা, চরণে হস্ত প্রদান করিলে দুঃখচিন্তা, এইরূপে চিন্তাভেদ নিরূপণ করিবে। এই বিষয় গ্রন্থান্তর হইতে বিস্তারিতরূপে নিম্নে লিখিত হইতেছে।

এই শরীরস্থিত আত্মা অর্থাৎ জীব যাহা করিতে মানস করেন, অথবা চিন্তা করেন, মানসিক বৃত্তিসমুদায় দ্বারা তাহা প্রকাশিত হয়, কারণ মানসিক বৃত্তিবিশেষ দ্বারা শরীরের অবস্থাবিশেষ বা কার্য্য বিশেষ হয়। শরীরের সমুদায় অঙ্গপ্রত্যঙ্গেই এক একটী সূক্ষ্মশিরা সঞ্চারিত আছে। তদ্দ্বারা ইচ্ছানাম্নী মানসিক বৃত্তি চালিত হইলে শরীরের কার্য্য দেখিতে পাওয়া যায়। এইরূপ হর্ষ বিষাদ শোক প্রভৃতি অন্যান্য বৃত্তিও ঐশিরা দ্বারা চালিত হইয়া শরীরে কার্য্য বিশেষ বা ভাবান্তর উৎপাদন করিয়া দেয়। যখন জীব স্থানান্তরে যাইতে ইচ্ছা করেন, তখন সেই ইচ্ছারূপ মানসিক বৃত্তি অর্থাৎ জিগমিষাবৃত্তি শিরা দ্বারা চরণাদিতে সঞ্চারিত হইবামাত্র চরণ সঞ্চলিত হয়। যখন অপর ব্যক্তির নিকট কোন অভিপ্রায় ব্যক্ত করিবার ইচ্ছা হয়, তখন ঐ বিবক্ষা বৃত্তি শিরা দ্বারা হৃদয় কণ্ঠ তালু প্রভৃতি স্থানে চালিত হইয়া আঘাত বা অঙ্গ সঙ্কোচিত ও প্রসারিত করাতে তাহা দ্বারা অর্থব্যঞ্জক শব্দের উৎপত্তি হইয়া থাকে। এইরূপ শিরা দ্বারা মানসিক বৃত্তি চালিত হওয়াতেই ক্রোধযুক্ত ব্যক্তির চক্ষুঃ প্রসারিত ও রক্তবর্ণ, মুখমণ্ডল বিস্তীর্ণ, এবং সর্ব্বশরীর চালিত হইতে থাকে। কখন কখন ক্রুদ্ধ ব্যক্তি দন্ত দ্বারা ওষ্ঠ দংশন করে। ক্রোধ অধিক হইলে সর্ব্বশরীর কম্পান্বিত হইতে থাকে। কেহ কেহ আপনার অঙ্গে বা মেজে বা মৃত্তিকাতে করাঘাত করিতে থাকে। এইরূপ বিষাদ উপস্থিত হইলে শিরা সমুদায় সঙ্কুচিত হয়। তাহাতে চক্ষুঃ ও ওষ্ঠ সঙ্কুচিত হইতে দেখা যায়। সাধারণ লোকে বলে, অমুক বৃত্তান্ত শুনিবামাত্র অমুকের মুখ শুকাইয়া গেল। এই শিরা সঙ্কুচিত হওয়াতে জীবগণ উৎসাহ রহিত ও জড়বৎ হইয়া পড়ে। মনে আহ্লাদ হইলে চক্ষু ও মুখমণ্ডল বিকসিত হয়। কৌতুকের কথা উপস্থিত হইলে মুখে হাস্য উপস্থিত হওয়াতে ওষ্ঠ প্রসারিত হয় ও দন্ত দৃষ্ট হইতে থাকে। সম্মুখে অম্লদ্রব্য রাখিলে যে ব্যক্তি ২৫।৩০ বৎসরও অম্ল খায় নাই, তাহারও মুখ দিয়া লাল নিঃসৃত হইতে থাকে। সর্ব্বাঙ্গসুন্দরী যুবতী কামিনীর অনাবৃত অঙ্গবিশেষ অবলোকন করিলে যুবার শরীরে ভাবান্তর ও কার্য্যবিশেষ হইতে থাকে। এইরূপ প্রত্যেক মানসিক ভাব দ্বারা মনুষ্যের অঙ্গবিশেষের ব্যাপারবিশেষ ও ভাববিশেষ লক্ষিত হইয়া থাকে। এই

কারণেই পুত্রচিন্তা সময়ে ললাটে হস্ত ও ব্যধিচিন্তা সময়ে উদরে হস্ত চালিত হইয়া থাকে। এই কারণে জীবচিন্তা কালে ঊর্দ্ধে দৃষ্টি এবং মূলচিন্তা সময়ে ভূমির প্রতি দৃষ্টি চালিত হয়। প্রশ্নকর্ত্তা স্বয়ং ইহা অনুভব করিতে পারে না। দৈবজ্ঞ, প্রশ্নকর্ত্তার শারীরিক ব্যাপার ও শারীরিক ভাব নিরীক্ষণ করিয়া প্রথমত কোন্ বিষয়ক চিন্তা প্রশ্নকারীর মনে আছে, তাহা স্থির করিয়া পশ্চাৎ সূক্ষ্মানুসূক্ষ্ম গণনা করিবেন।

অন্য গ্রন্থে শারীরিক ভাব ও শারীরিক ব্যাপার পরীক্ষার নিমিত্ত এইরূপ উপায় নির্দ্দেশ করিয়াছেন যে,——

প্রশ্নকর্ত্তা যদি প্রশ্নকালে বাহু বা মস্তক স্পর্শ করেন, তাহা হইলে জীবচিন্তা স্থির করিবে পরন্তু প্রশ্নকালে যে ব্যক্তি বাহু বা মস্তক স্পর্শ করে, তাহার শুভ ফল হয়। প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে যদি বক্ষস্থল উদর বা কটিদেশ স্পর্শ করে, তাহা হইলে তাহার ধাতুচিন্তা স্থির করিবে, পরন্তু যে ব্যক্তি প্রশ্ন কালে বক্ষস্থল উদর বা কটিদেশ স্পর্শ করে, তাহার মধ্যম ফল হয়। যদি প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে গুহ্যদেশ উরুদেশ বা বস্তি দেশ স্পর্শ করে, তাহা হইলে তাহার মূল চিন্তা স্থির করিবে পরন্তু প্রশ্ন কালে যে ব্যক্তি গুহ্য উরু বা বস্তি স্পর্শ করে, তাহার প্রশ্নের ফল অধম হয়।*

মুষ্টিপ্রশ্ন বিষয়ে প্রশ্নকর্ত্তা জানুদেশ স্পর্শ করিলে জীবচিন্তা জঙ্ঘাদেশ স্পর্শ করিলে ধাতুচিন্তা এবং চরণ স্পর্শ করিলে মূল চিন্তা নিরূপণ করিবে। প্রশ্নকর্ত্তা প্রশ্ন কালে পাদস্পর্শ করিলে গমন চিন্তা, আননস্পর্শ করিলে ব্যবসায় চিন্তা, চিবুকস্পর্শ করিলে পরমন্দ চিন্তা, হৃদয় স্পর্শ করিলে প্রীতিচিন্তা, পার্শ্বদেশ স্পর্শ করিলে পর বিষয়ক চিন্তা, পরাঙ্গ স্পর্শে পর মঙ্গল চিন্তা, গর্ভস্থল স্পর্শে গর্ভ চিন্তা, কটিদেশ স্পর্শে মরণ চিন্তা, স্থির করিবে।

প্রশ্নকর্ত্তা প্রশ্ন কালে নয়ন মুদ্রিত করিলে আত্মশুভ চিন্তা, পার্শ্বে হস্ত প্রদান করিলে গমনাগমন চিন্তা, বস্ত্রে বা বস্ত্রযুক্ত কোন দ্রব্যে হস্তক্ষেপ করিলে প্রবাস চিন্তা ও লাভ চিন্তা নিরূপণ করিবে। প্রশ্নকালে পৃষ্ঠ দেশ স্পর্শ করিলে ক্লেশ চিন্তা বা পরচক্র চিন্তা, প্রশ্ন করিয়া পাদ বিক্ষেপ করিলে পরচিন্তা ও গমনাগমন চিন্তা, প্রশ্নকালে অঙ্গ কম্পিত করিলে বা কোন অঙ্গ চুলকাইলে দুঃখ উপস্থিত এবং হস্ত কম্পিত করিলে শুভ ফল উপস্থিত, বলিয়া দিবে।

প্রশ্নকালে হাস্য করিলে অপরের সুখ চিন্তা, ওষ্ঠ মার্জ্জন করিলে পরগত দুঃখ চিন্তা স্থির করিবে। প্রশ্ন কালে পরদূত উপস্থিত হইলে পরের মঙ্গলের নিমিত্ত আসিয়াছে, বিবেচনা করিবে পরন্তু প্রশ্নকর্ত্তা প্রশ্ন করিবার পর যে দিকে দৃষ্টি পাত করিবে, সেই দিকেই সেই প্রশ্নের ফল অর্থাৎ চিন্তিতবস্তু আছে, সন্দেহ নাই।

প্রশ্ন কালে যদি কণ্ঠে ও বাহুতে হস্ত স্থাপিত হয়, তাহা হইলে জীবচিন্তা বলিতে হইবে। যদি প্রশ্ন করিয়া কণ্ঠ স্পর্শ করে, তাহা হইলে স্বদেহ চিন্তা এবং যদি বাহু স্পর্শ করে তাহা হইলে কার্য্য বিশেষ চিন্তা, স্থির করিবে। প্রশ্নকালে মস্তক স্পর্শ করিলে পরকার্য্য চিন্তা বা গমন চিন্তা, কহিবে। প্রশ্নকালে যদি কর্ণে হস্ত প্রদান করে, তাহা হইলে নষ্ট দ্রব্য চিন্তা অর্থাৎ চৌরাদি দ্বারা অপহৃত দ্রব্যচিন্তা, যদি কটিদেশে হস্ত প্রদান করে, তাহা হইলে তীর্থ চিন্তা, উরুদেশে হস্ত প্রদান করিলে বিবাহ চিন্তা বা পুত্র চিন্তা, নাভিদেশে হস্ত প্রদান করিলে রোগ চিন্তা ও মৃত্যু চিন্তা, নেত্রে হস্ত প্রদান করিলে অর্থচিন্তা, হৃদয়ে হস্ত প্রদান করিলে বস্ত্র চিন্তা ও দূর দেশ গমন চিন্তা, নিরূপণ করিবে।

যদি প্রশ্ন কর্ত্তা প্রশ্ন কালে চরণের অঙ্গুষ্ঠে হস্ত প্রদান করে, তাহা হইলে গর্ভচিন্তা ভক্ষ্য বস্তু চিন্তা অথবা ভূমি চিন্তা স্থির করিবে। যদি প্রশ্নকর্ত্তা গ্রীবাদেশে ও

---

* মূলে, ধাতুচিন্তা মনোরমা, এই স্থলে ধাতুচিন্তা তু মধ্যমা এবং জ্ঞেয়ং মধ্যমং মূলচিন্তনম্, এই স্থলে, জ্ঞেয়মধমং মূলচিন্তনম্, এইরূপ পাঠ বহু পুস্তক সম্মত ও সমীচীন বলিয়া বোধ হইতেছে।

পৃষ্ঠ দেশে হস্ত প্রদান করে, তাহা হইলে বন্ধন হইতে মুক্তি ও সুখ দুঃখ চিন্তা স্থির হইবে।

প্রশ্ন কালে যদি অধরে চিবুকে ও দন্তে হস্ত প্রদান করা হয়, তাহা হইলে দ্বিরদ প্রভৃতি চতুষ্পদ জীবচিন্তা স্থির হইবে, সন্দেহ নাই। প্রশ্ন করিবার পর প্রশ্নকর্ত্তা যে দিকে দৃষ্টিপাত করিবে, সেই দিকেই সেই প্রশ্নকর্ত্তার চিন্তিত বস্তু আছে, সন্দেহ নাই।

প্রশ্নকর্ত্তা গণকের যে দিকে থাকিয়া প্রশ্ন করিবে, সেই দিকের শুভাশুভ ফল বলিতেছি। যদি প্রশ্নকর্ত্তা পূর্ব্বদিকে বা উত্তর দিকে থাকিয়া প্রশ্ন করে, তাহা হইলে চিন্তিত বস্তু নিকটে আছে, যদি দক্ষিণে বা পশ্চিমে থাকিয়া প্রশ্ন করে, তাহা হইলে প্রশ্নকর্ত্তার চিন্তিত বিষয় দূরে আছে, বলিবে। যদি প্রশ্নকর্ত্তা ঈশান কোণে বা অগ্নি কোণে থাকিয়া প্রশ্ন করে, তাহা হইলে সেই চিন্তিত দ্রব্য পথে আছে, বলিবে। যদি প্রশ্নকর্ত্তা বায়ুকোণ বা নৈঋ‍ত কোণ হইতে প্রশ্ন করে, তাহা হইলে সেই নষ্ট দ্রব্য পাওয়া যাইবে না, স্থির করিবে।

যদি প্রশ্নকর্ত্তা প্রশ্ন করিয়া গমন করিতে প্রবৃত্ত হয় বা স্থানান্তরিত হয়, তাহা হইলে গমন চিন্তা বলিবে। প্রশ্নকর্ত্তা ত্রস্ত হইয়া প্রশ্ন করিলে অপহৃত দ্রব্যচিন্তা ও গমনচিন্তা স্থির করিবে। প্রশ্নকালে শিরঃস্পর্শে স্বর্গ-চিন্তা, হৃদয় স্পর্শে ভূতলচিন্তা এবং পাদ স্পর্শে পাতাল চিন্তা স্থির করিবে।

অক্ষরং পক্ষিভুক্তঞ্চ দিগ্দৈবতদিনানি চ।
কালং বর্ণং বলং মিত্রং ধাতুমূলাদিকং ক্রমাৎ॥
প্রশ্নাদিজাতিবর্ণঞ্চ দেহসঙ্কল্পনাদিভিঃ।
চিন্তিতান্যপি সর্ব্বাণি বক্ষ্যন্তে বর্ণকৈঃ ক্রমাৎ॥

অক্ষর অর্থাৎ অ ই উ এ ও, পক্ষী অর্থাৎ শ্যেন পিঙ্গল বায়স কুক্কুট ও ময়ূর, ভুক্তি অর্থাৎ ভোজন গমন রাজ্য নিদ্রা ও মরণ, অবস্থা অর্থাৎ বাল্য কৌমার যৌবন বার্দ্ধক্য এই পঞ্চ অবস্থা, দিক্ অর্থাৎ শ্যেন পূর্ব্ব দিকের অধিপতি, পিঙ্গল দক্ষিণ দিকের অধিপতি, কাক পশ্চিম দিকের অধিপতি, কুক্কুট উত্তর দিকের অধিপতি, ময়ূর কোণচতুষ্টয়ের অধিপতি, দেবতা অর্থাং ঈশ্বর পবন ইন্দ্র আকাশ সদাশিব, দিন অর্থাৎ তিথি বার নক্ষত্র, কাল অর্থাৎ শ্যেন কাক ভবিষ্যৎ কাল, কুক্কুট বর্ত্তমান কাল, পিঙ্গল ময়ূর ভুত-কাল, বর্ণ অর্থাৎ শ্যেন হিরণ্যবর্ণ, পিঙ্গল শ্বেতবর্ণ, কাক রক্তবর্ণ, কুক্কুট চিত্রবিচিত্র বর্ণ, ময়ূর শ্যামলবর্ণ, বল অর্থাৎ শ্যেনাদি অপেক্ষা কাক বলবান্ ইত্যাদি। মিত্র যথা শ্যেনের মিত্র ময়ূর ইত্যাদি। ধাতু মূল, প্রভৃতি যথা শ্যেন মূল, পিঙ্গল জীব, ইত্যাদি। আদিশব্দে লিঙ্গাদি, যথা শ্যেন পুরুষ, পিঙ্গল স্ত্রী, বায়স পুরুষ, কুক্কুট স্ত্রী ও পুরুষ, ময়ূর নপুংসক। শ্যেন ও পিঙ্গল ব্রাহ্মণ, কাক ক্ষত্রিয়, কুক্কুট বৈশ্য ও শূদ্র, ময়ূর অন্ত্যজ। এতদ্ব্যতীত দেহে হস্ত বিন্যাস প্রভৃতি দ্বারা চিন্তিত বস্তু বা বিষয় জানিতে পারা যায়। যথা, জাতি প্রভৃতি বিষয়ক প্রশ্নকালে মুখে হস্ত প্রদান করিলে মুখ শ্যেনের স্থান হওয়াতে এবং শ্যেন ব্রাহ্মণ জাতি প্রযুক্ত প্রশ্নের উত্তর স্থলে ব্রাহ্মণ জাত্যাদি নিরূপিত হইবে। ইত্যাদি। এই সমুদায় বিষয় অবলম্বন করিয়া কিরূপে গণনা করিতে হয়, তাহা এই গ্রন্থে যথাস্থানে বিস্তারিত রূপে কথিত হইতেছে। ৬।

আরূঢ়ং প্রশ্নলগ্নেভ্যঃ প্রথমাক্ষরতোঽপি বা।
অকারাদি স্বরাণাঞ্চ পঞ্চানাঞ্চ বিচারয়েৎ॥
অস্য নামাক্ষরস্যাদৌ স্বরারূঢ়ঃ সমুৎসৃজেৎ।
প্রচ্ছকস্য বচঃ শ্রুত্বা গ্রাহ্যো বর্ণঃ স্বরস্তথা॥
স্বরেণ কল্পয়েদ্বারং বারাৎ পক্ষী প্রজায়তে।
পক্ষিণো জায়তে বাক্যং বাক্যাচ্চ ফলসম্ভবঃ॥

এই প্রশ্ন গণনা দুই প্রকারে সংসাধিত হইয়া থাকে, তন্মধ্যে প্রথম প্রশ্নবাক্যের আদ্যবর্ণ অবলম্বন দ্বারা, দ্বিতীয় প্রশ্ন কালীন লগ্ন অবলম্বন দ্বারা। প্রশ্নকর্ত্তার প্রশ্নবাক্যের অথবা তাহার নামের প্রথম যে স্বরবর্ণ থাকিবে, অথবা উহার প্রথম বর্ণে সংযুক্ত যে স্বর থাকিবে, তাহা অবলম্বন করিয়া অ ই উ এ ও এই পঞ্চস্বরের মধ্যে স্বজাতীয় একটী স্বর কল্পনা করিয়া লইবে। যথা আমার মনে কি আছে? এইরূপ প্রশ্নের আদ্যস্বর আ এই বর্ণে

তাহার স্বজাতীয় অ, এই স্বর কল্পনা করিবে। এই রূপে প্রশ্নকর্ত্তার প্রশ্ন বাক্য শুনিয়া তাহার আদ্য স্বর বা আদ্য বর্ণে সংযুক্ত স্বর গ্রহণ করিয়া ঐ স্বর হইতে পশ্চাদুক্ত শ্লোক দ্বারা বার কল্পনা করিয়া লইবে। পরে ঐ কল্পিত বার দ্বারা শুক্ল পক্ষ ও কৃষ্ণ পক্ষ ভেদে পক্ষী নিরূপণ করিবে। পক্ষী নিরূপিত হইলে তদ্দ্বারা বাক্য ও দ্রব্য স্থির হইবে। পরে পক্ষীর ভোজনাদি অবস্থা দেখিয়া বাক্য দ্বারা শুভাশুভ ফল বলিয়া দিবে।

যস্য বারস্য যঃ পক্ষী তমাদিং গণয়েদ্বুধঃ।
দিন পক্ষী কার্য্যরূপী প্রশ্নপক্ষী ফলপ্রদঃ॥

প্রশ্নবাক্যের আদ্যস্বর দ্বারা বার কল্পনা করিয়া সেই বারে যে পক্ষী হইতে পারে, জ্ঞানী ব্যক্তি প্রথমত সেই পক্ষী ধরিয়া গণনা করিবেন। কারণ তাহার নাম দিন-পক্ষী। দিনপক্ষী কার্য্যরূপী, অর্থাৎ দিনপক্ষি দ্বারা অগ্রে নষ্ট ও চিন্তিত দ্রব্য সমুদায় এবং স্ত্রী পুরুষ জীব ধাতু মূল প্রভৃতি অবগত হইতে পারা যায়। প্রশ্নপক্ষী ফল বলিয়া দেন অর্থাৎ প্রশ্নকালে লগ্ন স্থির করিয়া সেই লগ্নে ঐ পক্ষী ভোজন প্রভৃতি কোন্ অবস্থায় আছে, তাহা নির্ণয় পূর্ব্বক শেষে প্রশ্নের ফল বলিয়া দেওয়া গণকের কর্ত্তব্য। ফলতঃ অগ্রে বস্তু ও বিষয় স্থির করিয়া পশ্চাৎ তাহার ফলাফল ব্যক্ত করাই সঙ্গত হইতেছে।

অকারাদি ও কারান্তাঃ স্বরাঃ পঞ্চ প্রকীর্ত্তিতাঃ।
ভুক্ত্যর্থং কল্পয়েদ্রূপং স্বরাস্তে পক্ষিরূপিণঃ॥

অকার অবধি ওকার পর্য্যন্ত (ক্লীব স্বর ত্যাগ করিয়া) পাঁচটী হ্রস্ব স্বর পক্ষি রূপে কীর্ত্তিত হইয়া থাকে। যথা অ শ্যেন, ই পিঙ্গল, উ কাক, এ কুক্কুট, ও ময়ূর। অ আ এই উভয় স্বরে অ, ই ঈ এই উভয় স্বরে ই, উ ঊ এই উভয় স্বরে উ, এ ঐ এই উভয় স্বরে এ, ও ঔ এই উভয় স্বরে ও, এই পঞ্চ স্বর মাত্র গ্রহণ করিয়া তাহা দ্বারা যথোক্ত পক্ষী কল্পনা করিবে। ঋ ৠ ঌ ৡ এই ক্লীব বর্ণচতুষ্টয় পরিত্যাগ করা হইয়াছে। যদি প্রশ্নের আদ্য বর্ণে ঐ স্বর থাকে তাহা হইলে উহাকে ব্যঞ্জনের মধ্যে সন্নিবেশিত করিয়া উচ্চারণে যে স্বর উপলব্ধি হয়, তাহাই অর্থাৎ ই গ্রহণ করিতে হইবে। যথা প্রশ্নের প্রথম কৃষ্ণ, এই পদ থাকিলে উহাকে ব্যঞ্জন কল্পনা করিলে ক্রিষ্ণ উচ্চারিত হয়। উহার প্রথম সংযুক্ত স্বর ই, সুতরাং ক্লীব স্বর স্থলে ই অর্থাৎ পিঙ্গল পক্ষী গ্রহণ করিতে হইবে। ভোজন গমন প্রভৃতি অবস্থা ভোগের নিমিত্ত পক্ষিগণের রূপ কল্পনা করা হইয়াছে। বস্তুত ইহারা কল্পিত পক্ষিরূপী স্বর ভিন্ন স্বতন্ত্র কিছুই নহে।

অকারঃ শ্যেন আখ্যাত ইকারঃ পিঙ্গলস্তথা।
উকারো বায়সশ্চৈব একারস্তাম্রচূড়কঃ।
ওকারো নীলকণ্ঠশ্চ স্বরাস্তে পক্ষিসংজ্ঞকাঃ॥

অকার শ্যেনপক্ষী, ইকার পিঙ্গল পক্ষী, উকার কাক পক্ষী, একার কুক্কুট পক্ষী, ওকার নীলকণ্ঠ অর্থাৎ ময়ূর। পঞ্চস্বর এইরূপে পঞ্চ পক্ষী নামে আখ্যাত হইয়াছে।

অকারঃ পূর্ব্বদিগ্ ভাগে ইকারশ্চৈব দক্ষিণে।
উকারঃ পশ্চিমে জ্ঞেয়ঃ একারশ্চোত্তরে তথা;
শেষস্থানেষু সর্ব্বেষু ওকারঃ পরিকীর্ত্তিতঃ॥

অকার পূর্ব্বদিকের অধিপতি, ইকার দক্ষিণদিকের অধিপতি, উকার পশ্চিম দিকের অধিপতি, একার উত্তর দিকের অধিপতি, ওকার অবশিষ্ট সমুদায় দিকের অধি-পতি, বলিয়া কীর্ত্তিত হইয়াছে। অপহৃত দ্রব্য কোন্ দিকে আছে, এতৎপ্রভৃতি স্থলে দিক্ জানিবার আব-শ্যক হইলে দিগধিপতি পক্ষিদ্বারা তাহা নিরূপিত হইবে।

যস্যাং দিশুদয়ং যাতি স্বরস্তৎপঞ্চমীং দিশম্।
বর্জ্জয়েৎ সর্ব্বকার্য্যেষু যাত্রাকালে বিশেষতঃ॥

প্রশ্নের আদ্য বর্ণে যে স্বর থাকিবে তাহার পঞ্চমস্বর যে দিকের অধিপতি হইবে। সেই দিক্ সকল কার্য্যেই বিশেষতঃ যাত্রাকালে ত্যাগ করিবে।

পৃচ্ছতে প্রচ্ছকঃ স্বাস্যুঃ স্বরস্যাস্তমিতাং দিশম্।
হানি মৃত্যুর্ভয়ং ভঙ্গো জায়তে নাত্র সংশয়ঃ॥

প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে যদ্যপি স্বরের অস্তময় দিকে অর্থাৎ যে দিকে স্বরগণের অস্ত হয় ও পঞ্চমস্বর যে দিকের অধি-পতি হয়, সে দিকে যদি যাত্রাদি করে, তাহা হইলে হানি মৃত্যু ভয় ভঙ্গ, এই সমুদায় অনিষ্ট ঘটিয়া থাকে, সন্দেহ নাই।

পঞ্চস্বর দ্বারা ব্যঞ্জনবর্ণ গ্রহণ প্রণালী।

অকারে ক ছ ডা বর্ণা ধ ভ বাশ্চ ভবন্তি হি।
খ জ ঢা ন ম শা বর্ণা ইকারে পরিকীর্ত্তিতাঃ॥
গ ঝ তাঃ প য ষা বর্ণা উকারেস্যুর্যথাক্রমম্।
ঘ ট থাঃ ফরসা এতে বর্ণা এ স্বর মাত্রগাঃ।
চ ঠ দা ব ল হা বর্ণা ও স্বরে পরিকীর্ত্তিতাঃ॥

অ স্বর দ্বারা ক ছ ড ধ ভ ব, এইছয়টী ব্যঞ্জন বর্ণ পরিগৃহীত হইয়া থাকে। ই স্বর দ্বারা খ জ ঢ ন ম শ, এই ছয়টী ব্যঞ্জন গ্রহণ করা যায়। উ স্বরে গ ঝ ত প য ষ, এই ছয়টী ব্যঞ্জন বর্ণ লক্ষিত হইয়া থাকে। এ স্বর দ্বারা ঘ ট থ ফ র স এই ছয়টী ব্যঞ্জন ব্যক্ত হয়। ও স্বর দ্বারা চ ঠ দ ব ল হ, এই ছয়টী ব্যঞ্জন গৃহীত হইয়া থাকে।

স্বর পঞ্চ দ্বারা বার কথনম্।

প্রথমে রবিভৌমৌ চ দ্বিতীয়ে চন্দ্রচন্দ্রজৌ।
তৃতীয়ে জীববারশ্চ চতুর্থে ভৃগুবাসরঃ।
পঞ্চমে মন্দবারশ্চ পক্ষিণাং ক্রমশো লিখেৎ॥

অ স্বরে রবিবার ও মঙ্গল বার লক্ষিত হইবে। ই স্বরে সোম বার ও বুধ বার বুঝাইবে। উ স্বরে বৃহস্পতি বার পরিগৃহীত হইবে। এ স্বরে শুক্রবার লক্ষিত হইবে। ও স্বরে শনি বার বুঝাইবে।

স্বর দ্বারা তিথিকল্পনম্।

নন্দা ভদ্রা জয়া রিক্তা পূর্ণা চ তিথয়ঃ ক্রমাৎ।

অ স্বরে নন্দা তিথি অর্থাৎ প্রতিপৎ ষষ্ঠী ও একাদশী পরিগৃহীত হইবে। ই স্বর দ্বারা ভদ্রা তিথি অর্থাৎ দ্বিতীয়া সপ্তমী ও দ্বাদশী গ্রহণ করা যাইবে। উ স্বরে জয়া তিথি অর্থাৎ তৃতীয়া অষ্টমী ও ত্রয়োদশী লক্ষিত হইবে। এ স্বরে রিক্তা তিথি অর্থাৎ চতুর্থী নবমী ও চতুর্দ্দশী বুঝাইবে। ও স্বরে পূর্ণা তিথি অর্থাৎ পঞ্চমী দশমী পূর্ণিমা ও অমাবস্যা গৃহীত হইবে।

স্বর দ্বারা লগ্নাদি কল্পনা।

অকারে মেষসিংহালিঃ ই কন্যাযুগ্ম কর্কটাঃ।
উ কারশ্চাপমীনৌ চ এ কারশ্চ তুলাবৃষৌ॥
ওকারো মৃগকুম্ভৌ চ রাশীশাস্তদ্‌গ্রহেশ্বরান্।
অধোধঃ স্থাপয়েৎ খেটান্ রাশের্যো যস্য নায়কঃ॥

অ স্বরে মেষ সিংহ ও বিছা, ই স্বরে কন্যা মিথুন ও কর্কট, উ স্বরে ধনু ও মীন, এ স্বরে তুলা ও বৃষ, ও স্বরে মকর ও কুম্ভ কল্পিত হইবে। এইরূপে লগ্ন কল্পনাপূর্ব্বক পঞ্চস্বরাত্মক পঞ্চ পক্ষীর নিম্নে স্থাপন করিয়া তাহার নিম্নে যে যে গ্রহ যে যে রাশির অধিপতি তাহা বিন্যাস করিবে।

স্বর দ্বারা নক্ষত্র কল্পনা।

অকারে সপ্ত ঋক্ষাণি রেবত্যাদি ক্রমেণ চ।
পঞ্চ পঞ্চ ইকারাদাবেবং ঋক্ষং স্বরোদয়ে॥

অকারে রেবতী অশ্বিনী ভরণী কৃত্তিকা রোহিণী মৃগশিরা আর্দ্রা, এই সপ্ত নক্ষত্র পরিগৃহীত হয়, ই স্বরে পুনর্ব্বসু পুষ্যা অশ্লেষা মঘা পূর্ব্বফল্গুনী, এই পঞ্চ নক্ষত্র গ্রহণ করা যায়। উস্বরে উত্তরফল্গুনী হস্তা চিত্রা স্বাতী বিশাখা, এই পঞ্চ নক্ষত্র কল্পিত হইয়া থাকে। এ স্বরে অনুরাধা জ্যেষ্ঠা মূলা পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া, এই পঞ্চ নক্ষত্র গৃহীত হয়। ও স্বরে শ্রবণা ধনিষ্ঠা শতভিষা পূর্ব্বভাদ্রপদ্, উত্তরভাদ্রপদ্, এই পাঁচটি নক্ষত্র কল্পিত হইয়া থাকে।

মতান্তরম্।

প্রথমে চাশ্বিনী পূর্ব্বং পঞ্চ নক্ষত্রমুচ্যতে।
ততঃ ক্রমাৎ দ্বিষট্ ক্রমাৎ পঞ্চপঞ্চ চ তারকাঃ॥

অস্বরে অশ্বিনী ভরণী কৃত্তিকা রোহিণী মৃগশিরা, এই পাঁচটী নক্ষত্র কল্পিত হয়। ই স্বরে আর্দ্রা পুনর্ব্বসু পুষ্যা অশ্লেষা মঘা পূর্ব্বফল্গুনী, এই ছয়টী নক্ষত্র গ্রহণ করা হইয়া থাকে। উ স্বরে উত্তর ফল্গুনী হস্তা চিত্রা স্বাতি বিশাখা অনুরাধা এই ছয়টী নক্ষত্র কল্পনা করা যায়। এ স্বরে জ্যেষ্ঠা মূলা পূর্ব্বষাঢ়া উত্তরাষাঢ়া শ্রবণা এই পাঁচটী নক্ষত্র কল্পিত হইয়া থাকে। ও স্বরে ধনিষ্ঠা শতভিষা পূর্ব্বভাদ্রপদ্ উত্তরভাদ্রপদ্ রেবতী, এই পাঁচটী নক্ষত্র গৃহীত হয়।

স্বরাধিপতি কথনম্।

স্বরাণাঞ্চ ক্রমেণৈব দেবতা পরিকথ্যতে।
ঈশ্বরঃ পবনশ্চৈব ইন্দ্রাকাশঃ সদাশিবঃ॥

অস্বরের অধিপতি ঈশ্বর, ইস্বরের অধিপতি পবন,

উস্বরের অধিপতি ইন্দ্র, এস্বরের অধিপতি আকাশ, ওস্বরের অধিপতি সদাশিব।

প্রাচ্যাং পৃথ্বী গুরুশ্চৈব যাম্যাং শুক্রো জলং তথা।
পশ্চিমে মঙ্গলশ্চাগ্নির্বুধো বায়ুস্তথোত্তরে॥
সূর্য্যপুত্রস্তথাকাশঃ ক্রমাজ্‌জ্ঞেয়ো বিশেষতঃ।

পূর্ব্বদিকে অস্বরে পৃথিবীতত্ত্ব ও বৃহস্পতি। দক্ষিণদিকে ই স্বরে জলতত্ত্ব ও শুক্র। পশ্চিমে উস্বরে মঙ্গল ও অগ্নি তত্ত্ব। উত্তরদিকে এস্বরে বায়ুতত্ত্ব ও বুধ। ঊর্দ্ধে ওস্বরে আকাশতত্ত্ব ও শনি।

"পার্থিবেন ভবেদ্‌ যুদ্ধং সন্ধির্ভবতি বারুণে।
বিজয়ো বহ্নিতত্ত্বেন বায়ৌ ভঙ্গো মৃতিস্তথা॥"

পৃথিবীতত্ত্বে সংগ্রাম বিষয়ক প্রশ্ন হইলে যুদ্ধ উপস্থিত হয়। জলতত্ত্বে প্রশ্ন হইলে সন্ধি হয়। অগ্নিতত্ত্বে প্রশ্ন হইলে সংগ্রামে জয় হয়। বায়ু তত্ত্বে প্রশ্ন হইলে যুদ্ধে ভঙ্গ ও মৃত্যু ঘটিয়া থাকে।

"বায়ব্যাং বাতজন্যস্তমনলাৎ পিত্তজন্যতা।
বারুণাৎ কফজন্যত্বং মাহেন্দ্রাদেব মিশ্রিতম্‌॥"

বায়ুতত্ত্ব সময়ে রোগাদি বিষয়ক প্রশ্ন হইলে বাতজন্য রোগ স্থির হইবে। অগ্নিতত্ত্বের সময় প্রশ্ন হইলে পিত্তজনিত রোগ নিরূপণ হইবে। জলতত্ত্বের সময় প্রশ্ন হইলে কফ জন্য রোগ স্থির হইবে। পৃথিবীতত্ত্বের সময় প্রশ্ন হইলে বায়ুপিত্ত কফের মিশ্রতা জনিত রোগ নিরূপণ করিবে।

"নাভসাৎ সন্নিপাতোঽপি জায়তে সর্ব্বসম্মতঃ।"

আকাশতত্ত্বের সময় প্রশ্ন হইলে সান্নিপাতিক বিকার হয়, ইহা সর্ব্ববাদি সম্মত।

"বায়ব্য মণ্ডলে প্রশ্নে কীয়ো যদ্যানলং ব্রজেৎ।
বাতপিত্তোদ্ভবং বিদ্ধি তথৈব যোগজান্তরম্‌।"

প্রশ্ন কর্ত্তা যদি, বায়ুতত্ত্ব কালে প্রশ্ন করিয়া পরে অগ্নিতত্ত্বের সময়ে প্রস্থান করে, তাহা হইলে বাতপিত্ত জনিত রোগ নিরূপণ করিবে। এইরূপ অন্যতত্ত্বের সংযোগেও মিশ্র ফল হইবে।

### বর্ণনিরূপণম্‌।

"নীলবর্ণশ্চ বায়ব্যো রক্তবর্ণশ্চ পাবকঃ।
পীতবর্ণশ্চ মাহেন্দ্রো বরুণঃ শুক্লবর্ণকঃ॥"

বায়ুতত্ত্ব নীলবর্ণ, অগ্নিতত্ত্ব রক্তবর্ণ, পৃথিবীতত্ত্ব পীতবর্ণ, জলতত্ত্ব শুক্লবর্ণ। ইহা দ্বারা বর্ণ জানা যায়।

### আকৃতি নিরূপণম্‌।

"অর্দ্ধচন্দ্রো ভবেদ্‌ বায়ুস্ত্রিকোণস্থানতোঽনলঃ।
চতুরস্রস্তু মাহেন্দ্রো বরুণো বর্ত্তুলাকৃতিঃ॥"

বায়ু (এ) অর্দ্ধচন্দ্রাকার। অগ্নি (উ) ত্রিকোণ। পৃথিবী (অ) চতুষ্কোণ। বরুণ (ই) গোলাকার।

ক্ষিতৌ ব্রহ্মা জলে বিষ্ণুস্তথা রুদ্রো হুতাশনে।
ঈশ্বরঃ পবনে চৈব তথাকাশে সদাশিবঃ॥

পৃথিবীতত্ত্বের অধিপতি ব্রহ্মা, জলের অধিপতি বিষ্ণু, অগ্নির অধিপতি রুদ্র, পবনের অধিপতি ঈশ্বর এবং আকাশের অধিপতি সদাশিব।

### কালনিরূপণম্‌।

ভূতৌ ময়ূরকুজৌ চ কুক্কুটো বর্ত্তমানকঃ।
বলিভুক্‌শ্যেনকৌ খ্যাতৌ ভবিষ্যন্তৌ সুনিশ্চিতম্‌॥

পেচক ও ময়ূর অতীত কাল। কুক্কুট বর্ত্তমান কাল। শ্যেন ও কাক ভবিষ্যৎ কাল সন্দেহ নাই।

ভুক্তৌ চ মাসং গমনে চ পক্ষং রাজ্যে দিনং স্বপ্নগতেঽয়নঞ্চ।
মৃতে চ বর্ষং প্রবদন্তি সংখ্যাং কালপ্রমাণং মুনয়ঃ প্রবুদ্ধাঃ॥

পক্ষিগণের ভোজনাবস্থায় প্রশ্ন হইলে এক মাসে গমনাবস্থায় প্রশ্ন হইলে, এক পক্ষে, রাজ্যাবস্থায় প্রশ্ন

হইলে এক দিনে, স্বপ্নাবস্থায় প্রশ্ন হইলে ছয় মাসে, মরণাবস্থায় প্রশ্ন হইলে এক বৎসরে ফল হয়। মহর্ষিগণ এইরূপে ফলের কাল পরিমাণ নিরূপণ করিয়াছেন।

প্রশ্নপদার্থ নিরূপণম্।

শ্যেনো মূলো ভবেৎ কুজো জীবো ধাতুশ্চ বায়সঃ।
কুক্কুটৌ মূলজীবৌ চ মূলধাতুঃ শিখণ্ড্যপি॥

শ্যেন দ্বারা মুল পেচক দ্বারা জীব, বায়স দ্বারা ধাতু, কুক্কুট দ্বারা মুল ও জীব, ময়ূর দ্বারা মুল ও ধাতু নিরূপিত হইয়া থাকে।

জীবভেদ নিরূপণম্।

চতুষ্পাৎ পিঙ্গলো জ্ঞেয়ো দ্বিপাদৌ শ্যেনবায়সৌ।
তাম্রচূড়ো নখী শৃঙ্গী শিখণ্ডী পক্ষিজীবকঃ॥

পিঙ্গল দ্বারা চতুষ্পদ জীব, শ্যেন ও বায়স দ্বারা দ্বিপদ জন্তু, কুক্কুট দ্বারা নখায়ুধ ও শৃঙ্গায়ুধ জন্তু, ময়ূর দ্বারা পক্ষী জাতি লক্ষিত হইবে।

লিঙ্গভেদকথনম্।

শ্যেনঃ পুমান্ বধূঃ কুজো বায়সঃ পুরুষস্তথা।
কুক্কুটঃ স্ত্রীপুমাংশ্চৈব শিখণ্ডী চ নপুংসকম্॥

শ্যেন দ্বারা পুরুষ, পেচক দ্বারা স্ত্রী, কাক দ্বারা পুরুষ, কুক্কুট দ্বারা স্ত্রী ও পুরুষ, ময়ূর দ্বারা নপুংসক লক্ষিত হইবে।

জাতিভেদ নিরূপণম্।

শ্যেনকুজৌ দ্বিজশ্রেষ্ঠৌ মহীপালস্তু বায়সঃ।
তাম্রচূড়ো বণিক্ শূদ্রো নীলকণ্ঠস্তথান্ত্যজঃ॥

শ্যেন ও পেচক দ্বারা ব্রাহ্মণ, কাক দ্বারা ক্ষত্রিয়, কুক্কুট দ্বারা বৈশ্য ও শূদ্র, ময়ূর দ্বারা অন্ত্যজ জাতি নিরূপণ করিবে।

বর্ণভেদ নিরূপণম্।

শ্যেনো হিরণ্যবর্ণশ্চ পিঙ্গলঃ শুক্লবর্ণকঃ।
কাকো রক্তঃ সিতশ্চিত্রঃ কুক্কুটঃ শ্যামলঃ শিখী॥

শ্যেনপক্ষি দ্বারা সুবর্ণ বর্ণ, পিঙ্গল দ্বারা শুক্লবর্ণ, কাকদ্বারা রক্তবর্ণ, কুক্কুট দ্বারা বিচিত্র শ্বেতবর্ণ, ময়ূর দ্বারা শ্যামলবর্ণ লক্ষিত হইয়া থাকে।

বলজ্ঞানম্।

কাকো বলী তু সর্ব্বেভ্যস্তস্মাৎ শ্যেনো হি দুর্ব্বলঃ।
কুক্কুটো দুর্ব্বলস্তস্মাৎ তস্মাৎ কুজো হি দুর্ব্বলঃ॥
সর্ব্বেভ্যো দুর্ব্বলঃ পক্ষী নীলকণ্ঠো ন সংশয়ঃ।

কাক সর্ব্বাপেক্ষা বলবান্, কাক অপেক্ষা শ্যেন দুর্ব্বল, শ্যেন অপেক্ষা কুক্কুট দুর্ব্বল, কুক্কুট অপেক্ষা পেচক দুর্ব্বল, পেচক অপেক্ষা ময়ূর দুর্ব্বল, সন্দেহ নাই।

ধাতুভেদ কথনম্।

শুক্রে চন্দ্রে ভবেদ্রৌপ্যং বুধে স্বর্ণমুদাহৃতম্।
গুরৌ রত্নযুতং হেম সূর্য্যে মৌক্তিকমুচ্যতে॥
ভৌমে তাম্রং শনৌ লৌহং বারাণামুদয়ক্রমাৎ।

ধাতু বিষয়ক প্রশ্ন হইলে প্রথমত স্বর দ্বারা বারের উদয় করিতে হইবে। সোম বার ও শুক্র বারের উদয় হইলে রৌপ্য, বুধবারের উদয় হইলে সুবর্ণ, বৃহস্পতি বারের উদয় হইলে রত্নযুক্ত সুবর্ণ, রবিবার উদিত হইলে মুক্তা, মঙ্গল বার হইলে তাম্র, শনিবার হইলে লৌহস্থির করিবে।

উদ্ভিন্নিরূপণম্।

শুক্রে চন্দ্রে গুল্মবল্লী, লতাকন্দৌ বুধে তথা।
পত্রং গুরৌ ফলং সূর্য্যে মূলঞ্চ রবিজে কুজে॥

উদ্ভিদ্ বিষয়ক প্রশ্ন হইলে যদি সোম বা শুক্র বারের উদয় হয়, তাহা হইলে গুল্ম বা বল্লী স্থির হইবে। বুধ বারের উদয় হইলে, লতা বা কন্দ নিরূপিত হইবে। এইরূপ বৃহস্পতি বারের উদয় হইলে পত্র, রবি বারের উদয় হইলে ফল, শনি বা মঙ্গল বারের উদয় হইলে মূল নিরূপিত হইবে।

হৃত ধনাদিকস্যাবস্থা নিরূপণম্।

শ্যেনেঽদৃশ্যধনং জ্ঞেয়ং পিঙ্গলে জলপঙ্কযুক্।
বায়সে তৃণসংযুক্তং কুক্কুটে ভস্মনাবৃতম্॥

শ্যেনপক্ষী দ্বারা জানিতে পারা যায় যে, ধন ভূতলে নিখাত আছে। পিঙ্গল দ্বারা অবগত হওয়া যায় যে, হৃতদ্রব্য জল ও পঙ্কের মধ্যে আছে। বায়স দ্বারা জানা যায় যে, অপহৃত ধন তৃণমধ্যে লুক্কায়িত রহিয়াছে। কুক্কুট দ্বারা জ্ঞাত হওয়া যায় যে, অপহৃত বস্তু ভস্মাবৃত আছে।

### হৃতধনাদিকস্থিতিস্থান নিরূপণম্।

শ্যেনঃ শিখী গৃহান্তর্গং বন্ধুস্থানেষু নিশ্চিতম্।
স্বগ্রামে শ্যেনকুজৌ চ বায়সে বন্ধুমাপ্নুয়াৎ॥
কুক্কুটঃ পরদেশে চ পরগ্রামে তথা শিখী।

শ্যেন ও ময়ূর দ্বারা জানা যাইবে যে হৃত দ্রব্য গৃহ মধ্যে কিম্বা আত্মীয়ের নিকট আছে। শ্যেন ও পেচক দ্বারা নিরূপণ করা যাইবে যে, সেই ধনাদি নিজ গ্রামের মধ্যেই আছে। বায়স দ্বারা জ্ঞাত হওয়া যাইবে যে, কোন আত্মীয় বন্ধু তাহা প্রাপ্ত হইয়াছে। কুক্কুট দ্বারা নিরূপিত হইবে যে, তাহা দেশান্তরে গিয়াছে, ময়ূর দ্বারা জানিতে পারা যাইবে যে, তাহা কোন গ্রামান্তরে নীত হইয়াছে।

### দূরতা নিরূপণম্।

কুজশ্চৈদ্দশ হস্তে স্যাৎ চতুঃক্রোশে চ কুক্কুটঃ।
দ্বিক্রোশে চ শিখী কাকঃ শ্যেনঃ ক্রোশে চ পূর্ব্বতঃ॥

পেচকের উদয় হইলে দশহস্ত দূরে, কুক্কুটের উদয় হইলে, চারি ক্রোশ দূরে, ময়ূরের উদয় হইলে দুই ক্রোশ দূরে, শ্যেনের উদয় হইলে এক ক্রোশ দূরে চিন্তিত বা উদ্দিষ্ট দ্রব্য আছে, বলিয়া দিবে। কোন্ দিকে উদ্দিষ্ট দ্রব্য আছে, জানিবার আবশ্যক হইলে কোন্ পক্ষী কোন্ দিকের অধিপতি, তাহা দ্বারা দিক্ নিরূপণ করিবে। অর্থাৎ শ্যেনের উদয় দ্বারা পূর্ব্বদিক্, পেচকের উদয় দ্বারা দক্ষিণ দিক্, কাকের উদয় দ্বারা পশ্চিম দিক্, কুক্কুটের উদয় দ্বারা উত্তর দিক্, ময়ূরের উদয় দ্বারা অবশিষ্ট সমুদায় দিক্ নির্ণীত হয়া থাকে।

### অঙ্গপ্রত্যঙ্গভেদ কথনম্।

শ্যেনো মুখং কণ্ঠবাহু কুজো বক্ষস্তু বায়সঃ।
কুক্কুটঃ পৃষ্ঠভাগঃ স্যাৎ শিখী পাদযুগং ক্রমাৎ॥

শ্যেনপক্ষি দ্বারা মুখ, পেচক দ্বারা কণ্ঠ ও বাহু, বায়স দ্বারা বক্ষঃস্থল, কুক্কুট দ্বারা পৃষ্ঠদেশ, ময়ূর দ্বারা চরণ-যুগল স্থির হইয়া থাকে। ইহা দ্বারা হৃতাদি দ্রব্য কোন্ অঙ্গের অলঙ্কার, তাহা জানিতে পারা যায়। অথবা প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে যে অঙ্গ স্পর্শ করে, তাহা দ্বারা প্রশ্নপক্ষী নিরূপিত হইতে পারে।

### শত্রুমিত্রতাৰ কথনম্।

মিত্রং ময়ূরঃ শ্যেনস্য ময়ূরস্য চ পিঙ্গলঃ।
তাম্রচূড়স্য সুহৃদৌ ময়ূরপিঙ্গলৌ তথা॥
বায়সস্যাপি মিত্রং স্যাৎ শিখী ভবতি সর্ব্বদা।
সুহৃদৌ পিঙ্গলশ্যেনৌ ময়ূরারুণশেখরৌ॥

শ্যেনের মিত্র ময়ূর, ময়ূরের মিত্র পিঙ্গল, কুক্কুটের মিত্র ময়ূর ও পিঙ্গল, কাকের মিত্র ময়ূর, পিঙ্গলের মিত্র ময়ূর ও কুক্কুট।

কাককুক্কুটৌ শ্যেনস্য পিঙ্গলস্য চ বিদ্বিষৌ।
ময়ূরস্য রিপুর্নিত্যং সর্ব্বদা শ্যেনবায়সৌ॥
ভবতঃ শ্যেনকাকৌ দ্বৌ তাম্রচূড়স্য বিদ্বিষৌ।
কাকস্য শত্রবো নিত্যং পিঙ্গলশ্যেনকুক্কুটৌঃ॥

কাক ও কুক্কুট শ্যেনের শত্রু। ঐ কাক ও কুক্কুথ পিঙ্গলের শত্রু। শ্যেন ও কাক ময়ূরের শত্রু। ঐ শ্যেন ও কাক কুক্কুটের শত্রু। পিঙ্গল শ্যেন ও কুক্কুট কাকের শত্রু,

### বারযোগে পঞ্চপক্ষিনিরূপণম্।

রবৌ ভৌমে চ ভেরুণ্ডো ময়ূরবায়সৌ শনৌ।
পদায়ুধঃ শিখী শুক্রে কাককুজৌ গুরৌ তথা॥
কুজঃ কুক্কুটকো জ্ঞেন্দ্বোঃ ক্রমোঽয়ং শুক্লকৃষ্ণয়োঃ।

রবি ও মঙ্গলবারে শুক্ল ও কৃষ্ণপক্ষে শ্যেনপক্ষী, শনিবারে শুক্লপক্ষে ময়ূর, কৃষ্ণপক্ষে কাক, শুক্রবারে শুক্লপক্ষে ময়ূর, ও কৃষ্ণপক্ষে কুক্কুট, বৃহস্পতিবারে শুক্ল পক্ষে কাক ও কৃষ্ণপক্ষে পিঙ্গল, সোম ও বুধবারে শুক্লপক্ষে পিঙ্গল ও কৃষ্ণপক্ষে কুক্কুট অধিপতি হইয়া-থাকেন। ইহার নাম দিনপক্ষী। ইহা দ্বারা প্রশ্নদ্রব্য নির্ণয় হয়।*

---

* কোন কোন মতে শুক্লপক্ষ ও কৃষ্ণপক্ষ অনুসারে বার তিথি নক্ষত্র প্রভৃতির অধিপতি পক্ষিগণের বিভিন্নতা প্রদর্শিত হইয়াছে। এই শিবোক্ত পঞ্চপক্ষীর ২ পৃষ্ঠা ১ কলম দেখি-লেই বোধ গম্য হইবে।

**কলাফলগণনাক্রমকথনম্।**

দিনেষু শুক্লপক্ষে যঃ কৃষ্ণে রাত্রিষু সংক্রমঃ।
কৃষ্ণ পক্ষে দিনে যস্তু শুক্লে রাত্রিষু সংক্রমঃ॥

শুক্লপক্ষের দিবসে যে বারে যে পক্ষির পরে যে পক্ষির উদয় হয়, কৃষ্ণপক্ষের রাত্রিতে সেই বারে সেই পক্ষির পরে সেই পক্ষির উদয় হইয়া থাকে। কৃষ্ণপক্ষের দিনে যে বারে যে পক্ষির পরে যে পক্ষির উদয় হয়, শুক্লপক্ষের রজনীতেও সেই বারে সেই পক্ষির পরে সেই পক্ষির উদয় হইয়া থাকে।

একান্তরাদয়ঃ কৃষ্ণে শুক্লপক্ষে ক্রমোদয়ঃ।

যথা "আমার মনোগত কি ?" এ স্থলে বর্ণাঙ্ক আ ৩ ম ১১ আ ৩ র ৯ ম ১১ ন ১০ ও ১৪ গ ৫ ত ৬ ক ৩ ই ৪। ইহার মধ্যে স্বরাঙ্ক ৩।৩।১৪।৪, ব্যঞ্জনাঙ্ক ১১।৯।১১।১০।৫।৬।৩ স্বরাঙ্কের সমষ্টি ২৪ ব্যঞ্জনাঙ্কের সমষ্টি ৫৫ এই দুই অঙ্কের পরস্পর গুণফল ১৩২০। ইহার নাম অক্ষরপিণ্ড॥২॥

সিদ্ধাসিদ্ধৌ ক্রমাদ্দ্বাভ্যাং লাভালাভৌ জয়াজয়ৌ।
দিগ্‌জ্ঞানমষ্টভির্ভক্তং শেষতঃ পরিকল্পয়েৎ॥ ৩॥

এই অক্ষর পিণ্ডকে ২ দুই দ্বারা বিভক্ত করিয়া যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে অভিপ্রায় সিদ্ধ হইবে। যদি শূন্য থাকে, তাহা হইলে কার্য্য সিদ্ধ হইবে না। যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে লাভ হইবে, শূন্য থাকিলে ক্ষতি হইবে। ঐ দুই দ্বারা ভাগ করিয়া যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে জয় হইবে, শূন্য থাকিলে পরাজয় হইবে।

উক্ত অক্ষরপিণ্ডকে ৮ আট দ্বারা বিভক্ত করিয়া ভাগশেষ দ্বারা দিক্ নিরূপণ করিবে। (যথা ১ অবশিষ্ট থাকিলে পূর্ব্বদিক্, ২ থাকিলে অগ্নিকোণ, ৩ থাকিলে দক্ষিণ দিক্, ৪ থাকিলে নৈঋ‌ত কোণ, ৫ থাকিলে পশ্চিম দিক্, ৬ থাকিলে বায়ুকোণ, ৭ থাকিলে উত্তর দিক্, ৮ বা শূন্য থাকিলে ঈশানকোণ স্থির করিবে।)॥৩॥

গর্গস্ত্রিভিঃ ৩ ক্রমাস্তোদো নরনারীনপুংসকাঃ।
লোকজ্ঞানেঽপি বৈ তদ্বৎ কালজ্ঞানেঽপি বৈ তথা॥ ৪॥

উক্ত অক্ষরপিণ্ডকে ৩ তিন দ্বারা বিভক্ত করিয়া যদি অবশিষ্ট এক থাকে, তাহা হইলে পুরুষ, যদি ২ দুই শেষ থাকে, তাহা হইলে স্ত্রী, যদি তিন বা শূন্য অবশেষ থাকে, তাহা হইলে নপুংসক অনুমান করিবে।

যদি স্বর্গ, মর্ত্ত্য, পাতাল এই তিন লোকের মধ্যে কোন্ লোক, জানিবার আবশ্যক হয়, তাহা হইলে ঐ অক্ষরপিণ্ডকে ৩ তিন দ্বারা বিভক্ত করিতে হইবে। যদি ভাগশেষ ১এক থাকে, তাহা হইলে স্বর্গ, যদি দুই থাকে তাহা হইলে ভূতল, যদি শূন্য থাকে, তাহা হইলে পাতাল নিরূপণ করিবে।

যদি কোন্ কাল, জানিবার ইচ্ছা হয়, তাহা হইলে ঐ অক্ষরপিণ্ডকে তিন দ্বারা বিভক্ত করিয়া, ভাগশেষ

১ এক থাকিলে অতীত কাল, ২ দুই থাকিলে বর্ত্তমান কাল, শূন্য থাকিলে ভবিষ্যৎ কাল স্থির করিলে ॥৪॥

ধাতুমূলং তথা জীবং মূলজীবঞ্চ ধাতুকম্।
কালক্রমাৎ গুণাঃ পিণ্ডাৎ বিজ্ঞেয়ং প্রশ্নকোবিদৈঃ ॥ ৫ ॥

উক্ত অক্ষরপিণ্ডকে ৪ চারি দ্বারা বিভক্ত করিয়া যদি ১ এক থাকে, তাহা হইলে ধাতুমুল। যদি ২ দুই থাকে, তাহা হইলে জীব, যদি ৩ তিন থাকে, তাহা হইলে মুল-জীব, যদি শূন্য থাকে, তাহা হইলে ধাতু চিন্তা স্থির করিবে ॥৫॥

ধাতুচিন্তা যদা দৃষ্টা তদা দ্বাভ্যাং সমাহরেৎ।
একেন ধার্য্যং বিজ্ঞেয়মধার্য্যং শূন্যশেষতঃ ॥ ৬ ॥

যদি ধাতুচিন্তা স্থির হয়, তাহা হইলে উক্ত অক্ষর-পিণ্ডকে ২ দুই দ্বারা ভাগ করিবে। যদি শেষাঙ্ক ১ এক থাকে, তাহা হইলে তাহা শরীরে ধার্য্য এবং যদি ০ শূন্য শেষ থাকে, তাহা হইলে অধার্য্য নির্ণয় করিবে ॥৬॥

ধাতুভেদান্ প্রবচ্যাত্র পিণ্ডস্য ১০ দশশেষতঃ।
স্বর্ণং রৌপ্যস্তথা তাম্রং পারদং কাংস্যপিত্তলম্ ॥
সীষজং ত্রপুসংযুক্তং লৌহাভ্রকমথাপি বা।
তত্রৈকাদশশেষেণ কালাঙ্গক্রমতো বদেৎ ॥ ৭ ॥

ধাতুবিশেষ নিরূপণ করিবার আবশ্যক হইলে, উক্ত অক্ষরপিণ্ডকে ১১ একাদশ দ্বারা বিভাগ করিবে। যদি অবশিষ্ট ১এক থাকে, তাহা হইলে সুবর্ণ, ২ দুই থাকিলে রৌপ্য, ৩ তিন থাকিলে তাম্র, ৪ চারি থাকিলে পারদ, ৫ থাকিলে কাংস্য, ৬ থাকিলে পিত্তল, ৭ থাকিলে শীষক, ৮ থাকিলে দস্তা ৯ থাকিলে লৌহ, ১০ থাকিলে অভ্র, ১১ অথবা শূন্য অবশিষ্ট থাকিলে কালাভ্র, বা কাচ নির্ণয় করিবে ॥৭॥

ভূষণব্যক্তিসংজ্ঞানং ত্রিভিরেবাত্র ভাজিতে।
মানার্কঞ্চ তথাপাত্রং বিজ্ঞেয়ং সর্ব্বদা বুধৈঃ ॥ ৮ ॥

যদি ভূষণ স্থির হয়, তাহা হইলে যাহার ভূষণ, তাহার নামের অক্ষর সংখ্যাকে তিন দ্বারা বিভক্ত করিবে। যদি এক থাকে, তাহা হইলে নানা অঙ্গের অলঙ্কার, যদি দুই থাকে তাহা হইলে মস্তকের অলঙ্কার, যদি তিন থাকে, তাহা হইলে চরণালঙ্কার, স্থির করিবে ॥৮॥

দ্বিপদস্তু চতুষ্পাদো বিপদঃ পাদসঙ্কুলঃ।
চতুর্ভির্ভাজিতে শেষে বিজ্ঞেয়ং সর্ব্বদা বুধৈঃ ॥ ৯ ॥

পণ্ডিতগণ, অক্ষরপিণ্ডকে ৪ চারি দ্বারা বিভক্ত করিয়া অবশিষ্ট যদি এক থাকে, তাহা হইলে দ্বিপদ, ২ দুই থাকিলে চতুষ্পদ, তিন থাকিলে পদহীন, চারি থাকিলে বহুপদ জীব স্থির করিবে ॥৯॥

দেবতা মনুজাশ্চৈব পক্ষিণো রাক্ষসাস্তথা।
চতুর্ভিরেব জ্ঞাতব্যা ভাজিতে শেষতঃ ক্রমাৎ ॥ ১০ ॥

অক্ষরপিণ্ডকে ৪ দ্বারা বিভাগ করিয়া যদি ভাগশেষ ১ থাকে, তাহা হইলে দেবতা, ২ থাকিলে মনুষ্য, তিন থাকিলে পক্ষী, শূন্য থাকিলে রাক্ষস স্থির করিবে ॥১০॥

গৌরঃ শ্যামস্তথা মধ্যো দীর্ঘা মধ্যাশ্চ খর্ব্বকাঃ।
শিশুর্যুবা তথা বৃদ্ধস্ত্রিবিভক্তেঽভিজায়তে ॥ ১১ ॥

অক্ষরপিণ্ডকে তিন দ্বারা ভাগ করিয়া যদি অবশিষ্ট এক থাকে, তাহা হইলে গৌরবর্ণ, দুই থাকিলে শ্যামবর্ণ, শূন্য থাকিলে মধ্যবর্ণ নির্ণয় করিবে।

অক্ষরপিণ্ডকে তিন দ্বারা বিভাগ করিয়া যদি ভাগ-শেষ এক থাকে, তাহা হইলে দীর্ঘ, দুই থাকিলে মধ্য-মাকৃতি, তিন থাকিলে খর্ব্বাকৃতি নিরূপণ করিবে।

অক্ষরপিণ্ডকে তিন দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগা-বশিষ্ট এক থাকে, তাহা হইলে বালক, যদি দুই থাকে, তাহা হইলে যুবা, যদি শূন্য থাকে, তাহা হইলে বৃদ্ধ স্থির করিবে ॥১১॥

নরস্ত্রিয়ৌ চ দ্বিবিধৌ চত্বারশ্চ ক্রমাদিমে।
লব্ধং মূলে পুনর্যোজ্যং পশ্চাদ্ ভাগং সমাহরেৎ।
ভক্তে দ্বাদশভিশ্চৈব ভবসম্বন্ধচিন্তনম্ ॥ ১২ ॥
অন্তব্যক্তিভবোদ্ভেদো নামাভিঃ পরিকথ্যতে।
গ্রন্থবাহুল্যভীত্যা চ জ্ঞেয়মন্যত্রতঃ সদা ॥ ১৩ ॥

দেবতা, মনুষ্য, পক্ষী ও রাক্ষস, এই চতুর্ব্বিধ জীবের

পুরুষ বা স্ত্রী জানিতে হইলে অক্ষরপিণ্ডকে দুই দ্বারা বিভক্ত করিয়া এক থাকিলে পুরুষ, দুই থাকিলে স্ত্রী, নির্ণয় করিবে। এই সমুদায় ভাগ করিবার সময় লব্ধ অঙ্ক মূলে যোগ করিয়া পশ্চাৎ ভাগ করিয়া ফল গণনা করিতে হইবে। উক্ত অঙ্ক দ্বাদশ দ্বারা বিভক্ত করিয়া ভাব-সম্বন্ধ চিন্তা করিবে। পরন্তু ঈদৃশ ভাগকল্পনা অন্য ব্যক্তি কর্তৃকও নিরূপিত হইয়াছে। আমি গ্রন্থ বাহুল্য ভয়ে তাহা প্রকাশ করিলাম না। জিজ্ঞাসু ব্যক্তিরা এ সমুদায় বিষয় গ্রন্থান্তর হইতে পরিজ্ঞাত হইবেন॥১৩॥

মূলভেদান্ প্রবক্ষ্যামি যথোক্তং শম্ভুনাধুনা।
মূলং কাষ্ঠঞ্চ ত্বকপত্রং পুষ্পঞ্চৈব তথা ফলম্॥
ষড়্ভির্ভক্তে বিজানীয়াৎ প্রশ্নবিদ্যাবিচক্ষণঃ॥ ১৪॥
তরবশ্চ লতা ষণ্ডস্তৃণগুল্মাদিকস্তথা॥ ১৫॥

পূর্ব্বে মহেশ্বর যেরূপ বলিয়াছেন, তদনুসারে এক্ষণে আমি মূলভেদ প্রকাশ করিতেছি।

যাঁহারা প্রশ্নবিদ্যাবিচক্ষণ, তাঁহারা অক্ষরপিণ্ডকে ৬ছয় দ্বারা বিভক্ত করিয়া মূল প্রভৃতি নিরূপণ করিবেন, অর্থাৎ ভাগশেষ ১ থাকিলে মূল, ২ থাকিলে কাষ্ঠ, ৩ থাকিলে ত্বক্, ৪ থাকিলে পত্র, ৫ থাকিলে পুষ্প, ছয় বা শূন্য থাকিলে ফল স্থির করিবে॥১৪॥

উক্ত অক্ষরপিণ্ড ৪ চারি দ্বারা বিভক্ত করিয়া অবশিষ্ট অঙ্ক যদি এক থাকে, তাহা হইলে বৃক্ষ, দুই থাকিলে লতা, তিন থাকিলে ওষধি, শূন্য থাকিলে তৃণ গুল্মাদি স্থির করিবে॥১৫॥

শুষ্কমার্দ্রং তথা দ্বাভ্যাং ভক্ষ্যাভোজ্যঞ্চ বৈ তথা।
স্বদেশজং পরোক্ষঞ্চ কল্পনাভির্বিচারয়েৎ॥ ১৬॥

অক্ষরপিণ্ডকে দুই দ্বারা বিভক্ত করিলে যদি এক অবশিষ্ট থাকে তাহা হইলে শুষ্ক উদ্ভিদ্, শূন্য অবশিষ্ট থাকিলে আর্দ্র উদ্ভিদ্ নিরূপণ করিবে।

উহাকে পুনর্ব্বার দুই দ্বারা বিভক্ত করিলে যদি এক থাকে ভক্ষ্য ও যদি শূন্য থাকে অভক্ষ্য স্থির করিবে।

ঐ অক্ষরপিণ্ডকে পুনর্ব্বার দুই দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে স্বদেশজাত, যদি দুই থাকে তাহা হইলে দেশান্তরজাত স্থির করিবে॥১৬

কালসন্ধৌ তু সংপ্রাপ্তে প্রকীর্ণং চিন্তয়েদ্বুধঃ।
একেন রত্নজাতিঃ স্যাৎ ততো ভেদাদিকং পুনঃ॥ ১৭॥
মৌক্তিকঞ্চৈব বৈদূর্য্যং মুক্তাফলমথাপি বা।
স্বরাগং পদ্মরাগঞ্চ মণিপ্রস্তরমেবচ॥ ১৮॥
যথাক্রমবিভাগেন মূলমিশ্রেণ বৈ তথা।
ইত্যেবং বহুধা চিন্ত্যং প্রশ্নকালে মনীষিভিঃ॥ ১৯॥

কালসন্ধি উপস্থিত হইলে পণ্ডিত ব্যক্তি বিমিশ্র বিষয় চিন্তা করিবে। উক্ত অক্ষরপিণ্ডকে ৭সপ্ত দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগাবশেষ এক থাকে, তাহা হইলে রত্নজাতি, দুই থাকিলে মৌক্তিক, তিন থাকিলে বৈদূর্য্য চারি থাকিলে মুক্তাফল, পাঁচ থাকিলে স্বরাগ, ছয় থাকিলে পদ্মরাগ, শূন্য থাকিলে মণিপ্রস্তর স্থির করিবে। পরন্তু পুনর্ব্বার বিভাগ করিবার সময় মূলে লব্ধ ফল মিশ্রিত করিতে হইবে। পণ্ডিত ব্যক্তি প্রশ্ন কালে এইরূপ নানাবিষয় চিন্তা করিবে॥১৯॥

কেশাস্থ্যস্থিমাংসানি চর্ম্ম মেদস্তথা বসা।
এবং জীবো বিচার্য্যঃ স্যাজ্জীবিতো মৃতএব চ॥ ২০॥

জীবচিন্তা স্থলে অঙ্কপিণ্ডকে ছয় দ্বারা বিভক্ত করিয়া যদি এক শেষ থাকে তাহা হইলে কেশ, দুই থাকিলে অস্থি, তিন থাকিলে মাংস, চারি থাকিলে চর্ম্ম, পাঁচ থাকিলে মেদ, ছয় থাকিলে বসা, নিরূপণ করিবে।

উক্ত অঙ্ক দুই দ্বারা বিভক্ত করিয়া ভাগশেষ যদি এক থাকে, তাহা হইলে জীবিত, দুই থাকিলে মৃত স্থির করিবে॥২০॥

পিণ্ডে নামসমাযুক্তং যায়ী স্থায়ী যথাক্রমম্।
শূন্যে সন্ধিঃ সমাদেশ্যো যুদ্ধকালে ন সংশয়ঃ॥ ২১॥

সংগ্রাম কালে সংগ্রামবিষয়ক প্রশ্ন হইলে অক্ষর-পিণ্ডে নামাক্ষরাঙ্ক যোগ করিয়া তিন দ্বারা ভাগ করিয়া যদি এক শেষ থাকে, তাহা হইলে যুদ্ধগমনে সম্মতি দিবে, যদি দুই শেষ থাকে, তাহা হইলে স্থির হইয়া থাকিতে বলিবে, যদি শূন্য থাকে, তাহা হইলে সন্ধি করিতে বলিবে॥২১॥

ইত্যেবমেকবিংশত্যা শ্লোকৈর্লোকমনোরমা।
প্রশ্নবিদ্যা ময়া প্রোক্তা দেয়া শিষ্যায় সাধবে॥ ২২॥

একবিংশতি শ্লোক দ্বারা লোকমনোরমা নামে এই প্রশ্নবিদ্যা সঙ্কলন করিলাম। ইহা সাধুশিষ্যকে প্রদান করিবে॥২২॥

তথাচ বিশেষেণ।
উক্তেঽপ্যঙ্কে মূলাঙ্কে তদ্বৎ ক্ষেপ্যং সদা বুধৈঃ।
স্বানুভূত্যা বিশেষোঽয়ং মোহনানি বিচারিতঃ॥ ২৩॥

উক্ত সমুদায় গণনা স্থলে বিশেষ এই যে, ভাগ করিবার সময় অক্ষরপিণ্ডে পূর্ব্বলব্ধ ভাগফল যোগ করিতে হইবে। ইহার মধ্যে বিশেষ এই যে, এই প্রশ্ন গণনা যদি আপন অনুভব সহকারে বিচারিত হয়, তাহা হইলে লোকে বিমোহিত হইবে। ২৩

স্বরাদৌ তু স্বভাবাঙ্কে ব্যঞ্জনাদৌ তু বর্গতঃ।
পূরিতে হৃতশেষেণ ফলং বিদ্যাদ্বিচক্ষণঃ।

ইহার বিশেষ সঙ্কেত এই যে, স্বরের স্বাভাবিক নির্দ্দিষ্ট অঙ্ক, ব্যঞ্জনবর্ণের বর্গানুসারে নির্দ্দিষ্ট অঙ্ক, পরস্পর গুণ করিয়া যথাযথ ভাগ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা বিচক্ষণ ব্যক্তি ফল নির্দ্দেশ করিয়া বলিয়া দিবেন।

---**---

স্বরবর্ণের নির্দ্দিষ্ট অঙ্ক ও ব্যঞ্জন বর্ণের বর্গানুসারী অঙ্ক নিম্নস্থ চক্রে প্রদর্শিত হইতেছে।

| অ | আ | ই | ঈ | উ | ঊ | ঋ | ৠ | ঌ | ৡ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| এ | ঐ | ও | ঔ | অং | অঃ | ক | খ | গ | ঘ |
| ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ঙ | চ | ছ | জ | ঝ | ঞ | ট | ঠ | ড | ঢ |
| ৭ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ণ | ত | থ | দ | ধ | ন | প | ফ | ব | ভ |
| ৯ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ম | য | র | ল | ব | শ | ষ | স | হ | ** |
| ১১ | ৮ | ৯ | ১০ | ১১ | ৯ | ১০ | ১১ | ১২ | ** |

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত কলিতজ্যোতিষে গর্গবিরচিতা লোকমনোরমা সমাপ্তা।

# বর্ণস্বরোদয়ের চক্র।

| বাল | কুমার | যুবা | বৃদ্ধ | মৃত্যু |
|---|---|---|---|---|
| ১<br>অ আ | ২<br>ই ঈ | ৩<br>উ ঊ | ৪<br>এ ঐ | ৫<br>ও ঔ |
| অ ক হ ড ধ ভ ব | ই খ জ ঢ ন ম শ | উ গ ঝ ত প য ষ | এ ঘ ট থ ফ র স | ও চ ঠ দ ব ল হ |
| মেষ, সিংহ, অলি। | কন্যা, মিথুন, কর্কট। | ধনু, মীন। | তুলা, বৃষ। | মকর, কুম্ভ। |
| রবি, মঙ্গল। | চন্দ্র, বুধ। | বৃহস্পতি। | শুক্র। | শনি। |
| ২৭ রেবতী, ১ অশ্বিনী, ২ ভরণী, ৩ কৃত্তিকা, ৪ রোহিণী, ৫ মৃগশিরা, ৬ আর্দ্রা। | ৭ পুনর্ব্বসু, ৮ পুষ্যা, ৯ অশ্লেষা, ১০ মঘা, ১১ পূর্ব্বফল্গুণী। | ১২ উত্তরফল্গুণী, ১৩হস্তা, ১৪ চিত্রা, ১৫ স্বাতি, ১৬ বিশাখা। | ১৭ অনুরাধা, ১৮ জ্যেষ্ঠা, ১৯ মূলা, ২০ পূর্ব্বাষাঢ়া, ২১ উত্তরাষাঢ়া। | ২২ শ্রবণা, ২৩ ধনিষ্ঠা, ২৪ শতভিষা, ২৫ পূর্ব্ব-ভাদ্রপদ, ২৬ উত্তর-ভাদ্রপদ। |
| মেষ, বৃষ, মিথুনের ৬ অংশ।<br>একুনে ২৪ অংশ। | মিথুন ৩ অংশ, কর্কট, সিংহ একুনে ২১ অংশ। | কন্যা, তুলা, বৃশ্চিকের ৩অংশ, একুনে ২১অংশ। | বৃশ্চিকের ৭ অংশ, ধন, মকর, ৬ একুনে ২১ অংশ। | মকর ৩ অংশ, কুম্ভ মীন একুনে ২১ অংশ। |
| নন্দা, (প্রতিপদ, ষষ্ঠী, একাদশী।) | ভদ্রা (দ্বিতীয়া, সপ্তমী, দ্বাদশী।) | জয়া, (তৃতীয়া, অষ্টমী, ত্রয়োদশী।) | রিক্তা, (চতুর্থী, নবমী, চতুর্দ্দশী।) | পূর্ণা, (পঞ্চমী, দশমী, পূর্ণিমা, অমাবস্যা।) |
| ভাদ্র, অগ্রহায়ণ, বৈশাখ, | অশ্বিনী, শ্রবণা, আষাঢ়, | চৈত্র, পৌষ। | জ্যৈষ্ঠ, কার্ত্তিক। | মাঘ, ফাল্গুণ। |
| ১ প্রভব, ২ বিভব, ৩শুক্র, ৪ প্রমোদ, ৫ প্রজাপতি, ৬ অঙ্গিরা, ৭ শ্রীমুখ, ৮ ভাব, ৮ যুবা, ১০ধাতা, ১১ ঈশ্বর, ১২ বহুধান্য। | ১৩ প্রমাথী, ১৪ বিক্রম, ১৫ বৃষ, ১৬চিত্রভানু, ১৭ স্বর্ভানু, ১৮ দারুণ, ১৯ পার্থিব, ২৯ ব্যয়, ২১ সর্ব্বজিৎ, ২২সর্ব্বধারী, ২৩ বিরোধী, ২৪ বিকৃত। | ২৫ খর, ২৬ নন্দন, ২৭ বিজয়, ২৮জয়, ২৯ মন্মথ, ৩০ দুর্ম্মুখ, ৩১ হেমলম্ব, ৩২ বিলম্ব, ৩৩ বিকারী, ৩৪ শর্ব্বরী, ৩৫ প্লব, ৩৬ শুভকৃৎ। | ৩৭ শোভন, ৩৮ ক্রোধ, ৩৯ বিশ্বাবসু, ৪০ পরা-ভব, ৪১ প্লবঙ্গ, ৪২ কীলক, ৪৩ সৌম্য ৪৪ সাধারণ, ৪৫ বিরোধকৃৎ, ৪৬ পরিধারী, ৪৭ প্র-মাথী, ৪৮ আনন্দ। | ৪৯ রাক্ষস, ৫০ নল, ৫১ পিঙ্গল, ৫২ কালযুক্ত, ৫৩ সিদ্ধার্থ, ৫৪ রৌদ্র, ৫৫ দুর্ম্মতি, ৫৬ দুন্দভি, ৫৭ রুধিরোদগারী, ৫৮ রক্তাক্ষ, ৫৯ ক্রোধন, ৬০ ক্ষয়। |

# বর্ণস্বরোদয়।

---**---

নরপতি জয়চর্য্যা স্বরোদয়ধৃত ব্রহ্মযামলে।

মাতৃকায়াং স্বরাঃ প্রোক্তাঃ স্বরাঃ ষোড়শ সংখ্যয়া।
তেষাং দ্বাবন্তিমৌ ত্যাজ্যৌ চত্বারশ্চ নপুংসকাঃ ॥১॥

মাতৃকায় কথিত আছে, স্বরের সঙ্খ্যা ষোড়শ। এই ষোড়শ স্বরের মধ্যে অন্ত্য স্বরদ্বয় অর্থাৎ অং অঃ এই দুইটী ত্যাজ্য। ঋ ৠ ঌ ৡ এই চারিটী ক্লীব স্বর, সুতরাং ইহাও ত্যাজ্য। ১

শেষা দশ স্বরাস্তেষু স্যাদেকৈকো দ্বিকে দ্বিকে।
জ্ঞেয়া অতঃ স্বরাদ্যাশ্চ হ্রস্বাঃ পঞ্চ স্বরোদয়ে ॥২॥

অবশিষ্ট দশটী স্বরের মধ্যে দুইটী দুইটী করিয়া পঞ্চ যুগল হইবে। এই পঞ্চযুগলের আদ্য পঞ্চ স্বর অর্থাৎ অ ই উ এ ও, হ্রস্ব স্বরের মধ্যে গণ্য। এই জন্যই পঞ্চ স্বরই স্বরোদয়ে অবলম্বিত হইয়া থাকে। ২

লাভালাভং সুখং দুঃখং জীবিতং মরণং তথা।
জয়ঃ পরাজয়ঃ সন্ধিঃ সর্ব্বং জ্ঞেয়ং স্বরোদয়ে ॥
স্বরাহি মাতৃকোচ্চারা মাতৃব্যাপ্তং চরাচরং।
তস্মাৎ স্বরোদ্ভবং সর্ব্বং ত্রৈলোক্যং সচরাচরং ॥

এই স্বরোদয় হইতে লাভালাভ, সুখ, দুঃখ, জীবিত, মরণ, জয়, পরাজয় ও সন্ধি এই সমস্ত জ্ঞাত হওয়া যায়।

মাতৃকাবর্ণ স্বরভিন্ন উচ্চাচরণ হয় না, এবং সেই মাতৃকাবর্ণ দ্বারা এই চরাচর ব্যাপ্ত আছে, সেই হেতু স্থাবর ও জঙ্গমাত্মক জগৎ স্বর হইতে উদ্ভব হইয়াছে। অতএব স্বরোদয়ের দ্বারা সমস্ত জ্ঞাত হইতে পারা যায়।

অকারাদিস্বরাঃ পঞ্চ ব্রহ্মাদ্যাঃ পঞ্চ দেবতাঃ।
নিবৃত্ত্যাদ্যাঃ কলাঃ পঞ্চ ইচ্ছাদ্যং শক্তিপঞ্চকম্ ॥৩॥

অকারাদি পঞ্চ স্বর ব্রহ্মা প্রভৃতি পঞ্চ দেবতা, অর্থাৎ অকারে ব্রহ্মা, ইকারে বিষ্ণু, উকারে রুদ্র, একারে পবন, ওকারে সদাশিব। এইরূপ ঐ অকারাদি পঞ্চস্বরে নিবৃত্তি প্রভৃতি পঞ্চকলা* এবং ইচ্ছা প্রভৃতি পঞ্চশক্তি † নির্দ্দিষ্ট আছে।

মায়াদ্যাশ্চক্রভেদাশ্চ ধরাদ্যং ভূতপঞ্চকম্।
গন্ধাদ্যাঃ বিষয়াস্তেচ কামবাণা ইতীরিতাঃ ॥৪॥

ঐ পঞ্চ স্বরে যথাক্রমে আকারাদি ‡ পঞ্চচক্র, পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ, এই পঞ্চভূত, গন্ধ, রস, রূপ, স্পর্শ, শব্দ, এই বিষয়পঞ্চক এবং সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন, এই পাঁচটী পঞ্চবাণের বাণ লক্ষিত হয়। ৪

অকারাদিস্বরাঃ পঞ্চ তেষামষ্টৌ ভিদাস্বমী।
মাত্রাবর্ণো গ্রহো জীবো রাশির্ভং পিণ্ডযোগকৌ ॥৫॥

অকারাদি পঞ্চস্বর আট ভাগে বিভক্ত। যথা—মাত্রা, বর্ণ, গ্রহ, জীব, রাশি, নক্ষত্র, পিণ্ড, এবং যোগস্বর।

প্রসুপ্তো ভাষ্যতে যেন যেনাগচ্ছতি শব্দিতঃ।
তত্র নাম্নাদ্যবর্ণে যা মাত্রা মাত্রাস্বরঃ স হি ॥৬॥

যে নাম দ্বারা নিদ্রিত ব্যক্তিকে আহ্বান করা যায়, যে নাম দ্বারা আহূত হইলে মনুষ্য গমন করে, সেই নামের আদ্য বর্ণে যে মাত্রা অর্থাৎ স্বর হইবে, তাহার নামই মাত্রাস্বর। যেমন রসিকমোহন, এই নামের আদ্যক্ষর র॥ ঐ র বর্ণে অ সংযুক্ত আছে, অতএব মাত্রাস্বর অ (সঙ্খ্যা ১)। ৬

---

* নিবৃত্তি ১, প্রতিষ্ঠা ২, বিদ্যা ৩, শান্তি ৪, শান্ত্যতীতা ৫।
† ইচ্ছা ১, প্রজ্ঞা ২, প্রভা ৩, শ্রদ্ধা ৪, মেধা ৫।
‡ চতুরস্র ১, অর্দ্ধচন্দ্র ২, ত্রিকোণ ৩, ষড়বিন্দুযুক্তগোলাকৃতি ৪, গোলাকৃতি ৫।

## বর্ণস্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | চ |
| ছ | জ | ঝ | ট | ঠ |
| ড | ঢ | ত | থ | দ |
| ধ | ন | প | ফ | ব |
| ভ | ম | য | র | ল |
| ব | শ | ষ | স | হ |

অকারের নিম্নে ক ছ আদি যে ছয়টী বর্ণ আছে, তাহা অস্বরের অন্তর্গত। এইরূপ ই স্বরের নিম্নস্থ ছয়টী বর্ণ ই স্বরের অন্তর্গত এবং উ স্বরের নিম্নস্থ ছয়টী বর্ণ উ স্বরের অন্তর্গত, এ স্বরের এবং ও স্বরের নিম্নস্থ ছয় ছয়টী বর্ণ, এ স্বরের এবং ও স্বরের অন্তর্গত হইবে!

বর্ণস্বরচক্রের নিয়ম যথা—

কাদিহন্তান্ লিখেদ্বর্ণান্ স্বরাধো ঙঞণোজ্ঝিতান্।
তির্য্যক্ পংক্তিক্রমেণৈব পঞ্চত্রিংশৎপ্রকোষ্ঠকে ॥ ৭ ॥
নরনামাদিমো বর্ণো যস্মাৎ স্বরাদধঃ স্থিতঃ।
স স্বরস্তস্ত বর্ণস্য বর্ণস্বর ইহোচ্যতে ॥ ৮ ॥

ঙ ঞ ণ এই তিনটী অক্ষর ত্যাগ করিয়া অবশিষ্ট ক অবধি হ পর্য্যন্ত সমুদায় অক্ষর পঞ্চস্বরের নিম্নে তির্য্যক্ পঙ্‌ক্তিক্রমে বিন্যাস করিবে। স্বরবর্ণের পঙ্‌ক্তি সমেত সাতটী পঙ্‌ক্তি হইবে এবং সর্ব্ব সমেত পঁয়ত্রিশটী ঘরে পঁয়ত্রিশটী অক্ষর বিন্যস্ত হইবে। যথা উপরের চক্রে দৃষ্টি কর।

মনুষ্যের নামের আদ্য বর্ণ যে স্বরের নিম্নে থাকিবে। সেই বর্ণের সেই স্বরই বর্ণস্বর হইবে।

যেমন রসিক মোহন নামের আদ্যক্ষর র। র একারের পর্য্যায়ে পতিত হওয়াতে একার (সঙ্খ্যা ৪) বর্ণস্বর হইতেছে। ৮

ন প্রোক্তা ঙঞণা বর্ণা নামাদৌ সন্তি তে ন হি।
চেত্তবন্তি তদা জ্ঞেয়া গজডাস্তে যথাক্রমম্ ॥ ৯ ॥

ঙ ঞ ণ এই তিন বর্ণ নামের আদিতে থাকে না, এই জন্য তাহা পরিত্যক্ত হইল। যদি কোন নামে আদ্যবর্ণ ঙ ঞ অথবা ণ হয়, তাহা হইলে ঙ এই বর্ণে পরিবর্ত্তে গ, ঞ এই বর্ণের পরিবর্ত্তে জ, ণ এই বর্ণে পরিবর্ত্তে ড, এই বর্ণ স্থাপন করিতে হইবে। ৯

যদি নাম্নি ভবেদ্বর্ণঃ সংযুক্তাক্ষরলক্ষণঃ।
গ্রাহ্যস্তস্যাদিমো বর্ণ ইত্যুক্তং ব্রহ্মযামলে ॥১০॥

যদি নামের আদ্যক্ষর সংযুক্ত বর্ণ হয়, তাহা হইলে ব্রহ্মযামলে উক্ত হইয়াছে যে, ঐ সংযুক্ত বর্ণের মধ্যে আদ্য বর্ণমাত্র গ্রহণ করিবে। ১০

অ স্বরে মেষসিংহালিরিঃ কন্যাযুগ্মকর্ক্কটাঃ।
উ স্বরে চ ধনুর্মীনৌ এ স্বরে চ তুলাবৃষৌ ॥১১॥
ও স্বরে মৃগকুম্ভৌ চ রাশীশাস্তু গ্রহস্বরঃ।
স্বরাধঃ স্থাপয়েৎ খেটান্ রাশের্যো যস্য নায়কঃ ॥১২॥

অস্বরে মেষ, সিংহ ও বৃশ্চিক রাশি। ই স্বরে কন্যা মিথুন ও কর্কট রাশি। উ স্বরে ধনু ও মীন রাশি। এ স্বরে তুলা ও বৃষ রাশি। ও স্বরে মকর ও কুম্ভ রাশি। এই সমুদায় রাশিসম্ভূত গ্রহ স্বর হইবে। যে গ্রহ যে রাশির অধিপতি তাহাকে সেই স্বরের নিম্নে স্থাপন করিতে হইবে। ১২

নামের আদ্য বর্ণে যে রাশি হইবে, সেই রাশির অধিপতি যে গ্রহ, সেই গ্রহ যেস্বরে পতিত হইবে, সে স্বর কেই গ্রহস্বর বলা যায়। যেমন রসিকমোহন এই নামের আদ্যক্ষর র। র তুলারাশি, ঐ তুলারাশির অধিপতি শুক্র। শুক্র একার স্বরে পতিত হওয়াতে রাশীশ্বর এ। একারের সঙ্খ্যা ৪।

## জীবস্বর চক্র।

ষোড়শাক্ষরকোঽবর্গঃ স্যাৎ কাদিবর্গাস্ত পঞ্চকাঃ।
চতুর্ব্বর্ণৌ যশৌ বর্গৌ সঙ্খ্যা বর্গেষু কীর্ত্তিতাঃ ॥ ১৩ ॥
নাম্নো বর্ণাঃ স্বরা গ্রাহ্যা বর্গানাং বর্ণসঙ্খ্যয়া।
পিণ্ডিতাঃ পঞ্চভির্ভক্তাঃ শেষং জীবস্বরং বিদুঃ ॥ ১৪ ॥

অবর্গের ষোলটী অক্ষর। কবর্গাদি পঞ্চবর্গে পাঁচ পাঁচটী করিয়া অক্ষর। য বর্গ ও শ বর্গে চারি চারিটী করিয়া অক্ষর। প্রত্যেক বর্গের প্রত্যেক অক্ষরে এক হইতে আরম্ভ করিয়া বর্ণাঙ্ক স্থির করিতে হইবে। ১৩

যথা—

| অ ১ | আ ২ | ই ৩ | ঈ ৪ | উ ৫ | ঊ ৬ | ঋ ৭ | ৠ ৮ | ৯ ৯ | ৯৯ ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| এ ১১ | ঐ ১২ | ও ১৩ | ঔ ১৪ | অং ১৫ | অঃ ১৬ | ক ১ | খ ২ | গ ৩ | ঘ ৪ |
| ঙ ৫ | চ ১ | ছ ২ | জ ৩ | ঝ ৪ | ঞ ৫ | ট ১ | ঠ ২ | ড ৩ | ঢ ৪ |
| ণ ৫ | ত ১ | থ ২ | দ ৩ | ধ ৪ | ন ৫ | প ১ | ফ ২ | ব ৩ | ভ ৪ |
| ম ৫ | য ১ | র ২ | ল ৩ | ব ৪ | শ ১ | ষ ২ | স ৩ | হ ৪ | * |

নামে যতগুলি অক্ষর থাকিবে, তাহার বর্ণ সংস্থান সংখ্যা ক্রমে অঙ্ক সংলগ্ন করিয়া ৫ দ্বারা ভাগ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা জীবস্বর নিরূপণ করিবে। যেমন রসিকমোহন, এই নামে র ২ স ৩ ই ৩ ক ১ ম ৫ ও ১৩ হ ৪ ন ৫ ইহার যোগ ৩৬। ইহা ৫ দ্বারা বিভক্ত করিলে শেষ ১ সুতরাং এই নামে জীবস্বর অ—১।

## রাশিস্বর।

মেষবৃষাবকারে চ মিথুনাদ্যাঃ ষড়ংশকাঃ।
মিথুনাংশাস্ত্রয়শ্চৈব ইকারে সিংহকর্কটাঃ॥ ১৫॥
কন্যা তুলা উকারে চ বৃশ্চিকস্য ত্রয়োংশকাঃ।
একারে বৃশ্চিকস্যাংশাঃ ষট্ চাপঃ ষড় মৃগাদিমাঃ॥ ১৬॥
অংশাস্ত্রয়ো মৃগস্যান্ত্যাঃ কুম্ভমীনৌ তথৌস্বরে।
এবং রাশিস্বরঃ প্রোক্তো ন বাংশকক্রমোদয়ঃ॥১৫॥

অকার স্বরে মেষ বৃষ ও মিথুন রাশির প্রথম ষড়ংশ লক্ষিত হইবে। ই স্বরে মিথুনের শেষ তিন অংশ, কর্কট রাশি ও সিংহ রাশি লভ্য হইবে। উ স্বরে কন্যা তুলা এবং বৃশ্চিকের তিন অংশ প্রাপ্ত হওয়া যাইবে। এ স্বরে বৃশ্চিক রাশির শেষ ছয় অংশ, ধনু ও মকর রাশির প্রথম ছয় অংশ ধরিতে হইবে। ও স্বরে মকরের অন্তিম তিন অংশ কুম্ভ রাশি ও মীন রাশি প্রাপ্ত হওয়া যাইবে॥১৭॥

যেমন রসিকমোহন এই নামের আদ্য অক্ষর র তুলা রাশির প্রথমাংশে উ, স্বরে পতিত হওয়াতে উ স্বর রাশিস্বর হইতেছে ইহার সংখ্যা ৩।

## নক্ষত্রস্বর।

অকারে সপ্ত ঋক্ষাণি রেবত্যাদি ক্রমেণ চ।
পঞ্চ পঞ্চ ইকারাদাবেব মৃক্ষস্বরোদয়ঃ॥ ১৮॥

অস্বরের, রেবতী, অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, রোহিণী মৃগশিরাঃ, আর্দ্রা, এই সপ্ত নক্ষত্র লক্ষিত হইবে। ই-স্বর প্রভৃতি স্বর চতুষ্টয়ে পুনর্ব্বসু হইতে পাঁচটী করিয়া নক্ষত্র যথাক্রমে লভ্য হইবে। অর্থাৎ অ-স্বর ২৭।১।২।৩।৪।৫।৬। ই-স্বর ৭।৮।৯।১০।১১। উ-স্বর ১২।১৩।১৪।১৫।১৬। এ-স্বরে ১৭।১৮।১৯।২০।২১। ও-স্বরে ২২।২৩।২৪।২৫।২৬।

শতপদ চক্র দ্বারা নামের আদ্য অক্ষরে যে নক্ষত্র হইবে, সেই নক্ষত্র যে স্বরে পতিত হইবে, তাহাই নক্ষত্র স্বর। যেমন শতপদ চক্র দ্বারা রসিকমোহন এই নামের আদ্যক্ষর র দ্বারা ১৪ চিত্রা নক্ষত্র হয়। চিত্রা নক্ষত্র উকার স্বরে পতিত, অতএব নক্ষত্র স্বর উকার, সঙ্খ্যা ৩।

## পিণ্ডস্বর।

মাত্রাবর্ণস্বরাৎ সঙ্খ্যা সঙ্খ্যা বীজস্বরাৎ তথা।
পিণ্ডীকৃতে শরৈঃ শেষঃ পিণ্ডস্বর ইহোচ্যতে॥ ১৯॥

মাত্রাস্বর, বর্ণস্বর ও জীবস্বর, এই সমুদায় সঙ্খ্যা একত্র করিয়া পাঁচ দ্বারা ভাগ দিয়া যাহা অবশেষ থাকিবে, তাহা দ্বারা পিণ্ডস্বর হইবে। ১৯

যথা রসিকমোহন, এই নামের মাত্রা স্বর অ-১ বর্ণস্বর এ-৪ পূর্ব্বোক্ত জীবস্বর অ-১ ইহার যোগ ৬, ইহা পাঁচ দ্বারা বিভক্ত করিয়া শেষ ১, সুতরাং পিণ্ডস্বর অ-১।

## যোগস্বর।

মাত্রাদি বর্ণভেদেন স্বরমুৎপাদ্য যত্নতঃ।
যোগে শরহৃতে তত্র শেষো যোগস্বরো মতঃ॥ ২০॥

নামের মাত্রা ও বর্ণসমুদায় হইতে স্বর উৎপাদন করিয়া তাহার সমষ্টি করিবে, অর্থাৎ মাত্রা বর্ণ গ্রহ জীব রাশি নক্ষত্র পিণ্ডস্বরের যে সমুদায় অঙ্ক পূর্ব্বোক্ত মতে স্থির হইবে, সেই সকল অঙ্ক একত্র যোগ করিয়া যে সমষ্টি হইবে, তাহাকে পাঁচ দ্বারা বিভক্ত করিয়া যাহা থাকিবে, তাহার নাম যোগস্বর॥২০॥

যেমন রসিকমোহন এই নামের পূর্ব্বপ্রক্রিয়া মতে

মাত্রাস্বর সঙ্খ্যা ১, বর্ণস্বরের সঙ্খ্যা ৪, গ্রহস্বরের সঙ্খ্যা ৪, জীবস্বরের সঙ্খ্যা ১, রাশিস্বরের সঙ্খ্যা ৩, নক্ষত্রস্বরের সঙ্খ্যা ৩, পিণ্ডস্বরের সঙ্খ্যা ১, এই সমস্ত অঙ্ক যোগ করিলে ১৭ হয়। ইহাকে ৫ পাঁচ দ্বারা ভাগ দিলে অবশিষ্ট ২ থাকে। অতএব যোগ স্বর ই স্বর, উহার সঙ্খ্যা ২।

প্রোক্তা নৈসর্গিকাশ্চাষ্টৌ মাত্রাদ্যা নামজাঃ স্বরাঃ।
এতেষামুদয়ান্ বক্ষ্যে দ্বাদশাব্দাদিকালজান্॥ ২১ ॥
প্রভবাদিক্রমেণৈষাং স্বরাণামস্বরাদিতঃ।
উদয়ো দ্বাদশাব্দানাং প্রত্যেকং দ্বাদশাব্দিকঃ॥ ২২ ॥
অস্যান্তরোদয়ো বর্ষমেকং মাসং দিনদ্বয়ম্।
লোকাব্ধিঘটিকাঃ প্রোক্তাশ্চাষ্টত্রিংশৎ পলানি চ ॥২৩॥
১।১।২।৪৩।৩৮।

---

প্রোক্তা ইতি। নামজা নামতো নৈসর্গিকাঃ প্রোক্তাঃ এতেষামষ্টস্বরাণামুদয়ান্ ব্যবহারসংজ্ঞিতান্ কথম্ভূতানুদয়ান্ দ্বাদশাব্দিকবর্ষায়নঋতুমাসপক্ষতিথিদণ্ডজান্ ।২১। প্রভবাদীতি। এতেষাং দ্বাদশাব্দানাং প্রভবাদিক্রমেণ ষষ্টিসম্বৎসরে স্বরাণামকারাদীনাং প্রত্যেকং দ্বাশাব্দিক উদয়ো ভবতি। তত্র প্রভবাদিদ্বাদশবর্ষে অকারোদয়ঃ। ততো দ্বাদশদ্বাদশাংশং কৃত্বা চতুর্ণামিকারাদীনামুদয়ঃ। প্রভববর্ষপ্রবৃত্তৌ রত্নমালায়াং শ্রীপতিঃ।

তপসি খলু দাসাবুদ্গমং যাতি মাসি প্রথমলবগতঃ সন্ বাসবে বাসবে জ্যঃ। নিখিলজনহিতার্থং বর্ষবৃন্দে বরিষ্ঠঃ প্রভব ইতি স নাম্না জায়তেঽব্দস্তদানীমিতি। ব্যবহারসময়ে। দ্বাদশাব্দিকে কস্যোদয়ঃ কস্য চান্তরোদয়ঃ এতজ্জ্ঞানার্থং রত্নমালাশ্লোকো লিখ্যতে।

শকেন্দ্রকালঃ পৃথগাকৃতিঘ্নঃ শশাঙ্কনন্দাশ্বিযুগৈঃ সমেতঃ।
শরাদ্রিবস্বিন্দুহৃতঃ সলব্ধঃ ষষ্ট্যাপ্তশিষ্টঃ প্রভবাদয়োঽব্দাঃ॥

বিবেচনং যথা শকবর্ষাঃ ১৪১২ চৈত্রশুদ্ধিঃ ১ শকবর্ষ ১৪১২ অপরস্থানস্থৈর্দ্বাবিংশতি২২ গুণিতো বৃত্তঃ ৪৩১০৬৪ এতদেব শশাঙ্কাদি ৪২৯১ সমেতবৃত্তঃ ৩৫৩৫৫ অত্র শরাদ্রিবস্বিন্দু ১৮৭৫ লব্ধবর্ষাঃ ১৮ শেষং ১৩০৫ দ্বাদশগুণিতম্ এতৎ ১৯২৬০ অত্র লব্ধমাসাঃ ১০ শেষং ৫১০ ত্রিংশদ্গুণিতমেতৎ ১৪৩০০ অত্র লব্ধদিনং ৮ শেষং ৩০০ ষষ্টিগুণিতে ১৮০০ অত্র লব্ধদণ্ডাঃ ৯ শেষং ১১২৫ ষষ্টিগুণিতে ৬৭৫০০ অত্র লব্ধপলং ৩৬ এবং লব্ধ বর্ষ ১৮ মাস ১০ দিন ৮ দণ্ড ৯ পল ৩৬ এতৎসহিতশকবর্ষ ১৪৩০ অত্র ষষ্ট্যা শেষিতে অবশিষ্টবর্ষ ৫০।১০।৮।৯।৩৬ অথ দ্বাদশাব্দিকস্বরজ্ঞানার্থং দ্বাদশভাগে গৃহীতে লব্ধভুক্তস্বরঃ পঞ্চমঃ ও কারো বর্তমানস্তস্য ভুক্তবর্ষঃ ২।১০।৮।৯।৩৬ এবং চৈত্রপূর্ব্বসময়ে প্রথমজ্যৈষ্ঠস্য দিন ২১ দণ্ড ৫০ পল ২৪ অত্রৈকপঞ্চাশদ্বর্ষপ্রবৃত্তিস্তেন দ্বাদশাব্দিক ওকারস্বরোদয়ঃ। অত্র স্বরাদিষু ভুক্তে অন্তরোদয়োঽগ্রে ব্যক্তো ভবিষ্যতি ।২২। অস্যান্তরোদয় ইতি। অস্য দ্বাদশাব্দস্যান্তরোদয় একাদশভাগেন দ্বাদশলব্ধবর্ষাদয়ঃ ১।১।২।৪৩।৩৮ এতদেব বর্ষমেকমিত্যাদি। এতে বর্ষমাসদিনদণ্ডাঃ পলীকর্ত্তব্যাঃ। তদ্যথা বর্ষং দ্বাদশেন সংগুণ্য তত্র দ্বিদশমাসান্ দত্ত্বা ত্রিংশতাগুণ্য তত্রাষ্টৌ দিনানি দত্ত্বা তত্র ষষ্টিগুণিতে নব দণ্ডান্ দত্ত্বা ষষ্ট্যা সংগুণ্য ষট্ত্রিংশদ্বত্ত্বস্তরোদয়ঃ সপ্তনাপকৃষ্টভোজ্যপল ৩৭০১৩৭৬ অন্তরোদয়স্য মানপলেন ভাগে গৃহীতে লব্ধং ২ এতেন দ্বাদশাব্দিকঃ স্বর ওকারস্তদাদিক ওকারঃ অকারঃ দ্বৌ স্বরাবন্তরোদয়ে ভুক্তৌ, ইকারো বর্ত্তমানঃ। ভাগশেষং পলং ৮৭৩১৪০ অস্মিন্নন্তরোদয়মানে পাতিতে ভোগ্যস্য পল ৫৪০০৭৮ অত্র গতে ষষ্ট্যা উদ্ধৃতে ভুক্তিলব্ধা বর্ষমাসাদয়ঃ। ০।৮।২।৫২।২০ ভোগ্যেন লব্ধা বর্ষাঃ ৫।০।১।১৮ অন্তরোদয়মাসস্তু সর্ব্বত্রৈকাদশাংশ এব বর্ষাদি পলীকৃত্য ভুক্তান্তরোদয়জ্ঞানপ্রকারোঽগ্রে। দ্বাদশাব্দস্বরাদীনাং ভুক্তং পর্যময়স্তু যৎ। তদ্ভুক্তং স্বরভোগেন লব্ধং শেষো দ্বিকং ভবেৎ। ইত্যগ্রে বক্ষ্যতি। ইতি দ্বাদশবার্ষিকঃ॥ ২৩॥

মাত্রাস্বর প্রভৃতি অষ্টবিধ নৈসর্গিক স্বর কথিত হইল। এক্ষণে প্রত্যেক দ্বাদশ বৎসরে যেরূপে এই সকল স্বরের উদয় হয়, তাহা বলিতেছি। ২১

অ ই প্রভৃতি পঞ্চস্বরের মধ্যে প্রত্যেক স্বরের উদয় দ্বাদশ বৎসর। ঐ প্রত্যেক দ্বাদশ বৎসর প্রভব, বিভব, শুক্ল, প্রভৃতি নামক বৎসর হইতে গণিত হইবে॥ ২২

এক এক স্বরের উদয় কালের অর্থাৎ প্রত্যেক দ্বাদশ বৎসরের মধ্যে উক্ত পঞ্চস্বরের অন্তর্গত প্রত্যেক স্বরের যথাক্রমে ১ বৎসর ১ মাস ২ দিন ৪৩ দণ্ড ৩৮ পল ১ বিপল করিয়া ভোগ হয়॥ ২৩

প্রত্যেক স্বরের দ্বাদশ বার্ষিক উদয় যেরূপে হইবে, তাহা নিম্নে লিখিত হইতেছে। অস্বরে প্রভব ১ বিভব ২ শুক্ল ৩ প্রমোদ ৪ প্রজাপতি ৫ অঙ্গিরা ৬ শ্রীমুখ ৭ ভাব ৮ যুবা ৯ ধাতা ১০ ঈশ্বর ১১ বহুধান্য ১২। ইস্বরে প্রমাথী ১৩ বিক্রম ১৪ বৃষ ১৫ চিত্রভানু ১৬ স্বর্ভানু ১৭ দারুণ ১৮

পার্থিব ১৯ ব্যয় ২০ সর্ব্বজিৎ ২১ সর্ব্বধারী ২২ বিরোধ ২৩ বিকৃত ২৪।

উ স্বরে খর ২৫ নন্দন ২৬ বিজয় ২৭ জয় ২৮ মন্মথ ২৯ দুর্ম্মুখ ৩০ হেমলম্ব ৩১ বিলম্ব ৩২ বিকার ৩৩ শর্ব্বরী ৩৪ প্লব ৩৫ শুভকৃৎ ৩৬।

এ স্বরে শোভন ৩৭ ক্রোধ ৩৮ বিশ্বাবসু ৩৯ পরাভব ৪০ প্লবঙ্গ ৪১ কীলক ৪২ সৌম্য ৪৩ সাধারণ ৪৪ বিরোধকৃৎ ৪৫ পরিধারী ৪৬ প্রমাথী ৪৭ আনন্দ ৪৮।

ওস্বরে রাক্ষস ৪৯ নল ৫০ পিঙ্গল ৫১ কালযুক্ত ৫২ সিদ্ধার্থ ৫৩ রৌদ্র ৫৪ দুর্ম্মতি ৫৫ দুন্দুভি ৫৬ রুধিরোদ্গারী ৫৭ রক্তাক্ষ ৫৮ ক্রোধন ৫৯ ক্ষয় ৬০।

যষ্টি বৎসর কিরূপে আনয়ন করিতে হইবে, তাহা নিম্নে প্রদর্শিত হইতেছে।

শকেন্দ্রকালঃ পৃথগাকৃতিঘ্নঃ
শশাঙ্কনন্দাশ্বিযুগৈঃ সমেতঃ।
শরাদ্রিবস্বিন্দুহৃতঃ সলব্ধঃ
যষ্ট্যাপ্তশেষে প্রভবাদয়োঽব্দাঃ॥

যে শকের প্রভবাদি বৎসর গণনা করা আবশ্যক, সেই শককে দুই স্থানে রাখিতে হইবে। এক স্থানের অঙ্ককে ২২ বাইশ দ্বারা পূরণ করিয়া, ৪২৯১ চারি হাজার দুই শত একানব্বই সহিত তাহার যোগ করিবে। পরে এই যুক্তাঙ্ককে ১৮৭৫ দিয়া ভাগ করিলে, যাহা লব্ধ হইবে তাহা বর্ষ এবং যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ১২ বার দিয়া পূরণ করিয়া ঐ ১৮৭৫ দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক মাস, এবং অবশিষ্টাঙ্ককে ৩০ ত্রিশ দিয়া পূরণ করিয়া ১৮৭৫ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক দিন, এবং অবশিষ্টাঙ্ককে ৬০ যাইট দ্বারা পূরণ করিয়া ১৮৭৫ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক দণ্ড, এবং অবশিষ্টাঙ্ককে ৬০ যাইট দ্বারা পূরণ করিয়া ১৮৭৫ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক পল, এবং অবশিষ্টাঙ্ককে ৬০ যাইট দ্বারা পূরণ করিয়া ১৮৭৫ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক বিপল হইবে। এই সমস্ত লব্ধাঙ্কের মধ্যে বর্ষটীর সহিত পূর্ব্বস্থাপিত শকটিকে যোগ করিবে। এবং তাহাকে ৬০ যাইট দ্বারা ভাগ করিবে। অবশিষ্টাঙ্কই প্রভবাদি বৎসর হইবে, অর্থাৎ ১ এক থাকিলে প্রভব ২ থাকিলে বিভব ৩ থাকিলে শুক্ল ইত্যাদি এবং অবশিষ্ট মাসাদি তাহার পরের বর্ষের গত মাস, দিন, দণ্ড, পল, বিপল, ইত্যাদি। হইবে অর্থাৎ যদি ১।৮।৪।৬।৫ লব্ধ হয় তাহা হইলে ১ অঙ্কে প্রভব বৎসর অতীত হইয়া বিভববৎসরের ৮ মাস ৪ দিন ৬ দণ্ড ৫ পল অতীত হইয়াছে, বিবেচনা করিতে হইবে।

প্রভবাদ্যব্দমেকৈকমুদয়স্ত্বস্বরাদিতঃ।
দ্বাদশাব্দস্য বর্ষোনা তদ্ভুক্তির্ব্বার্ষিকস্বরে॥
অস্বরো দক্ষিণে স্বামী ঈশ্বরশ্চোত্তরায়ণে।
বর্ষভুক্ত্যার্দ্ধমানেন ভোগঃ ষাণ্মাসিকস্বরে॥ ২৫॥

প্রত্যেক স্বরের উদয় যেমন প্রভবাদি যষ্টি সংবৎসরের মধ্যে দ্বাদশ বৎসর, সেইরূপ প্রত্যেক স্বরের অন্তরো-

---

প্রভবেতি। একৈকং প্রত্যেকং প্রভবাদ্যব্দং অস্বরাদিক উদয়ঃ॥ প্রভবো বিভবঃ শুক্লঃ প্রমদোঽথ প্রজাপতিরিতি পঞ্চবর্ষানি অকারাদিপঞ্চস্বরস্য। এবমগ্রে পঞ্চবর্ষাণি পঞ্চস্বরাণাম্। এবমাব্দিকস্বরে দ্বাদশবারং পুনঃপুনর্ভাগঃ। দ্বাদশাব্দস্যান্তরোদয়ঃ ভুক্তির্ব্বর্ষোনা সতীতি বার্ষিকস্বরে তদ্ভুক্তিরন্তরোদয়ভুক্তিঃ। যথা বর্ষঃ ৯।১।২।৪৩।৩৮ প্রকৃতে ন্যাসো যথা আব্দিকভুক্তবর্ষাদয়ঃ ২।১০।৮।৯।৩৬ অস্য আব্দিকে ভুক্তাবকারেকারৌ। উকারস্বরো বর্ত্তমানস্তত্র ভুক্তমাসাঃ ১০।৮।৯।৩৬ পলীকৃতোঽন্তরোদয়মানং ১১৭৮৭৮ হারকং ভাজ্যপলীকৃত ভুক্তমাসাদি ১১০৯৩৭৬। অত্র হরণাল্লব্ধং ভুক্তস্বর ।৯। দ্বিতীয়াবৃত্তৌ বর্ত্তমান ইকারস্বরো দশমঃ ভাগশেষঃ ৪৯০১৪ গতগম্যে ভোগ্যপল ৬৮৮০৪ অস্মিন্ ষষ্ট্যদ্ধৃতে লব্ধদিনাদি ১৯।৬।৪৪ ইত্যাব্দিকস্বরঃ। অস্বর ইতি দক্ষিণে দক্ষিণায়নে কর্কটাদি ষণ্মাসে অকারঃ স্বরঃ। ইস্বরঃ ৪ উত্তরায়ণে. মকরাদিষণ্মাসে ইকারঃ ইস্বরঃ। ষাণ্মাসিকস্বরে অয়নস্বরে বর্ষভুক্তেরর্দ্ধমানেন বর্ষে যদ্ভুক্তিমানং তদর্দ্ধমন্তরোদয়ভুক্তিঃ। সাচ মাসাদি ১৬ দণ্ড ২১ পল ৪৯ এতৎ পলীকরণাদ্ধৃত্ত হারক ৬৮৯০৯ চৈত্রশুদি ১ অত্রোত্তরায়ণে ভুক্তমাস ২।২৫ অস্মিন্ পলীকৃতে ৩০৬০০০ হারকে লব্ধস্বর ৩৫ ইকারাৎ ষষ্ঠো দ্বিতীয়াবৃত্তৌ বর্ত্তমান ইকারঃ ভাগশেষঃ ১১৪৫৫ গতগম্যে ৪৭৪৫৪ ষষ্ট্যদ্ধৃতবৃত্তভোগ্যদিনাদি ১৩।১০।৫৩ এতদনন্তরম্ উকারপ্রবৃত্তিরিতি। অয়নস্বরঃ ।২৫॥

দয় দ্বাদশ বৎসরের মধ্যে ১ বৎসর ১ মাস ২ দিন ৪৩ দণ্ড ৩৮ পল। দ্বাদশ অব্দ হইতে এক ন্যূন করিয়া তাহা দ্বারা ঐ দ্বাদশ বৎসরকে বিভক্ত করিয়া যত সময় হইবে, তাহাই প্রত্যেক স্বরের অন্তরোদয় সময়ে ভোগ্য কাল।

প্রত্যেক দ্বাদশ বৎসরের মধ্যে যেমন স্বরদিগের অন্তরোদয় কথিত হইল, সেইরূপ প্রভব প্রভৃতি প্রত্যেক বৎসরেও ঐরূপ পঞ্চস্বরের উদয় হয়। এস্থলেও কোন্ স্বরের উদয় কোন্ সময় এবং কোন্ স্বরের ভোগ কাল কত, জানিতে হইলে এক বৎসরকে ১১ এগার দ্বারা ভাগ দিতে হইবে। তাহাতে প্রত্যেক স্বরের ভোগ কাল ০।১।২।৪৩।৩৮।১০ বিপল হইবে।

প্রত্যেক বৎসরে যেমন স্বরদিগের উদয় হয়, সেইরূপ প্রত্যেক অয়নেও উক্ত রীতি ক্রমে পঞ্চস্বরের ভোগ হইয়া থাকে। অ স্বর দক্ষিণায়নে অধিপতি, ঈশ্বর উত্তরায়ণে অধিপতি। ছয় মাসকে পূর্ব্বের ন্যায় একাদশ দ্বারা বিভক্ত করিলে যত সময় হইবে, তাহাই প্রত্যেক স্বরের ভোগ কাল অর্থাৎ ০।০।১৬।২১।৪৯।৫ বিপল ইহা ষাণ্মাসিক স্বরের অন্তর্ভোগ কাল।

অকারাদি স্বরাঃ পঞ্চ বসন্তাদিক্রমোদয়াঃ।
একৈকস্মিন্ স্বরাঃ পঞ্চ দ্বিসপ্তাভির্দিনোদয়াঃ॥ ২৬॥

বসন্ত প্রভৃতি ঋতু সমুদায়ের প্রত্যেক ঋতুতে অ প্রভৃতি প্রত্যেক স্বরের ভোগ হইয়া থাকে। এই ঋতু কাল পরিমাণ ৭২ বাওয়াত্তর দিন। এই দ্বিসপ্ততি দিনের মধ্যেও ক্রমান্বয়ে পঞ্চস্বরের অন্তর্ভুক্তি হয়।

ষড়্দিনানি রদা নাড্যো বহ্নিবেদপলানি চ।
অন্তরোদয় এতস্য ঋতুনাড়ী স্বরোদয়ে॥ ২৭॥

উক্ত প্রত্যেক ঋতুতে প্রত্যেক স্বরের অন্তর্ভুক্তি কত হইবে, তাহা জানিতে হইলে উক্ত ৭২ দ্বিসপ্ততিকে ১১ একাদশ ভাগ করিয়া এক অংশ গ্রহণ করিতে হইবে। অর্থাৎ বসন্ত প্রভৃতি প্রত্যেক ঋতুতে প্রত্যেক স্বরের অন্তর্ভুক্তি ০।০।৬।৩২।৪৩ পল।

নভস্যমার্গবৈশাখেষ্বকারস্যোদয়ো ভবেৎ।
আশ্বিনশ্রাবণাষাঢ়েষ্বিকারোনায়কঃ স্বরঃ।
উকারশ্চৈত্র পৌষে স্যাদেকারো জ্যৈষ্ঠ কার্ত্তিকে।
ওকারশ্চোদয়ং যাতি মাঘফাল্গুণমাসয়োঃ॥ ২৮॥

বৈশাখাদি দ্বাদশ মাসে অকারাদি পঞ্চ স্বরের ভোগ হইয়া থাকে। যথা অস্বর ভাদ্র, অগ্রহায়ণ, বৈশাখ এই তিন মাসের অধিপতি। ই স্বর আশ্বিন, শ্রাবণ, আষাঢ়

---

অকারাদীতি। পঞ্চ অকারাদিস্বরা বসন্তাদিষড়্তৌ ক্রমেণ উদয়ো যেষাং তে তথা জ্ঞাতব্যাঃ। একৈকস্মিন্ প্রত্যেক-দ্বিসপ্ততি ৭২ দিনোদয়াঃ প্রোক্তাঃ কথিতাঃ পঞ্চস্বরাঃ ষড়্তবঃ তেনার্ত্তীয়স্বরস্য দ্বাদশতিথ্যন্তরর্ভাবেন। দ্বিসপ্ততিদিনানি ভবন্তি এবং পঞ্চস্বরে দ্বিসপ্ততিসন্নিবেশঃ॥ ২৬॥

অন্তরোদয়মানং ষড়্দিনানীত্যাদি। দিনানি ৬।৩২।৪৩ তত্র হারকান্তরোদয় পল ২৩৫৬৩ চৈত্রশুদি ১ সৌরক্রমেণ গত দিন ২৫ পলীকরণাদেতদ্বৃত্তভাজ্য ৯০০০০ হারকেণ লব্ধভুক্তস্বরঃ। এতেন বসন্তে অকারোদয়ান্তরবোধকশ্চতুর্থস্বর একারো বর্ত্তমানঃ বর্ত্তমানে ভুক্ত শেষপল ১৯৩১১ গতগম্যকরণাদ্গম্যপল ৪২৫২ অস্মিন্ ষষ্ট্যুদ্ধৃতে গম্যাদি১।১০।৫২ এবমগ্রেঽপি চিন্ত্যম্। ঋতুস্বরঃ॥২৭॥ নভস্য ইতি নভস্যে ভাদ্রে। শ্লোকার্থঃ ব্যক্ত এব। ভাদ্রমার্গবৈশাখানামকার উদয়ঃ এবং শ্রাবণাশ্বিনাষাঢ়ানামিকারঃ। চৈত্রপৌষয়োরুকারঃ। জ্যৈষ্ঠকার্ত্তিকয়োরেকারঃ। মাঘফাল্গুণয়োরোকার উদেতি। অত্র মাসিকস্বরে দ্বে দিন ইত্যাদ্যসাবন্তরোদয়দিনাদি ২।৪৩।৩৮ পলীকৃত এতদ্ধারক ৯৮১৮ অত্র চ মাসঃ কৃষ্ণাদিঃ স্বরক্রমেণ কৃষ্ণপক্ষমাদিতশ্চৈত্রশুক্লপ্রতিপদি গতদিনানি ১৬ অস্য পলীকরণাদ্বৃত্তভাজ্য ৫৭৬০০ অত্র হারকেণ লব্ধ ৬ তেন ষট্স্বরাঃ ভুক্তাঃ সপ্তমো বর্ত্তমানঃ স চাকারাদি দ্বিতীয়াবৃত্তাধিকারস্তস্য চ ভুক্ত পল ৬৯২ ভোগ্য ৯১২৬ অস্মিন্ ষষ্ট্যুদ্ধৃতে বৃত্তদিনং ২।৩২।৬ ইতি মাসস্বরঃ। অস্বর ইতি প্রথমার্দ্ধং ব্যক্তার্থং পক্ষাত্মিকা পক্ষস্বরূপস্য অস্তরে মধ্যভুক্তিঃ অন্তরোদয়ভুক্তির্মাসভুক্ত্যর্দ্ধমানতো জ্ঞেয়া। মাসান্তরোদয়ভুক্ত্যর্দ্ধমানা পক্ষস্যান্তরোদয়ভুক্তিঃ সা চ দিনানি ১।২১।৪৯ এতৎ পলীকরণাদ্বৃত্তহারকং ৪৯০৯ চৈত্রশুদি ১ গতদিনং অস্মিন্ পলীকৃতে বৃত্তং ৩৬০ অত্র হারকেণ লব্ধ তেন শুক্লপক্ষ ইকার ইস্বর ইতি স এবান্তরোদয়ে বর্ত্তমানে প্রথম ইকারস্তেন চতুর্থভুক্তঃ ৩৬০০।১৩০৯ অস্মিন্ ষষ্ট্যুদ্ধৃতেদি ০।২১।৪৯ ইতি পক্ষস্বরঃ॥ ২৮॥

এই তিন মাসের অধিপতি। উস্বর ও চৈত্র, পৌষ মাসের অধিপতি।

এস্বর জৈষ্ঠ কার্ত্তিক মাসের অধিপতি। ওস্বর মাঘ, ফাল্‌গুণ মাসের অধিপতি। উক্ত মাসে উক্ত স্বরের ভোগ হইয়া থাকে। এবং এক এক মাসের মধ্যে ঐ অকারাদি পঞ্চস্বরেরও অন্তরভুক্তি হয়। মাসের পরিমাণ ৩০ ত্রিশ দিন। ইহাকে ১১ দিয়া ভাগ করিলে লব্ধ দিনাদি ২।৪৩।৩৮ হয়। ইহাই অকারাদি প্রত্যেক স্বরের অন্তর ভুক্তি।

অস্বরঃ কৃষ্ণপক্ষেশঃ শুক্লপক্ষেশ ই স্বরঃ।
পক্ষাংশকস্বরে ভুক্তির্মাসভুক্ত্যর্দ্ধমানতঃ॥ ২৯॥

কৃষ্ণ পক্ষে অস্বর ও শুক্ল পক্ষে ইস্বর উদয় হইয়া থাকে। মাসাধিপতি স্বরের অন্তরভুক্তির অর্দ্ধেক (১।২১।৪৯) পক্ষ স্বরের অন্তরভুক্তি উদয় হয়।

অকারাদি ক্রমান্যস্ত নন্দাদিতিথিপঞ্চকম্।
দিনস্বরোদয়ো নিত্যং স্বস্বতিথ্যাদি জায়তে॥

---

অকারাদীতি। অকারাদি ক্রমাৎ যেন ক্রমেণাকার ইকার উকার একার ওকারশ্চ তির্য্যক্‌পংক্তিক্রমেণ লিখিতঃ তেন ক্রমেণ তদধস্তাৎ নন্দাদিতিথিপঞ্চকং প্রতিপদাদি ত্রিরাবৃত্তং ন্যস্য লিখিত্বা নিত্যং দিনস্বরোদয়ঃ। অথ তিথ্যাদি যথা স্যাদেব জায়তে যথাকারস্যাধস্তাৎ প্রতিপৎ ষষ্ঠ্যেকাদশীতিথয়স্তাসু অকারস্যোদয়ঃ দ্বিতীয়া সপ্তমী দ্বাদশীষু ইকারস্য তৃতীয়া অষ্টমী ত্রয়োদশীষু উকারস্য চতুর্থী নবমী চতুর্দ্দশীষু একারস্য পঞ্চমী দশমী পৌর্ণমাসীষু ওকারস্য এবং তিথিষু স্মরণাদয়শ্চিন্ত্যঃ অস্য চান্তরোদয়ঃ পঞ্চঘটিকাদণ্ডাঃ পলানাংসপ্তবিংশতিঃ তথা তিথ্যন্তরোদয়মানং দং ৫।২৭ পলীকৃতস্তদ্বৃত্তহারক ৩২৭ চৈত্রশুদি ১ ভুক্তদণ্ড ৫০ অস্মিন্ পলীকৃতে বৃত্তভাজ্য ৩০০০ হারকেণ লব্ধভুক্তমেব ৯ দশমো বর্ত্তমানঃ অকারোপক্রমাৎ পুনরাবৃত্তিত্বাৎ ওকারস্তেন ভুক্তফল ২৭০ অত্র ষষ্ট্যুদ্ধৃতে দণ্ড ৪।৩০ অয়মর্থোঽগ্রে, তিথিভুক্তঘটীসংখ্যাং কৃত্বা পলমরীস্ততঃ। ঋক্ষবক্ষ্যিতে শেষে স্বরস্তৎকালসম্ভবঃ। ইতি বক্ষ্যতি। ঘটীস্বরস্য অতঃ স্বরাৎ প্রসঙ্গেন অন্তরোদয়ং কথয়তি। অস্যেতি। অস্য তিথ্যন্তরোদয়স্যান্তরোদয়ো ঘটিকার্দ্ধপ্রমাণতো দণ্ডার্দ্ধপ্রমাণ ইতি। ইতিতিথিস্বরঃ।

তিথ্যাদৌ ঘটিকাপঞ্চ পলানি সপ্তবিংশতি।
অন্তরোদয় উক্তোঽসৌ দিনস্বরস্য সূরিভিঃ॥৩০॥

অকারাদি পঞ্চস্বরে নন্দাদি পঞ্চতিথির ভোগ হয় যথা অস্বরে নন্দা (প্রতিপৎ, ষষ্ঠী, একাদশী) ইস্বরে ভদ্রা (দ্বিতীয়া, সপ্তমী, দ্বাদশী) উস্বরে জয়া (তৃতীয়া, অষ্টমী ত্রয়োদশী) এস্বরে রিক্তা (চতুর্থী, নবমী, চতুর্দ্দশী,) ওস্বরে পূর্ণা (পঞ্চমী, দশমী, পুর্নিমা, অমাবস্যা)।

এই সকল স্বরের এই এই তিথিতে উদয় এবং স্থূল ভোগ হয়।

প্রত্যেক তিথির স্থূল ভোগ ৬০ দণ্ড ইহাকে ১১ দ্বারা বিভক্ত করিলে লব্ধাঙ্ক অন্তরভুক্তি হইবে। ঐ অন্তরভুক্তির কাল পরিমাণ ৫।২৭।৭ পাঁচ দণ্ড, সাতাইশ পল, সাত বিপল।

তিথ্যন্তরোদয়মানেন উদয়ো ঘটিকাস্বরে।
জ্ঞেয়মেবং বিধানেন সমুক্তশ্চাদিযামলে॥৩১॥
ঘটীস্বরো ঘটীপঞ্চ পলানি সপ্তবিশতি।
অস্যান্তরোদয়ঃ প্রোক্তো ঘটিকার্দ্ধপ্রমাণতঃ॥৩২॥
৩০।৮

তিথি স্বরের অন্তরোদয়ে যত সময় নির্দ্দিষ্ট হইয়াছে, আদি যামলে ঘটীস্বর বলিয়া নির্দ্দেশ করেন। ঘটী স্বরের অন্তরোদয় ৫ দণ্ড ২৭ পল। ইহার অন্তরোদয় অর্দ্ধদণ্ড।

দ্বাদশাব্দাদি নাড্যন্তাঃ স্বস্থানাচ্চ স্বকালতঃ।
উদয়ন্তেঽস্য ভোগেন একাদশান্তরোদয়ৈঃ॥

---

তিথ্যন্তরোদয়মানেন পূর্ব্বকথিতেন ঘটিকাস্বরে ঘটীস্বরস্য ষষ্ঠী সপ্তম্যোরভেদ উদয়ো জ্ঞাতব্যঃ। আদিযামলে উপজীব্যগ্রন্থে এবং বিধানেন প্রকারেণ ময়া উক্তঃ তথাচ ৫০ পঞ্চাশৎ দণ্ড দশমস্যোকারস্যান্তরোদয়স্তেন চ ৫৭ সপ্তপঞ্চাশৎ পলানি ভুক্তানি। অত্রান্তরোদয়ো ঘটিকার্দ্ধমানেন দ্বিতীয়স্যাকারস্য পলত্রয়ং যাবদিতি। ইতি ঘটীস্বরঃ॥ ৩২॥

অন্তরোদয়াদিকং যথা ভবতি তৎ কথয়তি। দ্বাদশাব্দেতি। স্বরা নাড্যন্তা অষ্টৌ স্বরাঃ স্বস্থানাৎ স্বভোগসময়াৎ স্বকালতঃ স্বভোগমানেন দ্বাদশাব্দবর্ষাদিনা উদয়ন্তি। তত্র স্বভোগমানেনৈকাদশান্তরোদয়ৈরস্যঃ পুনরুদয়স্ত ইত্যনুদ্যতে। অতএবা-

বর্ষং মাসং দিনং নাড়ী পলানি চ ক্রমাদিদম্।
ভুক্তিকাল প্রমাণঞ্চ পঞ্চধাত্র প্রকীর্ত্তিতম্॥

দ্বাদশাব্দ অবধি দণ্ড পর্য্যন্ত সম্পূর্ণ কাল যেমন স্বরবর্ণের ভোগ হয়, সেইরূপ ঐ সমুদায় সময়কে একাদশ ভাগ করিয়া যত সময় হইবে, তাহাই তাহাদের অন্তরোদয় বিবেচনা করিবে। বর্ষ মাস দিন দণ্ড, পল, এই পাঁচ প্রকার ভোগ কালের পরিমাণ নির্দ্দিষ্ট আছে।

দ্বাদশাব্দ স্বরাদীনাং ভুক্তং পলময়ী কৃতম্।
ভাজিতং স্ব স্ব ভোগেন লব্ধং শেষং দ্বিকং ভবেৎ॥
লব্ধো ভুক্তঃ স্বরাজ্ঞেয়াঃ শেষশ্চৈবোদিতঃ স্বরঃ।
অস্মিন্ ষষ্ট্যাদি ভুক্তেন ভুক্তঃ স্যাদুদিতঃ স্বরঃ॥

দ্বাদশাব্দ স্বর বর্ষস্বর প্রভৃতি ভোগ কাল যত হইবে, তাহাকে পল করিয়া স্ব স্ব ভুক্ত কাল দ্বারা ভাগ দিতে হইবে। পল ভাগ লব্ধ ফল এক স্থানে ও ভাগাবশেষ এক স্থানে রাখিবে। যাহা ভাগ লব্ধ হইয়াছে, তাহা ভুক্ত স্বর ও যাহা ভাগাবশেষ তাহা উদিত স্বর বিবেচনা করিবে। এই লব্ধ পলকে ষষ্ট্যাদিদ্বারা বিভক্ত করিয়া দণ্ডাদি করিলে ভুক্ত ও উদিত স্বরের সময় স্থির করা যাইবে

---

স্বরোদয়জিজ্ঞাসায়ামেকাদশেন যো যত্র ভাগো লভ্যতে স তত্রাদ্যন্তরোদয়মানং ভবতীতি দ্যোতিতমিতি। পূর্ব্বং তথৈব কৃতমিতি। বর্ষেতি তত্রান্তরোদয়সংজ্ঞকে স্বরোদয়ে পঞ্চপ্রকারেণ ক্রমাৎ কালমানং সময়মানং ময়া প্রোক্তং কথিতং বর্ষং মাসো দিনং নাড়ী পলানিচেতি যথা দ্বাদশাব্দকেতি বর্ষাদি পঞ্চাপি বার্ষিকস্বরমাসাদি অয়নে দিনানি ঋতৌ দিনানি মাসে দিনানি পক্ষে দিনানি দিনে দণ্ডাদিঃ ঘটিকায়াং পলাদিরিতি।

গতসময়ে ভুক্ত বর্ত্তমানস্বরজ্ঞানার্থমাহ। দ্বাদশাব্দেতি। দ্বাদশাব্দিক স্বরাদীনাং যদ্‌ভুক্তং তৎ পলময়ং বিধায় স্বরভোগেন প্রত্যেকমেকাদশলব্ধান্তরোদয়মানেন ভুক্তং কর্ত্তব্যং। লব্ধং ভুক্তস্বরাঃ জ্ঞেয়াঃ শেষোবর্ত্তমান স্বরঃ অস্মিন্ বর্ত্তমান ভুক্তপলে ভাগহারপলেষু পাতিতে ভুক্তভোগ্যপলে ভবতস্তত্র ভোগ্যে চ ষষ্ট্যাদিনা ভক্তে চ ভুক্তাৎ ভুক্তমানং ভোগ্যাদ্ভোভ্যমানং বর্ত্তমানস্য ভবতি। এতদনুক্রমণিকা দ্বাদশাব্দ স্বরস্য ব্যাখ্যানে অনুসরণীয়াঃ। উদিতস্যেতি। উদিতস্য স্বরস্য নাম বর্ণবশেন তাঃ স্বস্বকাল প্রমাণতঃ স্বস্বভোগ্যসময়প্রামাণ্যাৎ বালাদি অবস্থাঃ পঞ্চ স্যুঃ। অবস্থাং কথয়তি।

উদিতস্য স্বরস্যস্যুর্নাম স্বরবশেন তাঃ।
পঞ্চবালাদিকাবস্থাঃ স্ব স্ব কাল প্রমাণতঃ॥
আদ্যোবালঃ কুমারশ্চ যুবা বৃদ্ধোমৃতস্তথা।
নিজাবস্থা স্বরূপেণ ফলদা নাত্র সংশয়ঃ॥

উদিত স্বরের স্ব স্ব নির্দ্দিষ্ট কাল পরিমাণ অনুসারে বাল্যাবস্থা অবধি পঞ্চ অবস্থা হইয়া থাকে। এই পঞ্চ অবস্থা অনুসারে পঞ্চ সংজ্ঞা হইয়াছে যথা, আদ্য বাল, দ্বিতীয় কুমার, তৃতীয় যুবা, চতুর্থ বৃদ্ধ, পঞ্চম মৃত। ইহারা স্ব স্ব অবস্থা অনুসারে ফল প্রদান করে, সন্দেহ নাই।

কিঞ্চিল্লাভ করোবালঃ কুমারস্ত্বর্দ্ধলাভদঃ।
সর্ব্বসিদ্ধিং যুবাদত্তে বৃদ্ধেহানি মৃতে ক্ষয়ঃ॥

বালক স্বর কিঞ্চিৎ লাভ হয়। কুমার স্বর অর্দ্ধ লাভ প্রদান করেন। যুবা সর্ব্বতো ভাবে সিদ্ধি প্রদান করেন। বৃদ্ধ স্বরে কার্য্য হানি হয়। মৃত স্বরে ক্ষয় হয়, সন্দেহ নাই।

যাত্রা যুদ্ধে বিবাদে চ নষ্টে দুষ্টে রুজান্বিতে।
বাল স্বরোভবেদ্দুষ্টো বিবাহাদি শুভেঽশুভঃ॥

যাত্রা যুদ্ধ বিবাদ নষ্ট বিষয় দুষিত বিশ্ব রোগ এই সমুদায় স্থলে বাল স্বর অনিষ্ঠকারী হইবে পরন্ত বিবাহ প্রভৃতি শুভ কার্য্যে ঐ বাল স্বর শুভ ফল দায়ক হইবে।

সর্ব্বেষু শুভকার্য্যেষু যাত্রাকালে তথৈব চ।
কুমারঃ কুরুতে সিদ্ধিং সংগ্রামে সঙ্কতো জয়ী॥

---

আদ্যো বাল ইতি। বাল কুমারৌ যুবা বৃদ্ধোমৃত ইতি নিজাবস্থাস্বরূপেণ বালাদি নাম স্বরূপেণ ফলদা ভবন্তি। অত্র সংশয়ো নাস্তি। যথা বালকাদয়ঃ কার্য্যক্ষমা অক্ষমা বা তথা বালাদি স্বরা ভবন্তীত্যর্থঃ। এতৎফলং শ্লোকষট্‌কেন ব্যক্তার্থমেবাহ।

কিঞ্চিল্লাভকর ইত্যাদি। নষ্টে গতে দ্রব্যে দংষ্ট্রে সর্পাদিদংষ্ট্রে রুজান্বিতে সরোগে এতেষু কার্য্যেষুবাল স্বরো দুষ্টঃ নিষিদ্ধঃ। যদা যস্য বালস্বরোদয়স্তদানীং তস্য দ্রব্যনাশে সর্পদংশে রোগে চ নিষিদ্ধফলমিত্যর্থঃ। বিবাহাদিষু শুভকার্য্যেষু শুভদো ভবন্তীত্যর্থঃ। এবং কুমারাদি স্বরোদয়ে যত্তদ্বিহিত নিষিদ্ধ ফলানি ভবন্তি যাত্রাযুদ্ধে যাত্রায়াং যুদ্ধে চ দীক্ষামন্ত্রোপদেশস্তত্র মৃত্যুস্বরোদয়েষু বালস্বরাবধিকপঞ্চস্বরোদয়ে যোগস্বরাদ্যবধি কানা-

মাত্রা স্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| ক | কি | কু | কে | কো |
| খ | খি | খু | খে | খো |
| গ | গি | গু | গে | গো |
| ঘ | ঘি | ঘু | ঘে | ঘো |
| চ | চি | চু | চে | চো |
| ছ | ছি | ছু | ছে | ছো |
| জ | জি | জু | জে | জো |
| ঝ | ঝি | ঝু | ঝে | ঝো |
| ট | টি | টু | টে | টো |

মাত্রা স্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| ক | কি | কু | কে | কো |
| কা | কী | কৃ | কৈ | কৌ |

গ্রহ স্বরচক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| মেষ সিংহ বিছা | কন্যা মিথুন কর্কট | ধনু মীন | তুলা বৃষ | মকর কুম্ভ |
| বাল র মং | কুমার বু চং | যুবা বৃ | বৃদ্ধ শু | মৃত শ |

রাশি স্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| মেষ | মিথুন ৩ | কন্যা | বিছা ৬ | মকর ৩ |
| বৃষ | কর্কট | তুলা | ধনুঃ | কুম্ভ |
| মিথুন ৬ | সিংহ | বিছা ৩ | মকর ৬ | মীন |

নক্ষত্র স্বর।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| ২৭ ১ ২ ৩ ৪ ৫ ৬ | ৭ ৮ ৯ ১০ ১১ | ১২ ১৩ ১৪ ১৫ ১৬ | ১৭ ১৮ ১৯ ২০ ২১ | ২২ ২৩ ২৪ ২৫ ২৬ |

পিণ্ড স্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| মাত্রা | মাত্রা | মাত্রা | মাত্রা | মাত্রা |
| বর্ণ | বর্ণ | বর্ণ | বর্ণ | বর্ণ |
| জীব | জীব | জীব | জীব | বর্ণ |
| ৫ | ৫ | ৫ | ৫ | ৫ |

যোগ স্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| মাত্রা | মা | মা | মা | মা |
| বর্ণ | ব | ব | ব | ব |
| গ্রহ | গ্র | গ্র | গ্র | গ্র |
| জীব | জী | জী | জী | জী |
| রাশি | রা | রা | রা | রা |
| নক্ষ | ন | ন | ন | ন |
| পিণ্ড | পি | পি | পি | পি |
| ৫ | ৫ | ৫ | ৫ | ৫ |

## বার্ষিক স্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ |
| ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |
| ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ |
| ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৪০ |
| ৪১ | ৪২ | ৪৩ | ৪৪ | ৪৫ |
| ৪৬ | ৪৭ | ৪৮ | ৪৯ | ৫০ |
| ৫১ | ৫২ | ৫৩ | ৫৪ | ৫৫ |
| ৫৬ | ৫৭ | ৫৮ | ৫৯ | ৬০ |

## অয়ন স্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| দক্ষিণায়ন শ্রাবণাদি | উত্তরায়ণ মাঘাদিঃ | অস্ত | রোদয় ১৬ | দিনাদি ২১।৪৯ |

## ঋতুস্বর চক্র।

| অ ৭২ | ই ৭২ | উ ৭২ | এ ৭২ | ও ৭২ |
|---|---|---|---|---|
| বসন্ত | গ্রীষ্ম | বর্ষা | শরৎ | হিম |
| প্রথমাব্দ ক্রমেণৈব চৈত্র বৈশাখ জ্যৈষ্ঠস্য দ্বাদশী পর্য্যন্তঃ ৭২ | জ্যৈষ্ঠ ১৮ | শ্রাবণ ৬ | কার্ত্তি ২৪ | পৌষ ১২ |
| | আ ৩০ | ভাদ্র ৩০ | অগ্র ৩০ | মাঘ ৩০ |
| | শ্রাবণ ২৪ | আশ্বি ৩০ | পৌষ ১৮ | ফাল্গু ৩০ |
| | ৭২ | কার্ত্তিক ৬ | ৭২ | ৭২ |
| | | ৭২ | | |
| | | অস্তরো | দয়দিন | ৬।৩২।৫৩ |

## মাসিক স্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| ভাদ্র | আশ্বিন | চৈত্র | জ্যৈষ্ঠ | মাঘ |
| অগ্রহায় | শ্রাবণ | পৌষ | | |
| বৈশাখ | আষাঢ় | | কার্ত্তিক | ফাল্গুণ |
| | অস্তরো | দয়দিন২ | ৪৩।৩৮ | |

## পাক্ষিক স্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| কৃষ্ণ পক্ষ | শুক্ল পক্ষ | | | |
| অস্ত | রোদয় দ ১ | প ২১ | বি ৪৯ | |

## তিথি স্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| নন্দা | ভদ্রা | জয়া | রিক্তা | পূর্ণা |
| ১।১৬ | ২।১৭ | ৩।১৮ | ৪।১৯ | ৫।২০ |
| ৬।২১ | ৭।২২ | ৮।২৩ | ৯।১৪ | ১০।২৫ |
| ১১।২৬ | ১২।২৭ | ১৩।২৮ | ১৪।২৯ | ১৫।৩০ |

## ঘটী স্বর চক্র।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| দং ৫ | ৫ | ৫ | ৫ | ৫ |
| পং ২৭ | ২৭ | ২৭ | ২৭ | ২৭ |
| ৩০ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ |

সমুদায় শুভ কার্য্যে ও যাত্রাকালে কুমার স্বর, সিদ্ধি দায়ক হইয়া থাকে। ঐ কুমার স্বরের উদয় অবস্থায় সংগ্রাম যাত্রা করিলে যোদ্ধার অঙ্গ ক্ষত হয় বটে, কিন্তু সেই যুদ্ধে সে জয় লাভ করে॥ ৪১

শুভাশুভেষু সর্ব্বেষু মন্ত্র যন্ত্রাদি সাধনে।
সর্ব্বসিদ্ধিং যুবা দত্তে যাত্রা যুদ্ধে বিশেষতঃ॥ ৪২

যুবাস্বর, সমুদায় শুভাশুভ কার্য্যে যন্ত্র মন্ত্র প্রভৃতি সাধনে বিশেষতঃ যাত্রা বিষয়ে ও সংগ্রাম বিষয়ে সম্পূর্ণ রূপ সিদ্ধি প্রদান করে॥ ৪২

দানে দেবার্চ্চনে দীক্ষা গূঢ়মন্ত্র প্রজল্পনে।
বৃদ্ধস্বরো ভবেত্তব্যো রণে ভঙ্গোভয়ঙ্গমে॥ ৪৩

দান বিষয়ে, দেব পূজা বিষয়ে, দীক্ষা বিষয়ে, গুপ্তভাবে মন্ত্র-জপ বিষয়ে বৃদ্ধ স্বর প্রশস্ত। পরন্তু বৃদ্ধ স্বরের উদয় কালে যুদ্ধ যাত্রা করিলে যুদ্ধে ভঙ্গ এবং যাত্রা করিলে ভয় উপস্থিত হয়। ৪৩

বিবাহাদি শুভং সর্ব্বং সংগ্রামাদ্যশুভং তথা।
ন কর্ত্তব্যং নৃভিঃ কিঞ্চিজ্জাতে মৃত্যুস্বরোদয়ে॥ ৪৪

মৃত্যু স্বর অর্থাৎ পঞ্চমস্বর উদিত হইলে মনুষ্য বিবাহ প্রভৃতি সমুদায় শুভ কর্ম্ম এবং সংগ্রাম প্রভৃতি সমুদায় অশুভ কর্ম্ম কিছুই করিবে না॥ ৪৪

মৃতোবৃদ্ধস্তথা বালঃ কুমারস্তরুণঃ স্বরঃ।
যথোত্তরবলাঃ সর্ব্বে জ্ঞাতব্যাঃ স্বরবেদিভিঃ॥ ৪৫

মৃত্যু স্বর অপেক্ষা বৃদ্ধ স্বর, বৃদ্ধ স্বর অপেক্ষা বালস্বর, বাল স্বর অপেক্ষা কুমার স্বর, কুমার স্বর অপেক্ষা তরুণ স্বর বলবান্। ইহার তাৎপর্য্য এই যে, যখন উভয় ব্যক্তির যুদ্ধ বা মোকদ্দমা হয়, তখন যদি এক ব্যক্তির মৃতস্বর ও এক ব্যক্তির বৃদ্ধস্বর উদিত হয় তাহা হইলে যাহার বৃদ্ধ স্বর সেই ব্যক্তি জয়ী হইবে। যদি এক ব্যক্তির বালস্বর, অপর ব্যক্তির বৃদ্ধ স্বর হয়, তাহা হইলে যাহার বৃদ্ধস্বর, সেই ব্যক্তি পরাজিত হইবে। যদি এক ব্যক্তির তরুণ স্বর, অপর ব্যক্তির বৃদ্ধ বা মৃতস্বর হয় তাহা হইলে দ্বিতীয় ব্যক্তি পরাজিত হইয়া সর্ব্বাস্বান্ত হইবে এবং তাহাতে জীবন হানি ও হইতে পারে॥ ৪৫

যো যস্য পঞ্চমস্থানে সস্বরো মৃত্যুদায়কঃ।
তৃতীয়ে তু ভবেৎ সিদ্ধিঃ শেষা মধ্যফলপ্রদাঃ॥ ৪৬

যে স্বর যাহার পঞ্চম হইবে সেই স্বর তাহার মৃত্যু দায়ক হইবে, বা সবিশেষ ক্লেশদায়ক হইবে। কোন ব্যক্তির তৃতীয় স্বরের উদয় অর্থাৎ তরুণস্বর হইলে সে সমুদায় কার্য্য সিদ্ধি করিয়া দেয়। অবশিষ্ট তিনটী স্বর অর্থাৎ বৃদ্ধ, বাল ও কুমার স্বর মধ্যাবিধ ফল প্রদান করে॥ ৪৬

মৃত্যুহীনস্বরে নাম্নি জয়োনাম্নি স্বরাধিকে।
সমনাম্নি ভবেৎ সাম্যং সন্ধির্জ্জয়পরাজয়ৌ॥ ৪৭

উভয় পক্ষের যুদ্ধ বা মোকদ্দমা প্রভৃতি উপস্থিত হইলে যাহার নামস্বর দুর্ব্বল হইবে, তাহার মৃত্যু বা পরাজয় হইবে। যাহার নামস্বর বলবান্ হইবে সে, জয় লাভ করিবে। উভয়ের নামস্বর যদি সমান হয়, তাহা হইলে ঐ স্বরের বাল্যাদি অবস্থা অনুসারে উভয়ের জয় বা উভয়ের পরাজয় অথবা উভয়ের পরস্পর সন্ধি হইবে। ইহার তাৎপর্য্য এই যে, যদি উভয়ের নামস্বরের তরুণাবস্থা হয়, তাহা হইলে উভয়ের জয় হইবে। যদি উভয়ের নামস্বরের মরণাবস্থা হয়, তাহা হইলে উভয়েরই পরাজয় ও কষ্ট হইবে। যদি উভয়ের নামস্বরের বৃদ্ধাবস্থা বাল্যাবস্থা বা কৌমারাবস্থা হয়, তাহা হইলে সন্ধি হইবে বা মোকদ্দমা রক্ষা হইবে॥ ৪৭

একস্বরে ভবেৎ সাম্যং দ্বিতীয়েঽর্দ্ধ ফলং ভবেৎ।
তৃতীয়ে চ ফলং পূর্ণং তুর্য্যেবন্ধঃ পরান্তয়ং॥ ৪৮

যুদ্ধাদি সময়ে বা যে কোন সময়ে বালস্বরের উদয়ে মধ্যাবিধ ফল হয়। কুমার স্বরে অর্দ্ধ ফল হয়। তরুণ স্বরে সম্পূর্ণ ফল হয়, বৃদ্ধ স্বরে বন্ধন হয়, এবং মৃতস্বরে শারীরিক বা মানসিক ভয় হইয়া থাকে॥ ৪৮

শত্রোর্হীন স্বরে প্রাপ্তে যদি প্রাপ্তে স্বকীয়কে।
তৎকালে প্রারভেৎ যুদ্ধং বিজয়ো ভবতি ধ্রুবং॥ ৪৯

যে সময় শত্রুর মৃত্যুস্বর ও আপনার তরুণ স্বর উদিত হইবে, সেই সময় যুদ্ধাদি আরম্ভ করিলে নিশ্চয়ই সম্পূর্ণ রূপ জয় লাভ করিতে পারে॥ ৪৯

তৎকালে মাতৃকোগ্রাহ্যো দিনে বর্ণস্বর স্তথা ।
পক্ষে অহঃস্বরো জ্ঞেয়ো মাসে জীবস্বরোদয়ঃ ॥ ৫০ ॥

তৎকালে অর্থাৎ দণ্ডস্বরের উদয়কালে মাত্রাস্বর গ্রহণ করিয়া ব্যাল্যাদি অবস্থা বিবেচনায় শুভাশুভ ফল বিচার করিবে। দিনস্বরের অর্থাৎ তিথিস্বরের উদয় কালে বর্ণস্বর ধরিবে। পক্ষস্বরের উদয়কালে গ্রহস্বর উৎপাদিত করিয়া বাল কুমারাদি অবস্থাভেদে শুভাশুভ ফল বলিবে। মাসস্বরের উদয়ে জীবস্বর উদিত করিয়া বিচার করিবে। ৫০।

ঋতৌ রাশ্যংশকোগ্রাহ্যঃ ষন্মাসে ধিষ্ণসম্ভবঃ ।
অব্দে পিণ্ডস্বরো জ্ঞেয়ো যোগে দ্বাদশ বার্ষিকঃ ॥ ৫১ ॥

ঋতুস্বরের উদয়কালে রাশিস্বর উৎপাদনপূর্ব্বক তাহার বাল্যাদি অবস্থা বিচার পূর্ব্বক শুভাশুভ ফল গণনা করিবে। অয়নস্বরের উদয় কালে নক্ষত্রস্বর অবলম্বণ করিয়া গণনা করিবে। অব্দস্বরের উদয় কালে পিণ্ডস্বর উদিত করিয়া শুভাশুভ ফল বলিবে যুগস্বরোদয়ে অর্থাৎ দ্বাদশবার্ষিক স্বরোদয় কালে যোগস্বর উৎপাদন করিয়া তাহার বাল্যাদি অবস্থা অনুসারে শুভাশুভ ফল গণনা করিয়া দিবে। ৫১।

সর্ব্বকালং বলীবর্ণঃ সর্ব্বব্যাপী ন সংশয়ঃ ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন বর্ণে বীক্ষ্যং শুভাশুভং ॥ ৫২ ॥

বর্ণস্বর সকলকালেই বলবান্ থাকে, কারণ বর্ণস্বরই সর্ব্বব্যাপী। অতএব বর্ণ অবলম্বন করিয়াই সর্ব্বপ্রযত্নে শুভাশুভ ফল ও বলাবল বিচার করিবে। ৫২।

যথাপদো হস্তি পদে প্রবিষ্টা যথাহি নদ্যঃ খলু সাগরেষু।
যথা হরের্দ্দেহগতাশ্চ দেবাস্তথা স্বরা বর্ণকলোদয়স্থাঃ ॥ ৫৩ ॥

ক্ষুদ্র পদচিহ্ন সমুদায় যেমন হস্তিপদে বিলয় হয়, যেমন নদীসমুদায় সাগরে লীন হয়, যেমন অন্যান্য ক্ষুদ্র দেবতা হরির শরীরে লীন হন, তাহার ন্যায় অন্যান্য স্বর বর্ণস্বরে লীন হইয়া থাকে ॥ ৫৩ ॥

সাধনং মন্ত্রযন্ত্রস্ত যন্ত্রযোগঞ্চ সর্ব্বদা ।
অধোমুখানি কার্য্যাণি মাত্রাস্বরবলে কুরু ॥ ৫৪ ॥

যখন মাত্রাস্বর বলবান থাকিবে, তখন, মন্ত্র সাধন যন্ত্রসাধন, যন্ত্রনির্ম্মাণ ও অন্যান্য সমুদায় অধোমুখ কার্য্যের অনুষ্ঠান করিবে ॥ ৫৪ ॥

বর্ণস্বরবলে সর্ব্বং কর্ত্তব্যঞ্চ শুভাশুভং ।
সিদ্ধিদঃ সর্ব্বকার্য্যেষু যুদ্ধকালে বিশেষতঃ ॥ ৫৫ ॥

যখন বর্ণস্বর বলবান্ থাকিবে, তখন সমুদায় শুভাশুভ কর্ম্ম করিবে। কারণ বর্ণস্বর সকল সময়েই সিদ্ধি প্রদান করিয়া থাকে, বিশেষত যুদ্ধাদি সময়ে বর্ণস্বর সবিশেষ ফলদায়ক। ৫৫।

মারণং মোহনং স্তম্ভং বিদ্বেষোচ্চাটনে বশং ।
বিবাদং বিগ্রহং ঘাতং কুর্য্যাদগ্র স্বরোদয়ে ॥ ৫৬ ॥

গ্রহস্বর প্রবল হইলে মারণ, মোহন, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন, বশীকরণ, বিবাদ, যুদ্ধ, প্রহার বা সংহার, এই সমুদায় কার্য্য করা বিধেয় ॥ ৫৬ ॥

যানপানাদিকং সর্ব্বং বস্ত্রালঙ্কারভূষণং ।
বিদ্যারম্ভং বিবাহঞ্চ কুর্য্যাজ্জীবস্বরোদয়ে ॥ ৫৭ ॥

জীবস্বর প্রবল হইলে বস্ত্র অলঙ্কার ভূষণ, বিদ্যারম্ভ বিবাহ, যাত্রা ও পান প্রভৃতি সমুদায় কার্য্য করিবে। ৫৭

প্রাসাদারামহর্ম্ম্যাণি দেবতা স্থাপনানিচ।
রাজ্যাভিষেচনং দীক্ষা কর্ত্তব্যং রাশিকে স্বরে ॥ ৫৮ ॥

রাশিস্বর প্রবল হইলে প্রাসাদ হর্ম্ম্য উদ্যান দেবতা স্থাপন, রাজ্যে অভিষেক ও দীক্ষা এই সমুদায় কার্য্য করিবে। ৫৮।

শান্তিকং পৌষ্টিকঞ্চৈব প্রবেশো বীজবাপনং।
স্ত্রীবিবাহ স্তথা যাত্রা কর্ত্তব্যা ভস্বরোদয়ে ॥ ৫৯ ॥

নক্ষত্রস্বর প্রবল হইলে শান্তিকর্ম্ম, পুষ্টিকর্ম্ম, গৃহাদি প্রবেশ, বীজবপন বিবাহ ও যাত্রা এই সমুদায় কর্ম্ম করিবে। ৫৯।

শত্রূণাং দেশভঙ্গশ্চ কূটযুদ্ধঞ্চ বেষ্টনং।
সেনাধ্যক্ষ স্তথা মন্ত্রী কর্ত্তব্যং পিণ্ডকোদয়ে ॥ ৬০ ॥

পিণ্ডস্বর প্রবল হইলে শত্রুপক্ষের দেশভঙ্গ, কূটযুদ্ধ, শত্রু বা শত্রুদিগের দেশ অবরোধ, সেনাপতি নিয়োগ ও মন্ত্রীনিয়োগ, এই সমুদায় কর্ম্ম করিবে। ৬০।

যোগেন সাধয়েদ্ যোগং দেহস্থং জ্ঞানসম্ভবং।
আণবং শাম্ভবঞ্চৈব শাক্তেয়ঞ্চ তৃতীয়কং ॥ ৬১ ॥

যোগস্বর প্রবল হইলে জ্ঞানের উৎপাদক শারীরিক যোগ সাধন করিবে এবং আণবযোগ অর্থাৎ অণিমাদি অষ্টৈশ্বর্য্যসিদ্ধি, বিষয়যোগ, শাম্ভবযোগ ও শক্তিযোগ করিবে। ৬১।

ইতি ষোড়শ স্বরচক্র বিবরণ
সমাপ্ত।

তিথির্বার শ্চ নক্ষত্রং পৃথক্ পৃথক্ প্রভাবিতং।
যস্তদেকত্র সম্মীল্য কুর্য্যাদ্‌বর্ণ স্বরোদয়ে ॥ ৬২ ॥

তিথিবার নক্ষত্র স্বরচক্রম্।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
| নন্দা | ভদ্রা | জয়া | রিক্তা | পূর্ণা |
| ২৭ | ৭ | ১২ | ১৭ | ২২ |
| ১ | ৮ | ১৩ | ১৮ | ২৩ |
| ২ | ৯ | ১৪ | ১৯ | ২৪ |
| ৩ | ১০ | ১৫ | ২০ | ২৫ |
| ৪ | ১১ | ১৬ | ২১ | ২৬ |
| ৫ | | | | |
| ৬ | | | | |
| রমং | বুচং | বৃ | শু | শ |

যস্ত নামাদিমংবর্ণং তিথিবারর্ক্ষজং মৃতং।
তদ্দিনে বর্জ্জয়েত্তস্য হানিমৃত্যুকরং যতঃ ॥ ৬৩ ॥
অনেন স্বরযোগেন শত্রূণাং মারণাদিকং।
মন্ত্র যন্ত্র ক্রিয়াং মোহং সাধয়েত্তদ্দিনে বুধঃ ॥ ৬৪ ॥

পূর্ব্বপ্রণালীমতে পৃথক্ পৃথক্ স্থানে তিথিবার নক্ষত্র যথানিয়মে সন্নিবেশিত করিবে। পরে এই স্বরোদয়মতে যে ব্যক্তির নামের আদ্য অক্ষর গণনায় যে দিবসে পঞ্চম অর্থাৎ মৃত্যু স্বরের তিথি বার নক্ষত্র একত্রে মিলিত হইবে, সেই দিন সেই ব্যক্তির হানি ও মৃত্যুকর। অতএব সর্ব্বকার্য্যে ঐ দিবসকে বর্জ্জন করা কর্ত্তব্য। পণ্ডিতগণ ঐ মৃত্যু স্বর যোগে শত্রুর মারণাদি অভিচারকার্য্য করিয়া থাকেন। ঐ অভিচারাদি কার্য্য শত্রুর মৃত্যুস্বরযোগে করিলেই সিদ্ধহয় নচেৎ সিদ্ধ হইবেনা ॥ ৬২।৬৩।৬৪ ॥

তিথি, বার, নক্ষত্র, কি প্রণালীমতে পৃথক্ পৃথক্ করিয়া রাখিয়া গণনা করিবে, তাহার বিবরণ সহ একটি চক্র নিম্নে প্রদর্শিত হইল।

প্রথমত উত্তর দক্ষিণে ছয়টি রেখা টানিলে পাঁচটি ঘর হইবে তাহার প্রথম ঘরে অ আ দ্বিতীয় ঘরে ই ঈ তৃতীয় ঘরে উ ঊ চতুর্থ ঘরে এ ঐ পঞ্চম ঘরে ও ঔ এই পাঁচটি স্বর বর্ণ স্থাপন করিবে।

পরে ক অবধি হ পর্য্যন্ত হল বর্ণ সমুদায়ের মধ্যে ঙ ঞ ণ এই তিনটিকে বর্জ্জন করিয়া অবশিষ্ট হল বর্ণ গুলিকে স্বর বর্ণের নিম্নে ছয় ছয়টি করিয়া ক্রমে বিন্যাস করিবে। যথা অকারের নিম্নে ক, ছ, ড, ধ, ভ, ব, ইকারের নিম্নে খ জ ঢ ন ম শ। উকারের নিম্নে গ ঝ ত প য ষ। একারের নিম্নে ঘ ট থ ক র স। ওকার স্বরের নিম্নে চ ঠ দ ব ল হ স্থাপন করিবে।

তৎপর পাঁচটি স্বরের নিম্নে সাতটি বার স্থাপন করিবে যথা অকারের নিম্নে রবি ও মঙ্গল। ইকারে সোম ও বুধ। উকারস্বরে বৃহস্পতি। একারে শুক্র। ওকারে শনি লিখিবে।

এই রূপ অকারে নন্দা অর্থাৎ প্রতিপদ, ষষ্ঠী, একাদশী। ইকারে ভদ্রা অর্থাৎ দ্বিতীয়া, সপ্তমী, দ্বাদশী। উকারে জয়া অর্থাৎ তৃতীয়া, অষ্টমী, ত্রয়োদশী। একারে রিক্তা অর্থাৎ চতুর্থী, নবমী, চতুর্দ্দশী। ওকারে পূর্ণা অর্থাৎ পঞ্চমী, দশমী, পূর্ণিমা এবং অমাবস্যা স্থাপন করিবে।

ঐ রূপ অকারে রেবতী অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, রোহিণী, মৃগশিরা, আর্দ্রা,। ইকারে পুনর্ব্বসু পুষ্যা, অশ্লেষা, মঘা, পূর্ব্বফল্গুনী,। উকারে উত্তরফল্গুনী হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা,। একারে, অনুরাধা জ্যেষ্ঠা, মূলা, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া,। ওকারে শ্রবণা ধনিষ্ঠা, শতভিষা, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, লিখিবে।

## তিথিবার নক্ষত্র স্বর চক্র।

| অ আ | ই ঈ | উ ঊ | এ ঐ | ও ঔ |
|---|---|---|---|---|
| ক<br>ছ<br>ড<br>ধ<br>ভ<br>ব | খ<br>জ<br>ঢ<br>ন<br>ম<br>শ | গ<br>ঝ<br>ত<br>প<br>য<br>ষ | ঘ<br>ট<br>থ<br>ফ<br>র<br>স | চ<br>ঠ<br>দ<br>ব<br>ল<br>হ |
| রবি, মঙ্গল | সোম, বুধ | বৃহস্পতি | শুক্র | শনি |
| নন্দা<br>প্রতিপদ<br>ষষ্ঠী<br>একাদশী। | ভদ্রা<br>দ্বিতীয়া<br>সপ্তমী<br>দ্বাদশী | জয়া<br>তৃতীয়া<br>অষ্টমী<br>ত্রয়োদশী। | রিক্তা<br>চতুর্থী,<br>নবমী,<br>চতুর্দ্দশী | পূর্ণা<br>পঞ্চমী দশমী<br>পূর্ণিমা<br>অমাবস্যা |
| রেবতী<br>অশ্বিনী,<br>ভরণী<br>কৃত্তিকা,<br>রোহিণী,<br>মৃগশিরা,<br>আর্দ্রা, | পুনর্ব্বসু<br>পুষ্যা,<br>অশ্লেষা,<br>মঘা,<br>পূর্ব্বফল্গুণী | উত্তরফল্গুণী,<br>হস্তা,<br>চিত্রা,<br>স্বাতী,<br>বিশাখা, | অনুরাধা<br>জ্যেষ্ঠা,<br>মূলা<br>পূর্ব্বাষাঢ়া,<br>উত্তরাষাঢ়া, | শ্রবণা<br>ধনিষ্ঠা,<br>শতভিষা,<br>পূর্ব্বভাদ্রপদ<br>উত্তর ভাদ্র |

উপরের লিখিত চক্র মধ্যে যে পাঁচটি কোঠা লিখিত হইয়াছে তাহাতে বালাদি স্বর কিরূপ ব্যবহার করিতে হইবে তাহা বলা হইতেছে। যাহার নামের আদ্য অক্ষর যে কোঠায় লিখিত আছে সেই কোঠাই তাহার বালক স্বর হইবে ঐ কোঠা হইতে ক্রমে বাল, কুমার, তরুণ, বৃদ্ধ এবং মৃত্যু এই পাঁচটি অবস্থা গণনা করিতে হইবে; যথা যাহার নামের আদ্য অক্ষর অ ক ছ ড ধ ভ ব ইহাদের মাধ্য কোন এক অক্ষর হইবে তাহার পক্ষে ঐ ঘরের লিখিত রবি মঙ্গলবার ও নন্দা তিথি এবং রেবতী হইতে আর্দ্রা পর্য্যন্ত নক্ষত্র বালক স্বর হইবে। দ্বিতীয় ঘরে যে বার তিথি নক্ষত্র লিখিত আছে তাহা উহার পক্ষে কুমার স্বর হইবে, ইত্যাদি। ও চ ঠ দ ব ল হ অক্ষরের মধ্যে কোন অক্ষর যাহার নামের আদ্য অক্ষর হইবে তাহার পক্ষে ঐ ঘরের বার তিথি নক্ষত্র বালক স্বর হইবে ঐ ঘর হইতে গণনায় দ্বিতীয় ঘর যাহাতে রবি মঙ্গলবার, নন্দা তিথি ইত্যাদি লিখিত আছে তাহা উহার পক্ষে কুমার হইবে এই রূপ ক্রমে বালাদি স্বর জানিয়া গণনা করিবে।

যাহার নামের আদ্য বর্ণে যে স্বর হইবে সেই স্বর বর্ণের কোঠা হইতে গণনায় যে কোঠা ও স্বরবর্ণ পঞ্চম হইবে সেই কোঠার স্বর বর্ণের নিম্নে যে সকল তিথি, বার, নক্ষত্র লিখিত আছে সেই তিথি, বার, নক্ষত্র যে দিনে একত্রে মিলন হইবে, সেই দিন সেই ব্যক্তির হানি ও মৃত্যুকর জানিয়া সেই দিন কোন কার্য্য করিবে না।

ঐ রূপ স্বরযোগে যে দিবস শত্রুর মৃত্যু স্বর উদিত হইবে, সেই দিবস শত্রুর মৃত্যু দিন জানিয়া তাহার বিনাশার্থ মন্ত্র যন্ত্র ক্রিয়া হোমাদি কার্য্য করিলে সিদ্ধ হইবে নচেৎ হইবে না।

অতঃ প্রবক্ষ্যেহি বিচিন্ত্যভানুং বিনষ্টকোষ্ঠ্যুদ্ধরণ প্রকারম্। ত্রিংশৎ কৃশানু১৩৩০ক্ষিতিসম্মিতা চ শকাব্দ বৃন্দাৎ পুনরঙ্কশেষৈঃ। অবশিষ্টাঙ্কৈঃ। নন্দাগৈ ৭৯ রসসিন্ধুভি ৪৬ গুণগজৈ ৮৩ নাগৈ ৮ নবেষু ৫৯ ক্রমাদ্রামাঙ্কৈ ৯৩ ধ্রুবহীন শাকশরদাং হীনে পুনর্গং স্থিতম্ তৎ পত্রং। ক্ষিতিজাদিকস্য কথিতং শাস্ত্রাব্দ পিণ্ডোহপ্যয়ম্। যস্য যাবান ভবেদঙ্ক স্তং প্রত্রাঙ্কাগ্নিবর্ত্ততে। ভৌমাদিকানাং কথিতো গ্রহাণাং ক্রমশস্থিহ। ভানোর্জ্ঞানং ভবেন্মাসাচ্চন্দ্রস্য কথনাত্তিথেঃ। কথিতং নষ্টকোষ্ঠীনাং সমানয়ন চিন্তনম্। মাসেতাংস বিযুক্ত তিথিঃ শিবহতঃ খাষ্টৈযদৃগ্দিগ্যুতা ১০১৫৮০ মেষাদ্যুরহিতান্যমাসি খগুণৈঃ ৩০ শিষ্টাঃ সুরেন্দ্রান্বিতাঃ ৩৩১৪ ক্ষিপ্তাস্তত্র পুনঃ পুনর্নববিধুং ১৯ বর্গোন্মানাচ্ছকো যুক্তী রাঘবশর্ম্মণোহত্র সুমতের্যুক্তৌ দ্বিপৈ ৪৮ র্যা নৃপৈঃ ১৬১০ অতোহত্র নষ্টকোষ্ঠীনাং সম্যক জ্ঞানং প্রচক্ষ্যতে। বৈশাখাদি ক্রমান্মাসাঃ কোষ্ঠদ্বাদশ সংজ্ঞকাঃ। কোষ্ঠদ্বাদশ সংখ্যাভিঃ পত্রমত্র নিগদ্যতে। অথগুেন চ ঋক্ষেণ রাশয়োহত্র সমীরিতাঃ। নবাশ্ব ৭৯ ষড়বেদ ৪৬ গুণাষ্ট ৮৩ নাগা ৮ নবেষু ৫৯ রামাঙ্ক ৯৩ দিনাদিহীনাঃ। অতঃ শকাদস্য শকস্য কার্য্যঃ প্রাচ্যামৃণং পশ্চিমতো ধনঞ্চ। চতুর্দ্দশ শতেনাব্দ শাকাৎ গ্রহাংশ্চ ৯ শেষয়েৎ। গ্রহখণ্ডান্ সমুন্নীয় প্রতিমাসং বিলোকয়েৎ। অথাঙ্কন্যাসঃ মঙ্গলস্যাঙ্কা ৭৯ এষক্রমঃ সর্ব্বত্র॥

**শকাঙ্ক হইতে ১৩৩০ বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্ককে ৭৯, দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহার নাম পত্রাঙ্ক। ঐ পত্রাঙ্ক সংখ্যায় ঐ শকাব্দে বৈশাখ হইতে চৈত্র পর্য্যন্ত দ্বাদশ মাসের প্রথম তারিখে মঙ্গলগ্রহ, যে নক্ষত্রে স্থিত থাকিবেন, তাহাই লিখিত আছে। ঐ শকের বুধের স্থিতি জানিতে হইলে ৪৬, বৃহস্পতির ৮৩, শুক্রের ৮, শনির ৫৯, রাহুর ৯৩ দ্বারা ভাগ করিয়া অবশিষ্টাঙ্ক সংখ্যায় পত্রাঙ্কে ঐ সকল গ্রহের স্থিতি জানিবেন। তাৎপর্য্য এই যে, গ্রহগণ ঐ ঐ সংখ্যা বৎসর পরে পুনর্ব্বার সেই সেই নক্ষত্রে গমন করিয়া থাকেন।**

**নষ্টকোষ্ঠী বিচারে শক ও মাস জ্ঞাত হইলে, অতি সহজেই কোন রাশির কোন নক্ষত্রে কোন্ গ্রহ কোন্**

**বরাহমিহির কৃত শকাব্দ হইতে ১৪০০ বাদ দিয়া অবশিষ্টাঙ্ক গ্রহগণের উপযুক্ত মতে স্বীয় স্বীয় হারাঙ্ক দ্বারা ভাগ দিলে ভাগাবশিষ্ট অঙ্কে যে পত্রাঙ্ক হইবে, তদ্দ্বারা সেই সেই শকের দ্বাদশ মাসের কোন্ তারিখে কোন্ গ্রহ কোন্ নক্ষত্রে স্থিত থাকেন তাহার একটী চক্র সুগম মতে পশ্চাৎ লিখিত হইবে।**

### অথ রাশিজ্ঞানম্।

---

প্রশ্নাক্ষরং বাণযুতং বারেণ সহ যোজয়েৎ।
স্বনামাক্ষর সংযুক্তং অকারাদ্যত্র সংন্যসেৎ।
তিস্রো বাপি সমং কার্য্যং ককারাদৌ চতুর্ষপি।
দ্বাদশৈতানি সংহৃত্য মেষাদি ক্রমতো যথা।
চরাদি রাশিভুর্য্যেষু দেয়ং পঞ্চক্রমেণ তু।
স্থিরাদি রাশিষুপ্রান্তে চতুর্ষু রিপু বিন্যসেৎ।
দ্ব্যাত্মকাদৌ তু চত্বারো বিজ্ঞেয়াঃ সপ্ত বৈ স্মৃতম্।
দ্বিগুণী কৃত্য তিথ্যঙ্কং রিপুং তত্রাপি যোজয়েৎ।
স্বরেণ হৃত্বা যল্লব্ধং জন্মমাসাৎ প্রজায়তে॥ ১

**প্রশ্নাক্ষর এবং প্রশ্নদিবসীয় বারের অঙ্ক ও প্রশ্নকর্ত্তার নামাক্ষর একত্র করিবে। ঐ নামের আদ্য অক্ষর যদি স্বর বর্ণ হয়, তাহা হইলে পূর্ব্বোক্ত যোগাঙ্কের সহিত পুনর্ব্বার ৩ তিন মিশ্রিত করিবে। এবং যদি ব্যঞ্জনবর্ণ হয়, তাহা হইলে ৪ চারি যোগ করিবে। যোগাঙ্কের সমষ্টির সহিত, প্রশ্নলগ্ন চর রাশি হইলে ৫ পাঁচ যোগ করিবে। ও স্থির রাশি হইলে ৬ ছয় যোগ করিবে, এবং দ্ব্যাত্মক রাশি হইলে ৭ সাত যোগ করিবে। যোগাঙ্কের সংখ্যাকে ১২ দ্বারা ভাগ করিলে শেষ যাহা থাকিবে, তাহা রাশি হইবে। ১ মেষ ২ বৃষ ইত্যাদি।**

**মতান্তরে। জন্ম তিথির অঙ্ককে দ্বিগুণ করিয়া তাহার সহিত ৬ ছয় যোগ করিয়া, পাঁচ দ্বারা হরণ করিলে লব্ধাঙ্ক, জন্মমাস অবধি গণনা করিলে রাশি জানিতে পারা**

## মতান্তরে।

ওঁ সূর্য্যায় নমঃ। অথ নষ্টকোষ্ঠী। তত্রাদৌ জাতকস্যশকানয়নং। নামাক্ষরং ত্রিগুণীকৃত্য ততো নেত্রেণ শোধয়েৎ। বয়োমুমানতঃ পঞ্চ পঞ্চ দদ্যাত্ততঃ শকঃ॥ অথ মাসানয়নং। মাসরাশেঃ স্বরাশিঞ্চ যুক্তং বাণ প্রপূরিতং। ত্রিভিস্ত্যাগং ভবেদৰ্দ্ধং শুক্লপক্ষেতু পঞ্চমং। মতান্তরং। তিথ্যাঙ্কং দ্বিগুণীকৃত্য রসং তত্র নিযোজয়েৎ। বাণেন হৃতলব্ধং যত্তদঙ্কং স্থাপয়ে দ্বুধঃ। জন্মরাশিং সমারভ্য দক্ষিণাবর্ত্ত সংক্রমাৎ। পূর্ব্বলব্ধ বিধানেন রাশিচক্রে পতেদ্‌যথা। সরাশির্জ্জন্মমাসস্য মুনিনাভাষিতং পুরা। এতত্ত্ব কথিতং মাসং জ্যোতিঃশাস্ত্রবিশারদৈঃ। অপিচ। চরলগ্নে যদা জাতোদ্ব্যাত্মকে বা ভবেৎ কিল। তদা তু জন্মমাসঃ স্যাৎ রবিশুক্র সমন্বিতঃ। স্থিরলগ্নে যদা জাত স্তৎ স্বামী সংস্থিতো যদা। তদা তু জন্মমাসঃ স্যাৎ রবিযুক্তো ভবেৎ সদা। ইতি মাসানয়নং। মাসরাশের্জন্মরাশিঃ ষড়্‌ভ্যন্তরে যদি। শুক্লপক্ষে ভবেজ্জন্ম কৃষ্ণপক্ষেঽন্যথা ভবেৎ। মতান্তরং। মাসরাশের্জ্জন্মরাশি রস্তাভ্যন্তরতো যদি। শুক্লপক্ষে ভবেজ্জন্ম কৃষ্ণপক্ষেঽন্যথা ভবেৎ। খনা বাক্যং। দিবানিশাচৌদ্দ বাশি, উদয়ান্ত তিমিরনাশি। দিবারাশে বাড়ে শনী, ক্ষয়চাঁদে নিশারাশি। অথ তিথ্যানয়নং। মাসরাশেঃ স্বরাশিঞ্চ যা সংখ্যাপ্রাপ্যতে বুধৈঃ। তদঙ্কং দ্বিগুণীকৃত্য পুনরেকং নিয়োজয়েৎ। সা সংখ্যা স্বতিথির্জ্জ্ঞেয়ঃ শুক্লপক্ষেতু কীর্ত্তিতং। ইতি দিবা। অস্তরাশেঃ স্বরাশিঞ্চ যৎ সংখ্যা প্রাপ্যতে বুধৈঃ। তদঙ্কং দ্বিণীকৃত্য পুনরেকং নিয়োজয়েৎ। সা সংখ্যাস্বতিথির্জ্জ্ঞেয়ঃ কৃষ্ণপক্ষে তু নিশ্চিতঃ। মাসরাশেঃ স্বরাশিঞ্চ যা সংখ্যা প্রাপ্যতে বুধৈঃ। তদঙ্কং দ্বিগুণীকৃত্য পুনঃ সার্দ্ধেন যোজয়েৎ। নিয়োজিতে কৃতে যা তু সা তিথিঃ পরিকীর্ত্তিতা। গুরূপদেশগম্যেন জন্মতিথ্যাঃ সুনিশ্চিতঃ। অসম্ভবে একং হেয়ং ন হেয়মিতি। খনাবাক্যং। উদয় জন্মে গুণিয়া আন, দ্বিগুণকর্য্যা তিথি জান। তিথির কথা খনা কয়, শনীযোগে তিথি হয়। হেয়া ন হেয়া পূর্ব্ববৎ। অথ দিবানিশা জন্মজ্ঞানং। মাসলগ্নাৎ স্বলগ্নঞ্চ ষড়্‌লগ্নাভ্যন্তরে যদি। দিবাজন্মভবেৎ তত্র রাত্রৌ জন্মান্যথাভবেৎ অস্তলগ্নাৎ স্বলগ্নঞ্চ ষড়লগ্নাভ্যন্তরে যদি। রাত্রৌজন্মভবেৎ তত্র দিবা তু অন্যথা ভবেৎ। উদয় লগ্নে যদাজাত স্তদা তৎ কিং বিধানতঃ। উদয়ে প্রত্যূষে জন্ম সন্ধ্যায়া মস্তএব চ। অথ নক্ষত্রানয়নং। স্বতিথিং মাসনামর্ক্ষং রুদ্রকাষ্ঠা সিতাসিতে। ভুক্তে সপ্তক্ষকে শেষে জন্মতারা বিধীয়তে। অপরঞ্চ। যোঁ যো মাসস্য নক্ষত্রং তিথ্যাবেব সমন্বিতং। কৃষ্ণে চব্বিশ শুক্লে বার ঋক্ষে হরিনক্ষত্রসার।

অথ মাসনক্ষত্র নিরূপণং। অন্ত্যোপান্ত্যৌ ত্রিভৌ জ্ঞেয়ৌ ফাল্গুণঞ্চ ত্রিভোমতঃ। শেষামাসা দ্বিভাজ্ঞেয়াঃ কৃত্তিকাদি ব্যবস্থয়া। দ্বে দ্বে চিত্রাদিতারাণাং পূর্ণপর্ব্বেন্দুসংগতে। মাসাশ্চৈত্রাদয়োজ্ঞেয়া স্ত্রিকঃ ষষ্ঠান্ত্য সপ্তমাঃ। স্পষ্টার্থমাহ। বৈশাখে ১৬।১৭ জ্যৈষ্ঠে ১৮।১৯ আষাঢ়ে ২০।২১ শ্রাবণে ২২।২৩ ভাদ্রে ২৪।২৫ আশ্বিনে ২৭।১।২ কার্ত্তিকে ৩।৪ মার্গে ৫।৬ পৌষে ৭।৮ মাঘে ৯।১০ ফাল্গুণে ১১।১২।১৩ চৈত্রে ১৪।১৫ ইতি বৈশাখাদি দ্বাদশমাসে চান্দ্রমতে পৌর্ণমাস্যাং নক্ষত্রযোগঃ। অমাবস্যায়াং মাস নক্ষত্রস্য ত্রয়োদশনক্ষত্রং ভবেৎ। চান্দ্রমতে তদ্রাশি নক্ষত্রোভবেদিতি নিষ্কর্ষঃ। অথ রাশ্যানয়নং। তিথ্যাঙ্কং দ্বিগুণীকৃত্য রসং তত্র বিমিশ্রয়েৎ। বাণেন হৃতলব্ধং যৎ জন্মরাশিঃ প্রগণ্যতে। অপিচ। তিথ্যাঙ্কং দ্বিগুণীকৃত্য বাণেন হৃতশেষয়েৎ। লব্ধসহৈকরাশিঃ স্যাৎ রবিমাসাৎ প্রগণ্যতে। অসম্ভবে একং দেয়ং হেয় মিতি। মতান্তরে রাশ্যানয়নং। লগ্নভোগ্যপলং পুংসাং ধ্রুবাঙ্কং স্থাপয়েস্ত্রিধা। সপ্তাবশিষ্টৌ বারেষ্ট ত্রিংশদ ভেন তিথিঃ স্মৃতা। তারাবশিষ্টা তারেষ্টাস্ত্রীণাং ভুক্তে প্রকল্পনা। ইষ্টার্কর্ক্ষয়ো র্যোগাদিষ্টযোগো নচান্যথা। বিপলং লগ্নভোগ্যং বা তিথিদণ্ডপলং ক্রমাৎ। ভদণ্ডেঽর্ক ভুক্তদণ্ডবিয়োগাদ্‌ যোগনাড়িকা। একং দেয়ঞ্চ হেয়ং বা সমীকরণ কর্ম্মণি। নদেয়ং বা নহেয়ং বা যোগে বারে তিথৌচভে। অথ লগ্নানয়নং। চন্দ্র রাশীশ্বরো যত্র তত্রিকোণ মথাপিবা। তৎ সপ্তমং ত্রিকোণং বা চন্দ্ররাশীশ্বরো ভবেৎ। খনা রাশীশ্বর যথা রয়, এককেছেড়ে লগ্ন হয়। একথা অন্যথা নয়, জাতলগ্ন সুনিশ্চয়। যদা পরপূর্ব্বলগ্নয়োর্ম্মধ্যে কস্মিন্ লগ্নেজাতঃ এবং সন্দিগ্ধো ভবতি তদায়ং বিচারঃ। অপিচ। যস্মিন্ ঋক্ষেঽস্তি যঃ খেটস্তস্মাৎ পূর্ব্বাপরে দিনে। সপ্তমে দ্বাদশে ঋক্ষে লগ্নং সংস্থাপয়েদ্বুধঃ। রাত্রৌপূর্ব্বপরার্দ্ধে চ ঘনক্ষে সিদ্ধি সংজ্ঞকে। রবিযুক্তর্ক্ষতোনিত্যং বরাহাদিষু নিশ্চিতঃ। ভাষা। যেখানে থাকে তিমির নাশি, সপ্তএকাদশ উভয় রাশি। নিশা সত্তের পঁচিষে জান, জন্মলগ্নলিখে আন। অপরঞ্চ। গত ঘটিকা ষড়গুণিতা সংক্রান্তি বাসরান্বিতা। ত্রিংশদ ভিশ্চ হরেন্তাগং লগ্নাদংশাদিকাঃক্রমাৎ।

অথ স্থিরাশিলগ্নস্য মীমাংসা। পুরুষঃ পুরুষক্ষেত্রং যদিপশ্য তিসর্ব্বদা। তদাপুংমাংসংজানীয়াৎ অন্যথাকন্যকাভবেৎ। যোঁযি

তঃ ক্ষেত্রগঃ শুক্রো বুধেন দৃশ্যতে যদি। তদাকন্যাং বিজানীয়াৎ অন্যথাপুরুষোভবেৎ॥ ইতি লগ্নানয়নং। অথ চূড়ামনিগ্রন্থমতে। প্রথমং পৃচ্ছকৈঃ সার্দ্ধমালাপস্তুবিবর্জয়েৎ। নমস্কারং ততঃকৃত্বা গৃহীত্বাপ্রশ্নবাক্যতঃ। পুনঃপ্রাগক্ষরং গ্রাহ্যং দেবতাফলপুষ্পতঃ। যেনবিজ্ঞানতোলোকে সর্ব্বজ্ঞত্বং লভেন্নরঃ। আদৌপ্রশ্নাক্ষরবিবরণং। ক চ ট ত প য শাঃ উত্তরাঃ। খ ছ ঠ থ ফ র ষা উত্তরোত্তরাঃ। গ জ ড দ ব ল সাঃ অধরাঃ। ঘ ঝ ঢ ধ ভ বহাঃ অধরাধরা। ঙ ঞ ণ ন মাঃ দগ্ধাঃ। এ ও উত্তরোত্তরাঃ। আ ই উ উত্তরাধরা। এঔ অধরাধরাঃ। অংঅঃ নপুংসকাদগ্ধাঃ। ইতি অক্ষরস্বরপঞ্চবর্গৌ। হ্রস্বমাত্রা। অ ই উ ঋ চতুষ্কোহিযএবর্গে নদশ্যতে। আলিঙ্গিতং বিজানীয়াৎ। দীর্ঘা আ ঈ উ ঋ অভিধূমিতাঃ। পঞ্চমেবাঽথবাবষ্ঠে আরূঢ়ো যদিদৃশ্যতে। তত্র দগ্ধঞ্চবিজ্ঞেয়ং চান্তেচৈব স্বরদ্বয়োঃ। স্বরদ্বয়োঃ অং অঃ। অথ নষ্টজাতকচিন্তা। উত্তরেচ যদাপ্রশ্নং জন্মস্যাদুত্তরায়ণে। অধরেদক্ষিণেপ্রোক্তং দগ্ধেচোত্তরদক্ষিণে। ঋতুঃ শিশিরাদিহেমান্তান্তং বিদ্ধি মাসকং। প্রথমে প্রথমং মাসং দ্বিতীয়ে চ দ্বিতীয়কং। উত্তরেশুক্লপক্ষস্তু অধরে কৃষ্ণমেব চ। প্রতিপদাদিবিজ্ঞেয়ং কচটাদি য়থাক্রমং। কৃষ্ণ দ্বিতীয়াদিযাতিথি স্তদবধিং তিথিং গণয়েৎ। ততো যোমাস আদ্যোভবতি জন্মমাসনক্ষত্রাৎ তত্তিথিস্থাপনাবধি নক্ষত্রং গণয়েৎ। বারসামান্যে উত্তরে দক্ষিণে শুক্রস্তপঞ্চমাৎ সপ্তমাৎ বারগণনং। উত্তরে দিবসে অধরে রাত্রৌ দগ্ধে সন্ধ্যায়াং। বয়োনুমানাৎ বর্ষাণিতস্মাৎ সূর্য্যক্তসংহিকেয়ে। আলিঙ্গিতে উত্তরভাগে অক্ষরক্রমেণ ভূমিপুত্রঃ। অধরে দক্ষিণে এবং জ্ঞেয়ং। ইতিচূড়ামণিমতং সমাপ্তং॥

ততো নক্ষত্রকথনং। চূড়ামণিমতএব॥ সামনামানি ঋক্ষাণি তিথ্যাসহনিয়োজয়েৎ। সিতে রুদ্রধ্রুবং দদ্যাৎ অসিতেদর্শমেব চ। অথগ্রহসংস্থিতিঃ। শাকের যুচাব বারশত।১২০০ বার ১২ হরিয়া বুঝিবে তত। বদতি বরাহ সংকেতবাণি, বিচ্ছাআদি করিয়াগুরুজানি।র। শাকের যুচাব বারশত।১২০০ ত্রিংশে ৩০ হরিয়া বুঝিবে তত। বদতি বরাহ সংকেতবাণি উত্তরাষাঢ়াদি করি শনি জানি। কেচিৎ। শনিস্ত্রিংশত্তিঃশেষং পূর্বাষাঢ়াদি গণনীয়ং। শং। শুক্রে বুধে ত্রিত্রিভিশ্চ একেন পূর্বে দ্বাভ্যাং পরে শূন্যে রবিনাযোগ্যং। শু বু রং। জাতমাস ঋক্ষশকেদিয়া, বুঝি কুজ বসু ৮ হরিয়া। রবির নিকটে বলে মুনি, বিচ্ছায়মেষে গণিয়া আনি॥ মং। সপ্তম ৭ দ্বাদশ ১২ উভয়স্থিতি, নিশা সপ্তদশ ১৭ চতুর্বিংশতি, চব্বিশ যাম খনাবলে, জন্মলগ্ন বেদ প্রমাণে। অষ্টাভিঃ রাহুং। শুক্লপক্ষে যদাজন্ম তদাঅশ্লেষাদি গণনীয়ং যদা কৃষ্ণপক্ষে জন্ম তদা হস্তাদি দক্ষিণক্রমেণ গণনীয়ং। রা। জাতদণ্ডপ্রমাণং। যথা থাকে তিমির বিনাশি, সপ্তম ৭ দ্বাদশ ১২ উভয়স্থিতিঃ। নিশাসপ্তদশ ১৭ চতুর্বিংশতি ২৪ জান খনাবলে জন্মলগ্ন বেদপ্রমাণ ইতি॥

---

## বৃহজ্জাতকে নষ্টজাতকাধ্যায়ঃ।

আধান জন্মাপরিবোধকালে, সংপৃচ্ছতো জন্মবদেদ্বিলগ্নাৎ। পূর্ব্বাপরার্দ্ধে ভবনস্য বিন্দ্যা ভানাবুদগ্দক্ষিণগে প্রসূতিং॥ ১॥

আধানলগ্ন দ্বারা যেরূপে জন্মলগ্ন নিরূপণ করিতে হয়, তাহা গ্রন্থকর্ত্তা পূর্ব্বে বলিয়াছেন, এইক্ষণ যাহার আধানকাল ও জন্মকালের নিশ্চয় নাই, কিরূপে তাহার জন্মকাল নিশ্চয় করিতে হয় তাহা বলিতেছেন। যে ব্যক্তির আধানকাল ও জন্মকালের নিশ্চয় নাই, প্রশ্নলগ্ন দ্বারা তাহার জন্মসময় নিরূপণ করিতে হইবে।

প্রথমত অয়ন আনয়ন বলিতেছেন। কোন ব্যক্তি নষ্টজাতক উদ্ধারের প্রশ্ন করিলে কোনলগ্নে প্রশ্ন হইল তাহা নিশ্চয় করিয়া তৎকালে ঐ লগ্নের কোন্ হোরা তাহাও নিশ্চয় করিবে। যদি লগ্নের প্রথম হোরাতে প্রশ্ন হইয়া থাকে তবে উত্তরায়ণে অর্থাৎ মাঘাদি ছয় মাসের মধ্যে এবং যদি দ্বিতীয় হোরাতে প্রশ্ন হয় তবে দক্ষিণায়নে অর্থাৎ শ্রাবণাদি ছয় মাসের মধ্যে জন্ম হইয়াছে নিশ্চয় করিবে॥ ১॥

লগ্নত্রিকোণেষু গুরুস্ত্রিভাগৈর্ব্বিকল্প্য বর্ষাণি বয়োঽনুমানাৎ। গ্রীষ্মোঽর্ক লগ্নে কথিতাস্তু শেষৈ রন্যায়নর্ত্তাবৃতুরর্ক চারাৎ॥২॥

অনন্তর বৃহস্পতির স্থিতি নির্ণয় ও তদ্দ্বারা প্রশ্নকর্ত্তার বয়স নিরূপণ কথিত হইতেছে। প্রশ্নলগ্নকে তিন ভাগে বিভক্ত করিয়া কোন্ দ্রেক্কাণে প্রশ্ন হইয়াছে তাহা নিশ্চয় করিবে। প্রথম দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্ন কর্ত্তার জন্ম কালে বৃহস্পতি প্রশ্নলগ্নেই ছিলেন, দ্বিতীয় দ্রেক্কাণে প্রশ্ন হইলে, প্রশ্ন লগ্ন হইতে পঞ্চম স্থানে এবং তৃতীয়

দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নলগ্ন হইতে নবম স্থানে জন্মকালে বৃহস্পতি ছিলেন নির্ণয় করিবে।

কেহ কেহ বলেন প্রথম দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নলগ্ন হইতে যে স্থানে বৃহস্পতি বর্ত্তমান আছেন সেই স্থান পর্য্যন্ত গণনা করিয়া যে কয়েকটী রাশি হইবে তত সংখ্যক বৎসর প্রশ্নকর্ত্তার বয়সের অতীত হইয়াছে। দ্বিতীয় দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নলগ্নের পঞ্চম স্থান হইতে এবং তৃতীয় দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্ন লগ্নের নবম স্থান হইতে যে গৃহে বৃহস্পতি আছেন সেই পর্য্যন্ত গণনা করিলে যত সংখ্যা হইবে তত সংখ্যক বৎসর প্রশ্নকর্ত্তার বয়স গত হইয়াছে নিশ্চয় করিবে। কিন্তু বৃহজ্জাতকের টীকাকার ভট্টোৎপল যবনেশ্বরের বচন প্রমাণ করিয়া এইরূপ ব্যখ্যাকে দূষিত করিয়াছেন; এই স্থলে যবনেশ্বরের বচনটী প্রমাণ স্বরূপ উদ্ধৃত করাগেল "লগ্নাৎত্রিকোণে ক্রমশস্ত রাশৌ গুরুর্ব্বিলগ্নাদি ত্রিকোণগোঽভূৎ। সমুদ্ভবেত্তদ্ভবনক্রমেণ স্বাচ্চারভাদব্দগতিং প্রগণ্যাৎ।" এইস্থলে দ্রেক্কাণ বিভাগানুসারে বৃহস্পতির স্থিতি নির্ণয় লিখিত হইল, ইহার বিশেষ পরে বিবৃত হইবে।

যদি লগ্নের প্রথম দ্বাদশাংশে প্রশ্নহয় তাহাহইলে প্রশ্নকর্ত্তার জন্ম কালে লগ্নেতেই বৃহস্পতি ছিলেন॥ দ্বিতীয় দাদশাংশে প্রশ্ন হইলে জন্মলগ্নের দ্বিতীয় স্থানে এই রূপ তৃতীয়াদি দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নকর্ত্তারজন্ম কালে জন্ম লগ্ন হইতে তৃতীয়াদি স্থানে বৃহস্পতি অবস্থিত ছিলেন নিশ্চয় করিবে।

দ্রেক্কাণানুসারে বৃহস্পতি স্থাপন করিয়া দ্বাদশাংশানুসারে জন্ম লগ্ন হইতে কোন স্থানে আছেন তাহা স্থির করিবে ইহাতে প্রকারান্তরে প্রশ্নকর্ত্তার জন্ম লগ্ন স্থিরীকৃত হইবে।

প্রশ্নকর্ত্তার আকার দৃষ্টে অনুমান দ্বারা বয়স স্থির করিতে হইবে। পূর্ব্বকথিত দ্রেক্কাণানুসারে জন্মকালীন বৃহস্পতির স্থিতি নিশ্চয় করিয়া সেই রাশি হইতে বর্ত্তমানে বৃহস্পতি যে স্থানে আছেন সেই স্থান পর্য্যন্ত গণনায় যত সংখ্যা হইবে তত সংখ্যক বৎসর প্রশ্নকর্ত্তার বয়স নির্ণয় করিবে। পরন্ত প্রশ্নকর্ত্তার প্রতি দৃষ্টিপাত করিয়া দেখিবে যদি তাহার বয়স ১২ বৎসরের অধিক ২৪ বৎসরের মধ্যে আছে অনুমান হয় তবে উক্ত নিরূপিত অঙ্কে ১২ যোগ করিয়া বয়স নির্ণয় করিবে। এবং ২৪ বৎসরের অধিক ৩৬ বৎসরের মধ্যে প্রশ্নকর্ত্তার বয়স অনুমান হইলে ২৪ যোগ করিয়া, ৩৬ বৎসরের অধিক ৪৮ বৎসরের মধ্যে বয়স অনুমান হইলে ৩৬ যোগ করিয়া এবং ৪৮ বৎসরের অধিক ৬০ বৎসরের মধ্যে বয়স অনুমান হইলে নিরূপিত অঙ্কে ৪৮ যোগ করিয়া প্রশ্নকর্ত্তার বয়স স্থির করিবে। এইরূপ যত অধিক বয়স অনুমান হইবে ১২ বৃদ্ধি করিয়া যোগ করিয়া লইবে।

প্রকারান্তরে। প্রশ্নসময়ে প্রশ্নকর্ত্তা যে অঙ্গ স্পর্শ করিয়া অবস্থান করিবে তদনুসারে বৃহস্পতির অবস্থিতিদ্বারা নিরূপিত অঙ্কে ১২ যোগ করিবে। যদি প্রশ্নকর্ত্তা পদ বা গুল্‌ফ স্পর্শ করিয়া অবস্থিত থাকেন তবে একবার ১২ যোগ করিবে, জঙ্ঘাস্পর্শে দুইবাব, জানু, উরু, মেঢ্র, বা মুষ্ক স্থান স্পর্শে তিনবার, নাভী বা কটীদেশ স্পর্শে চারিবার, উদর স্পর্শে পাঁচবার, হৃদয় বা স্তন স্পর্শে ছয়বার, গণ্ডস্পর্শে সাতবার, ওষ্ঠ স্পর্শে আটবার, কর্ণস্পর্শে নয়বার ও ললাটস্পর্শে দশবার ১২ যোগ করিয়া বয়োমান স্থির করিবে। একশত কুড়ি বৎসরের অধিক বয়স অনুমান হইলে তাহার নষ্ট জাতক গণনা করিবেনা।

অনন্তর ঋতু আনয়ন কহিতেছেন। যদি প্রশ্নলগ্নে রবি থাকেন কিম্বা রবির দ্রেক্কাণে প্রশ্ন হয় তবে গ্রীষ্ম ঋতুতে জন্ম হইয়াছে স্থির করিবে। এই রূপ লগ্নে শনি থাকিলে কিম্বা শনির দ্রেক্কাণে প্রশ্ন হইলে শিশির ঋতুতে, লগ্নে শুক্র থাকিলে কিম্বা শুক্রের দ্রেক্কাণে বসন্ত ঋতুতে, লগ্নে মঙ্গল থাকিলে কিম্বা মঙ্গলের দ্রেক্কাণে গ্রীষ্ম ঋতুতে; লগ্নে চন্দ্র থাকিলে কিম্বা চন্দ্রের দ্রেক্কাণে প্রশ্ন হইলে বর্ষা ঋতুতে, লগ্নে বুধ থাকিলে কিম্বা বুধের দ্রেক্কাণে প্রশ্ন হইলে শরৎ ঋতুতে, লগ্নে বৃহস্পতি থাকিলে কিম্বা বৃহস্পতির দ্রেক্কাণে প্রশ্ন হইলে হেমন্ত ঋতুতে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে স্থির করিবে। দুইটী বা ততোধিক গ্রহ

লগ্নে থাকিলে যে গ্রহ বলবান তাহাদ্বারা ঋতু নির্ণয় করিবে। লগ্নে যদি একটিও গ্রহনাথাকে তবে দ্রেক্কাণানুসারে ঋতু নিশ্চয় করিবে। অয়নে ও ঋতুতে অসম্ভব হইলে যেরূপ মীমাংসা করিতে হইবে তাহা পরে প্রকাশিত হইবে॥ ২॥

চন্দ্রজ্ঞজীবাঃ পরিবর্তনীয়াঃ শুক্রার মন্দৈ রয়নে বিলোমে। দ্রেক্কাণভাগে প্রথমে তু পূর্ব্বো মাসোঽনুপাতাচ্চ তিথির্বিকল্প্যঃ॥ ৩॥

দক্ষিনায়নে বর্ষা, শরৎ ও হেমন্ত এই তিন ঋতু এবং উত্তরায়নে শিশির, বসন্ত ও গ্রীষ্ম এই তিন ঋতু আছে। দুই দুই মাসে এক এক ঋতুহয়। অগ্রহায়ণ মাস হইতে হেমন্তাদি ঋতুর আরম্ভ হইয়া থাকে; অগ্রহায়ণ ও পৌষ এই দুই মাস হেমন্ত, মাঘ ফাল্গুণ এই দুই মাস শিশির, চৈত্র বৈশাখ বসন্ত, জ্যৈষ্ঠ আষাঢ় গ্রীষ্ম, শ্রাবণ ভাদ্র বর্ষা, আশ্বিন কার্ত্তিক শরৎ ঋতু। শনি, শুক্র, মঙ্গল, চন্দ্র, বুধ, ও বৃহস্পতি এই ছয় গ্রহ ক্রমশঃ শিশিরাদি ছয় ঋতুর অধিপতি। অর্থাৎ শিশির ঋতুর অধিপতি শনি, বসন্ত ঋতুর অধিপতি শুক্র ইত্যাদি। উক্ত ছয় গ্রহের মধ্যে যে গ্রহ প্রশ্নলগ্নে থাকিবে তাহার দ্বারা ঋতু নির্ণয় করিবে প্রশ্নলগ্নে শনি থাকিলে শিশির ঋতুতে, শুক্র থাকিলে বসন্ত ঋতুতে, মঙ্গল থাকিলে গ্রীষ্ম ঋতুতে, চন্দ্র থাকিলে বর্ষাঋতুতে, বুধ থাকিলে শরৎ ঋতুতে, বৃহস্পতি থাকিলে হেমন্ত ঋতুতে প্রশ্ন কর্ত্তার জন্ম হইয়াছে নিশ্চয় করিতে হইবে। প্রশ্ন লগ্নে দুই বা ততোধিক গ্রহ থাকিলে যে গ্রহ অধিক বলবান তাহারই ঋতুতে জন্ম হইয়াছে বোধ করিবে।

যদি অয়ন ও ঋতু পরস্পর বিরুদ্ধ হয় অর্থাৎ প্রথমহোরাতে প্রশ্ন হওয়াতে উত্তরায়ন কিন্তু প্রশ্নলগ্নে বুধ থাকায় শরৎ ঋতু বোধ হয়, এই রূপ স্থলে পরিবর্ত্তন করিয়া লইতে হইবে; পরিবর্ত্তন প্রণালী এই; চন্দ্র বুধ ও বৃহস্পতিস্থলে ক্রমশ শুক্র, মঙ্গল ও শনি গ্রহণ করিবে। অর্থাৎ বর্ষা ঋতুতে বসন্ত, শরৎ ঋতুতে গ্রীষ্ম, হেমন্তে শিশির, বসন্তে বর্ষা, গ্রীষ্মে শরৎ, শিশিরে হেমন্ত এই রূপ পরিবর্ত্তন করিয়া লইয়া যাহাতে অয়ন ও ঋতুর বিরোধ না হয় এই রূপ করিয়া লইবে।

এই রূপ ঋতু নির্ণয় করিয়া মাস নির্ণয় করিবে; যদি লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রশ্ন হয় তবে ঋতুর প্রথম মাসে আর যদি দ্বিতীয় দ্রেক্কাণে প্রশ্ন হয় তবে ঋতুর দ্বিতীয়ভাগে মাসে প্রশ্নকর্ত্তার জন্ম নিশ্চয় করিবে। আর তৃতীয় দ্রেককালেপ্রশ্ন হইলে প্রথমভাগে প্রথমমাস ও দ্বিতীয়দ্বিতীয়মাস জানিবে। পরন্তু মাস গণনায় সর্ব্বত্র সৌর মাস গ্রহণ করিতে হইবে।

প্রত্যেকলগ্নে ১৮০০ আঠারশত কলা আছে, তাহার এক দ্রেক্কাণে ৬০০ ছয় শত কলা হয়। এইক্ষণ দেখিতে হইবে লগ্নের কোন দ্রেক্কাণে প্রশ্ন হইয়াছে এবং প্রশ্ন সময়ে দ্রেক্কাণের কত কলা গত হইয়াছে যদি প্রথম ৩০০ তিন শত কলার মধ্যে প্রশ্ন হইয়া থাকে তবে ঋতুর প্রথমমাসে আর যদি তিনশত কলার পরে ছয়শত কলার মধ্যে প্রশ্ন হয় তবে ঋতুর দ্বিতীয় মাসে জন্ম নিশ্চয় করিবে। উক্ত তিন শত কলার দশ দশ কলাদ্বারা এক এক তিথি নির্ণয় করিবে প্রথম দশ কলার মধ্যে প্রশ্ন হইলে প্রতিপদ্ তৎপর দশ কলার মধ্যে প্রশ্ন হইলে দ্বিতীয়া প্রশ্ন কর্ত্তার জন্মতিথি হইবে ইত্যাদি রূপে জন্ম তিথি নির্ণীত হইয়া থাকে। তিথি নির্ণয় কালে সৌর মাসের তিথি গ্রহণ করিবে। ৩।

অত্রাপিহোরাপটবো দ্বিজেন্দ্রাঃ সূর্য্যাংশতুল্যাং তিথিমুদ্দিশন্তি। রাত্রিদ্যুসংজ্ঞেষু বিলোম জন্ম ভাগৈশ্চ যোগঃ ক্রমশো বিকল্প্যাঃ॥ ৪॥

মতান্তরে তিথি আনয়ন কহিতেছেন। প্রশ্নকালে রবিস্ফুটের যত অংশ গত হইয়াছে, পূর্ব্বনিরূপিতমাসের শুক্ল প্রতিপদ অবধি ততসংখ্যক তিথি গত হইয়াছে। চান্দ্রমানে মকর মাস প্রাপ্ত হইলে মাঘমাসের তিথি জানিবে। এই রূপে দ্বাদশমাসের তিথি নিরূপিত হইবে। এই বিষয়ে মনিত্থ বচন যথা “পৃচ্ছাকালে রবিণা যাবন্তোঽংশাঃ স্ফুটেন সংভুক্তাঃ। রাশৌতাস্তিথয়ঃ স্যুঃ শুক্লাদাবর্কমাসস্থ”। প্রশ্নকালে যে লগ্ন হইবে

সেই লগ্ন যদি পূর্ব্বোক্ত বচনানুসারে দিবা সংজ্ঞক হয় তবে রাত্রিতে এবং রাত্রি সংজ্ঞক লগ্নে প্রশ্ন হইলে দিবাতে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে নিশ্চয় করিবে। প্রশ্নকালে লগ্নের যত সংখ্যক অংশ গতহইয়া থাকে দিবা ও রাত্রির তত দণ্ড সময়ে প্রশ্ন কর্ত্তার জন্ম জানিবে। ৪।

কেচিচ্ছশাঙ্কাধ্যুষিতান্নবাচ্ছুক্লান্তসংজ্ঞং কথয়ন্তি মাসং।
লগ্নত্রিকোণোত্তমবীর্য্যযুক্তং সংপ্রোচ্যতে গালভনাদিভির্ব্বা ॥ ৫॥

প্রকারান্তরে মাস আনয়ন কহিতেছেন। কৃত্তিকা রোহিণী নক্ষত্রে কার্ত্তিক মাস, মৃগশিরা ও আর্দ্রাতে অগ্রহায়ণ মাস, পুনর্ব্বসু ও পুষ্যাতে পৌষমাস, অশ্লেষা ও মঘাতে মাঘমাস, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী ও হস্তাতে ফাল্গুণমাস, চিত্রা ও স্বাতীতে চৈত্রমাস, বিশাখা ও অনুরাধাতে বৈশাখ মাস, জ্যেষ্ঠা ও মূলাতে জ্যৈষ্ঠমাস, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়াতে আষাঢ় মাস, শ্রবণা ধনিষ্ঠাতে শ্রাবণ মাস, শতভিষা, পূর্ব্বভাদ্র ও উত্তরভাদ্রে, ভাদ্রমাস, রেবতী ও অশ্বিনীতে আশ্বিন মাস জানিবে। ইহার বিশেষ যথা মেষের নবমনবাংশ অবধি বৃষের সপ্তমনবাংশ পর্য্যন্ত যেকোন রাশির নবাংশে উক্ত নবাংশস্থিত চন্দ্র হইলে কার্ত্তিক মাস জানিবে। বৃষের অষ্টম নবাংশ হইতে মিথুনের ষষ্ঠ নবাংশ পর্য্যন্ত অগ্রহায়ণ, মিথুনের সপ্তম নবাংশ অবধি কর্কটের পঞ্চম নবাংশ পর্য্যন্ত পৌষ মাস কর্কটের ষষ্ঠ নবাংশ অবধি সিংহের চতুর্থ নবাংশ পর্য্যন্ত মাঘ মাস; সিংহের পঞ্চম নবাংশ অবধি কন্যার সপ্তম নবাংশ পর্য্যন্ত ফাল্গুণ মাস, কন্যার অষ্টম নবাংশ অবধি তুলার ষষ্ঠ নবাংশ পর্য্যন্ত চৈত্রমাস, তুলার সপ্তম নবাংশ অবধি বৃশ্চিকের পঞ্চম নবাংশ পর্য্যন্ত বৈশখামাস, বৃশ্চিকের ষষ্ঠ নবাংশ অবধি ধনুর চতুর্থ নবাংশ পর্য্যন্ত জ্যৈষ্ঠমাস, ধনুর পঞ্চম নবাংশ হইতে মকরের তৃতীয় নবাংশ পর্য্যন্ত আষাঢ়মাস, মকরের চতুর্থ নবাংশ হইতে কুম্ভের দ্বিতীয় নবাংশ পর্য্যন্ত শ্রাবণমাস, কুম্ভের তৃতীয় নবাংশ হইতে মীনের পঞ্চম নবাংশ পর্য্যন্ত ভাদ্রমাস, মীনের ষষ্ঠ নবাংশ হইতে মেষের অষ্টম নবাংশ পর্য্যন্ত আশ্বিনমাস। এইরূপে প্রশ্নকালের নবাংশ অনুসারে প্রশ্নকর্ত্তার জন্মমাস বলিয়াদিবে। এই গণনায় শুক্ল প্রতিপদ হইতে মাস গ্রহণ করিতে হইবে। এই বিষয়ে যবনেশ্বরের বচন যথা—"মাসেতু শুক্ল প্রতিপৎ প্রবৃত্তে পূর্ব্বে শশী মধ্যবলো দশাহে। অন্যচ্চ যদ্রাশি সংজ্ঞে শীতাংশুঃ প্রশ্নকালে নবাংশকে। স্থিতস্তদ্রাশিগঃ পূর্ণো যস্মিন্ ভবতি চন্দ্রমাঃ। জন্মমাসঃ সবিজ্ঞেয়ঃ পুরুষস্যতু পূর্ব্বতঃ। কৃষ্ণপক্ষান্তিকো মাসোজ্ঞেয়োঽত্রতু বিপশ্চিতা।

প্রশ্নকালে চন্দ্র যে রাশির যত সংখ্যক নবাংশে থাকিয়া নবাংশচক্রে যে রাশিতে অবস্থিত হইবেন তত-সংখ্যক নবাংশ সেই রাশির যে নক্ষত্রের যে পাদ সম্ভব হইবে সেই নক্ষত্রে শুক্লসংবৎসরাধীন যে মাস প্রাপ্ত হইবে প্রশ্ন কর্ত্তার জন্ম সেই মাসে হইবে।

যথা প্রশ্নকালে মেষের পঞ্চম নবাংশ প্রাপ্ত হইলে নবাংশ চক্রে সিংহেতে চন্দ্রের স্থিতিজ্ঞান হইবে। ও সিংহের পঞ্চম পাদে পূর্ব্বফল্গুনীর প্রথম পাদ হইবে। ইহাতে পূর্ব্বফল্গুনী নক্ষত্রে ফাল্গুণ মাস হওয়াতে প্রশ্ন কর্ত্তার জন্মমাস ফাল্গুণ হইল।

অনন্তর রাশির আনয়ন কহিতেছেন্। প্রশ্নলগ্ন, তৎপঞ্চম ও তন্নবম এই তিন রাশির মধ্যে যে রাশি অধিক বলবান্ হইবে, সেই রাশি প্রশ্নকর্ত্তার জন্মরাশি হইবে।

প্রকারান্তরে রাশিজ্ঞান। প্রশ্নকালে প্রশ্নকর্ত্তা যে অঙ্গ স্পর্শ করিয়া অবস্থিত থাকিবে, তদনুসারে কাল পুরুষের অঙ্গ বিভাগে যে রাশি প্রাপ্ত হইবে, প্রশ্নকর্ত্তার জন্মকালে চন্দ্র সেই রাশিতে ছিলেন জানিতে হইবে।

আর প্রশ্নকালে যে কোন প্রাণী বা বস্তু দৃষ্ট হইবে, কিম্বা যাহার শব্দ শ্রুত হইবে, সেই সকল প্রাণী বা বস্তু ও শব্দাদি দ্বারাও রাশিনির্ণয় হইয়া থাকে। ছাগাদি দর্শনে বা ছাগাদির শব্দ শ্রবণে মেষ রাশি এবং গো মহিষাদি দর্শনে বা তাহার শব্দ শ্রবণে বৃষরাশি নিশ্চয় করিবে এইরূপ অন্যান্য দ্রব্য ও প্রাণীর দর্শনাদিতেও যথা সম্ভব অন্যান্য রাশিস্থির করিয়া লইবে ॥ ৫ ॥

নাবান্ গতঃ শীতকরো বিলগ্নাচ্চন্দ্রাশ্বদেত্তাবতি জন্মরাশিঃ।
মীনোদয়ে মীনযুগং প্রদিষ্টং ভক্ষ্যাদ্ শাকার রুতৈশ্চ চিন্ত্যং ॥৬॥

অন্য প্রকারে রাশিজ্ঞান বলিতেছেন। প্রশ্ন সময়ের লগ্ন হইতে যত সংখ্যক রাশিতে তৎকালে চন্দ্র অবস্থিত থাকিবে, সেই চন্দ্রগত রাশি হইতে গণনায় তত সংখ্যক রাশি প্রশ্নকর্ত্তার জন্মরাশি হইবে। যদি প্রশ্নলগ্ন মীন হয়, তবে মীন রাশিই প্রশ্নকর্ত্তার জন্মরাশি বলিয়া দিবে। উক্ত দুই তিন প্রকার গণনায় যে রাশি স্থিরীকৃত হইবে, তাহাই জন্মরাশি জানিবে, যদি দুই তিন মতে গণনায় কোন এক রাশি না হইয়া পৃথক পৃথক বচন গণনায় পৃথক পৃথক রাশি হয়, তবে সেই স্থানে দৈবজ্ঞ তৎস্থানে আনীত দ্রব্যাদি যে প্রাণীর ভক্ষ্য বোধ করিবেন, সেই প্রাণী অনুসারে রাশিনির্ণয় করিবে, কিম্বা যে প্রাণী দৃষ্ট হইবে, বা যে প্রাণীর শব্দ তৎকালে শ্রুত হইবে, সেই প্রাণী অনুসারেও জন্ম রাশি নির্ণীত হইয়া থাকে। এবং কখন কখন প্রশ্নকর্ত্তার আকৃতি দ্বারা সূক্ষ্ম বিবেচনা করিয়া জন্মরাশি নির্ণীত হয়। এই স্থলে মার্জ্জরাদি পশু দৃষ্টে বা শ্রবণে সিংহরাশি ও মহিষাদি পশু দৃষ্টে বা শ্রবণে বৃষরাশি জানিবে ॥ ৬ ॥

হোরানবাংশ প্রতিমং বিলগ্নং লগ্নাদ্রবির্যাবতি চ দৃকাণে।
তস্মাদ্বদেত্তাবতি বা বিলগ্নং প্রষ্টুঃ প্রসূতাবিতি শাস্ত্রমাহ ॥ ৭ ॥

অনন্তর লগ্ন আনয়ন কহিতেছেন্ প্রশ্নকালে যে নবাংশ বর্ত্তমান থাকিবে, সেই রাশি প্রশ্নকর্ত্তার জন্মলগ্ন হইবে। অথবা যে দ্রেক্কাণে প্রশ্ন হইবে সেই দ্রেক্কাণ হইতে যত সংখ্যক দ্রেক্কাণে সূর্য্য অবস্থিতি করিবেন, প্রশ্নলগ্ন হইতে তত সংখ্যক রাশি জন্মলগ্ন হইবে। দ্রেক্কাণের সংখ্যা দ্বাদশের অধিক হইলে, তাহা হইতে যত বার দ্বাদশ বিয়োগ হইতে পারে, ততবার দ্বাদশ বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে প্রশ্নলগ্ন হইতে, তত সংখ্যা রাশি জন্ম লগ্নস্থির করিবে। ইহাই যবনাচার্য্য প্রভৃতি শাস্ত্রকার দিগের মত ॥ ৭ ॥

জন্মাদিশেৎপ্রশ্নেগে বীর্য্যগেবা ছায়াঙ্গুলঘ্নোহর্কহৃতেহবশিষ্টং।
আসীন সুপ্তোত্থিত তিষ্ঠতাভং জায়াস্থথাজ্ঞোদয়গং প্রদিষ্টং ॥৮॥

প্রকারান্তরে লগ্ন নিরূপণ। প্রশ্ন লগ্নে যে গ্রহ থাকিবে সেই গ্রহের স্ফুট রাশ্যাদিকে অংশ করিয়া তাহার অংশের সহিত যোগ করিবে, এই যুক্তাঙ্ককে তৎকালে দ্বাদশাঙ্গুল পরিমিত শঙ্কুর ছায়ার অঙ্গুলি সংখ্যা দ্বারা পূরণ করিয়া যাহা হইবে তাহাকে দ্বাদশ দ্বারা ভাগ করিলে যত সংখ্যা অবশিষ্ট থাকিবে মেষ হইতে তত সংখ্যক রাশি প্রশ্ন কর্ত্তার জন্ম লগ্ন হইবে। লগ্নে দুই তিন বা ততোধিক গ্রহ থাকিলে যে গ্রহ সর্ব্বাপেক্ষা বলবান তাহাকে লইয়া কার্য্য করিতে হইবে।

মতান্তরে জন্ম লগ্ন নির্ণয় বলিতেছেন। প্রশ্নকর্ত্তা উপবেশন করিয়া প্রশ্ন করিলে প্রশ্নলগ্নের সপ্তমে যে রাশি তাহাই জন্ম লগ্ন হইবে। এবং প্রশ্ন কর্ত্তা পতিত থাকিলে প্রশ্ন লগ্নের চতুর্থে, দণ্ডায়মান থাকিলে প্রশ্ন লগ্নের দশমে যেরাশি তাহাই জন্ম লগ্ন হইবে, এবং নিদ্রা হইতে উত্থিত হইয়া প্রশ্ন করিলে যে লগ্নে প্রশ্ন হইবে তাহাই প্রশ্ন কর্ত্তার জন্ম লগ্ন হইবে। ৮।

গোসিংহৌ জিতুমাষ্টমৌ ক্রিয়তুলে কন্যা মৃগৌচক্রমাৎ
সংবর্গ্যাদশকাষ্ট সপ্তবিষয়ৈঃ শেষাঃ স্ব সংখ্যা গুণাঃ। জীবারাস্ফু-
জিদৈন্দবাঃ প্রথবচ্ছেষাঃ গ্রহাঃ সৌম্যবদ্রাশীনাং নিয়তো বিধি-
গ্র্হযুতৈঃ কার্য্যা চ তদ্বর্গণাঃ ॥ ৯ ॥

প্রকারান্তরে নক্ষত্রাদি আনয়ন কহিতেছেন। প্রশ্ন সময়ে লগ্ন স্ফুটের রাশ্যাদিকে কলা করিয়া কলার সহিত যোগ করিবে এই যুক্তাঙ্ককে নিম্ন লিখিত স্বীয় রাশিগুণক দ্বারা গুণ করিয়া এক স্থানে রাখিবে। প্রশ্ন লগ্নে গ্রহ থাকিলে রাশি গুণক দ্বারা গুণ না করিয়া গ্রহ গুণক দ্বারা গুণ করিতে হইবে। রাশি গুণক যথা—মেষের ৭ সাত, বৃষের ১০ দশ, মিথুনের ৮ আট, কর্কটের ৪ চারি, সিংহের ১০ দশ, কন্যার ৫ পাঁচ, তুলার ৭ সাত, বৃশ্চিকের ৮ আট, ধনুর ৯ নয়, মকরের ৫ পাঁচ, কুম্ভের ১১ এগার, মীনের ১২ বার। গ্রহগুণক যথা—রবি, চন্দ্র, বুধ, ও শনির ৫ পাঁচ, মঙ্গলের ৮ আট, বৃহস্পতির ১০ দশ, শুক্রের ৭ সাত। যদি লগ্নে দুই বা ততোধিক গ্রহ থাকে তাহা হইলে যে যে গ্রহ লগ্নে থাকিবে তাহাদের গুণকাঙ্ক

সকল যোগ্য করিয়া যোগফল যাহা হইবে তাহাদ্বারা গুণ করিবে ॥ ৯॥

সপ্তাহতং ত্রিঘনভাজিত শেষ মৃক্ষং দত্বাথবা নববিশোধ্য নবাথবাস্যাৎ। এবং কলত্র সহজাত্মজ শত্রুভেভ্যঃ প্রষ্টুর্ব্বদেদুভয়-রাশি বশেন তেষাং ॥ ১০ ॥

পূর্ব্বস্থাপিত অঙ্ককে ৭ দিয়া গুণ করিয়া যাহা গুণফল হইবে তাহার সহিত চররাশি হইলে ৯ নয় যোগ করিবে, দ্ব্যাত্মক রাশি হইলে তাহা হইতে ৯ নয় বিয়োগ করিবে। স্থির রাশি হইলে যোগ বা বিয়োগ কিছুই না করিয়া প্রকৃত অঙ্কই গ্রহণ করিবে। ইহা অন্যান্য গ্রন্থকার দিগের মত। বৃহজ্জাতকের টীকাকার ভট্টোৎপলের মতে লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রশ্ন হইলে ৯ নয় যোগ, দ্বিতীয় দ্রেক্কাণে ৯ নয় বিয়োগ, তৃতীয় দ্রেক্কাণে যোগ বিয়োগ কিছুই করিতে হইবে না। এই রূপ পরিগৃহীত অঙ্ককে ২৭ সাতাইশ দিয়া ভাগ করিয়া যাহা অবশিষ্ট প্রাপ্ত হইবে তাহা দ্বারা অশ্বিন্যাদি নক্ষত্র নির্ণয় করিবে। এক অবশিষ্ট থাকিলে অশ্বিনী, দুই অবশিষ্ট থাকিলে ভরণী ইত্যাদি। এই রূপে যে নক্ষত্র প্রাপ্ত হইবে তাহাই প্রশ্নকর্ত্তার জন্ম নক্ষত্র নিশ্চয় করিবে।

প্রশ্ন কর্ত্তা যদি স্বীয় নষ্টজাতকের প্রশ্ন না করিয়া পত্নী, ভ্রাতা, পুত্র বা শত্রুর জন্মকাল নিরূপণের ইচ্ছুক হইয়া প্রশ্ন করে তাহা হইলে যথাক্রমে প্রশ্ন লগ্নের সপ্তম, তৃতীয়, পঞ্চম ও ষষ্ঠ রাশি গ্রহণ করিয়া নক্ষত্র নির্ণয় করিবে। অর্থাৎ পত্নীর নষ্টজাতকের প্রশ্ন হইলে প্রশ্ন লগ্নের সপ্তম রাশি, ভ্রাতার নষ্ট জাতক প্রশ্নে তৃতীয় রাশি, পুত্রের নষ্ট জাতক প্রশ্নে পঞ্চম রাশি, শত্রুর নষ্ট জাতকের প্রশ্ন হইলে প্রশ্নলগ্নের ষষ্ঠ রাশি ও তত্তৎস্থান স্থিত গ্রহ লইয়া পূর্ব্ববৎ কার্য্য করিবে। ১০।

বর্ষর্ত্তুমানতিথয়োহ্যনিশং হ্যডূনি,
বেলোদয়র্ক্ষনবভাগ বিকল্পনাঃ স্যুঃ।
ভূয়োদশাদি গুনিতাঃ স্ববিকল্পভক্তা
দ্বর্ষাদয়ো নবকদানবিশোধনাভ্যাং ॥ ১১॥
বিক্তেয়া দশকেষ্বব্দা ঋতু মাসাস্তথৈব চ।
অষ্টকেষ্বপি মাসার্দ্ধা স্তিথয়শ্চ তথাস্মৃতাঃ॥ ১২ ॥

দিবারাত্রি প্রসূতিঞ্চ নক্ষত্রানয়নং তথা।
সপ্তকেষ্বপি বর্গেষু নিত্যমেবো পলক্ষয়েৎ ॥ ১৩ ॥
বেলামথ বিলগ্নঞ্চ হোরা মংশকমেবচ।
পঞ্চকেষু বিজানীয়াৎ নষ্টজাতক সিদ্ধয়ে ॥ ১৪ ॥

মতান্তরে বয়সাদি আনয়ন কহিতেছেন। প্রশ্নসময়ে লগ্নস্ফুটের রাশ্যাদিকে কলা করিয়া তাহাকে রাশিগুণক কিম্বা গ্রহ গুণকদ্বারা গুণ করিলে যে অঙ্ক হইবে তাহা চারি স্থানে রাখিয়া ক্রমশঃ ১০, ৮, ৭ ও ৫ দ্বারা গুণ করিবে। পরে পূর্ব্ববৎ দ্রেক্কাণানুসারে ৯ নয় যোগ বা বিয়োগ করিলে যে চারিটী অঙ্ক হইবে তাহাদিগকে চারি স্থানে রাখিবে। এইরূপে চারি স্থানে স্থাপিত চারি অঙ্কের মধ্যে প্রথম অর্থাৎ ১০ দশদ্বারা গুণিত অঙ্ককে তিন স্থানে রাখিবে। এই তিন স্থানে স্থাপিত অঙ্কের প্রথম অঙ্ককে ১২০ একশত কুড়ি দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহাই প্রশ্নকর্ত্তার বয়স জানিবে। দ্বিতীয় অঙ্ককে ৬ ছয় দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট অঙ্কদ্বারা শিশিরাদি ঋতু নির্ণয় করিবে। যথা ১ থাকিলে শিশির, ২ থাকিলে বসন্ত ইত্যাদি। তৃতীয় অঙ্ককে ২ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট অঙ্ক ১ হইলে ঋতুর প্রথম মাস ও শূন্য হইলে ঋতুর দ্বিতীয় মাসে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে নিশ্চয় করিবে।

পরে পূর্ব্বে চারিস্থানে স্থাপিত অঙ্কের দ্বিতীয় অঙ্ককে ২ দুই স্থানে রাখিবে প্রথম অঙ্ককে ২ দুই দিয়া ভাগ করিয়া অবশিষ্ট অঙ্ক ১ এক হইলে শুক্ল পক্ষে ও দুই হইলে কৃষ্ণপক্ষে জন্ম জানিবে। দ্বিতীয় অঙ্ককে ১৫ দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট অঙ্ক দ্বারা তিথি নির্ণয় করিবে যথা ১ এক অবশিষ্ট থাকিলে প্রাপ্ত পক্ষের প্রতিপদ দুই থাকিলে দ্বিতীয়া ইত্যাদি।

অনন্তর চারিস্থানে স্থাপিত অঙ্ককে ২ স্থানে রাখিয়া প্রথম অঙ্ককে ২ দ্বারা ভাগ করিলে যদি অবশিষ্ট ১ থাকে তাহা হইলে দিনে এবং ০ শূন্য থাকিলে রাত্রিতে জন্ম নিশ্চয় করিবে। দ্বিতীয় অঙ্ককে ২৭ দিয়া ভাগ করিয়া অবশিষ্ট অঙ্ক দ্বারা নক্ষত্র জানা যাইবে যথা ১ থাকিলে

অশ্বিনী ২ দুই থাকিলে ভরণী প্রশ্নকর্ত্তার জন্ম নক্ষত্র জানিবে।

পরে চারিস্থানে স্থাপিত অঙ্কের চতুর্থ অঙ্ককে প্রাপ্ত-দিবসের দিবাতে জন্ম হইলে দিনমান দ্বারা রাত্রিতে জন্ম হইলে রাত্রিমান দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট যত থাকিবে তত দণ্ড দিবা কিম্বা রাত্রিতে প্রশ্ন কর্ত্তার জন্ম হইয়াছে নিশ্চয় করিবে। জন্মদণ্ড স্থির হইলে লগ্ন ও ক্ষেত্রহো-রাদি ষড়্বর্গ নির্ণয় করিয়া শুভাশুভ গণনা করিবে। ১১। ১২। ১৩। ১৪।

সংস্কার নাম মাত্রা দ্বিগুণাশ্ছায়াঙ্গুলৈঃ সমাযুক্তা।
শেষং ত্রিনবকভক্তা নক্ষত্রং তদ্ধনিষ্ঠাদি ॥ ১৫ ॥

মতান্তরে নক্ষত্রানয়ন। প্রশ্ন কর্ত্তার সংস্কৃত নামে যত (১) অর্থাৎ নাম করণ কালে পিত্রাদিকৃত নামে যত মাত্রা থাকিবে তাহাকে দ্বিগুণ করিয়া গুণফলে প্রশ্ন সময়ে দ্বাদশাঙ্গুল পরিমিত শঙ্কুর ছায়া যোগ করিলে যত অঙ্ক হইবে তাহাকে ২৭ সাতাইশ দিয়া ভাগ করিয়া অবশিষ্ট অঙ্কদ্বারা ধনিষ্ঠাদি নক্ষত্র স্থির করিবে যথা— এক থাকিলে ধনিষ্ঠা, ২ থাকিলে শতভিষা, তিন থাকিলে পূর্ব্বভাদ্র ইত্যাদি। ১৫।

দ্বিত্রিচতুর্দ্দশ তিথি সপ্তত্রিগুণা নবাষ্ট চৈশ্রাদ্যাঃ।
পঞ্চদশঘ্না স্তদ্দিগ্মুখাম্বিতাভং ধনিষ্ঠাদি ॥ ১৬ ॥

প্রশ্নকর্ত্তা পূর্ব্বমুখ হইয়া প্রশ্ন করিলে ২ দুই, অগ্নি-কোণে ৩ তিন, দক্ষিণে ১৪ চৌদ্দ, নৈঋতকোণে ১০ দশ, পশ্চিমে ১৫ পনের, বায়ুকোণে ২১ একুশ, উত্তরদিকে ৯ নয়, ঈশানকোণে ৮ আট, ধ্রুবাঙ্ক গ্রহণ করিয়া তাহাকে ১৫ দ্বারা গুণ করিবে। এবং তৎকালে সেই স্থলে সেই মুখে যত পুরুষ থাকিবে তত সংখ্যা যোগ করিয়া ২৭ সাতাইশ দিয়া ভাগ করিয়া অবশিষ্ট অঙ্কদ্বারা ধনিষ্ঠাদি নক্ষত্র নির্ণয় করিবে। ১ এক থাকিলে ধনিষ্ঠা ২ দুই থাকিলে শতভিষা ইত্যাদি। ১৬।

ইতি নষ্টজাতকমিদং বহু প্রকারং ময়াবিনির্দ্দিষ্টং।
আগমতঃ সচ্ছিষ্যৈঃ পরীক্ষ্যযত্নাদ্ যথা ভবতি ॥ ১৭ ॥

ইতি বৃহজ্জাতকে অবন্তিকাচার্য্য মহামহোপাধ্যায় বরাহ মিহির কৃতে নষ্ট জাতকাধ্যায়ঃ সমাপ্তঃ ॥

নষ্ট জাতক উদ্ধারের বর্ষ মাসাদি আনয়ন নানামতে লিখিত হইল শিষ্যগণ যত্ন সহকারে সুবিচার পূর্ব্বক পরীক্ষা করিয়া যাহা উত্তম বোধ হয় অর্থাৎ যাহাতে দুই তিন মতের ঐক্য হয় এই রূপ করিয়া এই গণনা করিবে। ১৭।

---

## প্রকারান্তরে।

ক ১ খ ২ গ ৩ ঘ ৪ ঙ ৫। চ ৬ ছ ৭ জ ৮ ঝ ৯ ঞ ১০॥ ট ১ ঠ ২ ড ৩ ঢ ৪ ণ ৫। ত ৬ থ ৭ দ ৮ ধ ৯ ন ১০॥ প ১ ফ ২ ব ৩ ভ ৪ ম ৫। য ১ র ২ ল ৩ ব ৪ শ ৫ ষ ৬ স ৭ হ ৮ ক্ষ ৯॥ অ ১ আ ২ এ ৩ ই ৪ ও ৫ উ ৬ ঈ ১১ ঐ ১২ ঊ ১৩ ঔ ১৪ অং ১৫ অঃ ১৬। ঋ ৭ ৠ ৮, ৯, ৯ ॥ ১০ ॥ ইতিসূত্রং।

অক্ষরপিণ্ডং একীকৃত্য চতুর্ভিঃ পূরয়িত্বা তত্র কলনাম্নঃ অন্তস্বরং পিণ্ডাঙ্কেন সহ একীকৃত্য তদঙ্কং অষ্টধা অর্পয়েৎ ॥ পুনঃ প্রথমাঙ্কং (৩২) অনেন পূরয়েৎ দ্বিতীয়াঙ্কং (৮) তৃতীয়াঙ্কং (১০) চতুর্থাঙ্কং (১২) পঞ্চমাঙ্কং (১৮) ষষ্ঠাঙ্কং (৭) সপ্তমাঙ্কং (২০) অষ্টমাঙ্কং (২১) এভি-রষ্টাঙ্কং প্রত্যেকেন পূরয়েৎ। স্পষ্টং যথা—প্রথমাঙ্কং পূর্ব্বোক্ত দ্বাত্রিংশতাঙ্কেন পূরয়িত্বা যদঙ্কং ভবতি তদঙ্ক মষ্টোত্তর শতেন (১০৮) হারয়েৎ। অবশিষ্টাঙ্কং গচ্ছ-পিষষ্ট্যা ন্যূনংভবেৎ তদা (৮) অষ্টাঙ্কং মিশ্রয়েৎ যদব-শিষ্টং তদেবজন্মভং ॥ তদনুদ্বিতীয়াঙ্কং (৮) অষ্টাভিঃ পূরয়িত্বা যদঙ্কং ভবতি তস্মিন্ নেত্রশতং (১০৩) অর্পয়েৎ। তদঙ্কং ১৫ পঞ্চদশেন হারয়েৎ। যদবশিষ্টং তত্রবসুং মিশ্রয়েৎ। যদঙ্কং ভবিষ্যতি তদঙ্কং দ্বাদশেন হৃত্বা যদবশিষ্টং তদেব জন্মমাসঃ কার্ত্তিকাদি গণনীয়ঃ। তদনুতৃতীয়াঙ্কং দিগ্ভিঃ (১০) পূরয়িত্বা যদভবিষ্যতি তদঙ্কং নেত্র সমুদ্রেণ (৭৩) পূরয়েৎ। যদঙ্কং ভবিষ্যতি তদঙ্কং দ্বাভ্যাং হারয়েৎ তত্র যদবশিষ্টং তস্মাদেব পক্ষজ্ঞানং। চতুর্থাঙ্কং দ্বাদশেন (১২) পূরয়িত্বা যদঙ্কং ভবিষ্যতি তদঙ্কে (৫৮) অষ্ট-পঞ্চাশ দর্পয়েৎ। তদাযদ্ভবিষ্যতি তদঙ্কং পঞ্চদশেন (১৫)

---

(১) সংস্কৃত নাম না থাকিলে প্রকাশ্য নামের মাত্রা লইবে।

হারয়েৎ। তদা যদবশিষ্টং তদেব তিথিঃ॥ তদনু পঞ্চাঙ্কং অষ্টাদশেন পূরয়িত্বা তত্র দ্বাত্রিংশমর্পয়েৎ। তদা যদঙ্কং ভবিষ্যতি তত্র ৪০৩ এতদঙ্কমর্পয়েৎ। পুনস্তদঙ্কং সমুদ্রেণ হারয়েৎ। যদবশিষ্টং তদেব বারঃ। ষষ্ঠাঙ্কং সমুদ্রেণ পূরয়িত্বা তত্র অষ্টাবিংশতিং ২৮ অঙ্কমর্পয়েৎ তদঙ্কং দ্বাদশেন হারয়েৎ যদবশিষ্টং তদেব লগ্নম্॥ সপ্তমাঙ্কং বিংশতিং পূরয়িত্বা ২০ তত্রাঙ্কং ৪০৩। অস্যাঙ্কং অর্পয়েৎ। তত্র সপ্তবিংশতিং ২৭ হারয়েৎ। তদা যদবশিষ্টং তদেব গুরুঃ। তদনু অষ্টমাঙ্কং ৮। একবিংশতিভিঃ ২১ পূরয়িত্বা তদাঙ্কং ৯৩ তদঙ্কং অর্পয়েৎ। তদা যদ্ভবিষ্যতি তত্রাঙ্কং পুনঃ ৭ সপ্তমমর্পয়েৎ। দ্বাদশেন হারয়েৎ। তদা যদবশিষ্টং তদেব রাশিজ্ঞানম্॥

## অথ শকজ্ঞানার্থমাহ।

প্রশ্নলগ্নাদ্ দ্বাদশাংশে জীবং সংস্থাপয়েৎ ততঃ।
তাবদ্বয়োঽনুমানেন শকং ত্রয়াত্রবিং নয়েৎ॥
প্রশ্নাক্ষরং পূরণীয়ং লগ্নাধিপস্য সংখ্যয়া।
ষোড়শেন হৃতে যুক্তে বদেচ্ছাকং বয়ঃক্রমাৎ।
যন্নাম পঞ্চগুণিতং কৃত্বা স্বনাম্না চ হরেৎ॥
তদা শকাব্দমায়াতি॥

নামাক্ষরং পঞ্চগুণং বিধায়
বর্ণাঙ্কং মিশ্রং গুণাদিথণ্ডং।
স্বনামসংখ্যাহৃত এব শেষে
বয়োঽনুমানেন শকাব্দকঃ স্যাৎ॥

অত্র বর্ণনাম গৌরং ৬১৭, রক্তগৌরং ৬৮২। শ্যামং ৬৩২। রক্তশ্যামং ৫৯৩। কৃষ্ণং ৫৭৫। অতিকৃষ্ণং ৬৬০॥

## প্রকারান্তরে শকজ্ঞানং।

স্বনামাক্ষরসংযুক্তং গ্রামনামাক্ষরস্তথা।
একীকৃত্য চ সর্বাণি ফলনামাক্ষরং ক্ষিপেৎ।
যত্র লগ্নে চ প্রশ্নঃ স্যাৎ তৎসংখ্যকফলং বদেৎ॥
মেষলগ্নে ককারাদি বৃষে মাদ্য উদাহৃতঃ।
মিথুনে কর্কটে চৈব জকারাদ্যা উদাহৃতাঃ॥
সিংহে চ নাস্ত ইত্যুক্তঃ কন্যায়াং বাস্ত উচ্যতে।
তুলায়াং পাস্তনামানি বৃশ্চিকে গাস্ত ঈষ্যতে।
কার্ম্মুকে ধাস্তনামানি মকরে বাস্ত উচ্যতে॥
কুম্ভে চৈব তকারাদি মীনে চ শাস্ত ঈষ্যতে॥

## অথ রাশিজ্ঞানম্।

প্রশ্নলগ্নং সমালোচ্য মেষাদি ক্রমতো যথা।
দ্রেক্কাণভাগং জ্ঞাত্বা তু রাশ্যাদীনাং যথা ক্রমাৎ।
তেনৈব সার্দ্ধং সংযোজ্য তত্র রাশিং প্রকাশয়েৎ।
মেষাদৌ ক্রমতো দেয়া একদ্বিত্রি ক্রমেণ তু।
সিংহরাশৌ সপ্ত দদ্যাৎ ধনুষি পঞ্চ চ ক্রমাৎ।
রবিণা হৃয়তে তানি শেষে রাশিং প্রকল্পয়েৎ।
মেষাদৌ গণয়েদ্ধীমান্ সূর্য্যসিদ্ধান্তসম্মতং॥

## প্রকারান্তরম্।

প্রশ্নলগ্নং দ্বিধা কৃত্বা ফলনামানি যোজয়েৎ।
সপ্তভির্গুণিতে বাপি আদ্যভাগে যথা ক্রমাৎ॥
শেষভাগে তু পঞ্চৈব গুণানাং কৃতসম্ভবং।
হৃতে দ্বাদশভিশ্চৈব শেষে রাশিং প্রজায়তে॥
লগ্নাঙ্কং যল্লব্ধং তানি ফলনামাক্ষরেণ মিশ্রয়েৎ।

অত্র ফলজ্ঞানে বিশেষঃ।

অকারাদৌ চ মেষঃ স্যাৎ বৃষে উদাদ্য এবচ।
দ্বন্দ্বে চ কাদিনাম স্যাৎ কর্কটে চাদিরেব চ।
সিংহে মাদি বিজানীয়াৎ কন্যায়াং গাদিসংজ্ঞকং।
তুলায়াং তাদিনাম্নৈব বৃশ্চিকে ভাদি যোজয়েৎ।
চাপে নাদি প্রবক্তব্যং মকরে দাদি বিন্যসেৎ।
কলসে ভাদি সংজ্ঞানি মীনে চ নাদিনামকং।
এবং ক্রমেণ নামানি জানিয়াৎ স্বগৃহং কিল॥

## অন্যচ্চ।

প্রশ্নলগ্নং বিশেষেণ জ্ঞাত্বা তু মুনিপুঙ্গব।
তল্লগ্নং বেদগুণিতং স্বনামাক্ষরং যোজয়েৎ।
মেষাদি ত্রিতয়ে চৈব একমেবমুদাহৃতং।
কর্কটাদৌ ত্রিকে চৈব সপ্ত দদ্যাদ্বিচক্ষণঃ।
তুলাদিরাশিরামেষু দশমং পরিচিন্তয়েৎ।
মকরাদিষু রাশিষু নবমং তত্র যোজয়েৎ।
সপ্তবিংশতিভির্হৃত্বা শেষে রাশিং বিদুর্বুধাঃ॥

ইতি মহকুমা মাণিকগঞ্জের স্বাধীন বুতুনীনিবাসী শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়ের সংকলিত ও প্রকাশিত ফলিতজ্যোতিষে নষ্টকোষ্ঠী সমাপ্তা।

ঋক্ষং চতুগুণং কৃত্বা তিথিবারসমন্বিতম্।
নবভিশ্চ হৃতাল্লব্ধা শেষে দিনদশা ভবেৎ॥
রবিশ্চন্দ্রঃ কুজোরাহুর্জীবোমন্দোবুধস্তথা।
কেতুর্ভৃগুস্ততশ্চৈব ক্রমাদ্দিনদশা ভবেৎ।
চন্দ্রশুক্ল্যা শুভফলং চন্দ্রাৎশুক্ল্যাৎশুভং ভবেৎ॥
মিত্রারিযোগাচ্চন্দ্রস্য জ্ঞেয়ং দিনদশাসু চ।
শুভাশুভযুতস্যাপি মিশ্রং জ্ঞেয়ং দিনর্ক্ষগাৎ॥

ফলম্।

রবৌ দুঃখং মনস্তাপং শুষ্কান্নাদি কুভোজনম্।
বিরোধোবন্ধনং ত্রাসঃ কলহো বন্ধুভিঃ সহ॥ ১॥
মিষ্টান্নং সুখসংভোগঃ স্ত্রিয়াদধ্যাদিভোজনম্।
স্ত্রীবস্ত্রভূরিলাভশ্চ সুখং শশিদশাসু চ॥ ২॥
মঙ্গলস্য দশায়াস্তু ঘাতপাতাদিদুঃখভাক্।
কার্য্যহানিঃ সুহৃদ্ভেদঃ কাঞ্জীশুষ্কান্নভোজনম্॥ ৩॥
রাহোর্দ্দিনদশায়াস্তু সন্নিপাতাদিরুগ্‌ভবেৎ।
রক্তপাতশ্চ দাহশ্চ শস্ত্রঘাতশ্চ বেদনা॥ ৪॥
বিদ্যার্থরাজমর্য্যাদা প্রীতিলাভোমহৎসুখম্:
গুরোর্দিনদশায়াস্তু সুখী ভবতি নিশ্চিতম্॥ ৫॥
দিনান্তে ভোজনং দুঃখং রাজোপদ্রববন্ধনম্।
শিরঃপীড়াদিরোগশ্চ শনের্দিনদশাসু চ॥ ৬॥
মুদ্রামুক্তাদিলাভঃ স্যাৎ স্ত্রীলাভশ্চ মহাসুখী।
বস্ত্রলাভঃ সুহৃল্লাভো বুধস্য দিনদশা শুভা॥ ৭॥
কেতোর্দ্দিনদশায়াস্তু মহাদুঃখী ধনক্ষতিঃ।
পরান্নভোজী কলহো বন্ধুনা চ রুজান্বিতঃ॥ ৮॥
বস্ত্রালঙ্কারভূষাঢ্যোবন্ধুসঙ্গোনৃপূজিতঃ।
বিদ্যার্থলাভঃ স্ত্রীলাভো মিষ্টান্নাদিসুভোজনম্॥ ৯॥

সঙ্কেতং। আ ১ চং ২ ভো ৩ রা ৪ জী ৫ শং ৬ বু ৭ কে ৮ শু ৯॥

ইতি কেরলীসংমতা দিনদশা।

## অপরঞ্চ।

ঋক্ষং চতুর্ভিগু‍ণিতং তিথিবারসমন্বিতম্।
নবভিশ্চ হরেদ্‌ভাগং শেষে দিনদশা ভবেৎ॥

ফলম্।

রবৌ শোকং সুখং চন্দ্রে ভৌমে শস্ত্রাগ্নিজং ভয়ম্।
রাহৌ বিত্তবিনাশঃ স্যাৎ বস্ত্রলাভং গুরাবপি।
দুঃখং মন্দে বুধে পুণ্যং ক্লেশং কেতৌ ভৃগৌ সুখম্॥

## অন্যচ্চ।

তিথিবারঞ্চ নক্ষত্রং স্বনক্ষত্রেণ সংযুতম্।
অষ্টাভিশ্চ হরেদেনং শেষা দিনদশা ভবেৎ॥
সূর্য্যোবিত্তবিনাশনং প্রকুরুতে ধর্ম্মার্থবৃদ্ধিং শশী
ভৌমঃ শস্ত্রবিঘাতরোগকরণং সোমাত্মজঃ সম্পদং।
মন্দোমন্দমতিং গুরুশ্চ বিভবং রাহুশ্চ সর্ব্বার্ত্তিকৃৎ
শুক্রঃ সর্ব্বসুখাগমং প্রকুরুতে গর্গাদিভির্ভাষিতম্॥
ক্রমং র চ ম বু শ বৃ রা শু।
ইতি দিগম্বরমতা দশা।

## প্রভাতলক্ষণম্।

তিথিবারং স্বনক্ষত্রমেকীকৃত্য সুনিশ্চিতম্।
মুনিনা ৭ সংহরেত্তস্য শেষাঙ্কে ফলবান্ ভবেৎ॥

ফলম্।

একেনাপি ভবেল্লক্ষ্মীর্দ্বিতীয়ে সুখভোজনম্।
তৃতীয়ে রাজসম্মানং চতুর্থে ইষ্টভোজনম্।
পঞ্চমে চাপমানঞ্চ ষষ্ঠে বিত্তবিবর্দ্ধনং।
শূন্যেন শূন্যতাং যাতি এতৎ প্রভাতলক্ষণং॥

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সংকলিতে ও প্রকাশিতে
ফলিতজ্যোতিষে দিনদশা সমাপ্তা।

# লাগ্নিকপ্রশ্ন গণনা।

হোরাষট্‌পঞ্চাশিকা, ষষ্ঠীদাস দৈবজ্ঞ-বল্লভা, প্রশ্নকৌমুদী, তাজিকপ্রশ্ন, প্রশ্নদীপপ্রকাশিনী ইত্যাদি গ্রন্থ হইতে সংগৃহীত।

লাগ্নিকপ্রশ্ন গণনা করিতে হইলে প্রথমত প্রশ্নকাল নির্ণয় করিয়া তাৎকালিক লগ্ন স্থির করিতে হইবে। পরে একটি রাশিচক্র অঙ্কিত করিয়া তৎকালে কোন্‌ গ্রহ কোন্‌ স্থানে অবস্থিতি করিতেছেন, তাহা অঙ্কিত করিয়া লগ্নের ভুক্ত ও ভোগ্য অংশ, গ্রহগণের দৃষ্টি এবং বলাবল ও ভাব প্রভৃতি গণনা করিয়া পশ্চাৎ প্রশ্ন গণনা করিবে। *

সময় নিরূপণ করিবার নিমিত্ত শঙ্কুচ্ছায়া পদচ্ছায়া ঘটীযন্ত্র প্রভৃতি নানাবিধ উপায় আছে। সে সকলের মধ্যে যে কোন উপায় অবলম্বন করিয়া সময় নিরূপণ করিবে। শঙ্কুচ্ছায়া দ্বারা যেরূপে সময় নিরূপণ করিতে হয়, তাহা প্রদর্শিত হইতেছে।

দীপসূর্য্যয়োঃ পরিমাণার্থং কাষ্ঠাদিনির্ম্মিতঃ
ক্রমেণ সূক্ষ্মাগ্র দ্বাদশাঙ্গুলপরিমিতঃ কীলকঃ।

দীপ এবং সূর্য্যের ছায়া পরিমাণের নিমিত্ত কাষ্ঠাদি দ্বারা নির্ম্মিত ক্রমশ সূক্ষ্মাগ্র দ্বাদশাঙ্গুলি পরিমিত কীলকের ( কাটীর ) নাম শঙ্কু।

অর্কাঙ্গুলা তু সূচ্যগ্রা কাষ্ঠী দ্ব্যঙ্গুলমূলিকা।
শঙ্কুসংজ্ঞা ভবেচ্চৈব তচ্ছায়াং পরিকল্পয়েৎ॥
মধ্যাহ্নহীনৈরাদিত্যযুক্তৈশ্ছায়াঙ্গুলৈর্হরেৎ॥
ষট্‌পূরিতদিবাদণ্ডং লব্ধং দণ্ডাদিকং ভবেৎ।
পূর্ব্বাহ্নচ্ছায়য়াতীতং পরাহ্নচ্ছায়য়ৈষ্যকম্‌॥
শূন্যৈকরামবাণেভদিশোরুদ্রাঃ ০।১।৩।৫।৮।১০।১১ক্রমোৎ-ক্রমৈঃ।
আষাঢ়াদিষু মাসেষু ছায়া মাধ্যাহ্নিকী মতা॥
অয়নাংশজমাসান্তে ব্যুৎক্রমেণাদিতো বুধৈঃ।
সংখ্যোক্তান্দিনে ভাগহারৈর্বৃদ্ধীতরে তথা॥

দ্বাদশাঙ্গুল পরিমিত কাটীর মূলদেশ দুই অঙ্গুলি স্থূল করিয়া অগ্রভাগ ক্রমশ সূচীর ন্যায় সূক্ষ্ম করিতে হইবে। ইহার নাম শঙ্কু। ইহার ছায়া দ্বারা সময় নিরূপণ করিতে হইবে। এই শঙ্কুর ছায়া যত অঙ্গুলি পরিমিত হইবে, তাহা হইতে সেই দিবসের মাধ্যাহ্নিক শঙ্কুচ্ছায়া বিয়োগ করিয়া তাহাতে দ্বাদশ যোগ করিয়া ঐ অঙ্ক হারকাঙ্ক স্বরূপ স্থাপন করিবে। পরে দিবাদণ্ডকে ৬ ছয় দ্বারা গুণ করিয়া উক্ত হারকাঙ্ক দ্বারা বিভক্ত করিলে যাহা লব্ধ হইবে, তাহাই দণ্ডপলাদি। যদি পূর্ব্বাহ্নে সময় নিরূপণ করিতে হয়, তাহা হইলে ঐ লব্ধ দণ্ডাদি সূর্য্যোদয়-কাল হইতে অতীত হইয়াছে, অর্থাৎ তখন তত দণ্ড তত পল বেলা হইয়াছে, বিবেচনা করিবে। যদি অপরাহ্নে সময় নিরূপণ করিতে হয়, তাহা হইলে ঐ লব্ধ দণ্ডাদি দিবসের অবশিষ্ট আছে অর্থাৎ তখন তত বেলা আছে, বিবেচনা করিবে।

---

* লাগ্নিক প্রশ্ন গণনা শিক্ষা করিতে হইলে প্রথমতঃ গ্রহ রাশি ও নক্ষত্রগণের সংজ্ঞা এবং গ্রহগণের দৃষ্টি স্থান ও বলাবল ইত্যাদি গণনা অভ্যাস আবশ্যক। ঐ সকল বিবরণ এই ফলিত জ্যোতিষের প্রথম খণ্ডের প্রথম সংখ্যার ৩৬ পৃষ্ঠা হইতে দ্বিতীয় সংখ্যার ৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত বিস্তারিত রূপে লিখিত হইয়াছে, অতএব তাহা অগ্রে অভ্যাস করিয়া পরে লগ্ন নির্ণয় পূর্ব্বক প্রশ্ন গণনা করিবেন।

আষাঢ় মাসে মাধ্যাহ্নিক চ্ছায়া ০, শ্রাবণ মাসের মধ্যাহ্ন চ্ছায়া ১, ভাদ্র মাসের মধ্যাহ্নচ্ছায়া ৩, আশ্বিন মাসের ৫, কার্ত্তিক মাসের ৮, অগ্রহায়ণ মাসের ১০, পৌষ মাসের ১১, মাঘ মাসের ১০, ফাল্গুণ মাসের ৮, চৈত্র মাসের ৫, বৈশাখ মাসের ৩, জ্যৈষ্ঠ মাসের ১, মাধ্যাহ্নিক শঙ্কুচ্ছায়া হইবে।

এই সমস্ত মধ্যাহ্ন চ্ছায়া উক্ত হইল। ইহা অয়নাংশ-জনিত মাসের শেষ দিবসে অর্থাৎ শেষ সংক্রান্তি দিবসে ধরিতে হইবে। যে দিবস এক রাশি হইতে অন্য রাশিতে সূর্য্য গমন করেন, সেই দিনকেই সংক্রান্তি বলা যায়। এক্ষণে প্রতি মাসের দশম দিবসে অয়ন সংক্রান্তি হই-তেছে, পূর্ব্বে যে সমুদায় সংক্রান্তি দিবসীয় মাধ্যাহ্নিক ছায়া নিরূপিত হইয়াছে, তাহা এই সংক্রান্তিতে অর্থাৎ এক্ষণকার প্রত্যেক মাসের দশম দিবসেই ঘটিবে। অধুনাতন প্রচলিত পঞ্জিকায় যে দিবস সংক্রান্তি ব্যবহৃত হইতেছে, সে দিবস সংক্রান্তি ধরিলে গণনায় ব্যতিক্রম হইবে, কারণ সে দিবস বস্তুগত্যা সূর্য্যের অন্য রাশিতে সংক্রমণ হয় না। এক্ষণকার প্রতি মাসের দশম দিবসেই সংক্রমণ হইতেছে।

এই সংক্রান্তি দিবস ব্যতীত অন্য দিবসে সময় নিরূপণ করিতে হইলে, মাসের পূর্ব্বসংক্রান্তি ও পরসংক্রান্তি দিবসীয় মাধ্যাহ্নিক চ্ছায়া অবলম্বন করিয়া অনুপাত দ্বারা মধ্যবর্ত্তী দিনগণের মধ্যাহ্ন চ্ছায়া নিরূপণ করিবে, অথবা পূর্ব্বসং-ক্রান্তি ও পরসংক্রান্তির মধ্যাহ্ন চ্ছায়ার পরস্পর বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে সেই মাসের দিনসংখ্যা দ্বারা অর্থাৎ সংক্রান্তিদ্বয়ের মধ্যবর্ত্তী দিবস-সংখ্যা দ্বারা বিভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা যথাযথ প্রাত্যহিক বৃদ্ধি বা হ্রাস ধরিয়া যে দিবসে সময় নিরূপণ করিতে হইবে, পূর্ব্বসংক্রান্তি হইতে গণনা করিয়া সেই দিবসের সংখ্যা যত হয়, তাহাকে গুণ করিলেই তদ্দিবসীয় মাধ্যাহ্নিক ছায়ার বৃদ্ধি বা হ্রাস জানিবে। উহার সহিত পূর্ব্বসংক্রান্তির ছায়া যথাযথ যোগ বা বিয়োগ করিলে তদ্দিবসীয় মধ্যাহ্নচ্ছায়া পরিমাণ আসিবে।

যথা—

১৫ই ভাদ্র মধ্যাহ্নে দ্বাদশ অঙ্গুলি শঙ্কুর ছায়া কত হইবে?

১০ই ভাদ্র ভাদ্রমাসের শেষ সংক্রান্তি। ঐ দিবসের মধ্যাহ্নচ্ছায়া ৩ অঙ্গুলি। ১০ই আশ্বিন আশ্বিন মাসের অন্ত্য সংক্রান্তি। ঐ দিবসের মধ্যাহ্ন চ্ছায়া ৫ অঙ্গুলি। উভয়ের অন্তর ২। ইহাকে দিন সংখ্যা ৩০ দ্বারা বিভাগ করিলে $\frac{১}{১৫}$ অঙ্গুলি বা ৪ ব্যঙ্গুল। ইহা প্রাত্যহিক বৃদ্ধি। ইহাকে মাসের অতীত দিন ৫ দ্বারা গুণ করিলে ২০ ব্যঙ্গুল, সুতরাং ১৫ই ভাদ্র মধ্যাহ্ন চ্ছায়া ৩।২০ তিন অঙ্গুল কুড়ি ব্যঙ্গুল হইবে।

এতদ্ভিন্ন ঘটিকাযন্ত্র দ্বারা পাদচ্ছায়া দ্বারা অথবা এই ফলিতজ্যোতিষের প্রথম খণ্ডে প্রচারিত স্বরোদয়োক্ত শ্বাস প্রশ্বাস দ্বারাও লগ্ন নিরূপণ হইতে পারে।

———

পঞ্চপক্ষী, কেরলী, প্রশ্নতল্প প্রভৃতি গ্রন্থে জীব-ভেদ বা ধাতুমুল প্রভৃতি ভেদে প্রশ্ন গণনা প্রকাশিত হইয়াছে। এক্ষণে লগ্নানুসারে যেরূপে জীব, ধাতু, মুল নিরূপণ করিয়া প্রশ্ন গণনা করিতে হয়, তাহা নিম্নে প্রদর্শিত হইতেছে।

স্বাংশং বিলগ্নে যদি বা ত্রিকোণে
স্বাংশে স্থিতঃ পশ্যতি ধাতুচিন্তাম্।
পরাংশকস্থশ্চ করোতি জীবং
মূলং পরাংশোপগতঃ পরাংশম্ ॥

টীকা। হৃতনষ্টমুষ্টিগতচিন্তানাং ধাতুমূলজীবানাং পরিজ্ঞানার্থ-মাহ, স্বাংশমিতি। লগ্নে যোঽংশস্তৎক্রমাদ্গণ্যঃ। যদি কশ্চিৎ গ্রহঃ আত্মীয়নবাংশে তৎকালস্থিতঃ বিলগ্নে প্রশ্নলগ্নে তৎ-কালোদিতং স্বাংশং তস্য গ্রহস্য আত্মীয়নবাংশং তাবৎ পশ্যতি, তদা প্রষ্টুর্ধাতুচিন্তনং বদেৎ। সুবর্ণরজতাদিমৃত্তিকান্তং ধাতু-দ্রব্যম্। এতদুক্তং ভবতি; স্বাংশস্থো গ্রহঃ স্বাংশযুক্তং লগ্নং পশ্যতি, তদা ধাতুচিন্তনং বদেৎ। তথা বিলগ্নগতং স্বাংশং ন পশ্যতি। ত্রিকোণে নবপঞ্চমস্থানে স্থিতং তমেবাংশং পশ্যতি, নবম-স্থানং পঞ্চমস্থানং স্বাংশকসহিতং পশ্যতীত্যর্থঃ। যতো লগ্নপঞ্চম-নবমানামেকাংশতুল্যকালং বদতি। এতদুক্তং ভবতি, স্বনবাংশস্থো গ্রহঃ লগ্ননবমপঞ্চমানামন্যতমং স্বাংশযুক্তং পশ্যতি, তদা ধাতু-

চিন্তাং বদেৎ। তত্রাপি ধাম্যাধাম্যপ্রবিভাগো গ্রহাংশকবশাদ্বাচ্যঃ। পাপস্তাংশকমবস্থিতশ্চ ধাম্যঃ, সৌম্যগ্রহাংশকস্থিতশ্চাধাম্য ইতি। পরাংশকস্থশ্চ বদেচ্চ জীবম্ ইতি। যঃ কশ্চিৎ গ্রহঃ পরাংশকস্থঃ অন্যগ্রহনবাংশকস্থঃ অন্যগ্রহনবমভাগাবস্থিতঃ বিলগ্নগতং স্বাংশং পশ্যতি, ত্রিকোণয়োরন্যতমগতং তদা জীবং বদেৎ। পুরুষাদিসরীসৃপান্তো জীবঃ। অত্রাপি গ্রহসংযুতনবাংশকবশাৎ দ্বিপদচতুষ্পদসরীসৃপবিভাগো যথা মিথুনতুলাঘটকন্যাধনুঃপূর্ব্বার্দ্ধে দ্বিপদঃ। দেবা নরাঃ পক্ষিণশ্চ দ্বিপদা জ্ঞেয়াঃ। মেষবৃষসিংহধনুঃপরার্দ্ধাঃ চতুষ্পদাঃ। বৃশ্চিককর্কটমকরমীনাঃ সরীসৃপাঃ। তত্র মীনোঽপদঃ। অন্যে বহুপদাঃ। মূলং পরাংশোপগত ইতি। যঃ কশ্চিৎ গ্রহঃ পরাংশোপগতো অন্যগ্রহনবাংশস্থিতঃ লগ্নগতঃ পরনবাংশস্থিতং লগ্নং পশ্যতি, ত্রিকোণয়োরন্যতমং বা গতং পশ্যতি, তদা মূলং বদেৎ। এতচ্চ প্রায়ঃ সম্ভবতি। অত্রাপি শুভগ্রহবলদর্শনাৎ জ্ঞেয়ং বৃক্ষাদিতৃণান্তং মূলম্। তত্রাপি গ্রহযুক্তনবাংশকবশাৎ জলজং বা জ্ঞেয়ম্। কর্কটমীনমকরা জলজাঃ, অন্যে স্থলজাঃ। যথা অস্মদীয়সিদ্ধিপ্রশ্নগ্রন্থে চোক্তং, স্বাংশে স্থিতো বিলগ্নে যদা গ্রহঃ স্বাংশং নিরীক্ষতে তদা ধাতুচিন্তাং বদেৎ। পরাংশস্থিতো জীবং পরভাগসংনিবিষ্টঃ পরাংশাল্লগ্নমায়াতং পশ্যতি, মূলং বদেৎ। এবং নবপঞ্চকে জ্ঞেয়ম্॥

ইতি ভট্টোৎপলটীকা।

টীকা—স্বকীয়াংশে যদা প্রশ্নাৎ স্বীয়ন্তে দৃশ্যতেঽপি বা।
তদা ধাতুন সন্দেহঃ প্রথমে নবপঞ্চমে॥
স্বীয়লগ্নে যদা প্রশ্নো লগ্ননাথঃ পরাংশগঃ।
তদা জীবো ন সন্দেহঃ প্রথমে নবপঞ্চমে॥
পরলগ্নে যদা প্রশ্নঃ পরনাথঃ পরাংশগঃ।
তদা মূলং ন সন্দেহঃ প্রথমে নবপঞ্চমে॥

ইতি ষষ্ঠীদাসঃ।

টীকা—বস্তুতস্ত স্বাংশযুক্তবিলগ্নং ত্রিকোণং বা যদি স্বনবাংশস্থিতো গ্রহঃ পশ্যেৎ, তদা ধাতুচিন্তাং বদেৎ॥

পরনবাংশস্থগ্রহো যদি পরনবাংশযুক্তং লগ্নং ত্রিকোণং বা পশ্যেত্তদা জীবচিন্তাং বদেৎ॥

পরনবাংশস্থগ্রহো যদি পরনবাংশযুক্তং লগ্নং ত্রিকোণং বা পশ্যেৎ, তদা মূলচিন্তাং বদেদিতি॥

ইতি প্রশ্নদীপপ্রকাশিনী।

যদি কোন গ্রহ স্বীয় নবাংশে থাকিয়া প্রশ্নলগ্নের অন্তর্গত অথবা ত্রিকোণের অন্তর্গত আপন নবাংশে দৃষ্টি রাখেন, তাহা হইলে প্রশ্নকর্ত্তার ধাতুচিন্তা নিরূপণ করিবে। পরন্তু যদি কোন গ্রহ পরকীয় নবাংশে অবস্থান করিয়া উক্ত প্রকারে লগ্নের বা ত্রিকোণের স্বীয় নবাংশে দৃষ্টি করেন, তাহা হইলে জীবচিন্তা কহিবে। যদি কোন গ্রহ পরকীয় নবাংশে অবস্থিতি করিয়া লগ্নের বা ত্রিকোণের পরকীয় নবাংশে দৃষ্টি রাখেন, তাহা হইলে মূলচিন্তা নিরূপণ করিবে।

ইহার মধ্যে বিশেষ এই যে, লগ্নের যে নবাংশ উদয় কালে প্রশ্ন হইবে, সেই নবাংশের অধিপতি গ্রহকেই অবলম্বন করিয়া উক্ত ধাতুজীবমূলাদি নিরূপণ করিবে। যথা মেষ লগ্নের নবম নবাংশের অধিপতি বৃহস্পতি। ঐ নবম নবাংশে প্রশ্ন হইলে বৃহস্পতির স্থিতি এবং দৃষ্টি বিবেচনা করিয়া ধাতু প্রভৃতি নির্ণয় করিবে। এই পুস্তকের প্রথম খণ্ডের ৬৯ পৃষ্ঠায় এবং ঐ স্থলে মোহিনীমোহন চক্রে দৃষ্টি করিলেই নবাংশ হৃদয়ঙ্গম হইবে।

সুবর্ণ প্রভৃতি মৃত্তিকা পর্য্যন্ত স্থাবর বস্তু সমুদায় ধাতু শব্দে অভিহিত হইয়া থাকে।

মনুষ্য অবধি সরীসৃপ পর্য্যন্ত সমস্ত জঙ্গম পদার্থের নাম জীব।

যাহারা মূল দ্বারা পৃথিবীর রসাকর্ষণ করিয়া বৃদ্ধিপ্রাপ্ত হয়, তাদৃশ বৃক্ষ, লতা, গুল্ম, তৃণ প্রভৃতি মূল শব্দে কথিত হইয়া থাকে।

---

ধাতুং মূলং জীবমিত্যোজরাশৌ
যুগ্মে বিদ্যাদেতদেবং প্রতীপম্।
লগ্নে যোঽংশস্তৎক্রমাদ্‌গণ্য এবং
সঙ্ক্ষেপোঽয়ং বিস্তরাত্তৎপ্রভেদঃ॥

ইতি হোরাষট্‌পঞ্চাশিকা।

যদি ওজ রাশি অর্থাৎ মেষ মিথুন সিংহ তুলা ধনু ও কুম্ভ, এই কয় লগ্নের প্রথম চতুর্থ ও সপ্তম নবাংশে প্রশ্ন হয়, তাহা হইলে ধাতু চিন্তা স্থির করিবে, এবং ঐ সকল লগ্নের দ্বিতীয় পঞ্চম ও অষ্টম নবাংশে প্রশ্ন হইলে মূলচিন্তা কহিবে। উক্ত সমুদয় লগ্নের তৃতীয় ষষ্ঠ ও নবম নবাংশে প্রশ্ন হইলে জীবচিন্তা নির্দ্দেশ করিবে।

যদি যুগ্ম অর্থাৎ বৃষ কর্কট কন্যা বৃশ্চিক মকর মীন, এই ছয় লগ্নের মধ্যে কোন লগ্নে প্রশ্ন হয়, তাহা হইলে উহার বিপরীত গণনা করিবে অর্থাৎ প্রথম চতুর্থ ও সপ্তম নবাংশে প্রশ্ন হইলে জীবচিন্তা, দ্বিতীয় পঞ্চম ও অষ্টম নবাংশে প্রশ্ন হইলে মূলচিন্তা এবং তৃতীয় ষষ্ঠ ও নবম নবাংশে প্রশ্ন হইলে ধাতুচিন্তা স্থির করিবে।

হৃতমুষ্টিচিন্তিতধাত্বাদিজ্ঞানম্।

মেষালি সিংহ লগ্নে চ ভৌমার্কিভ্যাং যুতেক্ষিতে॥
ধাতুং হৃতং মুষ্টিগং বা চিন্তিতং বা বদেত্তদা।
স্ত্রীযুগ্মমকরে কুম্ভে সৌম্যার্কিভ্যাং যুতেক্ষিতে॥
মূলং হৃতং মুষ্টিগং বা বক্তব্যং চিন্তিতং তদা॥ ২॥
গোকুলীর তুলাচাপ মীনে লগ্নত্বমাগতে।
চন্দ্রজীবসিতৈর্যুক্তে মুষ্ট্যাদৌ জীব উচ্যতে॥

ইতি প্রশ্নদীপপ্রকাশিনী।

মেষ বৃশ্চিক অথবা সিংহ লগ্নে যদি মঙ্গল ও শনি থাকেন, অথবা ঐ লগ্নে যদি মঙ্গল ও শনির দৃষ্টি থাকে, এবং সেই লগ্নে যদি প্রশ্ন হয়, তাহা হইলে নষ্ট দ্রব্য মুষ্টিস্থিত দ্রব্য ও চিন্তিত দ্রব্য ধাতু বলিয়া নির্দ্দেশ করিবে।

যদি কন্যা মিথুন মকর অথবা কুম্ভ লগ্নে প্রশ্ন হয় এবং ঐ লগ্নে যদি বুধ ও শনি থাকেন, কিম্বা উহাতে তাঁহাদিগের দৃষ্টি থাকে, তাহা হইলে নষ্ট মুষ্টিস্থিত ও চিন্তিত বস্তু মূল বলিয়া নির্দ্দেশ করিবে।

বৃষ কর্কট তুলা ধনু ও মীন লগ্নে প্রশ্ন হইলে যদি ঐ লগ্নে চন্দ্র বৃহস্পতি ও শুক্র অবস্থিতি করেন অথবা ইঁহারা দৃষ্টি রাখেন, তাহা হইলে মুষ্টিগত নষ্ট ও চিন্তিত বস্তু জীব বলিয়া নির্দ্দেশ করিবে।

মেষে দ্বিপদচিন্তা চ বৃষে চিন্তাচতুষ্পদম্॥
মিথুনে যুগ্মচিন্তা চ কর্কটে ধাতুচিন্তনম্।
সিংহে মূলং বিজানীয়াৎ কন্যায়াং যুবতীং বদেৎ॥
তুলায়াং ধাতুরজতং বৃশ্চিকে মূলভূমিজম্।
ধনুষি জীবমূলঞ্চ মকরে কলহোঽপি বা॥
কুম্ভলগ্নে গর্ভচিন্তা মীনে চ জীবধাতবঃ।

ইতি ষষ্ঠীদাসঃ।

যদি মেষ লগ্নে প্রশ্ন হয়, তাহা হইলে দ্বিপদ চিন্তা, বৃষ লগ্নে প্রশ্ন হইলে চতুষ্পদ চিন্তা, মিথুন লগ্নে প্রশ্ন হইলে যুগ্ম চিন্তা, কর্কট লগ্নে প্রশ্ন হইলে ধাতু চিন্তা, সিংহ লগ্নে প্রশ্ন হইলে মূলচিন্তা, কন্যালগ্নে প্রশ্ন হইলে যুবতী চিন্তা, তুলা লগ্নে প্রশ্ন হইলে ধাতু ও রজত চিন্তা, বৃশ্চিক লগ্নে প্রশ্ন হইলে ভূমিজাত মূল চিন্তা, ধনু লগ্নে প্রশ্ন হইলে জীব মূল চিন্তা, মকর লগ্নে প্রশ্ন হইলে কলহচিন্তা, কুম্ভ লগ্নে প্রশ্ন হইলে গর্ভচিন্তা এবং মীন লগ্নে প্রশ্ন হইলে জীবধাতুচিন্তা নিরূপণ করিবে। যে লগ্নে প্রশ্ন হইবে, ঐ লগ্নকে দ্বাদশ অংশ করিয়া প্রত্যেক অংশকে এক এক লগ্ন করিবে। যে রাশিকে দ্বাদশ ভাগ করা হইবে, সেই রাশিকেই প্রথম অংশে প্রথম লগ্ন ধরিয়া ক্রমিক দ্বাদশ অংশে দ্বাদশ লগ্ন ধরিবে।

লগ্নকেন্দ্রে গুরৌ শুক্রে জ্ঞাতব্যা জীবপ্রচ্ছকঃ।
রবিমঙ্গলয়োর্ধাতুমূলচন্দ্রো বুধঃ শনিঃ॥

যদি প্রশ্নলগ্নে অথবা কেন্দ্র স্থানে গুরু অথবা শুক্র থাকেন, তাহা হইলে জীববিষয়ক প্রশ্ন, এবং যদি ঐ প্রশ্ন লগ্নে অথবা কেন্দ্রে রবি অথবা মঙ্গল থাকেন, তাহা হইলে, ধাতুবিষয়ক প্রশ্ন, যদি ঐ স্থানে বুধ চন্দ্র অথবা শনি থাকেন, তাহা হইলে মূলবিষয়ক প্রশ্ন, স্থির করিবে।

চরে তু গমনং প্রশ্নে একচিন্তা বিধীয়তে॥
স্থিরে চিন্তা দ্বিতীয়ঞ্চ লাভচিন্তা শুভাশুভম্॥
দ্ব্যাত্মকে তৃতীয়ং প্রশ্নং স্থিরং চ গমনাদি চ।
পূর্ব্বার্দ্ধে স্থিরবৎ কার্য্যং পরার্দ্ধে চরবৎ স্মৃতম্॥

ষষ্ঠীদাসঃ।

যদি চর লগ্নে অর্থাৎ মেষ, কর্কট, তুলা ও মকর লগ্নে

প্রশ্ন হয় তাহা হইলে একমাত্র গমনচিন্তা স্থির করিবে। স্থিরলগ্নে অর্থাৎ বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভলগ্নে প্রশ্ন হইলে লাভচিন্তা ও শুভাশুভচিন্তা উভয়ই নিরূপণ করিবে। দ্ব্যাত্মকলগ্নে অর্থাৎ মিথুন, কন্যা, ধনু ও মীনলগ্নে যদি প্রশ্ন হয়,তাহা হইলে পূর্ব্বার্দ্ধে স্থিরলগ্নের ন্যায় এবং উত্তরার্দ্ধে চরলগ্নের ন্যায় উত্তর করিবে।

## হৃত নষ্ট ধৃতমুষ্টি বা মনোমুষ্টি প্রশ্নে ধাত্বাদির নিরূপণ।

ধাতোর্ব্বিনিশ্চয়ে জ্ঞাতে তস্য লাভং বদেত্ততঃ।
ধাম্যাধাম্যৌ তথা জ্ঞেয়ৌ শুভাশুভবিচারতঃ॥ ১॥
পাপযুক্তাংশকে ধাম্যং পাপাংশে বা বদেৎ সদা।
অধাম্যং বৈপরীত্যে তু ধাম্যাধাম্যৌ দ্বিযোগতঃ॥ ২॥
ধাম্যাস্তু ত্রিপুলৌহাদ্যা অধাম্যাঃ কাঞ্চনাদয়ঃ॥

(প্রশ্নকৌমুদী)।

শুভাশুভ গ্রহ বিচার করিয়া ধাম্যাধাম্য ধাতু নির্ণয় করিবেন। যদি প্রশ্ন লগ্নের নবাংশ পাপগ্রহযুক্ত অথবা পাপ-গ্রহের অংশ হয়, তাহা হইলে ধাম্য অর্থাৎ শীষক লৌহাদি এবং ঐ নবাংশ শুভগ্রহযুক্ত অথবা শুভগ্রহের অংশ গত হইলে অধাম্য অর্থাৎ সুবর্ণাদি ধাতু হইবে। যদি পাপগ্রহের অংশে শুভ গ্রহের স্থিতি হয়, অথবা শুভ গ্রহের অংশে পাপ গ্রহের স্থিতি হয়, কিম্বা অন্য কোন রূপে শুভাশুভ যোগ হয়, তাহা হইলে ধাম্য ও অধাম্য মিশ্রিত দ্রব্য বিবেচনা করিবে। ইহার মধ্যে যদি পাপগ্রহের অংশে পাপগ্রহ ও শুভগ্রহ থাকেন, তাহা হইলে ধাম্য ধাতুর অংশ অধিক স্থির করিবে। এবং যদি শুভ গ্রহের অংশে শুভ গ্রহ ও পাপ গ্রহ উভয়ে থাকেন তাহা হইলে অধাম্য ধাতুর ভাগ অধিক বিবেচনা করিবে।

শশিভার্গবয়োস্তারং মৌক্তিকঞ্চাংশকে রবেঃ।
সূর্য্যজস্য বদেল্লৌহং তথা স্বর্ণং বুধস্য চ।
ভূমিপুত্রে তথা তাম্রং ধাতুনামেব নিশ্চয়ঃ।
গুরোরত্নযুতং হেমরাহোরস্থি সুনিশ্চিতম্॥

প্রশ্নমঞ্জরী।

লগ্নের যে অংশে প্রশ্ন হইবে, তাহাতে শুক্র বা চন্দ্র থাকিলে রৌপ্য, বুধ বা বৃহস্পতি থাকিলে স্বর্ণ, রবি থাকিলে মুক্তা, মঙ্গল থাকিলে তাম্র, শনি অথবা রাহু থাকিলে লৌহ, এই রূপ গ্রহ বিচার করিয়া ধাতুর নিরূপণ করিবে।

হেম তারং তথা তাম্রং রঙ্গং পিত্তললৌহকৌ।
নাগং কাংস্যং তথাপ্যস্থি নবাংশানুক্রমাদ্বদেৎ॥

তাজিকপ্রশ্ন।

লগ্নের প্রথম নবাংশে প্রশ্ন হইলে সুবর্ণ; দ্বিতীয় নবাংশে প্রশ্ন হইলে রৌপ্য, তৃতীয় নবাংশে প্রশ্ন হইলে তাম্র, চতুর্থ নবাংশে প্রশ্ন হইলে রঙ্গ, পঞ্চম নবাংশে প্রশ্ন হইলে পিত্তল, ষষ্ঠ নবাংশে প্রশ্ন হইলে লৌহ, সপ্তম নবাংশে প্রশ্ন হইলে শীষা, অষ্টম নবাংশে প্রশ্ন হইলে কাংস্য, নবম নবাংশে প্রশ্ন হইলে অস্থি, (দন্ত) নির্ণয় করিবে।

### ধাত্বাদির আকৃতি।

অংশে মীনাজকুম্ভানাং বদেদ্দ্রব্যঞ্চ বর্ত্তুলম্।
সিংহালিদ্বন্দ্বকর্কীনাং দীর্ঘমন্যস্য মধ্যমম্॥

প্রশ্নকৌমুদী।

যদি মীন, মেষ ও কুম্ভের নবাংশে প্রশ্ন হয়, তাহা হইলে জিজ্ঞাসিত বস্তু গোলাকার হইবে। সিংহ, বৃশ্চিক, মিথুন ও কর্কটের নবাংশে প্রশ্ন হইলে সেই বস্তু দীর্ঘ, এতদ্ভিন্ন রাশি অর্থাৎ বৃষ, কন্যা, তুলা, ধনু ও মকরের নবাংশে প্রশ্ন হইলে মুষ্টিদ্রব্য অথবা হৃতনষ্টবস্তু গোলাকার কিম্বা দীর্ঘাকার হইবে না, উভয়ের মধ্যবর্ত্তী হইবে। এই সমস্ত বিচার করিবার সময় সেই গ্রহের বলাবল দেখিতে হইবে।

সূর্য্যদৃষ্টে সরন্ধ্রং স্যাজ্জীবশুক্রেঽক্ষরান্বিতম্।
কোণযুক্তং কুজে জ্ঞেয়ং জীর্ণং দীর্ঘঞ্চ সূর্য্যজে॥

ষষ্ঠীদাস।

প্রশ্ন লগ্নে সূর্য্যের দৃষ্টি থাকিলে ঐ বস্তু সচ্ছিদ্র হইবে। বৃহস্পতি ও শুক্রের দৃষ্টি থাকিলে অক্ষর সংযুক্ত বলিবে। মঙ্গলের দৃষ্টি থাকিলে ঐ বস্তু কোণযুক্ত হইবে এবং শনির দৃষ্টি থাকিলে সেই বস্তু জীর্ণ এবং দীর্ঘাকার হইবে।

মনোগতং কিয়দ্দ্রব্যং মুষ্টিগং বা বদেদ্যদি।
ভুক্তাংশকপ্রমাণেন দ্রব্যসংখ্যা বিনির্ণয়েৎ॥

দৈবজ্ঞবল্লভা।

মনোমুষ্টি অথবা মুষ্টিপ্রশ্নের সংখ্যা প্রশ্নলগ্নের ভুক্তাংশ দ্বারা নির্ণয় করিবে।

### অথ মূল নিরূপণম্।

ভৃগুসোমৌ পুষ্পফলে কাষ্ঠমূলে শনিস্তথা।
কুজভাস্করজীবাশ্চ তৎপত্রে শশিনন্দনঃ॥ প্রশ্নকৌমুদী।

**অন্তঃসারান্ জনয়তি রবিদুর্ভগান্ সূর্য্যসূনুঃ**
**ক্ষীরোপেতাংস্তুহিনকিরণঃ কণ্টকাখ্যাংশ্চ ভৌমঃ।**
**বাগীশজ্ঞৌ সফলবিফলান্ বৃক্ষপুষ্পাংশ্চ শুক্রঃ**
**স্নিগ্ধানিন্দুঃ কটুকবিটপান্ ভূমি পুত্রশ্চ ভূয়ঃ॥**

প্রশ্নদীপিকা।

প্রশ্নে মূলচিন্তা স্থির হইলে তাহার প্রকার ভেদ জানিবার উপায় দর্শিত হইতেছে।

যে নবাংশে প্রশ্ন হইবে সেই নবাংশের অধিপতি যদি শুক্র হন, তাহা হইলে পুষ্প স্থির হইবে। চন্দ্রের নবাংশে প্রশ্ন হইলে ফল; শনির নবাংশে প্রশ্ন হইলে মূল এবং কাষ্ঠ; রবি, মঙ্গল, বুধ ও বৃহস্পতির নবাংশে প্রশ্ন হইলে পত্র স্থির হইবে। এবং ঐরূপ নবাংশাধিপতি সূর্য্য হইলে সারালবৃক্ষ, চন্দ্র হইলে ক্ষীরযুক্তবৃক্ষ এবং স্নিগ্ধবৃক্ষ, মঙ্গল হইলে কণ্টকযুক্ত বা কষায় বৃক্ষ, বুধ হইলে অফল বৃক্ষ অর্থাৎ যে গাছে ফল হয় না। বৃহস্পতি হইলে ফলবান্ বৃক্ষ শুক্র হইলে পুষ্পবৃক্ষ, শনি হইলে কুগাছা ইত্যাদি নবাংশের অধিপতি গ্রহ দ্বারা স্থির হইবে।

**শুক্রে চন্দ্রে বুধে বাপি শস্যপুষ্পলতাদিকম্।**
**নিঃসারবৃক্ষসম্ভূতং বদেদ্‌জ্যোতির্বিশারদঃ॥**
**কুজার্কৌ কটুকো জীবো মধুরস্তু রসো বুধঃ।**
**ক্ষারাম্লৌ চন্দ্রভৃগুজৌ তথা সর্পার্কনন্দনৌ।**

প্রশ্নদীপিকা।

লগ্নের যে নবাংশে প্রশ্ন হইবে তাহার অধিপতি শুক্র হইলে শস্য, চন্দ্র হইলে পুষ্প, বুধ হইলে লতাদি নিঃসার বৃক্ষ বোধ করিতে হইবে। ঐরূপ নবাংশাধিপতি মঙ্গল বা রবি হইলে কটু, বুধ বা বৃহস্পতি হইলে মধুর, চন্দ্র বা শুক্র হইলে ক্ষার ও অম্ল, কেতু বা শনি হইলে ক্ষারাম্ল বোধ হইবে।

**শুভেক্ষিতে ভক্ষ্যবৃক্ষশ্চাশুভে স্যাৎ কদাচ ন।**
**অশুভে সর্ব্বযুক্তে চ সুভক্ষ্যঞ্চ প্রকীর্ত্তিতম্॥**

প্রশ্নকৌমুদী।

প্রশ্ন লগ্নে শুভ গ্রহের দৃষ্টি থাকিলে ভক্ষ্যবৃক্ষ, এবং অশুভ গ্রহের দৃষ্টি থাকিলে অভক্ষ্য বৃক্ষ স্থির হইবে। যদি ঐ অশুভগ্রহের সহিত সমস্ত শুভগ্রহের যোগ হয় তাহা হইলে উত্তম ভক্ষ্য দ্রব্য বিবেচনা করিবে।

**চন্দ্রে শুক্রে ভবেৎ স্নিগ্ধং কোমলঞ্চ বদেদ্‌বুধঃ।**
**কুজজীবৌ মধ্যজ্ঞেয়ৌ শুষ্কৌ শনিভুজঙ্গমৌ।**

লগ্নের যে নবাংশে প্রশ্ন হইবে তাহাতে চন্দ্র ও শুক্র থাকিলে স্নিগ্ধ, বুধ থাকিলে কোমল, মঙ্গল এবং বৃহস্পতি থাকিলে স্নিগ্ধ এবং কোমল উভয়ই বোধ হইবে। উক্ত নবাংশ গত শনি বা কেতু হইলে শুষ্ক, শনি রাহু একস্থানে স্থিত হইলে অতিশয় শুষ্ক বোধ করিতে হইবে।

**শুক্রে চন্দ্রে গুল্মবল্লী লতাকন্দৌ বুধে তথা।**
**পত্রং গুরৌ ফলং সূর্য্যে মূলঞ্চ রবিজে কুজে * ॥**

প্রশ্নকৌমুদী।

লগ্নাধিপতি বা নবাংশাধিপতি গ্রহ দ্বারা যেরূপে উদ্ভিদ্ পদার্থ নিরূপণ করা যায়, তাহা কথিত হইতেছে। শুক্র হইলে গুল্ম (অর্থাৎ করবীবৃক্ষ প্রভৃতি) চন্দ্র হইলে বল্লী অর্থাৎ ওষধিভিন্ন অন্য লতা (গুলঞ্চ, মাধবী, চুতলতা প্রভৃতি) বুধ হইলে লতা ও কন্দ (অর্থাৎ কুষ্মাণ্ড প্রভৃতি ওষধি লতা, ওল প্রভৃতি কন্দ) বৃহস্পতি হইলে, বৃক্ষের পত্র, সূর্য্য হইলে ফল, শনি মঙ্গল হইলে মূল নিরূপিত হইয়া থাকে।

পুষ্প ও বৃক্ষাদির আকৃতি, বর্ণ, জলজ, কি স্থলজ ইত্যাদি নিরূপণ করিতে হইলে এই পুস্তকের প্রথম খণ্ডের ৬১ পৃষ্ঠায় রাশিসংজ্ঞার গ্রাম্যারণ্য জলজ ও হ্রস্ব দীর্ঘ বিভাগ এবং ৬২ পৃষ্ঠায় বর্ণাদি ও নিশাদি সংজ্ঞা দ্বারা এবং ৭৮ পৃষ্ঠায় গ্রহদিগের জলচর ও স্থলচরাদি ও আকৃতি ৭৫ পৃষ্ঠায় ও ৭৬ পৃষ্ঠায় বর্ণাদি সংজ্ঞা যাহা লিখিত আছে তাহা দ্বারা ঐ সকল নিরূপণ করিতে হইবে। অর্থাৎ লগ্ন, রাশি ও তাহার অধিপতি গ্রহ দ্বারা বা গ্রহদিগের ঐ লগ্নে দৃষ্টি অথবা লগ্নে অবস্থিতি বা লগ্ন নবাংশ দ্বারা গণনার প্রক্রিয়া মতে উহাদিগের বলাবল বিচার করিয়া সেই বস্তুর বর্ণাদি নিরূপণ করিবে।

### অথ জীব নিরূপণম্।

**দ্বিপদৌ ভার্গবগুরূ ভূমিজার্কৌ চতুষ্পদৌ।**
**পক্ষিণৌ বুধমন্দৌ চ চন্দ্ররাহু সরীসৃপৌ॥**

---

### স্বরোদয়ে। তাৎকালিক চন্দ্রের গণনা।

* মূলমাদিত্যশুক্রাভ্যাং শুষ্কাশুষ্কং ক্রমেণ তু।
মিশ্রৈর্ম্মিশ্রং ভবেদ্দ্রব্যং তৎকালেন্দৌ নিরীক্ষিতে।
অন্য স্থানে
গুল্মবল্লী লতাকন্দং মেষাদ্যেকৈকসংস্থিতে।
পত্রং পুষ্পং ফলং মূলং ত্বক্ চ ত্রিংশাংশকে বুধৈঃ॥

অপদঃ বা রাহুকেতূ তনু স্থানে ন সংশয়ঃ।
স্থিতে বা পূর্ণদৃষ্টে বা ক্ষেত্রেশে বুধ্যতে বুধৈঃ ॥

ষষ্ঠীদাস।

লগ্নের যে নবাংশে প্রশ্ন হইবে তাহার অধিপতি শুক্র ও গুরু হইলে দ্বিপদ, মঙ্গল এবং রবি হইলে চতুষ্পদ, শনি ও বুধ হইলে পক্ষী, চন্দ্র ও রাহু হইলে সরীসৃপ নিরূপণ হইবে। লগ্নের নবাংশে বা লগ্নে রাহু বা কেতু থাকিলে অপদ জীব বুঝাইবে। উক্ত গ্রহগণের লগ্নে স্থিতি বা পূর্ণদৃষ্টিতে উক্ত ফল হইবে।

পঞ্চপক্ষীর টীকাকার যেরূপ জীব সংজ্ঞা করিয়াছেন, তাহা কথিত হইতেছে।

দ্বিপদৌ জীবশুক্রৌ চ কুজসূর্য্যৌ চতুষ্পদৌ।
শনিরাহুবুধাঃ পাদহীনাঃ শিখিচন্দ্রৌ চ সংকরৌ ॥
মিথুন তুলা ঘটকন্যা ইত্যাদিনা বোধ্যম্।

বৃহস্পতি ও শুক্র দ্বিপদ; মঙ্গল ও রবি চতুষ্পদ; বুধ, শনি, রাহু পদহীন; কেতু ও চন্দ্র বহুপদ জীব স্থির করিবে। এই জীবভেদ গ্রহদিগের মিথুনাদি রাশিতে অবস্থিতি দৃষ্টে বিচার করিয়া নির্ণয় করিতে হইবে।

### দ্বিপদাদি রাশি জ্ঞান।

তুলা নৃযুক্ ধনুঃ পূর্ব্বং ঘট কন্যা পদদ্বয়ম্।
চতুষ্পাদশ্চাপশেষো মেষঃ সিংহো বৃষস্তথা।
সরীসৃপো বৃশ্চিকশ্চ মৃগকর্কী পদাতুরৌ।
মীনস্ত্বপদসংজ্ঞঃ স্যাৎ রাশীনামধিপা স্বমী ॥

প্রশ্নকৌমুদী।

কন্যা, তুলা, মিথুন, কুম্ভ, এবং ধনুর প্রথমার্দ্ধ দ্বিপদ, ধনুর শেষার্দ্ধ, মেষ, সিংহ ও বৃষ চতুষ্পদ। বৃশ্চিকরাশি সরীসৃপ। মকর ও কর্কট বহুপদ। এবং মীন রাশিতে অপদ বোধ করিতে হইবে। অন্য মতে। মকরের প্রথমার্দ্ধ এবং ধনুর শেষ অর্দ্ধেক ভাগ, মেষ, বৃষ ও সিংহ ইহারা চতুষ্পদ রাশি। বৃশ্চিক, কর্কট ও মকরের শেষার্দ্ধে বহুপদ নিশ্চয় হইবে।

দ্বিপদাদি নবাংশরাশিতে দ্বিপদাদি গ্রহ থাকিলে দ্বিপদাদি জীব বোধ হইবে ইত্যাদি।

### অন্যমতে।

এক্ষণে দ্বিপদ জন্তুর ভেদ করা হইতেছে।

দ্বিপদাশ্চতুর্ব্বিধাঃ দেবমনুষ্যরাক্ষসপক্ষিভেদাৎ।
দেবাচার্য্যসিতৌ দেবৌ চন্দ্রসূর্য্যকুজা নরাঃ।
পক্ষিণৌ বুধমন্দৌ চ রাহুকেতূ চ রাক্ষসৌ ॥

ষষ্ঠীদাস

দ্বিপদ জন্তু চারি প্রকার, দেবতা মনুষ্য রাক্ষস ও পক্ষী। বৃহস্পতি ও শুক্র দেবতা; চন্দ্র, সূর্য্য ও মঙ্গল মনুষ্য জাতি, শনি ও বুধ পক্ষি জাতি; রাহু ও কেতু রাক্ষস জাতি।

### দেবতা নিরূপণ।

দেবাশ্চতুর্ব্বিধাঃ। কল্পবাসিভুবনবাসিনৌ, অরণ্যবাসিজ্যোতিষ্কৌ চ। গুরুশুক্রৌ কল্পস্থৌ, কুজজ্ঞৌ ভুবনবাসিনৌ। তথা শনিরাহুচন্দ্রা আরণ্যাঃ, জ্যোতিষ্কৌ রবিসিতৌ তু ॥

দেবতা চারিপ্রকার, কল্পবাসী, ভুবনবাসী, অরণ্যবাসী, ও জ্যোতিষ্ক। বৃহস্পতি ও শুক্র কল্পবাসী, মঙ্গল ও বুধ ভুবনবাসী, শনি, রাহু ও চন্দ্র অরণ্যবাসী, রবি ও শুক্র জ্যোতিষ্ক।

পুংসাং সূর্য্যারবাগীশা যোষিতাং চন্দ্রভার্গবৌ।
ক্লীবানাং বুধমন্দৌ চ পতয়ঃ পরিকীর্ত্তিতাঃ ॥

দীপিকা।

সূর্য্য, মঙ্গল ও বৃহস্পতি পুরুষের অধিপতি, চন্দ্র এবং শুক্র স্ত্রীজাতির অধিপতি, বুধ এবং শনি নপুংসকের অধিপতি। (স্বরোদয় মতে রাহু পুরুষ)। ইহা দ্বারা প্রশ্নবিষয়ে পুরুষ বা স্ত্রী জানিতে পারা যায়। যথা দেবতা বিষয়ক প্রশ্নে বৃহস্পতি লগ্নাধিপতি হইলে পুরুষ দেবতা ইত্যাদি।

### বর্ণ নির্ণয়।

রক্তশ্যামো ভাস্করো গৌর ইন্দুঃ
নাত্যুচ্চাঙ্গো রক্তগৌরশ্চ বক্রঃ।
দূর্ব্বাশ্যামোজ্ঞো গুরুর্গৌরগাত্রঃ
শ্যামঃ শুক্রো ভাস্করিঃ কৃষ্ণদেহঃ ॥

সূর্য্য পাটলপুষ্পসদৃশ রক্ত-শ্যাম-বর্ণ। চন্দ্র গৌরবর্ণ, অর্থাৎ অল্প শ্বেতবর্ণ। মঙ্গল মধ্যমাকৃতি ও গৌরবর্ণ। বুধ দূর্ব্বার ন্যায় শ্যামবর্ণ। বৃহস্পতি গৌরবর্ণ। শুক্র শ্যামবর্ণ। শনি কৃষ্ণবর্ণ। ইহা দ্বারা বর্ণ নির্ণয় হইবে, যথা, দেবতা বিষয়ক প্রশ্নে চন্দ্র গ্রহের লগ্ন নবাংশে অথবা চন্দ্র যুক্ত নবাংশে গৌরবর্ণ জ্ঞান হইবে।

### মনুষ্য ভেদ।

মনুষ্যাঃ পঞ্চবিধাঃ ব্রাহ্মণঃ, ক্ষত্রিয়ঃ, বৈশ্যঃ, শূদ্রঃ সামান্য জাতয়ঃ।

বিপ্রাদিতঃ শুক্রগুরু কুজার্কৌ
শশী বুধশ্চেত্যসিতোঽন্ত্যজানাম্।

বৃহজ্জাতকম্।

মনুষ্য পাঁচ প্রকার। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও সামান্য জাতি। বৃহস্পতি ও শুক্র ব্রাহ্মণ, মঙ্গল এবং রবি ক্ষত্রিয়, চন্দ্র বৈশ্য, বুধ শূদ্র, শনি সামান্য জাতি। ইহা দ্বারা কোন্ জাতীয় তাহা পরিজ্ঞাত হওয়া যায়। যথা, মঙ্গল লগ্নাধিপতি হইলে ক্ষত্রিয় জাতি ইত্যাদি। শুভ বা অশুভ গ্রহের দৃষ্টি অনুসারে উক্ত পঞ্চবিধ জাতির উৎকৃষ্টতা ও অপকৃষ্টতা পরিজ্ঞাত হইতে পারা যাইবে, এবং উহা দ্বারা বিদ্যা, গুণ প্রভৃতিও জানা যাইবে।

বেদাধিপমাহ।

ঋগ্বেদাধিপতির্জীবো যজুর্ব্বেদাধিপঃ সিতঃ।
সামবেদাধিপো ভৌমঃ শশিজোঽথর্ব্ববেদরাট্॥

দীপিকা।

বৃহস্পতি ঋগ্বেদের অধিপতি, শুক্র যজুর্ব্বেদের অধিপতি, মঙ্গল সামবেদের অধিপতি, বুধ অথর্ব্ববেদের অধিপতি। প্রশ্নে ব্রাহ্মণাদি স্থির হইলে কোন্ বেদী তাহা ইহা দ্বারা জানা যায়।

বয়ঃক্রম নিরূপণ।

যুবা কুজঃ শিশুঃ সৌম্যঃ শশিশুক্রৌ চ মধ্যমৌ।
মন্দমার্ত্তণ্ডদেবেজ্যাঃ ফলেন স্থবিরা বিদুঃ॥

দৈবজ্ঞবল্লভা

লগ্নাধিপতি মঙ্গল হইলে যুবা, বুধ হইলে শিশু, চন্দ্র ও শুক্র হইলে নব্য বয়স্ক, শনি, সূর্য্য ও বৃহস্পতি হইলে বৃদ্ধ। চৌরাদি যুবা কি বৃদ্ধ ইত্যাদি ইহা দ্বারা অবগত হওয়া যায়।

বয়াংসি তেষাং স্তনপানবাল্য ব্রতস্থিতা বা যুবমধ্যবৃদ্ধাঃ।
অতীব বৃদ্ধা ইতি চন্দ্রভৌম জ্ঞ শুক্রজীবার্কশনৈশ্চরাণাম্।

প্রশ্নকৌমুদী

চন্দ্র * ভৌমাদীনাং যথা সংখ্যং বোদ্ধব্যং।

চন্দ্র স্তন্যপায়ী, মঙ্গল বালক, বুধ অপ্রাপ্তযৌবন, শুক্র যুবা, বৃহস্পতি প্রৌঢ়, সূর্য্য বৃদ্ধ, শনি অতিবৃদ্ধ। এই সমুদায় গ্রহ লগ্নে থাকিলে এবং লগ্নে এই সমুদায় গ্রহের দৃষ্টি থাকিলে বলাবল বিবেচনানুসারে বয়ঃক্রম নির্ণয় হইবে।

* চন্দ্রস্য তু শুক্লাদি তিথি ত্রিভাগেন বয়োবস্থা বোদ্ধব্যা।

লগ্নে বা লগ্ন হইতে সপ্তম স্থানে যদি শুভ গ্রহ থাকে, তাহা হইলে সধবা নারী, এবং ঐ লগ্নের সপ্তম স্থানে পাপ গ্রহ থাকিলে বিধবা রমণী স্থির হইবে। লগ্নে শুভ গ্রহ থাকিলে সাধ্বী রমণী, এবং লগ্নে দুই তিন পাপ গ্রহ থাকিলে কুলটা নারী নিরূপিত হইবে।

আকৃতি জ্ঞান।

প্রশ্নে নিরূপিত চৌরাদির আকৃতি জানিতে হইলে এই ফলিত জ্যোতিষের ১ম খণ্ডের ৮৬ পৃষ্ঠায় দৃষ্টি করিবেন। এবং বিশেষরূপ জানিতে হইলে প্রথম খণ্ডের ১৬৮ পৃষ্ঠা হইতে ২১৯ পৃষ্ঠা পর্য্যন্ত যে সমস্ত ফল লিখিত হইয়াছে তন্মধ্যে লগ্ন রাশির ও গ্রহের দৃষ্টিফল বিচার করিয়া আকৃতি ও স্বভাবাদির পরিচয় পাইবেন। এবং সেই ব্যক্তি কোন রসপ্রিয় ও তাহার দেহে পৈত্তিকাদি কোন্ ধাতু প্রবল এবং তাহার স্বাভাবিক দৃষ্টি ইত্যাদি প্রথম খণ্ডের ৭৬।৭৭ পৃষ্ঠায় দৃষ্টি করিয়া তন্মতে গণনা করিবেন।

পক্ষি নিরূপণম্।

জলস্থলোভয়চরা ভবেয়ুঃ পক্ষিণস্ত্রিধা। রাশি ক্রমেণ বোধ্যব্যাঃ। জলজৌ মীনকর্কটাবিত্যাদিনা।

পক্ষী তিন প্রকার। জলচর, স্থলচর ও উভচর। রাশি অনুসারে ইহা পরিজ্ঞাত হইতে পারা যাইবে। যথা,

জলজৌ কর্কটমীনৌ মকরান্ত্যার্দ্ধঞ্চ শিবমতে কুম্ভঃ।

কর্কট রাশি, মীন রাশি ও মকরের শেষার্দ্ধ জলজরাশি। শিবমতে কুম্ভ রাশিও জলজরাশিমধ্যে পরিগণিত হইয়া থাকে

মেষ মিথুন, সিংহ, কন্যা, তুলা, ধনুঃ, এই সমুদায় রাশি স্থলচর। মকর ও কুম্ভ উভচর। প্রশ্ন লগ্নের নবাংশ দ্বারা জলচরাদি পক্ষী নিশ্চয় করিবে।

চতুষ্পদ।

চতুষ্পদ জন্তু চারি প্রকার, দন্তী, শৃঙ্গী, নখী ও ক্ষুরী।

গ্রাম্যা মিথুন তুলা স্ত্রী চাপালি ঘটা নিশাসু বৃষমেষৌ।
মকরাদিমার্দ্ধ সিংহৌ বন্যৌ দিবসেঽজ বৃষভৌ চ।

দীপিকা

ইহার অনুবাদ প্রথম খণ্ডে ২য় সংখ্যার ৬৩ পৃষ্ঠায় ১ কলমে দেওয়া হইয়াছে। এই সকল চতুষ্পদ জীবের লিঙ্গ ভেদ বর্ণ ভেদ প্রভৃতি পূর্ব্বোক্ত লগ্নের নবাংশ মতে জানা যাইবে।

### অপদ জীব।

অপদ জীব দুই প্রকার, জলচর ও স্থলচর। পূর্ব্বোক্ত রীতি-ক্রমে রাশি দ্বারা পরিজ্ঞাত হওয়া যাইবে।

পঞ্চপক্ষীর টীকায় উল্লিখিত হইয়াছে।

জলচরাঃ। রবৌ মীনঃ, কুজে জলৌকাঃ, বুধে শম্বূকঃ, গুরৌ শুক্তিকং, শুক্রে শঙ্খঃ, চন্দ্রে কপর্দ্দিকা, রাহৌ সর্পঃ, শনৌ সামান্যকীটাঃ। স্থলচরাঃ সর্পমহীলতাসামান্যকীটাদয়ঃ।

রবিকুজগুরবঃ সর্পাঃ শুক্রবুধরাহবো মহীলতাঃ।

শনিকেতূ সামান্যকীটৌ অন্যৎ সর্ব্বং পূর্ব্ববৎ জ্ঞেয়ম্। সুগমং।

### বহুপদ জীবাঃ।

বহুপদা ভ্রমরকন্দুকবৃশ্চিকপতঙ্গমক্ষিকাপিপীলিকাদয়ঃ। লগ্নপতির্যত্র তিষ্ঠতি তস্য স্বামিনা বোধ্যম্। রাহৌ ভ্রমরঃ, বুধে কেন্দুকঃ, কুজে বৃশ্চিকঃ। রবৌ পতঙ্গঃ, শনৌ মক্ষিকা, গুরৌ পিপীলিকা, অন্যৎ সর্ব্বং পূর্ব্ববৎ॥

বহুপদা জলজাঃ স্থলজাশ্চ। জলজৌ ভেককুম্ভীরৌ। রাহুশনিদৃষ্টেঽংশে কুম্ভীরঃ। রবিকুজপাপচন্দ্রপাপবুধদৃষ্টে ভেকঃ। স্থলচরাঃ পঞ্চবিধাঃ।

> গোধিকা মুষিকাশ্চৈব কৃকলাশস্তথৈব চ।
> জ্যেষ্ঠী অঞ্জনকশ্চৈব এতে স্থলচরাঃ স্মৃতাঃ॥
> গুরৌ তু গোধিকা শুক্রে মূষিকঃ পরিকীর্ত্তিতঃ।
> বুধে চ কৃকলাশঃ স্যাৎ শনৌ জ্যেষ্ঠীকুজেঽঞ্জনঃ॥

সুগমং

মুষ্টিপ্রশ্ন দুই প্রকার, ধৃতমুষ্টি ও মনোমুষ্টি। কোন বস্তু হস্তে রাখিয়া অথবা মনে করিয়া মুষ্টিবন্ধন করিলে, লগ্ন, নবাংশ, লগ্নাধিপ, নবাংশাধিপ প্রভৃতি সূক্ষ্মরূপে নিরূপণ করিয়া পশ্চাৎ পঞ্চ-পক্ষি-গণনা প্রণালী দর্শন পূর্ব্বক তাহার সহিত মিলাইয়া সূক্ষ্মরূপে গণনা করিলে গণনার ফল অভ্রান্ত হইবে, সন্দেহ নাই। লগ্ন ও গ্রহস্ফুট অভ্রান্ত না হইলে গণনা অভ্রান্ত হইবে না।

---

**মুষ্টি ও মনোমুষ্টি গণনার প্রণালী লিখিত হইল। এক্ষণে চৌর্য্যসম্বন্ধীয় গণনা আরম্ভ হইল, ইহা দ্বারা চোরের বয়ঃক্রম, জাতি, বর্ণ, অবয়বাদি ও শরীরের চিহ্নাদি এবং বিত্তনাথের সহিত চোরের কিরূপ সম্বন্ধ, চোর স্ত্রী কি পুরুষ, চোর এক ব্যক্তি কি অনেক, হৃত নষ্ট বস্তু কোন্ দিকে কোন্ স্থানে স্থিত আছে এবং, ঐ বস্তু চোরের হস্তে আছে কি হস্তান্তর হইয়াছে, হৃত নষ্টবস্তু যে স্থানে থাকিবে সেই স্থানের বর্ণনা ও অপহৃত বস্তু পাওয়া যাইবে কি না, চোরের নাম ইত্যাদি নানামতে অতি সহজে পাঠকগণের বিদিতার্থে কথিত হইতেছে।**

## চৌর্য্য গণনা।

> পাপেক্ষিতে পাপযুতে পাপাংশকগতোঽপি বা।
> তস্করেণ হৃতং দ্রব্যং বক্তব্যঞ্চ বিচক্ষণৈঃ॥

প্রশ্নদীপিকা

যদি প্রশ্নলগ্ন রবি, মঙ্গল, শনি প্রভৃতি পাপগ্রহ কর্ত্তৃক বীক্ষিত বা অধিষ্ঠিত হয়, কিম্বা ঐ লগ্ন যদি পাপ গ্রহের নবাংশ হয়, তাহা হইলে বিচক্ষণ ব্যক্তি বলিয়া দিবেন যে, উদ্দিষ্ট দ্রব্য তস্কর কর্ত্তৃক অপহৃত হইয়াছে।

> মূর্ত্তৌ চৌরো ধনমপি ধনে সপ্তমে বস্তুসংস্থা
> চৌর্য্যাধীশো ভুবনগৃহপতির্মূর্ত্তিপো বিত্তনাথঃ।
> মার্ত্তণ্ডেন্দু হৃতধনপতী নির্ণয়ঃ স্যাচ্চ তেভ্য-
> শ্চৌরাদীনামিতি নিগদিতং সূরিভিঃ প্রশ্নবিজ্ঞৈঃ॥

চণ্ডেশ্বর।

প্রশ্নলগ্ন দ্বারা চোর জানা যাইবে, ধনস্থান * অর্থাৎ প্রশ্নলগ্নের দ্বিতীয় গৃহ দ্বারা অপহৃত বস্তু কি তাহা জানা যাইবে, চতুর্থ গৃহ দ্বারা অপহৃত বস্তু কোথায় আছে তাহা নিরূপণ হইবে। সপ্তম গৃহের অধিপতি চৌর্য্যের অধিনায়ক হইবেন। অর্থাৎ কে চুরী করিয়াছে, ঐ গ্রহ দ্বারা জানা যাইবে। লগ্নাধিপ হৃত ধনের স্বামী অর্থাৎ ইহা দ্বারা কাহার ধন অপহৃত হইয়াছে তাহা জানিতে পারা যাইবে। সূর্য্য ও চন্দ্র হৃতধনের অধিপতি হইবেন। অর্থাৎ হৃত ধন কাহার নিকট আছে তাহা ইহাতে জানা যাইবে।

প্রশ্নগণনায় বিচক্ষণ পণ্ডিতগণ এইরূপে চৌর্য্যাদির নির্ণয় করিয়া থাকেন।

> অংশকাজ্জায়তে দ্রব্যং দ্রেক্কাণৈস্তস্করাঃ স্মৃতাঃ।
> রাশিভ্যঃ কালদিগ্দেশা বয়োজাতিস্তু লগ্নপাৎ॥

হোরাষট্পঞ্চাশিকা।

---

* এই ফলিত জ্যোতিষের ১ম খণ্ডের ৭ম সংখ্যার ৩০২। ৩০৩ পৃষ্ঠায় ধন স্থান জানিতে পারিবে।

নবাংশ দ্বারা অপহৃত দ্রব্য পরিজ্ঞাত হওয়া যাইবে। দ্রেক্কাণ দ্বারা তস্কর জানা যাইবে। রাশি দ্বারা দিক্, দেশ, কাল, পরিজ্ঞাত হইবে। লগ্নাধিপ দ্বারা চোরের জাতি ও বয়ঃক্রম জানিতে পারিবে।

নবাংশ দ্বারা দ্রব্য নিরূপণ। যথা, মেষের প্রথমভাগে প্রশ্ন হইলে তাম্র, রাঙ, অথবা চতুষ্কোণ বা ত্রিকোণ দগ্ধমৃত্তিকাময় দ্রব্য স্থির হইবে। যদি মেষের দ্বিতীয় অংশে প্রশ্ন হয়, তাহা হইলে মূল, জলজদ্রব্য, স্নিগ্ধ, ক্ষার বা অম্লরস পত্র বলিয়া দিবে। ইত্যাদি। নবাংশাধিপের দৃষ্টি বা স্থিতি ও লগ্নাধিপের দৃষ্টি বা স্থিতি এবং বলাবল বিচার করিয়া দ্রব্য নিরূপণ করিবে।

দ্রেক্কাণ দ্বারা তস্কর জানা যাইবে। যথা মেষের প্রথম দ্রেক্কাণে প্রশ্ন হইলে পুরুষ চোর, ঐ চোরের কটি দেশে শুক্র বর্ণ বস্ত্র বেষ্টিত ইত্যাদি। ফলিত জ্যোতিষের ১ম খণ্ডের ৩য় সংখ্যা ১ ৮ হইতে ১১২ পৃষ্ঠা এবং ১০৬ হইতে ১০৮ পৃষ্ঠা অবলোকন কর।

রাশি দ্বারা দিক্, দেশ, কাল, এইরূপে নিরূপণ হইবে। যথা যদি মেষ, সিংহ বা ধনুলগ্নে প্রশ্ন হয়, তাহা হইলে পূর্ব্বদিকে হৃত দ্রব্য আছে। যদি বৃষ, কন্যা বা মকর লগ্নে প্রশ্ন হয়, তাহা হইলে হৃতবস্তু দক্ষিণ দিকে আছে। যদি মিথুন, তুলা বা কুম্ভ লগ্নে প্রশ্ন হয় তাহা হইলে, সেই দ্রব্য পশ্চিম দিকে আছে। যদি কর্কট, বৃশ্চিক বা মীন লগ্নে প্রশ্ন হয়, তাহা হইলে হৃতবস্তু উত্তর দিকে আছে। দেশ যথা মেষে মেষ প্রচার ভূমি। বৃষে গোষ্ঠ ইত্যাদি।

কাল যথা মেষ, বৃষ ইত্যাদি লগ্ন দ্বারা রাত্রি, এবং সিংহ কন্যা ইত্যাদি লগ্ন দ্বারা দিবস জানা যাইবে।

এইক্ষণে চোরের শরীরের চিহ্নাদি জানিতে হইলে ১ম খণ্ডের ৩য় সংখ্যার ১১৪ হইতে ১১৯ পৃষ্ঠা অবলোকন কর, পরে বিশেষ রূপে কথিত হইবে। প্রশ্নলগ্নের ও জন্মলগ্নের গণনা অনেক অংশে ঐক্য।

চোরের আকৃতি ইত্যাদি জানিতে হইলে লাগ্নিক প্রশ্ন গণনার ৮ পৃষ্ঠার দ্বিতীয় স্তম্ভের আকৃতি জ্ঞানের উপদেশ দৃষ্টি কর।

**স্থিররাশৌ বন্ধুবর্গৈশ্চররাশৌ হৃতং পরৈঃ।**
**দ্বিশরীরেচ পার্শ্বস্থৈর্বক্তব্যং চৌরলক্ষণম্।**

প্রশ্নকৌমুদী

প্রশ্ন লগ্ন স্থিররাশি হইলে বন্ধুবর্গ চোর। চররাশি হইলে অপর ব্যক্তি চোর। দ্ব্যাত্মক রাশি হইলে পার্শ্বস্থ কোন ব্যক্তি চোর হইবে।

**স্থিরোদয়ে স্থিরাংশে বা বর্গোত্তমগতেঽপি বা।**
**স্থিতং তত্রৈব তদ্‌দ্রব্যং স্বকীয়েনৈব চৌরিতম্॥**

হোরাষট্‌পঞ্চাশিকা।

স্থির লগ্ন, অর্থাৎ বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভ লগ্নে অথবা এই সকল রাশির নবাংশে বা বর্গোত্তম লগ্নে (অর্থাৎ যে লগ্নে প্রশ্ন হইবে সেই রাশির নবাংশে) প্রশ্ন হইলে, অপহৃত বস্তু আপনার আত্মীয় কর্তৃক হৃত হইয়াছে, এবং সেই বস্তু সেই স্থানেই আছে। ইহার বিপরীত হইলে, অপর কর্তৃক হৃত হইয়া সেই দ্রব্য স্থানান্তরিত হইয়াছে। এবং বর্গোত্তম ভিন্ন দ্ব্যাত্মক লগ্নে প্রশ্ন হইলে, পার্শ্বস্থ ব্যক্তি সেই বস্তু অপহরণ করিয়াছে, এবং তাহা নিকটেই আছে।

**স্বামিদৃষ্টে কুটুম্বঃ স্যাং সুহৃদ্দৃষ্টে সুহৃজ্জনঃ।**
**পরবর্গে পরৈর্দৃষ্টে চৌরো জ্ঞেয়স্তথাপরঃ॥**

প্রশ্নকৌমুদী।

লগ্নস্বামী লগ্নকে নিরীক্ষণ করিলে আপনার কুটুম্ব চোর হইবে। এবং যদি লগ্ন স্বামীর মিত্রগ্রহ লগ্নকে দর্শন করে, তাহা হইলে আপনার মিত্র চোর ও প্রশ্ন কালে লগ্নের ষড়্‌বর্গাধিপতি যে কোন গ্রহ লগ্নস্বামীর শত্রু হইবে, সে যদি ঐ লগ্নকে দর্শন করে, তাহা হইলে অপর ব্যক্তিই চোর, ইহা নিশ্চয় করিতে হইবে।

**চন্দ্রার্কদৃষ্টিগে লগ্নে গৃহবাস্যেব তস্করঃ।**
**তয়োরেকেতরে লগ্নে প্রীতিবেশ্মগতো জনঃ॥**

প্রশ্নলগ্ন রবি ও চন্দ্র এই উভয় গ্রহ কর্তৃক বীক্ষিত হইলে গৃহবাসী ব্যক্তি চোর। এই উভয় গ্রহের মধ্যে লগ্নে একটী গ্রহের দৃষ্টি থাকিলে প্রতিবেশী ব্যক্তি চোর, ইহা নিশ্চয় করিবে।

**অন্যস্য ভবনে ভূত্বা চন্দ্রাদিত্যৌ প্রপশ্যতঃ।**
**লগ্নঞ্চ লগ্ননাথঞ্চ চৌরো গৃহপতির্ভবেৎ॥**

যদি চন্দ্র ও সূর্য্য লগ্নকে বা লগ্নস্বামিকে দর্শন করেন, তাহা হইলে গৃহস্বামী চোর।

**চন্দ্রাদিত্যৌ স্বরাশৌ চেৎ ভূত্বা লগ্নং প্রপশ্যতঃ।**
**তদা গৃহনরশ্চৌরো বাচ্যো বুদ্ধিবিশারদৈঃ॥**

চন্দ্র এবং সূর্য্য স্বীয় রাশিতে অবস্থিতি করিয়া যদি লগ্নকে দর্শন করেন, তাহা হইলে বুদ্ধিমান্ ব্যক্তি এই সিদ্ধান্ত করিবেন যে, তাহার পরিজনের মধ্যে কোন ব্যক্তি অপহরণ করিয়াছে।

**দ্বিস্বভাবৈকরাশৌ চেৎ চন্দ্রাদিত্যৌ যদা স্থিতৌ**
**প্রবিষ্টোঽগ্রে তু চৌরস্তু ন জ্ঞাতো গৃহমানুষৈঃ॥**

যদি প্রশ্নকালীন চন্দ্র এবং সূর্য্য উভয়ে একত্রে দ্ব্যাত্মক রাশিতে অবস্থিতি করেন, তাহা হইলে নির্ণয় হইবে যে, চোর গৃহবাসী ব্যক্তিগণের অজ্ঞাতসারে সেই স্থলে প্রবেশ করিয়া সেই দ্রব্য চুরী করিয়া লইয়া গিয়াছে।

**অথ জায়াপতির্লগ্নাৎ দ্বিতীয়ে দশমে তথা।**
**তদা কর্ম্মকরশ্চৌরোঽথ বা কর্ম্মকরী ভবেৎ।**

প্রশ্নকালে যদি সপ্তম গৃহাধিপতি গ্রহ লগ্নের দ্বিতীয় স্থানে অথবা দশমস্থানে অবস্থিতি করেন তাহা হইলে নিরূপণ করিবে যে, তাহাদিগের কোন কিংকর অথবা কিংকরী সেই বস্তু অপহরণ করিয়াছে।

সপ্তমাধিপতি পুংগ্রহ হইলে চোর কিঙ্কর এবং স্ত্রীগ্রহ হইলে চোর কিঙ্করী হইবে।

**সক্রূরে দ্যূনপে কেন্দ্রে চৌরাপ্তিঃ সগুভেঽন্যথা।**
**অস্তস্বামিবিনাশে তু তস্করোঽপি বিনশ্যতি।**
**চৌরজ্ঞানপৃচ্ছায়াং যদি কেন্দ্রে পাপগ্রহ যুক্তঃ সপ্তমগৃহপতির্ভবেৎ তদা আত্মীয়জনশ্চৌরঃ স্যাৎ॥**

যদি সপ্তম গৃহের অধিপতি পাপগ্রহের সহিত মিলিত হইয়া কেন্দ্রে অবস্থান করেন, তাহা হইলে কোন বিশ্বস্ত আত্মীয় ব্যক্তি চুরী করিয়াছে, বিবেচনা করিবে। যদি ঐ সপ্তম গৃহের অধিপতি কোন শুভগ্রহের সহিত মিলিত হইয়া কেন্দ্রে অবস্থান করেন, তাহা হইলে স্থির হইবে যে, চোর আত্মীয় স্বজনের মধ্যে কেহ নহে। যদি সপ্তম গৃহাধিপতি অষ্টম গৃহে অবস্থিতি করেন, তাহা হইলে চোর বিনষ্ট বা নিরুদ্দেশ হইয়াছে, বিবেচনা করিবে।

**জায়েশো যদি চন্দ্রঃ স্যাৎ তদা মাতা চ তস্করী।**
**সূর্য্যেঽস্তপে পিতা চৌরঃ শুক্রে পত্নী ভৃতঃ শনৌ॥**

যদি চন্দ্র সপ্তমগৃহের অধিপতি হন, তাহা হইলে মাতা চুরী করিয়াছেন। যদি সূর্য্য সপ্তমগৃহের অধিপতি হন, তাহা হইলে পিতা চুরী করিয়াছেন, যদি শুক্র সপ্তমগৃহের অধিপতি হন, তাহা হইলে পত্নী চুরী করিয়াছে। যদি শনি ঐ সপ্তমগৃহের অধিপতি হন, তাহা হইলে ভৃত্য চুরী করিয়াছে, স্থির করিবে।

**অস্তপে তু গুরৌ বাচ্যো গৃহস্বামী চ তস্করঃ।**
**ভৌমে ভ্রাতা তথা পুত্রো মিত্রো বা স্বজনো বুধৈঃ॥**

যদি বৃহস্পতি সপ্তমগৃহের অধিপতি হন, তাহা হইলে গৃহস্বামী চুরী করিয়াছেন। যদি মঙ্গল সপ্তমগৃহের অধিপতি হন, তাহা হইলে ভ্রাতা, পুত্র, মিত্র অথবা আত্মীয় স্বজন চুরী করিয়াছে, বুদ্ধিমান্ ব্যক্তি বিবেনা করিবেন।

**হৃত বস্তু কোন্ স্থানে আছে তাহা নিরূপণ।**

**আদ্যমধ্যাবসানেষু দ্রেক্কাণেষু বিশেষতঃ।**
**দ্বারদেশে তথা মধ্যে গৃহান্তে চ বদেদ্ধ্রুবম্॥**

যদি লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রশ্ন হয়, তাহা হইলে অপহৃত বস্তু দ্বারদেশে আছে। এবং প্রশ্নকালীন লগ্নের দ্বিতীয় দ্রেক্কাণ উদয় হইলে সেই দ্রব্য গৃহের মধ্যে আছে ও তৃতীয় দ্রেক্কাণে প্রশ্ন হইলে নষ্টবস্তু গৃহের বাহিরে আছে।

**যদি পৃচ্ছতি মাত্রা মে কুতঃ স্থানেষু তিষ্ঠতি।**
**কর্কিবৃশ্চিক মীনাশ্চেল্লগ্নে তূর্য্যে ভবন্তি হি॥**
**তদা মাত্রা ধরামধ্যে বারিস্থানেষু তিষ্ঠতি।**
**ধনুঃ সিংহে চ মেষে চ মন্দুরায়াং কৃতং ভবেৎ॥**
**গৃহে বহ্নিসমীপে বা দৃঢ়ভূমৌ বিলোকয়েৎ।**
**লগ্নে তূর্য্যে বৃষে লগ্নে মহিষীগোঽজবাটকে॥**
**লগ্নে তূর্য্যে চ কন্যায়াং ক্ষেত্রে ধান্যসমীপগে।**
**মকরেষু জলস্থানে নষ্টদ্রব্যং বিলোকয়েৎ॥**
**তুলামিথুনকুম্ভেষু গৃহে নষ্টং হি ভূমিগম্।**

যদি জিজ্ঞাসিত হয় যে, আমার হৃতবস্তু কোথায় আছে, ইহা নিরূপণের উপায় এই, যদি বৃশ্চিক রাশি প্রশ্ন লগ্ন হইতে চতুর্থ হয়, তাহা হইলে সেই হৃত দ্রব্য ভূমিমধ্যে প্রোথিত আছে, এবং মীন ও মকর রাশি লগ্ন হইতে চতুর্থ হইলে জলমধ্যে নিমজ্জিত আছে, বলিবে। ধনু রাশি প্রশ্ন লগ্ন হইতে চতুর্থ হয়, তাহা হইলে নষ্টদ্রব্য অশ্বশালায়, সিংহ হইলে গৃহে, মেষ হইলে অগ্নিসমীপে বা দৃঢ় ভূমিতে আছে, জানিবে। যদি বৃষ রাশি লগ্নের চতুর্থ হয়, তাহা হইলে মহিষীস্থানে, গোস্থানে বা অজস্থানে হৃতবস্তু আছে, বিবেচনা করিবে। যদি কন্যারাশি লগ্ন হইতে চতুর্থ হয়, তাহা হইলে ক্ষেত্রে, ধান্যসমীপে নষ্টদ্রব্য আছে বলিয়া দিবে।

যদি মকর রাশি প্রশ্ন লগ্ন হইতে চতুর্থ হয়, তাহা হইলে জলসমীপে হৃতবস্তু দেখিতে পাওয়া যাইবে। যদি তুলা, মিথুন অথবা কুম্ভ রাশি লগ্ন হইতে চতুর্থ হয়, তাহা হইলে হৃতবস্তু গৃহে অথবা ভূমিগত হইয়াছে, ইহা নিশ্চয় করিবে।

অন্য প্রকার।

মেষলগ্নে মেষ প্রচার ভূমৌ, বৃষে গোষ্ঠাদৌ, মিথুনে নৃত্য-গীত স্থানে, কর্কটে জলসমীপে জলে বা, সিংহে অরণ্যভূমৌ, কন্যায়াং নৌকাসমীপে, তুলায়াং হট্টভূমৌ, বৃশ্চিকে গর্ত্তে, ধনুষি সংগ্রামভূমৌ, মকরে জলসমীপে জলে বা, কুম্ভে শিল্পগৃহে ভাণ্ডে বা মীনে জলে জলসমীপে বা হৃতবস্তু স্থিতমিতি বদেৎ। সুগমং।

অন্য প্রকার।

তূর্য্যে তূর্য্যপতির্যাপি তূর্য্যভাবেঽপি যো গ্রহঃ।
লগ্নতূর্য্যে শনিস্তিষ্ঠেৎ বস্ত্রশালাগতং বদেৎ॥
গুরৌ দেবকুলারামে ভৌমে বহ্নিসমীপগে।
লগ্নতূর্য্যে গতে সূর্য্যে নষ্টং তত্র গবালয়ে॥
গৃহস্বামী চ যত্রৈব বিশ্রামং কুরুতে সদা।
লগ্নতূর্য্যে স্থিতে শুক্রে স্ত্রীবিশ্রাম প্রদেশতঃ॥
বুধে তু চিত্রশালায়াং লেখ্যরূপসমীপগম্।
চন্দ্রে কূপপ্রদেশে তু করাঙ্ঘ্রিশৌচদেশগম্॥
তূর্য্যে শুভগ্রহে মাত্রা শুচিস্থানে বিলোকয়েৎ।
তূর্য্যে ক্রূরগ্রহে মাত্রাবিরূপস্থলমধ্যগা॥

যদি চতুর্থ গৃহাধিপতি লগ্নের চতুর্থস্থানে থাকে কিম্বা অপর কোন গ্রহ চতুর্থ স্থানে থাকে তাহা হইলে সেই সমস্ত গ্রহের দ্বারা হৃত-বস্তুর স্থিতি স্থানের নিরূপণ করিতে হইবে। যথা, যদি প্রশ্নলগ্নের চতুর্থস্থানে শনি থাকে তাহা হইলে, অপহৃত বস্তু বস্ত্রশালায় আছে স্থির করিবে। যদি ঐ চতুর্থস্থানে বৃহস্পতি অবস্থিতি করেন তাহা হইলে নষ্টদ্রব্য দেবগৃহে অথবা উদ্যান মধ্যে আছে ইহা পরিজ্ঞাত হইবে।

যদি লগ্নের চতুর্থ স্থানে সূর্য্য অবস্থিতি করেন, তাহা হইলে সেই হৃতবস্তু গোশালায় অথবা গৃহের যে স্থানে গৃহস্বামী সতত বিশ্রাম করেন সেই স্থানে আছে। লগ্নের চতুর্থ স্থানে শুক্র অবস্থিতি করিলে, যে স্থানে স্ত্রীলোক বিশ্রাম করে অপহৃতবস্তু গৃহের সেই স্থানে আছে। যদি লগ্নের চতুর্থ স্থানে বুধ গ্রহ থাকে তাহা হইলে, সেই বস্তু চিত্রশালায় অথবা পুস্ত-কালয়ে আছে। লগ্নের চতুর্থ স্থানে চন্দ্র গ্রহ অবস্থিতি করিলে নষ্টদ্রব্য কূপমধ্যে অথবা যে স্থানে সর্ব্বদা হস্তপদধৌত করা যায়, সেই স্থানে আছে। চতুর্থ স্থানে শুভ গ্রহ থাকিলে সেই দ্রব্য পবিত্র স্থানে স্থাপিত আছে, এবং পাপগ্রহ থাকিলে সেই বস্তু কুৎসিত স্থানে স্থাপিত আছে।

অপহরণকাল জ্ঞানম্।

দিবারাত্রৌ হৃতং বস্তু লগ্নে সূর্য্যেন্দুবীক্ষিতে।
অবীক্ষিতে তু সন্ধ্যায়াং বলাধিক্যাদ্বিনিশ্চয়ঃ॥ *

দিবারাত্রিরিতি কালজ্ঞানপৃচ্ছায়াং প্রশ্নলগ্নং যদি সূর্য্যেণ দৃশ্যতে তদা দিবা হৃতং নষ্টং বা বদেৎ। যদি চন্দ্রেণ দৃশ্যতে তদা রাত্রৌ বদেৎ। উভাভ্যাং যদি তদা বলাধিক্যাদ্বিনিশ্চয়ো বাচ্যঃ। চন্দ্রসূর্য্যয়োঃ যদি কেনাপি দৃশ্যতে তদা সন্ধ্যায়াং বদেৎ। ততঃ সন্ধ্যায়াং সন্ধ্যাবিভাগেঽপি বলাধিক্যাদ্বক্তব্যঃ। যদি রবির্বলী তদা প্রাতঃসন্ধ্যায়াং, যদা চন্দ্রো বলী তদা সায়ং সন্ধ্যায়াং বদেৎ।

দিবসে চুরী গিয়াছে বা রাত্রিতে চুরী গিয়াছে, এরূপ প্রশ্ন হইলে গণনা করিয়া দেখিবে যে, প্রশ্নলগ্নে কাহার দৃষ্টি আছে। যদি প্রশ্নলগ্নে সূর্য্যের দৃষ্টি থাকে, তাহা হইলে দিবসে চুরী গিয়াছে বা হারাইয়াছে, বলিয়া দিবে। যদি প্রশ্নলগ্নে চন্দ্রের দৃষ্টি থাকে তাহা হইলে রাত্রিতে হৃত বা নষ্ট হইয়াছে, স্থির করিবে। যদি সূর্য্য ও চন্দ্র উভয়ের দৃষ্টি থাকে তাহা হইলে বলাবল বিচার করিয়া দিবারাত্রি বলিয়া দিবে। যদি চন্দ্র বা সূর্য্য গ্রহ কর্ত্তৃক লগ্ন দৃষ্ট না হয়, তাহা হইলে সন্ধ্যাকালে চুরী গিয়াছে বা হারাইয়াছে, বলিবে। এস্থলেও যদি সূর্য্যের বলা-ধিক্য হয়, তাহা হইলে প্রাতঃসন্ধ্যা এবং যদি চন্দ্রের বলাধিক্য হয় তাহা হইলে সায়ং সন্ধ্যা নিরূপণ করিবে।

অপহৃত বা নষ্টদ্রব্য কোন্ দিকে আছে তাহা নিরূপণ।

দিগ্বাচ্যাঃ কেন্দ্রগতৈরসম্ভবে বদেদ্বিলগ্নর্ক্ষাৎ।
মধ্যাচ্চ্যুতৈর্বিলগ্নান্নবাংশকৈর্যোজনানি বাচ্যম্॥

কেন্দ্রে যে গ্রহ থাকিবেন, সেই গ্রহ যে দিকের অধিপতি, +

* প্রভাত মিন্দুজগুরৌ মধ্যাহ্নে রবিভূমিজৌ।
অপরাহ্নং ভার্গবেন্দূ মন্দামন্দভুজঙ্গমৌ॥
ইহার অনুবাদ এই পুস্তকের ১ম খণ্ডের ৭৬ পৃষ্ঠা দৃষ্টি কর।
প্রভাতঞ্চ বুধে জীবে মধ্যাহ্নে কুজভাস্বরৌ।
দিনান্তে চন্দ্রভৃগুজৌ রাত্রৌ রাহুশনিশ্চরৌ॥

+ প্রথম খণ্ডের ৮১পৃষ্ঠা দৃষ্টি কর।

অপহৃত দ্রব্য সেই দিকে আছে নিরূপণ করিবে, অর্থাৎ কেন্দ্রে রবি থাকিলে পূর্ব্বদিকে, শুক্র থাকিলে অগ্নি কোণে, মঙ্গল থাকিলে দক্ষিণ দিকে, রাহু থাকিলে নৈঋ্ত কোণে, শনি থাকিলে পশ্চিম দিকে, চন্দ্র থাকিলে বায়ু কোণে, বুধ থাকিলে, উত্তর দিকে, এবং বৃহস্পতি থাকিলে হৃতদ্রব্য ঈশান কোণে আছে বলিয়া দিবে। যদি কেন্দ্রে একাধিক গ্রহ থাকেন তাহা হইলে যে গ্রহ বলবান্ সেই গ্রহ যে দিকের অধিপতি সেই দিকেই নষ্ট-দ্রব্য আছে বলিয়া দিবেন।

যদি কেন্দ্রে কোন গ্রহ না থাকে, তাহা হইলে, লগ্ন অবলম্বন করিয়া দিক্ নিরূপণ করিবে। অর্থাৎ যদি মেষ, সিংহ ও ধনু লগ্নে প্রশ্ন হয়, তাহা হইলে নষ্টদ্রব্য পূর্ব্ব দিকে আছে, যদি বৃষ, কন্যা ও মকর লগ্নে প্রশ্ন হয়, তাহা হইলে নষ্টদ্রব্য দক্ষিণ দিকে আছে, মিথুন তুলা ও কুম্ভ লগ্নে প্রশ্ন হয়, তাহা হইলে নষ্টদ্রব্য পশ্চিম দিকে আছে, যদি কর্কট বৃশ্চিক বা মীন লগ্নে প্রশ্ন হয়, তাহা হইলে সেই নষ্ট বস্তু উত্তর দিকে আছে, নির্দ্দেশ করিয়া দিবে। ঐ নষ্টদ্রব্য কত দূরে আছে জানিতে হইলে যে লগ্নে প্রশ্ন হইবে তাহার প্রথম চারি নবাংশ পরিত্যাগ পূর্ব্বক পঞ্চম নবাংশ হইতে গণনা করিয়া, যে নবাংশে প্রশ্ন হইয়াছে তাহা যত নবাংশ হইবে, তত যোজন অন্তরে বস্তু আছে, নির্দ্দেশ করিয়া দিবে। প্রথম নবাংশ হইতে পঞ্চম নবাংশ পর্য্যন্ত হৃতনষ্ট বস্তু স্বদেশের মধ্যে পূর্ব্বোক্ত দিকে স্থিত আছে।

গতঞ্চ কুত্রচিন্তাগে চৌরং পৃচ্ছতি প্রচ্ছকঃ।
যদি চন্দ্রো ভবেল্লগ্নে তদা পূর্ব্বগতং বদেৎ॥
দশমে.চন্দ্রমাঃ প্রশ্নে তদা নষ্টস্ত দক্ষিণে।
সপ্তমেচ ভবেচ্চন্দ্রস্তদা বিত্তস্ত পশ্চিমে॥
চতুর্থে চ ভবেচ্চন্দ্র স্তদা সৌম্যদিগুচ্যতে।
মতান্তরেণ দিগ্‌ভাগো বিজ্ঞাতব্যো বিচক্ষণৈঃ॥
অগ্নিরাশৌ চ পূর্ব্বে স্যাৎ জলরাশৌ তথোত্তরে।
পশ্চিমে বাতরাশৌ চ ভূমিরাশৌ চ দক্ষিণে॥

### তাজিক প্রশ্ন।

চোর অপহৃত দ্রব্য লইয়া কোন দিকে পলায়ন করিয়াছে জানিতে হইলে দেখিবে যে, চন্দ্র যদি লগ্নে থাকেন, তাহা হইলে চোর পূর্ব্ব দিকে লইয়া গিয়াছে, নির্দ্দেশ করিবে। যদি প্রশ্ন কালে চন্দ্র দশমে থাকেন, তাহা হইলে হৃতদ্রব্য দক্ষিণ দিকে লইয়া গিয়াছে, বলিয়া দিবে। যদি চন্দ্র সপ্তমে থাকেন, তাহা হইলে হৃত-দ্রব্য পশ্চিমে গিয়াছে বলিবে। যদি চন্দ্র চতুর্থে থাকেন, তাহা হইলে চোর উত্তর দিকে লইয়া গিয়াছে, স্থির করিবে। পণ্ডিতগণ অন্যমতেও দিক্ নিরূপণ করিয়া থাকেন। অগ্নি রাশিতে অর্থাৎ মেষ, সিংহ বা ধনু রাশিতে প্রশ্ন হইলে হৃতদ্রব্য পূর্ব্ব দিকে আছে স্থির করিবে। জল রাশিতে অর্থাৎ কর্কট, বৃশ্চিক বা মীন রাশিতে প্রশ্ন হইলে হৃতদ্রব্য উত্তর দিকে আছে, বলিবে। বায়ু রাশিতে প্রশ্ন হইলে অর্থাৎ মিথুন, তুলা বা কুম্ভ রাশিতে প্রশ্ন হইলে সেই দ্রব্য পশ্চিম দিকে আছে, নির্দ্দেশ করিবে। ভূমি রাশিতে অর্থাৎ বৃষ, কন্যা ও মকর রাশিতে প্রশ্ন হইলে নষ্ট বস্তু দক্ষিণ দিকে আছে বলিয়া দিবে।

### হৃতনষ্ট লাভালাভজ্ঞানম্।

পূর্ণঃশশী লগ্নগতঃ শুভো বা, শীর্ষোদয়ে সৌম্যনিরীক্ষিতশ্চ।
নষ্টস্য লাভং কুরুতে তদাশু লাভোপয়াতো বলবান্ সদৈব॥
অন্যচ্চ। শীর্ষোদয়ে বিলগ্নে চ, শুভৈঃ সংযুতবীক্ষিতে।
পূর্ণচন্দ্রো বলো লাভো লাভে যদি শুভং ভবেৎ॥
পঞ্চমে বা দ্বিতীয়ে বা সহজে বা যদি স্থিতাঃ।
সোম্য গ্রহা বিনষ্টস্য তদা লাভং বিনির্দ্দিশেৎ॥

হৃতনষ্ট লাভালাভ পৃচ্ছায়াং যস্মিন্ তস্মিন্ লগ্নে, পূর্ণচন্দ্রো যদি তিষ্ঠতি শীর্ষোদয়ে লগ্নে বা শুভ গ্রহৈরবলোকিতঃ শুভগ্রহো বা তিষ্ঠতি যদি বা। একাদশে গৃহে বলবান্ শুভস্তিষ্ঠেৎ তদা হৃত নষ্টস্য ধনাদিলাভং কুরুত॥

যত্রাংশে চ ভবেচ্চন্দ্রস্তদংশর্ক্ষাধিপেন চেৎ।
দৃশ্যতে চন্দ্রমা প্রশ্নে নষ্টস্য লভতে তদা॥

হৃতনষ্টলাভালাভ পৃচ্ছায়াং যত্রাংশে চন্দ্রস্তিষ্ঠতি তস্যাংশস্য যোরাশিস্তস্যাধিপেন স চন্দ্রো যদি দৃশ্যতে তদা নষ্টং লভ্যত ইতি।

বুধজীবশুক্রা যদি প্রত্যেকং কেন্দ্রগা ভবন্তি।
কথয়ন্তি নষ্টলাভং তদাল্পলাভঞ্চ পৃচ্ছায়াং॥

হৃতনষ্ট লাভ পৃচ্ছায়াং কেন্দ্রে বুধজীবশুক্রা যদি তিষ্ঠন্তি

তদা নষ্টং লাভং কথয়তি। যদি বুধাদীনামেকঃ কেন্দ্রে তিষ্ঠতি তদাল্পলাভঞ্চেতি।

যদি ক্রূরগ্রহো লগ্নে জায়েশং লগ্নপং ধ্রুবং।
প্রপশ্যতি ততস্তস্য নষ্টং বিস্মৃতমাপ্যত॥
লগ্নসপ্তময়োঃ পাপাঃ সৌম্যা নবমলগ্নয়োঃ।
বিস্মৃতঞ্চ হৃতং নষ্টং তদা স্বল্পমবাপ্যতে॥ সুগমং
ধনপো রিপ্ফগঃ সূর্য্যাদুদিতো ভবতি স্ফুটঃ।
তদাপি কিমপি স্বল্পং প্রাপ্যতে তত্র নষ্টকং॥

হৃতনষ্ট লাভালাভ পৃচ্ছায়াং যদি দ্বিতীয় গৃহস্বামী সূর্য্যাদ্দাদশ স্থানে স্ফুটমুদিতো ভবতি অস্তগতো ন ভবতি। তদাপি নষ্ট বিস্মৃতধনাদেঃ কিমপি স্বল্পং প্রাপ্যতে।

যদি চন্দ্রো ব্যয়ং ত্যক্ত্বা লগ্ননাথেন সংযুতঃ
পর প্রার্থনয়া কিঞ্চিৎ তদা যত্নেন লভ্যতে।

অন্যগৃহগতশ্চন্দ্রো ভবতি লগ্ন নাথেন যুতস্তদা যত্নেন পর পার্থনয়ানষ্টংলভ্যত ইতি॥

দ্যূননাথেক্ষিতে নষ্টং কষ্টলভ্যঞ্চ লগ্নপে।
দুর্ব্বলেলব্ধিযোগেঽপি লব্ধিঃ কর্ণসুখাবহাঃ॥

ইতি তাজিকপ্রশ্ন।

ধনেশ লগ্ননাথৌ দ্বৌ লগ্নং যদি ন পশ্যতঃ।
ন নিঃস্বরতি শব্দোঽপি লাভস্য চ কথাকুতঃ॥
জায়েশং সূর্য্যরাশৌচেৎ লগ্ন স্বামী ন পশ্যতি।
তস্করস্বীকৃতং দ্রব্যং প্রাপ্যতে ন কথঞ্চন॥

প্রশ্নদীপ প্রকাশিণী।

হৃতনষ্ট লাভালাভ প্রশ্নে সপ্তমগৃহাধিপঃ সিংহরাশৌ সূর্য্য যুতরাশৌ বা স্থিতং যদি লগ্নাধিপো ন পশ্যতি তদা হৃতং বস্তু চোর স্বীকৃতং। কেনাপি প্রকারে ন লভ্যত ইতি।

লগ্নাদ্দ্বিতীয়ে যদি বা তৃতীয়ে কেন্দ্রে ব্যয়ে বোপচয়ে শুভে বা।
শুভেন যুক্তে হৃতনষ্ট লব্ধি র্ব্বলাদ্বিচিন্ত্যা সকলার্দ্ধ পাদৈঃ॥

প্রশ্নরত্নাঙ্কুর।

## হৃতনষ্ট লাভালাভ কালজ্ঞানম্।

প্রশ্নদিয়াং সুগণিত বিদাং পরং
ভবতি তৎ স্থূলবুদ্ধিমতাং কালজ্ঞানার্থং।
যুদ্ধ জয়ার্ণব প্রোক্তঃ কালোলিখ্যতে।
তত্রগৌরীং প্রতি শঙ্করবাক্যং॥
লগ্নস্য যোঽংশকো দেবি তস্যস্বামী তু যোগ্রহঃ।
তদ্বসাৎ কাল বিজ্ঞানমুদিতাংশক সংখ্যয়া॥
সূর্য্যেঽয়নং ক্ষণাশ্চন্দ্রে দিনমারে তথা বুধে।
ঋতবশ্চ গুরৌ মাসাঃ শুক্রে পক্ষাঃ প্রকীর্ত্তিতাঃ॥
সূর্য্যাপুত্রে সমা দেবি সর্ব্বত্রৈবং বিধিস্মৃতঃ।

লগ্নস্য যস্মিন্ নবাংশে প্রশ্নো ভবতি তস্য নবাংশস্য যোঽধিপস্তদ্বশাৎ ক্রমেণ কালং বদেৎ। অথ তদ্বশাৎ কালজ্ঞানং তাবদংশক সংখ্যেতি উদিতাংশক প্রশ্ননবাংশক সংখ্যয়া তদ্যথা। লগ্নস্য প্রথম নবাংশকে প্রশ্নেকৃতে একময়নাদিকং দ্বিতীয়ে দ্বিতীয়ং তৃতীয়ে তৃতীয়ং চতুর্থে চতুর্থং পঞ্চমে পঞ্চমং ষষ্ঠে ষট্ সপ্তমে সপ্তমং অষ্টমে অষ্টমং নবমে নবমমিতি রূপং কিংকালো ভবতি অয়মর্থঃ॥ যথা মেষস্য প্রথম নবাংশে প্রশ্নোভবতি তদা তস্য নবাংশস্য কুজোধিপস্তদ্বশাদ্দিনং উদিতনবাংশক সংখ্যয়া এক দিনং ভবতি, মেষস্যৈব দ্বিতীয় নবাংশকে প্রশ্নে তস্য শুক্রোঽধিপস্তদ্বশাৎ শুক্রোঽধিপনবাংশ দ্বিতীয়স্তেন দ্বৌ পক্ষৌ বক্তব্যৌ, মেষস্য তৃতীয় নবাংশে প্রশ্নে তস্য বুধোঽধিপস্তদ্বশাৎ ঋতব উদিতনবাংশাস্ত্রয়স্তদ্বশাৎ ত্রয়ো ঋতবো বাচ্যাঃ, মেষস্যৈব চতুর্থ নবাংশে প্রশ্নে তস্যাধিপশ্চন্দ্রস্তদ্বশাৎক্ষণা উদিতাঃ উদিতনবাংশশ্চতুর্থস্তেন চত্বারঃক্ষণাঃ। মেষ স্যৈব পঞ্চম নবাংশে প্রশ্নে তস্যাধিপঃ সূর্য্যস্তদ্বশাৎ অয়নানি। উদিত নবাংশাঃ পঞ্চ তেন পঞ্চায়নানি মেষস্যৈব ষষ্ঠ নবাংশে প্রশ্নে তস্যাধিপো বুধস্তদ্বশাদৃতবঃ উদিত নবাংশাঃ ষট্ তেনষট্ ঋতবঃ। মেষস্যৈব সপ্তম নবাংশে প্রশ্নে তস্য শুক্রোঽধিপস্তদ্বশাৎ পক্ষাঃ উদিতনবাংশাঃ সপ্ত তেন সপ্ত পক্ষা মেষস্যৈব অষ্টম নবাংশে প্রশ্নে তস্য কুজোঽধিপস্তদ্বশাৎ দিনানি উদিতা নবাংশা তেনাষ্টদিনানি মেষস্যৈব নবমনবাংশে প্রশ্নে তস্য গুরুরধিপস্তদ্বশান্মাসা উদিত নবাংশো নবম ইতি। বৃষস্য নবাংশে প্রাপ্তে তস্য শনিরধিপস্তদ্বশাদব্দ উদিতৈক নবাংশাদেকাব্দো বক্তব্যঃ। তথাবৃষস্যৈব দ্বিতীয় নবাংশে প্রশ্নে তস্যাধিপঃ শনিস্তদ্বশাদব্দঃ উদিত নবাংশাদব্দো বাচ্যঃ এতৎ তৃতীয় নবাংশাদাবপি বৃষেঽপি মিথুনে তথৈব জ্ঞেয়া মতাঃ।

## হৃতধননিরূপণম্।

মেষে মেষাংশকে বাঽপি যদি চন্দ্রো বলী ভবেৎ।
স্বর্ণরৌপ্যাদিকং স্পষ্টং ঘটিতং মরকতাদিকং॥ ১॥
দৃষ্টে চ গুরুশুক্রাভ্যাং উচ্চেচন্দ্রে ধ্রুবং বদেৎ।
রত্নরৌপ্যং গতং প্রশ্নে জ্যোতিঃ শাস্ত্রেষুসম্মতং॥ ২॥

বৃষে গুরৌ চ চন্দ্রে চ কিম্বা বৃষনবাংশকে।
বস্ত্রানি রাজযোগ্যানি নানারূপাণি সংদিশেৎ॥ ৩
মিথুনে মিথুনাংশে বা জীবে রৌপ্যগতং মতং।
চন্দ্রেঽরিপ ফগতে বস্তু হৃতং ভুক্তঞ্চ তস্করৈঃ॥ ৪
কর্কে কর্কাংশকে বাপি জলজাত ধনং বদেৎ।
বৃষে বৃষাংশকে বাঽপি প্রধান ভূষণং বদেৎ॥ ৫
সূর্য্যাদ্যৈর্নিঃ স্বতে শুক্রে শস্ত্র লৌহ সমাদিশেৎ।
মেষরাশৌ ভবেচ্চন্দ্রো মস্তকে ধারিতং ধনং॥ ৬
বৃষে চন্দ্রে ভবেদ্ যত্র কর্ণ ধার্য্যন্তু ভূষণং।
সিংহে সূর্য্যেক্ষিতে নষ্টে চন্দ্রে তত্রৈব সংস্থিতে।
লৌহকাংস্য ভবেন্নষ্টং ঘটিতা ঘটিতং মতং॥

প্রশ্নকৌমুদী।

মিথুনে মিথুনাংশে বা স্থিত্বা লগ্নং প্রপশ্যতঃ।
যদা গ্রহস্তদা বস্তু দ্বিজাতীয়ং গতং বদেৎ।
দশমস্থং সুরাচার্য্যং সপ্তাশ্বো যদি পশ্যতি।
তদৈকং যদি রূপন্তু সুবর্ণং তত্র গচ্ছতি॥
জীবশ্চেৎ সপ্তমে তুর্য্যে শনিঃ পশ্যতি কেবলং।
তদৈকং জাতি রূপন্তু দ্রব্যং গচ্ছতি তস্করং॥

প্রশ্নদীপ প্রকাশিনী।

লগ্নে ভাস্বতি ভূসুতে চ কনকং রৌপ্যং সিতেন্দ্বাত্মজে।
লৌহং ভাস্করনন্দনে তমসিজে স্বর্ণং সরত্নং গুরৌ॥
ইত্থং শাসতি ধাতুবাদ বিষয়েঽপ্যার্য্যাঃ ফলং কিংপুনঃ।
দীপ্তে সিদ্ধি রথণ্ডিতাত্র খচরে মিথ্যা প্রয়াত্বন্যথা॥

চণ্ডেশ্বর।

অংশকাদ্জ্ঞায়তে দ্রব্যং।

অধুনা হৃতদ্রব্যাদীনাং জ্ঞানার্থমাহ। অংশকাদিতি। অংশকাৎ তৎকাললগ্ননবমভাগস্বরূপকাৎ দিগ্‌দেশকালানাং জ্ঞানং তস্করস্য চ ধাতুমূলজীবাখ্যানমপহৃতং জ্ঞায়তে এতচ্চপূর্ব্বমেবব্যাখ্যাতং স্বাংশং বিলগ্নাদিত্যাদিনা রাশিস্বরূপং বক্তব্যং তথাচ লঘুজাতকে অরুণসিতহরিতপাটলপাণ্ডুবিচিত্রাঃ সিতেতর পিসঙ্গৌ পিঙ্গলকর্ব্বুরবভ্রুকমলিনা রুচয়ো যথাসংখ্যমিতি। তত্রচ মেষবৃষকুম্ভমীনা হ্রস্বাঃ মিথুনকর্কটধনুর্ম্মকরাঃ মধ্যাঃ হরিযুবতিতুলালয়ঃ স্মৃতা লগ্নপা দীর্ঘাঃ। দীর্ঘং হ্রস্বং মধ্যং নবাংশকাজ্জ্ঞেয়ং। তথা চাস্মদীয় প্রশ্নজ্ঞানে হ্রস্বং পরিবর্ত্তুলং মধ্যমাদীর্ঘমতীবায়তং অংশপতৌ সবলেঽন্তঃসারং অল্পবলে অন্তরে শুষিরং নীচস্থে ভূমিগতং নষ্টপ্রায়মিত্যাদি প্রকারেণ অংশকাদ্দ্রব্যং জ্ঞায়তে। ইতি ভট্টোৎপল।

## নবাংশানুসারে দ্রব্য নিরূপণম্।

### মেষস্য।

মেষস্য প্রথমে ভাগে ধাতু তাম্রং ন সংশয়ঃ। বঙ্গং বা মৃত্তিকাদগ্ধং চতুরস্রং ত্রিকোণকং॥ ১॥ দ্বিতীয় ভাগে মেষস্য মূলঞ্চ জলজন্তুথা। স্নিগ্ধপত্রঞ্চ ক্ষারং বা অম্লং বাপি বদেদ্দ্বিজং॥২ তৃতীয়ভাগে মেষস্য জীবং দ্বিপদ সংজ্ঞকম্। দম্পতী বা গর্ভযুতাং নারীং বা চক্ষুসংযুতাম্॥৩॥ চতুর্থভাগে সংপ্রাপ্তে ধাতুং রজত খণ্ডকম্। অঙ্গুরীয়কতঙ্কানাং চতুরস্রং ন সংশয়ঃ॥ ৪॥ মেষস্য পঞ্চমেভাগে সিদ্ধমূলং ন সংশয়ঃ। ফলং বা কটু সূক্ষ্মং বা চতুরস্রং তৃণাদিকম্॥৫॥ মেষস্য ষষ্ঠভাগে চ জীবঞ্চ দেবতাসমম্। নারী বা সুন্দরী গৌরী স্ত্রীরতো বা পুমান্ সুধী॥ ৬॥ মেষস্য সপ্তমে ভাগে ধাতু রজতসন্নিভম্। অঙ্গুরীয়কখণ্ডং বা চতুরস্রং বিধীয়তে॥ ৭॥ মেষস্যাষ্টমভাগে চ মূলং পুষ্টং সভস্মকম্। জীহ্বা মার্জ্জনকাষ্ঠং বা চতুরস্রং স কণ্টকম্॥ ৮॥ মেষস্য নবমেজীবো ধনুর্ব্বিদ্যা বিশারদঃ। ক্ষত্রিয়ো গৌরবর্ণো বা পুরুষোত্তম পণ্ডিতঃ॥ ৯॥

### বৃষস্য।

বৃষস্য প্রথমে জীবং মৎস্যং বা জলজন্তুথা। বিড়ালং মূষিকং ব্যাঘ্রং শৃগালং শশকং বৃকম্॥ ১॥ বৃষস্য দ্বিতীয়েভাগে মূলঞ্চ কৃষ্ণবর্ণকম্। জলজং তিক্তকাষ্ঠং বা দীর্ঘাকৃতি ন সংশয়ঃ॥ ২॥ তৃতীয়ে চ ভবেদ্ধাতুঃ সুবর্ণো রত্ন সংযুতঃ। পিত্তলং বর্ত্তুলাকারং অঙ্গুরীপদ্মসন্নিভম্॥ ৩॥ বৃষস্য তুর্য্যগেজীবং মেষাদিঞ্চ চতুষ্পদম্। রক্তবর্ণং বলযুতং দগ্ধাঙ্গং বা বিচিন্তয়েৎ॥ ৪॥ পঞ্চমে চ ভবেন্মূলং স্নিগ্ধং খণ্ডং কষায়কম্। ফলঞ্চ বর্ত্তুলাকারং মধুরং বা বিচিন্তয়েৎ॥ ৫॥ ষষ্ঠে চ ধাতু ধাম্যাদি সুবর্ণমঙ্গুরীয়কম্। রজতং ঘটিতং বাপি পাষাণ পরসংযুতম্॥ ৬॥ বৃষস্য সপ্তমেজীবং বহুপাদাদি সংযুতম্। ভঙ্গো বা কর্কটো বাপি জলস্থলনিবাসিনৌ॥৭ অষ্টমেমূল সূক্ষ্মঞ্চ দীর্ঘং কটু সরক্তকম্। পঙ্কং পত্রং শলীলস্থং পতনং বা জলাশয়ম্॥ ৮॥ বৃষস্য নবমে ধাতুঃ পিত্তলো বর্ত্তুলাকৃতিঃ। সুবর্ণং তাম্রসিন্দূরং হিঙ্গুলং পাক সংযুতম্॥ ৯॥

### মিথুনস্য।

যুগ্মস্য প্রথমে ধাতুঃ পাণ্ডবং পর্ব্বতাকৃতিঃ। অথবা রাজতং খণ্ডং চতুরস্রং ধনুঃ সমম্॥ ১॥ দ্বিতীয়ে চ ভবেন্মূলং দগ্ধঞ্চ কটুপত্রকম্। কটুকং কণ্টকীপত্রং জ্ঞাবকং বা সভস্মকম্॥ ২॥

তৃতীয়ে ঘোটকং জীবং মনুষ্যং বা সপাপকম্। গৌরং বা শ্যামবর্ণং বা দম্পতী বা দ্বিজোত্তমম্ ॥ ৩ ॥ তূর্য্যে ধাতু সুবর্ণঞ্চ পিত্তলং বা বিচিন্তয়েৎ। অথবা পূজন দ্রব্যং দৈবো বা ধাতু প্রস্তরঃ ॥ ৪ ॥ যুগ্মস্ত পঞ্চমেমূলং দীর্ঘং কটুক পুষ্পকম্। কৃষ্ণবর্ণঞ্চ মাল্যং বা করকোচ্ছিদ্রসংযুতম্ ॥ ৫। যুগ্মষষ্ঠে ভবেজ্জীবং মৎস্যং বা গর্ভসংযুতম্। অথবা পাপ বহুলং ভূদেবং বাদরেস্থিতম্ ॥ ৬ ॥ যুগ্মস্ত সপ্তমেধাতুঃ তাম্রবর্ণো ন সংশয়ঃ। বঙ্গং বা মৃত্তিকাদগ্ধং চতুরস্রং ত্রিকোণকম্ ॥ ৭ ॥ অষ্টমে চ ভবেন্মূলং ধান্যং বা তিল সর্ষপম্। যুগলং ফলবিম্বং বা কুষ্মাণ্ডং বা লতাযুতম্ ॥ ৮ ॥ নবমে চ বদেজ্জীবং মনুষ্যং দেবতাসমম্। জলাস্থিকম্ মৃগানাঞ্চ গাবো বা শুক্ষবর্জ্জিতম্ ॥ ৯ ॥

## কর্কটস্য।

কর্কট প্রথমেজীবং জলজং শ্বেতবর্ণকম্। ভেকো বা কর্কটীমৎস্যং দেবো বা দেবলদ্বিজঃ ॥ ১ ॥ দ্বিতীয়ে চ ভবেন্মূলং শুষ্ককাষ্ঠতৃণাদিকম্। ফলং বা কটুপত্রং বা শ্বেতবর্ণঞ্চ বর্ত্তুলম্ ॥ ২॥ তৃতীয়ে চ ভবেদ্ধাতুঃ সুবর্ণঃ পিত্তলাদিকঃ। নারীনাং ধারণদ্রব্যং সচ্ছিদ্রং ধনুরাকৃতিম্ ॥ ৩ ॥ চতুর্থে দ্বিপদো জীবো মনুষ্যশ্চ দ্বিজোত্তমঃ। মধ্যবয়ঃ শ্যামবর্ণং পুংসো বা ছুর্মুখস্ত্রিয়ঃ ॥ ৪ ॥ পঞ্চমে চ ভবেন্মূলং সিদ্ধং বা কটুকাদিকম্। দীর্ঘং বা ফল পুষ্পঞ্চ পতনং মৃত্তিকান্বিকম্ ॥ ৫ ॥ ষষ্ঠেধাতু সুবর্ণঞ্চ চিত্রঞ্চ প্রস্তরান্বিতম্। খণ্ডং বা যুগলং বাপি দানাদীনি বিশেষতঃ ॥ ৬ ॥ সপ্তমে চ বদেজ্জীবং সদীর্ঘঞ্চ চতুষ্পদম্। খঞ্জং বা পীড়িতং বাপি পরদেশগতঃ সুধী ॥ ৭ ॥ অষ্টমে তিক্তমূলঞ্চ কণ্টকী বৃক্ষমেবচ। ছিদ্রং বা কৃষ্ণবর্ণঞ্চ দগ্ধং বাপি বিচারয়েৎ ॥ ৮ ॥ কর্কটে নবমে ভাগে সুবর্ণং রজতং যুতম্। পিত্তলং বা জলাধারং চক্রাকারং সচিত্রকম্ ॥ ৯ ॥

## সিংহস্য।

সিংহস্য প্রথমে ধাতুং সুবর্ণং তাম্র সংযুতম্। প্রবালং বাপি বৈদূর্য্যং মুক্তাম্বাকীটসংযুতং ॥ ১ ॥ সিংহস্য দ্বিতীয়ে মূলং কটুকং শ্যামরক্তকম্। ফলং বা কন্দবর্ত্তুলং চিত্র যুক্তং সমুদ্রকম্ ॥ ২ ॥ তৃতীয়ে চ ভবেজ্জীবো মনুষ্যো যুগলস্তথা। বনিজং কর্ম্ম কর্ত্তারং শ্যামবর্ণং বিধীয়তে ॥ ৩ ॥ ততশ্চতুর্থে সিংহস্য ধাতুং রজতমিশ্রিতম্। স্ত্রীণাং ধারণ বস্তূনি জলপাত্রং প্রসংশতে ॥ ৪ ॥ পঞ্চমে মূলরক্তঞ্চ ফলং বা শ্বেত পাণ্ডবম্ সর্ষপং বা তথা ধান্যং অথবা কটুপত্রকম ॥ ৫ ॥ ষষ্ঠেজীবঃ শ্যামবর্ণো বালকং বা বিচিন্তয়েৎ। চিত্রবেশযুতা নারী খর্ব্বদেহী চ স্নেহতা ॥৭॥ অষ্টমে মূলরক্তঞ্চ দগ্ধং বাপি বিচিন্তয়েৎ। অথবা কণ্টকীপত্রং শুষ্কং বাপি বিচিন্তয়েৎ ॥৮॥ নবমে চ ভবেজ্জীবো মনুষ্যো ঘোটকান্বিতম্। কাব্যঞ্চ স্ত্রীরতো নিত্যং পণ্ডিতং চার্থবেদীনাম্ ॥ ৯ ॥

## কন্যায়াঃ।

কন্যায়াঃ প্রথমেজীবং সর্পাকারং ন সংশয়ঃ। জলজং বাতথা মৎস্যং অপদং বা সরীসৃপং ॥১॥ দ্বিতীয়ে চ ভবেন্মূলং শ্যামবর্ণঞ্চ পত্রকং কষায় যবচূর্ণং বা দেবস্থান তরং সদা ॥২ তৃতীয়ে চ ভবেদ্ধাতু সুবর্ণং বর্ত্তুলাকৃতি অথবা তাম্বূসাধারং চিত্রযুক্তং ন সংশয়ঃ ॥ ৩ ॥ চতুর্থে চ বদেজ্জীবং মেষশৃঙ্গসমাকুলং। হরিণং বা রক্তবর্ণম্ দগ্ধং বা রোগ সংযুতং ॥ ৪ কন্যায়াঃ পঞ্চমে মূলং শ্বেত বর্ণং বিচিন্তয়েৎক্ষীরকাখ্যাবহুবীজং সজলং বা লতাযুতং ॥৫ কন্যা ষষ্ঠে ভবেদ্ধাতু সুবর্ণং বর্ত্তুলাকৃতি মাল্যং বা চিত্র সংযুক্তং নারীণাঞ্চ বিভূষণং ॥ ৬ ॥ কন্যায়াঃ সপ্তমে জীবং শ্বেতরক্তং জলোদ্ভবং। অপদং মীন সর্পাদি চক্রাকারঞ্চ মস্তকং ॥৭ অষ্টমে চ ভবেন্মূলং সূক্ষ্মঞ্চ শ্বেতরক্তকম্। কটুকং চতুরস্রঞ্চ শুষ্কং বাপি তুলাদিকম্ ॥ ৮ ॥ কন্যায়া নবমে ধাতুং পিত্তলং বা সুবর্ণকম্। বর্ত্তিকা তৈলযুক্তঞ্চ তাম্বূলাধারচিত্রকম্ ॥ ৯ ॥

## তুলায়াঃ।

তুলায়াঃ প্রথমে ধাতুং শ্বেতং রজত খণ্ডকম্ নার্য্যাভরণ দ্রব্যং বা বামাঙ্গস্য বিচিন্তয়েৎ ॥ ১ ॥ তুলায়া দ্বিতীয়ে মূলং রক্ত পিঙ্গল বর্ণকং অথবা কটুকং পত্রং দগ্ধং বা কণ্টকী ফলং ॥ ২ ॥ তুলায়াস্তৃতীয়ে জীবং ঘোটকং বা মনুষ্যকম্। দ্বিতীয়ং তৃতীয়ং বাপি ধনুর্ব্বিদ্যা বিশারদঃ ॥ ৩ ॥ চতুর্থে চ ভবেদ্ধাতু লৌহং বা দীর্ঘ খণ্ডকম্। সচ্ছিদ্রং যন্ত্র যুগ্মঞ্চ কাংস্য বাপি সভগ্নকম্ ॥ ৪ ॥ তুলায়াঃ পঞ্চমে মূলং ফলং তিক্তং সুদীর্ঘকম্। পুষ্পং পর্য্যোসিতং বাপি দগ্ধভাণ্ডং সমীপগঃ ॥ ৫ ॥ তুলাষষ্ঠে ভবেজ্জীবং জলজং কৃষ্ণবর্ণকম্। অথবা বিপ্রযুগলং বৃদ্ধঞ্চৈব বিচিন্তয়েৎ ॥ ৬ ॥ তুলয়াঃ সপ্তমে ধাতুং সুবর্ণং তাম্রমিশ্রিতম্। প্রবালং স্ফাটিকং বাপি অধাম্যং হিঙ্গুলাদিকম্ ॥ ৭ ॥ অষ্টমে চ ভবেন্মূলং স্নিগ্ধং কটুরসাশ্রিতম্। রাজ্যং ভূমি লতাখণ্ডং আম্রকং বা বিচিন্তয়েৎ ॥ ৮ ॥ তুলায়া নবমেজীবং মনুষ্যং শ্যামবর্ণকম্। দম্পতী বা দ্বিজশ্রেষ্ঠো দেবকার্য্যরতঃ সদা ॥ ৯ ॥

## বৃশ্চিকস্য।

বৃশ্চিক প্রথমে ভাগে জীবং বহু পদান্বিতং। জলজং কর্কটং সর্পং মণ্ডূকং বা বিচিন্তয়েৎ॥ ১॥ দ্বিতীয়ে চ ভবেন্মূলং শ্বেতং কটুকপত্রকং অথবা ফলতিক্তঞ্চ ত্বচং কটু কষায়কং॥ ২॥ তৃতীয়ে চ ভবেদ্ধাতু পিত্তলং চিত্রসংযুতং অথ যত্র সমীপস্থং স্বুবর্ণং তাম্র মিশ্রিতং॥ ৩॥ চতুর্থে চ ভবেজ্জীবঃ শ্যামবর্ণো-দ্বিজোত্তমঃ। অথবা ব্যাপিকা নারী ভ্রষ্টা পররতা সদা॥ ৪॥ পঞ্চমেচ ভবেন্মূলং দগ্ধঞ্চ শুষ্ক রক্তকং তিক্তং বা কটুকং বাপি চতুরস্রং ফলং দলং॥ ৫॥ ষষ্ঠে ধাতুং ন সন্দেহঃ স্বুবর্ণং বর্ত্তুলাকৃতিং। মঞ্চস্থং দেবতা দ্রব্যং চতুরস্রং সচিত্রকং॥ ৬॥ সপ্তমে চ বদেজ্জীবং মৃগাদীনি চতুষ্পদং। বনজং বৃকব্যাঘ্রাদি জম্বুকিংবা বিচিন্তয়েৎ॥ ৭॥ অষ্টমে মূলং দীর্ঘঞ্চ তিক্তঞ্চ ফল যুগ্মকং। কৃষ্ণ বর্ণং পত্রযুতং পুষ্পং বা ছিদ্র সংযুতং॥ ৮॥ নবমে চ ভবেদ্ধাতুস্বুবর্ণং বর্ত্তুলাকৃতিঃ অথবা পিত্তল দ্রব্যং জলাধারং বিচিন্তয়েৎ॥ ৯॥

## ধনুষঃ।

চাপস্য প্রথমে ধাতুস্বুবর্ণং পিত্তলাদিকং। তাম্রং বা ঘটিতং স্বর্ণং রজং বা পরিচিন্তয়েৎ॥ ১॥ দ্বিতীয়ে চ ভবেন্মূলং শ্বেতবর্ণঞ্চ পুষ্পকং। অথবা তিক্ত মধুরং পত্রংবানাত্র সংশয়ঃ॥ ২॥ তৃতীয়ে চ ভবেজ্জীবো যুগলঃ শ্যাম বর্ণকঃ। নারী বা যুবতী কন্যা গর্ভিণী বা শিশুত্রয়ঃ॥ ৩॥ চতুর্থে ধাতুরজতং জলাধারং বিশেষতঃ। অথবা রাজতং খণ্ডং তঙ্কাং বা প্রস্তরাদিকং॥ ৪॥ পঞ্চমে চ তথা-মূলং রক্তপাণ্ডু চতুরস্রং। ফলঞ্চ কটুকং ছিদ্রং পুষ্পঞ্চ শুষ্ক পত্রকং॥ ৫॥ ষষ্ঠে ধনুষি সংপ্রাপ্তে জীবঞ্চ শ্যামবর্ণকং যুবতীং বা চিত্ররতাং বালকং বা বিচিন্তয়েৎ॥ ৬॥ চাপস্য সপ্তমে ধাতু রজতঞ্চা-ঙ্গুরীয়কং নারীণাং বামহস্তস্য চ্যুতির্ব্বাপি জলান্তিকে॥ ৭॥ চাপস্য চাষ্টমে মূলং তিক্তং কটুকমিশ্রকং। রক্তপাণ্ডব পুষ্পং বা দগ্ধ ধন্যাদিকং বদেৎ॥ ৮॥ চাপস্য নবমে জীবং ঘোটকং বা চতুষ্পদং দ্বিতীয়ং বা তৃতীয়ং বা মনুষ্যং দেবতা যুতং॥ ৯॥

## মকরস্য।

মকর প্রথমে জীবং ব্যাঘ্রং বা বৃকজম্বুকিং। অথবা জলজং জীবং নখশৃঙ্গ সমাকুলং॥ ১॥ দ্বিতীয়ে চ তথা মূলং তিক্তং দীর্ঘং সচ্ছিদ্রকং কণ্টকং বিপুলং গাত্রং বর্ণঞ্চ কৃষ্ণপিঙ্গলং॥ ২॥ মকর তৃতীয়ে ধাতুং স্বুবর্ণং ছিদ্র সংযুতং পদ্মাকারবিচিত্রঞ্চ জলাধারং ন সংশয়ঃ॥ ৩॥ চতুর্থে তু বদেজ্জীবং শৃঙ্গং খুরচতুষ্টয়ং। গাবোবা মহিষং ছাগং মেষং বা বনজন্তবঃ॥ ৪ পঞ্চমে চ স্নিগ্ধমূলং ক্ষারং বা তিক্তসংযুতং। অথবা বৃক্ষ নিখিলং ত্বচং বাপি বিচিন্তয়েৎ॥ মৃগষষ্ঠে বদেদ্ধাতুং স্বুবর্ণং বর্ত্তুলাকৃতিং চিত্র সূত্রসমাযুক্তং স্থানান্তর গতস্য চ॥ ৬॥ সপ্তমে জলজং জীবং বর্ত্তুলং পদ সংকুলং। ভূদেবো নরদেবো বা পরদেশ গতং বদেৎ॥ ৭॥ অষ্টমে মূল সূক্ষ্মঞ্চ তৃণ কার্পাস সূত্রকং অথবা ফলপুষ্পঞ্চ কটুতিক্ত রসাশ্রয়ং॥৮ মৃগস্য নবমেধাতু পিত্তলং চিত্রখণ্ডকং অথবা রাজতং খণ্ডং বর্ত্তুলাকার চৌরিতং॥ ৯॥

## কুম্ভস্য।

কুম্ভস্য প্রথমে ধাতুং ছিদ্রং রজত খণ্ডকং। অথবা লৌহ দ্রব্যাদি ভাণ্ডস্থং মৃত্তিকাযুতং॥ ১ কুম্ভস্য দ্বিতীয়ে মূলং পত্রপুষ্প সকণ্টকং। কৃষ্ণরক্তং কটুতিক্তং খ্রিয়মানঞ্চকথ্যতে॥ ২॥ ততঃ কুম্ভতৃতীয়াংশে মনুষ্যং গৌরবর্ণকং তদ্ভাবে ঘোটকং যুগ্মং গাবো বাপি বিচিন্তয়েৎ॥ ৩॥ চতুর্থে চ বদেদ্ধাতুং বারিপাত্রং সছিদ্রকং। লৌহং বা দণ্ডসংযুক্তং কাংস্যভগ্নং সছিদ্রকং॥ ৪॥ কুম্ভস্য পঞ্চমে মূলং কৃষ্ণং দীর্ঘং সতিক্তকং। অথবা বর্ত্তুলাকারং মৃত্তিকা রজমিশ্রিতং॥ ৫॥ কুম্ভস্য ষষ্ঠে জীবঞ্চ মনুষ্যং কৃষ্ণদীর্ঘকং। পরদেশগতং চৈব অথবা কুঞ্জরাকৃতিঃ॥ ৬॥ কুম্ভস্য সপ্তমে ধাতুং তাম্রং ঘটিতস্বর্ণকং। চতুরস্রং প্রবালঞ্চ ছিদ্রং সূত্রসমাকুলং॥ ৭॥ কুম্ভস্য চাষ্টমে মূলং শ্বেতং দীর্ঘং গৃহস্থিতং। অথবা সর্ষপং ধান্যং নীবারং সূত্রসংযুতং॥ ৮॥ কুম্ভস্য নবমে জীবং পবিত্রং শিশু সংকুলং অথবা গর্ভিণী নারী দম্পতী বা নৃপদ্বিজঃ॥৯

## মীনস্য।

মীনস্য প্রথমে জীবং দম্পত্যোর্নাত্রসংশয়ঃ। অথবা পুরুষদ্বাভ্যাং পরদেশ গতস্য চ॥ ১॥ মীনস্য দ্বিতীয়ে মূলং শুষ্করক্তং সদগ্ধকং। শুষ্কপত্রঞ্চ মধুরং ভস্ম বাপি বিচিন্তয়েৎ॥ ২॥ মীনস্য তৃতীয়ে ধাতুং রজতং চতুরস্রকং। অথবা বর্ত্তুলাকারং পিত্তলং নাত্র সংশয়ঃ॥ ৩॥ মীনস্য তূর্য্যভাগে চ মনুষ্যং যুগলং বদেৎ। অথবা গর্ভিণী নারী বালকং যুগলং পরঃ॥ ৪॥ মীনস্য পঞ্চমে মূলং শুষ্কং রক্তং চতুস্রকং। ধান্যাদি জলজং দ্রব্যং অথবা জল পঙ্কজং॥ ৫॥ ষষ্টে মীনস্য ধাতুঞ্চ মুক্তা মালা প্রবালকং। অথবা তাম্র ঘটিতং স্বর্ণং বাপি তুলাদিকং॥ ৬॥ মীনস্য সপ্তমেজীবং মনুষ্যং বহুলং তথা। গাবী দুগ্ধবতী যুগ্মা পরদেশ গতাশ্রয়া॥ ৭॥ মীনস্য চাষ্টমে মূলং সূত্রযুগ্মং বিচিন্তয়েৎ অথবা কীটসূত্রঞ্চ মৎস্যাস্যং কৃষ্ণবর্ণকং॥ ৮॥ মীনস্য নবমে ধাতুং স্বুবর্ণং তাম্র মিশ্রিতং অথবা পূজন দ্রব্যং তাম্রাধারযুগং বদেৎ॥ ৯॥

এতৎ স্বাংশাধিপস্থিতি বলাবল দৃষ্টি, লগ্নাধিপ স্থিতিবলাবল দৃষ্টি সাবক্তব্যং। ইতি বন্নীদাস কৃতে নবাংশ ফলং সমাপ্তং।

## দ্রেক্কাণৈস্তস্করা স্মৃতাঃ।

ষট্‌ত্রিংশদ্রেক্কাণস্বরূপমাহ বৃহজ্জাতকে।

কট্যাং সিতবস্ত্রবেষ্টিতঃ কৃষ্ণঃ শক্ত ইবাভিরক্ষিতুম্।
রৌদ্রঃ পরশুং সমুদ্যতং ধত্তে রক্তবিলোচনঃ পুমান্॥ ১॥
রক্তাম্বরা ভূষণভক্ষ্যচিন্তা কুম্ভাকৃতির্বাজিমুখী তৃষার্ত্তা।
একেন পাদেন চ মেষমধ্যে দ্রেক্কাণরূপং যবনোপদিষ্টম্॥ ২॥
ক্রূরঃ কলাজ্ঞঃ কপিলঃ ক্রিয়ার্থী ভগ্নব্রতোঽভ্যুদ্যতদণ্ডহস্তঃ।
রক্তানি বস্ত্রাণি বিভর্ত্তি চণ্ডো মেষে তৃতীয়ঃ কথিত স্ত্রিভাগঃ॥৩

কুঞ্চিতলূনকচা ঘটদেহা দগ্ধপটা তৃষিতাশনচিত্তা।
আভরণান্যভিবাঞ্ছতি নারী রূপমিদং বৃষভে প্রথমস্য॥ ১
ক্ষেত্রধান্যগৃহধেনুকলাজ্ঞো লাঙ্গলে স শকটে কুশলশ্চ।
স্কন্ধমুদ্বহতি গোপতিতুল্যঃ ক্ষুৎপরোঽজবদনো মলবাসঃ॥ ২
দ্বিপসমকায়ঃ পাণ্ডুর দংষ্ট্রঃ শরভসমাঙ্ঘ্রিঃ পিঙ্গলমূর্ত্তিঃ।
অবিমৃগলোভব্যাকুলচিত্তো বৃষভবনস্য প্রান্তগতোঽয়ম্॥ ৩

সূচ্যাশ্রয়ং সমভিবাঞ্ছতি কর্ম্ম নারী
রূপান্বিতাভরণকার্য্যকৃতাদরা চ।
হীনপ্রজোচ্ছ্রিতভুজার্ত্তুমতী ত্রিভাগ-
মাদ্যং তৃতীয় ভবনস্য বদন্তি তজ্জ্ঞাঃ॥ ১
উদ্যানসংস্থঃ কবচী ধনুষ্মান্ শূরোঽস্ত্রধারী গরুড়াননশ্চ।
ক্রীড়াত্মজালং করণাত্মচিন্তাং করোতি মধ্যে মিথুনস্য রাশেঃ॥ ২
ভূষিতো বরুণবদ্বহুরত্নোবদ্ধতূণকবচঃ স ধনুষ্কঃ।
নৃত্যবাদিতকলাসু চ বিদ্বান্ কাব্যকৃন্মিথুনরাশ্যবসানে॥ ৩

পত্রমূলফলভৃদ্দ্বিপকায়ঃ কাননে মলয়গঃ শরভাঙ্ঘ্রিঃ।
ক্রোড়তুল্যবদনো হয়কণ্ঠঃ কর্কটে প্রথমরূপমুশন্তি॥ ১
পদ্মর্চ্চিতা মূর্দ্ধনি ভোগিযুক্তা স্ত্রী কর্কশারণ্যগতা বিরৌতি।
শাখাং পলাশস্য সমাশ্রিতা চ মধ্যে স্থিতা কর্কটকস্য রাশেঃ॥ ২
ভার্য্যাভরণার্থমর্ণবং নৌস্থো গচ্ছতি সর্পবেষ্টিতঃ।
হৈমৈশ্চযুতো বিভূষণৈশ্চিপিটাস্যোঽন্ত্যগশ্চ কর্কটে॥ ৩

শাল্মলেরুপরি গৃধ্রজম্বুকৌ শ্বানরশ্চ মলিনাম্বরান্বিতঃ।
রৌতি মাতৃপিতৃবিপ্রয়োজ্ঝিতঃ সিংহরূপমিদমাদ্যমুচ্যতে॥ ১
হয়াকৃতিঃ পাণ্ডুরমাল্যশেখরো বিভর্ত্তি কৃষ্ণাজিনকম্বলং নরঃ।
দুরাসদঃ সিংহ ইবাত্তকার্ম্মুকো নতাগ্রনাসো মৃগরাজমধ্যমঃ॥ ২
ঋক্ষাননো বানরতুল্যচেষ্টো বিভর্ত্তি দণ্ডং ফলমামিষঞ্চ।
কূর্চ্চী মনুষ্যঃ কুটিলৈশ্চ কেশৈর্মৃগেশ্বরস্যান্ত্যগতস্ত্রিভাগঃ॥ ৩

পুষ্পপ্রপূর্ণেন ঘটেন কন্যা মলপ্রদিগ্ধাম্বরসংবৃতাঙ্গী।
বস্ত্রার্থসংযোগমভীপ্সমানা গুরোঃ কুলং বাঞ্ছতি কন্যকাদ্যঃ॥ ১
পুরুষঃ প্রগৃহীতলেখনিঃ শ্যামো বস্ত্রশিরা ব্যয়ায়কৃৎ।
বিপুলঞ্চ বিভর্ত্তি কার্ম্মুকং রোমব্যাপ্ততনুশ্চ মধ্যমঃ॥ ২
গৌরী সুধৌতাগ্রদুকূলগুপ্তা সমুচ্ছ্রিতা কুম্ভকটচ্ছু হস্তা।
দেবালয়ং স্ত্রী প্রযতা প্রবৃত্তা বদন্তি কন্যান্ত্যগতন্ত্রিভাগঃ॥ ৩

বীথ্যন্তরাপণগতঃ পুরুষস্তুলাবা-
নুন্মানমানকুশলঃ প্রতিমানহস্তঃ।
ভাণ্ডং বিচিন্তয়তি তস্য চ মূল্যমেত-
দ্রূপং বদন্তি যবনাঃ প্রথমং তুলায়াঃ॥ ১
কলশং পরিগৃহ্য বিনিঃপতিতুং সমভীপ্সতি গৃধ্রমুখঃ পুরুষঃ।
ক্ষুধিতস্তৃষিতশ্চ কলত্রসুতান্মনসৈতি তুলাধরমধ্যগতঃ॥ ২॥
বিভীষন্ তিষ্ঠতি রত্নচিত্রিতোবনে মৃগান্ কাঞ্চনতূণবর্ম্মভৃৎ।
ফলামিষং বানররূপভৃন্নরস্তুলাবসানে যবনৈরুদাহৃতঃ॥ ৩

বস্ত্রৈর্বিহীনাভরণৈশ্চ নারী মহাসমুদ্রাৎ সমুপৈতি কূলম্।
স্থানচ্যুতা সর্পনিবদ্ধপাদা মনোরমা বৃশ্চিকরাশিপূর্ব্বঃ॥ ১
স্থানসুখান্যভিবাঞ্ছতি নারী ভর্ত্তৃকৃতেভুজগাবৃতদেহা।
কচ্ছপকুম্ভসমানশরীরা বৃশ্চিকমধ্যমরূপমুশন্তি॥ ২
পৃথুলচিপিটকূর্ম্মতুল্যবক্ত্রঃ শ্বমৃগবরাহশৃগালভীষকারী।
অবতি চ মলয়াকরপ্রদেশং মৃগপতিরন্ত্যগতস্য বৃশ্চিকস্য॥ ৩

মনুষ্যবক্ত্রোঽশ্বসমানকায়ো ধনুর্বিগৃহ্যায়তমাশ্রমস্থঃ।
ক্রতুপযোজ্যানি তপস্বিনশ্চ ররক্ষ পূর্ব্বো ধনুষস্ত্রিভাগঃ॥ ১
মনোরমা চম্পকহেমবর্ণা ভদ্রাসনে তিষ্ঠতি মধ্যরূপা।
সমুদ্ররত্নানি বিঘট্টয়ন্তি মধ্যত্রিভাগো ধনুষঃ প্রদিষ্টঃ॥ ২
কূর্চ্চী নরো হাটকচম্পকাভো বরাসনে দণ্ডধরো নিষণ্ণঃ।
কৌষেয়কাম্যদ্বহতেঽজিনঞ্চ তৃতীয়রূপং নবমস্য রাশেঃ॥ ৩

রোমচিতো মকরোপমদংষ্ট্রঃ সূকরকায়সমানশরীরঃ।
যোক্ত্রকজালকবন্ধনধারী রৌদ্রমুখো মকর প্রথমস্য॥ ১
কলাস্বভিজ্ঞাব্জদলায়তাক্ষী শ্যামা বিচিত্রাণিচমার্গমাণা।
বিভূষণালঙ্কৃতলোহকর্ণা যোষা প্রদিষ্টা মকরস্য মধ্যে॥ ২
কিন্নরোপমতনুঃ সকম্বল স্তূণচাপকবচৈঃ সমন্বিতঃ।
কুম্ভমুদ্বহতি রত্নচিত্রিতং স্কন্ধগং মকররাশিপশ্চিমঃ॥ ৩

স্নেহমদ্যজলভোজনাগমব্যাকুলীকৃতমনাঃ সকম্বলঃ।
কোশকারবসনোঽজিনান্বিতো গৃধ্রতুল্যবদনো ঘটাদিগঃ॥ ১
দগ্ধে শকটে সশাল্মলে লোহান্যাহরতেঽঙ্গনা বনে।
মলিনেন পটেন সম্বৃতা ভাণ্ডৈর্মূর্দ্ধ্নি গতৈশ্চ মধ্যমঃ॥ ২
শ্যামঃ সরোমশ্রবণঃ কিরীটী ত্বক্ পত্রনির্যাসফলৈর্বিভর্ত্তি।
ভাণ্ডানি লোহত্যতিমিশ্রিতানি সঞ্চারয়ত্যন্ত্যগতো ঘটস্য॥ ৩

স্রুগ্‌ভাণ্ডমুক্তামণিশঙ্খমিশ্রৈর্ব্যাক্ষিপ্তহস্তঃ সবিভূষণশ্চ।
ভার্য্যাবিভূষার্থমপাং নিধানং নাবাপ্লবত্যাদিগতো ঝষস্য॥ ১
অত্যুচ্ছ্রিতধ্বজপতাকমুপৈতি পোতং
কূলং প্রযাতি জলধেঃ পরিবারযুক্তা।
বর্ণেন চম্পকমুখা প্রমদা ত্রিভাগো
মীনস্য চৈব কথিতো মুনিভির্দ্বিতীয়ঃ॥ ২
শ্বভ্রান্তিকে সর্পনিবেষ্টিতাঙ্গোবস্ত্রৈর্বিহীনঃ পুরুষস্তটব্যাম্।
চৌরানলব্যাকুলিতান্তরাত্মা বিক্রোশতেঽন্ত্যোপগতো ঝষস্য॥

* ইহার অনুবাদ প্রথম খণ্ডের ১১০ পৃষ্ঠায় দৃষ্ট কর।

# লগ্নসারণী।

| অংশ | বৈশাখ | | | জ্যৈষ্ঠ | | | আষাঢ় | | | শ্রাবণ | | | ভাদ্র | | | আশ্বিন | | | কার্ত্তিক | | | অগ্রহায়ণ | | | পৌষ | | | মাঘ | | | ফাল্গুণ | | | চৈত্র | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মেষ | | | বৃষ | | | মিথুন | | | কর্কট | | | সিংহ | | | কন্যা | | | তুলা | | | বৃশ্চিক | | | ধনু | | | মকর | | | কুম্ভ | | | মীন | | |
| | দণ্ড | পল | বিপ | দণ্ড | পল | বিপ | দণ্ড | পল | বিপ | দণ্ড | পল | বিপ | দণ্ড | পল | বিপ | দণ্ড | পল | বিপ | দণ্ড | পল | বিপ | দণ্ড | পল | বিপ | দণ্ড | পল | বিপ | দণ্ড | পল | বিপ | দণ্ড | পল | বিপ | দণ্ড | পল | বিপ |
| ১ | ০ | ৮ | ১৪ | ৪ | ১৬ | ৪০ | ৯ | ৭ | ৫৮ | ১৪ | ৩৭ | ২২ | ২০ | ১৮ | ৬ | ২৫ | ৫০ | ৫৮ | ৩১ | ২০ | ১৪ | ৩৬ | ৫৭ | ২০ | ৪২ | ৩৬ | ৩৪ | ৪৭ | ৫২ | ৬ | ৫২ | ২৩ | ৫৪ | ৫৬ | ২০ | ৩৪ |
| ২ | ০ | ১৬ | ২৮ | ৪ | ২৬ | ২০ | ৯ | ১৮ | ৫৬ | ১৪ | ৪৮ | ৪৪ | ২০ | ২৯ | ১২ | ২৬ | ১ | ৫৬ | ৩১ | ৩১ | ২৮ | ৩৭ | ৮ | ৪০ | ৪২ | ৪৭ | ৮ | ৪৮ | ১ | ১২ | ৫২ | ৩১ | ৪৮ | ৫৬ | ২৮ | ৮ |
| ৩ | ০ | ২৪ | ৪২ | ৪ | ৩৬ | ০ | ৯ | ২৯ | ৫৪ | ১৫ | ০ | ৬ | ২০ | ৪০ | ১৮ | ২৬ | ১২ | ৫৪ | ৩১ | ৪২ | ৪২ | ৩৭ | ২০ | ০ | ৪২ | ৫৭ | ৪২ | ৪৮ | ১০ | ১৮ | ৫২ | ৩৯ | ৪২ | ৫৬ | ৩৫ | ৪২ |
| ৪ | ০ | ৩২ | ৫৬ | ৪ | ৪৫ | ৪০ | ৯ | ৪০ | ৫২ | ১৫ | ১১ | ২৮ | ২০ | ৫১ | ২৪ | ২৬ | ২৩ | ৫২ | ৩১ | ৫৩ | ৫৬ | ৩৭ | ৩১ | ২০ | ৪৩ | ৮ | ১৬ | ৪৮ | ১৯ | ২৪ | ৫২ | ৪৭ | ৩৬ | ৫৬ | ৪৩ | ১৬ |
| ৫ | ০ | ৪১ | ১০ | ৪ | ৫৫ | ২০ | ৯ | ৫১ | ৫০ | ১৫ | ২২ | ৫০ | ২১ | ২ | ৩০ | ২৬ | ৩৪ | ৫০ | ৩২ | ৫ | ১০ | ৩৭ | ৪২ | ৪০ | ৪৩ | ১৮ | ৫০ | ৪৮ | ২৮ | ৩০ | ৫২ | ৫৫ | ৩০ | ৫৬ | ৫০ | ৫০ |
| ৬ | ০ | ৪৯ | ২৪ | ৫ | ৫ | ০ | ১০ | ২ | ৪৮ | ১৫ | ৩৪ | ১২ | ২১ | ১৩ | ৩৬ | ২৬ | ৪৫ | ৪৮ | ৩২ | ১৬ | ২৪ | ৩৭ | ৫৪ | ০ | ৪৩ | ২৯ | ২৪ | ৪৮ | ৩৭ | ৩৬ | ৫৩ | ৩ | ২৪ | ৫৬ | ৫৮ | ২৪ |
| ৭ | ০ | ৫৭ | ৩৮ | ৫ | ১৪ | ৪০ | ১০ | ১৩ | ৪৬ | ১৫ | ৪৫ | ৩৪ | ২১ | ২৪ | ৪২ | ২৬ | ৫৬ | ৪৬ | ৩২ | ২৭ | ৩৮ | ৩৮ | ৫ | ২০ | ৪৩ | ৩৯ | ৫৮ | ৪৮ | ৪৬ | ৪২ | ৫৩ | ১১ | ১৮ | ৫৭ | ৫ | ৫৮ |
| ৮ | ১ | ৫ | ৫২ | ৫ | ২৪ | ২০ | ১০ | ২৪ | ৪৪ | ১৫ | ৫৬ | ৫৬ | ২১ | ৩৫ | ৪৮ | ২৭ | ৭ | ৪৪ | ৩২ | ৩৮ | ৫২ | ৩৮ | ১৬ | ৪০ | ৪৩ | ৫০ | ৩২ | ৪৮ | ৫৫ | ৪৮ | ৫৩ | ১৯ | ১২ | ৫৭ | ১৩ | ৩২ |
| ৯ | ১ | ১৪ | ৬ | ৫ | ৩৪ | ০ | ১০ | ৩৫ | ৪২ | ১৬ | ৮ | ১৮ | ২১ | ৪৬ | ৫৪ | ২৭ | ১৮ | ৪২ | ৩২ | ৫০ | ৬ | ৩৮ | ২৮ | ০ | ৪৪ | ১ | ৬ | ৪৯ | ৪ | ৫৪ | ৫৩ | ২৭ | ৬ | ৫৭ | ২১ | ৬ |
| ১০ | ১ | ২২ | ২০ | ৫ | ৪৩ | ৪০ | ১০ | ৪৬ | ৪০ | ১৬ | ১৯ | ৪০ | ২১ | ৫৮ | ০ | ২৭ | ২৯ | ৪০ | ৩৩ | ১ | ২০ | ৩৮ | ৩৯ | ২০ | ৪৪ | ১১ | ৪০ | ৪৯ | ১৩ | ০ | ৫৩ | ৩৫ | ০ | ৫৭ | ২৮ | ৪০ |
| ১১ | ১ | ৩০ | ৩৪ | ৫ | ৫৩ | ২০ | ১০ | ৫৭ | ৩৮ | ১৬ | ৩১ | ২ | ২২ | ৯ | ৬ | ২৭ | ৪০ | ৪৮ | ৩৩ | ১২ | ৩৪ | ৩৮ | ৫০ | ৪০ | ৪৪ | ২২ | ১৪ | ৪৯ | ২৪ | ৬ | ৫৩ | ৪২ | ৫৪ | ৫৭ | ৩৬ | ১৪ |
| ১২ | ১ | ৩৮ | ৪৮ | ৬ | ৩ | ০ | ১১ | ৮ | ৩৬ | ১৬ | ৪২ | ২৪ | ২২ | ২০ | ১২ | ২৭ | ৫১ | ৩৬ | ৩৩ | ২৩ | ৪৮ | ৩৯ | ২ | ০ | ৪৪ | ৩২ | ৪৮ | ৪৯ | ৩২ | ১২ | ৫৩ | ৫০ | ৪৮ | ৫৭ | ৪৩ | ৪৮ |
| ১৩ | ১ | ৪৭ | ২ | ৬ | ১২ | ৪০ | ১১ | ১৯ | ৩৪ | ১৬ | ৫৩ | ৪৬ | ২২ | ৩১ | ১৮ | ২৮ | ২ | ৩৪ | ৩৩ | ৩৫ | ২ | ৩৯ | ১৩ | ২০ | ৪৪ | ৪৩ | ২২ | ৪৯ | ৪১ | ১৮ | ৫৩ | ৫৮ | ৪২ | ৫৭ | ৫১ | ২২ |
| ১৪ | ১ | ৫৫ | ১৬ | ৬ | ২২ | ২০ | ১১ | ৩০ | ৩২ | ১৭ | ৫ | ৮ | ২২ | ৪২ | ২৪ | ২৮ | ১৩ | ৩২ | ৩৩ | ৪৬ | ১৬ | ৩৯ | ২৪ | ৪০ | ৪৪ | ৫৩ | ৫৬ | ৪৯ | ৫০ | ২৪ | ৫৪ | ৬ | ৩৬ | ৫৭ | ৫৮ | ৫৬ |
| ১৫ | ২ | ৩ | ৩০ | ৬ | ৩২ | ০ | ১১ | ৪১ | ৩০ | ১৭ | ১৬ | ৩০ | ২২ | ৫৩ | ৩০ | ২৮ | ২৪ | ৩০ | ৩৩ | ৫৭ | ৩০ | ৩৯ | ৩৬ | ০ | ৪৫ | ৪ | ৩০ | ৪৯ | ৫৯ | ৩০ | ৫৪ | ১৪ | ৩০ | ৫৮ | ৬ | ৩ |
| ১৬ | ২ | ১১ | ৪৪ | ৬ | ৪১ | ৪০ | ১১ | ৫২ | ২৮ | ১৭ | ২৭ | ৫২ | ২৩ | ৪ | ৩৬ | ২৮ | ৩৫ | ২৮ | ৩৪ | ৮ | ৪৪ | ৩৯ | ৪৭ | ২০ | ৪৫ | ১৫ | ৪ | ৫০ | ৮ | ৩৬ | ৫৪ | ২২ | ২৪ | ৫৮ | ১৪ | ৪ |
| ১৭ | ২ | ১৯ | ৫৮ | ৬ | ৫১ | ২০ | ১২ | ৩ | ২৬ | ১৭ | ৩৯ | ১৪ | ২৩ | ১৫ | ৪২ | ২৮ | ৪৬ | ২৬ | ৩৪ | ১৯ | ৫৮ | ৩৯ | ৫৮ | ৪০ | ৪৫ | ২৫ | ৩৮ | ৫০ | ১৭ | ৪২ | ৫৪ | ৩০ | ১৮ | ৫৮ | ৩১ | ৩৮ |
| ১৮ | ২ | ২৮ | ১২ | ৭ | ১ | ০ | ১২ | ১৪ | ২৪ | ১৭ | ৫০ | ৩৬ | ২৩ | ২৬ | ৪৮ | ২৮ | ৫৭ | ২৪ | ৩৪ | ৩১ | ১২ | ৪০ | ১০ | ০ | ৪৫ | ৩৬ | ১২ | ৫০ | ২৬ | ৪৮ | ৫৪ | ৩৮ | ১২ | ৫৮ | ২৯ | ১২ |
| ১৯ | ২ | ৩৬ | ২৬ | ৭ | ১০ | ৪০ | ১২ | ২৫ | ২২ | ১৮ | ১ | ৫৮ | ২৩ | ৩৭ | ৫৪ | ২৯ | ৮ | ২২ | ৩৪ | ৪২ | ২৬ | ৪০ | ২১ | ২০ | ৪৫ | ৪৬ | ৪৬ | ৫০ | ৩৫ | ৫৪ | ৫৪ | ৪৬ | ৬ | ৫৮ | ৩৬ | ৪৬ |
| ২০ | ২ | ৪৪ | ৪০ | ৭ | ২০ | ২০ | ১২ | ৩৬ | ১০ | ১৮ | ১৩ | ২০ | ২৩ | ৪৯ | ০ | ২৯ | ১৯ | ২০ | ৩৪ | ৫৩ | ৪০ | ৪০ | ৩২ | ৪০ | ৪৫ | ৫৭ | ০ | ৫০ | ৪৫ | ০ | ৫৪ | ৫০ | ৭ | ৫৮ | ৪৪ | ১০ |
| ২১ | ২ | ৫২ | ৫৪ | ৭ | ৩০ | ০ | ১২ | ৪৭ | ১৮ | ১৮ | ২৪ | ২২ | ২৪ | ০ | ৬ | ২৯ | ৩০ | ১৮ | ৩৫ | ৪ | ৫৪ | ৪০ | ৪৪ | ০ | ৪৬ | ৭ | ৫৪ | ৫০ | ৫৪ | ৬ | ৫৫ | ১ | ৫৪ | ৫৮ | ৫১ | ৫৪ |
| ২২ | ৩ | ১ | ৮ | ৭ | ৩৯ | ৪০ | ১২ | ৫৮ | ১৬ | ১৮ | ৩৬ | ৪ | ২৪ | ১১ | ১২ | ২৯ | ৪১ | ১৬ | ৩৫ | ১৬ | ৮ | ৪০ | ৫৫ | ২০ | ৪৬ | ১৮ | ২৮ | ৫১ | ৩ | ১২ | ৫৫ | ৯ | ৪৮ | ৫৮ | ৫৯ | ২৮ |
| ২৩ | ৩ | ৯ | ২২ | ৭ | ৪৯ | ২০ | ১৩ | ৯ | ১৪ | ১৮ | ৪৭ | ২৬ | ২৪ | ২২ | ১৮ | ২৯ | ৫২ | ১৪ | ৩৫ | ২৭ | ২২ | ৪১ | ৬ | ৪০ | ৪৬ | ২৯ | ২ | ৫১ | ১২ | ১৮ | ৫৫ | ১৭ | ৪২ | ৫৯ | ৭ | ২ |
| ২৪ | ৩ | ১৭ | ৩৬ | ৭ | ৫৯ | ০ | ১৩ | ২০ | ১২ | ১৮ | ৫৮ | ৭৮ | ২৪ | ৩৩ | ২৪ | ৩০ | ৩ | ১২ | ৩৫ | ৩৮ | ৩৬ | ৪১ | ১৮ | ০ | ৪৬ | ৩৯ | ৩৬ | ৫১ | ২১ | ২৪ | ৫৫ | ২৫ | ৩৬ | ৫৯ | ১৪ | ৩৬ |
| ২৫ | ৩ | ২৫ | ৫০ | ৮ | ৮ | ৪০ | ১৩ | ৩১ | ১০ | ১৯ | ১০ | ১০ | ২৪ | ৪৪ | ৩০ | ৩০ | ১৪ | ১০ | ৩৫ | ৪৯ | ৫০ | ৪১ | ২৯ | ২০ | ৪৬ | ৫০ | ১০ | ৫১ | ৩০ | ৩০ | ৫৫ | ৩৩ | ৩০ | ৫৯ | ২২ | ১০ |
| ২৬ | ৩ | ৩৪ | ৪ | ৮ | ১৮ | ২০ | ১৩ | ৪২ | ৮ | ১৯ | ২১ | ৩২ | ২৪ | ৫৫ | ৩৬ | ৩০ | ২৫ | ৮ | ৩৬ | ১ | ৪ | ৪১ | ৪০ | ৪০ | ৪৭ | ০ | ৪৪ | ৫১ | ৩৯ | ৩৬ | ৫৫ | ৪১ | ২৪ | ৫৯ | ২৯ | ৪৪ |
| ২৭ | ৩ | ৪২ | ১৮ | ৮ | ২৮ | ০ | ১৩ | ৫৩ | ৬ | ১৯ | ৩২ | ৫৪ | ২৫ | ৬ | ৪২ | ৩০ | ৩৬ | ৬ | ৩৬ | ১২ | ১৮ | ৪১ | ৫২ | ০ | ৪৭ | ১১ | ১৮ | ৫১ | ৪৮ | ৪২ | ৫৫ | ৪৯ | ১৮ | ৫৯ | ৩৭ | ১৮ |
| ২৮ | ৩ | ৫০ | ৩২ | ৮ | ৩৭ | ৪০ | ১৪ | ৪ | ৪ | ১৯ | ৪৪ | ১৬ | ২৫ | ১৭ | ৪৮ | ৩০ | ৪৭ | ৪ | ৩৬ | ২৩ | ৩২ | ৪২ | ৩ | ২০ | ৪৭ | ২১ | ৫২ | ৫১ | ৫৭ | ৪৮ | ৫৫ | ৫৭ | ১২ | ৫৯ | ৪৪ | ৫২ |
| ২৯ | ৩ | ৫৮ | ৪৬ | ৮ | ৪৭ | ২০ | ১৪ | ১৫ | ২ | ১৯ | ৫৫ | ৩৮ | ২৫ | ২৮ | ৫৪ | ৩০ | ৫৮ | ২ | ৩৬ | ৩৪ | ৪৬ | ৪২ | ১৪ | ৪০ | ৪৭ | ৩২ | ২৬ | ৫২ | ৬ | ৫৪ | ৫৬ | ৫ | ৬ | ৫৯ | ৫২ | ২৬ |
| ৩০ | ৪ | ৭ | ০ | ৮ | ৫৭ | ০ | ১৪ | ২৬ | ০ | ২০ | ৭ | ০ | ২৫ | ৪০ | ০ | ৩১ | ৯ | ০ | ৩৬ | ৪৬ | ০ | ৪২ | ২৬ | ০ | ৪৭ | ৪৩ | ০ | ৫২ | ১৬ | ০ | ৫৬ | ১৩ | ০ | ৬০ | ০ | ০ |

যে মাসের যে তারিখে যত দণ্ডাদির সময় জন্ম কিম্বা প্রশ্ন হইবে সেই অঙ্ক এই সারণী চক্রের সেই মাসের সেই তারিখের রবির স্ফুটের অংশ সংখ্যায় দণ্ডাদির সহিত যোগ করিলে যত দণ্ড পল হইবে সেই অঙ্ক এই চক্রের মধ্যে যে রাশির যে স্তম্ভের অঙ্কের সহিত প্রায় ঐক্য হইবে সেই অঙ্ক, অংশ স্তম্ভের যে অঙ্কের সহিত এক পংক্তিতে দেখা যাইবে সেই অঙ্ক পূর্ব্বোক্ত রাশি অর্থাৎ লগ্নের উদিত অংশ ও কলাদি

# আনন্দ মোহন চক্র।

| অংশ | ক্ষেত্র | ১ হোরা | ২ হোরা | ১ দ্রেক্কাণ | ২ দ্রেক্কাণ | ৩ দ্রেক্কাণ | ১ নবাংশ | ২ নবাংশ | ৩ নবাংশ | ৪ নবাংশ | ৫ নবাংশ | ৬ নবাংশ | ৭ নবাংশ | ৮ নবাংশ | ৯ নবাংশ | ১ দ্বাদশাংশ | ২ দ্বাদশাংশ | ৩ দ্বাদশাংশ | ৪ দ্বাদশাংশ | ৫ দ্বাদশাংশ | ৬ দ্বাদশাংশ | ৭ দ্বাদশাংশ | ৮ দ্বাদশাংশ | ৯ দ্বাদশাংশ | ১০ দ্বাদশাংশ | ১১ দ্বাদশাংশ | ১২ দ্বাদশাংশ | ১ ত্রিংশাংশ | ২ ত্রিংশাংশ | ৩ ত্রিংশাংশ | ৪ ত্রিংশাংশ | ৫ ত্রিংশাংশ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ৩০ | ১৫ | ৩০ | ১০ | ২০ | ৩০ | ৩।২০ | ৬।৪০ | ১০।০ | ১৩।২০ | ১৬।৪০ | ২০।০ | ২৩।২০ | ২৬।৪০ | ৩০।০ | ২।৩০ | ৫।০ | ৭।৩০ | ১০।০ | ১২।৩০ | ১৫।০ | ১৭।৩০ | ২০।০ | ২২।৩০ | ২৫।০ | ২৭।৩০ | ৩০।০ | | | | | |
| মেষ | ম | র | চং | ম | র | বৃ | ম | শু | বু | চং | র | বু | শু | ম | বৃ | ম | শু | বু | চং | র | বু | শু | ম | বৃ | শ | শ | বৃ | ৫ ম | ১০ শ | ১৮ বৃ | ২৫ বু | ৩০ শু |
| বৃষ | শু | চং | র | শু | বু | শ | শ | শ | বৃ | ম | শু | বু | চং | র | বু | শু | বু | চং | র | বু | শু | ম | বৃ | শ | শ | বৃ | ম | ৫ শু | ১২ বু | ২০ বৃ | ২৫ শ | ৩০ ম |
| মিথুন | বু | র | চং | বু | শু | শ | শু | ম | বৃ | শ | শ | বৃ | ম | শু | বু | বু | চং | র | বু | শু | ম | বৃ | শ | শ | বৃ | ম | শু | ৫ ম | ১০ শ | ১৮ বৃ | ২৫ বু | ৩০ শু |
| কর্কট | চ | চং | র | চং | ম | বৃ | চং | র | বু | শু | ম | বৃ | শ | শ | বৃ | চং | র | বু | শু | ম | বৃ | শ | শ | বৃ | ম | শু | বু | ৫ শু | ১২ বু | ২০ বৃ | ২৫ শ | ৩০ ম |
| সিংহ | র | র | চং | র | বৃ | ম | ম | শু | বু | চং | র | বু | শু | ম | বৃ | র | বু | শু | ম | বৃ | শ | শ | বৃ | ম | শু | বু | চং | ৫ ম | ১০ শ | ১৮ বৃ | ২৫ বু | ৩০ শু |
| কন্যা | বু | চং | র | বু | শ | শু | শ | শ | বৃ | ম | শু | বু | চং | র | বু | বু | শু | ম | বৃ | শ | শ | বৃ | ম | শু | বু | চং | র | ৫ শু | ১২ বু | ২০ বৃ | ২৫ শ | ৩০ ম |
| তুলা | শু | র | চং | শু | শ | বু | শু | ম | বৃ | শ | শ | বৃ | ম | শু | বু | শু | ম | বৃ | শ | শ | বৃ | ম | শু | বু | চং | র | বু | ৫ ম | ১০ শ | ১৮ বৃ | ২৫ বু | ৩০ শু |
| বৃশ্চিক | ম | চং | র | ম | বৃ | চং | চং | র | বু | শু | ম | বৃ | শ | শ | বৃ | ম | বৃ | শ | শ | বৃ | ম | শু | বু | চং | র | বু | শু | ৫ শু | ১২ বু | ২০ বৃ | ২৫ শ | ৩০ ম |
| ধনু | বৃ | র | চং | বৃ | ম | র | ম | শু | বু | চং | র | বু | শু | ম | বৃ | বৃ | শ | শ | বৃ | ম | শু | বু | চং | র | বু | শু | ম | ৫ ম | ১০ শ | ১৮ বৃ | ২৫ বু | ৩০ শু |
| মকর | শ | চং | র | শ | শু | বু | শ | শ | বৃ | ম | শু | বু | চং | র | বু | শ | শ | বৃ | ম | শু | বু | চং | র | বু | শু | ম | বৃ | ৫ শু | ১২ বু | ২০ বৃ | ২৫ শ | ৩০ ম |
| কুম্ভ | শ | র | চং | শ | বু | শু | শু | ম | বৃ | শ | শ | বৃ | ম | শু | বু | শ | বৃ | ম | শু | বু | চং | র | বু | শু | ম | বৃ | শ | ৫ ম | ১০ শ | ১৮ বৃ | ২৫ বু | ৩০ শু |
| মীন | বৃ | চং | র | বৃ | চং | ম | চং | র | বু | শু | ম | বৃ | শ | শ | বৃ | বৃ | ম | শু | বু | চং | র | বু | শু | ম | বৃ | শ | শ | ৫ শু | ১২ বু | ২০ বৃ | ২৫ শ | ৩০ ম |

## কলিকাতার অয়নাংশ শোধিত লগ্নমান।

| | দণ্ড | পল | বিপল | ঘণ্টা | মনিট | সেকেণ্ড | থার্ড | | দণ্ড | পল | বিপল | ঘণ্টা | মিনিট | সেকেণ্ড | থার্ড |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মেষ | ৪ | ৭ | ৭ | ১ | ৩৮ | ৫০ | ৪৮ | তুলা | ৫ | ৩৫ | ২৬ | ২ | ১৪ | ১০ | ২৪ |
| বৃষ | ৪ | ৪৯ | ৫০ | ১ | ৫৫ | ৫৬ | ০ | বৃশ্চিক | ৫ | ৪০ | ৫৭ | ২ | ১৬ | ২২ | ৪৮ |
| মিথুন | ৫ | ২৮ | ২০ | ২ | ১১ | ২০ | ০ | ধনু | ৫ | ১৭ | ৩৯ | ২ | ৭ | ৩ | ৩৬ |
| কর্কট | ৫ | ৪১ | ২৬ | ২ | ১৬ | ৩৪ | ২৪ | মকর | ৪ | ৩২ | ৫৮ | ১ | ৪৯ | ১১ | ১২ |
| সিংহ | ৫ | ৩২ | ৫১ | ২ | ১৩ | ৮ | ২৪ | কুম্ভ | ৩ | ৫৭ | ২৬ | ১ | ৩৪ | ৫৮ | ২৪ |
| কন্যা | ৫ | ২৯ | ২০ | ২ | ১১ | ৪৪ | ০ | মীন | ৩ | ৪৬ | ৪০ | ১ | ৩০ | ৪০ | ০ |

এই আনন্দ মোহন চক্রের দ্বারা প্রত্যেক লগ্নের অংশানুসারে ক্ষেত্র, হোরা, দ্রেক্কাণ, নবাংশ, দ্বাদশাংশ ও ত্রিংশাংশ নির্ণয় হইবে।

## রাশিভ্যঃ কালদিগ্‌দেশাইতি।

রাশীনাং প্রশ্নচিন্তা কালবিভাগাদেবাদ্যাশ্চত্বারঃ ক্ষপাবলা-ইতিজাতক উক্তং। তেন মেষবৃষমিথুনকর্কটসিংহকন্যাতুলা বৃশ্চিকধনুর্মকরকুম্ভমীনানামেকতমে দিবাসংজ্ঞকে লগ্নে দিনে ইত্যেবং কালঃ। দিশস্তু মেষসিংহধনুষঃ পূর্ব্বস্যাং। বৃষকন্যামকরা দক্ষিণস্যাং। মিথুনতুলাকুম্ভাঃ পশ্চিমায়াং। কর্কট বৃশ্চিকমীনা উত্তরস্যাং ইতিদিক্‌। দেশাস্তু মেষলগ্নে পৃচ্ছাকালে মেষপ্রচার-ভূমৌ বৃষে গোকুলাদৌ। মিথুনে গীতনৃত্যাদিস্থানে সংগ্রাম-ভূমৌবা। কর্কটে জলসমীপে। সিংহেঽরণ্যভূমৌ কন্যায়াং নৌস-মীপে তুলায়াং আপানগৃহে। বৃশ্চিকে বিবরদেশে ধনুষি সংগ্রাম-প্রচারভূমৌ। মকরে জলসমীপে। কুম্ভে শিল্পিগৃহে ভাণ্ডসমীপে বা মীনে জলসমীপে। স্বচরাশ্চসর্ব্ব ইতি বৃহজ্জাতকে উক্তং।

## বয়োজাতিশ্চলগ্নপাৎ।

লগ্নপাৎ লগ্নস্বামিনঃ প্রমাণ্যাৎ চৌরস্তবয়ঃপ্রমাণং জাতিঞ্চ-বদেৎ। তথাচ সংহিতায়াং। বয়াংসি তেষাং স্তনপানবাল্যে ব্রত স্থিতা যৌবনমধ্যবৃদ্ধাঃ। অতীব বৃদ্ধইতি। চন্দ্রভৌম শুক্রজীবার্ক শনৈশ্চরাণামিতি। চন্দ্রেলগ্নগতে শিশুঃ ভৌমে বর্ষাধিকঃ। বুধে ব্রহ্মচারীদ্বাদশবার্ষিকঃ। শুক্রেদ্বাত্রিংশদাব্দিকঃ। গুরৌমধ্যবয়াঃ পঞ্চদশাব্দিকঃ। সূর্য্যেবৃদ্ধঃ সপ্তত্যাব্দিকঃ। শনৌ অতিবৃদ্ধঃ সপ্তত্যধিকাব্দিকঃ জাতির্ব্রাহ্মণাদিঃ জীবসিতৌব্রাহ্মণেশৌ রবি-কুজৌ ক্ষত্রিয়েশৌ। চন্দ্রো বৈশ্যেশঃ। বুধঃ শূদ্রেশঃ। শনিঃ-শঙ্করজাতীয় ইতি।

প্রশ্নলগ্নের নবাংশে দ্রব্য, দ্রেক্কাণে তস্কর, রাশিতে কাল দিক্‌ ও দেশ, লগ্নাধিপতি দ্বারা বয়স ও জাতি নির্ণয় করিবে॥

## চৌরের আকারাদি।

লগ্নস্থনবাংশপতেস্তু তুল্যামূর্ত্তিঃ সমানা বলশালিনো বা।
স্যাদিন্দুনবাংশপতেস্তু বর্ণাৎ পরং বিচার্য্যাঃ কুলজাতিবর্ণাঃ॥
সত্বং ভবেয়ুঃ শশিসূর্য্যজীবাস্তমো যমারৌ চ রজো জ্ঞশুক্রৌ।
ত্রিংশাংশবে যস্য গতে দিনেশো বাচ্যো গুণস্তস্য খগস্য নূনম্‌॥

জাতকাভরণে।

**এই বচনের ভাবগ্রহণ করিয়া চৌরের আকারাদি বলিবে। চৌরের আকারাদি বিশেষ রূপ জানিতে হইলে তৃতীয় খণ্ডের ৫৬, ৬১, ৬২ পৃষ্ঠার এবং প্রথম খণ্ডের ৮৬ পৃষ্ঠার লিখিত বচনের, ভাবগ্রহণ করিয়া আকারাদি জানিবে।**

## চোরের শরীরাদি চিহ্ন।

লগ্নাদৌ গ্রহসংস্থিত্যা চিহ্নং মস্তকনেত্রয়োঃ।
কর্ণনাসাকপোলেষু হনৌ চক্রেবদেদ্ধ্রুবম্‌॥
যদিপ্রশ্নাদ্দ্বিতীয়েস্যাদ্বদেচ্চিহ্নন্তুলগ্নতঃ।
কণ্ঠাংশবাহুপার্শ্বেষু হৃদ্বক্ষোনাভিসংজ্ঞকে॥
বস্তৌশিশ্নেগুদেচৈব বৃষণেউরুজানুষু।
জংঘাজ্ঘ্রৌচ বদেচ্চিহ্নং লগ্নাদ্দ্রেক্কাণ শেষতঃ॥

প্রশ্ন কৌমুদ্যাং।

তিলমাষ জটাশ্চৈব স্ফোটকঞ্চ বিনির্দ্দিশেৎ।
চন্দ্রে তু তিলকং জ্ঞেয়ং পূর্ণচন্দ্রে চ মাষকং॥
সূর্য্যে জটা ভবেদ্দেহে কুজে স্ফোটঞ্চ দেহিনাং।
দ্রেক্কাণভাগে বক্তব্যং দক্ষবামক্রমাদ্বুধঃ॥

জাতকামোদচন্দ্রিকা।

**ইহার অনুবাদ প্রথম খণ্ডের ১১৮ পৃষ্ঠার প্রথম কলমে লিখিত হইয়াছে।**

কংদৃক্‌ শ্রোত্রনসাকপোলহনবো বক্ত্রঞ্চ হোরাদয়স্তেকণ্ঠাং শকবাহু পার্শ্বহৃদয় ক্রোড়ানিনাভিস্ততঃ। বস্তিঃ শিশ্নগুদে ততশ্চবৃষণাবূরূ ততোজানুনী জঙ্ঘাঙ্‌ঘ্রীত্যুভয়ত্র বাসমুদিতৈর্দ্রেক্কাণ ভাগৈস্ত্রিধা। তস্মিন্‌ পাপযুতে ব্রণং শুভযুতে দৃষ্টৈচ লক্ষাদিশেৎ স্বর্ক্ষাংশস্থিরসংযুতেষু সহজস্তস্যান্যথাগন্তকঃ। মন্দেশ্মানিলজোগ্নি শস্ত্রবিষজো ভৌমেবুধেভূভবঃ। সূর্য্যেকাষ্ঠচতুষ্পদেষুহিমগো শৃঙ্গ্যব্জজোজৈঃ শুভং॥ সমন্নুপতিতা যস্মিন্‌ভাগে ত্রয়ঃ সবুধাগ্রহা ভবন্তিনিয়মাত্তস্যাবাপ্তিঃ শুভেষ্বশুভেষু বা। ব্রণকৃদশুভঃ ষষ্ঠেদেহে-তনোর্ভসমাশ্রিতেতিলকমশকৃদ্দৃষ্টঃ সৌম্যৈর্যুতশ্চ সলক্ষবান্‌।

বৃহজ্জাতক।

**ইহার অনুবাদ প্রথম খণ্ডের ১১৪ হইতে ১১৭ পৃষ্ঠায় লিখিত হইয়াছে।**

শিরোঽক্ষিণী কর্ণনসৌকপোলং হনুর্মুখঞ্চ প্রথমে দৃকাণে।
কণ্ঠাংশদোর্দ্দণ্ডককুক্ষিবক্ষঃ ক্রোড়ঞ্চ নাভিস্ত্রিলবে দ্বিতীয়ে॥
বস্তিস্ততো লিঙ্গগুদে ততোরূ জানুদ্বয়ং বৈ চরণৌ তৃতীয়ে।
ক্রমেণ লগ্নাৎ পরপূর্ব্বষট্‌কে বামং তথা দক্ষিণ মঙ্গমত্র॥
সৎ সৎ তিলং লক্ষ্ম বলানুসারং কুর্ব্বন্তি সৌম্যা ব্রণমত্র পাপৈঃ।
সলক্ষ্মমার্গাঃ স্থিরগাশ্চ তদ্বৎ যুতেক্ষিতাঃ সৌম্যনভশ্চরেন্দ্রৈঃ॥
রবেব্রণঃ কাষ্ঠচতুষ্পদোত্থঃ শৃঙ্গৈর্মুখাদ্ভবঃ প্রভবঃ শশাঙ্কাৎ।
কুজাদ্বিষাগ্ন্যস্ত্রকৃতশ্চ চান্দ্রে ভৌমঃ শনেশ্চাপিমরুদ্দশত্যাম্‌॥

কুর্য্যাদব্রণং ক্রূরখগো রিপুস্থো যুক্তঃ শুভৈর্লক্ষ্ম তিলঞ্চ দৃষ্টঃ।
গ্রহত্রয়ং যত্র বুধান্বিতং স্যাৎ তত্র ব্রণাঙ্কে খলু রাশিতুল্যে ॥
জাতকাভরণে।

**ইহার অনুবাদ তৃতীয় খণ্ডে ৬২ পৃষ্ঠায় প্রথম কলমে লিখিত হইয়াছে।**

## অথ চৌরাদি নামানয়নং।

ফলপুষ্পস্তনামানি গৃহীত্বা চ নরোত্তমঃ। তত্র ল্যাক্ষরনামানি ভবন্তি প্রশ্নকালিকে॥ কুজঃ কবর্গো ভৃগুজশ্চবর্গো বুধষ্টবর্গো যশবর্গ ইন্দুঃ। শৌরী পবর্গস্ত গুরুস্তবর্গো রবিস্বর্গঃ স্মৃতবর্গখেটঃ॥ দ্রেক্কাণবৃদ্ধ্যা প্রবদন্তি নাম ত্রিপঞ্চসপ্তাক্ষরমোজরাশৌ। যুগ্মেষু চৈব দ্বিচতুর্থষট্কং নামাক্ষরাণাং গ্রহদৃষ্টিবৃদ্ধ্যা। অধিষ্ঠিতোগ্রহস্তো অথ পূর্ণদৃষ্টয়ঃ। অভাবে চ গৃহস্বামী পশ্চাৎ কেন্দ্রগতোগ্রহঃ। যদিলগ্নং লগ্নপশ্চসপ্তমং সপ্তমাধিপঃ। পশ্চেত্তদাত্তবক্তব্যং নামচত্তরক্ষরী- ভবেৎ। যৎসংখ্যাঃ খেচরামূর্ত্তৌ প্রপশ্যন্তি সুনিশ্চিতং। তাবৎ- সংখ্যাক্ষরং নাম চৌরস্য চ ন সংশয়ঃ। সমাঃসমাংশকেলগ্নেবিষমাং শেচবিষমাঃ। বর্গেচৌরাক্ষরং জ্ঞেয়ং বর্ত্তমাননবাংশকাঃ। অংশাধিপস্যযোগেন যোগাক্ষরলক্ষণং। তত্রস্থানাধিপঃপশ্চেৎ স্বরং চৈকান্তিকং বদেৎ। মিত্রযুক্তঃ সত্যযস্য নাশেন্নপৈকমক্ষরং মূর্ত্তৌস্বনামবেত্তাবস্তুতন্নাম ক্ষরাঃ স্মৃতাঃ। তেষাং সমন্বিতং নাম্নঃ স্বরাশের্যস্তৃতীয়কঃ। যদক্ষরং শক্রযুক্তং যস্যতস্যবিদক্ষরং। মাত্রা- শীর্ষোদয়েমূর্দ্ধ্নি সাধস্তাৎ পৃষ্ঠতোদয়ে। সবাচ্যাপ্নুতয়োস্তির্য্যক স্ববলেদ্দুর্ব্বলেন্যথা। ঊর্দ্ধমাত্রাতু অকার ই ঈ ঐ অঃ স্বরাশিকাঃ। অধোমাত্রাস্তবিজ্ঞেয়া উকারদ্বয়মেবহি। তির্য্যঙমাত্রাএও অকা- রস্তুতথৈব চ। অথপ্রকারান্তরেনামানয়নং। বসু ৮ দশ ১০ বিংশতি ২০ ত্রিংশৎ ৩০ চত্বারিংশৎ ৪০ পঞ্চষষ্টি ৬৫ সপ্তত্য ৭০ শীতি ৮০ নবতি ৯০ শতং ১০০ চৈবদশোত্তরশকস্তথা। এতৎ স্বরাঙ্কং বিজ্ঞেয়ং বর্গাণাং বর্ণসংখ্যয়া। তদ্‌যথা ক ১ খ ২ গ ৩ ঘ ৪ ঙ ৫ চ ১ ছ ২ বর্গসবর্গৌজ্ঞেয়ৌ অন্যৎ পৃচ্ছকস্য- দিগঙ্কেনসহসংযোগঃ। দিগঙ্কমাহ। সপ্তাধিকচত্বারিংশৎক্রমা- দেকৈকহ্রাসতঃ। পূর্ব্বাদৌবিন্যসেদঙ্কান্ যাবদ্রৌদ্রীং দিশং- ক্রমাৎ। সূক্ষরাশিং বিধায়াথ বর্গোবর্গাঙ্কিতস্ততঃ। এতৎ প্রশ্নাক্ষরাঙ্কস্তদাতব্যং বস্তুতোবুধৈঃ। প্রশ্নাক্ষরাঙ্কমাদায় দিগ- ঙ্কেন সমন্বিতং। সপ্তভিশ্চ হরেদ্ভাগং শেষেজ্ঞেয়োবিনির্ণয়ঃ। একেনদৃষ্টেতৃতীয়ংস্যাৎ ষাভ্যাং চত্বারএবহি। এভিশ্চপঞ্চবিজ্ঞেয়া চতুর্ভিঃষট প্রকীর্ত্তিতাঃ। শূন্যাদেকাক্ষরং নামদ্বয়ং পঞ্চভিরুচ্যতে। ন্যুমাক্ষরাণানুদ্দেশঃ ষড়ক্ষরমুদাহৃতং। নামাক্ষরাণাং সংখ্যা- ভাদঙ্ক শেষাস্ততঃ স্ফুটঃ। লব্ধং মূলেবিনিক্ষিপ্যবসুভির্ভাগ- মাহরেৎ। অবর্গাদি শবর্গাণামক্ষরান্নামতস্তবেৎ। বর্গেজ্ঞাতে- নবাংশান্নামাক্ষরং॥ প্রশ্নদীপিকা।

নামাক্ষরং দ্রব্যহর্ত্তুর্ব্বাচ্যং দ্রেক্কাণ ভাগতঃ। গণেষু মুনয়ো- বর্ণা দ্রেক্কাণাদোজতঃ ক্রমাৎ। ত্র্যবিধ বট্কাক্ষয়াণিস্ত যুগ্মস্ত কথিতঃ ক্রমাৎ। কাদীনাং পঞ্চবর্গাণামধিপাঃ কথিতা ইমে। কুজঃ শুক্রশ্চ সৌম্যশ্চ জীবঃ শৌরী চ পঞ্চমঃ। যবর্গস্তাধিপশ্চন্দ্রঃ স্বরাণামধিপো রবিঃ। বর্গে চৌরাক্ষরং জ্ঞেয়ং বর্ত্তমান নবাং- শতঃ। আদিদ্বয়ং নগৈর্হত্বা দ্বিতীয় যুগলং শরৈঃ। উ ঊ ঔ সপ্তভিশ্চৈব রুদ্রৈঃ সন্ধ্যক্ষরং স্বরং। তক্ষরং যুগলৈরেব বদে- দ্বিঘ্নং নিহত্য চ। এভি রঙ্কৈরেকযোগাদ্বদেচ্চৌরং প্রযত্নতঃ। চৌর সংখ্যাঙ্কমাত্রেণ বদেচ্চৌরস্বশেষতঃ। প্রশ্ন কৌমুদি।

> অক্ষরং দ্বিগুণং কৃত্বা মাত্রাপিণ্ডং চতুর্গুণম্।
> বসুশেষেণ নামাদিবর্গস্য বর্ণনির্ণয়ঃ॥

তদেব প্রশ্নাক্ষরপিণ্ডং পঞ্চভির্হৃত্বা শেষাঙ্কাদক্ষরং জ্ঞেয়ং বর্গো বা। কেরলী।

লব্ধং মূলে বিনিক্ষিপ্য অষ্টাভির্হৃতে একেন অবর্গঃ দ্বাভ্যাং কবর্গঃ ইত্যাদি শবর্গ পর্য্যন্তং। পুনর্লব্ধমিত্যাদি পঞ্চভির্হৃতে একেন প্রথমাক্ষরং দ্বিতীয়ে দ্বিতীয়াক্ষরং তৃতীয়াদিভিরেবং। অথাক্ষরসংখ্যা। লব্ধমিত্যাদি সপ্তভির্বিভজেৎ। একেন অক্ষরং নাম চতুঃ পঞ্চ ষষ্ঠ সপ্তমাষ্টমঃ। দ্বিক্রমেণ দ্ব্যক্ষরং বোদ্ধব্যং। এবং দ্রব্যস্য নাম। প্রশ্নতন্ত্র।

নাম প্রবন্ধং বক্ষ্যামি অক্ষরাণি স্বরাণি চ। উত্তরাশ্চ যদা প্রশ্নাঃ সমেষু বিষমেষুচ। বিষমেচ সমংনাম দৃশ্যতে নাত্র সংশয়ঃ। সমেষু বিষমং নাম বিষমেষু সমং পুনঃ। মিলিতাস্ত যদা প্রশ্না উত্তরাণ্য ধরাণিচ। বিষমস্য সমং নাম বিক্রান্তং নৈব লক্ষয়েৎ। অক্ষরস্য স্বরৈশ্চৈব সংযুক্তেচ বিনির্দ্দিশেৎ। অসংযুক্তে স্বরং দৃষ্ট্বা চত্বারো ভিহিতং পরং। পঞ্চভূতাভিহিতে ভিঘাতে ষষ্ঠসংস্থিতং। পঞ্চভেদা যদা দৃষ্টা সর্ব্বে আলিঙ্গিতাস্তথা। দ্বিপঞ্চমস্থিতো নাম চাভিধ মে চতুর্থকং। দ্বিচতুর্থে ভবে দগ্ধং ত্রিবর্গেচ যথা- ক্ষরং। আচতুর্থাৎ সমং নাম শেষস্ত বিষমং স্মৃতং। নেত্র বহ্নি শরং ষষ্ঠং বিষমো বসুচন্দ্রমাঃ। অর্কেণাপি হতাঃ ক্ষিপ্রং শেষ বর্গ হতানি চ। একত্রামু কৃতো রাশিঃ সপ্তভাগং প্রদাপয়েৎ। যৎ শেষং তিষ্ঠতে কিঞ্চিৎ বর্ণ সংখ্যা চ সাদ্বিধা। বর্ণ সংখ্যা হতাঃ প্রশ্না উত্তরাণ্য ধরাণি চ। অক্ষরাণি চ মাত্রাণি ভাগং দদ্যাদ্ যথা ক্রমশঃ। অষ্টাবিংশতি বর্গাণি অক্ষরাণি স্বরাণি চ। অষ্টমাত্রা

সমাযুক্তা নাম বৰ্কং নসংশয়ঃ। ঙ ঞ ণ ন মা যদা দৃষ্টা দগ্ধঞ্চ স্বরমেবচ। এতা মাত্রা বিনির্ম্মুক্তা নাম বর্ণা যথা ক্রমং। স্বরত্রীণি যদা দৃষ্টা উত্তরাশ্চ বিশেষতঃ। তদা চ নববর্ণানি আরভ্য নব ইষ্যতে। অধরবর্ণাঃ স্বরাদীর্ঘা যদাশব্দঞ্চদৃশ্যতে। তদাতু-আদিবর্ণস্তুঅস্তিমং স্বরসংযুতং। উত্তরাশ্চযদাপ্রশ্নামাত্রা চৈবো-ত্তরোত্তরাঃ। তদাস্তবর্ণভেদেন নামবর্ণস্বরং যুতং। অ ই উ এ ও উত্তরাঃপঞ্চচত্বারঃ আ ঈ ঐ ঔ অধরং স্বরং। দৃষ্টাত্রয়ং উ অং অঃ দ্বয়ং স্বর সংযুতং। স্বরাদীর্ঘাযদা দৃষ্টা একং বা স্বরমধ্যমং। বিলোমেনযদাদৃষ্টা অস্তিনাস্তিপ্রদৃশ্যতে। আলিঙ্গিতে তথাধূমে দগ্ধমাত্রাযদাভবেৎ। তদাতস্যাভয়ং জ্ঞেয়ং একীকৃত্য নসংশয়ঃ। বর্ণসংখ্যা পুনর্যোজ্যা পাতনীয়াধরাণিচ। ইন্দ্রীয়াণাং হরেদ্ভাগং নামমাত্রাসউচ্যতে। প্রশ্নমাত্রাহতার্কেণ ক্ষিপে বর্ণানযথাক্রমং। ভাগং দদ্যাদ্বিশেষেণশেষং মাত্রানসংশয়ঃ। ইতি নামাক্ষর প্রকরণং।

তথাতঃ সংপ্রবক্ষ্যামি নামচক্রং যথাস্থিতং। ত্রৈলোক্যং দৃশ্যতে যেন দেবানামপি দুর্লভং। ত্রৈলোক্যং জ্ঞায়তে যেন আত্রক্ষভু বনাস্তিকং। সংযুক্তাদি যদা প্রশ্না প্রথমং বর্গবর্ণকং। অভিঘাতো দ্বিতীয়স্য তৃতীয়েনালিঙ্গিতং পরং। অধরাধরে চতুর্থঞ্চ দগ্ধেতু পঞ্চমং স্মৃতং। ষড়্ভিস্তু অসংযুক্তং অভিহিতং সপ্ত উচ্যতে। অষ্টমস্তু ভবেদষ্টমেহষ্টৌচৈব হতানিচ। এবস্তু অষ্টম ভাবান্ লক্ষয়েচ্চ প্রযত্নতঃ। প্রথমে প্রথমোবর্গঃ দ্বিতীয়স্তু দ্বিতীয়কে। তৃতীয়ে তু এয়ং দৃষ্টং চতুর্থেচ চতুর্থকং। পঞ্চমে পঞ্চমং জ্ঞেয়ং ষষ্ঠে চৈব তু ষষ্ঠকং। সপ্তমে তু ভবেৎসপ্ত অষ্টমেচাষ্টমং স্মৃতং। আদাবন্তে তথামধ্যে সংযোগাদ্‌গুরুরক্ষরৈঃ। তদাদৌ বর্ণ বিজ্ঞেয়া নাত্রকায্যা বিচারণা। প্রথমং বর্গ বর্ণস্তুপ্রথম স্বরবর্জিতং তৃতীয়ে প্রস্থিতো বর্ণা অথবা পঞ্চ উচ্যতে। উত্তরাশ্চ যদা প্রশ্নাঃ স্বরবর্ণাধরোত্তরাঃ। বর্গশ্চ ষষ্ঠো জ্ঞাতব্যো দ্বিতীয়ে নাত্রসংশয়ঃ। একে দৃষ্টদ্বয়োর্বর্ণঃ অর্থভেদ স্বরস্থিতং। স্বর বর্ণস্তদাষষ্ঠ সপ্তমস্তু বিজানতা। অবর্গস্তু তবর্গস্তু যদা প্রশ্নেপ্রদৃশ্যেতে। তদা তু অষ্টমো বর্গ অক্ষরং নাত্রসংশয়ঃ। ককারস্ত পকারান্তং দ্বয়োর্ব্বর্গ পতত্যপি প্রথমে চ ভবেদ্বর্গং লক্ষয়েচ্চপ্রযত্নতঃ। মিশ্রিতাশ্চ তয়োর্বর্গ শকারস্তু স্বরস্ত চ। ষষ্ঠ সংখ্যা যদা তত্র অস্তিমং হি তু লক্ষয়েৎ। চতুর্থমষ্টমং বর্গং বর্ণ মধ্যে যদা ভবেৎ তদা তু পঞ্চমাবর্ণা জ্ঞাতব্যাস্তু বিশেষতঃ। তটবর্গে ় তু যদা দৃষ্টৌ চতুর্থে ২স্তিমঞ্চ ষং। পকারস্তু সকারস্য তৃতীয়ে নাত্রসংশয়ঃ। যকারস্য ককারস্তু যদা প্রশ্নেতু মধ্যগৌ। তদাবর্গ দ্বিতীয়স্তু অক্ষরস্তন সংশয়ঃ। অবর্গস্য কবর্গস্তু যদা প্রশ্নে প্রকারয়েৎ তদা তু প্রথমং জ্ঞেয়ং নাত্রকার্য্যা বিচারণা। ইতি বর্গানয়ন ভাবদ্বাদশ প্রকরণং॥ অথাতঃ সংপ্রক্ষ্যামি মধ্যবর্ণং যথাবিধি সিদ্ধস্তি যেন নামানিত্রিযুলোকেচরাচরে। বর্গ প্রথমং তৃতীয়স্তু হ্রস্বমাত্রাসু সংযুতং। তদা তু বর্গ মধ্যে তু অক্ষরং প্রথমং গুত্তং। অধরাস্তু যদা বর্ণা দৃষ্টশ্চেদ্দ্বিচতুর্থকে। তদা দ্বিতীয়বর্ণস্তু জ্ঞাতব্যং বর্গমধ্যতঃ। দগ্ধবর্ণা যদা দৃষ্টা উত্তরাণ্যধরাণিচ। তদা তৃতীয় বর্ণস্তু নাত্র কার্য্যা বিচারণা। উত্তরস্তু যদা বর্ণং স্বরাশ্চেরাধরা যদি। জ্ঞাতব্যঞ্চ চতুর্থঞ্চ প্রশ্নমধ্যে তু লক্ষয়েৎ। অধরস্তু যদা বর্ণং স্বরাশ্চেবোত্তরা যদি। তদা তু পঞ্চমে স্থানে দৃশ্যতে বর্গমধ্যতঃ। অভিঘাতে যদা পশ্চেৎ দৃশ্যতে পঞ্চমাক্ষরং। অভিহিতে চতুর্থঞ্চাভিহিতে চ তৃতীয়কং। অসংযুক্তে দ্বিতীয়স্তু সংযুক্তে প্রথমাক্ষরং। ক্রমেণ গৃহ্যতে বর্ণো বিশেষমুৎক্রমেণ চ। গৃহ্যতে প্রশ্নমাত্রাতু বর্গ বর্ণ হতানি চ পঞ্চ সংখ্যাহ্বতং ভাগং শেষস্তু বর্ণ উচ্যতে। আলিঙ্গিতাশ্চযে বর্ণা স্বরে দীর্ঘে নিহন্তি চ প্রশ্ন সংখ্যাতু সংযোজ্য বর্গবর্ণাৎ নিহন্তি চ। মাত্রাদগ্ধাস্তসং দৃষ্টা তেন বর্গং নিহন্তি চ। তস্য মধ্যে ত্রয়ং গ্রাহ্যং ভাগং দদ্যাদ্‌ যথাক্রমং। অক্ষরে প্রথমে প্রশ্নে স্বং বর্ণংদৃশ্যতে যদি। তদা প্রশ্নাহতং ষড়্ভির্ম্মাত্রাপিণ্ডস্তু সংযুতঃ। এক দৃষ্টে তৃতীয়স্তু তৃতীয়েন তু পঞ্চমং। পঞ্চমেন ত্রয়ং তাবৎ দ্বয়ঞ্চৈব চতুর্থকে। চতুর্থে পঞ্চমং জ্ঞেয়ং বর্গে বর্গে যথা ক্রমং। এবমাদিকৃতং বর্গস্তদা বর্ণস্ফুটোভবেৎ। ঊর্দ্ধরেখাস্ত্রয়োদশ্যঃ পশ্চাত্তিস্রাস্তুপঞ্চধা। স্বরাশ্চঅক্ষরাশ্চৈব দাতব্যশ্চক্রমধ্যতঃ। মধ্যচক্রে বদেৎ সংখ্যা তেনৈবোৎক্রমণেন চ। অকডমাচ বিজ্ঞেয়া ত্রৈলোক্যং দৃশ্যতে স্ফুটং। আলিঙ্গিতে চতুর্দ্দশ্যা চতুর্দ্দশ্যঃ পুনঃ পুনঃ। পুনরেব চতুর্দ্দশ্যঃ সহাস্ত বর্ণসংখ্যয়া। অষ্টাদশস্থিতা ধূমে ত্রিভিঃ-স্থানে পুনঃ পুনঃ। দগ্ধস্যচ অয়ং ভেদো বুধ্যতে নাত্র সংশয়ঃ। প্রশ্নবর্ণহতং চক্রং যেযথা যেন সংস্থিতাঃ। তেন চক্রং হরেদ্ভাগং অক্ষরস্তু নসংশয়ঃ। আলিঙ্গিতে ক্রমাদ্বর্ণা বর্ণোধূমাদ্ব্যতিক্রমাৎ। দগ্ধপ্রশ্নো যদাদৃষ্টা চক্রভাগেন লক্ষয়েৎ। এষুক্রমং মহাচক্রং সর্ব্বচক্র মনুত্তমং। পুনরন্যৎ প্রবক্ষ্যামি সর্ব্বচক্র মনুত্তমং। সারাৎ সারতরং সারং সামুদ্রং নামনামতঃ। পঞ্চরেখা সমুদ্ধৃত্য পশ্চাত্তিস্রস্তু পঞ্চধা। দাতব্যা অক্ষরা স্তত্রদ্ব্যষ্টকোষ্ঠেষু ষোড়শঃ। অকারাদি চতুষ্কস্তু চতুকোণে চতুষ্ককং। ককারাদি ত্রয়োদশ্য ত্রয়োদশ পুনঃ পুনঃ। পুনশ্চৈব ত্রয়োদশ্যঃ কোষ্ঠে কোষ্ঠে ত্রয়ং ত্রয়ং। যুগ্মত্রয়ঞ্চ পঞ্চাষ্টো পঞ্চাষ্টৌচ দ্বয়ংত্রয়ং। স্ক্রে-

রূপদ্বয়ং ষষ্ঠদ্বয়ং ষষ্ঠ যুগাশশী।২।৩।৫।৮।৫।৮।২।৩।।৪।১।২।৬।২।৬।৪।১। আদিজিতে ত্রয়োদশবর্ণাঙ্ক-সংখ্যয়া। অষ্টাদশস্থিতোধ্রুবে চক্রবর্ণস্তু গৃহ্যতে। সপ্তদগ্ধেস্থিতং নিত্যং পুনশ্চৈব চতুর্দ্দশ। অপসব্যং ততোগ্রাহ্যং অষ্টভাব সমুদ্রকং। প্রশ্নসংখ্যাহৃতং সর্ব্ব মেকৈকস্ত যথাবিধি। চক্রাঙ্কেণ হতাঃসর্ব্বে কোষ্ঠে কোষ্ঠে হতানিচ। প্রশ্নবর্ণস্তু যৎকোষ্ঠে তদঙ্কং দ্বিগুণীকৃতং। ক্রমেণ গৃহ্যতে কোষ্ঠে স্বরবর্ণস্ত নির্ণয়ঃ। ইত্যক্ষরানয়ন ত্রয়োদশ প্রকরণং। ইত্যাদি চন্দ্রোন্মীলনে।

—চন্দ্রবেধেন বিজ্ঞেয়ং চৌরনামস্ফুটো ভবেৎ। ক্রূরঋক্ষগতে চন্দ্রে বিদ্যা' চ্চৌরস্ত সম্ভবং। অবেধে সৌম্যবেধে চ নষ্টং চৌর বিবর্জ্জিতং। যৎ সখ্যাঃ খেচরাঃ ক্রূরাশ্চন্দ্রবেধে ব্যবস্থিতাঃ। তৎসংখ্যা স্তস্করা জ্ঞেয়াঃ সহায়াশ্চান্তরাক্ষরৈঃ। রূপং দ্রেক্কাণ-রূপেণ তস্করস্ত প্রজায়তে। ক্রমাৎ দ্রেক্কাণ তো জ্ঞেয়ং কৃশং মধ্যং বলাধিকং। পংক্তিযুক্তান্ লিখেদ্বর্ণান্ সংখ্যয়াষ্টোত্তরং শতং। সর্পাকারোহথ বেধোহয়ং তেন নামানি সাধয়েৎ। উদয়াস্তময়ে দ্রব্যং চৌরনাম রসাতলে। দশমে ধনিকস্থাপি এবং নামত্রয়ং ভবেৎ।— তাৎকালিচন্দ্র।

পারিজাত পঞ্চপক্ষীর শেষভাগে তাৎকালিক চন্দ্রের গণনা দৃষ্টি কর।

## ভোজন চিন্তা।

লগ্নাধিপো ভোজ্যদাতা সুখেশেভোজ্যমীরিতম্।
বুভুক্ষা মদপঃ কর্ম্মপতির্ভোক্তেতি চিন্তয়েৎ॥ ১॥

প্রশ্নলগ্নের অধিপতি যে গ্রহ তিনি ভোজ্যদাতা। প্রশ্নলগ্নের চতুর্থাধিপতি গ্রহদ্বারা ভোজ্য পদার্থ নির্ণয় হইয়া থাকে। সপ্তমাধিপতি গ্রহদ্বারা ক্ষুধা ও দশমাধি-পতিগ্রহদ্বারা ভোজন কর্ত্তা নির্ণীত হয়॥ ১॥

লগ্নে লাভে চ সৎখেটাযুতদৃষ্টে চ ভোজনম্।
জীবে লগ্নে সিতেবাপি সুভোজ্যং দুঃস্থিতাবপি॥ ২॥

লগ্নে ও একাদশ স্থানে যদি শুভগ্রহের দৃষ্টি বা যোগ থাকে তবে ভোজন হইবে জানা যায়। লগ্নে বৃহস্পতি বা শুক্র থাকিলে ভোক্তা দরিদ্র হইলেও তাহার উত্তম আহার হয়। ২।

মন্দেতমসি বা লগ্নে সূর্য্যেণালোকিতেযুতে।
লভ্যতে ভোজনং নাত্র শস্ত্রভীতিস্তদাকচিৎ॥ ৩॥

প্রশ্নলগ্নে যদি শনি ও রাহু কেতু অবস্থিতি করে এবং ঐ লগ্নে যদি সূর্য্যের দৃষ্টি থাকে কিম্বা সূর্য্যই যদি লগ্নে থাকেন তাহা হইলে প্রশ্ন কর্ত্তার সেই দিবসে ভোজন লাভ হয় না, বরং শস্ত্রাঘাতাদি ভয় উপস্থিত হইয়া থাকে। ৩।

রবিদৃষ্টং যুতং বাপি লগ্নং ন যদি তত্রহি।
উপবাসস্তদাবাচ্যো নক্তং বা বিরসাশনং॥ ৪॥

প্রশ্নলগ্নে শনি, রাহু, বা কেতু অবস্থিতি করিলে যদি তাহাতে সূর্য্যের যোগ বা দৃষ্টি না থাকে তাহা হইলে সেই দিবসে প্রশ্ন কর্ত্তার উপবাস কিম্বা রজনীতে বিরস দ্রব্য ভোজন হয়। ৪।

চন্দ্রেকর্ম্মগতেভোজ্য মুষ্ণং শীতং সুখে কুজে।
তুর্য্যেখেটস্ত বসতোভোজ্যায়ে রসমাদিশেৎ॥ ৫॥

প্রশ্নলগ্নের দশমস্থানে চন্দ্র অবস্থিত হইলে শীতল দ্রব্য ভোজন বুঝায়, মঙ্গল চতুর্থ স্থানে থাকিলে উষ্ণ দ্রব্য ভোজন হয়। প্রশ্নলগ্নের চতুর্থ স্থানে অবস্থিত গ্রহদ্বারা ভোজ্য অন্নাদির রস জানা যায়। ৫।

স্নিগ্ধমন্নং সিতেঁতুর্য্যেতৈলসংস্কৃতমর্কজে।
নীচোপগেকদশনং বিরসং তৈল সংস্কৃতং॥ ৬॥

লগ্নের চতুর্থ স্থানে শুক্র থাকিলে স্নিগ্ধ ভোজন অর্থাৎ জলসিক্ত অন্নাদি ভোজন হইয়া থাকে। শনি চতুর্থ স্থানে থাকিলে তৈল সংস্কৃত অর্থাৎ অল্প মূল্যের নিকৃষ্ট আহার হয়। উক্ত চতুর্থ স্থান গৃহদিগের নীচ গৃহ হইলে কদর্য্য ও অপরিষ্কৃত দ্রব্য ভোজন হইয়া থাকে। ৬।

সূর্য্যাদিভির্লগ্নগতৈঃ সবীর্য্যৈ রাজ্যাদিগেহে ভুক্তিমামনন্তি।
সুখেসুখেশো সবলে সুভোজ্যং চরাদিকেন্দ্রাদসকৃৎ সকৃদ্বি।
যথা রাজানৌ রবিসিতঃ ক্ষিতিসুতো নেতা কুমারোবুধঃ
সুরৈর্দানব পূজিতশ্চ সচিবৈবেপেয়ঃ সহস্রাংশুজঃ॥ ৭॥

প্রশ্ন লগ্নে রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি শুক্র কিম্বা শনি বলবান হইয়া অবস্থিতি করিলে রাজা অথবা তৎ-সদৃশ কোন সম্ভ্রান্ত ধনাঢ্য ব্যক্তির আলয়ে উত্তম আহার লাভ হইয়া থাকে। ঐ সূর্য্যাদি গ্রহের বলাবল অনুসারে রাজাদির গৃহে ভোজন নির্ণয় হইবে। উক্ত গ্রহগণ পূর্ণবল হইলে রাজ ভবনে, মধ্যবলে রাজমন্ত্রী প্রভৃতির গৃহে ও অল্প বলে ধনাঢ্য লোকের বাটীতে উৎকৃষ্ট আহার লাভ

হইয়া থাকে। লগ্নে রবি, চন্দ্র, মঙ্গল কিম্বা বুধ থাকিলে রাজ ভবনে, এবং বৃহস্পতি বা শুক্র লগ্নে থাকিলে রাজ মন্ত্রী গৃহে ও শনি থাকিলে রাজকর্ম্মচারির ভবনে ভোজন প্রাপ্ত হয়। এই সকল গৃহ বলবান হইলে সুখস্বচ্ছন্দে সুখাদ্য লাভ হইয়া থাকে। প্রশ্নলগ্নের চতুর্থাধিপতি গ্রহ বলবান হইয়া চতুর্থ স্থানে অবস্থিত হইলে উত্তম ভোজন লাভ হয়। চর রাশি অর্থাৎ মেষ, কর্কট, তুলা ও মকর ইহাদের কোন এক রাশি হইলে দুই কি তিনবার ভোজন হয়,। স্থিরলগ্ন অর্থাৎ বৃষ, সিংহ, বৃশ্চিক, ও কুম্ভ এই সকলের কোন এক রাশি হইলে একবার এবং দ্ব্যাত্মক অর্থাৎ মিথুন, কন্যা, ধনু ও মীন ইহাদিগের মধ্যে কোন এক রাশি হইলে দুই বার ভোজন হয়। ৭।

মূলত্রিকোণগে খেটেলগ্নে পিতৃগৃহেঽশনম্।
মিত্রালয়ে মিত্রভস্থে শত্রুগেহেঽরিগেহগে ॥ ৮ ॥

মূল ত্রিকোণ অর্থাৎ লগ্নের পঞ্চম ও নবমাধিপতি গ্রহ যদি প্রশ্ন লগ্নে অবস্থিতি করেন তাহা হইলে পিতার গৃহে ভোজন হয়। ঐ মূলত্রিকোণাধিপতি গ্রহ মিত্র গৃহে থাকিলে স্বীয় মিত্র গৃহে এবং শত্রু গৃহে থাকিলে স্বীয় শত্রু ভবনে ভোজন হইয়া থাকে। ৮।

শুভেক্ষিতযুতেলগ্নে বলাঢ্যে স্বগৃহে ভুজিঃ।
গৃহরাশিস্বভাবেন যত্নাদন্যচ্চ চিন্তয়েৎ ॥ ৯ ॥

প্রশ্ন লগ্নে বলবান শুভগ্রহের দৃষ্টি বা যোগ থাকিলে স্বীয় ভবনে ভোজন বুঝায়। গৃহ ও রাশির বলাবল বিবেচনায় অন্যান্য বিষয়ের গণনা হইয়া থাকে। ৯।

তিলান্ন মর্কেহিমগৌ সুতণ্ডুলা
ভৌমেমসূরাশ্চনকাশ্চ ভোজ্যম।
বুধেসমুদ্গাঃ খলুরাজমাষাগুরৌ
সগোধূমভুজিঃ সবীর্য্যে ১০

প্রশ্ন লগ্নে বলবান সূর্য্যের যোগ বা দৃষ্টি থাকিলে তিলান্ন, চন্দ্রের যোগ বা দৃষ্টি থাকিলে তণ্ডুলান্ন, মঙ্গলের যোগ বা দৃষ্টি থাকিলে মসুর ও ছোলা বুধের দৃষ্টি বা যোগে মুগ ও মাষকলাই, বৃহস্পতির দৃষ্টি বা যোগ থাকিলে গোধূম ভোজন হইয়া থাকে। ১০।

শুক্রে যবাবাজরিকা যুগন্ধরাং
শনৌ কুলত্থাদি সমাষমন্নং।
ভোজ্যং তুষান্নং শিখিরাহু বীর্য্যা-
চ্ছুভেক্ষণা লোকনতঃ সহর্ষম্ ॥ ১১

প্রশ্নলগ্নে বলবান শুক্রের দৃষ্টি বা যোগ হইলে যব ও ফল মুলাদি, শনির যোগ বা দৃষ্টি হইলে কুলত্থ কলাই ও মাষকলাই সহিত অন্ন, রাহুর যোগ বা দৃষ্টি হইলে তুষান্ন ভোজন হয়। উক্ত গ্রহেরপ্রতি শুভ গ্রহের দৃষ্টি বা যোগ থাকিলে মহাহর্ষে ও আমোদ প্রমোদে আহার হইয়া থাকে। ১১।

শুক্রেমূলং পুষ্পমিন্দৌ কুজেস্যাৎ
পত্রং শাখা চাপিশাকং সবীর্য্যে।
শুক্রেজ্যজ্ঞৈর্ব্ব্যঞ্জনং ভূরিভেদং
মন্দেনেত্থং সামিষং রাহুকেত্বোঃ ॥ ১২ ॥

সূর্য্য প্রশ্নলগ্নাধিপতি হইলে মূলজ দ্রব্য, চন্দ্র হইলে পুষ্প, মঙ্গল হইলে পত্র, শাখা ও শাকাদি ভোজন হয়। শুক্র, বৃহস্পতি, ও বুধ হইলে নানাবিধ ব্যঞ্জন শনি, রাহু ও কেতু হইলে নানা প্রকার মৎস্য মাংসাদি যুক্ত খাদ্য ভোজন হয়। ভোজন চিন্তা প্রশ্ন বিষয়ে যে সকল বচন বলা হইল দৈবজ্ঞগণ গ্রহ রাশির বলাবল ও স্বভাবাদি বিবেচনা করিয়া অনুভবপূর্ব্বক উত্তর করিবেন। ১২।

---

লগ্নস্বামী ভোক্ত্যদো বন্ধুনাথো ভোজ্যং যামিত্রনাথো বুভুক্ষা। সোমাধীশে সংপ্রদিষ্টোত্র ভোক্তা তেষাং বীর্য্যাদ্বীর্য্য যুক্তং চ ভোগঃ। উচ্চে লগ্নে ভাস্করাদ্যা নৃপাদে গেহে পুংসাং ভোজনং সূচয়ন্তি। স্বীয়েগেহেকেতু মূলত্রিকোণে মিত্রাদীনাং ধাম্নি মিত্রাদি ধাম্নি ॥ লগ্নে সর্ব্বগুণান্বিতে নিজ গৃহে পিত্রেঽনুজে তদ্গৃহে বন্ধৌ ধাম্নি পিত্তঃসুতে সুতগৃহে শত্রৌ তু শত্রোর্গৃহে। দ্যূনে স্ত্রীভবনে মৃতেন সুখদং ধর্ম্মেতু ধর্ম্মোত্তরং খেরাজ্ঞোগৃহকে শিবে সখিগৃহে শূন্যং ব্যয়ে ভোজনং ॥ যদাত্র সার্থকো যোগো গৃহৈস্তদ্ দৃষ্টি সংযুতঃ। লগ্নে শেনরসো বাচ্যঃ প্রায়ো ভোজন কর্ম্মণি ॥ স্থিরোদয়েথেকবারং দ্বিবারং দ্ব্যাত্মকোদয়ে। পৃচ্ছতো ভোজনং বাচ্যং বহুবারং চরোদয়ে। লাভে লগ্নে শুভযুতে দৃষ্টে বাচ্যং প্রষ্টুর্ভোজ্যং বহুবিধমিষ্টপ্রায়ং। ইত্থং ভূতে গুরু ভৃগু লগ্নে প্রায়ঃ কুস্থানেঽপি ভবতি ভোজ্যং ভব্যং ॥ মন্দে লগ্নে তমসিচ যুতে দৃষ্টে সতি কষ্টভোজ্যমেব প্রষ্টুঃ। ক্ষেত্রাধিপে নান্বিত ভাসি দৃষ্টে প্রায়েণ পুংসোঽমৃত ভোজনং স্যাৎ। তস্মিন্ন দৃষ্টে সতি তেন কষ্টং স্যাদ্ভোজনং দুর্ব্বচনান্বিতঞ্চ ॥

চণ্ডেশ্বর।

## অথ নষ্ট উদ্ধার।

বাপের ঘরে পুত্র দেখে, তাহার নষ্ট ঘরে থাকে, আপন ক্ষেত্রে আপনে চায়, উচ্চ স্থানে খনা কয়। রাহু কেতু দেখে যবে, ভিন্ন জাতি নিল তবে। পঞ্চম ঘরে মিত্র থাকে, তাহার সপ্তম মঙ্গল দেখে। অবশ্য তাহার নষ্ট পায়, গ্রহের বলে খনা কয়। পুত্রের ঘরে বাপে চায়, অন্য চোরে লইয়া যায়। তিন গ্রহেদৃষ্টি যার, তবে জানিও নদীর পার। দিগ নদী পরিচয়, গ্রহ বলে খনা কয়॥ বাপে পোয়ে এক দেখে, আপন স্থানে নষ্ট থাকে। গ্রহরাজে দৃষ্টি হয়, জল জানিয়া নষ্ট পায়। দিগ শঙ্কা জলাশয়, লগ্ন দিয়া পরিচয়, রবি মঙ্গল বেদে যার, তার নষ্ট নালা পার, লগ্নে থাকে কানা বার, উচ্চ স্থানে নষ্ট তার। খনা বলে শূন্য ঘরে, নিকট নিকট নয় দূরে। চন্দ্র থাকে যুগ্ম ঘরে, শনি রবি দৃষ্টি করে, তার নষ্ট নানেয় পরে, আপন লোকে চুরি করে। বৃক্ষ মূলে রেখে যায়, তালা-সেতে পাওয়া রায়। খনা বলে গ্রহ বলে, থাকে নষ্ট গাছের তলে। মকরে মঙ্গল থাকে যার, তাহার নষ্ট পাওয়া তার। চন্দ্র থাকে ষষ্ঠ ঘরে, বুধ যদি দৃষ্টি করে। করিয়া চুরি যায় দূরে, দুই তিন নদীর পারে। রাহুর ঘরে চন্দ্র যার, তাহার নষ্ট গর্ত্তের পার। বর্ণ রাঙ্গা মুখ ছোট, দীর্ঘ নয় হবেখাট। মৃত্তিকার ভাণ্ড ডাগর পেট, খনা বলে কলসী কি ঘট। লগ্ন বলে বুঝা যায়, ঘরে থাকে বাহিরে নয়। ভূমি সুত ধরণিপতি, কুম্ভে চন্দ্র থাকে যদি। হয় নষ্ট না নেয় চোরে, মুনিকে পাইয়া হরে তারে। পঞ্চম শুক্র থাকে যার, উচ্চ স্থানে নষ্ট তার। কুজ বেদে থাকে যার, মাটির মুরে নষ্ট তার। দিগ ঘর করিয়া নির্ণয়, গৃহ দিয়া খনা কয়।

### জীবাদি প্রশ্নঃ।

প্রশ্ন দিনের চন্দ্রে দেখে, জীবে বুধে জীবলেখে। দেখে কুজ রাহু শনি, প্রশ্নে তবে ধাতু জানি। চান্দে রবি শুক্র দেখে, মূলচিন্তা বলি তাকে। মিশ্রগ্রহে দেখিতে পায়, মিশ্রধাতু বলি তায়। চান্দে দেখে কেবল জীবে, জীবশুভ চিন্তা তবে। বুধ যদি দেখে একা, মৃতজীব খনায় লেখা। যদি দেখে রাহু শনি সুবর্ণাদি প্রশ্নে গণি। কেবল কুজে ভূমিজান, রবিশুক্রে মূল প্রমাণ। কন্যা মিথুন তুলার নবাংশে, চান্দ থাকিলে দ্বিপ আসে। ধনু কুম্ভের নবাংশে রয় অপদ জীব চিন্তা হয়। কর্কট নবাংশে চাঁদ, বক্রচরণ প্রশ্ন বাঁধ। মেষ বৃষ সিংহে জান, চতুষ্পাদ চিন্তা প্রমাণ। মেষ সিংহ ধনুর অংশে, চাঁদ থাকিলে হস্ত্যাদি আসে। বৃষমিথুন কর্কট জান, গণ্ডার ব্যাঘ্র মহিষ মান।

কর্কটাদি তিনে বয়, খুরী জন্তুর চিন্তা কয়। মীন মকর কর্কটাংশে, জলজন্তু চিন্তা ভাষে। প্রশ্নলগ্ন নবাংশ কর, অবশেষে প্রশ্ন ধর। প্রথম নবাংশে সোণা হয়, দ্বিতীয়েতে রূপা কয়। তৃতীয়ে তাম্র চতুর্থে কাঁসা, পঞ্চমে পিতল করহ দিশা। ষষ্ঠে রাঙ্গ সপ্তমে লোহ, অষ্টমে সীসা নবমে কাঁসা।

মেষ আদি বার ঘর, চান্দেলগ্নে প্রশ্ন কর। গুল্ম মেষে বল্লী বৃষে, মিথুনেতে লতা ভাষে। কর্কটেতে কন্দ হয়, প্রশ্ন জেনে খনা কয়। সিংহ কন্যা বিছা তুলা, ছোট ছোট গাছগুলা। ধনু মকর কুম্ভে জানি, লতাকন্দ প্রশ্নে মানি। কুজ শুক্র বুধ শনি, গুরুর ত্রিংশাংশ গণি পত্র পুষ্প ফল মূল, ছাল জান নাই প্রশ্নে ভুল। মেষের চান্দে প্রশ্ন হয়, প্রবাস বাক্য সুনিশ্চয়। বৃষে সুস্থ মিথুনের লয়, কর্কটে হাস্য সিংহে জয়। কন্যায় রওনা বৃশ্চিকে রতি, ধনুতে নষ্ট শূন্য অতি। মকরে ক্রীড়া কুম্ভে সুপ্তি, মীনের চান্দে দৃঢ় ভক্তি। চান্দে দেখে যেই গ্রহ, তত্তুল্য বর্ণে দ্রব্য কহ। গ্রহদৃষ্টি বশে আন, নষ্টমুষ্টি সুবর্ণ জান। ঊর্দ্ধমুখ ক্ষেত্র চান্দ, নষ্ট দ্রব্য প্রশ্নে বান্ধ। রোহিণ্যার্দ্রা শতভিষা, ধনিষ্ঠা পুষ্যোত্তরা দিশা। জ্যেষ্ঠাশ্বিনী মৃগশিরা, রেবতী হস্তা পুনর্ব্বসু ধীরা। চিত্রা স্বাতী অনুরাধা, এই কয় নক্ষত্রে চান্দ বান্ধা। মঘা ঊর্দ্ধ অধঃস্থান, নষ্টদ্রব্য গণিয়া আন। মূলা ভরণী পিতৃ বহ্নি, পূর্ব্বাতিনে স্থান সন্ধি। ভৌম রবি ঊর্দ্ধে দৃষ্টি, বুধ শুক্র আড়ে দৃষ্টি। জীবে চান্দে দৃষ্টি সমান, শনি রাহু অধঃস্থান।

## অথ দ্রব্য নিরূপণ।

লগ্ন অঙ্কে যত হয়, গ্রহ দিয়া পুরিতে হয়। বসু মিশাইয়া বেদেক্ষয়, সেই দ্রব্য খনা কয়। লগ্নে রবি দ্রব্য শোনা, চক্রমত্ত বলে খনা। শুক্র চন্দ্র দেখে যবে, খারা রেখা থাকে তবে। গুরু সপ্তম ভাঙ্গা হাড়, ভুমিপুরে শোনার মোহর। রাহু কেতু দেখে যবে, শিরভগ্ন থাকে তবে। চতুর্থ বুধ পঞ্চম শনি, সেই দ্রব্য এক জানি। মঙ্গল শনি দেখে যবে, একবর্ণ হবে তবে। রক্তবর্ণ যায় বলা, মধ্যে থাকে সাদা কালা। লগ্নে শুক্র বর্ণধলা, এই কথা যায় বলা। পঞ্চম চন্দ্র দেখে যবে, রূপা ধাতু হয় তবে। পূর্ণচন্দ্রে চক্রাকার, যোরা রেখা থাকে তার। অর্দ্ধদৃষ্টি থাকে যার, খনা বলে অলঙ্কার। নবমে চন্দ্র থাকে যার, চক্রাকার দ্রব্য তার। সপ্তম নবম রাহু যার স্বল্পদ্রব্য অধিক তার। তৃতীয় শনি যায় জানা, বর্ণকাল বলে খনা। রাহুলগ্নে হয় কাষ্ঠ, খনা বলে এই নষ্ট। শনিক্ষেত্রে দেখে যবে, লৌহযুক্ত হয় তবে। নবম চন্দ্র দীর্ঘাকার, জলে বসতি হয় তার।

## অথ নাম নিরূপণ।

লগ্ন চতুর্গুণ করি, দিগ মিশাইয়া সাতে হরি। শেষ অঙ্ক রহে যেই, চোরের নাম হয় সেই। মীনে মিথুনে ককারযুক্ত, সিংহে বৃশ্চিকে চকারভুক্ত। কর্কট মকরে টকার জান, তুলা কন্যা তপরিমান। মেষ কার্ম্মুকে পকারাদি, যকার গণিতে কুম্ভ যদি। অত্রভেদ করিলে গণা, সেই চোর বলে খনা।

## অথ রোগচিন্তা।

উল্লাঘোভবিতা কদা পুনরিতি প্রশ্নে বিলগ্নং ভিষক্
নির্দ্দিষ্টঃ সুখমৌষধং স্মরগৃহং রোগ স্বরোগোনভঃ।
লগ্নে ক্রূরযুতে ভিষগ্বিরচিতে রুগ্বৃদ্ধি রেবৌষধে
স্বস্মিন্ সৌম্যযুতে চ তদ্বিরচিতৈস্তৈরেব রোগক্ষয়ঃ॥ ১॥

চণ্ডেশ্বরে।

রোগমুক্তিপ্রশ্নে অর্থাৎ কবে রোগমুক্তি হইবে এইরূপ প্রশ্ন করিলে প্রশ্নলগ্ন দ্বারা রোগ, চতুর্থলগ্ন দ্বারা ঔষধ, সপ্তমলগ্নদ্বারা রোগমুক্তি নির্ণয় করিবে। লগ্নে ক্রূরগ্রহ থাকিলে বৈদ্যকৃত ঔষধ দ্বারা রোগ বৃদ্ধি হইবে। লগ্নে শুভগ্রহ থাকিলে বৈদ্যকৃত ঔষধে রোগ নষ্ট হইবে জানা যায়। ১

লগ্নং বৈদ্যং বিজানীয়াৎ চতুর্থালয় মৌষধং।
রোগশ্চ সপ্তমং স্থানং আরোগ্যং দশমালয়ং॥ ১॥

রোগমুক্তিপ্রশ্নে লগ্ন দ্বারা বৈদ্য নির্ণয় করিবে এবং লগ্নের চতুর্থ স্থানে ঔষধ, সপ্তমস্থানে রোগ ও দশমস্থানে আরোগ্য জানা যায়। ১

লগ্নে ক্রূরযুতে প্রশ্নে ঔষধং যদি নিক্ষিপেৎ।
রোগবৃদ্ধি র্ভবেদাশু রোগমুক্তো বিপর্য্যয়ে॥
চতুর্থে দশমে তদ্বৎ পাপ সৌম্যগ্রহস্থিতে॥ ২॥

ঐরূপ প্রশ্নকালে যদি লগ্নেতে পাপগ্রহ অবস্থিতি করে তাহা হইলে ঔষধি প্রয়োগে রোগবৃদ্ধি হয়। এবং লগ্নে শুভগ্রহ থাকিলে ঔষধি সেবনে রোগমুক্ত হইবে, ইহা জ্ঞাত হওয়া যায়। এইরূপ লগ্নের চতুর্থ ও দশম স্থানস্থিত শুভাশুভ গ্রহ দ্বারা রোগ মুক্তি প্রশ্নের শুভাশুভ নির্ণীত হইয়া থাকে। ২

চতুর্থ মৌষধং বীর্য্য মনুপানঞ্চ সপ্তমে।
আস্বাদনঞ্চ লগ্নেশো দ্রব্যসংখ্যা তুরীয়গং॥ ৩॥

প্রশ্নলগ্নের চতুর্থ স্থানে ঔষধ, সপ্তমস্থানে অনুপান, দশমস্থানে রোগীর পথ্যাপথ্য নির্ণয় করিবে।৩

আর্দ্রং বা কঠিনং দ্রব্যং সপ্তমেশে বিনির্দ্দিশেৎ॥ ৪॥
কটুস্নিগ্ধ রসং তোয়ং কটুশ্চৈবাদ্রবং রসং।

প্রশ্নলগ্নের সপ্তমাধিপতি দ্বারা তরল কি কঠিন ঔষধে রোগমুক্তি হইবে তাহা জানা যায়। ৪

কটুকং মধুকং তিক্তং মধুরং স্যাদজাদয়ঃ।
এতেষাং পানমিত্যেবং বর্ণলগ্নে সবর্ণজং॥ ৫॥

মেষাদি রাশিতে যথাক্রমে কটু, স্নিগ্ধ, রস, জল, কটু, কঠিনদ্রব্য, রস, কটু, মধুর, তিক্ত ও মধুরদ্রব্য, এই সকল ঔষধ সেবনে রোগশান্তি জানা যায়। ৫

তমোরাহুশনৌ দৃষ্টে দ্রব্যং তুল্যং হলাহলং।
শনি সূর্য্য কুজে তুর্য্যে ঔষধং কটু মূলজং॥ ৬॥

রোগমুক্তিপ্রশ্নে লগ্নের চতুর্থ স্থানে রাহু ও শনির

দৃষ্টি থাকিলে, রোগ শান্তির জন্যে যে যে ঔষধ প্রয়োগ করিবে সেই সেই ঔষধ বিষের ন্যায় অপকারী হয়। আর ঐ চতুর্থ স্থানে যদি শনি ও মঙ্গল থাকেন, তাহা হইলে রোগীকে কটু মুলজ ঔষধ সেবন করাইবে। ৬

কুজে ভস্ম সমাকীর্ণ মৌষধং রোগনাশনং।
কুজার্কৌ তাম্রঘটিতৌ বঙ্গাভ্রং লৌহজং শনিঃ ॥ ৭ ॥
রজতং শুক্রচন্দ্রেচাপাথবা রসমিশ্রিতং।
গুরুজ্ঞে স্বর্ণঘটিতং হরিতালঞ্চ গন্ধজং ॥ ৮ ॥
মিশ্রেহি মিশ্রবর্ণঞ্চাপ্যধাম্যং রস সাগরং।
অহিফেণং যুতে শুক্রে কলমিশ্রং রবৌকুজে ॥ ৯ ॥

প্রশ্নলগ্নের চতুর্থ স্থানে মঙ্গল থাকিলে ভস্মীভূত ঔষধে রোগ নাশ হইবে। এবং মঙ্গল ও রবি থাকিলে তাম্রঘটিত, শনি থাকিলে বঙ্গ, অভ্র, ও লৌহ ঘটিত, শুক্র ও চন্দ্র থাকিলে রৌপ্য ঘটিত অথবা পারদ মিশ্রিত, বৃহস্পতি থাকিলে স্বর্ণঘটিত অথবা হরিতাল ও গন্ধক মিশ্রিত ঔষধে রোগ নিবৃত্তি হইবে জানা যায়। মিশ্র অর্থাৎ উক্ত দুই তিন গ্রহ প্রশ্নলগ্নের চতুর্থে থাকিলে দুই তিন প্রকার ঔষধ মিশ্রিত করিয়া রোগীকে সেবন করাইলে রোগ নিবৃত্তি হইবে। প্রশ্ন লগ্নের চতুর্থ স্থানে শুক্র থাকিলে অহিফেণ ( আফিং ) রবি ও মঙ্গল থাকিলে কল মিশ্রিত ঔষধ সেবন করাইলে আরোগ্য হইবে জানা যায়। ৭।৯।

উগ্রবীর্য্যং রাহু কেতু তৈলং ভৃগুজ্ঞচন্দ্রজৌ ॥ ১০ ॥

প্রশ্নলগ্নের চতুর্থ স্থানে রাহু ও কেতু থাকিলে উগ্রবীর্য্য ঔষধে, শুক্র ও বুধ থাকিলে তৈল সেবনে প্রশ্নকর্ত্তার রোগ মুক্ত হইবে ইহাই দৈবজ্ঞ বলিয়া দিবেন। ১০

লগ্নেশ লগ্নয়োঃ পার্শ্বে যাবন্তঃ সন্তি খেচরাঃ।
তাবদ্রোগং বিজানীয়াৎ নরানার্য্যাস্ত তাবতি ॥ ১১ ॥

লগ্নাধিপতি যে গৃহে থাকিবে সেই গৃহের ও লগ্নের পার্শ্বদ্বয়ে অর্থাৎ পূর্ব্ব বা পররাশিতে যত সংখ্যক গ্রহ অবস্থিতি করিবে প্রশ্নকর্ত্তার শরীরে তত সংখ্যক রোগ আছে জানা যায়। ১১

শনিঃ শোণিত রোগঞ্চ গ্রহণী বায়ু দৈবতং।
অজীর্ণ কফ রোগঞ্চ করোতি চন্দ্রনন্দনঃ ॥ ১২ ॥

প্রশ্নলগ্নের পূর্ব্ব বা পর রাশিতে শনি থাকিলে রক্তরোগ ও গ্রহণী, বুধ থাকিলে অজীর্ণ ও কফরোগ জানিতে হইবে। ১২

প্রমেহং শোথ মূত্রঞ্চ মুক্ত বৃদ্ধিং ভৃগোঃসুতঃ।
ব্রণং বা জরবাতঞ্চ কুজার্কৌ রক্তদাহজৌ ॥ ১৩ ॥

প্রশ্নলগ্নের ও লগ্নাধিপতির পূর্ব্ব বা পররাশিতে শুক্র অবস্থিতি করিলে প্রশ্নকর্ত্তার শরীরে প্রমেহ, শোথ, বহুমূত্র, মুষ্করদ্ধি ( কুরন্দ ) এই সকল রোগ জানা যায়। এই রূপ মঙ্গল ও রবি থাকিলে ব্রণ, জ্বর, বায়ুরোগ, রক্ত দোষ ও দাহ রোগ বুঝায় ॥ ১৩

অষ্টমস্থৌ কুজার্কৌ চ কুষ্ঠরোগং বিধীয়তে।
পুনশ্চ রাহুমার্ত্তণ্ডৌ বাতরোগং নসংশয়ঃ ॥ ১৪ ॥
কুজযুক্তে শিখিছিদ্রে মহাকুষ্ঠং বিধীয়তে।
রাহুণা সহিতো মন্দঃ কুরুতে বর্ণ সংক্ষয়ং ॥ ১৫ ॥

প্রশ্নলগ্নের অষ্টম স্থানে মঙ্গল ও রবি থাকিলে কুষ্ঠরোগ, রাহু ও রবি থাকিলে বাতরোগ, জানিতে হইবে। ঐরূপ রাহু, রবি ও মঙ্গল থাকিলে গলিতকুষ্ঠ, রাহু ও শনি থাকিলে বর্ণক্ষয় ইত্যাদি রোগ প্রশ্নদ্বারা বোধ হয়। ১৪। ১৫

শনিদৃষ্টিযুতেচ্ছিদ্রে পূর্ণ দৃষ্টে শুভোত্তরে।
অঙ্গহানিং নসন্দেহো উন্মাদস্বাপি চিন্তয়েৎ ॥ ১৬ ॥
কুজযুক্তে শিখিচ্ছিদ্রে রবিযুক্তো ভবেদ্যদি।
লিঙ্গরোগো ভবেত্তস্ত শুক্রে কণ্ডূ বিচির্চ্চকা ॥ ১৭ ॥

প্রশ্নলগ্নের অষ্টম স্থানে শনির দৃষ্টি বা যোগ থাকিলে অঙ্গহানি ও উন্মাদরোগ চিন্তা করিবে। ঐরূপ মঙ্গল, রাহু ও রবি থাকিলে লিঙ্গরোগ, শুক্র থাকিলে কণ্ডূ ও বিকজ প্রভৃতি রোগ জানিবে। ১৬। ১৭

দুর্ব্বলশ্চ নিশানাথ শ্ছিদ্রে বা সপ্তমেস্থিতঃ।
শনি কেতু যুতে দৃষ্টে কাসরোগং বিচিন্তয়েৎ ॥ ১৮ ॥

প্রশ্নলগ্নের সপ্তমে কিম্বা অষ্টম স্থানে চন্দ্র থাকিলে যদি ঐ চন্দ্র দুর্ব্বল হয় এবং ঐ চন্দ্রের প্রতি শনি ও কেতুর দৃষ্টি বা যোগ থাকে তাহা হইলে প্রশ্নকর্ত্তার শরীরে কাসরোগ আছে ইহাই দৈবজ্ঞ বলিয়া দিবেন। ১৮

শনৌ লগ্নগতে প্রশ্নে রোগঃ স্যাৎ পার্শ্বগর্ভজঃ।
রাহুঃ কেতুর্ভবেত্তদ্বল্লগ্নে লগ্নে সপার্শ্বগঃ॥ ১৯॥

প্রশ্নকালে শনিগ্রহ লগ্নে থাকিলে পার্শ্বমধ্যে রোগ বুঝা যায়। এইরূপ রাহু ও কেতু প্রশ্নলগ্নে থাকিলেও পার্শ্বরোগ বুঝিতে হইবে। ১৯।

অষ্টমস্থঃ পতঙ্গেন্দুঃ পিত্তদুষ্টপ্রদায়কঃ।
সন্নিপাতযুতো মৃত্যুঃ শশী পাপস্য মধ্যগঃ॥ ২০॥

প্রশ্নলগ্নের অষ্টমস্থানে সূর্য্য অবস্থিত থাকিলে পিত্তপ্রকোপে রোগ জানা যায়, এবং ইহাতে যদি চন্দ্র পাপদ্বয়ের মধ্যগত হন তাহা হইলে ঐ রোগে সন্নিপাত উপস্থিত হইয়া মৃত্যু হয়। ২০।

শনিরাহুকুজে জীবে প্রশ্নে বা দৃষ্টিগোচরে।
তদ্দিনে তদ্দিনে পৃষ্ঠঃ সংশয়শ্চন্দ্রদুর্ব্বলে॥ ২১॥

শনি, রাহু, মঙ্গল ও বৃহস্পতি—এই সকল গ্রহ প্রশ্নলগ্নকে দৃষ্টিকরিলে এবং ঐ সময়ে চন্দ্র দুর্ব্বল থাকিলে রোগেতে জীবন সংশয় হয়। ২১।

ষষ্ঠে চরে সঞ্চরণক্ষমোঽয়ং গৃহস্থ বাণীসরুজোভিভূয়।
স্থিরে তু তস্মিন্ সততো নিবিষ্টো দ্বিদেহগঃ সম্ভতগুপ্তএব॥২২॥

প্রশ্নলগ্নের ষষ্ঠস্থান চররাশি হইলে রোগী গমনাগমনে সমর্থ থাকে, কিন্তু রোগদ্বারা বাকৃশক্তিরহিত হয়। ঐ ষষ্ঠস্থান স্থিরলগ্ন হইলে সর্ব্বদা রোগীর শরীরে রোগ বিদ্যমান থাকে এবং দ্ব্যাত্মকরাশি হইলে রোগী সর্ব্বদা সুপ্ত থাকে। ২২।

বিদেশগশ্চরেঽষ্টমে স্থিরে পুনঃ স্বদেশগঃ।
দ্বিদেহগো দ্বিরুচ্যতে প্রযচ্ছতো রুজাকরঃ॥ ২৩॥

প্রশ্নলগ্নের অষ্টমস্থান চররাশি হইলে রোগী বিদেশে আছে। ঐ স্থান স্থিররাশি হইলে রোগী স্বদেশে আছে। ঐ অষ্টমস্থান দ্ব্যাত্মকরাশি হইলে স্বদেশ কিম্বা বিদেশ উভয় স্থানেই রোগীর অবস্থান সম্ভব হয়। ২৩।

ত্রিষড়্দশায়েষু নিশাকরশ্চেত্তদা সুখং রোগযুতস্য বাচ্যং।
এষ্বেব পাপা নিধনে সমেতাঃ কলত্রগা বা মরণায় বাচ্যাঃ॥২৪॥

প্রশ্নলগ্নের তৃতীয়, ষষ্ঠ, ও একাদশ স্থানে চন্দ্র থাকিলে রোগীর সুখ জানা যায়। এবং ঐ সকল স্থানে ও সপ্তমস্থানে পাপগ্রহ থাকিলে সেই রোগেই রোগীর মরণ হইয়া থাকে। ২৪।

সর্ব্বে ক্রূরগ্রহা লগ্নযামিত্রহিবুকাস্পদে।
পীড়া মৃতনরস্যাপি রোগিণো মরণপ্রদাঃ॥ ২৫॥

প্রশ্নলগ্নের সপ্তম, চতুর্থ ও দশমস্থানে সকল পাপগ্রহ থাকিলে, সেই পীড়াতে রোগীর মরণ হয়। ২৫।

উদয়ে বিধুঃ শনিকুজৌ ব্যয়গৌ হিমদ্যুতির্ভবতি দস্মগতঃ।
নিয়তং ভবতি মরণমত্র নচেদ্বলসংযুত স্ত্রিদশরাজগুরুঃ॥ ২৬॥

প্রশ্নলগ্নে চন্দ্র, দ্বাদশস্থানে শনি ও মঙ্গল, এবং চতুর্থস্থানে রবি—এইরূপ গ্রহসংস্থানসময়ে রোগমুক্তির প্রশ্ন হইলে, যদি বৃহস্পতি দুর্ব্বল থাকেন, তবে রোগীর মৃত্যু নিশ্চয় করিবে। ২৬।

রিপুমন্দিরে নিজগৃহে রবির্দশমে তুষারকিরণো যদা।
উপজায়তে বিষমরোগবশো নিয়তং তৃতীয়দিবসে ভবেন্মরণং॥২৭॥

প্রশ্নকালে যদি রবি শত্রুগৃহে কিম্বা নিজক্ষেত্রে অবস্থিতি করেন এবং প্রশ্নলগ্নের দশমস্থানে চন্দ্র অবস্থিতি করেন, তাহা হইলে বিষমরোগ ও সেই রোগেই তৃতীয় দিবসে রোগীর মৃত্যু হইয়া থাকে। ২৭।

ব্যয়তুর্য্যবিলগ্নসংস্থিতাঃ সকলক্রূরনভশ্চরা যদা।
দিবসত্রয়েণ রোগিণো মরণং কষ্টমসংশয়ং তদা॥ ২৮॥

প্রশ্নকালে দ্বাদশে, চতুর্থে ও লগ্নে সমস্ত পাপগ্রহ থাকিলে তৃতীয় দিবস অথবা অষ্টম দিবসে রোগীর মৃত্যু হয়। ২৮।

উদয়পঞ্চময়ো র্নিবসতি চেৎ চতুর্থে পাপখেচরাঃ।
মরণমত্রদিনে ধ্রুবমষ্টভিঃ সমুপাযচ্ছতি রোগান্ন পীড়িতঃ॥২৯॥

প্রশ্নকালে লগ্ন, পঞ্চম, তৃতীয় ও চতুর্থ—এই সকল স্থানে সমস্ত পাপগ্রহ অবস্থান করিলে, অষ্টম দিবসে মৃত্যু অথবা রোগমুক্তি হয়। ২৯।

যামিত্রসংস্থিতাঃ পাপা ধনুর্ম্মিথুনগাশ্চরাঃ।
সুস্থস্য ব্যাধিদা রোগযুতস্য মরণপ্রদাঃ॥ ৩০॥

প্রশ্নলগ্নের সপ্তমস্থানে পাপগ্রহ অবস্থান করিলে যদি ঐস্থান ধনু কিম্বা মিথুনরাশি হয়, তাহা হইলে সুস্থ ব্যক্তির রোগ এবং সেই রোগেই মৃত্যু হয়। ৩০।

ইতি ষষ্ঠীদাসশর্ম্মণঃ ষষ্ঠীনামগ্রন্থে সপ্তমোধ্যায়ঃ।

# হোরাষট্‌পঞ্চাশিকা।

## প্রথমোঽধ্যায়ঃ।

প্রণিপত্য রবিং মূর্দ্ধ্না বরাহমিহিরাত্মজেন সদযশসা।
প্রশ্নে কৃতার্থগহনা পরার্থমুদ্দিশ্য পৃথুযশসা॥ ১॥
চ্যুতির্ব্বিলগ্নাদ্ধিবুকাচ্চ বৃদ্ধির্মধ্যাৎ প্রবাসোঽস্তময়ান্নিবৃত্তিঃ।
বাচ্যং গ্রহৈঃ প্রশ্নবিলগ্নকালাদ্গৃহং প্রবিষ্টো হিবুকে প্রবাসী॥২॥

প্রশ্নলগ্নদ্বারা চ্যুতি অর্থাৎ স্থানত্যাগ-বিষয়ের শুভাশুভ গণনা করিবে, চতুর্থস্থানদ্বারা আত্মীয়বান্ধববর্গের বৃদ্ধি-উন্নতি-আদি গণনা করিবে, দশমস্থানদ্বারা বিদেশগমনের শুভাশুভ গণনা করিবে, এবং সপ্তমস্থানদ্বারা প্রবাসনিবর্ত্তনবিষয়ের গণনা করিবে, লগ্ন, চতুর্থ, দশম ও সপ্তমস্থানদ্বারা স্থানত্যাগ, বান্ধবাদির উন্নতি, প্রবাস ও প্রবাসনিবৃত্তি—এই চারিটি বিষয়ের গণনা করিবে। প্রশ্নলগ্ন যদি চররাশি হয়, ঐ লগ্নে শুভগ্রহ বা অধিপতিগ্রহ স্থিতি কিম্বা দৃষ্টি করে, ও পাপগ্রহের স্থিতি অথবা দৃষ্টি না থাকে, তাহা হইলে স্থানচ্যুতি হইবে, ইহার বিপরীত হইলে স্থানচ্যুতি হইবে না। যদি স্থিররাশি লগ্ন হয় এবং তাহাতে শুভগ্রহের স্থিতি অথবা দৃষ্টি থাকে, তাহা হইলে স্থানচ্যুতি হইবে না। বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভ—এই চারিটি রাশির নাম বৃদ্ধিস্থান। ইহার কোন এক লগ্নে গমন আগমনের প্রশ্ন হইলে, সফল হইবে না। এইরূপ দ্ব্যাত্মকরাশি লগ্ন হইলে, তাহা স্বীয় অধিপতিগ্রহ ও শুভগ্রহ-কর্ত্তৃক স্থিত অথবা পূর্ণদৃষ্ট হইলে ও পাপগ্রহের দৃষ্টি অল্প থাকিলে স্থানত্যাগ হইবে, ইহার বিপরীত হইলে হইবে না। চতুর্থস্থান লগ্ন হইলে এবং উহাতে পাপগ্রহ স্থিতি ও দৃষ্টি করিলে প্রবাসে গমন হইবে এবং ঐ স্থানে শুভগ্রহ বা অধিপতিগ্রহ থাকিলে বা দৃষ্টি করিলে প্রবাসে গমন হইবে না। প্রবাসী ব্যক্তির গৃহাগমন হইবে কি না—এরূপ প্রশ্নে যদি চতুর্থস্থান লগ্ন হয় এবং তাহাতে অধিপতিগ্রহ বা শুভগ্রহের স্থিতি বা দৃষ্টি থাকে, তাহা হইলে প্রবাসী ব্যক্তির আগমন হইবে, ইহার বিপরীত হইলে হইবে না। কারণীভূতগ্রহ যত দিবস চতুর্থস্থানে অবস্থিত হইয়াছে, ততদিন প্রবাসী ব্যক্তি গৃহে আগমন করিয়াছে এবং ঐ গ্রহ যত দিনে চতুর্থস্থানে আসিবে, ততদিন প্রবাসীর গৃহে আগমনে বিলম্ব আছে। ২।

যো যো ভাবঃ স্বামিদৃষ্টো যুতো বা
সৌম্যৈর্ব্বাস্যাশুস্য তস্যাস্তি বৃদ্ধিঃ।
পাপৈরেবং তস্য তস্যাস্তি হানি-
র্নির্দ্দেষ্টব্যা জন্মতঃ পৃচ্ছতো বা॥ ৩॥

প্রশ্নে বা জন্মকালে তন্বাদি দ্বাদশভাবের যে ভাবে অধিপতি গ্রহ বা শুভগ্রহ দৃষ্টি করে কিম্বা অবস্থিত থাকে, সেই ভাবের ফলের উন্নতির হয়; এবং যে ভাব পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট অথবা যুক্ত থাকে, সেই ভাবের ফলের হানি হয়। ৩।

যে যে ভাবে যে যে বিষয়ের গণনা করিতে হয়, তাহা দৈবজ্ঞবল্লভায় শ্রীপতি যেরূপ বিবৃত করিয়াছেন, তাহার বচন ও অনুবাদ বিশেষ উপদেশের সহিত নিম্নে লিখিত হইল।

আরোগ্যপূজাগুণমানবৃত্তমায়ুর্ব্বয়ো জাতিবিশেষসৌখ্যম্।
ক্লেশাকৃতী লক্ষণরূপবর্ণাস্তত্যাগিনেয়স্য বধূস্তনৌ স্যাৎ॥ ১॥

### তনুস্থান, অর্থাৎ প্রথমগৃহ ও তাহার চিন্তা।

তনুস্থানে রোগহইতে মুক্তি, অর্চ্চনা, গুণ, সম্মান, সম্পত্তি,

জীবন, বয়ঃক্রম, জাতি, অনন্তসুখ, কষ্ট, আকৃতি, লক্ষণ, রূপ, বর্ণ ও ভাগিনেয়বধূ—এই কতিপয় বিষয়ের চিন্তা করিবে। অর্থাৎ এই সকল বিষয়ের প্রশ্ন হইলে, তনুস্থানের রাশ্যধিপতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে। ১।

মাণিক্যমুক্তাফলরত্নধাতুধনাম্বরস্বর্ণহয়াদিকার্য্যম্।
রৌপ্যাদি ধান্যং ক্রয়বিক্রয়াদি সাধারণং তত্ত্ববতি দ্বিতীয়ে ॥ ২ ॥

## ধনস্থান, অর্থাৎ দ্বিতীয় গৃহ ও তাহার চিন্তা।

ধনস্থানে মাণিক্য, মুক্তা, ফল, রত্ন, ধাতু, ধন, বস্ত্র, সুবর্ণ, ঘোটকাদি কার্য্য, রজতাদি, ধান্য, সাধারণ ক্রয়বিক্রয়াদি,—এই সকল বিষয়ের চিন্তা করিবে। অর্থাৎ এই সকল বিষয়ের প্রশ্ন হইলে, ধনস্থানের রাশ্যধিপতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে। ২।

স্নুষাহনুজক্ষেমস্ববৃদ্ধিলাভভৃত্যাদিদাসীভটকর্ম্ম ভর্ত্তুঃ।
মাত্রাদিচিন্তাবিষয়ং সমগ্রং পর্য্যায়মেতৎ কথিতং তৃতীয়ে ॥ ৩ ॥

## সহজস্থান, অর্থাৎ তৃতীয় গৃহ ও তাহার চিন্তা।

সহজস্থানে পুত্রবধূ, অনুজ ভ্রাতা, কুশল, আত্মোন্নতি, লাভ, ভৃত্যাদি, দাসী, যোদ্ধা, প্রভুর কার্য্য, মাতৃ-আদি,—এই সমস্ত বিষয়ের চিন্তা করিবে। অর্থাৎ এই সকল বিষয়ের প্রশ্ন হইলে সহজস্থানের রাশ্যধিপতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে। ৩।

গৃহং নিধানং বিবরপ্রবেশো মহৌষধিক্ষেত্রগলাদি বাটী।
মিত্রং ধৃতিঃ স্ত্রী পরপুংপ্রয়োগো গমাগমৌ গ্রামসুখাদিকঞ্চ।
স্থানং চ্যুতির্লাভগৃহপ্রবেশো বৃদ্ধির্জনিত্রী জনকশ্চ তদ্বৎ।
দেশাদি কার্য্যাণ্যপি লাভমস্তপর্য্যায়মেতৎ কথয়ন্তি তুর্য্যে ॥ ৪ ॥

## বন্ধুস্থান, অর্থাৎ চতুর্থগৃহ ও তাহার চিন্তা।

বন্ধুস্থানে ভবন, অর্থ, গহ্বরে প্রবেশ, মহৌষধি, ক্ষেত্র, খল-আদি, বাটী, বন্ধু, ধারণা, স্ত্রী, পুরুষপ্রয়োগ, গমনাগমন, গ্রাম, সুখ-আদি, পদত্যাগ, লাভ, বাটীপ্রবেশ, বৃদ্ধি, জননী, জনক, দেশাদি কার্য্য,—এই সমস্ত বিষয়ের চিন্তা করিবে। অর্থাৎ এই সকল বিষয়ের প্রশ্ন হইলে বন্ধুস্থানের রাশ্যধিপতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে। ৪।

নানাপ্রয়োগো বিনয়প্রবন্ধো বিনেয়বিদ্যা নয়বুদ্ধিমন্ত্রঃ।
সন্ধানগর্ভাঙ্গভবাদিকঞ্চ প্রজ্ঞাসুতাখ্যস্য চ তুল্যমেতৎ ॥ ৫ ॥

## পুত্রস্থান, অর্থাৎ পঞ্চমগৃহ ও তাহার চিন্তা।

পুত্রস্থানে বহুবিধ প্রয়োগ, বিনয়, সন্দর্ভ, শিক্ষণীয় বিদ্যা, নীতি, বুদ্ধি, মন্ত্র, অন্বেষণ, অঙ্গ, জন্ম ও জ্ঞান,—এই কয়েকটি বিষয়ের চিন্তা করিবে। অর্থাৎ এই এই বিষয়ের প্রশ্ন হইলে পুত্রস্থানের রাশ্যধিপতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে। ৫।

অস্বাস্থ্যদৌহিত্র্যবিপক্ষদাসক্রূরোগ্রকর্ম্মাপরকৃত্যশঙ্কা।
যুদ্ধাদিতন্মাতুলমাহিষাজাং রোগোহপি বাচ্যো রিপুভাবতুল্যঃ ॥৬॥

## রিপুস্থান, অর্থাৎ ষষ্ঠগৃহ ও তাহার চিন্তা।

রিপুস্থানে অসুস্থতা, দৌহিত্র্য, শত্রু, সেবক, নিষ্ঠুর ও রৌদ্রকার্য্যকারী, পরের নিমিত্ত কার্য্য, শঙ্কা, যুদ্ধ-আদি, মাতুল, মাহিষব্রত ও রোগ—এই সমস্ত বিষয়ের চিন্তা করিবে। অর্থাৎ এই সমস্ত বিষয়ের প্রশ্ন হইলে রিপুস্থানের রাশ্যধিপতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে। ৬।

বস্তুক্রয়স্বাস্থ্যবাণিজ্যবাদকামোদয়োদাসকলত্রচৌর্য্যং।
নিবৃত্তিরস্থৈর্য্যগমাগমাদ্যং কলত্রপর্য্যায়মিদং নিরুক্তং ॥ ৭ ॥

## জায়াস্থান, অর্থাৎ সপ্তমগৃহ ও তাহার চিন্তা।

জায়াস্থানে বস্তুক্রয়, স্বাস্থ্য, বাণিজ্য, বিবাদ, কামপ্রবৃত্তি, ভৃত্য, ভার্য্যা, চৌর্য্য, নিবৃত্তি, অস্থিরতা, ও যাতায়াত,—এই সকল বিষয়ের চিন্তা করিবে। অর্থাৎ এই সকল বিষয়ের প্রশ্ন হইলে জায়াস্থানের রাশ্যধিপতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে। ৭।

আধির্ব্বিরোধো নিধনঞ্চ রাজ্যং ভেদোহথবা বন্ধুজনস্য ছিদ্রং।
বৈষম্যদুর্গাদিকলত্রশত্রুরোধো নদীতারণমষ্টমর্ক্ষে ॥ ৮ ॥

## নিধনস্থান, অর্থাৎ অষ্টমগৃহ ও তাহার চিন্তা।

নিধনস্থানে মনঃপীড়া, শত্রুতা, বিনাশ, রাজ্য, বিচ্ছেদ, কিম্বা বন্ধুর কলঙ্ক, অবিচার, দুর্গপ্রভৃতি, ভার্য্যা, শত্রুকে বাধা দান, নদীপার হওন প্রভৃতি বিষয়ের চিন্তা করিবে। অর্থাৎ এই সকল বিষয়ের প্রশ্ন হইলে নিধনস্থানের রাশ্যধিপতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে। ৮।

স্বাধ্যায়দীক্ষাম্বরগেহযাত্রা নৃপাভিষেকো গুরুধর্ম্মকৃত্যম্।
কুলাশয়শ্যালকদেবরাদীন্ ভ্রাতুর্ভগিন্যা নবমস্য পূর্ব্বে ॥ ৯ ॥

## ধর্ম্মস্থান, অর্থাৎ নবমগৃহ ও তাহার চিন্তা।

ধর্ম্মস্থানে বেদাধ্যয়ন, মন্ত্রগ্রহণ, সুর, গৃহে যাত্রা, রাজার অভিষেক, গুরু, ধর্ম্মকার্য্য, জলাশয়, শ্যালক, দেবর-আদি, ভ্রাতা, ভগিনী ইত্যাদি বিষয়ের চিন্তা করিবে। অর্থাৎ এই সকল বিষয়ের প্রশ্ন হইলে ধর্ম্মস্থানের রাশ্যধিপতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে। ৯।

আকাশবৃত্তান্তজলপ্রপাতস্থানং পিতুঃ কার্য্যসুখাভিমানম্।
পুণ্যং নৃপত্বঞ্চ তথাধিকারো মুদ্রাচ্যুতিস্তদ্দশমস্য তুল্যম্ ॥ ১০ ॥

## কর্ম্মস্থান, অর্থাৎ দশমগৃহ ও তাহার চিন্তা।

কর্ম্মস্থানে আকাশের বিবরণ, নির্ঝরস্থল, পিতার কার্য্য, সুখ, অভিমান, পুণ্য, রাজত্ব, রাজ্যাধিকার, মুদ্রা ও চ্যুতি—এই বিষয়ের চিন্তা করিবে। অর্থাৎ এই সকল বিষয়ের প্রশ্ন হইলে কর্ম্মস্থানের রাশ্যধিপিতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে।১০।

কার্য্যস্য বৃদ্ধিঃ ক্রয়বৃদ্ধিলব্ধী গজাশ্বশয্যাদিকযানবস্ত্রম্।
স্বর্ণান্নবিত্তাপহৃতাদিকন্যালাভোঽঙ্গজাদেঃ শ্বশুরাদ্যমায়ে ॥ ১১ ॥

## লাভস্থান, অর্থাৎ একাদশগৃহ ও তাহার চিন্তা।

লাভস্থানে কার্য্যের বৃদ্ধি, ক্রয়ের বৃদ্ধি, লাভ, হস্তী, ঘোটক, শয্যা, যান, বসন, স্বর্ণ, অন্ন, জীবিকা, অপহরণ, কন্যালাভ, পুত্রকন্যা-আদি, শ্বশুর প্রভৃতি বিষয়ের চিন্তা করিবে। অর্থাৎ এই সকল বিষয়ের প্রশ্ন হইলে লাভস্থানের রাশ্যধিপতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে। ১১।

ত্যাগাদিভাগেঽস্তবিবাহদানকৃষ্যাদিকর্ম্মব্যয়সঙ্কৃতিশ্চ।
পিতৃব্যমাতৃস্বসৃমাতুলানী যুদ্ধে ক্ষয়ো যুদ্ধপরাজয়োঽন্ত্যে ॥ ১২ ॥

## ব্যয়স্থান, অর্থাৎ দ্বাদশগৃহ ও তাহার চিন্তা।

ব্যয়স্থানে ত্যাগ, আদিভাগ, অস্ত, বিবাহ, দান, কৃষ্যাদি-কার্য্য, ব্যয়, পিতৃভ্রাতা, মাতৃভগিনী, মাতুলানী, যুদ্ধে বিনাশ, পরাভব প্রভৃতি বিষয়ের প্রশ্ন হইলে ব্যয়স্থানের রাশ্যধিপতি গ্রহদ্বারা বিচার করিয়া ফল বলিবে। ১২।

প্রশ্নকারকের স্বীয় সম্বন্ধে কোন প্রশ্নের গণনা করিতে হইলে, যে লগ্নে প্রশ্ন হইবে, সেই লগ্নদ্বারা স্বীয় শরীরের রূপ, লক্ষণ, বল ইত্যাদির বিচার করিবে, দ্বিতীয় গৃহদ্বারা তাহার ধনসম্পত্তি-আদি, তৃতীয় গৃহদ্বারা ভ্রাতা প্রভৃতি, চতুর্থগৃহদ্বারা বন্ধু পিতা ইত্যাদি, পঞ্চমগৃহদ্বারা পুত্র, ষষ্ঠগৃহদ্বারা রোগ পীড়া আদি, সপ্তমগৃহদ্বারা স্ত্রী, অষ্টমগৃহদ্বারা বিলাপ মৃত্যু, নবমগৃহদ্বারা ধর্ম্ম, দশমগৃহদ্বারা মান কন্যা মাতা বাণিজ্য ইত্যাদি, একাদশগৃহদ্বারা তাহার আয় এবং দ্বাদশগৃহ দ্বারা তাহার ব্যয়সম্বন্ধে বিচার করিয়া ফল বলিবে।

যদি প্রশ্নকারকের স্ত্রীর শুভাশুভ গণনা করিতে হয়, তাহা হইলে তাহার গণনা নিম্নকথিত প্রণালী-অনুসারে করিবে,— প্রশ্নকারকের সপ্তমগৃহকে স্ত্রীর জন্মলগ্ন কল্পনা করিয়া, তদ্দ্বারা তাহার রূপ বর্ণ লক্ষণ-আদি জানিবে। প্রশ্নকারকের অষ্টম-স্থান ঐ স্ত্রীর ধনস্থান, নবমস্থান স্ত্রীর সহোদরস্থান, দশমস্থান স্ত্রীর বন্ধুস্থান, একাদশস্থান স্ত্রীর পুত্রস্থান, দ্বাদশস্থান স্ত্রীর শত্রুস্থান, লগ্ন স্ত্রীর স্বামিস্থান, দ্বিতীয়গৃহ স্ত্রীর মৃত্যুস্থান, তৃতীয়-গৃহ স্ত্রীর ধর্ম্মস্থান, চতুর্থগৃহ স্ত্রীর কর্ম্মস্থান, পঞ্চমগৃহ স্ত্রীর লাভ-স্থান এবং প্রশ্নকারকের ষষ্ঠগৃহকে তাহার স্ত্রীর ব্যয়স্থান কল্পনা করিয়া তাহার ফল গণনা করিবে।

প্রশ্নকারকের পিতার শুভাশুভ গণনা করিতে হইলে তাহার স্বীয় চতুর্থগৃহ, মাতার শুভাশুভ গণনা করিতে হইলে স্বীয় দশমগৃহ এবং ভ্রাতার শুভাশুভ গণনা করিতে হইলে স্বীয় তৃতীয়গৃহকে যথাক্রমে লগ্ন কল্পনা করিয়া পূর্ব্বোক্ত মতে গণনা দ্বারা ফল বলিবে।

সৌম্যৈর্বিলগ্নে যদি বাস্য বর্গে
শীর্ষোদয়ে সিদ্ধিমুপৈতি কার্য্যম্।
অতো বিপর্য্যস্তমসিদ্ধিহেতুঃ
কৃচ্ছ্রেণ সংসিদ্ধিকরং বিমিশ্রম্ ॥ ৪ ॥
হোরাস্থিতঃ পূর্ণতনুঃ শশাঙ্কো
জীবেন দৃষ্টো যদি বা সিতেন।
ক্ষিপ্রং প্রণষ্টস্য করোতি লব্ধিং
লাভোপযাতো বলবান্ শুভশ্চ ॥ ৫ ॥
স্বাংশং বিলগ্নে যদি বা ত্রিকোণে
স্বাংশে স্থিতঃ পশ্যতি ধাতুচিন্তাম্।
পরাংশকস্থশ্চ করোতি জীবং
মূলং পরাংশোপগতঃ পরাংশম্ ॥ ৬ ॥
ধাতুং মূলং জীবমিত্যোজরাশৌ
যুগ্মে বিদ্যাদেতদেবং প্রতীপম্।
লগ্নে যোঽংশস্তৎক্রমাদ্‌গণ্য-এবং
সংক্ষেপোঽয়ং বিস্তরাস্তৎপ্রভেদঃ ॥ ৭ ॥

ইতি হোরাষট্পঞ্চাশিকাবৃত্তৌসংক্ষেপহোরা নাম প্রথমোঽধ্যায়ঃ।

প্রশ্নকালে প্রশ্নলগ্নে যদি শুভগ্রহ অবস্থিতি করে, কিম্বা শুভগ্রহের বর্গ অথবা কোন শীর্ষোদয় রাশি প্রশ্নলগ্ন হয়, তাহা হইলে প্রশ্নকর্ত্তার ইষ্টকার্য্যসিদ্ধি হইবে; এবং যদি ইহার বিপরীত হয়, অর্থাৎ অশুভগ্রহ বা পাপগ্রহের বর্গ অথবা কোন পৃষ্ঠোদয় রাশি লগ্নগত হয়, তাহা হইলে কার্য্য সাধন হইবে না। এবং যদি মিশ্রিত লগ্ন হয়, তাহা হইলে প্রশ্নকর্ত্তার কষ্টে কার্য্যসম্পন্ন হইবে।৪।

পূর্ণচন্দ্র যদি প্রশ্নলগ্নে থাকে, এবং বৃহস্পতি বা শুক্রকর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে অপহৃত দ্রব্যের লাভ শীঘ্র হইবে। অথবা একাদশস্থানে কোন শুভগ্রহ অবস্থিতি করিলেও নষ্ট দ্রব্যের লাভ হইবে। ৫।

ষষ্ঠ ও সপ্তম শ্লোকের অনুবাদ পূর্ব্বে দেওয়া হইয়াছে। ২য় খণ্ড, ১ম সংখ্যা, জ্যোতিষে লাগ্নিকপ্রশ্নগণনা ২ এবং ৩ পৃষ্ঠা দেখ।

ইতি হোরাষট্‌পঞ্চাশিকাবৃত্তৌ সংক্ষেপহোরা নাম প্রথমোঽধ্যায়ঃ।

---

## দ্বিতীয়োঽধ্যায়ঃ।

বৃষসিংহবৃশ্চিকঘটৈর্বৃদ্ধিস্থানং গমাগমৌ ন স্তঃ।
ন মৃতং ন চাপি নষ্টং ন রোগশান্তির্নচাভিভবঃ॥ ৮॥
তদ্বিপরীতং চরৈর্দ্বিশরীরৈ র্মিশ্রিতং ভবতি।
প্রথমেন্দ্বোর্দ্ধক্রব্যাম্ শুভদৃষ্ট্যাশোভনমতোঽন্যচ্চ॥ ৯॥

বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভ—এই চারিটি রাশির নাম বৃদ্ধিস্থান। ইহার কোন লগ্নে গমনাগমনের প্রশ্ন হইলে, গমনাগমন হয় নাই বুঝাইবে। এইরূপ মৃত্যু, দ্রব্যহানি, ব্যাধিনাশ ও শত্রু হইতে পরাজয়-সম্বন্ধে প্রশ্ন হইলে, মৃত্যু, দ্রব্যহানি, ব্যাধিনাশ ও পরাজয় হয় নাই জানাইবে। তাহার বিপরীত অর্থাৎ চর রাশি প্রশ্নলগ্ন হইলে পূর্ব্বে কথিত গমনাগমন মৃত্যু-আদির বিপরীত ফল হয়, অর্থাৎ গমনাগমন, রোগীর মৃত্যু, দ্রব্য নষ্ট, পীড়ার আরোগ্য ও পরাজয়,—এই কতিপয় বিষয় অবশ্য হইবে। দ্ব্যাত্মক রাশি প্রশ্নলগ্ন হইলে মিশ্রফল হয়, অর্থাৎ দ্ব্যাত্মক রাশির প্রথমার্দ্ধ লগ্ন হইলে পূর্ব্বোক্ত স্থিররাশিবৎ ফল হইবে, এবং দ্ব্যাত্মক রাশির শেষার্দ্ধ লগ্ন হইলে পূর্ব্বোক্ত চররাশিবৎ ফল হইবে। প্রশ্নকালে প্রশ্নলগ্ন ও চন্দ্র শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে শুভ এবং পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে অশুভ ফল হইবে। ৮। ৯।

সুতশত্রুগতৈঃ পাপৈঃ শত্রুমার্গান্নিবর্ত্ততে।
চতুর্থগৈরপি প্রাপ্তঃ শত্রুর্ভগ্নো নিবর্ত্ততে॥ ১০॥

পঞ্চম ও ষষ্ঠস্থানে যদি কোন পাপগ্রহ অবস্থিতি করে, তাহা হইলে প্রশ্নকর্ত্তার আগত শত্রুও পথ হইতে প্রত্যাগত হয়। এবং যদি পাপগ্রহ লগ্নের চতুর্থস্থানে অবস্থিতি করে, তাহা হইলে শত্রু পরাজিত হইয়া পলায়ন করে। ১০।

ঝষালিকুম্ভকর্কটা রসাতলে যদা স্থিতাঃ।
রিপোঃ পরাজয়স্তদা চতুষ্পদৈঃ পলায়নম্॥ ১১॥

মীন, বৃশ্চিক, কুম্ভ বা কর্কট রাশি যদি প্রশ্ন লগ্নের চতুর্থ স্থানে থাকে, তবে শত্রুর পরাজয় হয়। এবং কোন চতুষ্পাদ রাশি অর্থাৎ মেষ, বৃষ, সিংহ, ধনুর পর অর্দ্ধ ভাগ বা মকরের পূর্ব্ব অর্দ্ধ ভাগ লগ্নের চতুর্থস্থানে থাকে, তবে শত্রু পলায়ন করে। ১১।

চরোদয়ে শুভৈঃ স্থিতৈঃ শুভং করোতি যায়িনাম্।
অশোভনৈরশোভনং স্থিরোদয়েঽপি বা শুভম্॥ ১২॥

প্রশ্ন লগ্ন চররাশি হইলে এবং তাহাতে শুভগ্রহ অবস্থিত করিলে, গমনকারী ব্যক্তির শুভ হয় এবং পাপগ্রহ অবস্থিতি করিলে অশুভ হয়। স্থিররাশি যদি লগ্ন হয়, ও তাহাতে পাপগ্রহ অবস্থিতি করে, তাহা হইলে গন্তা ব্যক্তির কখন শুভ কখন অশুভ হয়, অর্থাৎ পাপগ্রহের যদি স্বক্ষেত্র, উচ্চস্থান, মূলত্রিকোণ অথবা মিত্রগৃহ হয়, তবে শুভ হয়, ইহার অন্যথা হইলে অশুভ হয়। ১২।

স্থিরে শশী চরোদয়ে ন চাগমোরিপো র্যদা।
তদাগমং রিপোর্ব্বদেৎ বিপর্য্যয়ে বিপর্য্যয়ং॥ ১৩॥

চররাশি যদি প্রশ্নলগ্ন হয়, ও চন্দ্র স্থিররাশিতে অবস্থিতি করে, তাহা হইলে শত্রুর আগমন না হইলেও আগমন অবশ্য হইবে এবং ইহার বিপরীত হইলে বিপরীত ফল হইবে, অর্থাৎ স্থিররাশি যদি প্রশ্নলগ্ন হয় ও চররাশিতে চন্দ্র স্থিতি করে, তবে রিপুর গমন না হইলেও অবশ্য গমন হইবে। ১৩।

স্থিরে তু লগ্নমাগতে দ্বিরাত্মকে তু চন্দ্রমাঃ।
নিবর্ত্ততে রিপুস্তদা সুদূরমাগতোঽপি সন্॥ ১৪॥

যদি স্থিররাশি প্রশ্ন লগ্ন হয় ও দ্ব্যাত্মকরাশিতে চন্দ্র অবস্থিতি করে, তাহা হইলে বহুদূরাগত শত্রুও পলায়িত হয়। ১৪।

চরে শশী লগ্নগতো দ্বিদেহঃ পথোঽর্দ্ধমাগত্য নিবর্ত্ততে তু।
বিপর্য্যয়ে চাগমনং দ্বিধা স্যাৎ পরাজয়ঃ স্যাদশুভেক্ষিতে তু॥১৫॥

যদি চররাশিতে চন্দ্র থাকে ও দ্ব্যাত্মকরাশি প্রশ্নলগ্ন হয়, তবে অর্দ্ধপথপর্য্যন্ত আগত শত্রুও প্রত্যাগমন করে। ইহার বিপরীত হইলে, অর্থাৎ যদি দ্ব্যাত্মকরাশিতে চন্দ্র থাকে ও চররাশি প্রশ্নলগ্ন হয়, তাহা হইলে শত্রুর আগমন দ্বিপ্রকারে হইবে। এবং ঐ লগ্ন ও চন্দ্র পাপগ্রহকর্তৃক দৃষ্ট হইলে, শত্রুর পরাজয় হইবে। ১৫।

অর্কাকিজ্ঞসিতানামেকোঽপি চরোদয়ে যদা ভবতি।
প্রবদেত্তু তদাশু বক্রগতৈর্নৈতি বক্তব্যম্॥ ১৬॥

প্রশ্নলগ্ন যদি চররাশি হয় এবং তাহাতে রবি, শনি, বুধ কিম্বা শুক্র অবস্থিতি করে, তবে শীঘ্র শত্রু আগমন করিবে। রবিভিন্ন ঐ সকল গ্রহ বক্রগামী হইয়া যদি ঐ লগ্নে অবস্থিতি করে, তাহা হইলে শত্রু আগমন করিবে না। ১৬।

স্থিরোদয়ে জীবশনৈশ্চরেক্ষিতে গমাগমৌ নৈব বদেচ্চ পৃচ্ছতঃ।
ত্রিপঞ্চষষ্ঠারিপুসঙ্গমায় পাপাশ্চতুর্থাবিনিবর্ত্তনায়॥ ১৭॥

যদি স্থিররাশি প্রশ্নলগ্ন হয় এবং বৃহস্পতি ও শনিকর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে শত্রুর গমনাগমন হইবে না। ঐ লগ্নের তৃতীয় পঞ্চম ও ষষ্ঠ স্থানে পাপগ্রহ থাকে, এবং বৃহস্পতি ও শনি-কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে শত্রুর সহিত সমাগম হইবে। এবং ঐ লগ্নের চতুর্থ স্থানে পাপগ্রহ থাকিলে, শত্রু নিবৃত্ত হইবে। ১৭।

নাগচ্ছতি পরচক্রং যদার্কচন্দ্রৌ চতুর্থভবনস্থৌ।
গুরুবুধশুক্রা হিবুকে যদা তদা শীঘ্রমায়াতি॥ ১৮॥

প্রশ্নলগ্নের চতুর্থ স্থানে রবি ও চন্দ্র থাকিলে শত্রুর সৈন্যাদির আগমন হয় না এবং বৃহস্পতি, বুধ ও শুক্র থাকিলে শীঘ্র আগমন হয়। ১৮।

মেষধনুঃসিংহবৃষা যদ্যুদয়স্থা ভবন্তি হিবুকে বা।
শত্রুর্নিবর্ত্ততে তদা গ্রহসহিতা বিযুক্তা বা॥ ১৯॥

মেষ, ধনু, সিংহ বা বৃষরাশি যদি প্রশ্নলগ্নে বা প্রশ্নলগ্নের চতুর্থ স্থানে অবস্থিতি করে এবং ঐ লগ্ন যদি গ্রহের সহিত যুক্ত থাকে অথবা যুক্ত না থাকে, তাহা হইলে শত্রু প্রত্যাগত হইবে। ১৯।

স্থিররাশৌ যদ্যুদয়ে শনিগুরুর্ব্বা স্থিতস্তদা শত্রুঃ।
উদয়ে রবিগুরুর্ব্বা চররাশৌ বা স্যাত্তদাগমনম্॥ ২০॥

যদি প্রশ্নলগ্ন স্থিররাশি হয় ও তাহাতে শনি ও বৃহস্পতি অবস্থিতি করে, তাহা হইলে প্রশ্নকর্ত্তার শত্রু স্বস্থানে বর্ত্তমান আছে বুঝাইবে। এবং চররাশি লগ্ন হয় ও তাহাতে রবি ও বৃহস্পতি অবস্থিতি করে, তবে শত্রুর আগমন সম্ভব হইবে। ২০।

গ্রহঃ সর্ব্বোত্তমবলো লগ্নাদ্‌যস্মিন্ গৃহে স্থিতঃ।
মাসৈস্তত্তুল্যসংখ্যাতৈর্নিবৃত্তিং যাতুরাদিশেৎ॥ ২১॥

অতিবলবান্ গ্রহ প্রশ্নলগ্নের যে স্থানে অবস্থিতি করে, সেই স্থানপরিমিত মাসে প্রয়াণকারীর প্রবাস হইতে আগমন হইবে। ২১।

চরাংশস্থে গ্রহে তস্মিন্ কালমেতৎ বিনির্দ্দিশেৎ।
দ্বিগুণং স্থিরভাগস্থে ত্রিগুণং তদ্দ্বিরাত্মকে॥ ২২॥

অথ চৌরিতবস্তুলাভপৃচ্ছা। যদি কেনাপি পৃষ্টশ্চেন্নষ্টং স্ম লভ্যতে ন বা। লগ্নোলগ্নেশশ্চন্দ্রশ্চ পৃচ্ছাকার্য্যং বিলোকয়েৎ॥ সপ্তমং সপ্তমেশঞ্চ তস্করোযদি লোকয়েৎ। হৃতবিস্মৃতনষ্টার্থং দশপঞ্চ নিরীক্ষয়েৎ॥ যত্র দ্রব্যং ধৃতং কৃত্বা কস্যার্থং কশ্চ চোরয়েৎ। বিচারণীয়ান্যেতানি লাভাদীন্যপি চিন্তয়েৎ॥ যদি ক্রূরগ্রহৈঃ প্রশ্নে জায়েশং লগ্নপং ধ্রুবম্। প্রপশ্যতি তথা তত্র নষ্টং বিস্মৃতমাপ্যতে॥ যত্রাস্যাংশে ভবেচ্চন্দ্রস্তত্রাস্যাংশাধিপেন চেৎ। দৃশ্যতে চন্দ্রমাঃ প্রশ্নে নষ্টঞ্চ লভতে তদা॥ অস্তে বা যদি জায়েশঃ সূর্য্যোরাশৌ বিরশ্মিকঃ। তদা লগ্নপতিঃ পার্শ্বে প্রাপ্যতে তত্র তস্করঃ॥ জায়েশে কেন্দ্রগে মাত্রা নিশ্চিতং হি ন পশ্যতি। দৃষ্টে শুভগ্রহৈস্তত্র ধনং নষ্টং ন পশ্যতি॥ বুধগুরুশুক্রা- যদি চেৎ প্রত্যেকং কেন্দ্রগা ভবন্ত্যেতে। কথয়ন্তি নষ্টলাভং তদান্যলাভঞ্চ প্রশ্নে॥ চন্দ্রঃ সংপূর্ণতনুর্যদি লগ্নস্থোনিরীক্ষিতো- গুরুণা। লাভোভবতি তদানীং চিরনষ্টস্যাপ্যযত্নেন॥ উদয়ে নিরূপহতৌ জায়াসংগৃহ্য কালঃ শশী ক্রমতঃ। তদাল্পদিবসৈর্লাভং কুর্য্যাৎ সদাস্তু সংপূর্ণঃ। যোগেষু যেষু বা স্যুঃ পাপসংযুতানি কেন্দ্রাণি॥ তেষু ন নষ্টপ্রাপ্তির্ন স্যাদন্যচ্চ তদস্তু। পাপাদ্দ্বিতীয়পঞ্চমকেন্দ্রগতালগ্নালগ্নপাদ্বা স্যুঃ॥ ন তদা নষ্টপ্রাপ্তির্ন জয়োন চ কর্ম্মসিদ্ধিঃ। লগ্নসপ্তময়োঃ পাপঃ সৌম্যোনবমলগ্নয়োঃ। বিস্মৃতঞ্চ হৃতং নষ্টং তদা স্বল্পমবাপ্যতে॥ বৃষমিথুনহরিতুরগাঃ শুভান্বিতাঃ পাপদর্শনং ত্যক্ত্বা। বিভজন্তি মুষিতমারোগ্যঞ্চ মধ্যগাঃ ক্রমশঃ॥ লগ্নাদ্বাথ চতুর্থাদ্বা শুভাদ্বিতীয়তৃতীয়েঽপি বা। কথয়ন্তি নষ্টলাভং প্রবাসিনশ্চাগমনং ত্বরিতম্॥ জায়াপং সূর্য্যরাশৌ চেল্লগ্নং স্বামী ন পশ্যতি। তস্করঃ স্বহৃতং দ্রব্যং প্রাপ্যতে ন কথঞ্চন॥ ধনপোনিঃসৃতঃ সূর্য্যাচ্ছুদিতে ভবতি স্ফুটম্। তদা তু কিমপি স্বল্পং প্রাপ্যতে তত্র নষ্টকং॥ ধনে॥ যদি চন্দ্রোব্যয়ং

ত্যক্ত্বা লগ্ননাথেন সংযুতঃ। পরপ্রার্থনয়া নষ্টং তদা যত্নেন লভ্যতে॥ দ্যূননাথেক্ষিতে নষ্টং কষ্টলভ্যঞ্চ লগ্নপে। দুর্ব্বলে লব্ধিযোগেঽপি লব্ধিঃ কর্ণসুখাবহা॥ সক্রূরোদ্যূনপঃ কেন্দ্রে চৌরাপ্তে সংযুতোঽন্যথা। অতঃ স্বামিবিনাশে তু তস্করোঽপি বিনশ্যতি॥ হোরাস্থিতঃ।

অথ চৌরপ্রশ্নঃ। চন্দ্রার্কদৃষ্টিকে লগ্নে গৃহরাশ্যেব তস্করঃ। তয়োরেকতরালোকে প্রতিবেশ্যগতোজনঃ॥ অন্যতরভবনে ভূত্বা চন্দ্রাদিত্যৌ প্রপশ্যতঃ। লগ্নঞ্চ লগ্ননাথঞ্চ চৌরোগৃহপতির্ভবেৎ॥ চন্দ্রাদিত্যৌ স্বরাশৌ চেৎ ভূত্বা লগ্নং প্রপশ্যতঃ। তদা গৃহনরশ্চৌরোবাচ্যোবুদ্ধিবিশারদৈঃ॥ দ্বিস্বভাবৈকরাশৌ চেচ্চন্দ্রাদিত্যৌ যদি স্থিতৌ। প্রবিষ্টোঽপি চ চৌরস্তু ন জ্ঞাতোগৃহমানুষৈঃ॥ অথ জায়াপতির্লগ্নাদ্দ্বিতীয়ে দশমেঽপি বা। তদা কর্ম্মকরশ্চৌরোঽথবা কর্ম্মকরী ভবেৎ॥ জায়েশোযদিতুঙ্গঃ স্যাত্তদা মাতা চ তস্করী। সূর্য্যেঽস্তপে পিতা চৌরঃ শুক্রে পত্নী ভৃগুঃ শনৌ। অস্তপে চ গুরৌ বাচ্যোগৃহস্বামী চ তস্করঃ। ভৌমে ভ্রাতাঽথবা পুত্রোমিত্রং বা স্বজনোবুধে॥ স্থিরোদয়ে স্থিরাংশে বা বর্গোত্তমগতেঽপি বা। স্থিতং তত্রৈব তদ্দ্রব্যং স্বকীয়ৈনৈব চৌরিতম॥ ইতি চৌরপৃচ্ছা।

অথ দিগ্জ্ঞানম্। যদি চন্দ্রোবলী লগ্নে তদা পূর্ব্বগতং বদেৎ। দশমে চন্দ্রমাঃ প্রশ্নে তদা নষ্টঞ্চ দক্ষিণে॥ সপ্তমে চ ভবেচ্চন্দ্রস্তদা বিত্তঞ্চ পশ্চিমে। চতুর্থে চন্দ্রমাঃ প্রশ্নে সৌম্যা দিগ্বাচ্যতে বুধৈঃ। অগ্নিরাশৌ চ পূর্ব্বে স্যাজ্জলরাশৌ তথোত্তরে। পশ্চিমে বাতরাশৌ চ ভূমিরাশৌ চ দক্ষিণে॥ দিগ্বাচ্যা কেন্দ্রগতৈরসত্ত্বে বদেদ্বিলগ্নার্কাৎ। মধ্যাচ্চ্যুতৈর্ব্বিলগ্নান্নবাংশকৈর্যোজনং বাচ্যম্॥ অথ স্থাননির্ণয়ম্। কর্কিবৃশ্চিকমীনাশ্চেল্লগ্নে তুর্য্যে ভবন্তি হি। তদা মাত্রা ধরামধ্যে বারিস্থানে চ তিষ্ঠতি॥ ধনুঃসিংহে চ মেষে চ মন্দুরায়াং গতং বদেৎ। গৃহে বহ্নিসমীপে বা দৃঢ়ভূমৌ বিলোকয়েৎ॥ লগ্নে তুর্য্যে বৃষে চাপি মহিষীগোঽজবাটকে। লগ্নে তুর্য্যে চ কন্যায়াং ক্ষেত্রে ধান্যসমীপগে॥ মকরে পূজনে স্থানে নষ্টদ্রব্যং বিলোকয়েৎ॥ তুলামিথুনকুম্ভেষু নষ্টং দ্রব্যং বিলোকয়েৎ। মূত্রস্থানে গৃহস্যান্তে নষ্টং বস্তু বিলোকয়েৎ। ইতি প্রশ্নে বুধৈর্ব্বাচ্যং স্থানঞ্চ গ্রহভাবতঃ॥ তুর্য্যে তুর্য্যপতির্ব্বাপি তুর্য্যভাবেঽপি যোগ্রহঃ। লগ্নতুর্য্যে শনিস্তিষ্ঠেৎ শস্ত্রশালাগতং বদেৎ॥ গুরৌ দেবাঙ্গনারামে ভৌমে বহ্নিসমীপগে। লগ্নে তুর্য্যে গতে সূর্য্যে নষ্টং তত্র গবালয়ে॥ গৃহস্বামী চ যত্রৈব বিশ্রামং কুরুতে তরাং। লগ্নে তুর্য্যে স্থিতে শুক্রে স্ত্রীবিশ্রামপ্রদেশতঃ॥ বুধে তু চিত্রশালায়াং লক্ষরূপসমীপগম্। তুর্য্যে শুভগ্রহৈর্ম্মাত্রাশুচিস্থানে নিয়োজয়েৎ। তুর্য্যে ক্রূরগ্রহৈর্ম্মাত্রা বিরূপপথমধ্যগাঃ। দিবারাত্রিহৃতং বস্তু লগ্নে সূর্য্যেন্দুবীক্ষিতে। চন্দ্রঋক্ষগতং নষ্টং হৃতং ভুক্তন্তু তস্করৈঃ॥ ইতি বস্তুজ্ঞানম্॥

ইতি দৈবজ্ঞবল্লভানাম প্রশ্নগ্রন্থঃ সমাপ্তঃ।

---

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়েন সংকলিতে প্রকাশিতে চ
ফলিতজ্যোতিষে লাগ্নিকপ্রশ্নগণনা
সমাপ্তা।

---

# অঙ্ক ও রেখাসামুদ্রিক।

## উপক্রমণিকা।

মানব জাতির মধ্যে কি পুরুষ কি স্ত্রী, সকলেরই কর চরণ ললাট প্রভৃতি প্রত্যেক অঙ্গপ্রত্যঙ্গে ভাবী শুভাশুভ ঘটনা অঙ্কিত আছে। কোন্ ব্যক্তি কোন্ শকে কোন্ মাসে কোন্ তিথিতে কোন্ নক্ষত্রে কোন্ লগ্নে জন্মিয়াছে, এবং তাহার জন্ম কালে কোন্ গ্রহ কোন্ স্থানে ছিলেন, প্রশ্ন কালে বা অঙ্গপরীক্ষা কালে কোন্ গ্রহের দশা বা অন্তর্দ্দশা ভোগ হইতেছে, এতৎসমুদায় করকোষ্ঠী দর্শনে অথবা ললাটাদি অঙ্গবিশেষ দর্শনে অবগত হওয়া যাইতে পারে। বিশেষত ভবিষ্যতে কোন্ ব্যক্তি সুখ ভোগ করিবে, কোন্ ব্যক্তি ঐশ্বর্য্য ভোগ করিবে, কোন্ ব্যক্তি দৈন্যদশা প্রাপ্ত হইবে, কতকাল জীবিত থাকিবে, কয়টী পুত্র বা কন্যা হইবে, পুত্র কন্যাদিগের মধ্যে কয়টী জীবিত থাকিবে, কোন্ সময় শোক বা কষ্ট ভোগ করিবে, কোন্ সময় রাজসম্মান ভোগ করিবে, কোন্ সময় বাণিজ্যাদি করিলে লাভ করিতে পারিবে, কোন্ সময় বাণিজ্যাদিতে প্রবৃত্ত হইলে ক্ষতিগ্রস্ত হইতে হইবে, কোন্ সময় মৃত্যু হইবে, ইত্যাদি সমুদায় বিষয়, কর চরণ ললাট প্রভৃতি অঙ্গ প্রত্যঙ্গের চিহ্নাদি দ্বারা জ্ঞাত হইতে পারা যায়।

কোন্ রমণী সুলক্ষণা, কোন্ রমণী বহুকাল পতি পুত্রের সহবাসে সুখ ভোগ করিবে, কোন্ কামিনী বন্ধ্যা হইবে, কোন্ কামিনী বিধবা হইবে, কোন্ কামিনী শ্বশুরঘাতিনী বা দেবরঘাতিনী হইবে, কোন্ কামিনী বিধবা হইয়া অপরের দাসী হইবে, কোন্ কামিনী কুলটা হইবে, কোন্ কামিনী যাবজ্জীবন পরম সুখে কালাতিপাত করিবে, কোন্ কামিনী রাজমহিষী হইবে, ইত্যাদি সমুদায় ভাবী বিষয়ও ঐ রূপে স্ত্রীলোকের কর চরণ প্রভৃতি অঙ্গ প্রত্যঙ্গ পরীক্ষা করিয়া জ্ঞাত হওয়া যাইতে পারে। এই কারণে মনু প্রভৃতি ধর্ম্ম শাস্ত্রপ্রণেতা মহর্ষিগণ কন্যার অঙ্গ প্রত্যঙ্গ পরীক্ষা করিয়া বিবাহ করিবার বিধান করিয়াছেন, এবং তাঁহারাও কিছু কিছু স্ত্রীলোকের অঙ্গপ্রত্যঙ্গের শুভাশুভ লক্ষণ ব্যক্ত করিয়া গিয়াছেন।

অঙ্গ প্রত্যঙ্গের চিহ্ন দর্শনে কোন্ ব্যক্তি ধার্ম্মিক হইবে বা পাপিষ্ঠ হইবে, সচ্চরিত্র হইবে বা দুশ্চরিত্র হইবে, সাধু হইবে বা দুর্বৃত্ত হইবে, স্বদারনিরত হইবে বা লম্পট ও বেশ্যাসক্ত হইবে, প্রভু হইবে বা দাস হইবে, নিরীহ হইবে বা দুর্দ্দান্ত হইবে, পরোপকারী হইবে বা পরানিষ্টপরায়ণ হইবে, আত্মীয়-স্বজন-প্রতিপালক হইবে, বা বন্ধু বান্ধবের কষ্টদায়ক হইবে, গুরুজনভক্ত হইবে, বা গুরুলোকের অসন্তোষকর হইবে, লোকরঞ্জন হইবে বা লোকবিদ্বিষ্ট হইবে, পরধনে স্পৃহারহিত হইবে বা পরস্বাপহারী হইবে, লোভী হইবে বা নির্লোভ হইবে, বিনীত হইবে, বা গর্ব্বিত হইবে, ইত্যাদি সমুদায় ভবিষ্যৎ বিষয় কর চরণাদির চিহ্ন দৃষ্টে জ্ঞাত হইতে পারা যায়।

রেখা সামুদ্রিক ও অঙ্ক সামুদ্রিক প্রভৃতি যে সকল গ্রন্থে উক্ত কর চরণাদি অঙ্গ প্রত্যঙ্গের লক্ষণ চিহ্ন রেখা ও অঙ্ক প্রভৃতি নির্দ্দিষ্ট আছে, যে সমুদায় গ্রন্থ অভ্যাস করিলে নরনারীর সমুদায় ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান ঘটনা সম্পূর্ণ রূপে অভ্রান্ত রূপে বলিয়া দেওয়া যাইতে পারে, যাহার সাহায্যে কোন কোন যোগী ত্রিকালদর্শী বলিয়া বিখ্যাত হইয়াছেন, যে সকল গ্রন্থ সাধারণে প্রচারিত নাই, যে সমুদায় পুস্তক বঙ্গভূমিতে বিলুপ্তপ্রায়

হইয়াছে, যে সকল পুস্তক কেহ সহজে অন্য ব্যক্তিকে দেন না বা শিখান না, যে সকল গ্রন্থ পাশ্চাত্য বা দাক্ষিণাত্য কোন কোন মহাত্মার গৃহে ও কোন কোন যোগীর হৃদয়ে অতিযত্নে অতি গোপনে সংরক্ষিত হইয়াছে, আমরা অসীম যত্নে অসীম কৌশলে অশেষ পরিশ্রমে ঐ সমুদায় গ্রন্থ অধিকাংশ সংগ্রহ করিয়াছি, এবং সেই সমুদায় গ্রন্থ হইতে সঙ্কলন করিয়া ক্রমশঃ কর চরণাদির লক্ষণ ও পূর্ব্বনির্দ্দিষ্ট চিহ্ন সমুদায় প্রকাশ করিতে প্রবৃত্ত হইলাম।

পূর্ব্বপৃষ্ঠায় যে ১ নং হস্তের প্রতিমূর্ত্তি অঙ্কিত হইল, তাহা দেখিয়া প্রথমতঃ প্রধান প্রধান রেখা কয়েকটীর সংজ্ঞা শিক্ষা করিতে হইবে। ঐ প্রধান প্রধান রেখার নাম পরিজ্ঞাত না থাকিলে করতলের বিভাগ করা ও সেই বিভাগ দ্বারা স্থানবিশেষ নিরূপণ পূর্ব্বক সেই সেই স্থানস্থিত চিহ্নবিশেষ নির্দ্দেশ করিয়া শুভাশুভ ফল ব্যক্ত করিতে পারা দুর্ঘট।

১ অঙ্কিত অঙ্গুলির নাম অঙ্গুষ্ঠ, ২ অঙ্কিত অঙ্গুলির নাম তর্জ্জনী, ৩ অঙ্কিত অঙ্গুলির নাম মধ্যমা, ৪ অঙ্কিত অঙ্গুলির নাম অনামিকা, ৫ অঙ্কিত অঙ্গুলির নাম কনিষ্ঠা।

যে রেখা কনিষ্ঠাঙ্গুলির মূলের নিকট হইতে আরম্ভ করিয়া অনামিকা ও মধ্যমার মূলের নিকট দিয়া তর্জ্জনী মূল অতিক্রম করিয়াছে, অথবা তর্জ্জনীমূলাভিমুখে কতক দূর পর্য্যন্ত গমন করিয়াছে, তাহার নাম আয়ুরেখা। কেহ কেহ ইহাকে আয়ুরেখা না বলিয়া ভোগরেখা বলিয়া নির্দ্দেশ করেন। যথা, ১ নং হস্তের ক—খ রেখা দেখ। ঐ রেখার পার্শ্বে যে আর একটী দীর্ঘ রেখা ঊর্দ্ধগামিনী হইয়াছে, তাহার নাম মাতৃরেখা। যথা, ১ নং হস্তের গ—ব রেখা দেখ। যে রেখা করতলমূলের মধ্যস্থান হইতে আরম্ভ করিয়া মাতৃরেখার ঊর্দ্ধদেশ স্পর্শ করিয়াছে, অথবা তাহার নিকটে গমন করিয়াছে, তাহার নাম পিতৃরেখা কেহ কেহ ইহাকে আয়ুরেখা বলেন। যথা, প—ব রেখায় দৃষ্টি কর। যে রেখা পিতৃরেখার মূলের নিম্নদেশ হইতে আরব্ধ হইয়া মধ্যমাঙ্গুলিমূলের দিকে ধাবমান হইয়াছে, তাহার নাম ঊর্দ্ধরেখা। যথা, র—স রেখা দেখ। যে রেখা পিতৃরেখার পার্শ্বে অঙ্গুষ্ঠের মূলে ঊর্দ্ধগামী হইয়াছে, তাহার নাম পরস্বাপ্তি রেখা। যথা, ধ—ন রেখা দেখ।

অঙ্গুলি সমুদায়ের মূলে যে পর্ব্ব আছে, তাহার নাম প্রথম পর্ব্ব, মধ্যস্থিত পর্ব্বের নাম দ্বিতীয় পর্ব্ব, অগ্রভাগস্থিত পর্ব্বের নাম তৃতীয় পর্ব্ব। অঙ্গুষ্ঠে তৃতীয় পর্ব্ব নাই। অঙ্গুলি সমুদায়ের মূল স্থিত গ্রন্থির নাম প্রথম গ্রন্থি, মধ্যস্থিত গ্রন্থির নাম দ্বিতীয় গ্রন্থি, অগ্রভাগস্থ গ্রন্থির নাম তৃতীয় গ্রন্থি। অঙ্গুষ্ঠে তৃতীয় গ্রন্থি নাই।

১ নং হস্তের প্রতিকৃতিতে যেমন রেখাসামুদ্রিকের চিহ্ন প্রাপ্ত হওয়া যায়, সেইরূপ ২ নং হস্তে অঙ্কসামুদ্রিকের লক্ষণ ও কিঞ্চিৎ প্রদর্শিত হইতেছে। হস্তের উপরি একটী রাশিচক্র কল্পনা করিতে হইবে। ঐ রাশিচক্র কল্পনার সময় মধ্যমাঙ্গুলির মূলদেশ হইতে করতলের মূলদেশ পর্য্যন্ত একটী সরল রেখা টানিতে হইবে। পরে ঐ রেখার মধ্যস্থল ভেদ করিয়া আর একটী রেখা বিপরীত দিকে টানিলে ঐ রেখাদ্বয়ের যোগে একটী বজ্রাকৃতি হইবে। পুনর্ব্বার উহার উপর কনিষ্ঠা ও তর্জ্জনীমূল হইতে আরম্ভ করিয়া আর একটী বজ্রাকৃতি রেখা টানিবে। তাহাতে করতল আট ভাগে বিভক্ত হইবে। পরে তর্জ্জনী ও মধ্যমার মধ্যস্থল হইতে কনিষ্ঠামূলের নিম্ন পর্য্যন্ত একটী রেখা কিঞ্চিৎ বক্র করিয়া টানিবে। তাহাতে করতল একাদশ ভাগে বিভক্ত হইবে। পরে করতলমূলের নিম্ন দিকে একটী রেখা টানিয়া এই গৃহ দুই অংশে বিভক্ত করিবে। এই রূপে করতলে দ্বাদশ রাশিতে বিভক্ত একটী রাশিচক্র প্রস্তুত হইবে।

কোন্ শকে জন্ম হইয়াছে, কোন্ মাসে কোন্ পক্ষে কি বারে কোন্ তিথিতে জন্মিয়াছে, তৎকালে কোন্ গ্রহ কোথায় ছিলেন, করপরীক্ষা কালে কোন্ গ্রহের ভোগ হইতেছে, এই সমুদায় করতলের স্থান বিশেষ স্থিত অঙ্কবিশেষ দ্বারা পরিজ্ঞাত হওয়া যাইবে। পরে যথা স্থানে ইহার বিশেষ বর্ণন করা হইবে। এক্ষণে অঙ্কিত করতল দৃষ্টে বুঝিতে পারা যাইবে যে, কোন্ স্থানে শক বা রাশি বা মাস বা তিথির অঙ্ক বা রেখা প্রাপ্ত হওয়া যায়।

কর চরণ ললাট প্রভৃতি অঙ্গ প্রত্যঙ্গ পরীক্ষা করিয়া পূর্ব্বে প্রথমতঃ প্রশ্নকর্ত্তার আপাদ মস্তক পর্য্যন্ত একবার দৃষ্টি করিয়া সমুদায় অবয়বের লক্ষণ স্থূল রূপে পরীক্ষা করিবে। যে রূপে অবয়ব দর্শনে এই স্থূল পরীক্ষা করিতে হইবে, তাহা সামুদ্রিক গ্রন্থ হইতে নিম্নে ক্রমশঃ প্রদর্শিত হইতেছে।

———

# সামুদ্রিকম্।

শ্রীকৃষ্ণ উবাচ—কীদৃশঃ পুরুষো বন্দ্যোঽবন্দ্যো বা কীদৃশো ভবেৎ।
কন্যা বা কীদৃশী শস্তা গর্হিতা বাপি কীদৃশী ॥ ১ ॥
মহেশ উবাচ—শৃণু কৃষ্ণ প্রবক্ষ্যামি সমুদ্রবচনং যথা।
লক্ষণন্তু মনুষ্যাণাম্ একৈকেন বদাম্যহম্ ॥ ২॥
বামভাগে তু নারীণাং দক্ষিণে পুরুষস্ত চ।
নির্দ্দিষ্টং লক্ষণং তেষাং সমুদ্রেণ যথোদিতম্ ॥৩॥
পূর্ব্বমায়ুঃ পরীক্ষেত পশ্চাল্লক্ষণমেব চ।
আয়ুর্হীনং নরাণাঞ্চেৎ লক্ষণৈঃ কিং প্রয়োজনম্ ॥৪॥

শ্রীকৃষ্ণ জিজ্ঞাসা করিলেন। কীদৃশ লক্ষণ যুক্ত পুরুষ প্রশংসনীয় এবং কীদৃশ লক্ষণাক্রান্ত পুরুষ নিন্দনীয়, কীদৃশ লক্ষণ সমন্বিতা কন্যা প্রশস্তা ও কীদৃশ লক্ষণ বিশিষ্ট কন্যা অপ্রশস্তা, ইহা পরিজ্ঞাত হইতে ইচ্ছা করি। ১

মহেশ্বর কহিলেন। কৃষ্ণ! আমি সামুদ্রিক বচনানুসারে এক এক করিয়া পৃথক্ পৃথক্ নর ও নারীদিগের লক্ষণ বলিতেছি, শ্রবণ কর। ২

সমুদ্র কর্ত্তৃক নিরূপিত হইয়াছে যে, নারীদিগের বাম ভাগে এবং পুরুষদিগের দক্ষিণ ভাগে সামুদ্রিক লক্ষণ নির্দ্দিষ্ট হইয়া থাকে।৩

সর্ব্বাগ্রে পরমায়ু পরীক্ষা করিয়া পশ্চাৎ অন্যান্য লক্ষণ পরীক্ষা করিবে। যাহার পরমায়ু নাই, তাহার অন্যান্য লক্ষণ দর্শনে কি প্রয়োজন। ৪ *

* অঙ্গ প্রত্যঙ্গ পরীক্ষা দ্বারা, কররেখা পরীক্ষা দ্বারা ললাট প্রভৃতি পরীক্ষা দ্বারা পরমায়ু জ্ঞাত হইবার অনেক উপায় আছে। আকার দর্শনে পরমায়ু পরিজ্ঞাত হইবার জন্য বৈদ্যক শাস্ত্রে সুশ্রুত গ্রন্থে যে রূপ উপদেশ আছে, তাহা এস্থলে প্রথমতঃ প্রকাশ করিতেছি। সুশ্রুতের সূত্র স্থানে পঞ্চত্রিংশ অধ্যায়ে আছে যে,—

"হস্ত পাদ পার্শ্ব পৃষ্ঠ স্তনের অগ্রভাগ দশন বদন স্কন্ধ এবং ললাটদেশ মহান্ হইলে, অঙ্গুলির পর্ব্ব উচ্ছ্বাস (যে শ্বাস টানিয়া লওয়া যায়), বাহু এবং চক্ষু দীর্ঘ হইলে, ভ্রূ স্তনদ্বয়ের মধ্যভাগ এবং বক্ষঃস্থল বিস্তীর্ণ হইলে, জঙ্ঘা মেঢ্র এবং গ্রীবা হ্রস্ব হইলে, স্বর নাভি এবং বুদ্ধি গভীর হইলে, স্তনদ্বয় শরীরে অনুচ্চ এবং দৃঢ়ভাবে থাকিলে, কর্ণ দীর্ঘ-লোম-বিশিষ্ট হইলে, মস্তিষ্ক মস্তকের পশ্চাদ্ভাগে থাকিলে, এবং স্নান ও অনুলেপন করিলে মূর্দ্ধি হইতে শরীরের নিম্নভাগ ক্রমশঃ শুষ্ক হইতে থাকিলে, এবং সকলের শেষে হৃদয়দেশ শুষ্ক হইলে আয়ু দীর্ঘ হইয়া থাকে। এই লক্ষণ গুলির সমস্ত লক্ষণ বিপরীত হইলে আয়ু অল্প হয়, এবং কিয়দংশ লক্ষণ বিপরীত হইলে, মধ্যম হয়।

যাঁহার শরীরে শিরা স্নায়ু বা সন্ধি দৃঢ় ভাবে নিহিত, অঙ্গ-প্রত্যঙ্গ পরস্পর দৃঢ়রূপে সংশ্লিষ্ট, ইন্দ্রিয় সকল স্থির এবং শরীর উত্তরোত্তর সুদৃশ্য হইয়া উঠে, সেই ব্যক্তিই দীর্ঘজীবী। যিনি জন্মাবধি অরোগী, এবং শরীর জ্ঞান ও বিজ্ঞান ক্রমে ক্রমে অল্পে অল্পে বৃদ্ধি প্রাপ্ত হয়, তিনিই দীর্ঘজীবী। অতঃপর মধ্যম আয়ুর লক্ষণ কহিতেছি, শ্রবণ কর। যাহার চক্ষুদ্বয়ের অধোভাগে দুই তিন বা ততোধিক রেখা থাকে, পাদ ও কর্ণদ্বয় মাংসল, পৃষ্ঠ-দেশে ঊর্দ্ধরেখা এবং নাসিকার অগ্রভাগ উচ্চ, তাহার পরামায়ু সপ্ততি (৭০) বৎসর। অতঃপর অল্পায়ুর লক্ষণ কহিতেছি, শ্রবণ কর। পর্ব্ব সকল হ্রস্ব, শিশ্ন বৃহৎ, বক্ষঃস্থল লোম ও মাংস হীন, পৃষ্ঠদেশ অপ্রশস্ত, কর্ণদ্বয় উপযুক্ত স্থান অপেক্ষা কিছু ঊর্দ্ধ ভাগে স্থিত, নাসিকা উচ্চ, কথা কহিতে বা হাস্য করিতে দন্তের মাংস দৃষ্ট হওয়া, এবং ভ্রান্ত ভাবে দর্শন (পাগলের মত চেয়ে থাকা,) এই সকল লক্ষণবিশিষ্ট হইলে আয়ু পঞ্চবিংশতি বৎসর হয়।

তদনন্তর আয়ু বিজ্ঞানের নিমিত্ত অঙ্গপ্রত্যঙ্গের পরিমাণ বিষয়ে উপদেশ প্রদান করিতেছি। শরীরস্থ হস্ত পাদ মস্তক প্রভৃতিকে অঙ্গ কহে। অঙ্গের সকল অবয়বকে প্রত্যঙ্গ বলা যায়। পায়ের বৃদ্ধাঙ্গুলি এবং প্রদেশিনী প্রত্যেকেই আপনার অঙ্গুলির দুই অঙ্গুলি করিয়া আয়ত হইবে। মধ্যমাঙ্গুলির আয়-তন প্রদেশিনীর পাঁচ ভাগের চারি ভাগ, অনামিকার আয়তন মধ্যমাঙ্গুলির পাঁচ ভাগের চারি ভাগ, এবং কনিষ্ঠাঙ্গুলির আয়তন

পুরুষলক্ষণং—পঞ্চদীর্ঘং পঞ্চহ্রস্বং পঞ্চসূক্ষ্মং ষডুন্নতম্।
সপ্তরক্তং ত্রিগম্ভীরং ত্রিবিশালং প্রশস্যতে ॥৫॥

## পুরুষলক্ষণ।

যদি পঞ্চ অঙ্গ দীর্ঘ হয়, চারি অঙ্গ হ্রস্ব হয়, পঞ্চ অঙ্গ সূক্ষ্ম হয়, ছয় অঙ্গ উন্নত হয়, সপ্ত অঙ্গ রক্তবর্ণ হয়, তিন অঙ্গ গভীর হয়, এবং তিন অঙ্গ বিশাল হয়, তাহা হইলে তাহা উত্তম প্রশস্ত ও মহাপুরুষের লক্ষণ।

বাহূ নেত্রদ্বয়ং কুক্ষী দ্বৌ তু নাসা তথৈব চ।
স্তনয়োরন্তরঞ্চৈব পঞ্চদীর্ঘং প্রশস্যতে ॥ ৬ ॥

বাহুযুগল, নয়নযুগল, কুক্ষিদ্বয় নাসাপুট এবং স্তনদ্বয়ের মধ্যস্থল, এই পঞ্চ অঙ্গ যদি দীর্ঘ হয়, তাহা হইলে প্রশস্ত। ৬

গ্রীবাথ কর্ণঃ পৃষ্ঠঞ্চ হ্রস্বে জঙ্ঘে সুপূজিতে।
চত্বারি যস্য হ্রস্বানি পূজাং প্রাপ্নোতি নিত্যশঃ ॥ ৮।

গ্রীবা কর্ণদ্বয়, পৃষ্ঠদেশ ও জংঘাদ্বয় কটিদেশ, এই অঙ্গচতুষ্টয় হ্রস্ব হইলে প্রশংসনীয়। যে পুরুষের এই অঙ্গচতুষ্টয় হ্রস্ব, তিনি নিয়ত সর্ব্বত্র সম্মানিত হইয়া থাকেন। ৭

সূক্ষ্মাণ্যঙ্গুলিপর্ব্বাণি দন্তকেশনখত্বচঃ।
পঞ্চসূক্ষ্মাণি যেষাং হি তে নরাঃ দীর্ঘজীবিনঃ ॥ ৮ ॥

অঙ্গুলিপর্ব্ব, দন্ত, কেশ, নখ ও চর্ম্ম, এই পঞ্চ অঙ্গ যাহার সূক্ষ্ম, তিনি দীর্ঘজীবী হন। ৮

নাসানেত্রঞ্চ দন্তাশ্চ ললাটঞ্চ শিরস্তথা।
হৃদয়ঞ্চৈব বিজ্ঞেয়মুন্নতং ষট্ প্রশস্যতে ॥ ৯ ॥

নাসিকা, নেত্র, দন্ত, ললাট, মস্তক, হৃদয়, এই ছয় অঙ্গ উন্নত হইলে প্রশংসনীয় হয়। ৯

পাণিপাদতলৌ রক্তৌ নেত্রান্তরনখানি চ।
তালুকাধরজিহ্বা চ সপ্তরক্তং প্রশস্যতে ॥ ১০ ॥

পাণিতল, পাদতল, নয়নপ্রান্ত, নখ, তালু, অধর, জিহ্বা, এই সপ্ত অঙ্গ রক্তবর্ণ হইলে প্রশস্ত। ১০

স্বরো বুদ্ধিশ্চ নাভিশ্চ ত্রিগম্ভীরমুদাহৃতম্।
ত্রয়ং যস্য তু বিস্তীর্ণং তস্য শ্রীঃ সর্ব্বতোমুখী ॥ ১১ ॥

স্বর বুদ্ধি ও নাভি, এই তিনটী গম্ভীর হইলেই প্রশস্ত। বক্ষঃস্থল, মস্তক, ললাট, এই তিন স্থান যদি

---

অনামিকার পাঁচ ভাগের চারি ভাগ। পায়ের তলা হইতে অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত চারি অঙ্গুল আয়ত এবং পঞ্চাঙ্গুল বিস্তৃত। পার্ষ্ণিদেশ (গোড়ালী) পঞ্চাঙ্গুল দীর্ঘ এবং চতুরঙ্গুল বিস্তৃত। পাদ (পায়ের পাতা) চতুর্দ্দশ অঙ্গুল দীর্ঘ। গুল্‌ফ জঙ্ঘা ও জানুর মধ্যস্থলের বিস্তৃতি চতুর্দ্দশ অঙ্গুল। জঙ্ঘা অষ্টাদশ অঙ্গুল। জানুর উপরিভাগ দ্বাত্রিংশৎ অঙ্গুল দীর্ঘ। এই উভয়ে পঞ্চাশৎ অঙ্গুল দীর্ঘ। জঙ্ঘা দীর্ঘে উরুর সমান নহে। বৃষণ (কোষ) চিবুক দশন নাশা-পুট কর্ণমূল এবং নয়নের মধ্যস্থল, দুই অঙ্গুল। শিশ্ন বদন-মধ্য (মুখের হাঁ) নাশা কর্ণ ললাট গ্রীবার উচ্চতা এবং চক্ষুর আয়তন চারি অঙ্গুল। যোনি দেশের বিস্তার দ্বাদশ অঙ্গুল (১)। এবং শিশ্নদেশ হইতে নাভি, নাভি হইতে হৃদয়, হৃদয় হইতে গ্রীবা এবং স্তন দ্বয়েরও পরস্পর অন্তর ও মুখের দীর্ঘতা দ্বাদশাঙ্গুল। মণিবন্ধ (হাতের কব্‌জা) ও প্রকোষ্ঠের (কনুয়ের অধোভাগের) স্থূলত্বও দ্বাদশ অঙ্গুল। ইন্দ্র-বস্তির বিস্তৃতি এবং স্কন্ধদেশ ও কূর্পরের (কনুয়ের) অন্তর ষোড়শ অঙ্গুলি। হস্ত চতুর্ব্বিংশতি অঙ্গুল। ভুজদ্বয় প্রত্যেকে দ্বাত্রিংশৎ (বত্রিশ) অঙ্গুলি। উরু দ্বাত্রিংশৎ অঙ্গুল।

মণিবন্ধ হইতে কূর্পর ষোড়শ অঙ্গুল। করতল ষড় অঙ্গুল দীর্ঘ এবং চারি অঙ্গুল বিস্তার। বৃদ্ধাঙ্গুলির মূল হইতে প্রদেশিনীর অন্তর দুইটী মধ্যাঙ্গুল পরিমিত, এবং কর্ণ হইতে অপাঙ্গের অন্তর পঞ্চ অঙ্গুল। প্রদেশিনী এবং অনামিকার অন্তর সার্দ্ধ দুই অঙ্গুলি। কনিষ্ঠা এবং বৃদ্ধাঙ্গুলির অন্তর সার্দ্ধ তিন অঙ্গুল। মুখ ও গ্রীবা প্রত্যেকের বিস্তার দ্বাদশ অঙ্গুল। নাসিকার ছিদ্রভাগের পরিমাণ অঙ্গুলির চারিভাগের তিনভাগ। চক্ষুর তারার পরিমাণ চক্ষুর চারিভাগের তিনভাগ। দৃষ্টির (চক্ষুর পুত্তলির) পরিমাণ তারার নবম ভাগ। মস্তক (যে স্থানে মস্তিষ্ক থাকে) হইতে সম্মুখের কেশান্ত (যে স্থানে চুলের গোড়া শেষ হইয়াছে সেই স্থান) পর্য্যন্ত একাদশ অঙ্গুল। মস্তক হইতে পশ্চাদ্ভাগের কেশান্ত পর্য্যন্ত দশ অঙ্গুল। এবং প্রত্যেক কর্ণ হইতে অবটু (ঘাড়ের মধ্যভাগ) সপ্ত অঙ্গুল। পুরুষের বক্ষঃস্থলের পরিমাণ স্ত্রীলোকের কটি এবং স্ত্রীলোকের বক্ষঃস্থল অষ্টাদশ অঙ্গুল, সেই পরিমাণ পুরুষের কটিদেশ পুরুষের পরিমাণ সর্ব্বতোভাবে একশত বিংশতি অঙ্গুল।

আপন অঙ্গুলির পরিমাণ অনুসারে দেহের যে প্রকার পরিমাণ বলা হইল, পুরুষ কিম্বা নারী সেই রূপ পরিমাণ বিশিষ্ট হইলে দীর্ঘজীবী ও ধনবান্ হয়। অধিকাংশ অঙ্গের পরিমাণ ঐক্য হইলে মধ্যম রূপ আয়ু ও ধনলাভ হয়, এবং কোন অঙ্গই এ প্রকার পরিমিত না হইলে বা অঙ্গ প্রত্যঙ্গের অগ্র-ভাগ এরূপ পরিমিত হইলেও অল্পায়ু ও ধন-হীন হয়।

---

(১) কোষমূল হইতে মলদ্বার পর্য্যন্ত স্থানকে যোনিদেশ কহে।

বিস্তীর্ণ হয়, তাহা হইলে তাহা প্রশস্ত। যাঁহার এই তিন অংশ বিস্তীর্ণ, তিনি সর্ব্বতোভাবে লক্ষ্মীর আশ্রয় হইয়া থাকেন। ১১

উরঃ শিরো ললাটঞ্চ ত্রিবিস্তীর্ণং প্রশস্যতে।
কটির্বিশালা বহুপুত্রভাগী বিশালহস্তো নরপুঙ্গবঃ স্যাৎ।
উরো বিশালং ধনধান্যভাগী শিরো বিশালং নরপূজিতঃ স্যাৎ॥১২

যাঁহার কটিদেশ বিশাল, তিনি বহুপুত্রশালী হন, যাঁহার বাহু দীর্ঘ, তিনি নরশ্রেষ্ঠ হন, যাঁহার হৃদয় বিস্তীর্ণ, তিনি ধনধান্যশালী হইয়া থাকেন, যাঁহার মস্তক বিশাল, তিনি মনুষ্যমধ্যে পূজনীয় হন। ১২

ন শ্রীস্ত্যজতি রক্তাক্ষং নার্থঃ কনকপিঙ্গলম্।
দীর্ঘবাহুং নচৈশ্বর্য্যং ন সৌখ্যং প্রহসন্মুখম্॥ ১৩

যে ব্যক্তির নয়নের প্রান্তভাগ রক্তবর্ণ, লক্ষ্মী তাহাকে কখন পরিত্যাগ করেন না। যাহার শরীর তপ্তকাঞ্চনের ন্যায় গৌরবর্ণ, সে ব্যক্তি কখন নির্দ্ধন হয় না। যে ব্যক্তির দীর্ঘবাহু সে কখন ঐশ্বর্য্য হইতে বিচ্যুত হয় না। যাহার সহাস্য মুখ, সে কখন দুঃখভোগ করে না।১৩

কদাচিদ্দন্তুরো মূর্খঃ কদাচিৎ লোমশঃ সুখী।
কদাচিত্তুন্দিলো দুঃখী কদাচিৎ চঞ্চলা সতী॥ ১৪॥

যাহার দন্ত উন্নত তাদৃশ ব্যক্তিও কখন কখন মূর্খ হয় এবং কখন কখন লোমশ ব্যক্তিও সুখী হইয়া থাকে। যে ব্যক্তি তুন্দিল অর্থাৎ যাহার ভুঁড়ি আছে, তাদৃশ ব্যক্তিও কখন কখন দুঃখ ভোগ করে। চঞ্চলা কামিনীকেও কখন কখন পতিব্রতা হইতে দেখা যায়। ১৪

নেত্রস্নেহেন সৌভাগ্যং দন্তস্নেহেন ভোজনম্।
হস্তস্নেহেন চৈশ্বর্য্যং পাদস্নেহেন বাহনম্॥ ১৫॥

যাহার নয়নদ্বয় স্নিগ্ধ, সে সৌভাগ্যশালী হয়। যাহার দন্তগুলি চিক্কণ, সে উপাদেয় দ্রব্য ভোজন করিয়া থাকে। যাহার করতল স্নিগ্ধ, সে ঐশ্বর্য্য ভোগ করে। যাহার চরণ স্নিগ্ধ, সে যানবাহন ভোগ করিয়া থাকে। ১৫

অকর্ম্মকঠিনৌ হস্তৌ পাদাবধ্বনি কোমলৌ॥
যস্য পাণিতলৌ রক্তৌ তস্য রাজ্যং বিনির্দ্দিশেৎ॥ ১৬॥

কর্ম্ম না করিয়াও যাহার হস্তদ্বয় কঠিন হয়, পথভ্রমণ করিয়াও যাহার চরণদ্বয় কোমল থাকে, এবং যাহার পাণিতল রক্তবর্ণ, তাদৃশ ব্যক্তি রাজ্য লাভ করে। ১৬

দীর্ঘলিঙ্গেন দারিদ্র্যং স্থূললিঙ্গেন নির্দ্ধনঃ।
কৃশলিঙ্গেন সৌভাগ্যং হ্রস্বলিঙ্গেন ভূপতিঃ॥ ১৭॥

যাহার লিঙ্গ দীর্ঘ, সে দরিদ্র হয়। যাহার লিঙ্গ স্থূল, সে নির্দ্ধন হইয়া থাকে। যাহার লিঙ্গ কৃশ, সে সৌভাগ্যশালী হয়, যাহার লিঙ্গ হ্রস্ব, সে রাজা হয়। ১৭

---

(গ্রন্থান্তরে) চিহ্নাদি দ্বারা রাশি নিরূপণ।

ভ্রুবোর্ম্মধ্যে চ যা রেখা রক্তবর্ণা ভবেদ্যদি।
মেষরাশিং বদেদ্ধীমান্ শঙ্করেণ চ ভাষিতম্॥ ১॥

নর কিম্বা নারীর ভ্রূদ্বয়ের মধ্যগত যে রেখা, তাহা যদি রক্তবর্ণ হয়, তাহা হইলে তাহার মেষ রাশি হইবে। ১

তস্যোর্দ্ধে যদি রেখা স্যাৎ নীলবর্ণা চ দীর্ঘিকা।
তস্যায়ং বৃষরাশিঃ স্যাৎ মুনিনা গদিতং পুরা॥ ২॥

যদি ঐ রেখার উর্দ্ধে নীলবর্ণ ও দীর্ঘ কোন রেখা থাকে তাহা হইলে তাহার বৃষরাশি হইবে। ২

নাসাগ্রে যস্য চিহ্নং স্যাৎ বর্ত্তুলাকারসংযুতম্।
কিঞ্চিচ্ছুক্লং বিজানীয়াৎ মিথুনং রাশি তদ্বদেৎ॥ ৩॥

যদি কোন ব্যক্তির নাসিকার অগ্রভাগে কিঞ্চিৎ শুক্ল বর্ণ বর্ত্তুলাকার কোন চিহ্ন থাকে, তাহা হইলে তাহার মিথুন রাশি হইবে। ৩

শুক্লবর্ণা চ যা রেখা ললাটে যদি দৃশ্যতে।
তস্য রাশিং বিজানীয়াৎ কর্কটং শুভলক্ষণম্॥ ৪॥

যাহার ললাটে শুক্ল বর্ণ কোন রেখা দৃষ্ট হয়, তাহার কর্কট রাশি। এবং সেইটী শুভ চিহ্ন জানিবে। ৪

গৌররূপা চ যা রেখা যদি স্যাৎ নেত্রসংস্থিতা॥
সিংহরাশিং বদেদ্ধীমান্ কিঞ্চিৎ হ্রস্বাকৃতিস্তথা॥ ৫॥

যে ব্যক্তির নেত্রে কিঞ্চিৎ খর্ব্ব গৌরবর্ণ কোন চিহ্ন থাকিবে, তাহার সিংহরাশি। ৫

নাসামূলে চ যচ্চিহ্নং দৃশ্যতে পীতবর্ণকম্।
কন্যারাশিং বিজানীয়াদ্বর্ত্তুলাকারমেব চ॥ ৬॥

যাহার কন্যা রাশি হইবে, তাহার নাসিকার মূলদেশে বর্ত্তুলাকার পীতবর্ণ কোন চিহ্ন থাকিবে। ৬

যদি স্যাদরুণং বর্ণং চিহ্নং তিষ্ঠতি চাধরে।
তদা তস্য বিজানীয়াৎ তুলারাশিং ক্রমেণ তু ॥ ৭ ॥

যে ব্যক্তির অধরে অরুণবর্ণ কোন চিহ্ন থাকে, তাহার তুলা রাশি। ৭

যস্য পাণিতলে চিহ্নং মধ্যমানামপর্ব্বণোঃ।
সুদীর্ঘাকৃতিকং স্নিগ্ধং তস্য বৃশ্চিকমেব চ ॥ ৮ ॥

যাহার হস্তের মধ্যমা ও অনামিকা নামক অঙ্গুলির পর্ব্বমধ্যে সুদীর্ঘাকার এবং চিক্কণ কোন রেখা থাকিবে, তাহার বৃশ্চিকরাশি হইবে। ৮

অঙ্গুষ্ঠমূলমধ্যে বা রেখা স্যাৎ কৃষ্ণবর্ণিকা।
তদা রাশিং বদেদ্ধীমান্ ধনুরাখ্যাং মহচ্ছুভম্ ॥ ৯ ॥

যে ব্যক্তির ধনুরাশি হইবে তাহার অঙ্গুষ্ঠমূলে অথবা তাহার মধ্যস্থলে কৃষ্ণবর্ণ রেখা থাকিবে, এবং সেই রেখা মহৎ শুভকর। ৯

মীনপুচ্ছসমীপে চ যস্য চিহ্নং ব্রজত্যধঃ।
বক্রাকৃতিং ধূম্রবর্ণং রাশিং মকরমেব চ ॥ ১০ ॥

যে ব্যক্তির করতলে মৎস্য রেখার নিকটে অথচ নিম্নে ধূম্রবর্ণ বক্রাকৃতি কোন চিহ্ন থাকিবে, তাহার মকররাশি হইবে। ১০

তর্জ্জন্যগ্রে চ যা রেখা গোলাকারা ভবেদ্যদি।
তদা তস্য বদেদ্রাশিং কুম্ভাখ্যং সুবুধো মহান্ ॥ ১১ ॥

যাহার হস্তমধ্যে তর্জ্জনী নামক অঙ্গুলির অগ্রভাগে গোলাকার কোন রেখা থাকিবে, তাহার কুম্ভরাশি হইবে।

আয়ুঃসমীপে যা রেখা যদি স্যাৎ পীতবর্ণিকা।
মীনরাশিং তদা যায়াদেবং বেদবিদো বিদুঃ ॥ ১২ ॥

পুরুষ কিম্বা স্ত্রীলোকের হস্তমধ্যে আয়ুরেখার নিকটে পীতবর্ণ কোন চিহ্ন দৃষ্ট হইলে, তাহার মীনরাশি জানিবে। ১২

---

## হস্তরেখা লক্ষণম্।

রেখাভির্ব্বহুভির্দুঃখং স্বল্পাভির্ধনহীনতা।
রক্তাভিঃ প্রিয়মাপ্নোতি কৃষ্ণাভিঃ প্রেষ্যতাং ব্রজেৎ ॥ ১ ॥

যে ব্যক্তির করতলে বহুরেখা দৃষ্ট হয়, সে ব্যক্তি দুঃখী হয়। অল্পরেখা থাকিলে ধনহীন হয়। পাণিতলের রেখাগুলি রক্তবর্ণ হইলে লক্ষ্মীযুক্ত, এবং ঐ রেখা কৃষ্ণবর্ণ দৃষ্ট হইলে ভৃত্য হইবার লক্ষণ। ১

অঙ্গুষ্ঠোদরমধ্যে তু যবো যস্য বিরাজিতঃ।
উন্নতং শোভনং তস্য শতং জীবতি মানবঃ ॥ ২ ॥

যদি হস্তের অঙ্গুষ্ঠ অর্থাৎ বৃদ্ধাঙ্গুলির মধ্যরেখার অন্তর্গত যব চিহ্ন দৃষ্ট হয়, তাহা হইলে সে ব্যক্তি এই সংসারে ধনে, মানে, জ্ঞানে ইত্যাদি নানা প্রকারে শোভিত হইয়া কাল যাপন করে, এবং তাহার পরমায়ু এক শত বৎসর হয়। ২

অঙ্কুশং কুলিশং ছত্রং যস্য পাণিতলে ভবেৎ।
তস্যৈশ্বর্য্যং বিনির্দ্দিষ্টং অশীত্যায়ুর্ভবেদ্ধ্রুবম্ ॥ ২ ॥

যাহার হস্তমধ্যে অঙ্কুশের, বজ্রের, এবং ছত্রের চিহ্ন

থাকে সে ব্যক্তি নানা ঐশ্বর্য্যশালী এবং তাহার পরমায়ু অশীতি বৎসর নিশ্চয় হয়। ৩

ধনুর্যস্য ভবেৎ পার্শ্বে পঙ্কজং বাথ তোরণম্।
তস্যৈশ্বর্য্যঞ্চ রাজ্যঞ্চ অশীত্যায়ুর্ভবেদ্ধ্রুবম্॥ ৪ ॥

যদি কোন স্ত্রী বা পুরুষের করতলস্থ রেখাসমূহ মধ্যে ধনুরাকৃতি, অথবা পদ্মের কিম্বা তোরণের ন্যায় কোন চিহ্ন থাকে, তাহা হইলে সেই ব্যক্তির রাজ্য লাভ ও অশেষ প্রকার ঐশ্বর্য্য ভোগ হয়, এবং সে অশীতি বৎসর পর্য্যন্ত জীবিত থাকে। ৪

কনিষ্ঠাত্তর্জ্জনীং যাবদ্রেখা ভবতি চাক্ষতা।
বিংশত্যব্দাধিকশতং নরোজীবত্যনাময়ঃ॥ ৫ ॥

যে রেখা কনিষ্ঠাঙ্গুলির মূলের নিকট হইতে আরম্ভ করিয়া তর্জ্জনীর মূল অতিক্রম করে * ঐ রেখা যদ্যপি ছিন্ন ভিন্ন না হয়, তাহা হইলে সেই মানবের পরমায়ুঃ১২০ একশত কুড়ি বৎসর। ৫

কনিষ্ঠামধ্যমাং যাবদ্রেখা ভবতি চাক্ষতা।
শতাব্দং চাথবাশীতিং নরো জীবেদসংশয়ঃ ॥৬॥

যদি আয়ুরেখা কনিষ্ঠাঙ্গুলির মূলের নিম্ন হইতে মধ্যমাঙ্গুলির মূল পর্য্যন্ত গমন করিয়া মিলিত হয়, তাহা হইলে সেই প্রাণীর পরমায়ু ১০০ এক শত অথবা ৮০ বৎসর হইবে। ৬

কনিষ্ঠানামিকায়াঞ্চেৎ রেখা ভবতি চাক্ষতা।
ষষ্টিং পঞ্চাশদব্দং বা নরা জীবন্ত্যসংশয়ঃ॥ ৭ ॥

যদি কোন ব্যক্তির আয়ুরেখা কনিষ্ঠাঙ্গুলির মূল হইতে গমন করিয়া অনামিকার মূলের শেষে মিলিত হয়, তাহা হইলে ৫০ পঞ্চাশ অথবা ৬০ ষাইট বৎসর তাহার পরমায়ু হইবে। ৭

রেখয়া ভিদ্যতে রেখা স্বল্পায়ুশ্চ ভবেন্নরঃ ॥৮॥

যাহার ঐ আয়ুরেখাকে ক্ষুদ্র ক্ষুদ্র রেখায় ভেদ করে তাহার আয়ু স্বল্প। ৮

কনিষ্ঠায়াঃ স্থিতা রেখাসংখ্যা যাবতিকাঃ স্মৃতাঃ।
তাবন্তী পুরুষাণান্ত নারী ভবতি নিশ্চিতম্॥ ৯ ॥

যে পুরুষের কনিষ্ঠাঙ্গুলির নিম্নে যে কয়েকটী রেখা থাকিবে, তাহার সেই সংখ্যানুসারে ভার্য্যা হইবে। ৯

করমধ্যগতা রেখা ধ্রুবা উর্দ্ধভবেদ্যদি।
নৃপো বা নৃপতুল্যো বা চিরং খ্যাতোঽর্থবান্ ভবেৎ॥ ১০॥

হস্তের মণিবন্ধ হইতে যে রেখা উত্থিত হইয়া মধ্যমাঙ্গুলীর মূল পর্য্যন্ত গমন করে, তাহার নাম উর্দ্ধরেখা। ঐ রেখা যাহার হস্তমধ্যে থাকিবে, সেই ব্যক্তি রাজা বা রাজার ন্যায় ঐশ্বর্য্যশালী ও চিরবিখ্যাত এবং ধনবান্ হইবে। ১০

মৎস্যপুচ্ছপ্রকীর্ণেন বিদ্যাবিত্তসমন্বিতঃ।
পিতামহস্ত বা কিঞ্চিদ্ধনঞ্চ লভতে ধ্রুবম্॥ ১১ ॥

যাহার করতলে মৎস্যপুচ্ছ চিহ্ন থাকিবে, সে ব্যক্তি বিদ্বান্ ও ধনবান্ হইবে এবং সে পৈতৃক ধন কিঞ্চিৎ পাইবে, সন্দেহ নাই। ১১

মধ্যমায়াং যদি যবা দৃশ্যন্তেঽত্যন্তশোভনাঃ।
তদান্যসঞ্চিতং বিত্তং প্রপ্নোত্যঙ্গুষ্ঠকে যবে॥
যস্যাথ চক্রমঙ্গুষ্ঠে যবঃ পূর্ণশ্চ দৃশ্যতে।
তদা পিতামহাদীনামর্জ্জিতং ধনমাপ্নুয়াৎ॥ ১২ ॥

যদি মধ্যম অঙ্গুলিতে অথবা অঙ্গুষ্ঠে উত্তম যব থাকে তাহা হইলে অন্যসঞ্চিত ধন প্রাপ্ত হয়, সন্দেহ নাই। যাহার বৃদ্ধ অঙ্গুলিতে চক্র ও পূর্ণ যব দৃষ্ট হয়, সেই ব্যক্তি পিতামহাদির উপার্জ্জিত ধন প্রাপ্ত হইবে। ১২

তর্জ্জন্যামথ চক্রঞ্চ মিত্রদ্বারা ধনং লভেৎ।
তেনৈব বিপরীতন্তু ব্যয়ো ভবতি নিশ্চিতম্॥ ১৩ ॥

যাহার তর্জ্জনীতে চক্র চিহ্ন থাকিবে, সে ব্যক্তি কোন বন্ধু দ্বারা ধন প্রাপ্ত হইবে। যাহার তর্জ্জনীতে চক্র চিহ্ন না থাকিয়া বিপরীত কোন চিহ্ন থাকিবে, সে ব্যক্তির আয় অপেক্ষা ব্যয় অধিক হইবে। ১৩

মধ্যমায়াং স্থিতে চক্রে দেবদ্বারা ধনং লভেৎ।
তেনৈব বিপরীতন্তু ব্যয়ো ভবতি নিশ্চিতম্॥১৪॥

যাহার মধ্যমা অঙ্গুলিতে চক্র চিহ্ন থাকিবে, সে ব্যক্তি দেবতা দ্বারা ধন প্রাপ্ত হইবে। যাহার মধ্যমা অঙ্গুলিতে চক্র চিহ্ন না থাকিয়া অন্য কোন বিপরীত চিহ্ন থাকিলে দৈব প্রতিবন্ধে তাহার ধন ক্ষয় হইবে। ১৪

---

* এক নম্বর হস্তপাঞ্জায় ক হইতে খ পর্য্যন্ত যে রেখা চিহ্নিত আছে।

অনামিকায়াং চক্রে তু সর্ব্বথারা ধনং লভেৎ।
তেনৈব বিপরীতে তু ব্যয়ো ভবতি নিশ্চিতম্ ॥ ১৫

যাহার অনামিকাতে চক্র থাকিবে, সে ব্যক্তি নানা উপায়ে ধন প্রাপ্ত হইবে। যাহার অনামিকাতে বিপরীত কোন চিহ্ন থাকিবে, নানা বিষয়ে তাহার ধনক্ষয় হইবে, সন্দেহ নাই। ১৫

কনিষ্ঠায়াং ভবেচ্চক্রং বাণিজ্যেন ধনং লভেৎ।
তেনৈব বিপরীতে তু ব্যয়ো ভবতি নিশ্চিতম্ ॥ ১৬

যাহার কনিষ্ঠাঙ্গুলিতে চক্র থাকিবে, সে ব্যক্তি বাণিজ্য দ্বারা ধন উপার্জ্জন করিবে। যাহার কনিষ্ঠাঙ্গুলিতে চক্রচিহ্ন না থাকিয়া বিপরীত অর্থাৎ সরল রেখাদি থাকিবে, বাণিজ্যে তাহার লাভ না হইয়া মূলধন পর্য্যন্তও ক্ষয় হইবে। ১৬

ললাটে দৃশ্যতে যস্য বক্ররেখাচতুষ্টয়ম্।
অশীত্যায়ুঃ সমাপ্নোতি পঞ্চরেখাঃ শতং সমাঃ ॥ ১৭

যাহার ললাটে চারিটী বক্রাকার রেখা থাকিবে, তাহার অশীতি বৎসর পরমায়ুঃ হইবে। যাহার ললাটে পাঁচটী ঐরূপ বক্ররেখা থাকিবে, সে ব্যক্তি শত বৎসর জীবিত থাকিবে। ১৭

যস্যোন্নতং ললাটঞ্চ তাম্রবর্ণঞ্চ দৃশ্যতে।
রেখাহীনশ্চ কক্ষশ্চ সচোন্মত্তো মহীং ভ্রমেৎ ॥ ১৮

যাহার কেশ তাম্রবর্ণ ও উন্নত হইবে এবং যাহার কক্ষ দেশে কোন রেখা লক্ষিত হইবে না, সেই ব্যক্তি উন্মত্ত হইয়া পৃথিবী পরিভ্রমণ করিবে। ১৮

যস্য জিহ্বা ভবেদ্দীর্ঘা নাসাগ্রং লেঢ়ি সর্ব্বদা।
যোগী ভবতি নির্ব্বাণঃ পৃথ্বীং ভ্রমতি সর্ব্বদা ॥ ১৯

যাহার জিহ্বা এরূপ দীর্ঘ হইবে যে, তদ্দ্বারা নাসিকার অগ্রভাগ অবলেহন বা স্পর্শ করিতে পারে, সে ব্যক্তি যোগী ও মুমুক্ষু হইয়া সর্ব্বদা ভূতলে পরিভ্রমণ করিবে। ১৯

দন্তাশ্চ বিরলা যস্য গণ্ডে কূপোঽপি জায়তে।
পরস্ত্রীরমণো নিত্যং পরবিত্তেন বিত্তবান্ ॥ ২০

যাহার দন্তগুলি বিরল অর্থাৎ ছাড়া ছাড়া, হাস্যাদি সময়ে যাহার গণ্ডে গর্ত্ত হইয়া যায়, সে ব্যক্তি পরের ধনে ধনী হইয়া নিয়ত পরস্ত্রী সম্ভোগ করিবে। ২০

কর্কটশৈঃ কঠিনৈর্লিঙ্গৈঃ প্রমাণান্নির্গতৈঃ সদা।
রমতে চ সদা দাসীং নির্ধনো ভবতি ধ্রুবম্ ॥ ২১

যাহার উপস্থ কর্কশ ও কঠিন হইবে, ও সর্ব্বদা মুখাবরণ উন্মুক্ত করিয়া থাকিবে, সে ব্যক্তি নিশ্চয়ই নির্ধন হইবে, এবং সর্ব্বদা দাসীর সহিত রতিক্রীড়াতে আসক্ত থাকিবে। ২১

কৃশলিঙ্গেন সূক্ষ্মেণ রক্তবর্ণেন ভূপতি।
বহুস্ত্রীরমণো নিত্যং নারীণাং বল্লভো ভবেৎ ॥ ২২

যাঁহার উপস্থ কৃশ সূক্ষ্ম ও রক্তবর্ণ হইবে, তিনি ভূপতি হইবেন। তিনি নারীদিগের বল্লভ ও প্রীতিভাজন হইবেন এবং নিয়ত বহুকামিনীর সহিত রতিক্রীড়া করিবেন। ২২

যস্য পাদতলে পদ্মং চক্রং বাপ্যথ তোরণম্।
অঙ্কুশং কুলিশং বাপি স রাজা ভবতি ধ্রুবম্ ॥ ২৩

যাঁহার চরণতলে পদ্ম চক্র তোরণ অঙ্কুশ বা বজ্রচিহ্ন থাকিবে, তিনি নিশ্চয়ই রাজা হইবেন। ২৩

কৃশাতিলোমশা যে স্যুঃ কেকরাক্ষাঃ কুচেলকাঃ।
কাতরা ব্যালজিহ্বাশ্চ তে দরিদ্রা ন সংশয়ঃ ॥২৪

যাহাদের সর্ব্বাঙ্গ লোমে আবৃত, যাহারা কৃশ, যাহাদের দৃষ্টি বক্র, যাহাদের পরিচ্ছদ মলিন, যাহারা সর্ব্বদা বিমর্ষভাবাপন্ন, যাহাদের জিহ্বা হিংস্র জন্তুর জিহ্বার তুল্য, তাহারা দরিদ্র, সন্দেহ নাই। ২৪

কপিলা মলিনাঙ্গাশ্চ হ্রস্বাশ্চৈব বৃহন্নখাঃ।
কৃশাতিদীর্ঘা মনুজাস্তে দরিদ্রা ন সংশয়ঃ ॥২৫

যাহারা কপিল, যাহাদের শরীর হ্রস্ব ও মলিন, যাহাদের নখ বৃহদাকার অথবা যাহারা কৃশ অথবা সাতিশয় দীর্ঘ, তাহারা দরিদ্র, সংশয় নাই। ২৫

চিবুকে শ্মশ্রুশূন্যা যে নির্লোমহৃদয়াশ্চ যে।
তে ধূর্ত্তা নৈব সন্দেহঃ সমুদ্রবচনং যথা ॥ ২৬

যাহাদের চিবুকে শ্মশ্রু নাই, যাহাদের হৃদয়ে লোম নাই, সমুদ্র বলিয়াছেন যে, তাহারা ধূর্ত্ত, সন্দেহ নাই। ২৬

সূচীমুখা ভগ্নপৃষ্ঠাঃ কৃষ্ণদন্তাঃ কুচেলকাঃ।
বক্রনাসা বক্রনাসাস্তে নরা দুষ্টমানসাঃ ॥ ২৭

পদ্ম চিহ্ন থাকে, তাহা হইলে সে রাজমহিষী হয় এবং তাহার গর্ভজাত সন্তানও রাজা হয়। ৫১

চক্রবর্ত্তিস্ত্রিয়াঃ পাণৌ নন্দ্যাবর্ত্তপ্রদক্ষিণঃ।
শঙ্খাতপত্রকমঠা রাজমাতৃত্বসূচকাঃ॥ ৫২

যে রমণীর করতলে দক্ষিণাবর্ত্ত মণ্ডল থাকে, সে নারী রাজচক্রবর্ত্তীর মহিষী হয়, অথবা সে স্বয়ং সাম্রাজ্যে অভিষিক্তা হইয়া থাকে। যাহার করতলে শঙ্খ ছত্র কমঠ চিহ্ন থাকে সে রাজমাতা হয়। ৫২

কৃষীবলস্য পত্নী স্যাচ্ছকটেন যুগেন বা।
চামরাঙ্কুশকোদণ্ডৈরাজপত্নী ভবেদ্ধ্রুবম্॥ ৫৩

যাহার হস্তে চামর চিহ্ন অঙ্কুশ চিহ্ন বা চাপচিহ্ন থাকে, সে রাজপত্নী হয়, সন্দেহ নাই। যে নারীর করতলে শকট-চিহ্ন বা যুগচিহ্ন (যোত চিহ্ন) থাকে সে কৃষিজীবীর পত্নী হয়। ৫৩

অঙ্গুষ্ঠমূলান্নির্গত্য রেখা যাতি কনিষ্ঠিকাম্।
যদি স্যাৎ পতিহন্ত্রী সা দূরতস্তাং ত্যজেৎ সুধীঃ॥ ৫৪

যে নারীর অঙ্গুষ্ঠমূল হইতে আরম্ভ করিয়া একটী রেখা কনিষ্ঠাঙ্গুলি মূল পর্য্যন্ত গমন করে, সে নারী পতিঘাতিনী হইবে। ঈদৃশ রমণীকে কখনই গ্রহণ করিবে না। ৫৪

ত্রিশূলাসিগদাশক্তি দুন্দুভ্যাকৃতিরেখয়া।
নিতম্বিনী কীর্ত্তিমতী করেণ পৃথিবীতলে॥ ৫৫

যে রমণীর করতলে ত্রিশূলচিহ্ন অসিচিহ্ন গদাচিহ্ন শক্তিচিহ্ন দুন্দুভিচিহ্ন রেখা থাকে, সেই কামিনী অবনী-মণ্ডলমধ্যে যশস্বিনী ও কীর্ত্তিমতী হইয়া থাকে। ৫৫

পাটলো বর্ত্তুলঃ স্নিগ্ধো রেখা ভূষিতমধ্যভূঃ।
সীমন্তিনীনামধরো রাজ্ঞাঞ্চৈব প্রিয়ো ভবেৎ॥ ৫৬

যে সীমন্তিনীর অধর সুগোল পাটলবর্ণ স্নিগ্ধ ও চিক্কণ হয় এবং ঐ অধরের মধ্যদেশে একটী রেখা থাকে, সেই নারী রাজার প্রণয়পাত্র হয়। ৫৬

শ্যামঃ স্থূলোঽধরোষ্ঠঃ স্যাৎ বৈধব্যকলহপ্রদঃ।
মসৃণো মত্তকাশিন্যাশ্চোত্তরোষ্ঠঃ সুভোগদঃ॥ ৫৭

যে কামিনীর অধর ও ওষ্ঠ শ্যামবর্ণ ও স্থূল, সে নারী বিধবা ও কলহরতা হয়, পরন্তু যদি উপরের ঠোঁট মসৃণ হয়, তাহা হইলে তাহা শুভকর চিহ্ন সন্দেহ নাই। ৫৭

পীতাঃ শ্যামাশ্চ দশনাঃ স্থূলা দীর্ঘা দ্বিপঙ্ক্তয়ঃ।
শুক্ত্যাকারাশ্চ বিরলা দুঃখদৌর্ভাগ্যকারণম্॥ ৫৮

যদি দন্তগুলি পীতবর্ণ বা শ্যামবর্ণ হয়, এবং তাহা স্থূল ও দীর্ঘ হয় এবং ঐ দন্তশ্রেণী দুই শ্রেণীর ন্যায় লক্ষিত হয়, অথবা ঐ দন্তের আকার শুক্তির ন্যায় হয়, এবং ঐ দন্তগুলি ঘন না হইয়া বিরল হয়, তাহা হইলে সেই নারী দুঃখিনী ও দুর্ভগা হইয়া থাকে। ৫৮

অধস্তাদধিকৈর্দন্তৈর্মাতরং ভক্ষয়েৎ স্ফুটম্।
পতিহীনা চ বিকটৈঃ কুলটা বিরলৈর্ভবেৎ॥ ৫৯

যদি কোন নারীর নীচের পঙ্ক্তিতে অধিক দন্ত থাকে, তাহা হইলে সে, মাতাকে ভক্ষণ করে। যদি দন্ত বিকট হয়, তাহা হইলে সেই নারী বিধবা হয়। যদি কোন রমণীর দন্ত বিরল হয়, তাহা হইলে সে, কুলটা হইয়া থাকে। ৫৯

সমবৃত্তপুটা নাসা লঘুচ্ছিদ্রা শুভাবহা।
স্থূলাগ্রা মধ্যনম্রা চ ন প্রশস্তা সমুন্নতা॥ ৬০

যদি নাসাপুট সমান ও সুগোল হয়, এবং ছিদ্রদ্বয় ক্ষুদ্র হয়, তাহা হইলে তাহা শুভ লক্ষণ। যদি নাসিকার অগ্রভাগ স্থূল হয়, এবং মধ্যদেশ নিম্ন হয়, এবং যদি ঐ নাসিকা উন্নত হয়, তাহা হইলে তাহা শুভ লক্ষণ নহে। ৬০

ললনালোচনে শস্তে রক্তান্তে কৃষ্ণতারকে।
গোক্ষীরবর্ণবিশদে সুস্নিগ্ধে কৃষ্ণপক্ষ্মিণী॥ ৬১

যদি কোন ললনার লোচনদ্বয়ের প্রান্তভাগ রক্তবর্ণ হয়, এবং নয়নতারা কৃষ্ণবর্ণ হয়, এবং তারার চতুর্দ্দিক্ দুগ্ধের ন্যায় শ্বেতবর্ণ ও উত্তম স্নিগ্ধ হয়, এবং যদি পক্ষ্ম লোমগুলি কৃষ্ণবর্ণ হয়, তাহা হইলে তাহা প্রশস্ত ও শুভ লক্ষণ। ৬১

উন্নতাক্ষী ন দীর্ঘায়ুঃ বৃত্তাক্ষী কুলটা ভবেৎ।
মেষাক্ষী মহিষাক্ষী চ কেকরাক্ষী ন শোভনা॥ ৬২

যে নারীর লোচনদ্বয় উন্নত, সে দীর্ঘায়ুঃ হয় না। যে নারীর নয়নযুগল গোল সে কুলটা হয়। যে কামিনীর চক্ষুঃ মেষের চক্ষুর ন্যায়, মহিষের চক্ষুর ন্যায়, অথবা বক্রবৎ হয়, তাহার অশুভ ঘটনা হইয়া থাকে। ৬২

ললনালোচনে শস্তে রক্তান্তে কৃষ্ণতারকে।
গোক্ষীরবর্ণবিশদে সুস্নিগ্ধে কৃষ্ণপক্ষ্মিণী ॥ ৬৩ ॥

যদি কোন ললনার লোচনদ্বয়ের প্রান্তভাগ রক্তবর্ণ হয়, এবং নয়নতারা কৃষ্ণবর্ণ হয়, এবং তারার চতুর্দ্দিক্ দুগ্ধের ন্যায় শ্বেতবর্ণ ও উত্তম স্নিগ্ধ হয় এবং যদি পক্ষ লোম গুলি কৃষ্ণ বর্ণ হয় তাহা হইলে তাহা প্রশস্ত ও শুভ লক্ষণ। ৬৩ ॥

উন্নতাক্ষী ন দীর্ঘায়ুর্ বৃত্তাক্ষী কুলটা ভবেৎ।
মেষাক্ষী মহিষাক্ষী চ কেকরাক্ষী ন শোভনা ॥ ৬৪ ॥

যে নারীর লোচনদ্বয় উন্নত, সে দীর্ঘায়ুঃ হয় না। যে নারীর নয়নযুগল গোল সে কুলটা হয়। যে কামিনীর চক্ষুঃ হয় মেষের কিম্বা মহিষের চক্ষুর ন্যায়, অথবা বক্রবৎ হয়, তাহার অশুভ ঘটনা হইয়া থাকে ॥ ৬৪ ॥

কামিনীনাস্তু নিতরাং গোপিঙ্গাক্ষী সুদুর্ম্মদা।
পারাবতাক্ষী দুঃশীলা রক্তাক্ষীভর্তৃঘাতিনী ॥ ৬৫ ॥

রমণীগণের মধ্যে যাহার চক্ষুঃ গাভীর চক্ষুর ন্যায় ও পিঙ্গল বর্ণ, সে অত্যন্ত গর্ব্বিতা হইয়া থাকে। যাহার চক্ষুঃ পারাবতের ন্যায় সে দুঃশীলা হয়। যাহার চক্ষুঃ রক্ত বর্ণ সে পতিঘাতিনী হইয়া থাকে। ৬৫।

কোটরা নয়না দুষ্টাগজনেত্রা নশোভনা।
পুংশ্চলী বামকাণাক্ষী বন্ধ্যা দক্ষিণকাণিকা ॥ ৬৬ ॥

যে নারী কোটরনয়না, সে দুষ্টা হয়। কোন রমণীর চক্ষু গজের চক্ষুর ন্যায় হইলে তাহা প্রশস্ত ও সুলক্ষণ নহে। যে নারীর বাম চক্ষু কানা, সে পুংশ্চলী হয়, যে কামিনীর দক্ষিণ চক্ষু কানা সে বন্ধ্যা হইয়া থাকে ॥ ৬৬ ॥

মধুপিঙ্গাক্ষী রমণী ধনধান্য সমৃদ্ধিভাক্।
প্রলম্ব মণিকং যস্যা দেবরং হন্তি সা ধ্রুবং ॥ ৬৭ ॥

যে রমণীর নয়নযুগল মধুর ন্যায় পিঙ্গল বর্ণ, সে ধন-ধান্য সমৃদ্ধি ভোগ করে। যে রমণীর নয়নপ্রান্তে কৃষ্ণবর্ণ চিহ্ন লম্বমান থাকে, সে দেবরঘাতিনী হয় অর্থাৎ তাহার দেবর বাঁচে না ॥ ৬৭ ॥

রোমশেন শিরালেন প্রাংশুনা রোগিণীমতা।
স্থূলমূর্দ্ধা চ বিধবা দীর্ঘ শীর্ষা চ বন্ধকী ॥ ৬৮ ॥

যে নারীর শরীর দীর্ঘাকার ও তাহাতে লোম এবং শিরা দৃষ্ট হয়, সেই নারী রোগযুক্তা হইয়া থাকে। যে রমণীর মস্তক স্থূল, সে বিধবা হয়। যে কামিনীর মস্তক দীর্ঘ সে বন্ধ্যা হইয়া থাকে ॥ ৬৮ ॥

বিশালেনাপি শিরসা ভবেদ্দৌর্ভাগ্য ভাজনং
কেশা অলিঙ্গলচ্ছায়াঃ স্নিগ্ধাঃ সূক্ষ্মাঃ সুকোমলাঃ।
কিঞ্চিদাকুঞ্চিতাগ্রাশ্চ কুটিলাশ্চাতিশোভনাঃ ॥ ৬৯ ॥

যে নারীর মস্তক বিশাল, সে দুর্ভগা হয়। যে নারীর কেশপাশ ভ্রমরপুঞ্জের ন্যায় কৃষ্ণবর্ণ, স্নিগ্ধ, সূক্ষ্ম ও সুকোমল এবং ঐ কেশের অগ্রভাগ কিঞ্চিৎ আকুঞ্চিত ও কুটিল, সেই নারী সৌভাগ্যশালিনী হইয়া থাকে ॥ ৬৯ ॥

ভ্রুবোরন্তে ললাটে বা মশকো রাজ্য সূচকঃ ॥ ৭০ ॥

যাহার ভ্রূর পার্শ্বে বা ললাটে মশক অর্থাৎ আঁচিল থাকে, সেই রমণী রাজ্য ভোগ করে ॥ ৭০ ॥

বামেকপোলে মশকঃ শোণো মিষ্টান্নদঃ শুভঃ।
তিলকং লাঞ্ছনং বাপি হৃদি সৌভাগ্যকারণং ॥ ৭১ ॥

যে রমণীর বামকপোলে শোণবর্ণ মশক থাকে, সে চিরকাল উত্তম মিষ্টান্ন ভোজন করে। যে কামিনীর হৃদয়ে তিল বা অন্য কোন চিহ্ন থাকে, সে সৌভাগ্যবতী হয় ॥ ৭১ ॥

যস্যা দক্ষিণবক্ষোজে ভবেৎ তিলকলাঞ্ছনং।
কন্যাচতুষ্টয়ং সূতে সূতে সাচ সুতদ্বয়ং ॥ ৭২ ॥

যে নারীর দক্ষিণ স্তনে তিলচিহ্ন থাকে সেই রমণী চারি কন্যাও দুই পুত্র প্রসব করে ॥ ৭২ ॥

তিলকং লাঞ্ছনং শোণং যস্যা বামকুচে ভবেৎ।
একং পুত্রং প্রসূয়াদৌ অন্তে চ বিধবা ভবেৎ ॥ ৭৩ ॥

যে নারীর বাম স্তনে তিল বা রক্তবর্ণ অন্য কোন চিহ্ন থাকে সেই নারী অগ্রে এক পুত্র প্রসব করিয়া পশ্চাৎ বিধবা হয় ॥ ৭৩ ॥

গুহ্যস্য দক্ষিণে ভাগে তিলকং যদি শোভতে।
তদাক্ষিতিপতেঃ পত্নী সুতে চ ক্ষিতিপং সুতং ॥ ৭৪ ॥

যে কামিনীর গুহ্যদেশের দক্ষিণ পার্শ্বে সুশোভিত তিল থাকে, সেই নারী রাজমহিষী হয় এবং তাহার গর্ভে যে সন্তান জন্মে সেও রাজা হয়। ৭৪।

নাসাগ্রে মশকঃ শোণোমহিষ্যা এব জায়তে।
কৃষ্ণঃ সএব ভর্তৃঘ্ন্যাঃ পুংশ্চল্যাবাপ্রকীর্ত্তিতঃ ॥ ৭৫ ॥

যে রমণীর নাসিকার অগ্রভাগে শোণ বর্ণ মশক থাকে, সে রাজমহিষী হয়, পরন্তু যদি ঐ মশক কৃষ্ণবর্ণ হয় তাহা হইলে সেই নারী বিধবা বা পুংশ্চলী হইয়া থাকে। ৭৫।

নাভেরধস্তাৎ তিলকং মশকোলাঞ্ছনং শুভং।
মশকস্তিলকং চিহ্নং গুল্‌ফদেশে দরিদ্রকৃৎ ॥ ৭৬ ॥

যদি কোন নারীর নাভির নিম্নে তিল বা মশক থাকে তাহা হইলে সে সৌভাগ্যশালিনী হয়। যে নারীর গুল্‌ফদেশে মশক বা তিলক থাকে সে দরিদ্রা হয়। ৭৬।

সুলক্ষণাপি দুঃশীলা কুলক্ষণশিরোমণিঃ।
কুলক্ষণাপি যাসাধ্বী সর্ব্বলক্ষণভূস্তসা ॥ ৭৭ ॥

যে নারী সুলক্ষণসম্পন্না হইয়াও দুঃশীলা হয়, তাহাকে কুলক্ষণার শিরোমণি বলা যাইতে পারে। যে নারী কুলক্ষণ সম্পন্না হইয়াও সাধ্বী হয় তাহাকেই সর্ব্বলক্ষণ ভূষিতা বলা যায়। (যাহাদিগের কন্যা কুলক্ষণা হয় ও কুলক্ষণ দর্শনে বিবাহ হওয়া দুর্ঘট হইয়া উঠে তাহাদিগের রক্ষার নিমিত্ত ও মনঃপ্রবোধের নিমিত্তই গ্রন্থকার নানাশুভাশুভ লক্ষণ প্রকাশ করিয়া এই বচন লিখিয়াছেন)। ৭৭।

কৃষ্ণাকপিল কেশী চ মিলিত ভ্রূকুটিস্তথা।
গমনং সত্বরঞ্চৈব ত্যক্তব্যাস্তাৎ সদাবুধৈঃ ॥ ৭৮ ॥

যে নারী কৃষ্ণবর্ণা অথচ যাহার কেশ পিঙ্গল বর্ণ এবং যাহার ভ্রূদ্বয় লিখিত (যোড়াভ্রু) ও যে নারী সত্বর গমন করে, পণ্ডিতেরা তাদৃশ কুলক্ষণা কন্যা গ্রহণ করিবেন না ॥ ৭৮ ॥

যস্যা গমনমাত্রেণ ভূমৌকম্পঃ প্রজায়তে।
বহ্বাশিনীং প্রলোভাঞ্চ তাং নারীং পরিবর্জ্জয়েৎ ॥ ৭৯ ॥

যে নারীর গমনকালে ভূমি কাঁপিতে থাকে এবং যে নারী লোভযুক্তা ও যে নারী বহু ভোজন করে তাহাকে গ্রহণ করিবে না। ৭৯।

বিরলাদশনা যস্যাঃ কৃষ্ণোষ্ঠী কৃষ্ণজিহ্বিকা।
ভর্ত্তারং প্রথমং হন্তি দ্বিতীয়ঞ্চৈব বিন্দতি ॥ ৮০ ॥

যে নারীর দন্তগুলি বিরল, যাহার ওষ্ঠ ও জিহ্বা কৃষ্ণবর্ণ, সেই রমণীর প্রথম বিবাহিত পতির মৃত্যু হয়, এবং সে দ্বিতীয়পতি লাভ করে ॥ ৮০ ॥

অঙ্গুলী বিরলা যস্যাঃ সলোমগাত্র কর্কশা।
ভেকাভেকস্তনীক্ষুদ্রা দূরতঃ পরিবর্জ্জয়েৎ ॥ ৮১ ॥

যে কামিনীর অঙ্গুলি সকল বিরল, এবং যাহার গাত্র কর্কশ ও রোমযুক্ত ও যাহার স্তনদ্বয় ভেকের ন্যায় এবং যাহার আকার খর্ব্ব তাদৃশ নারী সৌভাগ্যবতী হয় না।৮১।

ত্রীণি যস্যাঃ প্রলম্বানি ললাটমুদরং ভগং।
ত্রীণিসা ভক্ষয়েন্নারী শ্বশুরং দেবরং পতিং ॥ ৮২ ॥

যে নারীর ললাট উদর ও ভগ এই তিন অংশ লম্বমান থাকে, সেই রমণী, শ্বশুর পতি ও দেবর এই তিন জনকে ভক্ষণ করে ॥ ৮২ ॥

ললাটে শ্বশুরং হন্যাৎ জঠরে দেবরং তথা।
ভগঞ্চ হন্যাদ্ ভর্ত্তারং মহাদোষাস্ত্রয়ঃ স্মৃতাঃ ॥ ৮৩ ॥

ললাট প্রলম্বিত হইলে শ্বশুরকে নষ্ট করে, উদর প্রলম্বিত হইলে দেবরকে নষ্ট করে, ভগ প্রলম্বিত হইলে ভর্ত্তাকে নষ্ট করে। অতএব রমণীদিগের পক্ষে এই তিনটী মহাদোষ কর ॥ ৮৩ ॥

যস্যা অত্যুৎকটং নার্য্যাবক্ষশ্চ বিস্তৃতং ভবেৎ।
উত্তরোষ্ঠেচ লোমানি শীঘ্রং সা ভক্ষয়েৎ পতিং ॥ ৮৪ ॥

যে রমণীর বক্ষঃস্থল অত্যুৎকট ও বিস্তৃত, এবং যাহার উপরের ঠোঁটে লোম দৃষ্ট হয়, সেই নারী শীঘ্রই বিধবা হয় ॥ ৮৪ ॥

চরণানামিকা যস্যাঃ ক্ষিতিং ন স্পৃশতে যদি।
দ্বিতীয়া বা তৃতীয়া বা সাকন্যা সুখবর্জ্জিতা॥ ৮৫॥

যে কামিনীর চরণের তর্জ্জনী মধ্যমা অথবা অনমিকা অঙ্গুলি ভূমিস্পর্শ না করে, সেই নারী সুখসৌভাগ্য বর্জ্জিতা হয়॥৮৫॥

নাসাগ্রে দৃশ্যতে যস্যা স্তিলকং মশকোপি চ।
কৃষ্ণদন্তা কৃষ্ণজিহ্বা দশাহেন পতিং হরেৎ। ৮৬॥

যে নারীর নাসাগ্রে তিল এবং মশক দৃষ্ট হয়, এবং যাহার দন্ত ও জিহ্বা কৃষ্ণবর্ণ সেই নারী দশদিবসের মধ্যে ভর্ত্তাকে বিনষ্ট করে। ৮৬।

সূক্ষ্মকেশাতু যা কন্যা গৌরবর্ণাচ যা ভবেৎ।
অষ্টৌজনয়তে পুত্রান্ প্রাপ্নোতি বিপুলং সুখং॥ ৮৭॥

যে নারী গৌরবর্ণা, এবং যাহার কেশগুলি সূক্ষ্ম, সেই কামিনী অষ্ট পুত্র প্রসব করে এবং বিপুল সুখ সৌভাগ্য ভোগ করিয়া থাকে॥ ৮৭॥

ইতি সামুদ্রিকে স্ত্রীলক্ষণং সমাপ্তং।

---

বামপদ।

## পদ চিহ্নং।

চন্দ্রার্দ্ধং কলসং ত্রিকোণধনুষী খং গোষ্পদং প্রোষ্ঠিকং, শঙ্খং সব্যপদেহথ দক্ষিণ পদে কোণাষ্টকং স্বস্তিকং। চক্রং ছত্র যবাঙ্কুশং ধ্বজকুলী জম্বূর্দ্ধরেখাম্বুজং বিভ্রাণো হরিরূণবিংশতি মহালক্ষ্যার্চ্চিতাঙ্ঘ্রি র্ভবেৎ।

বামপদে অর্দ্ধচন্দ্র, কলস ত্রিকোণ, ধনুঃ শূন্য, গোষ্পদ, প্রোষ্টীমৎস্য ও শঙ্খ, এই আটপ্রকার চিহ্ন এবং দক্ষিণপাদে অষ্টকোণ, স্বস্তিক, চক্র, ছত্র, যব, অঙ্কুশ, ধ্বজ, বজ্র, জম্বু, ঊর্দ্ধরেখা, ও পদ্ম এই একাদশ প্রকার চিহ্ন সমুদায়ে ঊণবিংশতি চিহ্ন যাহার পদতলে দৃষ্ট হয় মহালক্ষ্মী তাহার পাদসেবা করেন।

দক্ষিণ পদ।

# শিবোক্ত সামুদ্রিকম্।

শিবোক্তং তন্ত্রসামুদ্রং কররেখা শুভাশুভং।
যস্য বিজ্ঞানমাত্রেণ পুরুষো নহিশোচতি ॥ ১ ॥

শিবোক্ত সামুদ্রিক শাস্ত্রে করতলস্থিত রেখা-সমূহের যে শুভাশুভ ফল উল্লিখিত আছে, তাহা জানিলে লোক পরতন্ত্র হয় না। অর্থাৎ হস্তরেখার লক্ষণ দৃষ্টি করিয়া সুখ, দুঃখ অবগত হইতে পারে॥১॥

যস্য মীনসমা রেখা কর্ম্মসিদ্ধিশ্চ জায়তে।
ধনাঢ্যশ্চ সবিজ্ঞেয়ো বহুপুত্রো ন সংশয়ঃ ॥ ২ ॥

যে পুরুষের করতলে প্রথমে এবং মধ্যে মীন অর্থাৎ মৎস্যাকার রেখা থাকে, সে ব্যক্তি এজগতে যে কোন কার্য্যে প্রবৃত্ত হইবেন, তাহাই সুসম্পন্ন হইবে। এবং তিনি ধনবান্ এবং পুত্রবান্ হইয়া সুখস্বচ্ছন্দে কালাতিপাত করিতে পারিবেন ॥ ২ ॥

তুলাগ্রামং তথা বজ্রং করমধ্যে চ দৃশ্যতে।
তস্য বাণিজ্য সিদ্ধিঃ স্যাৎ পুরুষস্য ন সংশয়ঃ ॥ ৩ ॥

যে ব্যক্তির হস্তরেখার মধ্যে তুলা (অর্থাৎ, তৌল করিবার দণ্ড বিশেষ) কিম্বাবজ্রাকার চিহ্ন থাকে এবং গ্রাম ও নগরের সদৃশ চতুষ্কোণ চিহ্ন, অথবা বজ্রের ন্যায় কোন চিহ্ন থাকে, সে এই সংসারে যেপ্রকার ব্যবসায় অবলম্বন করিবে, তাহাই সুসম্পন্ন হইবে। এবিষয়ে অনুমাত্রও সন্দেহ নাই ॥ ৩ ॥

পদ্ম চাপাদি খড়্গাঙ্ক অষ্ট কোণাদি দৃশ্যতে।
স্ত্রিয়শ্চ পুরুষস্যাপি ধনবান্ স সুখীনরঃ ॥ ৪ ॥

যাহার হস্তমধ্যে পদ্মের কিম্বা ধনুকের আকার চিহ্ন, অথবা খড়্গ ও অন্য কোনরূপ অষ্টকোণ চিহ্ন থাকে, সে নিশ্চয়ই ধনবান্ এবং সুখী হইবে। বিশেষতঃ পদ্মের চিহ্ন থাকিলে স্ত্রীলোক রাজমহিষী এবং পুরুষরাজা হয়। আর ধনুকের চিহ্ন থাকিলে মহাবীর হয়, আর খড়্গের চিহ্ন থাকিলে মহাবল পরাক্রান্ত যোদ্ধা হয়, আর অষ্টকোণের চিহ্ন থাকিলে ভূমিপালক অর্থাৎ জমিদার অথবা গ্রামপতি হইয়া সুখী হয়। ৪।

চক্র শঙ্খ ধ্বজাকার মায়াকারাচ দৃশ্যতে।
সর্ব্ববিদ্যা প্রদানেন বুদ্ধিমান্ স ভবেন্নরঃ ॥ ৫ ॥

যাহার করতলে শঙ্খ, চক্র, ধ্বজ এবং গজ ও মাযাকার চিহ্ন দেখা যায়, সেই ব্যক্তি সকল শাস্ত্রে পারদর্শী হইবে, সুতরাং জ্ঞানী বলিয়া পরিগণিত হইবে ॥ ৫ ॥

ত্রিশূলং করমধ্যেতু তেন রাজা প্রবর্ত্ততে।
যজ্ঞে ধর্ম্মেচ দানেচ দেবদ্বিজপ্রপূজনে ॥ ৬ ॥

যাহার হস্তে ত্রিশূলের চিহ্ন থাকে সেই ব্যক্তি, রাজা হইবে। এবং হোমাদি ধর্ম্ম কর্ম্মানুষ্ঠানে, এবং দেবতা ও ব্রাহ্মণ সেবায় রত হইয়া জনসমাজে দাতা ও ধার্ম্মিক বলিয়া পরিগণিত হইবে। ৬।

শক্তি তোমর বাণশ্চেৎ করমধ্যে প্রদৃশ্যতে।
রথচক্র ধ্বজাকারং সচ রাজ্যং লভেন্নরঃ ॥ ৭ ॥

যদি কোন ব্যক্তির হস্তে শক্তি (অর্থাৎ যষ্টীনামে অস্ত্রবিশেষ) চিহ্ন, অথবা তোমর (অস্ত্রবিশেষ) চিহ্ন থাকে কিম্বা বাণের ও তীরের চিহ্ন থাকে তবে সেই ব্যক্তি রাজ্য লাভ করিবে। এবং রথচক্র ও ধ্বজের চিহ্ন থাকিলেও রাজ্য লাভ করিবে ॥ ৭ ॥

অঙ্কুশং কুণ্ডলং ছত্রং যস্য হস্ততলে ভবেৎ।
তস্য রাজ্যং মহাশ্রেষ্ঠং সামুদ্রবচনং যথা ॥ ৮ ॥

যদি কোন লোকের হস্তে অঙ্কুশ কিম্বা কুণ্ডলের চিহ্ন অথবা চক্রের চিহ্ন থাকে, তবে সেই ব্যক্তি মহারাজ-চক্রবর্ত্তী হইয়া সাম্রাজ্য ভোগ করিবে সন্দেহ নাই। কিন্তু উক্ত তিন প্রকার রেখা থাকিলে পূর্ব্বোক্তরূপ ফলভোগী হইবে। তাহা না থাকিলে সম্পূর্ণ ফল লাভ হইবে না। প্রাগুক্ত দুই চিহ্ন থাকিলে রাজার ন্যায় ঐশ্বর্য্য ভোগ করিবে; এক চিহ্ন থাকিলে সামান্য দাসত্বভোগ করিবে ক্ষীরসমুদ্রবাসী ভগবান্ নারায়ণের এই বচন; ইহাতে সন্দেহ নাই ॥ ৮ ॥

গিরিকঙ্কণ যোনীনাং নরমুণ্ড ঘটস্যচ।
করেবৈ যস্য চিহ্নানি রাজমন্ত্রী ভবেন্নরঃ ॥ ৯ ॥

যাহার হস্তে পর্ব্বত, কঙ্কণ যোনি, নরমুণ্ড, কিম্বা

ঘটের চিহ্ন থাকে, সে ব্যক্তি রাজমন্ত্রী হয়।৯।

সূর্য্যচন্দ্রলতানেত্রমষ্টকোণত্রিকোণকম্।
মন্দিরাশ্বগজেন্দ্রাণাং চিহ্নং স্যাৎ স সুখী নরঃ ॥১০॥

যদি কোন ব্যক্তির করতলে সূর্য্য, চন্দ্র, লতা, চক্ষু, অষ্টকোণ, ত্রিকোণ, মন্দির, ঘোটক বা গজেন্দ্রের চিহ্ন থাকে, তাহা হইলে সেই মনুষ্য সুখী হইবে।১০।

অঙ্গুষ্ঠস্যোর্দ্ধভাগস্থো যবো যস্য বিরাজতে।
উৎপন্নাবধি ভোগী স্যাৎ স নরঃ সেব্যতে সুখম্ ॥১১॥

যাহার বৃদ্ধাঙ্গুলির উপরিভাগে যবরেখা আছে, সেই ব্যক্তি জন্মাবধি ভোগী ও সুখী হয়।১১।

মধ্যমাতর্জ্জনীমূলে যবো যস্য চ দৃশ্যতে।
ধনবান্ সুখভোগী স্যাৎ পুত্রদারগৃহাদিমান্ ॥১২॥

মধ্যমা কিংবা তর্জ্জনী অঙ্গুলীর মুলদেশে যবরেখা যাহার দেখিতে পাওয়া যায়, সেই ব্যক্তি ধনবান্, সুখভোগী ও পুত্র-ভার্য্যা-গৃহ-আদি-সম্পন্ন হয়।১২।

অনামিকাপূর্ব্বমূলে কনিষ্ঠাদিক্রমেণ তৎ।
আয়ুষং দশবর্ষাণি সামুদ্রবচনং যথা ॥১৩॥

যে ব্যক্তির করতলে কনিষ্ঠাঙ্গুলির মূল-অবধি অনামিকার মূলের পূর্ব্বভাগ-পর্য্যন্ত রেখা অঙ্কিত থাকে, তাহার আয়ুঃ দশবৎসরমাত্র হয়। ইহা সামুদ্রিকশাস্ত্রে কথিত আছে। ১৩।

অঙ্গুষ্ঠস্যাপ্যূর্দ্ধরেখা বর্ত্ততে নৃপতিঃ শুভা।
সেনাপতির্ধনেশশ্চ মধ্যমায়ুর্নরো ভবেৎ ॥১৪॥

যাহার বৃদ্ধাঙ্গুলির উপরে শুভলক্ষণান্বিত ঊর্দ্ধরেখা থাকে, সে ব্যক্তি রাজা, সৈন্যাধ্যক্ষ বা বিপুলবিভবশালী হয়; এবং মধ্যমায়ুঃ হয়, অর্থাৎ দীর্ঘজীবী বা অল্পজীবী হয় না, ৬০ বৎসর-পর্য্যন্ত জীবিত থাকে। ১৪।

তর্জ্জনীমূলপর্য্যন্তমূর্দ্ধরেখা চ দৃশ্যতে।
রাজদূতো ভবেত্তস্য ধর্ম্মনাশো হি জায়তে ॥১৫॥

যাহার তর্জ্জনীমূল-পর্য্যন্ত ঊর্দ্ধরেখা দৃষ্ট হয়, সে ব্যক্তি রাজদূত হয়, এবং তাহার ধর্ম্মনাশও হয়। ১৫।

মধ্যমামূলপর্য্যন্ত মূর্দ্ধরেখা চ দৃশ্যতে।
পুত্রপৌত্রাদিসম্পন্নো ধনবান্ স সুখী নরঃ ॥১৬॥

মধ্যম অঙ্গুলির মূলপর্য্যন্ত যাহার ঊর্দ্ধরেখা দেখিতে পাওয়া যায়, সে ব্যক্তি সুখী, বিভবশালী ও পুত্রপৌত্র-প্রভৃতি-সমন্বিত হয়। ১৬।

অনামিকোর্দ্ধরেখায়াং ব্যবসায়ে ধনাগমঃ।
সুখদুঃখেন জীবেত পুত্রপৌত্রগৃহাদিমান্ ॥১৭॥

যাহার করতলে ঊর্দ্ধরেখা অনামিকাঙ্গুলীর মূলদেশ-পর্য্যন্ত বিস্তৃত থাকে, তাহার বাণিজ্যে ধনোপার্জ্জন হয়, এবং সে ব্যক্তি পুত্রপৌত্রবাটী-প্রভৃতিসম্পন্ন হইয়া কখন সুখে কখন দুঃখে জীবন যাপন করে। ১৭।

পাণৌ যেষামূর্দ্ধরেখা কনিষ্ঠামূলসংস্থিতা।
তে নরাঃ পরদেশেষু শতমায়ুর্ভবন্তি বৈ ॥ ১৮ ॥

যাহার করতলে ঊর্দ্ধরেখা কনিষ্ঠাঙ্গুলীর মূল-পর্য্যন্ত অঙ্কিত আছে, তাহার পরদেশে বাস হয়, এবং সে ব্যক্তি শতবৎসরব্যাপী জীবন লাভ করে। ১৮।

দীক্ষাণাঞ্চ যথা ধর্ম্ম পদবী সুখমেব চ।
বিদ্যামানাপমানঞ্চ কনিষ্ঠামূলসংস্থিতা ॥ ১৯ ॥

যাহার কনিষ্ঠাঙ্গুলীর মূলদেশে রেখা অঙ্কিত আছে, তাহার দীক্ষাধর্ম্ম, পদবী, সুখ, বিদ্যা, মান, অপমান আদির সংবর্দ্ধন হয়। ১৯।

আয়ুষ্মতী ভবেদ্রেখা তর্জ্জনীমূলসংস্থিতা।
শতবর্ষং ভবেদায়ুঃ সুখমৃত্যুর্ন সংশয়ঃ ॥ ২০ ॥

যাহার করতলে কনিষ্ঠাঙ্গুলীর মূল-অবধি তর্জ্জনীর মূল-পর্য্যন্ত রেখা অঙ্কিত থাকে, তাহার শতবর্ষ আয়ুঃ ও সুখে মৃত্যু হয়। ২০।

মধ্যমামূলপর্য্যন্তমায়ুরেখা চ দৃশ্যতে।
চতুর্দ্দশচতুর্ব্বিংশত্যায়ুর্ব্বলবিনাশনম্ ॥ ২১ ॥

যাহার করতলে আয়ুরেখা কনিষ্ঠামূল-অবধি মধ্যমামূল-পর্য্যন্ত বিস্তৃত দেখিতে পাওয়া যায়, সে ব্যক্তি ৩৮ অষ্টত্রিংশদ্বৎসর-পর্য্যন্ত জীবিত থাকে এবং তাহার বল বিনষ্ট হইয়া যায়। ২১।

আয়ুর্ব্বলং ভবেদ্রেখানামিকামূলসংস্থিতা।
ত্রিদশং বা ত্রিষষ্টিং বা আয়ুর্ব্বলবিনাশনম্ ॥ ২২ ॥

আয়ুরেখা কনিষ্ঠামূল-অবধি অনামিকামূল-পর্য্যন্ত

বিস্তৃত থাকিলে ৩০ ত্রিংশৎ অথবা ৬৩ ত্রিষষ্টি বৎসর-ব্যাপী জীবন হয়। কিন্তু শরীরসামর্থ্য অল্প হইয়া থাকে। ২২।

আয়ুর্হীনং যথা স্বল্পং বহুদীর্ঘঞ্চ দৃশ্যতে।
তে নরাঃ সুখদুঃখেন চাল্পমৃত্যুর্ন সংশয়ঃ॥ ২৩॥

আয়ুরেখা যাহাদিগের করতলে ক্ষুদ্ররূপে অঙ্কিত থাকে, সে সকল ব্যক্তি অতি অল্পজীবী হয়। যাহাদের করতলে ঐ রেখা বহুবিস্তৃতরূপে অঙ্কিত দেখিতে পাওয়া যায়, সে ব্যক্তিগণ সুখ দুঃখভোগী হইয়া অল্পকাল-মাত্র জীবিত থাকে। ইহাতে কোন সন্দেহ নাই। ২৩।

করমধ্যে স্থিতা রেখা পিতৃবংশসমুদ্ভবঃ।
পূর্ণরেখা পিতুর্ব্বংশোঽর্দ্ধরেখা পরবংশকঃ॥ ২৪॥

কতরলে যাহার পিতৃরেখা পূর্ণরূপে অঙ্কিত থাকে, সে ব্যক্তি পিতার ঔরসে জন্ম গ্রহণ করিয়াছে জানিবে। এবং ঐ রেখা যাহার করতলে অর্দ্ধরূপে অঙ্কিত থাকে, সে ব্যক্তি অপরের ঔরসে জন্মিয়াছে জানিবে। ২৪।

মাতৃরেখা করে চৈব এবৈককং যুগ্মমেব চ।
এবৈককমংশমাদায় যুগ্মরেখা চ দৃশ্যতে॥ ২৫॥

করতলমধ্যে পৃথক্ দুইটী পিতৃ ও মাতৃরেখা আছে। মাতৃরেখা তর্জ্জনীর মূল-অবধি অঙ্গুষ্ঠের মূল-পর্য্যন্ত আয়ু-রেখার নিম্নদেশ দিয়া সরল ভাবে অঙ্কিত থাকে; এবং পিতৃরেখা তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের মূলের মধ্যভাগ হইতে বহির্গত হইয়া নিম্নভাগ-পর্য্যন্ত বিস্তৃত থাকে। এই দুইটী রেখা দেখিয়াই প্রতীত হয় যে, মানব মাতাপিতার শোণিত ও শুক্রের সমান অংশ গ্রহণ পূর্ব্বক জন্মপরিগ্রহ করে। ২৫।

বহুরেখা ভবেৎ ক্লেশঃ স্বল্পাভির্ধনহীনতা।
রেখায়াং বা মনঃসৌখ্যং সামুদ্রবচনং যথা॥ ২৬॥

করতলে অনেক রেখা থাকিলে ক্লেশ, অল্প রেখা থাকিলে দারিদ্র্য এবং অনেকও নয় অল্পও নয় এমত রূপ মধ্যপ্রকারের রেখা থাকিলে, মানসিক সুখ হয়। ইহাই সামুদ্রিকশাস্ত্রের বচন। ২৬।

অঙ্গুলীনাং পৃথগ্‌রেখা ত্রিতয়ং মন্যতে পৃথক্।
রেখা দ্বাদশং সৌখ্যঞ্চ ধনধান্যপ্রদায়কম্॥ ২৭॥

কনিষ্ঠা, অনামিকা, মধ্যমা ও তর্জ্জনী—এই চারিটী অঙ্গুলীর প্রত্যেকের পর্ব্বরেখা তিন তিনটী করিয়া গণনা করিলে যাহার দ্বাদশটী পৃথক্ পৃথক্ রেখা হয়, সেই ব্যক্তি ধনধান্যাদিসম্পন্ন ও মহাসুখী হয়। ২৭।

অঙ্গুলীনাং পৃথগ্‌রেখা গণনে চেৎ ত্রয়োদশঃ।
মহাদুঃখং মহাক্লেশং সামুদ্রং বচনং যথা॥ ২৮॥

কাহারও কনিষ্ঠাদি চারিটী অঙ্গুলীর পর্ব্বরেখা যদি পৃথগ্ গণনাতে ত্রয়োদশটী হয়। তাহা হইলে তাহার মহাদুঃখ ও মহাক্লেশ ঘটিয়া থাকে। ইহা সামুদ্রিক শাস্ত্রের বচন। ২৮।

রেখা পঞ্চদশে চৌরঃ ষোড়শে দ্যূতবঞ্চকঃ।
পাপী সপ্তদশে জ্ঞেয়ো ধর্ম্মী অষ্টাদশে ভবেৎ॥ ২৯॥

অঙ্গুলীর পর্ব্বরেখা গণনাতে যে ব্যক্তির পৃথক্ পৃথক্ পঞ্চদশটী রেখা হয়, সে চোর হইয়া থাকে। পর্ব্বরেখা গণনাতে ষোলটী হইলে, সে ব্যক্তি দ্যূতক্রীড়াকারী ও প্রতারক হয়। পর্ব্বরেখা সপ্তদশ সংখ্যা হইলে পাপী এবং অষ্টাদশ হইলে ধার্ম্মিক হয়। ২৯।

ঊনবিংশে ভবেন্মান্যো গুণজ্ঞোলোকপূজিতঃ।
তপস্বী বিংশতৌ জ্ঞেয়ো মহাত্মা চৈকবিংশতৌ॥ ৩০॥

কনিষ্ঠাদি চারি অঙ্গুলীর পর্ব্বরেখা পৃথক্ পৃথক্ গণনা করিলে যাহার ঊনিশটী রেখা হয়, সে ব্যক্তি গুণবান্ ও সাধারণের সমাদরভাজন হয়। পর্ব্বরেখা কুড়িটী হইলে তপস্বী এবং একুশটী হইলে মহাত্মা হয়। ৩০।

মহত্ত্বিরায়ুরাখ্যাতং হ্রস্বলিঙ্গে ধনী নরঃ।
অপত্যরহিতোলোকে স্থূললিঙ্গে বিপর্য্যয়ং॥ ৩১॥

লিঙ্গ বৃহৎ হইলে মনুষ্য দীর্ঘজীবী, অল্প হইলে ধনী এবং স্থূল হইলে নিঃসন্তান ও দরিদ্র হয়। ৩১।

মেঢ্রে বামনতে চৈব সুতার্থরহিতো ভবেৎ
বক্রেঽন্যথা পুত্রবান্ স্যাৎ দারিদ্রং বিনতে স্বধঃ॥ ৩২॥

লিঙ্গ বামদিকে স্বাভাবিক নত হইয়া থাকিলে

মনুষ্য নিঃসন্তান ও নির্ধন, দক্ষিণদিকে বক্র হইয়া থাকিলে পুত্রবান্ ও নিম্নদিকে নত হইয়া থাকিলে দরিদ্র হয়।৩২।

অল্পে তু সুতবান্ লিঙ্গে শিরামরে সুখী নরঃ।
স্থূলগ্রন্থিযুক্তে লিঙ্গে ভবেৎ পুত্রাদিসংযুতঃ॥ ৩৩॥

লিঙ্গ ক্ষুদ্র হইলে মনুষ্য পুত্রবান্, শিরাবিশিষ্ট হইলে সুখী এবং স্থূলগ্রন্থিযুক্ত হইলে সন্তান-ঐশ্বর্য্য-প্রভৃতি-সম্পন্ন হয়। ৩৩।

দীর্ঘলিঙ্গেন দারিদ্র্যং স্থূললিঙ্গেন নির্দ্ধনঃ।
কৃষ্ণলিঙ্গেন সৌভাগ্যং হ্রস্বলিঙ্গেন ভূপতিঃ॥ ৩৪॥

মনুষ্য দীর্ঘলিঙ্গ হইলে দরিদ্র, স্থূললিঙ্গ হইলে অর্থ-হীন, কৃষ্ণবর্ণ লিঙ্গ হইলে ভাগ্যবান্ এবং লঘুলিঙ্গ হইলে রাজা হয়। ৩৪।

কর্কশে কঠিনে লিঙ্গে পরদাররতঃ সদা।
রমতে চ সদা কামী নির্দ্ধনো ভবতি ধ্রুবম্॥ ৩৫॥

যাহার লিঙ্গ কঠিন ও কর্কশ হয়, সে ব্যক্তি পরস্ত্রীতে আশক্ত এবং নিশ্চিত ধনহীন হইয়া থাকে। সে সর্ব্বদা কামুক হইয়া পরস্ত্রী রমণ করে। ৩৫।

কৃষ্ণলিঙ্গেন সূক্ষ্মেণ রক্তলিঙ্গেন ভূপতিঃ।
পরস্ত্রীনিরতো নিত্যং নারীণাং বল্লভো ভবেৎ॥ ৩৬॥

বিড়্‌গো ময়ৌ ন্যস্যতি যস্য মূর্দ্ধ্নি তস্যা নলত্রাসরুজৌ ভবেতাং।
যস্যাস্থিখণ্ডং বিসৃজত্যসৌ তু প্রয়াতি তূর্ণং নগরীং যমস্য॥ ১০৩॥

যাহার সম্মুখে কাক বিষ্ঠা কিম্বা গোময়ে মস্তক ন্যস্ত করে, তাহার অগ্নিভয় ও রোগ বোধ হয়। এবং যাহার সম্মুখে কাক অস্থিখণ্ড পরিত্যাগ করে তাহার শীঘ্র যমপুরে গমন জানা যায়॥ ১০৩॥

ব্রহ্মপ্রদেশে বিরুবন্ গিযাসোঃ কলত্রদোষং জনয়ত্যবশ্যং।
মনুষ্যমাতঙ্গতুরঙ্গমানাং শিরোধিরূঢো নিধনায় তেষাং॥১০৪॥

গমনেচ্ছুক ব্যক্তির ব্রহ্মপ্রদেশে অর্থাৎ পূর্ব্বদিক ও ঈশানকোণের মধ্যে অবস্থিত কাক শব্দ করিলে কলত্র দোষ জানা যায়। মনুষ্য, হস্তী ও ঘোটকের মস্তকে অধিরূঢ় কাক তাহাদের বিনাশ জানায়॥ ১০৪॥

নদীতটে বাথ রটন্নটব্যাং
খরস্বরো ব্যাঘ্রভয়ায় জন্তঃ।
নৈবাতুরঃ কাপি মতো হিতায়
ন হৃষ্টচেষ্টো বিতনোতি শান্তিং॥ ১০৫॥

গমনকালে নদীতটে অথবা বনমধ্যে কাক শব্দ করিলে

গমনকর্ত্তীর ব্যাঘ্রভয় জানা যায়। এবং রোগীর কদাচ শান্তি লাভ হয় না ইহাও বোধ হয়॥ ১০৫॥

যাত্রোদ্যমে সৈন্যবধায় কাকো দৃষ্টো রথে সাশ্বনৃমস্তকেষু।
আয়াতি যস্যাভিমুখো বলস্য যুদ্ধোদ্যমে তস্য পরাজয়ঃ স্যাৎ॥১০৬

যাত্রাকালে রথে ও অশ্বারূঢ় মনুষ্যের মস্তকে কাক দৃষ্ট হইলে যুদ্ধে সৈন্যবিনাশ বোধ হয়। এবং যাহার সৈন্যের অভিমুখে কাক আগমন করে যুদ্ধে তাহার পরাজয় হইয়া থাকে॥ ১০৬॥

সগৃধ্রকঙ্কৈঃ কটকে নৃপস্য কাকৈঃ প্রবিষ্টৈঃ পিশিতং বিনাপি।
সংযুধ্যমানৈ ররিভিঃ সমং স্যান্মহাহবঃ সন্ধিরযুধ্যমানৈঃ॥ ১০৭॥

যে রাজার কটকে গৃধ্র, কঙ্ক, ও কাক মাংস ব্যতিরেকে প্রবিষ্ট হয় সেই রাজার যুধ্যমান শত্রুর সহিত মহাযুদ্ধ ও অযুধ্যমান শত্রুর সহিত সন্ধি হয়॥ ১০৭॥

চিহ্নধ্বজচ্ছত্রকৃতাধিরোহঃ সমুদ্যতং শত্রুবলং প্রপশ্যন্।
আক্রৌ জয়ং জল্পতি ভূমিপানাং কৃতাধ্বনিঃ ক্ষীরতরৌ চ কাকঃ॥১০৮

যুদ্ধকালে ধ্বজাদিতে অধিরূঢ় হইয়া কাক শত্রুপক্ষের সৈন্য অবলোকন করিয়া শব্দ করে, সেই রাজার জয় লাভ হয়॥ ১০৮॥

গতিস্বরৌ বায়সসংপ্রযুক্তৌ প্রাচ্যাং ফলায়োদিতবৈপরীত্যাৎ।
এবং জনোপ্যাচরতি প্রভূতৌ যথোচিতং তত্র তথাগমার্থং॥ ১০৯॥

পূর্ব্বদিকে কাকের গতি ও শব্দে উদয়ের বৈপরীত ভাবে ফল হয়। এবং কাক যেরূপে গতি ও শব্দ করিবে সেই অনুসারে মনুষ্য কার্য্য করিবে॥ ১০৯॥

দিগ্বামচক্রেপি শুভাশুভানি ফলানি যানি প্রতিপাদিতানি।
প্রতিষ্ঠমানস্য ভবন্তি যানি তথা বিধানীতি বদন্তি তজ্জ্ঞাঃ॥ ১১০॥

দিক ও বাম বিবেচনায় যেরূপ শুভাশুভ ফল নির্দ্দিষ্ট হইয়াছে, শাকুনজ্ঞ পণ্ডিতগণ তদনুসারে শুভাশুভ ফল বলিয়া দিবেন॥ ১১০॥

ইতি কাকরুতে যাত্রা প্রকরণং।

---

স্থানস্থিতানাং কথয়ন্তি কাকা শ্চেষ্টাবিশেষেণ শুভাশুভানি।
প্রবোধিতাঃ প্রাক্তনকর্ম্মভির্যো তল্লক্ষণায় ক্রিয়তে প্রযত্নঃ॥১॥

কাকের স্থানবিশেষে অবস্থিতি ও কার্য্যাদিদ্বারা প্রাক্তনকর্ম্মের ফলস্বরূপ শুভাশুভ নিশ্চয় হইয়া থাকে অতএব যত্নপূর্ব্বক কাক লক্ষণ জানিবে॥ ১॥

নিষ্কারণং সংবলিতা রুবন্তো গ্রামেঽন্ননাশায় ভবন্তি কাকাঃ।
রোগঞ্চ চক্রাকৃতয়ো বদন্তি সব্যাপসব্যভ্রমণাদ্ভয়ঞ্চ॥ ২॥

নিষ্কারণ অনেক কাক মিলিত হইয়া শব্দ করিলে গ্রামের অন্ননাশ বোধ হয়। কাকগণ চক্রাকারে শব্দ করিলে রোগ ও বাম দক্ষিণে পরিভ্রমণ করিয়া শব্দ করিলে ভয় জানা যায়॥ ২॥

বিঘাত মাহুর্ব্বহুবর্গসংস্থা রাত্রৌ রুবন্তো জনতাবিনাশং।
লোকস্য চঞ্চুচরণপ্রহারৈরুদ্বেজয়ন্তঃ পরচক্রবৃদ্ধিম্॥ ৩॥

অনেক কাক একত্র মিলিত হইয়া রাত্রিকালে শব্দ করিলে অনেক লোকের বিনাশ হয়। কাক চঞ্চু ও চরণদ্বারা মনুষ্যকে প্রহার করিলে স্বদেশে উদ্বেগ ও পরদেশ বৃদ্ধি হয়॥ ৩॥

যঃ স্নাতি পূল্যাম্বু বিলোক্য রৌতি বৃষ্টিং সমাসংশতি বায়সোঽসৌ
জলস্থলপ্রাণিবিপর্য্যয়েণ বর্ষাসু বৃষ্টিং ভয়মন্যদা তু॥ ৪॥

যে কাক ধূলীতে অবলুণ্ঠন পূর্ব্বক শব্দ করে সেই কাক শীঘ্র বৃষ্টি জানায়। বর্ষাকালে অনেক কাকের শব্দে বৃষ্টি এবং অন্যকালে ভয় বোধ হয়॥ ৪॥

মাধ্যন্দিনে বেশ্মনি যস্য কাকো বিরৌতি রৌদ্রং বিধুনোতি রঙ্গে।
হরন্তি চৌরা দ্রবিণানি তস্য ধ্রুবং তথান্যো ভবতি প্রমাদঃ॥ ৫॥

দিবার মধ্যভাগে যাহার গৃহের উপরে কাক ভয়ঙ্কর শব্দ করে তাহার সমস্ত ধন চৌরে হরণ করে ও অন্যপ্রকার বিঘ্ন উপস্থিত হয়॥ ৫॥

রুবন্নদৃষ্টস্তৃণপূর্ণবক্ত্রো হুতাশভীতিং করটঃ করোতি।
স্যাৎ প্রস্থিতস্যাপ্যথবাস্থিতস্য দুঃখং প্রভূতং দিবসত্রয়েণ॥ ৬॥

মুখে তৃণ করিয়া অদৃষ্টভাবে কাক শব্দ করিলে অগ্নিভয় জানা যায়। প্রস্থিত অথবা অবস্থিত ব্যক্তির সম্মুখে ঐরূপ কাক শব্দ করিলে তিন দিবসের মধ্যে দুঃখ উপস্থিত হয়॥ ৬॥

ছায়াসু লাভং ভুবি ভূমিলাভং বিঘ্নং জলে প্রাবণি কার্য্যনাশং।
করোতি কাকো বিরুবন্নরস্য প্রস্থায়িনঃ স্থানগতস্য বাপি॥ ৭॥

ছায়াতে বসিয়া কাক শব্দ করিলে লাভ, ভূমিতে বসিয়া শব্দ করিলে ভূমিলাভ, জলেতে বিঘ্ন, পাষাণে

কার্য্যনাশ হয়, প্রস্থিত বা অবস্থিত ব্যক্তির পক্ষে এই রূপ ফল হইবে ॥ ৭ ॥

দ্বারপ্রদেশে রুধিরানুলিপ্তো বিরৌতি কাকঃ শিশুনাশনায়।
পক্ষৌ বিধুন্বন্ বিরুবংশ্চ রূক্ষং শাস্তে চ দীপ্তে ভবনে ন শস্তঃ ॥৮॥

রক্তলিপ্তাঙ্গ কাক দ্বারদেশে অবস্থিত হইয়া শব্দ করিলে শিশুবিনাশ বুঝায়। এবং গৃহে অবস্থিত হইয়া পক্ষদ্বয় কম্পিত করত রূক্ষ শব্দ করিলে তাহা অশুভ ফলসূচক হয় ॥ ৮ ॥

ভূয়স্তথোর্দ্ধে প্রবিধায় পক্ষৌ কাকঃ কুনাদং প্রলয়ং করোতি।
ক্রুদ্ধোঽধিরূঢ়ঃ করটাস্তরুক্ষ রোগেণ মৃত্যুং কুরুতে নরাণাং ॥ ৯ ॥

ঊর্দ্ধদিকে পক্ষদ্বয় উত্তোলন করিয়া কাক কুৎসিত শব্দ করিলে প্রলয় বোধ হয়। কাক ক্রুদ্ধ হইয়া রূক্ষ শব্দ করিলে রোগদ্বারা মনুষ্যগণের মৃত্যুঘটনা হয় ॥ ৯ ॥

প্রশ্নে কৃতে রোগবিনাশবুদ্ধ্যাহস্ত্যাশু রোগং সুরবঃ প্রদীপ্তে।
শান্তে প্রদেশে করটশ্চিরেণ বল্যাবরো রোগমপাকরোতি ॥১০॥

রোগবিনাশ চিন্তা করিয়া প্রশ্ন করিলে সেই সময় যদি কাক শোভন শব্দ করে তাহা হইলে শীঘ্র রোগ বিনাশ জানা যায় এবং শান্তপ্রদেশে অবস্থিত কাক শব্দ করিলে চিরকালে আরোগ্য বুঝায় ॥ ১০ ॥

প্রশ্নে শুভে শান্তদিগাশ্রয়স্থঃ শান্তস্বরো যঃ শুভমাদধাতি।
যো বায়সস্তং শুভদং বদন্তি তদ্ব্যত্যয়ে ব্যত্যয়হেতুরুক্তঃ ॥ ১১ ॥

শুভপ্রশ্নে শান্তদিগ্বর্ত্তী কাক প্রশান্ত শব্দদ্বারা শুভ ফল বিতরণ করে ইহার বিপরীতে বিপরীত ফল হয় অর্থাৎ কর্কশাদি স্বরদ্বারা অশুভফল হইয়া থাকে ॥ ১১ ॥

বিরৌতি কুম্ভে মণিকেঽথবা যঃ স গর্ভবত্যাঃ সুতজন্মহেতুঃ।
উড্ডীয়তে কণ্টকিনীঞ্চ শাখাং মাদায় রাজাগমনায় কাকঃ ॥ ১২ ॥

কুম্ভ কিম্বা মণিক (ক্ষুদ্র জালার) উপরে বসিয়া কাক শব্দ করিলে গর্ভবতীর পুত্রজনন বোধ হয়। এবং কাক উড্ডীন হইয়া কণ্টকিনীশাখা আশ্রয় করিয়া রব করিলে রাজার আগমন প্রতীত হয় ॥ ১২ ॥

অন্নাদিবিষ্ঠাপিশিতাদিভির্যঃ পূর্ণাননোঽভীষ্টফলপ্রদোঽসৌ।
মন্ত্রাদিসিদ্ধৌ বণিজাদিলাভে শস্তো বিবাহাদিবিধৌ চ কাকঃ ॥১৩॥

কাকের মুখ অন্ন বিষ্ঠা কিম্বা মাংসাদিদ্বারা পরিপূর্ণ থাকিলে যদি কাক সেই অবস্থাতে রব করে তাহা হইলে মন্ত্রসিদ্ধি বাণিজ্যাদি লাভ ও বিবাহাদি কার্য্যে শুভ বোধ হয় ॥ ১৩ ॥

ইষ্টার্থদোঽশ্বাদিকবাহনস্থ শ্ছত্রাদিসংস্থস্তদবাপ্তকারী।
বধ্বাগমং জল্পতি তোরণস্থো হৃদ্যার্থদো হৃদ্যতরুস্থিতশ্চ ॥ ১৪ ॥

অশ্বাদি বাহনস্থ কাক অভীষ্টফল প্রদান করে। ছত্রাদিস্থিত কাক ছত্রাদি প্রাপ্তি জানায়। তোরণোপরিস্থিত কাক বধূর আগমন জল্পনা করে এবং মনোহর বৃক্ষোপরিস্থিত কাক অভিলষিত বস্তু লাভ জানাইয়া দেয় ॥ ১৪ ॥

বায়সঃ কুলুকুলুধ্বনিং যদা ব্যাহরেস্তবনসংমুখং তদা।
অভ্যুপৈতি পথিকস্তদাধ্বনিং সর্ব্বকার্য্যশুভদং বদত্যসৌ ॥ ১৫ ॥

কাক ভবনাভিমুখে কুলু কুলু ধ্বনি করিলে পথিক শীঘ্র আগমন করে এবং সর্ব্বকার্য্যের শুভফল হয় ॥ ১৫ ॥

ইদং দ্বিহোৎপাত যুগং পৃথিব্যাং মহাভয়ং শাকুনিকা বদন্তি।
যদ্বায়সো মৈথুনসন্নিবিষ্টো দৃশ্যেত যদ্বা ধবলঃ কদাচিৎ ॥ ১৬ ॥
উদ্বেগবিদ্বেষভয়প্রবাদধনক্ষয়ব্যাধিভয়প্রহারাঃ।
বুদ্ধিপ্রণাশাকুলতাপ্রবাদা নৃণাং ভবন্ত্যদ্ভুতদর্শনেন ॥ ১৭ ॥

শাকুনজ্ঞ পণ্ডিতগণ কাকবিষয়ে দুইটী মহাভয় উৎপাত বলেন, মৈথুনাশক্ত কাক ও ধবলবর্ণ কাক এই উভয় বিধ উৎপাৎ দর্শনে উদ্বেগ, বিদ্বেষ, মহাভয়, প্রবাসগমন, ধনক্ষয়, ব্যাধিভয়, প্রহার, বুদ্ধিনাশ, আকুলচিত্ততা, প্রবাদ ও ভয় ইত্যাদি উপস্থিত হয় ॥ ১৬ ॥ ১৭ ॥

শমায় তৎসূচিতদুঃখরাশেঃ স্নানং বহিস্তৎক্ষণমেব কুর্য্যাৎ।
আত্মীয়শক্ত্যা চ সদক্ষিণানি দ্বিজায় দদ্যাদ্বসনানি তানি ॥ ১৮ ॥
নয়েদহঃ শেষমপুণ্যহাস্তা শয়ীতভূমাবকৃতান্নভক্ষঃ।
হবিষ্যভোজী ন ভজেচ্ছ নারীং দিনানি সপ্ত ত্রিগুণানি যাবৎ ॥১৯॥

অদ্ভুত দর্শনের অশুভশান্ত্যর্থ তৎক্ষণাৎ স্নান করিয়া স্বীয় শক্তি অনুসারে দক্ষিণার সহিত বস্ত্র ব্রাহ্মণকে দিবে। এবং দিবার অবশিষ্ট ভাগ পাপনাশক প্রসঙ্গাদি কীর্ত্তন করিয়া যাপন করিবে। উপবাসী কিম্বা হবিষ্যাশী হইয়া ভূমিতে শয়ন করিয়া থাকিবে সেই দিন হইতে ৭ দিন বা ২১ দিন পর্য্যন্ত স্ত্রীসেবা করিবে না ॥ ১৮ ॥ ১৯ ॥

অকাকঘাত ব্রতমাদধীত
বলিঞ্চ দদ্যাদ্বলিভোজনেভ্যঃ।
স্নাত্বা প্রভাতে বিদধীত শান্তিং
দদ্যাৎ স্বশক্ত্যা দ্রবিণং গুণিভ্যঃ॥ ২০॥

অদ্ভুত দর্শনের শান্তির জন্য অকাকঘাত ব্রত ধারণ করিয়া কাকদিগকে বলিপ্রদান করিবে এবং প্রভাতে স্নান করিয়া শান্তি করিবে ও স্বীয় শক্তি অনুসারে গুণিগণকে ধন দান করিবে॥ ২০॥

দেশেতু যাত্রাদ্ভুতমেতদুগ্রমালোক্যতে তত্র সমাপতন্তি।
অবৃষ্টিদুর্ভিক্ষভয়োপসর্গচৌরাগ্নিশত্রুস্ত্রবধর্ম্মনাশাঃ॥ ২১॥
কর্ম্মাণি তস্তোপশমায় রাজা প্রবর্ত্তয়েৎ শান্তিকপৌষ্টিকানি।
অন্নাদ্য গোভূমিবসূনি দদ্যাদ্ যুদ্ধং বিদধ্যান্ন চ যাবদব্দং॥২২॥

দেশ মধ্যে কি গ্রামে অদ্ভুতদর্শন হইলে অবৃষ্টি, দুর্ভিক্ষ, ভয়, অনিষ্টাপাত, চৌরভয়, অগ্নিভয়, শত্রুভয় ও ধর্ম্মনাশ প্রভৃতি উৎপাত উপস্থিত হয়। অতএব অদ্ভুত দোষ শান্ত্যর্থ রাজা শান্তিকর্ম্ম ও পৌষ্টিক কর্ম্ম করিবেন এবং অন্নাদি, গো, ভূমি ও রত্ন দান করিবে, এক বৎসর পর্য্যন্ত কোন যুদ্ধাদি করিবে না॥ ২১॥ ২২॥

ইতি কাকরুতে স্থানস্থিতি প্রকরণং।

---

অথ স্বর বিচারঃ।

ককামিতি ক্ষেমবিধো বিরাবঃ কেকামিতীষ্টাশনযানহেতুঃ।
করোতি কুংকুমিতি চার্থলাভং কং কং ধ্বনিঃ কাঞ্চনলাভমাহ॥১॥

কাকের কা কা এইরূপ শব্দে অভিলষিত ভোজন ও যান লাভ, কুকু এইরূপ শব্দে অর্থ লাভ এবং কং কং এই রবে স্বর্ণপ্রাপ্তি বোধ হয়॥ ১॥

কেং কেমিতি স্ত্রীবরগোবিদাপ্ত্যৈ
ভোগায় কাংকামিতি শব্দিতঃ স্যাৎ।
অপত্যলাভঃ কুকু ইত্যনেন
গন্তুঃ ফলং কেকব ইত্যনেন॥ ২॥

কেং কেং এইপ্রকার কাকরবে উত্তমা স্ত্রী লাভ, কাং কাং এইপ্রকার রবে ভোগ, কুকু এইপ্রকার রবে সন্তান লাভ ও কেকু এইপ্রকার রবে গমনকর্ত্তার কার্য্য সিদ্ধি হয়॥ ২॥

ক্রোং কোমিতীদং শুভলাভকারী কুং কুং নিনাদঃ প্রিয়সঙ্গমায়।
ক্রাং ক্রুমিতি ক্রামিতচ ত্রয়োঽমী ক্রাং ক্রামিতি দ্বৌ চ রবৌ রণায়॥

কাক ক্রোং কোং এইরূপ ধ্বনি করিয়া শুভ ও লাভ জানায়, এবং কুং কুং এই শব্দ প্রিয় সমাগম, এবং ক্রুং ক্রাং এই শব্দ ও ক্রাং ক্রাং এই শব্দ যুদ্ধ বিজ্ঞাপন করে॥ ৩॥

ক্রাং ক্রামিতি ক্রৌমিতি চ দ্বিরুক্তং
ক্রুং ক্রুমিতি ক্রৌ কু কু কু ইতীদম্।
রুতং প্রদিষ্টং মরণায় নৃণাং
গন্তুঃ প্রণাশং কুরুতে থগাখ্যঃ॥ ৪॥

ক্রাং ক্রাং ক্রোং এইরূপ দুইবার উচ্চারিত শব্দ, ক্রুং ক্রুং এই প্রকার শব্দ ও ক্রৌ কুকুম এই রূপ শব্দ এই ত্রিবিধ কাক শব্দ মনুষ্যের মৃত্যু ও যাত্রায় কার্য্য নাশ জানায়। ৪।

ক্রী ক্রীমিতীষ্টার্থবিনাশনায় জলজ্বলেত্যগ্নিভয়ায় শব্দঃ।
কীকীতি কোকাবিতি যঃ কথঞ্চিন্মুহুর্ম্মুহুঃ স্যাৎ স মতো বধায়॥৫॥

ক্রীঁ ক্রীঁ ইত্যাকার কাকরব অভিলষিত অর্থ নাশ, ও অগ্নিভয় প্রকাশ করে এবং কী কী কো কে এইরূপে কাক মুহুর্ম্মুহু শব্দ করিলে বধ বুঝা যায়॥ ৫॥

স্যাৎ কা ইতীদং বিফলং সদৈব মিত্রাপ্তয়ে স্যাৎ ক ইতীদৃশঞ্চ।
কাকা ইতীদঞ্চ বিঘাতকারী করোতি কাকো বদতি স্বতুষ্ট্যৈ॥৬॥

কাক কা এই একটী শব্দ করিলে কার্য্যের বিফলতা বোধ হয়। ক এই শব্দ করিলে বন্ধু সমাগম হইয়া থাকে। মনুষ্যের তুষ্টি সাধন সম্ভব হইলে কাক কাকা এই রূপ শব্দ করে॥ ৬॥

আহারদোষায় চ কাকটীতি স্যাদাকুলং কুক্কুনিভং রণায়।
কেকেধ্বনিষ্কাকুটি কিং টিকীতি ত্রয়ং ত্বিদং স্যাৎ পুরদূষণায়॥ ৭॥

কাক কাকটী এই প্রকার শব্দ করিলে সেই দিবসে আহার দোষ সম্ভব হয়। কুকু এই প্রকার কাকশব্দে যুদ্ধ জানা যায়। কেকে, কাকুটি ও কেং টী কী এই তিন প্রকার কাকরবে পুরীর দোষ বোধ হয়॥ ৭॥

যৎ কা ইতি ত্রিস্তদমুস্বরেণ শব্দদ্বয়ং স্যান্মহতে রণায়।
কামিত্যয়ং বাহননাশনঞ্চ দদাতি হর্ষং কুকু কুর্ব্বিতী দং॥ ৮॥

কাক কা কা ক এই তিনটী শব্দ করিয়া কিঞ্চিৎ কাল

পরে কা কা এই দুইটী শব্দ করিলে মহাযুদ্ধ বোধ হয়। কাং এই শব্দে বাহন এবং কু কু কুক এই প্রকার কাক স্বরে হর্ষ বৃদ্ধি জানা যায় ॥ ৮ ॥

সং কা ইতীদং বিরুতং সুদীর্ঘকৃতস্বরেণোচ্চরিতং প্রমাদাৎ।
উৎসাহহীনঃ শ্রমদৈন্যযুক্তঃ স বায়সঃ কার্য্যবিনাশনায় ॥ ৯ ॥

কাক অতি সুদীর্ঘস্বরে কা এই শব্দদ্বারা উৎসাহ হানি, পরিশ্রম ও দৈন্যবৃদ্ধি এবং সমস্ত কার্য্য নাশ বলিয়া দেয়। ৯।

সামিষং বকবকেতি ভোজয়ে দ্বারয়েৎ কলিকলীতি বাসনং।
অভ্যাপৈতি স্বররুক্ষভাষিতে প্রোষিতঃ শবাশবারবে শবঃ ॥ ১০ ॥

কাক বক বক এইরূপ শব্দ করিলে সামিষ ভোজন বুঝায়। কলি কলি এই প্রকার রব করিলে ভোজন নিবৃত্তি জানা যায়, কাকের রুক্ষ শব্দে প্রোষিত ব্যক্তির আগমন ও শব শব এই প্রকার রবে প্রোষিতের মরণ বুঝায় ॥ ১০ ॥

স্যাৎ কলিঃ কবকবধ্বনৌ নৃণাং জায়তে কণকণধ্বনৌ স্বরঃ।
আব্রজেৎ কুলুকুলুধ্বনৌ প্রিয়ঃ সোদনং কটকটধ্বনৌ দধি ॥ ১১ ॥

কাকের কব কব ধ্বনিতে বিবাদ, কুলু কুলু এই রূপ ধ্বনিতে প্রিয়ব্যক্তির আগমন, কট কট ধ্বনিতে দধি ও অন্ন ভোজন হয়। ১১।

এবং প্রকারা বহবোঽপরেঽপি [illegible]ভোজনানাং।
ভবন্তি শব্দাঃ খলু তেষু কেচি দশ্মাভি রুক্ষা খলু লক্ষণীয়াঃ ॥১২॥

এইরূপ অন্যান্য প্রকার কাকের বহুতর শব্দ আছে সেই সকল শব্দের লক্ষণানুসারে শুভাশুভ ফল নির্ণয় করিবে ॥ ১২ ॥

ইতি কাকরুতে স্বরপ্রকরণং।

---

হিতং নরেভ্যো মুনিভিঃ পুরাণৈর্জ্ঞানং যদুক্তং বলিপিণ্ডযুক্ত্যা।
তদুচ্যতে সংপ্রতি যেন কাকা বদন্তি নিত্যং বলিলাভতুষ্টাঃ ॥ ১ ॥

পুরাণজ্ঞ মুনিগণ মনুষ্যের হিতসাধনার্থ বলি পিণ্ডাদি-ক্রম যাহা বলিয়াছেন তাহা এই স্থলে কথিত হইতেছে। যাহাতে কাক বলিলাভে সন্তুষ্ট হইয়া শুভাশুভ বলিয়া দেয়। ১।

অদক্ষিণস্যাং দিশি যত্র কাকৈর্যুতো ভবেৎ ক্ষীরতরুপ্রভূতৌ।
গত্বা নিবৃত্তেঽহনি তত্র কাকা নিমন্ত্রণীয়া বলিপিণ্ডভোজ্যে ॥ ২।

দক্ষিণদিক ভিন্ন অন্য কোন দিকে যেখানে বটাদি ক্ষীরীবৃক্ষে অনেক কাক মিলিত হইয়া থাকে, দিবাবসানে সেই তরুতলে যাইয়া বলিপিণ্ড ভোজনার্থ কাকদিগকে নিমন্ত্রণ করিবে। ২।

প্রাতস্ততঃ ক্ষীরতরোরধস্তা দ্বিশোধ্য লিখ্যেৎ স হগোময়েন।
ভূমিপ্রদেশে চতুরশ্রমস্য মধ্যেঽর্চ্চয়েদ্ব্রহ্মমুরারিভানূন্ ॥ ৩ ॥
ইন্দ্রাগ্নিবৈবস্বতযাতুধানজলেশবায়ুদ্রবিণেশ শম্ভূন্।
অভ্যর্চ্চয়েদষ্টসু দিক্ষু ভক্ত্যা ক্রমেণ চাষ্টাবপি লোকপালান্ ॥ ৪ ॥

পরদিবস প্রাতঃকালে পূর্ব্ব নিমন্ত্রিত ক্ষীরীবৃক্ষের নিম্নে ভূমিভাগ গোময়দ্বারা শুদ্ধ করিয়া চতুরস্র মণ্ডল নির্ম্মাণ-পূর্ব্বক মণ্ডল মধ্যে ব্রহ্মা, বিষ্ণু, সূর্য্য, ইন্দ্র, অগ্নি, যম, যক্ষ, বরুণ, বায়ু, কুবের, ও মহাদেবের অর্চ্চনা করিয়া অষ্টদিকে অষ্টদিক্পালের পূজা করিবে। ৩। ৪।

নমোযুতৈঃ সপ্রণবৈশ্চ সর্ব্বান্ নিজাভিধানৈঃ প্রয়তোমনুষ্যঃ।
অর্ঘ্যাসনালেপনপুষ্পধূপনৈবেদ্যদীপাক্ষতদক্ষিণাভিঃ ॥ ৫ ॥

ওঁ ও নমঃ শব্দ উচ্চারণপূর্ব্বক দেবতার নাম উল্লেখ করিয়া যত্নসহকারে অর্ঘ্য আসন, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, অক্ষত ও দক্ষিণাদ্বারা পূজা করিবে। ৫।

আব্রহ্মকাকাং স্তরুসন্নিবিষ্টানাধ্যায় তৎপ্রাক্তনমন্ত্রযুক্ত্যা।
ততস্তদর্থং বলিমাজ্যসিক্তং মন্ত্রেণ দদ্যাদ্দধিপিণ্ডযুক্তং ॥ ৬ ॥

তৎপরে বৃক্ষস্থিত সমস্ত কাককে সম্বোধন করিয়া মন্ত্র পাঠপূর্ব্বক দধি ও ঘৃত সংযুক্ত অন্নপিণ্ড বলি প্রদান করিবে। ৬।

মন্ত্রঃ। ইন্দ্রায়, যমায়, বরুণায়, ধনদায়, ভূতবায়সায় বলিং গৃহ্নাতু মে স্বাহা ॥

উদীর্য্য কার্য্যং স্বমথাবস্থত্য ততঃ প্রদেশে করটস্য চেষ্টাঃ।
স্পৃষ্টীকৃতাঙ্গানি শুভাশুভার্থং সংলক্ষয়েন্নিশ্চলপাণিপাদঃ ॥ ৭ ॥

ওঁ ইন্দ্রায়, যমায়, বরুণায় ধনদায় ভূতবায়সায় বলিং গৃহ্নাতু স্বাহা, এই মন্ত্র উচ্চারণ করিয়া স্বীয় কার্য্য স্মরণ করত বায়সদিগকে বলি প্রদান করিয়া শুভাশুভ পরি-জ্ঞানার্থ হস্ত পদ নিশ্চল করিয়া কাক চেষ্টা নিরীক্ষণ করিবে ॥ ৭ ॥

পূর্ব্বেণ খাদন্ সুখবিত্তবৃদ্ধিং করোতি বহ্নের্দ্দিশি বহ্নিভীতিং।
কাকোঽর্থনাশং দিশি দক্ষিণস্যাং নৈঋত্যগো দিশ্বরকৃত্যদিষ্টঃ॥৮॥
জলেশ দেশেঽভিমতার্থসিদ্ধির্ব্বায়োর্দ্দিশীতি প্রভবাল্পবৃষ্টিঃ।
সৌম্যে সুখারোগ্যসমীহিতার্থমীশানদেশে বিতরত্যভীষ্টং॥ ৯॥

যদি কাক বলিপিণ্ডের পূর্ব্বভাগে ভক্ষণ করে তাহা হইলে সুখ ও বিত্তবৃদ্ধি, বলি পিণ্ডের অগ্নিকোণে ভক্ষণ করিলে অগ্নি ভয় বলিপিণ্ডের দক্ষিণদিকে ভক্ষণ করিলে অর্থনাশ, নৈঋতকোণে কার্য্য সিদ্ধি, পশ্চিমদিকে অভিমত কার্য্য সিদ্ধি, বায়ুকোণে অল্পবৃষ্টি, উত্তরদিকে সুখ, আরোগ্য ও ইচ্ছিত অর্থ লাভ হয়। ৮। ৯।

বলৌ বিলুপ্তে করটঃ সমস্তাৎ কার্য্যে বিমিশ্রং পরিভাবনীয়ং।
বলিং বিকীর্য্যাপি ন ভক্ষয়ন্তি কাকা স্তদানীং ভয়দা ভবন্তি॥১০॥

বলি প্রদত্ত হইলে যদি কাকগণ বলিপিণ্ডের চতুর্দ্দিক হইতে একদা ভক্ষণ করে তাহা হইলে কার্য্যের শুভাশুভ মিশ্র ফল হইয়া থাকে। এবং যদি বায়সগণ প্রদত্ত বলি ভক্ষণ না করে তাহা হইলে মহা ভয় উপস্থিত হইবে ইহাই নিশ্চয় করিবে॥ ১০॥

ক্ষীরদ্রুমারামচতুষ্পদেষু সরিৎসমীপে ত্রিদশালয়েষু।
দেয়ো বলির্ভূতদিনাষ্টমীষু কুল্মাষদধ্যোদনতণ্ডুলাদ্যৈঃ॥ ১১॥

ক্ষীরীবৃক্ষের নিম্নে, চতুষ্পথে, নদীসমীপে, দেবালয়ে, এই সকল স্থানে, চতুর্দ্দশী বা অষ্টমীতিথিতে দধি, অন্ন ও তণ্ডুলাদি দ্বারা বায়সকে বলি প্রদান করিবে॥ ১১॥

ইতি কাকরুতে পিণ্ডপ্রকরণং।

---

পিণ্ডত্রয়স্যাথ বিধানমেতদাখ্যায়তে যৎ কিল নারদাদ্যৈঃ।
দৃষ্টং মুনীন্দ্রৈ রশুভং শুভঞ্চ যথাবদস্মিন্ কথয়ন্তি কাকাঃ॥ ১॥

অনন্তর পিণ্ডত্রয়ের বিধান কথিত হইতেছে। নারদাদি মুনিগণ যোগদ্বারা যে সকল শুভাশুভ দৃষ্টি করিয়াছেন সেই সকল শুভাশুভ কাকগণ বলিয়া দেয়। ১।

গত্বা শুভেঽহ্নি প্রহরে চতুর্থে দেশেষু পূর্ব্বপ্রতিপাদিতেষু।
নরেণ পিণ্ডত্রয়ভোজনার্থং কাকাঃ প্রযত্নেন নিমন্ত্রণীয়াঃ॥ ২॥

শুভ দিবসে চতুর্থ প্রহর সময়ে পূর্ব্ব নিরূপিত স্থানে গমন করিয়া পিণ্ডত্রয়, ভোজনার্থ যত্নপূর্ব্বক কাকদিগকে নিমন্ত্রণ করিবে। ২।

ততঃ প্রভাতে হ্যুপলিপ্য ভূমিং
তস্যাঞ্চ পূর্ব্বোদিতমন্ত্রযুক্ত্যা।
ব্রহ্মাচ্যুতেশাপ্পতিলোকপালাঃ
কাকাশ্চ পুংসা ক্রমতোঽর্চ্চনীয়াঃ॥ ৩॥

পরদিবস প্রভাতে গোময়দ্বারা ভূমি লেপন করিয়া সেই স্থানে পূর্ব্ব লিখিত মন্ত্রে ব্রহ্মা, বিষ্ণু, মহাদেব, বরুণ ও লোকপালদিগকে অর্চ্চনা করিয়া কাকের পূজা করিতে হইবে॥ ৩॥

দধ্যোদনাদ্যৈর্ব্বিহিতং প্রবেশ্য পিণ্ডত্রয়ে মণ্ডলকস্য মধ্যে।
অভ্যর্চ্চয়েদক্ষতপুষ্পধূপৈ র্মনোহরৈর্যত্নপরো মনুষ্যঃ॥ ৪॥

মনুষ্য যত্নপূর্ব্বক দধি ও অন্নদ্বারা পিণ্ডত্রয় নির্ম্মাণ করিয়া মণ্ডল মধ্যে প্রদান করিবে এবং অক্ষত, পুষ্প, ধূপ, দীপ, ও মনোহর নৈবেদ্য দ্বারা বায়সের অর্চ্চনা করিবে। ৪।

তেষু ক্ষিপেৎ প্রাগ্দিগনুক্রমেণ পিণ্ডেষু হেম প্রথমে দ্বিতীয়ে।
রূপ্যং তথা লৌহলবং তৃতীয়ে শেষঞ্চ কুর্য্যাদ্বলিপিণ্ডতুল্যং॥ ৫॥

তিনটী পিণ্ড নির্ম্মাণ করিয়া প্রথম পিণ্ডে সুবর্ণ, দ্বিতীয় পিণ্ডে রজত, তৃতীয় পিণ্ডে লৌহ নিক্ষেপ করিবে। এবং অবশিষ্ট অন্নদ্বারা বলি পিণ্ড করিবে॥ ৫॥

ত্রিঃ সপ্তকৃত্বো বিনিবেশ্য পিণ্ডে পিণ্ডা নিবেশ্যা বলিভোজনেভ্যঃ।
মন্ত্রোক্তমাবাহনতোষিতেভ্যঃ কার্য্যং বিচার্য্যাপসরেত্ততশ্চ॥৬॥

পূর্ব্বোক্ত মন্ত্রদ্বারা বায়সের আবাহন করিয়া বলি পিণ্ডোপরি একবিংশতিবার মন্ত্র পাঠপূর্ব্বক কাকদিগকে বলিপিণ্ড অর্পণ করিবে। বলিপিণ্ড অর্পণ করিয়া তথা হইতে অপসৃত হইয়া কিঞ্চিৎ দূরে দণ্ডায়মান থাকিবে। ৬।

মন্ত্রঃ। ওঁ হিবি টিমি বিটি কাকচাণ্ডালায় স্বাহা ইতি পিণ্ডাভিমন্ত্রণার্থং। ওঁ ব্রহ্মণে বিশ্বায় কাকচাণ্ডালায় স্বাহা। কাকাহ্বানমন্ত্রঃ॥ ৭॥

ওঁ হিবি টিমি বিটি কাকচাণ্ডালায় স্বাহা এই মন্ত্রে পিণ্ডাভিমন্ত্রণ করিবে। ওঁ ব্রহ্মণে বিশ্বায় কাক চাণ্ডালায় স্বাহা এই মন্ত্রে কাকের নিমন্ত্রণ করিবে॥ ৭॥

কাকেন ভুক্তে সসুবর্ণপিণ্ডে জ্ঞেয়ং নরেণোত্তমম[illegible]কার্য্যং।
ভুক্তে সরূপ্যে খলু মধ্যমং স্যাদ্ভুক্তে সলোহে ত্বধমং প্রদিষ্টং॥৮॥

কাক সুবর্ণ যুক্ত বলিপিণ্ড ভক্ষণ করিলে উত্তম কার্য্য সিদ্ধি হয়, রজতযুক্ত পিণ্ড ভক্ষণ করিলে কার্য্যের মধ্যবিধ ফল হয়। এবং লৌহ যুক্ত পিণ্ড ভক্ষণ করিলে কার্য্য নষ্ট হয়। ৮।

বিবাদবাণিজ্যবিবাহবৃষ্টি ক্ষেমাশ্চবিত্তাঃ কৃষিভোগরোগাঃ।
সংগ্রামসেবানৃপকার্য্যদেশা ইত্যাদয়োঽস্মিন্ পরিভাবনীয়াঃ ॥৯॥

বিবাদ, বাণিজ্য, বিবাহ, বৃষ্টি, মঙ্গল, বিত্ত, কৃষি, ভোগ, রোগ, যুদ্ধ, রাজকার্য্য ও দেশ ইত্যাদি বিষয়ের শুভাশুভ কাকচরিত্রে বিবেচনা করিবে। ৯।

চেষ্টামবামাং বিদধাতি যাতি
প্রদক্ষিণং দক্ষিণপক্ষমুচ্চৈঃ।
গ্রীবাং তথোচ্চাং কুরুতে সশব্দঃ
স্থানং মনোজ্ঞং শ্রয়তি ক্রমশ্চ ॥ ১০ ॥
এবং বিধাং যো বিদধাতি চেষ্টাং
পিণ্ডং সমাদায় শুভং খগোঽসৌ।
অভীষ্টকার্য্যাদধিকং করোতি
চেষ্টা বিপর্য্যাসতয়ান্যথাত্বং ॥ ১১ ॥

কাক যদি বলিপিণ্ড ভোজন করিয়া শুভসূচক কোন কার্য্য করে, এবং দক্ষিণ পক্ষ ও গ্রীবা উচ্চ করিয়া প্রদক্ষিণপূর্ব্বক সশব্দে বৃক্ষ আশ্রয় করে। এই রূপ কাকচরিত্রে কার্য্যের শুভ ফল হয় এবং অভিলষিত কার্য্যের অধিক ফল হইয়া থাকে। ইহার বিপরীতে বিপরীত অর্থাৎ কাকের কোন অশুভসূচক চেষ্টা দেখিলে অশুভ ফল হইবে। ১০। ১১।

পিণ্ডং সমাদায় যদি প্রধানং শান্তং দিশং গচ্ছতি কাকপক্ষী।
পূর্ণং ফলং তৎ কুরুতে নরাণাং চিকির্ষিতে বস্তুনি যত্র তত্র ॥১২॥

যদি কাকপক্ষী প্রথম পিণ্ড গ্রহণ করিয়া শান্তদিকে গমন করে তাহা হইলে মনুষ্য যে কোন কার্য্য করিতে ইচ্ছা করে তাহাতে সংপূর্ণ ফল লাভ করে। ১২।

কাকো গৃহীত্বা যদি মুখ্যপিণ্ডং প্রয়াতি দীপ্তাং ককুভং তদানীং।
অত্যুত্তমং কার্য্যফলং প্রদর্শ্য ততঃ সমস্তং বিনিহন্ত্যবশ্যং ॥১৩॥

যদি কাকপক্ষী প্রথম পিণ্ড গ্রহণ করিয়া প্রদীপ্তদিকে গমন করে তাহা হইলে প্রথমতঃ কার্য্যের উত্তম ফল প্রদর্শন করিয়া অবশেষে নিশ্চয় সমস্ত কার্য্য নষ্ট করে।১৩।

দ্বিতীয়কং যদ্যপহৃত্য পিণ্ড মুড্ডীয়তে শান্তদিগাশ্রয়েণ।
ফলং তদানীং সুখদং নরাণাং যাপ্যং খগো জল্পতি কার্য্যজাতং ॥১৪॥

কাকপক্ষী যদি দ্বিতীয় পিণ্ড গ্রহণ করিয়া শান্তদিকের অভিমুখে উড্ডীন হয় তাহা হইলে কার্য্যের, শুভ ফল হইবে। ১৪।

কাকে সমাদায় জঘন্যপিণ্ডং যাতে প্রদীপ্তাং ককুভং বদন্তি।
কার্য্যং জঘন্যাদধিকং জঘন্যং স্যান্মধ্যমং মধ্যমপিণ্ডভাগে ॥ ১৫ ॥

কাকপক্ষী যদি তৃতীয় পিণ্ড গ্রহণ করিয়া প্রদীপ্তদিকে গমন করে তাহা হইলে কার্য্যের অতি অধম ফল হয়। মধ্য পিণ্ডে মধ্যবিধ ফল হইয়া থাকে ॥ ১৫ ॥

ইতি বসন্তরাজে পিণ্ডত্রয়প্রকরণং।

---

মহর্ষয়ো বায়সশাকুনস্য বদন্তি সারাদপি সারভূতং।
পিণ্ডাষ্টকং যত্তদশেষ মেত দাখ্যায়তে কার্য্যবিনিশ্চয়ার্থং ॥ ১ ॥

পূর্ব্বতন মহর্ষিগণ বায়স ও শাকুন শাস্ত্রের সারভূত যে পিণ্ডাষ্টক ব্যাখ্যা করিয়াছেন তাহা এই স্থলে কথিত হইতেছে। ইহা দ্বারা কার্য্যের শুভাশুভ ফল নিরূপিত হয় ॥ ১ ॥

শুভেঽহ্নি কাকানধিবাস্য সায়ং পিণ্ডাষ্টকং ভোক্তুমথ প্রভাতে।
তৎকালযোগ্যানি সমস্তবস্তূন্যাদায় যায়াদ্বহিরপ্রমত্তঃ ॥ ২ ॥

শুভদিবসে পিণ্ডাষ্টক ভোজনার্থ কাকের অধিবাস করিয়া তৎপর দিবস প্রভাতকালে সেই কার্য্যের উপযুক্ত সমস্ত বস্তু আহরণ করিয়া স্থিরচিত্তে বহির্দ্দেশে গমন করিবে ॥ ২॥

একান্তদেশে তরুপার্শ্বভূমৌ মৃদ্‌গোময়াভ্যামুপলেপিতায়াং।
সৎপঞ্চগব্যেন সমুক্ষিতায়াং সৌম্যোপহারৈরুপশোভিতায়াং ॥৩॥

কোন নির্জ্জন প্রদেশে তরুর পার্শ্ববর্ত্তি ভূমিতে মৃত্তিকা ও গোময়দ্বারা লেপনপূর্ব্বক সেই স্থান বিবিধপ্রকারে সজ্জিত করিয়া পঞ্চগব্যদ্বারা অভিষিক্ত করিবে ॥ ৩ ॥

বিধায় পূজাং কুলদেবতানাং মধ্যে ততোঽষ্টস্বপি দিক্ষু দেয়ং।
ভক্তেন সর্পির্দধিমিশ্রিতেন পিণ্ডাষ্টকং প্রাগ্দিগনুক্রমেণ ॥ ৪ ॥

নিরূপিত স্থানের মধ্যভাগে কুলদেবতাদিগের পূজা করিয়া অষ্টদিকে দক্ষিণাদিক্রমে দধি ও ঘৃত মিশ্রিত অন্নদ্বারা অষ্টপিণ্ড দিবে ॥ ৪ ॥

পক্ষীন্দ্রবহ্ন্যন্তকরাক্ষসেন্দ্রান্ বিষ্ণুং বিরিঞ্চিং ধনদং মহেশং।
পূর্ব্বাদিকাষ্ঠাক্রমযোজিতেষু ন্যসেৎ ক্রমাদষ্টসু পিণ্ডকেষু ॥ ৫ ॥
নমোযুতৈস্তান্ প্রণবৈশ্চ সর্ব্বাং স্তুতোঽর্চ্চয়েত্তন্নিজনামমন্ত্রৈঃ।
অর্ঘ্যাসনালেপনপুষ্পধূপৈর্নৈবেদ্যদীপাক্ষতদক্ষিণাভিঃ ॥ ৬ ॥

গরুড়, অগ্নি, যম, রাক্ষসেন্দ্র, বিষ্ণু, ব্রহ্মা, কুবের ও মহাদেব পূর্ব্বাদি দিক্‌ক্রমে অষ্টপিণ্ডে এই অষ্টদেবতার ন্যাস করিয়া ওঁ ও নমঃ শব্দ উচ্চারণপূর্ব্বক তত্তদ্দেবতার নাম উল্লেখে অর্ঘ্য, আসন, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্যাদি দ্বারা পূজা করিবে॥ ৫ ॥ ৬ ॥

অভ্যর্চ্চিতেভ্যো বিধিনোদিতেন পিণ্ডাষ্টকং তদ্দদতু দ্বিজেভ্যঃ।
মন্ত্রেণ সংমন্ত্র্য নিবেদনার্থং কার্য্যং বিচার্য্যাপসরেচ্চ কিঞ্চিৎ ॥ ৭ ॥

অথ মন্ত্রঃ। ওঁ নমঃ খগপতয়ে গরুড়ায় দ্রোণায় পক্ষিরাজায় স্বাহা। দ্রোণাঢ়কসমং পিণ্ডং গৃহাণ ত্বমশঙ্কিতঃ। যথা দৃষ্টং নিমিত্তঞ্চ কথয়স্বাধমে স্ফুটং ॥ ৮ ॥

তৎপরে ব্রাহ্মণদিগকে অর্চ্চনা করিয়া তাহাদের হস্তে ঐ অষ্টপিণ্ড দিবে। ব্রাহ্মণগণ অভীষ্ট কার্য্য মনে মনে স্মরণ করিয়া বলিপ্রদানপূর্ব্বক কিঞ্চিৎ দূরে দণ্ডায়মান থাকিবে। ওঁ নমঃ খগপতয়ে ইত্যাদি মন্ত্রে বলি প্রদান করিতে হইবে ।। ৭ ।। ৮।।

কাকেন পিণ্ডে প্রথমে গৃহীতে তিষ্ঠন্ ব্রজন্ বাপি ভবেৎ কৃতার্থঃ।
উদ্বেগশোকৌ বিফলঃ প্রয়াণে হানিঃ কলির্ব্বা ভবতি দ্বিতীয়ে ॥ ৯ ॥

যদি কাকপক্ষী প্রথম বলিপিণ্ড ভোজন করিয়া অবস্থিতি বা গমন করে, তাহা হইলে কার্য্য সিদ্ধি হয়। কাক দ্বিতীয় বলিপিণ্ড গ্রহণ করিলে উদ্বেগ, শোক, যাত্রার বিফলতা, কার্য্যাদি হানি ও বিবাদ হইয়া থাকে ॥ ৯ ॥

গদো রুগাপত্ত্রয়মৃত্যবঃ স্যুঃ পিণ্ডে চতুর্থে বিজয়ো রণেষু।
স্যাদ্বৈষ্ণবেঽভীষ্টমকষ্টসাধ্যং ভবেৎ প্রবাসো বিফলাশ্চ ষষ্ঠে ॥১০॥

কাক তৃতীয় বলিপিণ্ড গ্রহণ করিলে রোগ, আপৎ, ভয় অথবা মৃত্যু, চতুর্থ বলিপিণ্ড গ্রহণ করিলে যুদ্ধে জয়। পশ্চিম দিক্‌স্থিত পিণ্ড গ্রহণ করিলে অনায়াসে অভীষ্ট-কার্য্য সিদ্ধি হয়। এবং ষষ্ঠ পিণ্ড গ্রহণ করিলে কার্য্যের বিফলতা ও প্রবাস হইয়া থাকে ।। ১০ ।।

নাস্তীহ তন্নিশ্চয় মেব কার্য্যং ভুক্তেন যৎ সিদ্ধ্যতি সৌম্যপিণ্ডে।
সন্তাপশোকৌ বিফলা চ যাত্রা পিণ্ডেঽষ্টমে বায়সভক্ষিতে চ ॥১১॥

উত্তর দিক্‌স্থিত বলিপিণ্ড গ্রহণ করিলে কার্য্যসিদ্ধির কোন নিশ্চয় নাই। ঈশানকোণস্থিত বলিপিণ্ড গ্রহণ করিলে সন্তাপ, শোক, যাত্রার বিফলতা প্রভৃতি অশুভ ফল হইয়া থাকে ॥ ১১ ॥

পিণ্ডং ন গৃহ্নাত্যথবা ন ভুঙ্‌ক্তে চঞ্চুনখৈর্ব্বিক্ষিপতি দ্বিজোনঃ।
কার্য্যেষু সর্ব্বেষু স ন প্রশস্তো ব্রবীতি ঘোরং সমরং স পুংসাং ॥১২॥

কাক যে মনুষ্যের বলিপিণ্ড গ্রহণ কিম্বা ভক্ষণ না করিয়া চঞ্চু ও চরণদ্বারা বিক্ষিপ্ত করিয়া ফেলে, সেই পুরুষের কোন কার্য্য সফল হয় না এবং তাহার সহিত ঘোরতর সমর উপস্থিত হয় ।১২।

ইতি বসন্তরাজে কাকরুতে পিণ্ডাষ্টকপ্রকরণং।

---

## অথ শুভশাকুনানি।

কীর্ত্তনাৎ শ্রবণতো বিলোকনাৎ স্পর্শনাৎ সমধিকং সমোস্তুবং।
মঙ্গলায় দধিচন্দনাদিকং স্যাৎ প্রবাসভবনপ্রবাসয়োঃ ॥ ১ ॥

প্রবাসগমন কিম্বা নিজগৃহে প্রত্যাগমনকালে দধি চন্দনাদি মঙ্গলদ্রব্যের কীর্ত্তন, শ্রবণ, দর্শন ও স্পর্শনে উত্তোত্তর সমধিক ফল হয়। অর্থাৎ কীর্ত্তন হইতে শ্রবণে অধিক ফল, শ্রবণ হইতে দর্শনে অধিক এবং দর্শন হইতে স্পর্শনে অধিক ফল জানিবে। ১।

দধ্যাজ্যদূর্ব্বাক্ষতপূর্ণকুম্ভাঃ সিদ্ধান্নসিদ্ধার্থকচন্দনানি।
আদর্শশঙ্খামিষমীনমৃৎসাগোরোচনাগোময়গোমধূলিঃ ॥২॥
গীর্ব্বাণবীণাফলভদ্রপীঠপুষ্পাঞ্জনালঙ্করণায়ুধানি।
তাম্বূলযানাসনবর্দ্ধমানধ্বজাতপত্রব্যজনাম্বরাণি ॥ ৩ ॥
অম্ভোজভৃঙ্গারসমৃদ্ধবহ্নিগজাজবাহঃকুশচামরাণি।
রত্নানি চামীকররূপ্যতাম্রবঙ্গৈড়কা শৌষধয়ঃ সুরাশ্চ ॥ ৪ ॥
বনস্পতে নূতনশাকমেবং মাঙ্গল্যপঞ্চাশদিদং প্রদিষ্টং।

শুভেষু কার্য্যেষশুভেষু চৈব কার্য্যে গ্রহানাং শুভদাঃ সদৈব ॥ ৫ ॥
এতানি দৃষ্ট্বা শুভদর্শনানি কুর্ব্বন্তি দৃষ্টঃ পথি দক্ষিণেন।
সৰ্ব্বাবলোকাদশুভাবহানি ত্যক্তানি বামেন শুভা ভবন্তি ॥ ৬ ॥

দধি, ঘৃত, দূর্ব্বা, আতপ তণ্ডুল, পূর্ণকুম্ভ, সিদ্ধ অন্ন, শ্বেত সর্ষপ, চন্দন, দর্পণ, শঙ্খ, মাংস, মৎস্য, মৃত্তিকা, গোরোচনা, গোময়, গোধূলি, দেবমূর্ত্তি, বীণা, ফল, ভদ্রাসন, পুষ্প, অঞ্জন, অলঙ্কার, অস্ত্র, তাম্বূল, যান, আসন, শরাব, ধ্বজ, ছত্র, ব্যজন, বস্ত্র, পদ্ম, ঝারি, প্রজ্ব-লিত বহ্নি, হস্তী, ছাগ, কুশা, চামর, রত্ন, সুবর্ণ, রূপ্য, তাম্র, বঙ্গ, মেষ, ঔষধি, মদ্য, ও নূতন পল্লব এই পঞ্চাশৎ দ্রব্য শুভাশুভ কার্য্যে ও গমনাগমনে মঙ্গলপ্রদ। যাত্রা করিয়া পথিমধ্যে দক্ষিণ ভাগে এই সকল দ্রব্য দর্শনে অশুভ নষ্ট হইয়া শুভ বর্দ্ধন হয়। ২—৬।

গান্ধারষড়্জ্ঞা বৃষভস্তথান্যে স্বরেষু গম্ভীরমনোরমা যে।
বাদিত্রবেদধ্বনিগীতনৃত্যমিত্যাদি শস্তং কিল যত্র রৌদ্রং ॥৭॥

গান্ধারও ষড়জ প্রভৃতি রাগে ও গম্ভীর মনোহর স্বরে বাদ্যমান বাদিত্র, বেদধ্বনি, গীত, নৃত্য ইত্যাদি রৌদ্র কার্য্যের নিমিত্ত যাত্রাকালে প্রশস্ত ॥৭॥

আদায় রিক্তং কলসং জলার্থী যদি ব্রজেৎ কোপি সহাধ্বগেন।
পূর্ণং সমাদায় নিবর্ত্ততেঽসৌ যথা কৃতার্থঃ পথিকস্তথৈব ॥ ৮ ॥

গমনকালে যদি অন্য কোন ব্যক্তি শূন্য কলসী লইয়া পথিকের সহিত গমন করে এবং কলসী পূর্ণ করিয়া ঐ ব্যক্তি প্রত্যাগমন করে, তাহা হইলে পথিকও কৃতকার্য্য হইয়া নির্ব্বিঘ্নে পুনরাগমন করিবে॥ ৮॥

অঙ্গারভস্মেন্ধনরজ্জুপঙ্কপিণ্যাককার্পাসতুষাস্থিবিষ্ঠাঃ।
কৃষ্ণায়সাবস্করকৃষ্ণধান্যপাষাণকেশাভুজগৌষধানি ॥ ৯ ॥
তৈলং গুড়ং চর্ম্মবসাবিভিন্নং রিক্তঞ্চ ভাণ্ডং লবণং তৃণঞ্চ।
তক্রার্গলাশৃঙ্খলবৃষ্টিবাতাঃ কার্য্যে কচিত্রিংশদিমে ন শস্তাঃ ॥১০॥

অঙ্গার, ভস্ম, কাষ্ঠ, রজ্জু, কর্দ্দম, খৈল, কার্পাস, তুষ, অস্থি, বিষ্ঠা, মলিনব্যক্তি, লৌহ, আবর্জ্জনরাশি, কৃষ্ণ-ধান্য, প্রস্তর, কেশ, সর্প, ঔষধ, তৈল, গুড়, চর্ম্ম, বসা, শূন্যভাণ্ড, লবণ, তৃণ, তক্র, অর্গলা, শৃঙ্খল, বৃষ্টি, ও বাতাস এই ত্রিংশৎ দ্রব্য যাত্রা কালে প্রশস্ত নহে। ৯। ১০।

স্বপাদ্যান স্খলনং নৃপাণাং ভঙ্গঃ কচিদ্‌যানপলায়নঞ্চ।
দ্বারাভিঘাতাধ্বগশস্ত্রপাতাঃ প্রস্থানবিঘ্নং কথয়ন্ত যাতুঃ ॥১১॥

যদি যাত্রা করিয়া যানারোহণকালে রাজাদিগের পাদস্খলন হয়, অথবা যান পলায়ন করে, কিম্বা বহির্গমন কালে দ্বারেতে অভিঘাত হয়, তাহা হইলে গমনকর্ত্তার প্রস্থানে বিঘ্ন হয়। ১১।

মার্জ্জারযুদ্ধারবদর্শনানি কলিঃ কুটুম্বস্য পরস্পরঞ্চ।
চিত্তস্য কালুষ্যকরঞ্চ সর্ব্বং গন্তুঃ প্রয়াণপ্রতিষেধনায় ॥ ১২॥

মার্জ্জারযুদ্ধ, মার্জ্জারশব্দ, কুটুম্বের পরস্পর বিবাদ, এই সকল যাত্রাকালে দর্শন করিলে সেই যাত্রাতে মনঃ-কষ্ট হয়। এইরূপ অবস্থাতে গমন করা বিধেয় নহে॥১২॥

দৃষ্টে শবে রোদনশব্দহীনে মহার্থসিদ্ধিঃ কথিতোদ্যমেষু।
গৃহপ্রবেশেষু শরঃ শবস্থং রুজং সদীর্ঘা মথবা দদাতি ॥ ১৩ ॥

যাত্রাকালে রোদনশব্দহীন শব দর্শন হইলে সেই যাত্রাতে সর্ব্বকার্য্য সিদ্ধি হয়। গৃহে প্রবেশকালে শব দর্শন হইলে মৃত্যু অথবা মহৎ রোগ হয়। ১৩।

গণ্ডূষমাবর্জয়তাং নরাণা-
মন্তর্গলং চেৎ প্রবিশত্য কস্মাৎ।
ভবেত্তদাভীপ্সিতসৌখ্যলাভো
যঃ কৌতুকী তেন নিরূপ্য মেতৎ ॥ ১৪ ॥

যাত্রাকালে গণ্ডূষজলদ্বারা কুলি করিলে যদি অক-স্মাৎ কিঞ্চিৎ জল গলাধঃকরণ হয়, তাহা হইলে অভীষ্ট-কার্য্য সিদ্ধি ও সুখ লাভ হয়। এই বিষয়ে কৌতুকী হইয়া যাত্রার শুভাশুভ নিরূপণ করা উচিত। ১৪।

উজ্‌ঝিতং ঝটিতি দন্তধাবনং সম্মুখং পততি যত্র বাসরে।
ভোজনং ভবতি তত্র বীক্ষিতং ব্যাসভাষিত মিদং হি নানৃতং॥১৫

যে দিবসে অন্যের পরিত্যক্ত দন্তধাবন কাষ্ঠ সম্মুখে পতিত হয়, সেই দিবসে ভোজনের শুভ হয়। এই কথা ব্যাসদেব বলিয়াছেন। ১৫।

ইতি বসন্তরাজ শাকুনে বিচারিতাঃ শুভাবহাঃ।

---

## অথ নরাঙ্কিতবিচারঃ।

অথাভিধাস্যে দ্বিপদেষু তাবৎ প্রধানভাবাৎ শকুনং নরাণাং।
নৈমিত্তিকং যৎ প্রতিভাব্য সর্ব্বং ফলং শুভাশোভনয়ো র্ব্রবীতি।১।

অনন্তর দ্বিপদ শাকুন কথিত হইতেছে। যে সকল নিমিত্ত দর্শনে মনুষ্য যাত্রাকালে ও শুভাশুভ কার্য্যের শুভাশুভ ফল বলিতে পারে। ১।

নরোঽভিরূপঃ সিতবস্ত্রমাল্যো বাচং প্রশস্তাং মধুরাঞ্চ জল্পন্।
এবম্বিধা যোষিদপি প্রয়াণে প্রবেশকালে চ করোতি সিদ্ধিং॥ ২॥

প্রস্থানকালে অথবা আগমনকালে যদি অতিশয় সুন্দর, শুক্লবস্ত্র ও শুক্লমাল্যধারী ও মধুরভাষী পুরুষ কিম্বা নারী দর্শন হয়, তাহা হইলে কার্য্যসিদ্ধি হইয়া থাকে।২।

বমদ্বিকাশো হতমানগর্ব্বো ক্ষিপ্তাঙ্গনগ্নান্ত্যজতৈলদিগ্ধাঃ।
রজস্বলা গর্ভবতী রুদন্তী মলান্বিতোন্মত্তজরাধবাশ্চ॥ ৩॥
দীনো দ্বিষৎকৃষ্ণবিমুক্তকেশাঃ ক্রমেলকস্থাঃ খরসৈরিভস্থাঃ।
সন্ন্যাসিসাংক্রন্দনপুংসকাদ্যা দুঃখাবহাঃ সর্ব্বসমীহিতেষু॥ ৪॥

যাত্রাকালে হতগর্ব্ব, অপমানিত, অঙ্গহীন, নগ্ন, অন্ত্যজ, তৈলপ্রলিপ্ত, রজস্বলা, গর্ভবতী, রোদনকারিণী, মলিনবেশধারী, উন্মত্ত, জর, বিধবা, দীন, শত্রু, মুক্তকেশ, উষ্ট্রস্থিত, গর্দ্দভস্থ, মহিষস্থ, সন্যাসী ও নপুংসক এই সকল দর্শন হইলে দুঃখ এবং অভিলষিতকার্য্যনাশ হয়। ৩। ৪।

পৃথ্বীপতি র্ব্রাহ্মণহর্ষযুক্তো বেশ্যা কুমারী সুহৃদঃ সুকেশাঃ।
নার্য্যো নরাশ্চাশ্ববৃষাধিরূঢ়াঃ শুভায় দৃষ্টাঃ শকুনোদ্যমেষু॥ ৫॥

রাজা, হর্ষযুক্তব্রাহ্মণ, বেশ্যা, কুমারী, বন্ধু, সুকেশমনুষ্য, অশ্বারূঢ় কিম্বা বৃষারূঢ় যাত্রাকালে এই সকল ব্যক্তিকে দর্শন করিলে যাত্রাতে শুভ হয়। ৫।

কৃষ্ণাম্বরাঃ কৃষ্ণবিলেপনাঢ্যাঃ কৃষ্ণাং স্রজং মূর্দ্ধ্নি বিধারয়ন্তী।
দৃষ্টা সকোপা যদি কৃষ্ণবর্ণা নারী নরৈ স্তদ্বিপদো ভবন্তি॥৬॥

যে যাত্রাতে কৃষ্ণবস্ত্রধারিণী, কৃষ্ণানুলেপনযুক্তা, এবং যে নারী কৃষ্ণবর্ণ মালা মস্তকে ধারণ করিয়াছে, ঐ রূপ নারীকে দেখিলে অথবা কুপিত ও কৃষ্ণবর্ণা নারী দৃষ্ট হইলে সেই যাত্রাতে বিপদ ঘটিয়া থাকে। ৬।

শ্বেতাম্বরা শ্বেতবিলেপনাঢ্যা মালাং সিতাং মূর্দ্ধ্নি বিধারয়ন্তী।
দৃষ্টা প্রহৃষ্টা যদি গৌরবর্ণা নারী নরৈঃ স্যাত্তদভীষ্টসিদ্ধিঃ॥ ৭॥

শ্বেতবস্ত্রধারিণী, শ্বেতচন্দনলিপ্তা, এবং যে নারী শ্বেতবর্ণ মালা মস্তকে ধারণ করিয়াছে এবং সন্তুষ্টচিত্তা ও গৌরবর্ণা এইরূপ নারী যাত্রা কালে দর্শন করিলে তাহার অভীষ্ট কার্য্য সিদ্ধি হয়। ৭।

ধৃতাতপত্রঃ সুবিশুক্লবাসাঃ পুষ্পান্বিতশ্চন্দনচিত্রিতাঙ্গঃ।
নিশ্রাবযুক্তঃ কৃতভোজনোবা বিপ্রঃ পঠন্ যচ্ছতি সর্ব্বসিদ্ধিং॥ ৮॥

ছত্রধারী, শুক্লবর্ণবস্ত্রপরিধায়ী, পুষ্প ও চন্দনাদি দ্বারা চিত্রিতাঙ্গ, ভোজনকার্য্যে নিযুক্ত, ও পাঠনিরত ব্রাহ্মণকে যাত্রাকালে দর্শন করিলে সর্ব্বকার্য্য সিদ্ধি হয়। ৮।

অভ্যুপগচ্ছতি হি যস্য যানে স্ত্রী পুরুষোপ্যথবা ফলহস্তঃ।
সর্ব্বসমীহিতসিদ্ধি রবশ্যং তস্য নরস্য ভবত্যচিরেণ॥ ৯॥

যাহার গমনকালে নর কিম্বা নারী ফল হস্তে করিয়া সম্মুখে আগমন করে, তাহার অভিলষিত কার্য্য অবশ্য সত্বরে সিদ্ধি হয়। ৯।

ইতি বসন্ত রাজশাকুনে নরাঙ্কিতবিচারঃ।

---

গচ্ছেতি পৃষ্ঠে পুরতস্তথৈব বাগীদৃশীকেনচিদুচ্যমানা।
সর্ব্বাশিষ শ্চাতিশয়েন তাভ্য শ্চিত্তস্য তুষ্টিবিজয়ায় পুংসাং॥ ১॥

যাহার গমনকালে পৃষ্ঠদেশে কিংবা অগ্রভাগে দণ্ডায়মান অন্য কোন ব্যক্তি যদি "গমন কর" এইরূপ বাক্য বলে, তাহা হইলে সেই ব্যক্তির সকল প্রকার মঙ্গল, সন্তোষ ও বিজয় লাভ হইয়া থাকে। ১।

সিদ্ধো বিরাবা জহি ছিন্দিভিন্ধি চেত্যাদয়ঃ শত্রুবধোদ্যতানাং।
ক্ক যাসি মা গচ্ছত চৈব মাদ্যাঃ প্রয়োজনারম্ভনিবারণার্থাঃ॥২॥

শত্রুবধার্থ যাত্রা করিলে, যদি সেই সময় কোন ব্যক্তি মার, কাট, ভেদ কর ইত্যাদি শব্দকরে, তাহা হইলে কার্য্য সিদ্ধি হয়। কোথায় যাইতেছ? যাইও না ইত্যাদি শব্দে স্বকর্ত্তব্য কার্য্যের নিবারণ বোধ হয়। ২।

স্থৈর্য্যে স্থিরার্থাদ্গমনং তদর্থা দ্বাক্যান্নিবৃত্তির্ব্বিনিবর্ত্তিতার্থাৎ।
লাভং জয়ং ভঙ্গ মমঙ্গলং বা বুধ্যেত তত্তৎ প্রতিপাদনার্থাৎ॥ ৩॥

যাত্রাকালে লাভ, জয়, মঙ্গল ও অমঙ্গল ইত্যাদি সূচক বাক্যদ্বারা তত্তৎ ফলের শুভাশুভ স্থির করিবে। ৩।

উগ্রং ভবেদ্রোদন মগ্রভাগে ভয়ং ভবেদ্বহ্নিবিভাগভূতে।
নৈর্ঋত্যকোণে রণমার্গরোধো বায়ব্যকোণে রুদিতং সমৃদ্ধ্যৈ ॥৪॥

যাত্রাকালে অগ্রভাগে রোদনধ্বনি শ্রবণ হইলে উপদ্রব, অগ্নিকোণে রোদন শ্রুত হইলে ভয়, নৈর্ঋতকোণে যুদ্ধযাত্রা নিবারণ এবং বায়ুকোণে রোদন শ্রবণে সমৃদ্ধি লাভ হয়। ৪।

মৃত্যুঃ সুতানাং রুদিতে তু পৃষ্ঠে লাভো ভবেত্তত্র নিবর্ত্তনেন।
মৃত্যুস্তদগ্রে রুদিতেন গন্তুঃ সিদ্ধিং বিধত্তে রুদিতং রিপূণাং ॥ ৫ ॥

যাত্রাকালে পৃষ্ঠদেশে রোদন শ্রবণে সন্তানমৃত্যু, যাত্রাকালে ক্রন্দন ধ্বনি নিবৃত্তি হইলে লাভ, গমনকালে অগ্রে রোদনধ্বনি শ্রবণ হইলে মৃত্যু বোধ হয়। গমনকালে শত্রুগণের ক্রন্দন শুনিলে কার্য্যসিদ্ধি জানা যায়। ৫।

ইতি বসন্তরাজশাকুনে নরাঙ্কিতে উপশ্রুতিপ্রকরণম্।

---

উর্দ্ধং করং যঃ কুরুতেঽথবা যো ধত্তে করং দক্ষিণদন্তভাগে।
যোবা ভবেদ্বৃংহিতপূরিতাশঃ করী ভবেদধ্বগপূরিতাশঃ ।১।

যে হস্তী উর্দ্ধদিকে শুণ্ড উত্তোলন করে অথবা দক্ষিণ দন্তোপরি শুণ্ডাগ্র সংস্থাপন করিয়া দণ্ডায়মান থাকে কিম্বা উচ্চৈঃস্বরে শব্দ করিয়া দিক্ সকল পূর্ণ করে, যাত্রাকালে ঐ রূপ হস্তীকে দর্শন করিলে পথিকের মনোরথ পরিপূর্ণ হয়। ১।

অনর্থহেতুর্গতিশব্দহীনঃ সদা শৃগালঃ খলু দৃষ্টমাত্রঃ।
শস্তা হি বামা গতিরস্ত শস্তো বামো নিনাদো নিশি যো বহূনাং ।২।

যাত্রাকালে শব্দহীন শৃগাল দৃষ্টি মাত্রেই কোন অনর্থ উপস্থিত হয়। বামভাগে শৃগালের গতি দৃষ্ট হইলে যাত্রাদি সর্ব্বকার্য্যে শুভ এবং রাত্রিকালে যদি অনেক শৃগাল একত্র হইয়া বামদিকে শব্দ করে তাহা হইলেও শুভ জানিবে। ২।

হুবাহুবেতি প্রথমং ততস্তু টটেতি দীর্ঘঃ সুতরাং রবো যঃ।
স্যাজ্জম্বুকানাং স্বনতাং প্রশস্ত স্তদন্যরূপঃ কথিতঃ প্রদীপ্তঃ ।৩।

যদি শৃগাল প্রথমে "হুবা হুবা" শব্দ করিয়া পরে টটা এই রূপ শব্দ করে, তাহা হইলে শুভ ঘটনা হয়। শৃগালের অন্য প্রকার শব্দে অমঙ্গল হইয়া থাকে। ৩।

শৃগালশব্দো ভবনে নিশায়া মুচ্চাটনার্থং দিশি পশ্চিমায়াং।
প্রাচ্যাং ভয়ায়োত্তরতঃ শিবায় ভবত্যবাচ্যাং ভয়নাশনায় ॥৪॥

যাহার ভবনে নিশাভাগে পশ্চিমদিকে শৃগালশব্দ করে সেই ব্যক্তির উচ্চাটন হয়। পূর্ব্বদিকে শৃগাল শব্দে ভয়, উত্তরদিকে মঙ্গল ও দক্ষিণদিকে শৃগাল শব্দ করিলে ভয়নাশ জানা যায়। ৪।

---

যে ষট্পদাদ্যাঃ শকুনানি তেষা মাশ্চর্য্যরূপাণি নিরূপয়ামঃ।
শ্রয়েত বামো যদি মঞ্জুগুঞ্জন্ পশ্যেত বা বামদিশং প্রসর্পন্ ॥৫॥

অনন্তর ভ্রমরাদি শাকুন নিরূপণ করিতেছি। যদি ভ্রমর বামদিকে মনোহর গুন্ গুন্ শব্দ করিয়া কোন স্থানে স্থিত থাকে অথবা ভ্রমণ করে, ঐ রূপ ভ্রমরকে যাত্রাকালে দর্শন করিলে শুভ হয়। ৫।

আস্বাদয়েদ্বা কুসুমং প্রশস্তং ভৃঙ্গস্তদা স্যাৎ সুমহান্প্রমোদঃ।
অত্রাপরে সন্তি চ ষট্পদা যে যাত্রাসু তে বামগতাঃ প্রশস্তাঃ ॥৬॥

ভ্রমর যদি কোন উত্তম পুষ্পের মধুপান করিতে থাকে ঐ রূপ ভ্রমরকে দেখিলে আমোদ প্রমোদ হয়। যাত্রাকালে বামদিকে ভ্রমর দৃষ্ট হইলে সেই গমনে পথিকের মঙ্গল হইয়া থাকে। ৬।

গোনাসদর্ব্বীকররাজিলাদ্যা জাত্যৈব সর্ব্বে ভয়দা ভুজঙ্গাঃ।
বিলোক্য সর্পং যদি নির্ব্বিকল্পা নিবৃত্তবিপ্রস্ত শুভং বিচিন্ত্যং।
পাষাণ সংস্তম্ভিত কণ্টকেষু দত্বা পদং যান্তি বিনষ্টবিঘ্নাঃ ॥ ৭ ॥

গোখুরা, কৃষ্ণসর্প ও ঢোঁড়া এই সকল সর্প স্বভাবতই ভয়ঙ্কর। যাত্রাকালে কিংবা কোন শুভকার্য্যারম্ভসময়ে ঐ সকল সর্প দর্শন করিলে যাত্রা ও কার্য্য হইতে নিবৃত্ত হইয়া স্বীয় শুভ চিন্তা করিবে। যাত্রাকালে সর্প দর্শনের প্রতি প্রসব এই—পাষাণে অথবা কণ্টকে পাদস্পর্শন করিয়া যাত্রা করিলে সমস্ত বিঘ্ন বিনষ্ট হয়।৭।

সর্পেচ্ছয়া পঞ্চনখাভিধেয়ঃ প্রয়াণকালে স তু বামভাগে।
দৃষ্টঃ শুভঃ সিদ্ধি কৃতুন্নতাগ্র স্তিষ্ঠেৎ যথোর্দ্ধে যদি রাজ্যলাভঃ ।৮।

যাত্রাকালে সর্প কিংবা পঞ্চনখী যদি বাম ভাগে দৃষ্ট হয়, তাহা হইলে শুভ হয় এবং অর্দ্ধপথে উন্নতমস্তক সর্প দৃষ্ট হইলে রাজ্যলাভ সম্ভাবনা থাকিলেও গমন নিবৃত্তি করিবে। ৮।

## হংসশাকুনম্।

কাষ্ঠাসু সর্ব্বাস্বপি দর্শনেন হংসস্য শব্দেন তু সর্ব্বসিদ্ধিঃ। নামানি হংসস্য শৃণোতি যস্তু প্রয়াস্তি নাশং দুরিতানি তস্য॥ চৌরৈঃ সমং দর্শনমাদ্যশব্দে নিধির্দ্বিতীয়েঽথ ভয়ং তৃতীয়ে। যুদ্ধং চতুর্থে নৃপতিপ্রসাদঃ স্যাৎ পঞ্চমে হংসরবে নরাণাম্॥ ইতি বসন্তরাজশাকুনে হংসশাকুনম্।

## শুকশাকুনম্।

বামঃ পঠন্ রাজশুকঃ প্রয়াণে শুভং ভবেদ্দক্ষিণতঃ প্রবেশে। বনেচরাঃ কাষ্ঠশুকাঃ প্রয়াতুঃ স্যুঃ সিদ্ধিদাঃ সংমুখমাপতন্তঃ॥ ইতি বসন্তরাজশাকুনে শুকশাকুনম্।

## শ্যেনশাকুনম্।

প্রদক্ষিণীকৃত্য নরং ব্রজন্তোযাত্রাসু বামেন গতাঃ প্রবেশে। শ্যেনাঃ প্রশস্তাঃ প্রকৃতস্বরাস্তে শান্তাঃ প্রদীপ্তাবিতস্বরাস্তে॥ শ্যেনোনৃণাং দক্ষিণবামপৃষ্ঠভাগেষু ভাগ্যৈঃ স্থিতিমাদধাতি। তিষ্ঠন্ পুরস্তান্মৃতয়ে করোতি যুদ্ধে জয়ং ছন্নরথধ্বজস্থঃ॥ ইতি বসন্তরাজশাকুনে শ্যেনশাকুনম্।

## ক্ষুত(হাঁচি)শাকুনানি।

অথ ক্ষুতাখ্যং শকুনং ক্রমেণ মহাপ্রভাবং প্রবিভাবয়ামঃ। নশ্যন্তি যস্মাচ্ছকুনাঃ সমস্তামৃগাধিনাথাদিব বন্যসত্ত্বাঃ॥ সর্ব্বস্য সর্ব্বত্র চ সর্ব্বকালং ক্ষুতং ন কার্য্যং ক্বচিদেব শস্তং। যাতুঃ ক্ষুতে তেন ন কিঞ্চিদেব কুর্য্যাৎ ক্ষুতং প্রাণহরং চ গন্তুঃ॥ নিষেধমগ্রেঽক্ষিণি দক্ষিণে চ ধনক্ষয়ং দক্ষিণকর্ণদেশে। তৎপৃষ্ঠভাগে কুরুতেঽর্থবৃদ্ধিং ক্ষুতং কদাচিৎ শুভমাদধাতি॥ ভোগায় বামশ্রবণস্য পৃষ্ঠে কর্ণে চ বামে কথিতং জয়ায়। সর্ব্বার্থলাভায় চ বামনেত্রে জাতং ক্ষুতং স্যাৎ ক্রমশোঽষ্টধৈব॥ ক্রমান্নিষেধং গমনস্য বিঘ্নং কলিং সমৃদ্ধিং ক্ষুতমুগ্ররোগম্। করোতি রোগক্ষয়মর্থলাভং দীপ্ত্যাদিনাশঞ্চ ক্ষুতং করোতি॥ প্রাগাস্যপুংসঃ পরতোঽপরা স্যাৎ পুনঃ পুনর্ব্বা তত-এব জাতঃ। বৃদ্ধাচ্ছিশোর্ব্বা কফতোহঠাদ্বা জাতং ক্ষুতং কেঽপি বদন্তি সত্যম্॥ আদ্যন্তয়োর্ন স্বজনে প্রশস্তং ক্ষুতং প্রশংসন্তি ন ভোজনাদৌ। ভবেৎ কথঞ্চিদ্যদি ভোজনান্তে ভবেত্তদাগ্রে ন হি ভোজ্যলাভঃ॥ আদৌ ক্ষুতঞ্চেৎ শকুনৈস্ততঃ কিং জ্ঞাতানজাতান্ শকুনান্নিহন্তি। ক্ষুতং ক্ষণেনাত্র ন সংশয়োঽস্মিন্ প্রয়োজনে যত্রকৃতেঽপি জাতম্॥ ক্ষুতং ক্ষণাত্তদ্বিনিহন্ত্যবশ্যং কার্য্যাত্মকেনাপি মনাগদীপম্। তস্মাদুপেক্ষ্যং ন বিচক্ষণেন ক্ষুতং যতশ্চাশু ফলং বিধত্তে॥ ইতি বসন্তরাজশাকুনে ক্ষুৎপ্রকরণম্।

ছিক্কায়ালক্ষণং বক্ষ্যে লভেৎ পূর্ব্বে মহাফলং। আগ্নেয়ে শোকসন্তাপৌ দক্ষিণে হানিমাপ্নুয়াৎ॥ নৈর্ঋত্যে শোকসন্তাপৌ মিষ্টান্নঞ্চৈব পশ্চিমে। অন্নং প্রাপ্নোতি বায়ব্যে উত্তরে কলহোভবেৎ। ঈশানে মরণং প্রোক্তং প্রোক্তং ছিক্কাফলাফলম্॥ ইতি গারুড়ে জ্যোতিশ্চক্রে ছিক্কালক্ষণম্।

অপিচ ছিক্কায়াঃ শুভস্বনকত্বং। দাক্ষিণাত্যাস্তু। আসনে শয়নে দানে ভোজনে বস্ত্রসংগ্রহে। বিবাদে চ বিবাহে চ ক্ষুতং সপ্ত সুশোভনম্॥ অন্যত্র বিষ্ণোরিত্যধিকৃত্য বিষ্ণুধর্ম্মোত্তরং। নামসংকীর্ত্তনং নিত্যং ক্ষুতপ্রস্খলিতাদিষু। বিয়োগং শীঘ্রমাপ্নোতি সর্ব্বানর্থোন সংশয়ঃ॥ ইতি ছিক্কাশুভাশুভকথনম্।

শুভশাকুনানি সমাপ্তানি।

## হাঁচি টিক্‌টিকী ও কাক ডাকের ফলাফলের গণনা।

ছিক্ কাকা রেওতা বোলী তিনি একই ভাও।
যো বার সো পূর্ব্বে দিযে এত্নে পিছাও॥
ভয় কহে ভানু, ভাল কহে চন্দা।
মঙ্গল কহে উৎপাত হো, বুধে আনন্দা॥
জীব কহে সর্ব্বসিদ্ধি, শুক্র কহে গৌণা।
শনি কহে আওতে হেঁ, রাহু কহে মর্ণা॥

যাত্রাকালে হাঁচী, টিকটিকী ও কাকের রব শ্রবণ করিয়া এই প্রণালীমতে গণনা করিলে প্রত্যক্ষ ফল লাভ হইবে।—যে বারে যাত্রা করিবে, সেই বার প্রথমতঃ পূর্ব্ব দিকে স্থাপন করিয়া দক্ষিণাবর্ত্তক্রমে তাহার পর পর বার এবং রাহুগ্রহ পরবর্ত্তী দিক্‌সমূহে বিন্যস্ত করিবে। কিন্তু শনির পর রাহুগ্রহ স্থাপন করিতে হইবে। পশ্চাৎ দেখিবে যে, কোন্ দিকে হাঁচী টিকটিকী বা কাকরব হইয়াছে। সেই দিকে পূর্ব্বোক্ত বার স্থাপনক্রমে, কোন্ গ্রহ পতিত হইয়াছে, তাহা বিজ্ঞাত হইবে। যদি সেই দিকে রবি পতিত হইয়া থাকে, তবে যে কার্য্যের জন্য যাত্রার অনুষ্ঠান করা হইয়াছে, তাহাতে ভয়, সোম পতিত হইলে সেই কর্ম্মের শুভ, মঙ্গল হইলে উৎপাত, বুধ হইলে আনন্দ অর্থাৎ সেই

কার্য্যে জয়লাভ, বৃহস্পতি হইলে সর্ব্বকার্য্যসিদ্ধি, শুক্র হইলে কার্য্যের গৌণ, শনি হইলে সেই কার্য্য তৎক্ষণাৎ হইবে এবং রাহু হইলে সেই কার্য্যের বিনাশ বুঝাইবে।

জ্যেষ্ঠীপতনফলম্।

নিপততি যদি বল্লী দক্ষিণাঙ্গে নরাণাং স্বজনধনবিয়োগো-লাভদা বামভাগে। উরসি শিরসি পৃষ্ঠে কণ্ঠদেশে চ রাজ্যং করচরণগদিস্থা সর্ব্বসৌখ্যং দদাতি॥ ইতি জ্যোতিষম্।

খঞ্জনদর্শনফলঞ্চ।

বর্ষকৃত্যে। বিত্তং ব্রহ্মণি কার্য্যসিদ্ধিরতুলা শক্রে হুতাশে ভয়ং যাম্যামগ্নিভয়ং স্মরদ্বিষি কলির্লাভঃ সমুদ্রালয়ে। বায়ব্যাং বরবস্ত্রগন্ধসলিলং দিব্যাঙ্গনা চোত্তরে ঐশান্যাং মরণং ধ্রুবং নিগদিতং দিগলক্ষণং খঞ্জনে॥ ইতি খঞ্জনদর্শনফলম্।
জ্যোষ্ঠীকৃতে ক্ষুতেহপ্যেবমূচুঃ কেচিচ্চ কোবিদাঃ॥ ইতি তিথ্যাদিতত্ত্বম্।

স্পন্দনচরিত্রম্।

অঙ্গবিস্ফুরণে শুভাশুভফলং যথা।

মনুরুবাচ। ব্রূহি মে ত্বং নিমিত্তানি অশুভানি শুভানি চ।
সর্ব্বধর্ম্মভৃতাং শ্রেষ্ঠ ত্বং হি ধর্ম্মবিদুচ্যসে॥ ১॥

অঙ্গস্পন্দনে যে শুভ ও অশুভ ফল হয়, তাহা কথিত হইতেছে।

মনু কহিলেন,—সকলধার্ম্মিকশ্রেষ্ঠ! দেহ স্পন্দিত হইলে যে সকল মঙ্গলজনক ও অমঙ্গলজনক ফল উপস্থিত হয়, সেই সকল আপনি আমাকে বলুন। আপনি ধর্ম্মজ্ঞ বলিয়া জগতে বিখ্যাত॥ ১॥

মৎস্য-উবাচ। অঙ্গদক্ষিণভাগে তু শস্তং প্রস্ফুরণং ভবেৎ।
অপ্রশস্তং তথা বামে পৃষ্ঠস্য হৃদয়স্য চ॥ ২॥

মৎস্যরূপী বিষ্ণু বলিলেন,—অঙ্গের দক্ষিণ ভাগ স্পন্দিত হইলে শুভ, এবং পৃষ্ঠের ও হৃদয়ের বাম ভাগ স্ফুরিত হইলে অশুভ বুঝাইবে॥ ২॥

মনুরুবাচ। অঙ্গানাং স্পন্দনঞ্চৈব শুভাশুভবিচেষ্টিতম্।
তন্মে বিস্তরতো ব্রূহি যেন স্যাত্তদ্বিদো ভুবি॥ ৩॥

মনু বলিলেন,—অঙ্গসকলের কম্পনে যে যে শুভ ও অশুভ ফল উৎপন্ন হয়, সেই সকল আমাকে বিস্তারিত রূপে বলুন; যাহাদ্বারা জগতে সকলেই স্পন্দনচারিত্র-শাস্ত্রজ্ঞ হইতে পারে॥ ৩॥

মৎস্য-উবাচ। পৃথ্বীলাভো ভবেৎ মূর্দ্ধ্নি ললাটে রবিনন্দন।
স্থানং বিবৃদ্ধিমায়াতি ভ্রূনসোঃ প্রিয়সঙ্গমঃ॥ ৪॥

মৎস্য কহিলেন, হে সূর্য্যপুত্র! মস্তকস্পন্দন হইলে ভূমিলাভ, কপাল স্পন্দন হইলে স্থান বৃদ্ধি, এবং ভ্রূ ও নাসা স্পন্দন হইলে প্রিয়সঙ্গম হয়॥ ৪॥

ভৃত্যলব্ধিশ্চাক্ষিদেশে দৃগুপান্তে ধনাগমঃ।
উৎকণ্ঠাপগমো মধ্যে দৃষ্টং রাজন্ বিচক্ষণৈঃ॥ ৫॥

চক্ষুঃস্পন্দনে ভৃত্যলাভ, চক্ষুর উপান্তদেশস্পন্দনে অর্থপ্রাপ্তি, ও চক্ষুর মধ্যদেশস্পন্দনে উদ্বেগ ও মৃত্যু হয়। রাজন্! ইহা বিচক্ষণ ব্যক্তিরাই দেখিয়া থাকেন॥ ৫॥

দৃগ্বন্ধনে সঙ্গরে চ জয়ং শীঘ্রমবাপ্নুয়াৎ।
যোষিল্লাভোহপাঙ্গদেশে শ্রবণান্তে প্রিয়া শ্রুতিঃ॥ ৬॥

যুদ্ধকালে ও নিমীলন অবস্থায় চক্ষুঃ স্পন্দিত হইলে শীঘ্র জয়প্রাপ্ত হইবে। অপাঙ্গ (চক্ষুরকোণ)-দেশস্পন্দনে স্ত্রীলাভ এবং কর্ণের প্রান্তভাগস্পন্দনে প্রিয়সম্বাদ প্রাপ্তি হয়॥ ৬॥

নাসিকায়াং প্রীতিসৌখ্যং প্রিয়াপ্তিরধরোষ্ঠয়োঃ।
কণ্ঠে তু ভোগলাভঃ স্যাৎ ভোগবৃদ্ধিরথাংসয়োঃ॥ ৭॥

নাসিকাস্পন্দনে প্রণয় ও বন্ধুতা, অধর ও ওষ্ঠদেশ-স্পন্দনে অভীষ্টবিষয়লাভ, কণ্ঠস্পন্দনে সুখ-ধন-ভোজ-নাদিলাভ, এবং স্কন্ধদেশস্পন্দনে সুখধনাদিভোগবৃদ্ধি হইয়া থাকে॥ ৭॥

সুহৃৎস্নেহশ্চ বাহুভ্যাং হস্তে চৈব ধনাগমঃ।
পৃষ্ঠে পরাজয়ো যোধে জয়োবক্ষঃস্থলে ভবেৎ॥ ৮॥

বাহুস্পন্দনে মিত্রস্নেহ, হস্তস্পন্দনে ধনপ্রাপ্তি, পৃষ্ঠ-স্পন্দনে যুদ্ধে পরাজয় এবং বক্ষঃস্থলস্পন্দনে জয় হইবে॥ ৮॥

কুক্ষিভ্যাং প্রীতিরুদ্দিষ্টা স্ত্রিয়াঃ প্রজননং স্তনে।
স্থানভ্রংশো নাভিদেশে অন্ত্রে চৈব ধনাগমঃ॥ ৯॥

কুক্ষিদেশস্পন্দনে প্রীতি, স্ত্রীলোকের স্তনস্পন্দনে সন্তানোৎপত্তি, নাভিস্পন্দনে স্থানভ্রষ্ট এবং অন্ত্র (আঁত)-স্পন্দনে অর্থলাভ হয়॥ ৯॥

জানুসন্ধৌ পরৈঃ সন্ধির্বলবদ্ভির্ভবেন্নৃপ।
দিশৈকদেশনাশোঽথ জঙ্ঘাভ্যাং রবিনন্দন ॥ ১০ ॥

**রাজন্! জানুসন্ধি (হাঁটু)-স্পন্দনে বলবান্ শত্রুর সহিত সন্ধি হইবে। হে সূর্য্যের পুত্র মনো! জঙ্ঘা (জাং)-স্পন্দিত হইলে কোনদিকের এক দেশ ধ্বংস হইবে ॥১০॥**

উত্তমং স্থানমাপ্নোতি পদ্ভ্যাং প্রস্ফুরণান্নৃপ।
সলাভঞ্চাধ্বগমনং ভবেৎ পাদতলে নৃপ ॥ ১১ ॥

**রাজন্! চরণস্পন্দনে উত্তমস্থান প্রাপ্তি হয়। নরপতে! পদতল স্পন্দন হইলে পথভ্রমণ ও লাভ হইবে ॥ ১১ ॥**

লাঞ্ছনং পিটকঞ্চৈব জ্ঞেয়ং প্রস্ফুরণং তথা।
বিপর্য্যয়েণ বিহিতং সর্ব্বং স্ত্রীণাং বিপর্য্যয়ম্ ॥ ১২ ॥
দক্ষিণেঽপি প্রশস্তেঽঙ্গে প্রশস্তং স্যাদ্বিশেষতঃ।
অপ্রশস্তে তথা বামে হ্বপ্রশস্তং বিশেষতঃ ॥ ১৩ ॥

**জড়ুল প্রভৃতি চিহ্ন, পিটক এবং স্পন্দন স্ত্রী এবং পুরুষের বৈপরীত্যক্রমে ফলাফল বুঝিবে, অর্থাৎ পুরুষের দক্ষিণ অঙ্গে ও স্ত্রীলোকের বাম অঙ্গে স্পন্দনাদি হইলে শুভ এবং পুরুষের বাম অঙ্গে ও স্ত্রীলোকের দক্ষিণ অঙ্গে স্পন্দনাদি হইলে অশুভ হইবে ॥ ১২।১৩ ॥**

অতোঽন্যথা সিদ্ধিরজল্পনাত্তু
ফলস্য শস্তস্য চ নিন্দিতস্য।
অনিষ্টচিহ্নোপগমে দ্বিজানাং
কার্য্যং সুবর্ণেন চ তর্পণং স্যাৎ ॥১৪॥

**এই সকল শুভ ও অশুভ ফল কাহার নিকটে না প্রকাশিত করিলে সিদ্ধ হয়। ব্রাহ্মণদিগকে স্বর্ণদান-প্রভৃতি কার্য্যদ্বারা অমঙ্গলজনকচিহ্নফলাদির শান্তি হয় ॥ ১৪ ॥**

ইতি মাৎস্যে যাত্রানিমিত্তদেহস্পন্দনম্।

**মৎস্যপুরাণে যাত্রাকারণ শরীরস্পন্দন সম্পূর্ণ।**

## অন্যমতে অঙ্গস্ফুরণস্য শুভাশুভফলং যথা।

ব্রহ্মোঽধুনাঙ্গস্ফুরিতস্য সম্যক্ প্রত্যেকমব্যক্তফলপ্রভাবম্। সর্ব্বত্র যত্নাবগতে স্বদেহাচ্চৎপদাতে কর্ম্মবিপাকসংবিৎ ॥ ১ ॥ মূর্দ্ধ্নি স্ফুরত্যাশু পৃথিব্যবাপ্তিঃ স্থানপ্রবৃদ্ধিশ্চ ললাটদেশে। ভ্রূঘ্রাণমধ্যে প্রিয়সঙ্গমঃ স্যাৎ নাসাক্ষিমধ্যে চ সহায়লাভঃ ॥ ২ ॥ দৃগন্তমধ্যস্ফুরণেঽর্থলাভোৎকণ্ঠৌ ক্রমাদ্দিস্ফুরিতে দৃগাদৌ। স্তয়োদৃশাধঃস্ফুরণে রণঃ স্যাৎ প্রিয়শ্রুতিঃ স্যাৎ স্ফুরিতে চ কর্ণে ॥৩॥ যোষিৎসমৃদ্ধিঃ স্ফুরিতে চ গণ্ডে ঘ্রাণে তু সৌমুখ্যমুদৌ ভবেতাং। ভোজ্যোষ্ঠসঙ্গাবধরোর্দ্ধয়োশ্চ স্কন্ধে গলে ভোগবিবৃদ্ধিলাভৌ ॥ ৪ ॥ স্পন্দোভুজস্যেষ্টসমাগমায় স্পন্দঃ করস্য দ্রবিণাপ্তিহেতুঃ। স্পন্দশ্চ পৃষ্ঠস্য পরাজয়ায় স্পন্দোজয়ায়োরসি মানবানাং ॥৫॥ পার্শ্বপ্রকম্পে বিষয়স্য লাভঃ কটিপ্রকম্পে তু বলপ্রমোদৌ। নাভিপ্রকম্পে নিজদেশনাশঃ ধনর্দ্ধিবন্ধুশ্চ ভ্রুবি প্রকম্পে ॥ ৬ ॥ দুঃখং ধনাস্তং হৃদয়স্য কম্পে স্ফিক্পায়ুকম্পেঽপি চ বাহনাপ্তিঃ। বরাঙ্গকম্পে বরযোষিদাপ্তির্মুষ্কে সকম্পে তনয়স্য জন্ম ॥ ৭ ॥ বস্তৌ সকম্পে যুবতিপ্রবৃত্তিঃ দোষশ্চ কম্পে পুনরূরুপৃষ্ঠে। উরঃ পুনঃ স্যাৎ সুসহায়লাভঃ স্যাজ্জানুকম্পে ত্বচিরেণ সিদ্ধিঃ ॥ ৮ ॥ জঙ্ঘাপ্রকম্পে নিজদেশনাশঃ স্থানাপ্তিরুগ্ভ্রংশচরণস্য কম্পে। যাত্রা সলাভাঙ্ঘ্রিতলপ্রকম্পে পুংসাং সদা দক্ষিণদেহভাগে ॥ ৯ ॥ স্ত্রীণাঞ্চ বামাবয়বে প্রজাতঃ স্পন্দঃ ফলানি প্রদিশত্যবশ্যম্ ॥ ১০ ॥ ইতি বসন্তরাজশাকুনে নরেঙ্গিতেঽঙ্গস্ফুরণপ্রকরণম্।

## অথ স্বপ্নচরিত্রম্।

সুস্বপ্না যথা।

নন্দ-উবাচ। কেন স্বপ্নেন কিং পুণ্যং কেন পুংসাং ভবেৎ সুখম্। কোঽপি কোঽপি চ সুস্বপ্নস্তৎসর্ব্বং কথয় প্রভো ॥

শ্রীভগবানুবাচ। বেদেষু সামবেদশ্চ প্রশস্তঃ সর্ব্বকর্ম্মসু। তত্রৈব কাণ্বশাখায়াং পুণ্যকাণ্ডে মনোহরে ॥ সুব্যক্তোঽস্য সুস্বপ্নঃ শশ্বৎ পুণ্যফলপ্রদঃ। তৎসর্ব্বং লিখিতং তাত কথয়ামি নিশাময় ॥ স্বপ্নাধ্যায়ং প্রবক্ষ্যামি বহুপুণ্যফলপ্রদম্। স্বপ্নাধ্যায়ং নরঃ শ্রুত্বা গঙ্গাস্নানফলং লভেৎ ॥ স্বপ্নস্তু প্রথমে যামে সম্বৎসরফলপ্রদঃ। দ্বিতীয়ে চাষ্টভির্মাসৈস্ত্রিভির্মাসৈস্তৃতীয়কে ॥ চতুর্থে চার্দ্ধমাসেন স্বপ্নঃ স্যাত্তু ফলপ্রদঃ। দশাহে ফলদঃ স্বপ্নোঽপ্যরুণোদয়দর্শনে ॥ প্রাতঃ স্বপ্নশ্চ ফলদস্তৎক্ষণং যদি বোধিতঃ। দিনে মনসি যদ্দৃষ্টং তৎসর্ব্বঞ্চ লভেৎ ধ্রুবং ॥ চিন্তাব্যাধিসমাযুক্তোনরঃ স্বপ্নঞ্চ পশ্যতি। তৎসর্ব্বং নিষ্ফলং তাত প্রয়াত্যেব ন সংশয়ঃ ॥ জড়োমূত্রপুরীষেণ পীড়িতশ্চ ভয়াকুলঃ। দিগম্বরোমুক্তকেশোন লভেৎ স্বপ্নজং ফলং ॥ দৃষ্ট্বা স্বপ্নঞ্চ নিদ্রালুর্যদি নিদ্রাং প্রয়াতি চ। বিমূঢ়ো বক্তি চেদ্রাত্রৌ ন লভেৎ স্বপ্নজং ফলং ॥ উক্ত্বা কাশ্যপগোত্রে চ বিপত্তিং লভতে ধ্রুবং। দুর্গতে দুর্গতিং যাতি নীচে ব্যাধিং প্রয়াতি চ ॥ শত্রৌ ভয়ঞ্চ লভতে মূর্খে চ কলহোভবেৎ।

কাম্মিন্যাং ধনহানিঃ স্যাদ্রাত্রৌ চৌরভয়ং ভবেৎ॥ নিদ্রায়াং
লভতে শোকং পণ্ডিতে বাঞ্ছিতং ফলং। ন প্রকাশ্যশ্চ সুস্বপ্নঃ
পণ্ডিতৈঃ কাশ্যপে ব্রজ॥ * ॥ গবাঞ্চ কুঞ্জরাণাঞ্চ হয়ানাঞ্চ
ব্রজেশ্বর। প্রাসাদানাঞ্চ শৈলানাং বৃক্ষাণাঞ্চ তথৈব চ॥ আরো-
হণঞ্চ ধনদং ভোজনং রোদনং তথা। প্রতিগৃহ্য তথা বীণাং
শস্যাঢ্যাং ভূমিমালভেৎ॥ শস্ত্রাস্ত্রেণ যদা বিদ্ধোব্রণেন কৃমিণা
তথা। বিষ্ঠয়া রুধিরেণৈব সংযুক্তোঽপ্যর্থমালভেৎ॥ স্বপ্নেঽপ্য-
গম্যাগমনং ভার্য্যালাভং করোতি চ॥ মূত্রসিক্তং পিবেৎ শুক্রং
নরকঞ্চ বিশত্যপি॥ নগরং প্রবিশেদ্রক্তং সমুদ্রং বা সুধাং
পিবেৎ। শুভবার্ত্তামবাপ্নোতি বিপুলঞ্চার্থমালভেৎ॥ রক্তং স্থানে
নক্তং সমুদ্রং স্থানে সমূত্রং সুধাং স্থানে সুরাং ইতি চ পাঠঃ।
গন্ধং নৃপং সুবর্ণঞ্চ বৃষভং ধেনুমেব চ। দীপমন্নং ফলং পুষ্পং
কন্যাং ছত্রং রথং ধ্বজং। কুটুম্বং লভতে দৃষ্ট্বা কীর্ত্তিঞ্চ বিপুলাং
শ্রিয়ং। পূর্ণকুম্ভং দ্বিজং বহ্নিং পুষ্পং তাম্বূলমন্দিরং॥ শুক্লধান্যং
নটং বেশ্যাং দৃষ্ট্বা শ্রিয়মবাপ্নুয়াৎ। গোক্ষীরঞ্চ ঘৃতং দৃষ্ট্বা চার্থং
পুণ্যং ধনং লভেৎ॥ পায়সং পদ্মপত্রে চ দধি দুগ্ধং ঘৃতং মধু।
মিষ্টান্নং স্বস্তিকং ভুক্ত্বা ধ্রুবং রাজা ভবিষ্যতি॥ পক্ষিণাং মানু-
ষাণাঞ্চ ভুঙ্‌ক্তে মাংসং নরোযদি। বহ্বর্থং শুভবার্ত্তাঞ্চ লভতে
বাঞ্ছিতং ফলং॥ ছত্রম্বা পাদুকাম্বাপি লব্ধ্বাধ্বানঞ্চ গচ্ছতি।
অসিঞ্চ নির্ম্মলং তীক্ষ্ণং তত্তথৈব ভবিষ্যতি॥ ভেলয়া সন্তরে-
দ্যোহি স প্রধানং ভবিষ্যতি। দৃষ্ট্বা চ ফলিনং বৃক্ষং ধনমাপ্নোতি
নিশ্চিতং॥ যস্য শ্বেতেন সর্পেণ দশ্যতে দক্ষিণে ভুজে। সোঽ-
চিরাল্লভতে ভার্য্যাং বিনীতাং প্রিয়বাদিনীং॥ সর্পেণ ভক্ষিতো-
যোহি অর্থলাভশ্চ তদ্ভবেৎ। স্বপ্নে সূর্য্যং বিধুং দৃষ্ট্বা মুচ্যতে
ব্যাধিবন্ধনাৎ॥ বড়বাং কুক্কুটীং ক্রৌঞ্চীং দৃষ্ট্বা ভার্য্যাং লভেদ্ধ্রুবং।
স্বপ্নে যো নিগড়ৈর্বদ্ধঃ প্রতিষ্ঠামুত্তমাং লভেৎ॥ উত্তমাং স্থানে
পুত্রমিতি বা পাঠঃ। দধ্যন্নং পায়সং ভুঙ্‌ক্তে তড়াগে বা নদী-
তটে। বিশাণে পদ্মপত্রে চ সোঽপি রাজা ভবিষ্যতি॥ তড়াগে
বা স্থানে পদ্মপত্রে ইতি বা পাঠঃ। জলৌকসং বৃষিকঞ্চ সর্পঞ্চ
যদি পশ্যতি। ধনং পুত্রঞ্চ বিজয়ং প্রতিষ্ঠাঞ্চ লভেদিতি॥ শৃঙ্গি-
ভির্দংষ্ট্রিভিঃ কোলৈর্বানরৈঃ পীড়িতোযদি। নিশ্চিতঞ্চ ভবে-
দ্রাজা ধনঞ্চ বিপুলং লভেৎ॥ মৎস্যং মাংসং মৌক্তিকঞ্চ শঙ্খচন্দন-
হীরকং। যস্তু পশ্যতি স্বপ্নান্তে বিপুলং ধনমালভেৎ॥ সুরাঞ্চ
রুধিরং স্বর্ণং ভুক্ত্বা বিষ্টাং ধনং লভেৎ। প্রতিমাং শিবলিঙ্গঞ্চ
লভেদ্দৃষ্ট্বা জয়ং ধনং॥ ফলিতং পুষ্পিতং বিল্বমাম্রং দৃষ্ট্বা লভেৎ
ধনং। দৃষ্ট্বা চ জ্বলদগ্নিঞ্চ ধনং বুদ্ধিং শ্রিয়ং লভেৎ॥ আমলকং
ধাত্রীফলং উৎপলঞ্চ ধনাগমং। দেবতাশ্চ দ্বিজাগাবঃ পিতরো-
লিঙ্গিনস্তথা। উৎপলং স্থানে তৎপত্রমিতি বা পাঠঃ। যদ্দদাতি
মিথঃ স্বপ্নে তত্তথৈব ভবিষ্যতি॥ শুক্লাম্বরধরাং নারীং শুক্লমাল্যা-
নুলেপনাং। সমাশ্লিষ্যতি যঃ স্বপ্নে তস্য শ্রীঃ সর্ব্বতঃ সুখং॥
পীতাম্বরধরাং নারীং পীতমাল্যানুলেপনাং। উপগূহ্যাতি যঃ
স্বপ্নে কল্যাণং তস্য জায়তে॥ সর্ব্বাণি শুক্লানি প্রশংসিতানি
ভস্মাস্থিকার্পাসবিবর্জ্জিতানি। সর্ব্বাণি কৃষ্ণানি বিনিন্দিতানি
গোহস্তিদেবদ্বিজবর্জ্জিতানি॥ দিব্যা স্ত্রী সস্মিতা বিপ্রা রত্ন-
ভূষণভূষিতা। যস্য মন্দিরমায়াতি স প্রিয়ং লভতে ধ্রুবং॥
স্বপ্নে চ ব্রাহ্মণোদেবোব্রাহ্মণী দেবকন্যকা। কুমারী চাষ্ট-
বর্ষীয়া রত্নভূষণভূষিতা। যস্য তুষ্টা ভবেৎ স্বপ্নে তস্য তুষ্টা চ
পার্ব্বতী॥ ইত্যত্র স ভবেৎ কবিপণ্ডিতঃ ইতি চ পাঠঃ।
ব্রাহ্মণোব্রাহ্মণী বাপি সন্তুষ্টঃ সস্মিতা সতী। ফলং দদাতি
যস্মৈ চ তস্য পুত্রোভবিষ্যতি॥ যং স্বপ্নে ব্রাহ্মণোনন্দ
করোতি চ শুভাশিষং। যদ্বদতি ভবেত্তস্য তস্যৈশ্বর্য্যং ভবেৎ
ধ্রুবং॥ পরিতুষ্টোদ্বিজশ্রেষ্ঠশ্চায়াতি যস্য মন্দিরং। নারায়ণঃ
শিবোব্রহ্মা প্রবিশেত্তু তদাশ্রমং॥ সম্পত্তিস্তস্য ভবতি যশশ্চ
বিপুলং শুভং। পদে পদে সুখং তস্য সম্মানং গৌরবং লভেৎ॥
অকস্মাদপি স্বপ্নে তু লভতে সুরভীং যদি। ভূমিলাভোভবে-
ত্তস্য ভার্য্যা চাপি পতিব্রতা॥ করেণ কৃত্বা হস্তী যং মস্তকে
স্থাপয়েদ্যদি। রাজ্যলাভোভবেত্তস্য নিশ্চিতঞ্চ শ্রুতৌ শ্রুতং॥
স্বপ্নে তু ব্রাহ্মণস্তুষ্টঃ সমাশ্লিষ্যতি যং ব্রজ। তীর্থস্নায়ী ভবেৎ
সোঽপি নিশ্চিতশ্চ শ্রিয়ান্বিতঃ॥ স্বপ্নে দদাতি পুষ্পঞ্চ যস্মৈ
পুণ্যবতে দ্বিজঃ। জয়যুক্তোভবেৎ সোঽপি যশস্বী চ ধনী সুখী॥
স্বপ্নে দৃষ্ট্বা চ তীর্থানি সৌধরত্নগৃহাণি চ। জয়যুক্তশ্চ ধনবাংস্তীর্থ-
স্নায়ী ভবেন্নরঃ॥ স্বপ্নে তু পূর্ণকলসং কশ্চিৎ কস্মৈ দদাতি
বা। পুত্রলাভোভবেত্তস্য সম্পত্তিম্বা সমালভেৎ॥ হস্তে কৃত্বা
তু কুড়বং আঢ়কং বাপি সুন্দরী। যস্য মন্দিরমায়াতি স লক্ষ্মীং
লভতে ধ্রুবং॥ দিব্যা স্ত্রী যদ্গৃহং গত্বা পুরীষং বিসৃজেদ্দ্বিজ।
অর্থলাভোভবেত্তস্য দারিদ্রঞ্চ প্রয়াতি চ॥ যস্য গেহং সমা-
যদি ইস্তমাত ও নক্রত্তুলখারিজ এই দুই চেহারার যোগে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে প্রশ্নকর্ত্তা রোগের ঔষধ ও নষ্টধন অন্বেষণ করিতেছে, জানা যায় ॥ ৭৪ ;

অক্কীশ ও হুম্রাদ্বারা বিচারপতির উৎপত্তিস্থলে দৈবজ্ঞ এইরূপ উত্তর করিবে যে, তোমার মনে মহোৎসব, চোরের নিকট ধনপ্রাপ্তি ও বিবাহ কার্য্য সম্পাদন করিতে অভিলাষ আছে ।।৭৫

যদি ইস্তমাত ও নক্রত্তুলদাখিল হইতে বিচারপতি সমুৎপন্ন হয়, তাহা হইলে রোগবিমোচন, কোন ব্যক্তির সহিত মিলন ও ধনাভিলাষ প্রশ্নকারকের মনে আছে ইহাই দৈবজ্ঞ বলিবেন ॥ ৭৬ ॥

নক্রত্তুলখারিজ ও ওকলা হইতে বিচারপতি চেহারার সম্ভব হইলে পরালয় হইতে দ্রব্যসংগ্রহ ও অধিকারি পুরুষের সহিত মিলন করিতে প্রশ্নকারকের অভিলাষ জন্মিয়াছে ।। ৭৭ ॥

যদি নক্রত্তুলদাখিল ও ইস্তমাত এই দুই চেহারার যোগে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে এই জানা যায় যে, প্রশ্নকর্ত্তার হস্ত হইতে কোন দ্রব্য নষ্ট হইয়াছে, ঐ বস্তু প্রাপ্তির জন্যে প্রশ্নকারক চেষ্টিত আছে ।। ৭৮ ।।

তারিখ, ও কব্জুলখারিজ হইতে যদি বিচারপতি উৎপন্ন হয়, তাহা হইলে প্রশ্নকর্ত্তার মনে মিত্রতাকরণ ও রোগ নিবারণের চিন্তা জানা যায় ।। ৭৯ ॥

যদি তারিখ ও কব্জুলখারিজ হইতে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে পথিক, চৌর ও রোগার্ত্তের বিষয়ে প্রশ্নকারকের মনে চিন্তা আছে ॥ ৮০ ॥

লহীয়ান ও নকী এই দুই চেহারার যোগে বিচারপতির উৎপত্তি হইলে পত্নী, পুত্র, কন্যা ও নষ্ট দ্রব্য সম্বন্ধীয় চিন্তা প্রশ্নকারকের মনে আছে, জানিতে হইবে ।। ৮১॥

যদি নকী ও লহীয়ান এই দুই খণ্ডার যোগে বিচারপতি

খণ্ডা উৎপন্ন হয়, তাহা হইলে প্রশ্নকারকের মনে গুপ্তদ্রব্য নিরীক্ষণ করিতে ও মহোৎসব করিতে অভিলাষ আছে ॥ ৮২ ॥

যদি ইস্তমাত ও কব্জুলদাখিল এই দুই চেহারার যোগে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে প্রশ্নকর্ত্তা ধনোপার্জন ও কোন ব্যক্তির সহিত মিলন করিতে অভিলাষ করিতেছে ॥ ৮৩ ॥

যদি ওকলা ও কব্জুলখারিজ এই দুই চেহারা হইতে বিচারপতির উৎপত্তি হয়, তাহা হইলে প্রশ্নকারক স্ত্রীসঙ্গম, বিত্তসংগ্রহ, মহদ্ব্যক্তির সহিত সৌহার্দ্দ ও নষ্ট দ্রব্য লাভ করিতে অভিলাষ করিতেছে ॥ ৮৪ ॥

ইস্তমাত ও কব্জুলদাখিল এই দুই খণ্ডা হইতে বিচারপতি খণ্ডা উৎপন্ন হইলে শত্রু কর্ত্তৃক অপহৃত বস্তু গুপ্তভাবে সংগ্রহার্থ রাজার সহিত মিলিত হইতে প্রশ্নকর্ত্তার মানস আছে ॥ ৮৫ ॥

যদি ফর্হা ও অতবেথারিজ এই দুই চেহারা হইতে বিচারপতি উৎপন্ন হয়, তাহা হইলে প্রশ্নকর্ত্তা এইরূপ চিন্তা করিতেছে যে, কোন্ দিবসে আমার সুহৃদ্ব্যক্তিদিগের সহিত মহোৎসব হইবে ॥ ৮৬ ॥

যদি ওকলা ও কব্জুলখারিজ এই দুই চেহারার যোগে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে প্রশ্নকর্ত্তা স্বজন কর্ত্তৃক উদ্বিগ্ন হইয়া পরসেবা ইচ্ছা করিতেছে ॥ ৮৭ ॥

যদি ফর্হা ও অতবেথারিজ এই দুই চেহারার যোগে বিচারপতি চেহারা উৎপন্ন হয়, তাহা হইলে এই জানা যায় যে, প্রশ্নকারক নষ্টদ্রব্য লাভ ও দাসপ্রাপ্তির জন্যে সাহায্য ইচ্ছা করিতেছে ॥ ৮৮ ॥

অঙ্কীশ ও অবযাজ এই দুই চেহারা হইতে বিচারপতির উৎপত্তি হইলে প্রশ্নকর্ত্তা সন্তান বৃদ্ধি ইচ্ছা করিতেছে এবং স্বীয় ব্যবসায়ে বিত্তবিনাশ হেতুক দেবতার আরাধনা করিতে মানস করিতেছে ॥ ৮৯ ॥

তারিখ ও নক্রত্তুলখারিজ এই দুই চেহারাদ্বারা বিচারপতির সম্ভব হইলে রোগী ও বদ্ধব্যক্তির বন্ধনমোচন ও রোগপ্রতিকারের চিন্তা জানা যায় ॥ ৯০ ।

যদি অবযাজ ও অঙ্কীশ এই দুই চেহারা হইতে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে এই জানা যায় যে, প্রশ্নকারক স্বার্থভ্রষ্ট হইয়া ভীত হইতেছে এবং স্বকীয় জনকর্ত্তৃক মিথ্যা অপবাদ প্রাপ্ত হইয়াছে ॥ ৯১ ॥

হুম্রা ও অতবেদাখিল এই দুই চেহারার যোগে বিচারপতি চেহারা উৎপন্ন হইয়া থাকিলে এই জানা যায় যে, প্রশ্নকারক নষ্টদ্রব্যলাভ ও বিবাহের জন্যে বিদেশে গমন করিতে অভিলাষ করিতেছে ॥ ৯২ ॥

যদি তারিখ ও নক্রত্তুলখারিজ এই দুই চেহারার যোগে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে যাত্রা, নষ্টদ্রব্য ও পীড়া এই সকল বিষয়ের চিন্তা জানা যায় ॥ ৯৩ ॥

হুম্রা ও অতবেদাখিল এই দুই চেহারা হইতে বিচারপতি খণ্ডার উৎপত্তি হইলে এই জানা যায় যে, প্রশ্নকর্ত্তার হস্ত হইতে অনেক ধন বহির্গত হইয়াছে তাহা অনুসন্ধানের নিমিত্ত ঐ ব্যক্তি বিদেশ গমনে মানস করিয়াছে ॥ ৯৪ ॥

যদি নক্রত্তুলদাখিল ও জমাএত হইতে বিচারপতি চেহারা উৎপন্ন হয়, তাহা হইলে প্রশ্নকারকের মনে কোন গুপ্তকার্য্য, মিত্রতা, গমন, নষ্টদ্রব্য ও রোগ বিষয়ক চিন্তা প্রশ্নকারকের মনে আছে জানা যায় ॥ ৯৫ ॥

যদি জমাএত ও নক্রত্তুলদাখিল হইতে বিচারপতি চেহারার সম্ভব হয়, তবে এই জানিতে হইবে যে, প্রশ্নকারকের অনেক ধন নষ্ট হইয়াছে এবং তাহার উদ্ধারার্থ কি করিব এইরূপ চিন্তা প্রশ্নকর্ত্তার মনে আছে ॥ ৯৬ ॥

লহীয়ান ও অতবেদাখিল এই দুই খণ্ডা হইতে যদি বিচারক জায়দা উৎপন্ন হয়, তাহা হইলে দৈবজ্ঞএইরূপ বলিবে যে, তুমি স্ত্রী সম্বন্ধীয় কোন বিষয় জিজ্ঞাসা করিতে ইচ্ছা করিতেছ এবং রোগপ্রতিকারের চিন্তা ও তোমার মনে আছে ॥ ৯৭ ॥

যদি কব্জুলদাখিল ও কব্জুলখারিজ এই দুই চেহারার যোগে বিচারপতি উৎপন্ন হয়, তাহা হইলে দৈবজ্ঞ এইরূপ উত্তর করিবে যে, তোমার স্বীয় হস্ত হইতে অন্যের দ্রব্য নষ্ট হইয়াছে, তাহাতে তোমার মন উদ্বিগ্ন হইয়াছে। তুমি সেই সকল বিষয় গোপনে জিজ্ঞাসা করিতে ইচ্ছুক হইয়াছ ॥ ৯৮ ॥

যদি তারিখ ও জমাএত এই দুই চেহারা হইতে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে প্রশ্নকারকের মনে ভবিষ্যৎ কার্য্যের চিন্তা আছে এবং রাজার কোন কার্য্যের বিষয় বিবেচনা করিতেছে ॥ ৯৯ ॥

যদি জমাএত ও তারিখ এই দুই চেহারা হইতে বিচারপতি চেহারার উৎপত্তি হইয়া থাকে, তাহা হইলে ভবিষ্যতের কোন কার্য্যসিদ্ধ্যর্থ চিন্তা জানা যায় ॥ ১০০ ॥

কব্জুলদাখিল ও কব্জুলখারিজ এই দুই চেহারাদ্বারা বিচারপতি উৎপন্ন হইলে এই জানা যায় যে, প্রশ্নকারক নষ্টদ্রব্য

উদ্ধারের জন্যে গমন করিতে মানস করিতেছে এবং মিথ্যা অপবাদ ও রোগের ভয়ে শঙ্কিত আছে ।। ১০১ ॥

যদি অতবেদাখিল ও লহীয়ান এই দুই জায়দার যোগে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে এই জানা যায় যে, প্রশ্নকর্ত্তা স্বীয়কার্য্য নষ্ট হওয়াতে কি করিব ও কোথায় যাইব এইরূপ চিন্তা করিতেছে ।। ১০২ ॥

যদি ফর্হা ও অবযাজ এই দুই চেহারা হইতে বিচারপতি উৎপন্ন হয়, তাহা হইলে প্রশ্নকারক সুতপ্রাপ্তি, বন্ধনমোচন ও মিত্রতা করিবার মানসে গমন করিতে উদ্যুক্ত আছে, জানা যায় ॥১০৩॥

ইস্তমাত ও ওকলাদ্বারা বিচারপতি উৎপন্ন হইলে স্বীয়বন্ধনে ও স্বজনকর্ত্তৃক পীড়নে পীড়িত হইয়া প্রশ্নকারক উপস্থিত হইয়াছে ।। ১০৪ ।।

যদি অবযাজ ও ফর্হা এই দুই চেহারার যোগে বিচারপতি চেহারা উৎপন্ন হয়, তাহা হইলে এই জানা যায় যে, প্রশ্নকারকের গমন করিতে ইচ্ছা হইয়াছে এবং গতবিষয়ের ও বিবাহাদি মহোৎসবের চিন্তা তাহার মনে আছে ।। ১০৫ ॥

যদি অক্কীশ ও অতবেথারিজ এই দুই খণ্ডা হইতে বিচারক খণ্ডার উৎপত্তি হয়, তাহা হইলে এই রূপ বুঝিতে হইবে যে, প্রশ্নকর্ত্তা চৌর্য্য কর্ম্ম করিতে কিম্বা রাজমন্ত্রীর সহিত মিলিত হইতে অভিলাষ করিতেছে ॥ ১০৬ ॥

যদি ওকলা ও ইস্তমাত হইতে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে এই রূপ বুঝিতে হইবে যে, প্রশ্নকর্ত্তা কোন প্রকার প্রতারণায় ভীত হইয়াছে এবং তাহার চিত্ত যাই কি থাকি এই রূপ চিন্তায় দ্বিধাভূত হইয়াছে ॥ ১০৭ ॥

অতবেথারিজ ও অক্কীশ এই দুই চেহারাদ্বারা বিচারপতি চেহারার উৎপত্তি হইলে এই রূপ জানিতে হইবে যে, প্রশ্নকারকের মনে উপস্থিত বিবাদে গূঢ় ভয় জন্মিয়াছে এবং রাজা হইতে ও গত বস্তু হইতেও ভয় আছে ।। ১০৮ ॥

যদি কব্জলখারিজ ও কব্জুলদাখিল হইতে তারিখ নামক চেহারার উৎপত্তি হইয়া থাকে। এবং ঐ চেহারাই বিচারপতি হয়, তাহা হইলে যুদ্ধ, জ্ঞাতিকৃত্য ও রোগপ্রতিকারের চিন্তা প্রশ্নকারকের মনে আছে, জানা যায় ॥ ১০৯ ॥

যৎকালে নক্রুত্তুলখারিজ ও নক্রুত্তুলদাখিল হইতে বিচারপতি ষোড়শ খণ্ডার উৎপত্তি হয়, তাহা হইলে প্রশ্নকারকের মনে ধনলাভ, রাজকার্য্য এবং রোগনিবারণের চিন্তা আছে। দৈবজ্ঞের এই রূপ বুঝিতে হইবে ॥ ১১০ ॥

যদি হুম্রা ও নকী এই দুই চেহারার যোগে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে রোগ নিবারণ ও নষ্টদ্রব্য লাভের আশয়ে রাজমন্ত্রির সহিত সাক্ষাৎ করিতে প্রশ্নকারকের অভিলাষ আছে, ইহাই জানিতে হইবে ॥ ১১১ ॥

যদি নক্রুত্তুলদাখিল ও নক্রুত্তুলখারিজ এই দুই জায়দা হইতে বিচারপতির উৎপত্তি হয়, তাহা হইলে প্রতারণা, পথগমন ও আরোগ্য নিমিত্ত প্রশ্নকারক চিন্তিত আছে ॥ ১১২ ॥

যৎকালে দুইটী কব্জুলখারিজ হইতে জমাএত চেহারার উৎপত্তি হয় এবং ঐ চেহারাদ্বারাই বিচার করিতে হইবে, এই রূপ সময়ে দৈবজ্ঞ এই রূপ উত্তর করিবেন যে, নষ্টদ্রব্য দর্শন করিতে প্রশ্নকারকের ইচ্ছা হইয়াছে ॥ ১১৩ ॥

যদি দুইটি ওকলানামক চেহারার যোগে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে প্রশ্নকারকের মনে কোন মহদ্ব্যক্তির সহিত মিলন ও রোগপ্রতিকারের চিন্তা আছে ॥ ১১৪ ॥

যদি দুইটি ফর্হা নামক চেহারা হইতে বিচারপতির সম্ভব হয়, তাহা হইলে পুত্র, মিত্র, ও ধন উপার্জন বিষয়ে প্রশ্নকারকের চিন্তা বুঝিতে হইবে ॥ ১১৫ ॥

যদি দুইটি হুম্রা হইতে জমাএত চেহারা উৎপন্ন হয় এবং ঐ চেহারাদ্বারাই বিচারকরিতে হইবে, এরূপ অবস্থায় দৈবজ্ঞ এই রূপ উত্তর করিবে যে, তুমি বিদেশ গমন, ধনোপার্জন ও যুদ্ধ এবং সেই যুদ্ধে জয় ইচ্ছা করিতেছ ॥ ১১৬ ॥

দুইটি নক্রুত্তুলদাখিল চেহারা হইতে বিচারপতি উৎপন্ন হইলে দৈবজ্ঞ এই উত্তর করিবে যে, তুমি মহদ্ব্যক্তির সহিত মিত্রতা এবং নষ্টদ্রব্য লাভ করিতে ইচ্ছা করিতেছ ॥ ১১৭ ॥

দুইটি অক্কীশ হইতে বিচারপতি চেহারা উৎপন্ন হইলে এই রূপ বুঝিতে হইবে যে, প্রশ্নকর্ত্তা অধ্যয়ন মনে করিয়া আসিয়াছে এবং অধিকারীজন হইতে ও দেশান্তর হইতে সম্মানলাভ করিতে অভিলাষী আছে ॥ ১১৮ ॥

যদি দুইটি অবযাজ চেহারা হইতে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে প্রশ্নকারক বিবাদ ও বিবাহের জন্য বিদেশস্থ কোন ব্যক্তির সহিত মিলন করিতে ইচ্ছা করিতেছে ॥১১৯॥

যদি দুইটি অতবেথারিজ চেহারার যোগে বিচারপতির উৎপত্তি হয়, তাহা হইলে প্রশ্নকারকের মনে গুপ্তশত্রু, মিত্র, ও রোগীব্যক্তি সম্বন্ধীয় চিন্তা জানা যায় ॥ ১২০ ॥

যদি দুইটি নক্রুত্তুলখারিজ হইতে বিচারপতি উৎপন্ন হইয়া থাকে, তাহা হইলে দৈবজ্ঞ এই রূপ বলিবে যে, তুমি প্র কর্ত্তৃক

পীড়িত হইয়া আর প্রবাস সহ্য করিতে পারিতেছ না এবং সৈন্য সংগ্রহ করিতেও তোমার ইচ্ছা আছে ॥ ১২১ ॥

দুইটি অতবেদাখিল চেহারা হইতে বিচারপতি চেহারার উৎপত্তি হইলে অধিপতির সহিত মিলন, মিত্র হইতে নষ্টদ্রব্য-লাভ, সম্মান ও বিদেশগমন এই সকল বিষয়ের চিন্তা প্রশ্নকারকের মনে জানা যায় ॥ ১২২ ॥

দুইটি ইস্তমাত হইতে বিচারপতি চেহারা উৎপন্ন হইলে এই জানা যায় যে, প্রশ্নকারকের কোন সুহৃদ্ব্যক্তির পীড়া হইয়াছে। এবং মান ভঙ্গের নিমিত্ত মানসিক পীড়া আছে ও প্রশ্নকর্ত্তা কোন নষ্টদ্রব্যের অনুসন্ধান করিতেছে ॥ ১২৩ ॥

যদি দুইটি লহীয়ান হইতে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে প্রশ্নকারক কোন দ্রব্য নষ্ট হওয়াতে অতিশয় কাতর হইয়াছে এবং গুপ্তকর্ম্ম ও রাজার সহিত মিলন করিতে অভিলাষ করিতেছে ॥ ১২৪ ॥

যদি দুইটি নকী জায়দা হইতে বিচারপতি চেহারার উৎপত্তি হয়, তাহা হইলে প্রশ্নকারক চিরকালার্জিত যশ, স্বীয় শরীরের সুখ ও পুত্রের সুখকর কার্য্য চিন্তা করিতেছে ॥ ১২৫ ॥

যদি দুইটি কব্জুলদাখিল হইতে বিচারপতি চেহারা উৎপন্ন হয়, তাহা হইলে প্রশ্নকারকের গুপ্তভয় ও রোগভয়, উপস্থিত হইয়াছে, এবং ঐ ভয় নিবারণে অসমর্থ হইয়া স্বদেশে গমন করিতে ইচ্ছা আছে ॥ ১২৬ ॥

যদি দুইটি তারিখ হইতে বিচারক খণ্ডার উৎপত্তি হয়, তাহা হইলে মহোৎসবের সহিত প্রয়াণ ও শরীরস্থ ক্লেশ, প্রশ্নকারক এই সকল বিষয় চিন্তা করিতেছে, ইহাই বুঝিতে হইবে ॥১২৭॥

যদি দুইটি জমাএত চেহারার যোগে বিচারপতি চেহারা উৎপন্ন হয়, তাহা হইলে মিত্রতা, স্বীয় শরীরের সুখ, নষ্টদ্রব্য লাভ ও শুভপ্রাপ্তির ইচ্ছা জানা যায় ॥ ১২৮ ॥

## রমলের অশুদ্ধশোধন।

| পৃষ্ঠা | কলম | পঙ্ক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|
| ১। ৩২ | ১ | ২১ | নক্রত্তুলখারিজ | কব্জুলদাখিল |
| ২। ঐ | ,, | ২৯ | ইস্তমাত ও কব্জুলখারিজের | কব্জুলখারিজ ও ইস্তমাতের |
| ৩। ঐ | ,, | ৩২ | কব্জুলখারিজ | কব্জুলদাখিল। |
| ৪। ঐ | ২ | ৭ | ফরহা ও নকী | অঙ্কীশ ও ফরহা। |
| ৫। ঐ | ,, | ১০ | জমাএত ও নক্রত্তুলখারিজের | নক্রত্তুলখারিজ ও জমাএতের। |
| ৬। ঐ | ,, | ২০ | যদি বিযাজ ও অতবেখারিজ | যদি অতবেখারিজ ও বিযাজ। |
| ৭। ৩৩ | ১ | ৯ | জমাএত ও কব্জুলখারিজ | কব্জুলখারিজ ও জমাএত। |
| ৮। ঐ | ,, | ১২ | তারিখ ও কব্জুলদাখিল | কব্জুলদাখিল ও তারিখ। |
| ৯। ঐ | ,, | ২৬ | ফর্হা ও অতবেদাখিল | অতবেদাখিল ও ফর্হা। |
| ১০। ঐ | ২ | ১ | ওকলা ও নক্রত্তুলদাখিল | নক্রত্তুলদাখিল ও ওকলা। |
| ১১। ঐ | ,, | ৮ | হুম্রা ও অতবেখারিজ | অতবেখারিজ ও হুম্রা। |
| ১২। ,, | ,, | ১২ | ইস্তমাত ও নস্তুলখারিজ | নস্তুলখারিজ ও ইস্তমতে। |
| ১৩। ,, | ,, | ২০ | লহীয়ান ও অতবেখারিজ | অতবেখারিজ ও লহীয়ান। |
| ১৪। ৩৫ | ২ | ৩০ | যদি তারিখ ও কব্জুলখারিজ | যদি কব্জুলখারিজ ও তারিখ। |
| ১৫। ৩৬ | ১ | ৩ | ইস্তমাত ও কব্জুলদাখিল | কব্জুলদাখিল ও ইস্তমাত। |
| ১৬। ঐ | ,, | ১৮ | যদি ওকলা ও কব্জুলখারিজ | যদি কব্জুলখারিজ ও ওকলা। |
| ১৭। ঐ | ,, | ২১ | যদি ফর্হা ও অতবেখারিজ | যদি অতবেখারিজ ও ফর্হা। |
| ১৮। ঐ | ,, | ৩৭ | হুম্রা ও অতবেদাখিল | অতবেদাখিল ও হুম্রা। |
| ১৯। ঐ | ২ | ৪ | তারিখ ও নক্রত্তুলখারিজ | নক্রত্তুলখারিজ ও তারিখ। |
| ২০। ঐ | ,, | ৩৬ | কব্জুলদাখিল ও কব্জুলখারিজ | কব্জুলখারিজ ও কব্জুলদাখিল। |

পূর্ব্বে যে শকুনাদি সপ্ত পঙ্‌ক্তির উল্লেখ করা হইয়াছে, তাহার বিশেষ বিবরণ কথিত হইতেছে। শকুনপঙ্‌ক্তি প্রথম, ইহার কোন কারণ নাই, এই শ্রেণীতে লহীয়ানাদি যথোক্ত প্রণালীতে জায়দা সকল স্থাপন করিতে হইবে।

অব্দহ দ্বিতীয়পঙ্‌ক্তি, ইহার কারণ কথিত হইতেছে। প্রত্যেক খণ্ডাতেই অগ্ন্যাদি চারি তত্ত্ব আছে, ঊর্দ্ধ হইতে অধঃ ক্রমে চারি তত্ত্ব জানিবে। এই সকল তত্ত্বের মধ্যে কোন তত্ত্ব গুপ্ত ও কোন তত্ত্ব প্রকাশিত। এক এক খণ্ডাতে শূন্য ও রেখা লইয়া চারিটিমাত্র অঙ্ক থাকে, ঐ চারি অঙ্কই চারি তত্ত্বস্বরূপ। বিন্দুরূপী তত্ত্ব প্রকাশিত ও রেখারূপী তত্ত্ব গুপ্ত, অতএব বিন্দুরূপ প্রকাশ্য তত্ত্বেরই সংখ্যা করা কর্ত্তব্য।

অব্দহ এই শব্দের মধ্যে যে অ, ব, দ ও হ এই চারি বর্ণ আছে ইহারা অগ্ন্যাদিতত্ত্বে নিযুক্ত রহিয়াছে।

অ অর্থাৎ প্রথম বিন্দুর সংখ্যা ... ... ১,
ব অর্থাৎ দ্বিতীয় বিন্দুর সংখ্যা ... ... ২,
দ অর্থাৎ তৃতীয় বিন্দুর সংখ্যা ... ... ৪,
হ অর্থাৎ চতুর্থ বিন্দুর সংখ্যা ... ... ৮,

এইরূপ তত্ত্বানুসারে যে যে চেহারার অঙ্ক সংখ্যা যত হইবে, সেই পরিমিত গৃহে সেই চেহারার স্থিতি হইবে। যেমন লহীয়ানেতে প্রথমে বিন্দু আছে, ঐ বিন্দুর সংখ্যা এক, অতএব অব্দহ পংক্তির প্রথম গৃহে লহীয়ান হইবে। এইরূপ তারিখ চেহারাতে প্রকাশ্য চারি তত্ত্ব অর্থাৎ চারি বিন্দু দৃষ্ট হয়, ঐ চারি বিন্দুর প্রথম বিন্দুর সংখ্যা ১, দ্বিতীয় বিন্দুর সংখ্যা ২, তৃতীয় বিন্দুর সংখ্যা ৪, চতুর্থ বিন্দুর সংখ্যা ৮ এই সমুদায় অঙ্ক অর্থাৎ ১, ২, ৪ ও ৮ যোগ করিলে ১৫ হয় অতএব অব্দহ পংক্তির পঞ্চদশ গৃহে তারিখের অবস্থিতি জানিবে। এইরূপে খণ্ডার অঙ্কানুসারে ষোড়শ খণ্ডা সংস্থাপিত করিতে হইবে।

যে জায়দার সকল তত্ত্বই গুপ্তরূপে আছে, তাহার অঙ্ক নাই, উহা ষোড়শগৃহে থাকিবে। যেমন জমাএত খণ্ডার চারি রেখা উহার অঙ্ক না থাকা প্রযুক্ত অব্দহ শ্রেণীর ষোড়শ গৃহে রাখিতে হইবে। চোরের ও সন্তানের সংখ্যাদি নির্ণয় ও রূপবর্ণনে এই অব্দহ শ্রেণীর প্রয়োজন জানিবে।

বিজ্দহ পঙ্‌ক্তির তত্ত্বসংখ্যা কথিত হইতেছে। এই শ্রেণীতেও প্রত্যেক খণ্ডাতে অগ্ন্যাদি চারি তত্ত্ব আছে।

প্রথম বিন্দু অর্থাৎ অগ্নিতত্ত্বের সংখ্যা ... ... ২
দ্বিতীয় বিন্দু অর্থাৎ বায়ুতত্ত্বের সংখ্যা ... ... ৭
তৃতীয় বিন্দু অর্থাৎ জলতত্ত্বের সংখ্যা ... ... ৪
চতুর্থ বিন্দু অর্থাৎ পৃথ্বীতত্ত্বের সংখ্যা ... ... ৮

জায়দাস্থিত তত্ত্বসংখ্যার সমষ্টি যত হইবে, তত্ত সংখ্যক গৃহে সেই জায়দার অবস্থিতি জানিবে। কোন জায়দাস্থিত বিন্দুরূপী প্রকটতত্ত্বসংখ্যার সমষ্টি যদি ষোড়শের অধিক হয়, তাহা হইলে ১৬ বাদ দিয়া অবশিষ্ট অঙ্ক সংখ্যা যত হইবে তত্তুল্য গৃহে সেই চেহারা সংস্থাপন করিতে হইবে। যথা—ফর্হা নামক, খণ্ডাতে অগ্নি, বায়ু ও ভূমি এই তিন তত্ত্ব প্রকাশিত আছে, তাহার প্রথম বিন্দুর সংখ্যা ২, তৃতীয় বিন্দুর সংখ্যা ৭ ও চতুর্থ বিন্দুর সংখ্যা ৮ এই ২, ৭ ও ৮ একত্র যোগ করিলে ১৭ হইল এই ১৭ হইতে ১৬ বিয়োগ করিলে ১ থাকে অতএব বিজ্দহ পঙ্‌ক্তির প্রথম গৃহে ফরহা নামক জায়দা হইবে। এইরূপ যে যে খণ্ডার বিন্দুরূপী তত্ত্বের সংখ্যাযোগে যত সংখ্যা হইবে, তত সংখ্যক গৃহে সেই চেহারা সংস্থাপন করিতে হইবে। জমাএত খণ্ডার কোন অঙ্ক নাই, অতএব ষোড়শ স্থানে জমাএত চেহারা হইবে।

অনন্তর অজ্‌দ পঙ্‌ক্তির তত্ত্বাঙ্ক কথিত হইতেছে। প্রথম বিন্দু অগ্নিতত্ত্ব, তাহার সংখ্যা ১। দ্বিতীয় বিন্দু বায়ুতত্ত্ব, তাহার সংখ্যা ৩। চতুর্থ বিন্দু পৃথ্বীতত্ত্ব তাহার সংখ্যা ৪। এই অগ্ন্যাদি চারিতত্ত্ব সংখ্যা ১, ২, ৩, ও ৪ একত্র যোগ করিলে ১০ হয়। আদ্য হইতে দশম গৃহপর্য্যন্ত স্বীয় স্বীয় তত্ত্ব সংখ্যা অনুসারে জায়দা স্থাপন করিবে। তৎপরে একাদশ হইতে ষোড়শ গৃহপর্য্যন্ত যেরূপে জায়দা সংস্থাপিত করিতে হইবে, তাহার প্রণালী এই। নবম গৃহ হইতে একাদিক্রমে গণনা করিয়া তত্ত্ব সংখ্যানুসারে জায়দা স্থাপন করিবে।

লহীয়ান নামক খণ্ডাতে কেবল অগ্নিতত্ত্ব প্রকাশিত আছে ঐ তত্ত্বের অঙ্কসংখ্যা ১, অতএব অজ্‌দ পঙ্‌ক্তির প্রথম গৃহে লহীয়ান খণ্ডা হইবে। এই রূপ হুমরাতে বায়ুতত্ত্ব প্রকাশিত দেখা যায় ও তত্ত্বসংখ্যা ২ অতএব দ্বিতীয় গৃহে হুমরা সংস্থাপন করিবে, এই রূপে তৃতীয় গৃহে অববাজ হইবে। কিন্তু নক্রুত্তুল খারিজেও তত্ত্বাঙ্ক ৩ হয়, তাহা এইস্থানে না হইয়া নবম হইতে তৃতীয় স্থানে অর্থাৎ একাদশ গৃহে নক্রুত্তুলখারিজ হইবে। অঙ্কীশ ও কব্জুলখারিজ এই উভয় খণ্ডাতেই তত্ত্বসংখ্যা ৪, ইহার ব্যবস্থা এই—প্রথম হইতে চতুর্থ গৃহে অঙ্কীশ এবং নবম হইতে চতুর্থ গৃহে অর্থাৎ দ্বাদশ গৃহে কব্জুলখারিজ হইবে। ওকলা ও ইস্তমাত এই উভয় খণ্ডাতে তত্ত্ব সংখ্যা ৫ দেখা যায়, এই স্থলেও পূর্ব্বব্যবস্থানুসারে প্রথম হইতে পঞ্চম গৃহে ওকলা এবং নবম হইতে পঞ্চম অর্থাৎ ত্রয়োদশ গৃহে ইস্তমাত হইবে।

কব্জুল দাখিল ও অতবেথারিজ এই দুই খণ্ডাতেই তত্ত্ব সংখ্যা ৬ দৃষ্ট হয়, এই স্থলেও পূর্ব্বব্যবস্থাক্রমে প্রথম হইতে ষষ্ঠ গৃহে কব্জুলদাখিল ও নবম হইতে ষষ্ঠ অর্থাৎ চতুর্দ্দশ গৃহে অতবেথারিজ হইবে। ফর্হা ও নক্রত্তুল দাখিল এই উভয় খণ্ডাতে তত্ত্বাঙ্ক সংখ্যা ৭, এই স্থলেও পূর্ব্বপ্রণালী ক্রমে প্রথম হইতে সপ্তমে ফর্হা ও নবম হইতে সপ্তমে অর্থাৎ পঞ্চ দশস্থানে নক্রত্তুল দাখিল হইবে। তৎপরে অষ্টম গৃহে নকী, নবম গৃহে অতবেদাখিল, দশমস্থানে তারিখ ও ষোড়শস্থানে জমাএত সংস্থাপন করিবে। বস্তুর নাম কথন ও অঙ্ক আনয়নে এই অব্জদ পঙ্‌ক্তির প্রয়োজন জানিবে।

অব্জদাখ্য চতুর্থ পঙ্‌ক্তির ব্যবস্থা কথিত হইল। এইক্ষণ মিযাজাখ্য পঞ্চম পঙ্‌ক্তির ব্যবস্থা কথিত হইতেছে। চন্দ্র, বধু, শুক্র, সূর্য্য, মঙ্গল, বৃহস্পতি ও শনি এই সকল গ্রহমণ্ডল আকাশেতে উর্দ্ধাধোভাবে বিদ্যমান রহিয়াছে। সকল গ্রহের মধ্যে রবি প্রধান, অতএব সর্ব্বাগ্রে রবিগ্রহের গণনা হইয়া থাকে। মিযাজ পংক্তিতে প্রথমে রবি তৎপরে শুক্র, বুধ, চন্দ্র, শনি, বৃহস্পতি, রাহু ও মঙ্গল এই রূপ প্রথম হইতে অষ্টগৃহে রব্যাদি অষ্ট গ্রহ স্থাপন করিয়া পুনর্ব্বার নবমাদি অষ্ট গৃহে রব্যাদি অষ্টগ্রহ স্থাপন করিবে। এই মিযাজ পঙ্‌ক্তিতে দুই দুই খণ্ডা এক এক গ্রহের অধিকার। কব্জুল দাখিল ও নক্রত্তুলখারিজ এই দুই খণ্ডার অধিপতি রবি, অতএব পঙ্‌ক্তির প্রথমে কব্জুলদাখিল ও নবমে নক্রত্তুলখারিজ হইবে। ফর্হা ও অতবেদাখিল এই দুই খণ্ডার অধিপতি শুক্র। অতএব দ্বিতীয় গৃহে ফর্হা ও দশম গৃহে অতবেদাখিল। জমাএত ও ইস্তমাত এই দুই খণ্ডার অধিপতি বুধ, অতএব তৃতীয় গৃহে জমাএত ও একাদশে ইস্তমাত। অবযাজ ও তারিখ এই দুই খণ্ডার অধিপতি চন্দ্র, অতএব চতুর্থে অবযাজ, ও দ্বাদশে তারিখ। অঙ্কীশ ও ওকলা এই দুই খণ্ডার অধিপতি শনি, অতএব পঞ্চমে অঙ্কীশ ও ত্রয়োদশে ওকলা। লহীয়ান ও নক্রত্তুলদাখিল এই দুই জায়দার অধিপতি বৃহস্পতি, অতএব ষষ্ঠে লহীয়ান, ও চতুর্দ্দশে নক্রত্তুলদাখিল। কব্জুলখারিজের অধিপতি রাহু, অতএব সপ্তম গৃহে কব্জুলখারিজ হইবে। হুমরা ও নকী এই দুই খণ্ডার অধিপতি মঙ্গল, অতএব অষ্টমে হুমরা ও ষোড়শে নকী। অতবেথারিজের অধিপতি কেতু, অতএব পঞ্চদশগৃহে অতবেথারিজ হইবে। এই রূপে মিযাজ পঙ্‌ক্তির জায়দা স্থাপনের ক্রম কথিত হইল। কোন প্রকার কার্য্য সিদ্ধি ও বাসর জ্ঞানে এই পঙ্‌ক্তির প্রয়োজন হইবে।

হর্ফা পঙ্‌ক্তিবিধান কথিত হইতেছে। তত্ত্বচতুষ্টয়ের মধ্যে অগ্নিতত্ত্ব প্রধান এবং লহীয়ানে অগ্নিতত্ত্ব, অতএব হর্ফাপঙ্‌ক্তির প্রথমে লহীয়ান হইবে। বর্ণসকলের মধ্যে প্রথমে অকার, অতএব লহীয়ানে অকার বর্ণ জানিবে। হর্ফা পঙ্‌ক্তির দ্বিতীয় গৃহে লহীয়ানের বিপরীত অঙ্কীশ হইবে এবং ইহার বর্ণ বকার, এই গৃহে সংস্থাপন করিবে। তৃতীয় গৃহে হুম্রা, চতুর্থ গৃহে অবযাজ, পঞ্চম গৃহে নক্রত্তুলদাখিল, ষষ্ঠ গৃহে নক্রত্তুলখারিজ, সপ্তম গৃহে অতবেদাখিল, অষ্টম গৃহে অতবেথারিজ, নবম গৃহে ফর্হা দশম গৃহে নকী, একাদশ গৃহে কব্জুলদাখিল, দ্বাদশ গৃহে কব্জুলখারিজ, ত্রয়োদশ গৃহে জমাএত, চতুর্দ্দশ গৃহে ওকলা পঞ্চদশ গৃহে ইস্তমাত ও ষোড়শ গৃহে তারিখ চেহারা স্থাপন করিবে। এই রূপে হর্ফাপঙ্‌ক্তির বিধান জানিবে॥

অস্‌সহপঙ্‌ক্তির সংস্থাপনের কোন কারণ নাই, যে রূপ পঙ্‌ক্তি চক্রেতে দৃষ্ট হইবে ঐ রূপেই অস্‌সহ পঙ্‌ক্তি সংস্থাপন করিয়া প্রশ্ন গণনা করিবে। এই রূপে সপ্তপংক্তির খণ্ডাস্থাপনের প্রণালী কথিত হইল, পুনর্ব্বার বালকদিগের সুখবোধার্থ প্রত্যেক পঙ্‌ক্তির বিবরণ বিশেষ রূপে কথিত হইতেছে।

শকুন পঙ্‌ক্তির ক্রম পূর্ব্বে বিশেষ রূপ বলা হইয়াছে। অব্জহপংক্তির ক্রম এই—প্রথম গৃহে লহীয়ান্, দ্বিতীয় গৃহে হুমরা, তৃতীয়ে নক্রত্তুলখারিজ, চতুর্থে অবযাজ, পঞ্চমে কব্জুলখারিজ, ষষ্ঠে ইস্তমাত, সপ্তমে অতবেথারিজ, অষ্টমে অঙ্কীশ, নবমে ওকলা, দশমে কব্জুল দাখিল, একাদশে ফর্হা, দ্বাদশে নক্রত্তুলদাখিল, এয়োদশে নকী, চতুর্দ্দশে অতবেদাখিল, পঞ্চদশে তারিখ, ষোড়শ গৃহে জমাএত।

বিজ্‌দহপঙ্‌ক্তির ক্রম এই—প্রথম গৃহে ফর্হা, দ্বতীয়ে লহীয়ান, তৃতীয়ে অতবেদাখিল, চতুর্থে অবযাজ পঞ্চমে তারিখ, ষষ্ঠে কব্জুল খারিজ, সপ্তমে হুমরা, অষ্টমে অঙ্কীশ, নবমে নক্রত্তুল খারিজ, দশমে ওকলা, একাদশে ইস্তমাত দ্বাদশে নক্রত্তুলদাখিল, ত্রয়োদশে অতবেথারিজ, চতুর্দ্দশে নকী, পঞ্চদশে কব্জুলদাখিল ও ষোড়শ গৃহে জমাএত।

অব্জদপংক্তির ক্রম এই—প্রথম গৃহে লহীয়ান, দ্বিতীয়ে হুমরা, তৃতীয়ে অবযাজ, চতুর্থে অঙ্কীশ, পঞ্চমে ওকলা, ষষ্ঠে কবজুলদাখিল, সপ্তমে ফরহা, অষ্টমে নকী, নবমে অতবেদাখিল, দশমে তারিখ, একাদশে নস্রুত্তুলখারিজ, দ্বাদশে কব্জুলখারিজ ত্রয়োদশে ইস্তমাত, চতুর্দ্দশে অতবেথারিজ, পঞ্চদশে নস্তুল-দাখিল ও ষোড়শ গৃহে জমাএত—।

| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | গৃহাঙ্কাঃ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | • — — — | — • — • | • — • — | — — — — | • • — • | • — — • | — — — • | — • — — | — — • — | • • — — | — — • • | • • • — | • — • • | — • • • | — • • — | • • • • | শকুন পঙ্ক্তি |
| ২ | • — — — | — • — — | • • — — | — — • — | • — • — | — • • — | • • • — | — — — • | • — — • | — • — • | • • — • | — — • • | • — • • | — • • • | • • • • | — — — — | অব্বহ পঙ্ক্তি অ ১, ব ২, দ৪, হ ৮ |
| ৩ | • • — • | • — — — | — • • • | — — • — | • • • • | • — • — | — • — — | — — — • | • • — — | • — — • | — • • — | — — • • | • • • — | • — • • | — • — • | — — — — | বিজদহ পঙ্ক্তি বি২, জ৭, দ৪, হ৮, |
| ৪ | • — — — | — • — — | — — • — | — — — • | • — — • | — • — • | • • — • | • — • • | — • • • | • • • • | • • — — | • — • — | — • • — | • • • — | — — • • | — — — — | অবজদ পঙ্ক্তি অ১, ব২, জ৩, দ৪, |
| ৫ | — • — • | — • • • | — — — — | — — • — | • — — • | • — — — | — • — — | • — • — | • • — — | • • — • | — • • — | • • • • | — — — • | — — • • | • — • • | • • • — | মিযাজপঙ্ক্তি |
| ৬ | • — — — | — — — • | — • — — | — — • — | — — • • | • • — — | — • • • | • • • — | • • — • | • — • • | — • — • | • — • — | — — — — | • — — • | — • • — | • • • • | হর্ফাপ ঙ্ক্তি |
| ৭ | • — — — | — • • • | • • • — | — — — — | • • — • | — • — — | • — • • | • — — • | • • — — | — — • • | — • — • | • — • — | — — • — | — — — • | — • • — | • • • — | অসমহ পঙ্ক্তি |

মিযাজপঙ্‌ক্তির ক্রম এই—প্রথম গৃহে কব্‌জুলদাখিল, দ্বিতীয়ে অতবেদাখিল, তৃতীয়ে জমাএত, চতুর্থে অবযাজ, পঞ্চমে ওকলা, ষষ্ঠে লহীয়ান্‌, সপ্তমে হুমরা, অষ্টমে কব্‌জুলখারিজ, নবমে নক্রুত্তুলখারিজ, দশমে ফরহা, একাদশে ইস্তমাত, দ্বাদশে তারিখ, ত্রয়োদশে অন্কীশ, চতুর্দ্দশে নক্রুত্তুলদাখিল, পঞ্চদশে নকী ও ষোড়শে অতবেখারিজ।

হর্ফাপঙ্‌ক্তির ক্রম এই—প্রথম গৃহে লহীয়ান, দ্বিতীয়ে অন্কীশ, তৃতীয়ে হুমরা, চতুর্থে অবযাজ, পঞ্চমে নক্রুত্তুলদাখিল, ষষ্ঠে নক্রুত্তুলখারিজ, সপ্তমে, অতবেদাখিল, অষ্টমে অতবেখারিজ, নবমে ফরহা, দশমে নকী, একাদশে কব্‌জুলদাখিল, দ্বাদশে কব্‌জুলখারিজ, ত্রয়োদশে জমাএত, চতুর্দ্দশে ওকলা, পঞ্চদশে ইস্তমাত ও ষোড়শে তারিখ।

অস্‌সহপঙ্‌ক্তির ক্রমএই—প্রথম গৃহে লহীয়ান, দ্বিতীয়ে অতবেদাখিল, তৃতীয়ে অতবেখারিজ, চতুর্থে জমাএত, পঞ্চমে ফরহা, ষষ্ঠে হুমরা, সপ্তমে নকী, অষ্টমে ওকলা, নবমে নক্রুত্তুল খারিজ, দশমে নক্রুত্তুলদাখিল, একাদশে কব্‌জুলদাখিল, দ্বাদশে কব্‌জুলখারিজ, ত্রয়োদশে অবযাজ, চতুর্দ্দশে অন্কীশ, পঞ্চদশে ইস্তমাত ও ষোড়শ গৃহে তারিখ। এইরূপে সপ্তপঙ্‌ক্তির ক্রম কথিত হইল। এই সপ্তপঙ্‌ক্তির প্রয়োজন পূর্ব্বেই বলা হইয়াছে। পূর্ব্বপৃষ্ঠাতে যে চক্র অঙ্কিত করা হইয়াছে তাহা দৃষ্টি করিলেই শকুনাদি সপ্তপঙ্‌ক্তির বিবরণ বিশেষরূপে বোধগম্য হইবে।

শকুনাদি সপ্তপংক্তিতে যে যে গৃহে যে যে চেহারা কথিত হইল, পাশক ক্ষেপণ করিয়া প্রস্তারে শিকল করিলেও যদি সেই সেই গৃহে সেই সেই চেহারা দেখিতে পাওয়া যায়, তাহা হইলে সেই চেহারা বলবান্‌ হয়। এবং কোন চেহারা যদি দুই কি তিন পঙ্‌ক্তিতেই স্বীয় গৃহে স্থিত হয়, তাহা হইলে সেই চেহারা অধিক বলবান হয়। ইহার বিপরীতে জায়দা সকলকে শূন্যবল বলা যায়। এইরূপে খণ্ডা সকলের স্থান বল পরিজ্ঞাত হইবে। অনন্তর দৃষ্টিবল কথিত হইতেছে। খণ্ডা সকল পরস্পর সপ্তমস্থানকে দৃষ্টি করিয়া থাকে। দ্বাদশগৃহে দৃষ্টি করে না।

যদি কোন খণ্ডার তাহার মিত্র অথচ শুভ খণ্ডার দৃষ্টি থাকে, তাহা হইলে সেই দৃষ্ট খণ্ডাকে পণ্ডিতগণ বলযুক্ত বলিয়া নিশ্চয় করেন। আর যদি কোন খণ্ডার প্রতি তাহার শত্রু ও অশুভ জায়দার দৃষ্টি থাকে, তবে সেই দৃষ্ট জায়দাকে নির্ব্বল বলা যায়। প্রশ্নগণনাদিতে বলযুক্ত খণ্ডাই কার্য্যকারী। আর যদি প্রশ্নখণ্ডা দুর্ব্বল হয়, তাহা হইলে কার্য্য নষ্ট হইয়া থাকে। প্রশ্নের শুভাশুভ বলিবার পূর্ব্বেই জায়দার বলাবল বিচার করিতে হইবে।

বিনা উপকরণে কোন কার্য্য সিদ্ধি হয় না, অতএব রমলশাস্ত্রের উপকরণ কথিত হইতেছে, এই উপকরণ ছয়প্রকার। এই সকল উপকরণের জ্ঞান না হইলে তাহার প্রশ্নোত্তর বৃথা হয়। অতএব সেই সকল উপকরণের নাম ও লক্ষণ কথিত হইতেছে।

মরাতিব, ইস্তিজাজ, তাসীর, তকরার, ইন্‌কিলিব ও বলাবল। যাহার এই ষড়্‌বিধ উপকরণের জ্ঞান থাকে, তাহার প্রশ্ন স্থির হয়।

রমলশাস্ত্রে পাশকই প্রধান ও সকলের মূলীভূত। পাশকদ্বারাই সমস্ত কার্য্য করিতে হইবে পাশকের অসদ্ভাবে যেরূপ প্রক্রিয়া অবলম্বন করিয়া জায়দা প্রস্তুত করিতে হইবে তাহা বলা যাইতেছে। শ্বাসরোধ করিয়া বৃত্তাকার একটী রেখা অঙ্কিত করিবে। এই রেখার চতুর্দ্দিকে সূর্য্যরশ্মির ন্যায় কতকগুলি রেখাপাত করিবে। পরে শ্বাস পরিত্যাগ করিয়া রশ্মিবৎ রেখাগুলি গণনা করিয়া যত অঙ্ক হইবে শকুনপঙ্‌ক্তির তত সংখ্যক গৃহে যে জায়দা দৃষ্ট হইবে সেই জায়দাকে প্রথম স্থানে স্থাপন করিতে হইবে। অনন্তর ঐ জায়দা হইতে সপ্তমস্থানে যে জায়দা দেখিবে তাহাকে দ্বিতীয় স্থানে এবং তাহা হইতে সপ্তম স্থানে যে জায়দা থাকিবে তাহাকে তৃতীয় স্থানে ও তাহার সপ্তমে যে জায়দা দৃষ্ট হইবে তাহাকে চতুর্থ স্থানে রাখিবে। এইরূপে চারি জায়দা প্রস্তুত করিয়া পূর্ব্বোক্ত প্রণালীক্রমে ষোড়শজায়দা প্রস্তুত করিয়া লইবে। ঐ রেখাঙ্ক যদি ষোলর অধিক হয় তবে ১৬ বাদ দিয়া অবশিষ্টাঙ্ক গ্রহণ করিয়া কার্য্য করিতে হইবে। পাশকের অসদ্ভাবেই এই প্রকার প্রণালী অবলম্বন করিবে, কিন্তু পাশকসত্ত্বে পাশকক্ষেপণ করিয়াই জায়দা করিয়া লইবে।

প্রশ্নকথনার্থ প্রস্তরে পাশকক্ষেপণ করিয়া ইন্‌কিলিব করিবে। ইন্‌কিলিব না হইলে প্রশ্নোত্তরের যথার্থতা হয় না। অতএব পণ্ডিতগণ অবশ্য ইন্‌কিলিব করিবে। ইন্‌কিলিব সকলের সম্মত ও সর্ব্বপ্রকার প্রশ্নের কারণ। অতএব প্রথমে ইন্‌কিলীব কথিত হইল।

আদ্য ও পঞ্চম হইতে একটি, দ্বিতীয় ও ষষ্ঠ হইতে একটি, তৃতীয় ও সপ্তম হইতে একটি এবং চতুর্থ ও অষ্টম হইতে একটি,

এই চারিটি চেহারা আদিতে লিখিয়া পূর্ব্বকথিত প্রণালীক্রমে শিকল প্রস্তুত করিবে। এই শিকল হইতে দৈবজ্ঞ প্রশ্নের উত্তর করিবে।

পূর্ব্বে যে মরাত্তিবাদি ছয়টি উপকরণের উল্লেখ করা গিয়াছে তাহা বিপরীতভাবে কথিত হইয়াছে। এইক্ষণ ইন্‌কিলিবাদি ষড়্‌বিধ উপকরণ যথাক্রমে কথিত হইতেছে। ইন্‌কিলিব প্রথম, বলাবলবিচার দ্বিতীয় ও মরাত্তিব তৃতীয় উপকরণ। যবনাদি মুনিগণ এই মরাত্তিবের ৫ পাঁচটি নাম যাহা বলিয়াছেন, তাহা কথিত হইতেছে। যথা—উবাঙ্গী, খুমাসী, সুদাসী, সুবাঙ্গী ও সমানী। যে চেহারাতে চারি বিন্দু আছে তাহাকে উবাঙ্গী বলে, এইরূপ যাহাতে পঞ্চবিন্দু আছে তাহার নাম খুমাসী। যাহাতে ছয়বিন্দু আছে তাহার নাম সুদাসী, যাহাতে সপ্তবিন্দু আছে তাহার নাম সুবাঙ্গী এবং যাহাতে অষ্টবিন্দু আছে তাহার নাম সমানী। এইপ্রকারে মরাত্তিবের পঞ্চ নাম ও লক্ষণ বলা গেল। যবনমুনি প্রভৃতি প্রশ্নসিদ্ধিবিষয়ে মরাত্তিব উপকরণের প্রয়োজন বলিয়াছেন।

আদ্যের সহিত পঞ্চমের শত্রুতা, এইরূপ দ্বিতীয় ও চতুর্থের বৈরিভাব আছে। যে যে চেহারার সহিত যাহার অল্প শত্রুতা আছে, তাহাকে লোকে জিদ্দা বলে। জিদ্দা কার্য্যসিদ্ধিবিষয়ে বিঘ্নকারক হয়। তৃতীয়ের শত্রু কেহ হয় না। জিদ্দা শিকলের সমস্ত খণ্ডাই বিঘ্নকারক।

চতুর্থ উপকরণ ইস্তিজাজ, ইহার কারণ নিরূপণ করা যাইতেছে। দুই চেহারা হইতে যে জায়দা উৎপন্ন হয় তাহাকে ইস্তিজাজ বলে। ইস্তিজাজ যদি দুইটি শুভ চেহারা হইতে উৎপন্ন হয়, তাহা হইলে কার্য্য সিদ্ধি হইয়া থাকে। আর যদি দুইটি অশুভ জায়দা হইতে উৎপন্ন হয়, তবে কার্য্য সিদ্ধি হয় না। এবং একটি শুভ ও একটি অশুভ হইতে নূতন জায়দা উৎপন্ন হইলে কার্য্যের কতক সাফল্য হইয়া থাকে।

পঞ্চম উপকরণের নাম তসীর, ইহার বিবরণ বলা যাইতেছে। এই উপকরণের জ্ঞান থাকিলে কার্য্য সিদ্ধি হইয়া থাকে। প্রশ্নকর্ত্তার স্বীয় বিষয় বিচার করিতে হইলে প্রথম গৃহ দৃষ্টে বিচার করিবে। অন্যান্যের বিষয় বিচার করিবার কালে প্রশ্নকর্ত্তার সম্বন্ধানুসারে গৃহনির্ণয় করিয়া সেই সেই গৃহ দৃষ্টে বিচার করিতে হইবে। যেমন কোন ব্যক্তি আসিয়া প্রশ্ন করিল যে, আমার পুত্রের শ্যালকের অর্থলাভ হইবে কি না, এইস্থলে প্রথম খণ্ডা প্রশ্নকর্ত্তার, তাহা হইতে পঞ্চমগৃহ তাহার পুত্রের, ঐ পুত্রগৃহ হইতে সপ্তমগৃহ পুত্রবধূর, পুত্রবধূর গৃহ হইতে তৃতীয়গৃহ পুত্রশ্যালকের। এইরূপ সম্বন্ধ অনুসারে পুত্রশ্যালকের গৃহ স্থির করিয়া তাহা হইতে দ্বিতীয় স্থানে তাহার ধনলাভ বিবেচনা করিবে। অন্যান্য প্রশ্নস্থলেও এইরূপ সম্বন্ধ অনুসারে গৃহ স্থির করিয়া প্রশ্নের উত্তর করিতে হইবে। এই কার্য্য করাকেই তসীর বলে।

ষষ্ঠ উপকরণ তকরার, তাহার বিবরণ এই। একস্থানস্থিত খণ্ডা যদি দুই কিম্বা তিন প্রভৃতি গৃহে থাকে, তবে তাহাকে ম্লেচ্ছভাষায় তকরার কহে। যেটী প্রশ্নের জায়দা হইবে সেই জায়দাটি যদি অন্য কোন স্থানে হয়, তবে সেই পরবর্ত্তী খণ্ডা দৃষ্টেই পূর্ব্বপ্রণালী অনুসারে ফল বলিবে। প্রশ্ন জায়দা শুভ হইলে শুভ ফল, অশুভ হইলে অশুভ ফল ও জিদ্দা স্থানে হইলে অতিশয় অশুভ ফল হইয়া থাকে।

এই সকল উপকরণ পরিজ্ঞাত না হইয়া যে ব্যক্তি প্রশ্নের উত্তর করেন, তাহার বাক্যসকল বৃথা, এবং তিনি সকলের নিকট নিন্দা ভাজন হন। অতএব ষড়্‌বিধ উপকরণ জ্ঞাত হইয়া ভক্তি পূর্ব্বক প্রশ্নের উত্তর করিবে। এই রূপ করিলেই দৈবজ্ঞ প্রশ্নোত্তর বিষয়ে ফললাভ করিতে পারেন।

যে রূপে শিকল প্রস্তুত করিতে হইবে তাহা পূর্ব্বে কথিত হইয়াছে, এইক্ষণ ঐ শিকলের অন্তর্গত ষোড়শ খণ্ডার কোন কোন গৃহে কি কি বিষয় চিন্তা করিতে হইবে তাহা বলা যাইতেছে।

প্রথম গৃহে শরীর, শরীরাবয়ব, সুখ, দুঃখ, জীবন, আয়ু, জন্মস্থানসম্বন্ধীয় বিষয়, বল, কার্য্যারম্ভ, যত্ন, রাজনীতি, ও শান্তি এই সকলের শুভাশুভাদি পরিজ্ঞাত হইবে।

দ্বিতীয় গৃহে ধন, ধনের সহায়, পার্শ্বস্থমনুষ্য, জীবিকা, সাহায্য, আগমন, উদ্যম, ক্রয়, বিক্রয়, ধনী, দরিদ্র, দাতা ও কৃপণ ইত্যাদি বিষয়ের চিন্তা করিবে।

তৃতীয় গৃহে সহোদর, বন্ধু, ভগিনী, বিদ্যা, সমীপগমন, শয়ন, ভৃত্য, ধর্ম্মাচরণ ও দেবালয়; এই সকল বিষয়ের চিন্তা করিবে।

চতুর্থ গৃহে ক্ষেত্র, গৃহ, পিতার অবস্থা, ভূমিগত কৃষি, জনপদ, বৃক্ষরোপণ, মৃতস্থল, এই সকলের শুভাশুভ চিন্তা করিবে।

পঞ্চম গৃহে পুত্র, হর্ষ, দূত, প্রেরিত ব্যক্তির আগমন, স্নেহ, মঙ্গল, দস্ত, বস্ত্র, কৌতুক, গর্ভের শুভাশুভ, শিল্পকার্য্য, সুহৃদ, বুদ্ধি, পিতৃবিত্ত, মাদকদ্রব্য এই সকল পরিজ্ঞাত হইবে।

ষষ্টগৃহে, রোগ, দোষ, দাস, দাসী, শোক, গর্ভ, ভৃত্য, অল্পদেহ, পশু, ঋণ, প্রার্থনা, চৌরগৃহীত বস্তুপ্রাপ্তি, সন্তোষ ও শত্রু এই সকল জানিতে হইবে।

সপ্তম গৃহে পত্নী, ভর্ত্তা, শত্রু, উদ্যম, চৌর, বিবাদ, আগমন, স্থানান্তরিত অর্থ, মৈথুন, স্বীয় দেশ ও পরদেশের জয় ইত্যাদি বিষয়ের শুভাশুভ পরিজ্ঞাত হইবে।

অষ্টম গৃহে ভয়, মৃত্যু, শোক, দুঃখিত ব্যক্তির চিন্তা, ঋণদান, ক্লেশ, দুঃশীলের আগমন, নষ্টধন, বদ্ধকোষ্টের প্রবৃত্তি, ও আলস্য, এই সকল চিন্তা জানা যায়।

নবম গৃহে ধর্ম্ম, ব্যভিচার, অতিদূরে গমন, ভাগ্যোদয়, দান, নিদ্রা, বিদ্যা, অভিলষিত দেবসেবা, যতিত্ব, পরিশ্রম ও স্থাপিত ধন, এই সকল বিষয়ের চিন্তা করিবে।

দশম গৃহে রাজ্য, অধিকার, কীর্ত্তি, রাজার প্রধানতা, বল, উদ্যম, ঔষধি, গুরু, জননীসেবা, মেঘ, মন্ত্র, যন্ত্র, স্বজাতি, প্রভু ও বৈদ্য, এই সকল বিষয় পরিজ্ঞাত হইবে।

একাদশ গৃহে মিত্রের বৃদ্ধি, মন্ত্রী, স্বাভীষ্টসিদ্ধি, আশার সফলতা, ভাগ্যোদয়, ন্যায়কারক অমাত্য, ঈশ্বরের স্তুতি, সত্য ও মিথ্যা ইত্যাদি বিষয় চিন্তা করিবে।

দ্বাদশ গৃহে বৃষাদি উন্নতদেহ পশুর বন্ধন, শত্রুর কারাবাস, ঋণমোচন, বন্ধনস্থিত পুরুষের মুক্তি, ব্যয়, বাধামোচন, এই সকল বিষয়ের চিন্তা বুঝিতে হইবে।

এই প্রকার প্রশ্নগৃহ সকল পরিজ্ঞাত হইয়া আপনার ও অপরের অন্যান্য বিষয় সকল সম্বন্ধানুসারে জানিতে পারিবে। প্রশ্নের গৃহ নিশ্চয় করিয়া পুনর্ব্বার প্রশ্নের বিচার করিতে হইবে।

সকল প্রকার প্রশ্নই তিন প্রকার হয়, যথা—খারিজ, দাখিল ও সাবিত। খারিজ নির্গম, দাখিল আগম ও সাবিত স্থির। এই সকল হইতেও ভূতলে আর কতিপয় প্রশ্ন আছে, যথা—মুষ্টিপ্রশ্ন, মূকপ্রশ্ন, বর্ষত্রয়সাধন, কার্য্যসিদ্ধির সীমা নির্ণয় ও চৌরের নাম কথন এই পঞ্চ প্রকার প্রশ্নের ইন্‌কিলাব করিবে না।

উক্ত প্রকারে প্রশ্নগৃহসকল জানিয়া পরে নির্গমাদি ত্রিবিধ প্রশ্ন নির্ণয়পূর্ব্বক শুভকালে অভীষ্টদেবতা ও স্বীয় গুরুকে স্মরণ করত পাশকক্ষেপণ করিবে। তৎপরে পাশক দৃষ্টে শিকল প্রস্তুতঃ করিয়া ইন্‌কিলাব করিতে হইবে। অনন্তর বলাবল বিচার করিয়া প্রশ্নচিন্তা করিবে।

প্রশ্নকথনের বিধান কথিত হইতেছে। এই বিধানক্রমে কার্য্য করিলে প্রশ্নোত্তর প্রদানে কৃতকার্য্য হইতে পারে। পাশকক্ষেপণ করিয়া এক শিকল এবং ইন্‌কিলাব হইতে অপর শিকল করিয়া এই দুই শিকল হইতে প্রশ্নের ফল বলিবে। প্রথমতঃ পাশকজন্য শিকল হইতে কিপ্রকারে প্রশ্নোত্তর করিতে হইবে, তাহাই বলা যাইতেছে, পরে ইন্‌কিলাবের বিধি কথিত হইবে।

যদি প্রশ্ন নির্গম হইয়া গৃহত্রয়ে খারিজ হয়, তাহা হইলে সেই প্রশ্নের কার্য্যসিদ্ধি হইবে. এই কথা রমলাভিজ্ঞ পণ্ডিতগণ বলিয়া থাকেন। ইহার বিশেষ এই—যদি প্রশ্নগৃহ শুভ হয় তবে সুখে এবং অশুভ হইলে পরিশ্রমদ্বারা কার্য্যসিদ্ধি হইয়া থাকে। তৎপরে মারাতিবাদি জানিয়া প্রশ্নের উত্তর করিবে। প্রশ্নগৃহ দাখিল হইলে কার্য্যসিদ্ধি হয় না, ঐ গৃহ শুভ হইলে পরিশ্রম দ্বারা কার্য্যের কিঞ্চিৎ সফলতা হয়, কিন্তু অশুভ হইলে অধিক পরিশ্রম করিলেও কিঞ্চিন্মাত্র ফললাভ হয় না।

প্রশ্নগৃহ সাবিত হইলে কার্য্যসিদ্ধির আশা জানা যায়, কি কার্য্য হয় না। ঐ গৃহ মুনক্লীব হইলে চিরকালে কার্য্যসিদ্ধি হইয়া থাকে, আর যদি ঐ গৃহ শুভ হয় তবে কার্য্য সংপূর্ণ হইয়া থাকে। এবং অশুভ হইলে চিরকালে কার্য্যের অল্পমাত্র হয়। এইরূপে বিচার করিয়া দৈবজ্ঞ প্রশ্নের ফল বলিবে।

প্রশ্নটি আগম হইয়া যদি গৃহত্রয়ে দাখিল হয়, তাহা হইলে কার্য্যসিদ্ধি হয়, ঐ গৃহ শুভ হইলে পরিশ্রম ব্যতিরেকে অতি শীঘ্র কার্য্য সফল হইয়া থাকে। আর ঐ গৃহ অশুভ হইলে অধিক পরিশ্রম করিলে বিলম্বে কার্য্যসিদ্ধি হয়। খারিজে প্রশ্ন হইলে কার্য্যসিদ্ধি হয় না, ঐ গৃহ শুভ হইলে পরিশ্রম করিলে কিছু ফললাভ হয়, এবং অশুভ হইলে পরিশ্রম করিলেও কার্য্যের কোন ফল হয় না।

প্রশ্নগৃহ সাবিত হইলে কার্য্যসিদ্ধি হয় না, ঐ গৃহ শুভ হইলে বিলম্বে ফল হয় এবং অশুভ হইলে কার্য্যসিদ্ধি হয় না। শুভাশুভ হইলে কিঞ্চিৎ ফল হইয়া থাকে। মুনক্লিবে প্রশ্ন হইলে শুভ বা অশুভ হউক কিছুতেই কার্য্যের সফলতা হয় না।

স্থির প্রশ্নে প্রশ্নগৃহ সাবিত বা দাখিল হইলে কার্য্যের স্থিরতা জানিবে, ঐ গৃহ শুভ হইলে সুখে এবং অশুভ হইলে ক্লেশে কার্য্যসিদ্ধি হইয়া থাকে। খারিজে বা মুনক্লিবে স্থির প্রশ্ন হইলে কার্য্য নষ্ট হইবে জানা যায়। এই প্রকার বিচার করিয়া প্রশ্নের উত্তর করিতে হইবে।

যদি তিনটী পরস্পর বিরোধী হয়, কিম্বা দুইটি একরূপ ও একটি পৃথক হয়, তাহা হইলে যে রূপে প্রশ্নোত্তর করিতে হইবে

তাহার যুক্তি কথিত হইতেছে। যদি উক্ত রূপে বিরোধী কিম্বা তিন কি চারি গৃহে এক রূপ দেখা যায় তাহা হইলে প্রশ্ন গৃহে যে খণ্ডা হইবে সেই খণ্ডা ও চতুর্দ্দশ খণ্ডা লইয়া নূতন একটি খণ্ডা প্রস্তুত করিয়া লইবে, পরে এই নূতন খণ্ডা ও পঞ্চদশ খণ্ডা হইতে একটি খণ্ডা প্রস্তুত করিয়া লইয়া তাহাদ্বারা প্রশ্নের উত্তর করিবে। নূতন খণ্ডাতেও পূর্ব্ববৎ খারিজাদি, নির্গমাদি ও শুভ, প্রভৃতি বিচার করিয়া শীঘ্র কি বিলম্বে, ও অনায়াসে কি বহুপরিশ্রমে কার্য্য হইবে তাহা জানা যায়। দৈবজ্ঞ এই সকল বিচার করিয়া প্রচ্ছকের নিকট তদীয় প্রশ্নোত্তর বলিবে। যদি দৈবজ্ঞ ও শাস্ত্রের প্রতি প্রশ্নকর্ত্তার দৃঢ় বিশ্বাস থাকে তবেই এই রমল শাস্ত্রোক্তগণনার ফললাভ হইবে।

ইন্‌কিলীব্ জন্য শিকল হইতে যেরূপে প্রশ্নোত্তর করিতে হইবে, তাহার বিধি বলা যাইতেছে। ইন্‌কিলীবোখ শিকলের পঞ্চদশ গৃহে জমাএত চেহারা হইবে, এই জায়দা দৃষ্টেই বিচার করিতে হইবে। ঐ জায়দাটি যদি দুইটি দাখিল হইতে উৎপন্ন হয়, তাহা হইলে কার্য্যসিদ্ধি হইয়া থাকে। আর যদি দুইটি [illegible]বিত হইতে এই জায়দার উৎপত্তি হইয়া থাকে তাহা হইলে কার্য্যের স্থিরতা জানিবে।

ইন্‌কিলীবোখ শিকলে যদি চতুর্দ্দশ ও ত্রয়োদশ এই দুইটি [গৃ]হ শুভ হয়, তাহা হইলে কার্য্যসিদ্ধি হইয়া থাকে। আর যদি [ঐ] দুই খণ্ডা অশুভ হয়, তবে কার্য্যসিদ্ধি হয় না। ঐ দুই খণ্ডা [ম]ধ্যম হইয়া বলবান্ হইলে কার্য্য সংপূর্ণ হয় এবং হীনবল হইলে [কা]র্য্যের অল্প সিদ্ধি হয়। এইরূপে ইন্‌কিলীবোখ ও পাশকোখ [শি]কল হইতে প্রশ্নকথনের বিধি কথিত হইল, এইক্ষণ সকল [প্র]কার রমলে যাহা গুপ্ত আছে এইরূপ একটি চমৎকার বিষয় [ক]থিত হইতেছে।

রমলশাস্ত্রাভিজ্ঞ ব্যক্তি প্রাতঃকালে গাত্রোত্থান পূর্ব্বক স্বীয় [গু]রুকে হৃদয়ে চিন্তা করিয়া মন্ত্র জপ করিবে। অদ্য কিয়ৎ[সং]খ্যক মনুষ্য প্রশ্ন পরিজ্ঞানার্থ আগমন করিবে, দৈবজ্ঞ এইটি [ম]নে করিয়া পাশকক্ষেপণপূর্ব্বক পূর্ব্ববৎ শিকল প্রস্তুত করিয়া [বি]চার করিবে। বিজদ্দহপংক্তিক্রমে প্রথম হইতে ষোড়শ খণ্ডা [প]র্য্যন্ত যত সংখ্যক জায়দা স্বীয় স্বীয় গৃহে দৃষ্ট হইবে, তত [সং]খ্যক মনুষ্য আগমন করিবে এবং যদি একটি জায়দাও স্বীয় [গৃ]হে দৃষ্ট না হয়, তাহা হইলে এক ব্যক্তিও প্রশ্নগণনার্থ আসিবে [না], ইহাই জানা যায়। এইরূপে প্রশ্নকারকের গমনাগমন স্থির [ক]রিয়া প্রশ্নকারক কি প্রশ্ন করিবে? তাহার প্রশ্নসফল, কি নিষ্ফল? এবং প্রশ্নকর্ত্তা পূর্ণহস্ত কি শূন্যহস্ত? এই সকল উদ্দেশ করিয়া পাশকক্ষেপণ পূর্ব্বক শিকল প্রস্তুত করিয়া গণনা করিবে।

শিকলের আদ্য ও ত্রয়োদশ খণ্ডা হইতে একটি এবং চতুর্দ্দশ ও একাদশ হইতে একটি এই দুইটি খণ্ডা করিয়া এই দুইটি খণ্ডা হইতে আর একটি খণ্ডা করিবে। এইক্ষণ দেখিতে হইবে যে, যদি এই নূতন খণ্ডাটী শিকলের প্রশ্নখণ্ডা হয়, তাহা হইলে প্রশ্নকর্ত্তাকে পূর্ণহস্ত অন্যথা শূন্যহস্ত জানিবে।

এইক্ষণ দেখিতে হইবে যে, প্রশ্নকারক ধাতু, জীব ও মূলাদি কোন দ্রব্য আনয়ন করিবে। পূর্ব্বখণ্ডাতে যদি অগ্নিবিন্দু থাকে, তাহা হইলে অগ্নিজাত কোন দ্রব্য বলিবে, এইরূপ বায়ুবিন্দুতে জীব, জলবিন্দুতে ফলাদি ও পৃথ্বীবিন্দুতে মূল অথবা আকরোত্থ এবং মিশ্রবিন্দুতে মিশ্রদ্রব্য বলিবে।

পাঠকগণের হিতার্থ ও লোকদিগের সন্তোষার্থ পূর্ব্বোক্ত প্রশ্নবিধান কথিত হইতেছে। এই প্রশ্নবিধান জানিলে মনুষ্য সর্ব্বজ্ঞ হইতে পারে। প্রশ্ন সকল চারিপ্রকার। যথা—প্রথম মনের অভিপ্রায়, দ্বিতীয় প্রশ্নকারণ, তৃতীয় প্রশ্নভেদ ও চতুর্থ সিদ্ধ্যসিদ্ধি। এই চারিপ্রকার প্রশ্নের গৃহ কথিত হইতেছে। শিকলের প্রথম, চতুর্থ, সপ্তম ও দশম এই চারি গৃহ কেন্দ্র এবং ত্রয়োদশ, চতুর্দ্দশ, পঞ্চদশ ও ষোড়শ এই চারি গৃহকে সাক্ষী কহে। কেন্দ্রসংজ্ঞক চারি খণ্ডা ও সাক্ষীস্বরূপ চারি খণ্ডা এই আটটী জায়দা হইতে অপর চারিটী জায়দা প্রস্তুত করিবে। অর্থাৎ প্রথম ও ত্রয়োদশ হইতে একটী, চতুর্থ ও চতুর্দ্দশ হইতে একটী, সপ্তম ও পঞ্চদশ হইতে একটী, এবং দশম ও ষোড়শ হইতে একটী এই চারিটী জায়দা প্রস্তুত করিয়া একস্থানে রাখিবে। পুনর্ব্বার প্রথম ও পঞ্চম হইতে একটী চতুর্থ ও অষ্টম হইতে একটী, সপ্তম ও একাদশ হইতে একটী এবং দশম ও চতুর্দ্দশ হইতে একটী এই চারিটী জায়দা করিয়া অপর এক স্থানে রাখিবে। তৎপরে পূর্ব্বকৃত চারি জায়দা ও এই চারি জায়দা হইতে নূতন চারিটী জায়দা প্রস্তুত করিয়া প্রশ্নের উত্তর নির্ণয় করিবে। এই চারি জায়দার প্রথমে মনোভিপ্রায়, দ্বিতীয়ে প্রশ্নকারণ, তৃতীয়ে প্রশ্নভেদ ও চতুর্থে সিদ্ধ্যসিদ্ধি বিবেচনা করিয়া প্রশ্নোত্তর করিবে। এইপ্রকারে মূক প্রশ্নের ফল স্থির করিবে।

পাঠকগণের সুখবোধার্থ একটী উদাহরণ কথিত হইতেছে। কোন ব্যক্তি দৈবজ্ঞের নিকট আসিয়া জিজ্ঞাসা করিল যে, মহাশয়! আমার একটী প্রশ্নের বিচার করুন। এইস্থলে চারিটী প্রশ্ন

মনে করিতে হইবে। প্রথম প্রশ্নকর্ত্তার মনোভিপ্রায়, দ্বিতীয় প্রশ্নকারণ, তৃতীয় প্রশ্নভেদ ও চতুর্থ সিদ্ধাসিদ্ধি।

দৈবজ্ঞ প্রশ্ন শ্রবণানন্তর পাশকক্ষেপণ করিয়া প্রথমে ফর্হা, দ্বিতীয়ে জমাএত, তৃতীয়ে ও চতুর্থে কব্জুলখারিজ এই চারিটী জায়দা প্রাপ্ত হইলেন। তৎপরে এই চারি জায়দা হইতে প্রথমোক্ত প্রণালীক্রমে ষোড়শ জায়দা করিয়া শিকল প্রস্তুত করাতে

এই শিকল পাওয়া গেল এবং প্রথমে প্রশ্নকর্ত্তার অভিপ্রায় জানিতে হইবে। প্রথম গৃহে অভিপ্রায় বিবেচনা করা কর্ত্তব্য, অতএব শকুনপংক্তির প্রথম জায়দা লহীয়ান ও তাহার সাক্ষী ফরহা এই দুই জায়দা হইতে একটী জায়দা প্রস্তুত করিলে কব্জুলদাখিল জায়দা হইবে। এই কব্জুলদাখিলকে এক স্থানে রাখিয়া দিবে। পরে উপরিলিখিত শিকলের প্রথম জায়দা ফরহা ও তাহার সাক্ষী পঞ্চমস্থ নকী এই দুই জায়দা হইতে একটী জায়দা প্রস্তুত করিলে ইস্তমাত জায়দা হইবে। তৎপরে পূর্ব্বস্থাপিত কব্জুলদাখিল ও এই ইস্তমাত এই দুই জায়দা হইতে একটি নূতন জায়দা প্রস্তুত করিলে নক্রুত্তুলদাখিল পাওয়া গেল। এইক্ষণ বিবেচনা করিতে হইবে যে, এই নক্রুত্তুলদাখিল জায়দা শকুনপঙ্‌ক্তির কোন্ গৃহে আছে। পঙ্‌ক্তিতে দৃষ্টি করিয়া দেখা গেল যে শকুন পংক্তির একাদশ গৃহে নক্রুত্তুলদাখিল আছে। এবং একাদশ গৃহে লাভাদির বিচার করিতে হইবে, এই কথা পূর্ব্বে বলা হইয়াছে, অতএব জানা গেল যে প্রশ্নকর্ত্তার মনে লাভবিষয়ক প্রশ্ন আছে।

অনন্তর প্রশ্নকারণের উদাহরণ প্রদর্শিত হইতেছে। চতুর্থ গৃহে প্রশ্নকারণ বিবেচনা করিতে হয়। শকুনপংক্তির চতুর্থ গৃহে জমাএত এবং তাহার সাক্ষী প্রস্তারের চতুর্দ্দশগৃহস্থিত লহীয়ান এই দুই জায়দা হইতে একটি জায়দা করিলে লহীয়ান হইবে, ইহাকে এক স্থানে রাখিয়া দেও। পরে উপরিলিখিত শিকলের চতুর্থ জায়দা কব্জুলখারিজ ও ইহার সাক্ষী অষ্টমগৃহস্থ লহীয়ান এই দুই জায়দা হইতে নূতন জায়দা করিলে অবযাজ পাওয়া যাইবে। তৎপরে পূর্ব্বস্থাপিত লহীয়ান ও এই অবযাজ এই দুই জায়দা হইতে একটি নূতন জায়দা করিলে কব্জুলখারিজ হইবে। এই কব্জুলখারিজ নূতন শিকলের তৃতীয় গৃহে আছে এবং তৃতীয় গৃহে ভ্রাত্রাদির চিন্তা বুঝায় অতএব জানা গেল যে, প্রশ্নকারক ভ্রাত্রাদির নিকটে গমন করিয়া লাভ করিতে অভিলাষী হইয়াছে।

এইক্ষণ প্রশ্নভেদের উদাহরণ কথিত হইতেছে। সপ্তম গৃহে প্রশ্নভেদ বিবেচনা করিতে হয়, শকুনপঙ্‌ক্তির সপ্তম গৃহে অঙ্কীশ জায়দা আছে, এই অঙ্কীশ ও তাহার সাক্ষী নূতন শিকলের পঞ্চদশগৃহস্থিত কব্জুলদাখিল এই দুই জায়দা হইতে জায়দা প্রস্তুত করিলে যে হুমরা হইবে, তাহা এক স্থানে সংস্থাপিত করিয়া রাখ। তৎপরে নূতন শিকলের সপ্তমস্থিত নক্রুত্তুলদাখিল ও তাহার সাক্ষী একাদশস্থিত নক্রুত্তুলদাখিল এই দুই জায়দা হইতে জমাএত জায়দা পাওয়া যাইবে, পরে পূর্ব্বস্থাপিত হুমরা ও এই জমাএত এই দুই জায়দা হইতে নূতন জায়দা করিলে হুমরা পাওয়া যাইবে। এই হুমরা শকুনপঙ্‌ক্তির অষ্টমে আছে, অতএব প্রশ্নকর্ত্তার মনে মীরাসকাদি প্রশ্নভেদ জানা গেল।

এইক্ষণ প্রশ্ন সিদ্ধাসিদ্ধির উদাহরণ কথিত হইতেছে। দশম গৃহে কার্য্য সিদ্ধাসিদ্ধির বিচার করিতে হয়। শকুনপঙ্‌ক্তির দশম গৃহে নক্রুত্তুলখারিজ ও তাহার সাক্ষী শিকলের ষোড়শগৃহস্থিত লহীয়ান এই দুই জায়দা হইতে নূতন জায়দা করিলে হুমরা হইবে, ইহাকে এক স্থানে সংস্থাপন কর, পরে উপরিলিখিত শিকলের দশমগৃহস্থিত জমাএত ও তাহার সাক্ষী চতুর্দ্দশগৃহস্থিত লহীয়ান্ এই দুই জায়দা হইতে একটি জায়দা করিলে লহীয়ান হইবে। পরে পূর্ব্বস্থাপিত হুমরা ও এই লহীয়ান এই দুই জায়দা হইতে নূতন জায়দা করিলে নক্রুত্তুল খারিজ পাওয়া যাইবে। এই খণ্ডাটি শুভ, অতএব জানা গেল যে, কার্য্যসিদ্ধি হইবে। কিন্তু এইটি দশম গৃহের খণ্ডা বিধায় রাজার সাহায্যে কার্য্যসিদ্ধি হইবে, ইহাই জানা গেল। এই চতুর্ব্বিধ প্রশ্নের উদাহরণ কথিত হইল। এই প্রকার অন্যান্য সমস্ত প্রশ্নের উত্তর স্থির করিতে হইবে।

## অথ আয়ুঃপ্রশ্নঃ।

প্রথমগৃহে আয়ুঃ বিবেচনা করিতে হয়। যদি কেহ এইরূপ প্রশ্ন করে যে, আমার আয়ুর কত শেষ আছে, এইস্থলে নিম্নলিখিত প্রণালীতে উত্তর করিতে হইবে।

পাশকক্ষেপণ করিয়া পূর্ব্বকথিত প্রণালীতে শিকল প্রস্তুত করিয়া শিকলের প্রথম ও চতুর্থ হইতে একটি জায়দা করিয়া তদ্দৃষ্টে আয়ুর শেষ কাল নির্ণয় করিবে। যদি নূতন জায়দাটি দাখিল হয়, তাহা হইলে দীর্ঘায়ু, সাবিত হইলে মধ্যমায়ু, মুনক্লীব হইলে অল্পায়ু ও খারিজ হইলে অতি অল্পায়ু জানিবে। ইহার বিশেষ এই—যদি ঐ জায়দাটি শুভ হয় তবে সুখে এবং অশুভ হইলে দুঃখে আয়ুঃশেষ হইয়া থাকে। আয়ুর সংখ্যা নির্ণয়ের প্রণালী এই—উৎপন্ন খণ্ডা শিকলের যে গৃহে দৃষ্ট হইবে, বিজ্‌দহ পংক্তিক্রমে সেই গৃহে যত অঙ্ক হইবে, তত সংখ্যা আয়ুষ্কাল জানিবে। এই প্রকারে দাখিলাদি ক্রমে বর্ষ, মাস ওদিনস্থির করিতে পারা যাইবে। যদি উৎপন্ন জায়দাটি শিকলে না থাকে তাহা হইলে বিজ্‌দহ পঙ্‌ক্তির গৃহাঙ্কদ্বারা আয়ু নিশ্চয় করিবে।

আয়ুঃসংখ্যার অঙ্ক পরিজ্ঞানার্থ একটি চক্রোদ্ধার কথিত হইতেছে। এই চক্রস্থিত অঙ্ক দৃষ্টে আয়ুর সংখ্যা স্থির করিতে পারিবে। উপরি ষোড়শ গৃহে বিজ্‌দহ পঙ্‌ক্তির ষোড়শ জায়দা লিখিবে। তাহার নিম্নে ষোড়শ কোষ্ঠায় একাদি ষোড়শ অঙ্ক লিখিয়া প্রথম ষোড়শ কোষ্ঠাতে ঊর্দ্ধাদিক্রমে একাদি ষোড়শ অঙ্ক লিখিবে। দ্বিতীয় কোষ্ঠাতে প্রত্যেক গৃহে স্ব স্ব গৃহের উপরিস্থিত গৃহদ্বয়ে যে অঙ্ক দেখিতে পাইবে তাহা যোগ করিয়া যত হইবে তাহাই বসাইবে। তৃতীয়াদি কোষ্ঠায় প্রত্যেক শ্রেণীতে দ্বিতীয় গৃহাঙ্ক হইতে উত্তরোত্তর এক অঙ্ক বৃদ্ধি করিয়া পরপর গৃহে অঙ্ক লিখিবে। ১৪ পৃষ্ঠাতে এই চক্রের একটি প্রতিকৃতি অঙ্কিত করা হইয়াছে, ঐ চক্রে দৃষ্টি করিলে সহজে বুঝিতে পারিবেন।

## অথ ধনপ্রশ্নঃ।

দ্বিতীয়গৃহে ধন বিচার করিবে। দুই ব্যক্তির মধ্যে কাহার অধিক ধন আছে, এইরূপ প্রশ্ন হইলে প্রথমতঃ পাশকক্ষেপণ পূর্ব্বক শিকল প্রস্তুত করিয়া প্রশ্নের বিচার করিবে। অগ্রে এক ব্যক্তির নামে পাশক ফেলিয়া যে শিকল হইবে তাহার প্রথম ও দ্বিতীয় গৃহ হইতে একটি জায়দা প্রস্তুত করিয়া রাখিবে। পরে অপরব্যক্তির নামে পাশা ফেলিয়া যে শিকল হইবে তাহার প্রথম ও দ্বিতীয় গৃহ হইতে একটি জায়দা করিয়া লইবে। পরে পূর্ব্বকৃত জায়দা ও এই জায়দা লইয়া বিবেচনা করিবে। যাহার জায়দা সাবিত কিম্বা দাখিল ও শুভ হইবে, তাহারই ধন অধিক জানিবে। উভয় জায়দা তুল্য হইলে উভয়ের ধন সমান স্থির করিবে। যাহার জায়দা খারিজ ও অশুভ হইবে, তাহার ধন নাই নিশ্চয় করিবে। আর যদি জায়দাটি খারিজ হইয়া শুভ হয় তবে তাহার অল্পধন আছে জানিবে।

ধনের সংখ্যা কত ইহা নিশ্চয় করিতে হইলে দেখিতে হইবে যে, নূতন নির্ম্মিত জায়দাটি বিজ্‌দহ পঙ্‌ক্তির স্বীয় গৃহে আছে কি না, যদি থাকে তবে গৃহানুসারে চক্রে যত অঙ্ক দৃষ্ট হইবে, তত ধনের সংখ্যা জানিবে। এইরূপ প্রণালীতে কপর্দ্দক হইতে স্বর্ণমুদ্রাপর্য্যন্ত ধনের সংখ্যা নির্ণীত হইবে। ব্যক্তি বিবেচনায় এক হইতে কোটিপর্য্যন্ত ধনসংখ্যা বলিবে। আর যদি নূতন শিকলের দুই তিনটি জায়দা বিজ্‌দহপঙ্‌ক্তিতে স্বীয় স্বীয় গৃহে দৃষ্ট হয়, তাহা হইলে সেই সেই গৃহের অঙ্ক যোগ করিলে যত হইবে ধনীব্যক্তির ধনসংখ্যা তত নির্ণয় করিবে। আর যদি নূতন শিকলের জায়দা বিজ্‌দহ পঙ্‌ক্তিতে স্বীয়গৃহে না থাকে তাহা হইলে ধনের সংখ্যা নাই, ইহাই পণ্ডিতগণ বলিবে।

## অথ স্বপ্নপ্রশ্নঃ।

তৃতীয়গৃহে স্বপ্নের শুভাশুভফল বিচার করিতে হইবে। পাশাক্ষেপণ পূর্ব্বক শিকল প্রস্তুত করিয়া তাহার তৃতীয় খণ্ডা ও শকুন পঙ্‌ক্তির তৃতীয় খণ্ডা এই দুই খণ্ডা লইয়া একটি জায়দা করিবে, পরে এই জায়দা ও শিকলের প্রথম জায়দা হইতে একটি নূতন জায়দা করিয়া বিচার করিবে। যদি শেষোক্ত জায়দাটি শুভ হয় তবে স্বপ্নফল শুভ এবং অশুভ হইলে স্বপ্নফল অশুভ বলিবে। আর মধ্য হইলে স্বপ্নফল মধ্যম বলিবে। এই প্রকারে খণ্ডার ভাব সকল দৃষ্টি করিয়া স্বপ্নের বিশেষ বিবরণ বলিতে পারিবে।

এইক্ষণ চতুর্থ গৃহের বিশেষ বিবরণ কথিত হইতেছে। কোন স্ত্রী আসিয়া প্রশ্ন করিল যে, আমি একটি শুভ্রবর্ণ ভর্ত্তা লাভ করিতে ইচ্ছা করি, আমার এই মনোরথ পূর্ণ হইবে কি না। এই প্রশ্নে দৈবজ্ঞ পাঞ্ঝিদ্বয় ফেলিয়া শিকল প্রস্তুত করিয়া তাহার প্রথম ও চতুর্থ জায়দা হইতে একটী জায়দা করিয়া বিবেচনা করিবে। যদি নূতন জায়দাটী শুভ হয়, তাহা হইলে অভিলষিত স্বামী লাভ হইবে জানা যায়। এবং ঐ জায়দা অশুভ হইলে অভিলাষ পূর্ণ হইবে না। পুরুষের বিবাহ

বিষয় বিচার করিতে হইলে চতুর্থ ও সপ্তম জায়দার ভাব দৃষ্টে ফল স্থির করিবে।

## অথ ভূগতধনপ্রশ্নঃ।

ভূমিতলে ধন আছে কি না এইরূপ প্রশ্ন হইলে শিকলের চতুর্থ ও ষষ্ঠ খণ্ডা হইতে জায়দা প্রস্তুত করিয়া বিচার করিবে। যদি নূতন জায়দা ওকলা কিম্বা দাখিল হয়, তাহা হইলে ভূমিতলে ধন আছে, নিশ্চয় করিবে। আর যদি ঐ জায়দা মুনক্লীব হয় তবেও ধন আছে বলিবে, কিন্তু তাহা অতি অল্প এই কথা বলিতে হইবে। ইহার অন্যথা হইলে ধন নাই, ইহাই স্থির করিবে। আর ঐ দ্রব্য কোন দিকে আছে ইহা নিশ্চয় করিতে হইলে সম্ভাবিত স্থানে একটী চতুরস্র অঙ্কিত করিয়া ঐ চতুরস্র মধ্যে তির্য্যক্ ঊর্দ্ধক্রমে রেখাপাত করিয়া চারিভাগে বিভক্ত করিবে। তৎপরে পাশকক্ষেপণ করিয়া শিকল প্রস্তুত করিবে। এই শিকলের চতুর্থ খণ্ডাতে যে দিক্ হইবে সেই দিকে দ্রব্য আছে স্থির করিবে। এইরূপে পুনঃ পুনঃ বিচার করিয়া ধনের প্রকৃত স্থান নিশ্চয় করিতে পারিবে। যেপর্য্যন্ত যথার্থ দ্রব্য স্থান নিরূপিত না হয় তাবৎকাল চতুরস্রমধ্যে আংশিক চতুরস্র করিয়া পাক্ষিক্ষেপণ পূর্ব্বক পূর্ব্বোক্ত প্রণালীতে কোন স্থানে ধন আছে তাহা জানিতে পারিবে। এইরূপে দ্রব্যস্থান নির্ণয় করিয়া কত নিম্নে ধন আছে তাহা নিশ্চয় করিতে হইবে।

অঙ্কপঙ্‌ক্তির ক্রমানুসারে রেখা ও বিন্দুর সংখ্যা গ্রহণ করিয়া গণনা করিবে। রেখাঙ্ক যত হইবে তাহার দ্বিগুণ করিলে যত সংখ্যা হইবে তত সংখ্যাদ্বারা ভূমির গভীরতা স্থির করিবে। এই প্রণালীতে অঙ্গুলী হইতে হস্ত পর্য্যস্ত অর্থাৎ কত হাত কত অঙ্গুলী মৃত্তিকার নিম্নে ধন আছে, তাহা স্থির করিতে পারা যায়। এইরূপে বিচার করিয়া ভূমিমধ্যগত বস্তুর স্থিতি নিশ্চয় করিতে হইবে।

## অথ সন্তানপ্রশ্নঃ।

এইক্ষণ পঞ্চমগৃহের প্রশ্ন কথিত হইতেছে। কোন ব্যক্তি প্রশ্ন করিল যে, আমার সন্তান হইবে কি না। দৈবজ্ঞ পাশকক্ষেপণ করিয়া শিকল প্রস্তুত করিবে। এই শিকলের আদ্য ও পঞ্চমগৃহস্থিত জায়দা হইতে একটি এবং ষষ্ঠ ও সপ্তম জায়দা হইতে একটী এই দুইটী জায়দা করিয়া ঐ দুইটী হইতে আর একটী জায়দা প্রস্তুত করিয়া বিচার করিবে। যদি শেষ নির্ম্মিত জায়দাটী শুভ ও দাখিল হয় তাহা হইলে নিশ্চয় প্রশ্নকর্ত্তার সন্তান হইবে। আর যদি ঐ জায়দাটী দাখিল হইয়া অশুভ হয় তবে সন্তান জন্মিয়া শীঘ্রই মরিয়া যাইবে। এবং সাবিত কিম্বা মুনক্লীব হইয়া শুভ হইলে চিরকালে সন্তান জন্মিবে। মুনক্লীব হইয়া অশুভ হইলে গর্ভপাত হইয়া থাকে। ইহার অন্যথা হইলে সন্তান হইবে না, ইহাই বলিতে হইবে।

কয়টী সন্তান জন্মিবে এইরূপ প্রশ্ন হইলে নিম্নলিখিত প্রণালীতে উত্তর করিতে হইবে। পাশকক্ষেপণদ্বারা শিকল প্রস্তুত করিয়া তাহার আদ্য ও সপ্তম জায়দা হইতে একটী নূতন জায়দা করিয়া বিচার করিবে। ঐ নূতন খণ্ডার অধিপতি সূর্য্য হইলে চারিটী, শুক্র হইলে ছয়টী, বুধ হইলে দুইটী, চন্দ্র হইলে পাঁচটী, শনি হইলে একটী, বৃহস্পতি হইলে তিনটী, মঙ্গল হইলে চারিটী সন্তান জন্মিবে। আর যদি ঐ জায়দার অধিপতি রাহু কিম্বা কেতু হয় তাহা হইলে গর্ভস্রাব হইবে, জানা যায়। এইপ্রকারে দৈবজ্ঞ সন্তান প্রশ্নের উত্তর করিবে।

## অথ গর্ভপ্রশ্নঃ।

আমার ভার্য্যার গর্ভ হইয়াছে কিনা, এইরূপ প্রশ্ন হইলে দৈবজ্ঞ নিম্নলিখিত প্রক্রিয়াদ্বারা উত্তর করিবে। পাশকক্ষেপণদ্বারা শিকল প্রস্তুত করিয়া তাহার আদ্য ও সপ্তম জায়দা হইতে একটী জায়দা করিয়া বিচার করিতে হইবে। ঐ নূতন জায়দাটী যদি দাখিল কিম্বা সাবিত হয় তাহা হইলে গর্ভ হইয়াছে স্থির করিবে এবং খারিজ কিম্বা মুনক্লীব হইলে গর্ভ হয় নাই বলিবে। অথবা ষষ্ঠ ও অষ্টম জায়দা হইতে নূতন একটী জায়দা প্রস্তুত করিয়া উক্ত প্রণালী ক্রমে প্রশ্নের উত্তর করিবে।

## অথ পুত্রকন্যাজননপ্রশ্নঃ।

গর্ভে পুত্র কিম্বা কন্যা হইবে, এইরূপ প্রশ্ন হইলে পাশকক্ষেপণদ্বারা শিকল প্রস্তুত করিয়া তাহার আদ্য ও সপ্তম খণ্ডা হইতে একটী খণ্ডা করিয়া তাহাতে পঞ্চম খণ্ডা যোগ করিয়া প্রশ্ন বিচার করিবে। যদি শেষকৃত খণ্ডাটী পুংসংজ্ঞক হয় তাহা হইলে পুত্র এবং স্ত্রী কিম্বা ক্লীবসংজ্ঞক হইলে গর্ভে কন্যা সন্ততি জন্মিবে জানা যায়। আর শিকলের আদ্য, সপ্তম ও পঞ্চম এই তিন খণ্ডাই যদি ক্লীবসংজ্ঞক হয় তাহা হইলে গর্ভে ক্লীব সন্তান নিশ্চয় করিয়া প্রশ্নের উত্তর করিবে। নির্ম্মিত শিকলের পঞ্চম জায়দাটী শকুন পঙ্‌ক্তির যত সংখ্যক গৃহে থাকিবে সন্তান সংখ্যা তত জানিবে। আর পঞ্চম খণ্ডাটী অগ্নি কিম্বা বায়ুতত্ব হইলে পুত্র, জলতত্ব হইলে কন্যা এবং পৃথ্বীতত্ব

হইলে গর্ভপাত নিশ্চয় করিবে। আর ঐ জায়দাটী যদি পৃথ্বীতত্ত্ব হইয়া বলবান হয়, তাহা হইলে গর্ভপাত না হইয়া কন্যা জন্মিবে। এবং যদি আদ্য খণ্ডাটী দিবসে বলবান হয় তাহা হইলে দিবসে এবং রাত্রিতে বলবান হইলে রাত্রিতে ও সন্ধ্যাতে বলবান হইলে সন্ধ্যাসময়ে সন্তান জন্মিবে। নির্ম্মিত শিকলের নবম জায়দার যে লগ্ন হইবে, সেই লগ্নে প্রসব হইবে।

## অথ সন্তানায়ুঃপ্রশ্নঃ।

আমার সন্তান চিরজীবী কি অল্পায়ু হইবে, এইরূপ প্রশ্ন হইলে নিম্নলিখিত প্রক্রিয়া দ্বারা প্রশ্নের ফল বলিবে। পাশকক্ষেপণদ্বারা শিকল প্রস্তুত করিয়া তাহার পঞ্চম ও সপ্তম জায়দা হইতে একটী জায়দা করিয়া বিচার করিবে। যদি ঐ নূতন জায়দাটী শুভ হয়, তাহা হইলে সন্তান চিরজীবী ও অশুভ হইলে অল্পায়ু হইবে। এবং মধ্যম হইলে সন্তানের মধ্যমায়ু জানিবে।

আমার সন্তান ধনবান্ কি দরিদ্র হইবে? এইরূপ প্রশ্ন হইলে এইপ্রকারে উত্তর করিতে হইবে। পাশকক্ষেপণদ্বারা শিকল প্রস্তুত করিয়া তাহার পঞ্চম ও অষ্টম জায়দা হইতে একটি জায়দা করিয়া ঐ জায়দা ও পঞ্চদশ জায়দা হইতে একটি নূতন জায়দা করিয়া বিচার করিবে। যদি নূতন জায়দা শুভ হয় তবে পুত্র ধনবান্, অশুভ হইলে দরিদ্র এবং মধ্যম হইলে অল্প ধনশালী হইবে।

## অথ রোগপ্রশ্নঃ।

অগ্রে পাশকদ্বারা শিকল প্রস্তুত করিয়া তাহার প্রথম গৃহে রোগীর, ষষ্ঠগৃহে রোগের, চতুর্থ গৃহে ঔষধের, কোন মতে দ্বিতীয় ও দশম এই দুই গৃহে ঔষধের, দশম গৃহে বৈদ্যের, একাদশ গৃহে আরোগ্যের এবং দ্বাদশ গৃহে দীর্ঘকালীন রোগের বিচার করিবে। যদি উক্ত প্রথমাদি গৃহে শুভ জায়দা হয়, তাহা হইলে তত্তদ্‌-গৃহোক্ত বিষয় সকলের শুভ এবং অশুভ হইলে অশুভ জানিবে। রোগ জায়দা যদি খারিজ কিম্বা মুনক্লীব হইয়া শুভ হয় তাহা হইলে শীঘ্র রোগমুক্তি জানা যায়। আর যদি রোগ জায়দা খারিজ কিম্বা মুনক্লীব হইয়া অশুভ হয় তাহা হইলে অনেক বিলম্বে ও বহুক্লেশে রোগমুক্তি হইয়া থাকে। এবং রোগজায়দা যদি দাখিল কিম্বা সাবিত হয়, তবে জানা যায় যে, রোগমুক্তি হইবে না। ষষ্ঠখণ্ডা অগ্নিতত্ত্ব হইলে পিত্তজন্য, বায়ুতত্ত্ব হইলে বাতজন্য, জলতত্ত্ব হইলে কফজন্য ও পৃথ্বীতত্ত্ব হইলে অজীর্ণজন্য রোগ নিশ্চয় করিবে। মতান্তরে পৃথ্বীতত্ত্বে রক্ত ও অস্থিবিকার জন্য এবং চর্ম্মাস্থিরমধ্যগত ক্ষত রোগ জানা যায়।

## অথ রোগিণোমরণজীবনপ্রশ্নঃ।

শিকল প্রস্তুত করিয়া তাহার প্রথম ও ষষ্ঠ জায়দা হইতে একটি জায়দা করিয়া বিচার করিবে। যদি এই শেষ জায়দার অধিপতি শনি কিম্বা বুধ হয় তাহা হইলে নিশ্চয় রোগীর মরণ হইবে। এবং ঐ জায়দার অধিপতি যদি শনি বুধ ভিন্ন অন্য গ্রহ হয়, তাহা হইলে রোগী মরিবে না। মতান্তরে আদ্য ও তৃতীয় জায়দা হইতে একটি জায়দা করিয়া পূর্ব্ববৎ মরণ জীবন নিশ্চয় করিবে।

## অথ চৌর্য্যপ্রশ্নঃ।

সপ্তম গৃহে চোরের বিচার করিতে হয়। পাশকক্ষেপণদ্বারা শিকল প্রস্তুত করিয়া দেখিবে, যদি শিকলে হুমরা ও নকী এই দুই জায়দা না থাকে, তাহা হইলে জানা যাইবে যে, দ্রব্য চোরে নেয় নাই, যাহার দ্রব্য তাহার ঘরেই আছে। মতান্তরে যদি কব্জুলখারিজ ও অতবেখারিজ, এই দুই জায়দা শিকলে দৃষ্ট না হয়, তবে দ্রব্য চোরে গ্রহণ করে নাই জানা যায়। ইহার বিপরীতে দ্রব্য চোরে গ্রহণ করিয়াছে বলিবে।

চোর স্বকীয় কি পরকীয় এইরূপ প্রশ্ন হইলে, শিকলস্থিত সকল জায়দার রেখা বিন্দুর অঙ্ক গ্রহণ করিবে। প্রত্যেক রেখাতে দুই এবং প্রত্যেক বিন্দুতে এক অঙ্ক ধরিবে। এই প্রকারে সকল বিন্দু ও সকল রেখার অঙ্ক একত্র যোগ করিয়া যোগ ফলকে ৩ দিয়া ভাগ করিবে। ভাগ শেষ এক হইলে স্বকীয় লোক চোর হইবে, দুই শেষ থাকিলে ঐ চোর নিকটে এবং তিন শেষ থাকিলে দূরদেশে আছে জানা যায়।

চোর পুরীমধ্যে আছে কি বাহিরে আছে, ইহার বিবেচনা করিতে হইবে। এইস্থলে আদ্য ও চতুর্থ হইতে এক জায়দা এবং সপ্তম ও দশম হইতে এক জায়দা করিবে পরে এই দুই জায়দা হইতে নূতন এক জায়দা করিয়া বিচার করিবে। যদি নূতন জায়দা দাখিল কিম্বা সাবিত হয় তাহা হইলে চোর গ্রাম মধ্যে আছে স্থির করিবে, আর যদি ঐ জায়দা খারিজ হয়, তবে চোর বহির্গত হইয়াছে জানা যায়। আর যদি ঐ জায়দা মুনক্লীব হয় তাহা হইলেও চোর গ্রাম মধ্যে আছে বটে, কিন্তু স্থানান্তরে যাইতে উদ্‌যোগ করিতেছে, ইহাই বলিবে।

নিকটবর্ত্তী আত্মীয়বর্গের মধ্যে কে চোর এইরূপ প্রশ্ন

হইলে পাশকক্ষেপণদ্বারা শিকল প্রস্তুত করিয়া লইবে। এই শিকলের অষ্টম, দ্বাদশ, চতুর্দ্দশ ও ষোড়শ এই চারি জায়দার প্রথম চারি অঙ্ক লইয়া একটি নূতন জায়দা করিয়া বিচার করিবে। এই জায়দা শিকলের কোন গৃহে আছে, তাহা দৃষ্টি করিয়া নিম্নলিখিত প্রকারে ফল বলিতে হইবে। যদি নূতন জায়দাটি শিকলের প্রথম গৃহে থাকে তাহা হইলে চোর আত্মীয় ও নিজগৃহেই আছে স্থির করিবে। এইরূপ ঐ নূতন জায়দাটি দ্বিতীয় গৃহে থাকিলে গৃহসম্বন্ধী, তৃতীয় গৃহে থাকিলে বন্ধু, ভ্রাতা ও ভগিনী অথবা তাহাদের গৃহস্থিত কোন ব্যক্তিকে চোর বলিয়া স্থির করিবে। ঐ জায়দা চতুর্থ গৃহে দৃষ্ট হইলে পিতা, পিতামহ, কৃষক ও গ্রামবাসী অথবা তাহাদের গৃহস্থিত কোন ব্যক্তি চোর বলিবে। পঞ্চম গৃহে জায়দা দৃষ্ট হইলে দূত, প্রিয়-ব্যক্তি, বেশ্যা, নর্ত্তক ও সঙ্গীতাদিবিদ্যাবিশারদ এই সকল ব্যক্তি কিম্বা তাহাদের গৃহস্থিত কোন ব্যক্তিকে চোর জানিবে। ষষ্ঠ গৃহে ঐ জায়দা থাকিলে দাস, দাসী, সেবক অথবা তাহাদের গৃহস্থিত কোন জনকে চোর নিশ্চয় করিবে। সপ্তম গৃহে জায়দা থাকিলে জ্ঞাতি কিম্বা কোন স্ত্রীর গৃহে চোর আছে বলিবে। অষ্টম গৃহে জায়দা থাকিলে ইন্দ্রজাল ব্যবসায়ী, সন্ধ্যা-ক্রির বিঘ্নকারী ও শ্মশানচাণ্ডালাদির গৃহে চোর আছে জানিতে হইবে। নবমে ঐ জায়দা দৃষ্ট হইলে পথিক, তপস্বী কিম্বা অতি-থির গৃহে, দশম গৃহে জায়দা থাকিলে রাজা অথবা কোন প্রধান ব্যক্তির গৃহে চোরের অবস্থিতি জানিবে। একাদশ গৃহে ঐ জায়দা থাকিলে মিত্রের গৃহে, দ্বাদশ গৃহে জায়দা থাকিলে কারা-বাসী, প্রহরী ও নীচলোকদিগের গৃহে চোর বাস করিতেছে, বুঝিতে হইবে। ত্রয়োদশাদি চারি গৃহের মধ্যে কোন এক স্থানে জায়দা দৃষ্ট হইলে চোর অধিক দূরদেশে গিয়াছে জানিতে হইবে। যদি নূতন জায়দাটি শিকল মধ্যে দৃষ্ট না হয় তাহা হইলে শকুনপংক্তিক্রমে গৃহ স্থির করিয়া বিচার করিবে। উক্ত শিকলের নবম গৃহে খারিজ হইলে চোর দূরদেশে এবং তৃতীয় গৃহে খারিজ হইলে চোর নিকটে আছে জানা যায়। আর যদি নবম ও তৃতীয় এই উভয় গৃহেই খারিজ থাকে তাহা হইলে উক্ত গৃহদ্বয়ের বলাবল বিবেচনা করিয়া ফল বলিবে। এবং ঐ দুই গৃহের এক গৃহেও যদি খারিজ দৃষ্ট না হয় তাহা হইলে গ্রাম মধ্যে চোর আছে স্থির করিবে।

কোন দিকে চোর আছে, এইরূপ প্রশ্ন হইলে শিকলের দশম জায়দায় যে দিক বোধ হইবে সেই দিকে চোর আছে জানা যায়। শিকলের নবম জায়দা হইতে চোরের গৃহদ্বার নিশ্চয় করিতে পারা যায়, ঐ জায়দায় যে দিক্ পাওয়া যাইবে, চোরের গৃহদ্বার সেই দিকে হইবে।

কতদূরে চোর আছে, এই প্রশ্ন হইলে, পূর্ব্বোক্ত প্রকারে চোর দূর দেশে আছে কি নিকটে আছে, তাহা নিশ্চয় করিয়া ঐ খণ্ডার বিজদহ পংক্তিক্রমে অঙ্ক লইয়া চোরের দূরত্ব স্থির করিতে হইবে। এই প্রকারে ক্ষেত্রাদি যোজনপর্য্যন্ত পথের দূরত্ব পরিমাণ জানিতে পারিবে।

চোর ও ধনীর বাটীরমধ্যে কত গ্রাম ও কত বাটী আছে, এইরূপ প্রশ্ন হইলে রমলশাস্ত্রানুসারে যে প্রকারে উত্তর করিতে হইবে তাহা বর্ণিত হইতেছে। শিকলের পঞ্চম, ষষ্ঠ, নবম ও সপ্তম এই চারি খণ্ডার সমস্ত রেখা ও বিন্দু গ্রহণ করিয়া অব্দহ পঙ্‌ক্তির ক্রমানুসারে সকল রেখা ও বিন্দুর অঙ্ক লইয়া একত্রযোগ করিবে। এই যুক্তাঙ্ককে উক্তরূপ পঞ্চম গৃহাঙ্ক-দ্বারা ভাগ করিবে। ভাগ শেষ যতথাকিবে ধনী ও চোরের বাটীর মধ্যে তত গ্রাম ও গৃহ আছে স্থির করিবে।

চোরের আকৃতি ও রূপ কিপ্রকার, এই প্রশ্ন হইলে শিকল প্রস্তুত করিয়া তাহার সপ্তম জায়দাটি অব্দহ পঙ্‌ক্তির যত সংখ্যক গৃহে দৃষ্ট হইবে, নির্ম্মিত শিকলের তত সংখ্যক গৃহে যে জায়দা হইবে, সেই জায়দা দৃষ্টে চোরের আকৃতি ও রূপ প্রভৃতি শরীর চিহ্নসকল নিশ্চয় করিতে পারিবে।

চৌরগৃহীত দ্রব্য পাওয়া যাইবে কিনা? এই প্রশ্ন হইলে নিম্ন-লিখিত প্রক্রিয়া দ্বারা উত্তর করিবে। পাশক ক্ষেপণদ্বারা শিকল প্রস্তুত করিয়া তাহার দ্বিতীয় ও একাদশ হইতে একটি এবং আদ্য ও চতুর্দ্দশ গৃহ হইতে একটি, এই দুইটি জায়দা করিয়া ঐ দুই জায়দা হইতে একটি নূতন জায়দা করিয়া বিচার করিবে। এই নূতন জায়দা যদি দাখিল কিম্বা অবযাজ হয়, তাহা হইলে জানা যায় যে, চৌরনীতদ্রব্য শীঘ্রই পাওয়া যাইবে। ইহার অন্যথা হইলে দ্রব্য লাভ হইবে না, জানা যায়। আর ঐ নূতন জায়দা যদি দাখিল অথচ শুভ হয় ও দ্বিতীয় গৃহে সাবিত জায়দা থাকে, তাহা হইলে সকল দ্রব্য পাওয়া যাইবে ও ঐ জায়দা অশুভ হইলে অর্দ্ধভাগ দ্রব্য লাভ হইবে। মুনক্কীব অথচ শুভ হইলেও উক্তরূপ ফল জানিবে কিন্তু খারিজ অথচ অশুভ হইলে চৌর্য্য বস্তু পাইবে না। শিকলের দ্বিতীয় ও অষ্টম গৃহে খারিজ জায়দা থাকিলে এই বোধ হইবে যে, চৌর্য্যদ্রব্য চোরের গৃহ হইতে

অন্যস্থানে গিয়াছে, তাহা চোরের গৃহে নাই। এই প্রকারে চৌর প্রশ্ন কথিত হইল।

## অথ ঋণমুক্তি প্রশ্নঃ।

অষ্টম গৃহে ঋণমুক্তির বিবেচনা করিতে হয়। আমি ঋণ মুক্ত হইতে পারিব কি আমার ঋণ বৃদ্ধি হইবে? এই প্রকার প্রশ্ন হইলে দৈবজ্ঞ পাশকক্ষেপণ করিয়া শিকল প্রস্তুত করিয়া লইবে। যদি শিকলের প্রথম গৃহে কব্জুলদাখিল, দ্বিতীয়ে অতবেদাখিল ও অষ্টমে ওকলা থাকে, তাহা হইলে নিশ্চয় শীঘ্র ঋণমুক্তি হইবে। আর যদি দ্বিতীয়ে খারিজ ও অষ্টমে শুভ জায়দা থাকে তবে কিঞ্চিৎকাল বিলম্বে ঋণমুক্তি হইবে, জানা যায়। এবং যদি আদ্যগৃহে হুমরা, দ্বিতীয়ে অঙ্কীশ ও তৃতীয় গৃহে ওকলা থাকে, তবে ঋণমুক্তি হইবে না, বরং উত্তরোত্তর ঋণ বৃদ্ধি হইতে থাকিবে।

## অথ বিদেশগতস্য শুভাশুভপ্রশ্নঃ।

নবম গৃহে বিদেশস্থ ব্যক্তির শুভাশুভ বিবেচনা করিতে হয়। বিদেশস্থ ব্যক্তি জীবিত আছে, কি মরিয়াছে? এইরূপ প্রশ্ন হইলে পাশকদ্বারা শিকল প্রস্তুত করিয়া তাহার প্রথম গৃহ হইতে পঞ্চদশ গৃহপর্য্যন্ত সমস্ত জায়দার শূন্য গণনা করিয়া লইবে। যদি ঐ শূন্যসংখ্যা ৩২ এর অধিক হয়, তাহা হইলে বিদেশস্থ ব্যক্তি জীবিত আছে নিশ্চয় করিবে। আর যদি ঐ শূন্যসংখ্যা ৩২ এর ন্যূন হয়, তবে ঐ ব্যক্তির মরণ হইয়াছে এবং শূন্যসংখ্যা ৩২ হইলে অতিকষ্টে আছে, ইহাই দৈবজ্ঞ বলিবে, আর আদ্যগৃহে শুভ জায়দা থাকিলে কিয়ৎকাল পরে কষ্ট নিবারণ হইয়া সুখ হইবে।

## অথ জয়পরাজয়প্রশ্নঃ।

দশমগৃহে জয়পরাজয় বিচার করিতে হয়। পাশকদ্বারা শিকল করিয়া তাহার প্রথমগৃহে বাদীর, সপ্তম গৃহে বিবাদীর এবং দশমগৃহে রাজার বিষয় বিবেচনা করিবে। শিকলের প্রথম ও দশম জায়দা হইতে একটি জায়দা প্রস্তুত করিয়া দেখিবে যে, যদি ঐ জায়দা শুভ হয়, তবে বিবাদী জয়ী হইবে। এবং ঐ জায়দা অশুভ হইলে বিবাদীর জয় জানিবে। এইরূপ সপ্তম ও দশম জায়দা হইতে একটি জায়দা করিলে যদি তাহা শুভ হয় তবে বিবাদীর এবং অশুভ হইলে বাদীর জয় স্থির করিবে। উক্ত উভয় জায়দা তুল্য হইলে উভয়ের সন্ধি অথবা জায়দায় বলাবল অনুসারে জয় পরাজয় স্থির করিবে। প্রথমগৃহে শুভ জায়দা থাকিলে বাদী ও সপ্তমগৃহে শুভ জায়দা থাকিলে প্রতিবাদী জয়ী হইবে জানা যায়। উভয় গৃহ শুভ হইলে উভয়ের সন্ধি ও উভয় জায়দা অশুভ হইলে উভয়ের পরাজয় স্থির করিবে। আর যাহার ধনগৃহের খণ্ডা খারিজ হইবে, বিবাদে তাহার অধিক ধন ব্যয় হইবে এবং যাহার ধনগৃহের জায়দা দাখিল হইবে, বিচারে তাহার লাভ হইবে।

## অথ ভোজনপ্রশ্নঃ।

আমি অদ্য ভোজন করিয়াছি কি না? এইরূপ প্রশ্ন হইলে পাশকক্ষেপণ করিয়া শিকল প্রস্তুত করিয়া বিচার করিবে। যদ্যপি শিকলের দশম গৃহে অশুভ জায়দা হয় এবং দশমগৃহ ঐ জায়দার শত্রুস্থান হয়, তাহা হইলে ভোজন হয় নাই, নিশ্চয় করিবে। ইহার অন্যথা হইলে উত্তম ভোজন হইয়াছে নিশ্চয় করিবে। আর যদি দশমগৃহে আগ্নেয় খণ্ডা এবং দশম গৃহের খণ্ডাটি আগ্নেয়গৃহে থাকে, তবে কেবল ইক্ষুজাত শর্করা ভোজন করিয়াছে জানা যায়। ঐ খণ্ডাটি বায়ুগৃহে থাকিলে মিষ্টমিশ্রিত গব্য দধি দুগ্ধাদি ভোজন বুঝায়। এবং জলীয়গৃহে থাকিলে মিষ্টান্ন সহিত ফলাদি ভোজন জানা যায়। পার্থিবগৃহে থাকিলে মিষ্টান্ন মিশ্রিত রুক্ষচূর্ণ ও মিষ্টমিশ্রিত পিষ্টক ভোজন হইয়াছে বলিবে। এইরূপে গৃহের তত্ত্ব অনুসারে ভোজনদ্রব্য স্থির করিতে হইবে। যদি দশম খণ্ডাটি ইস্তমাতের ঘরে থাকে, তবে সর্ব্বরসান্বিত বিচিত্রভোজন বুঝায়। দশম গৃহে সূর্য্যের জায়দা থাকিলে তিলসংযুক্ত কটুব্যঞ্জন, চন্দ্রের জায়দা থাকিলে লবণান্বিত শাল্যোদন, মঙ্গলের জায়দা থাকিলে চনক সংযুক্ত তিক্তদ্রব্য, বুধের খণ্ডা থাকিলে মুদ্গমিশ্রিত মিশ্ররসদ্রব্য, বৃহস্পতির খণ্ডা থাকিলে মিষ্টমিশ্রিত গোধূম, শুক্রের খণ্ডা থাকিলে অম্ল রসান্বিতদ্রব্য, শনির জায়দা থাকিলে কষায় রসযুক্ত মাষকলাই এবং রাহুকেতুর খণ্ডা থাকিলেও মাষাদি ভোজন হইয়াছে বলিবে।

## অথ মনোরথ সিদ্ধি প্রশ্নঃ।

একাদশগৃহে মনোরথসিদ্ধি প্রশ্ন বিবেচনা করিবে। আমার আশা পূর্ণ হইবে কি না? এইরূপ প্রশ্ন হইলে পাশকদ্বারা শিকল প্রস্তুত করিয়া তাহার আদ্য ও একাদশ জায়দা হইতে একটি এবং আদ্য ও চতুর্দ্দশ খণ্ডা হইতে একটী এই দুই জায়দা করিয়া ঐ দুই জায়দা হইতে একটি নূতন জায়দা করিয়া বিচার করিবে। যদি এই নূতন খণ্ডাটি শিকলে দৃষ্ট হয় তাহা হইলে আশা

সফল হইবে জানা যায় এবং ঐ জায়দা শিকলে না থাকিলে আশাপূর্ণ হইবে না। পূর্ব্বকৃত নূতন জায়দাটি শিকলদ্বয়ের যে ঘরে থাকিবে সেই ঘরের শুভাশুভাদি ভাবদৃষ্টে আশাসিদ্ধির বিশেষ বিবরণ জানিতে পারিবে।

## অথ বন্ধমোক্ষ প্রশ্নঃ।

দ্বাদশগৃহে বন্ধন মোচন বিবেচনা করিবে। কোন ব্যক্তির বন্ধনমোচন হইবে কি না? এই প্রশ্ন হইলে পাশকদ্বারা শিকল প্রস্তুত করিয়া বিচার করিবে। যদি শিকলের দ্বাদশ খণ্ডা খারিজ হয়, তাহা হইলে বন্ধন মোচন হইবে জানা যায়। দাখিল হইলে বন্ধন মোচন হইবে না, সাবিত হইলে চির-কালে মোচন হইবে। এবং ঐ দ্বাদশ জায়দা মুনক্লীব হইলে বদ্ধ ব্যক্তিকে আর অধিক দিন বন্ধনে থাকিতে হইবে জানা যায়। যদি শিকলের চতুর্থে ও দ্বাদশে খারিজ এবং পঞ্চদশে ওকলা হয়, তবে বন্ধন মোচন হইবে না এবং বদ্ধ ব্যক্তির অন্তদেশে গমন হইয়া মৃত্যু হইয়া থাকে। এই প্রকারে দ্বাদশ গৃহে বিশেষ বিবরণ বলা হইল, অন্যান্য বিশেষ বিবরণ জায়দার ভাব বিবেচনায় জ্ঞাত হইবে।

## অথ কার্য্যাবধিজ্ঞানং।

প্রশ্ন খণ্ডার অঙ্ক দৃষ্টে কতকালে কার্য্যসিদ্ধি হইবে তাহা নিশ্চয় করিতে হইবে। খণ্ডা সকলের অঙ্ক কথিত হইতেছে। ফরহার ১, লহীয়ানের ৩, অতবেদাখিলের ৬, অবযাজের ১০, তারিখের ১৫, কব্জুলখারিজের ২১, হুমরার ২৮, অঙ্কীশের ৩৬, নক্রতুলখারিজের ৪৫, ওকলার ৫৫, ইস্তমাতের ৬৬, নক্রতুল দাখিলের ৭৮, অতবেখারিজের ৯১, নকীর ১০৫, কব্জুলদাখি-লের ১২০, জমাএতের ১৩৬। এই সকল খণ্ডাঙ্ক দৃষ্টে কার্য্য-সিদ্ধির কালস্থির করিতে পারিবে।

## অথ রুদ্ধপ্রস্তারোদ্ঘাটন।

শিকলের প্রথমগৃহে জমাএত হইলে তাহাকে বদ্ধ জায়দা বলে। যখন এইরূপ বদ্ধ জায়দা হইবে, সেই সময় দৈবজ্ঞ প্রশ্ন বলিবে না, সময়ান্তরে পুনর্ব্বার শিকল প্রস্তুত করিয়া প্রশ্ন বিচার করিবে। পঞ্চদশগৃহে জমাএত হইলেও বদ্ধ জায়দা হয়, এইরূপ স্থলে জায়দা খুলিয়া কার্য্য করিবে। জায়দা খুলিবার নিয়ম এই। শিকলের আদ্য ও ত্রয়োদশ জায়দা হইতে একটী, চতুর্থ ও চতুর্দ্দশ হইতে একটী, সপ্তম ও পঞ্চদশ হইতে একটি এবং দশম ও ষোড়শ জায়দা হইতে একটি এইরূপে চারি জায়দা প্রস্তুত করিয়া এই চারি জায়দা হইতে নূতন শিকল করিয়া প্রশ্ন বিচার করিবে। এইরূপ শিকল করিলেও যদি তাহার পঞ্চদশ-গৃহে জমাএত হয়, তাহা হইলে নিম্নলিখিত প্রক্রিয়াদ্বারা নূতন শিকল করিয়া কার্য্য করিবে। শিকলের প্রথম চারি খণ্ডা এবং লহীয়ান, হুমরা, অবযাজ, ও অঙ্কীশ এই চারি জায়দা হইতে অপর চারি জায়দা প্রস্তুত করিয়া তাহা হইতে শিকল করিবে। ইহাকে জায়দা খোলা বলে। প্রশ্নখণ্ডা যদি মিয়াজ পংক্তিতে স্বীয়গৃহে থাকে, তাহা হইলে প্রশ্নখণ্ডার অধিপতি যে গৃহ হইবে সেই বারে কার্য্যসিদ্ধি জানিতে হইবে। আর প্রশ্নখণ্ডা মিয়াজ পঙ্ক্তিতে স্বীয়গৃহে না থাকে তবে প্রশ্নগৃহের দ্বাদশগৃহদ্বারা কার্য্যসিদ্ধির বার স্থির করিবে।

## অথ মুষ্টিপ্রশ্নঃ।

মুষ্টি মধ্যে কোন দ্রব্য আছে কি না? এইরূপ প্রশ্ন হইলে যে প্রকারে উত্তর করিতে হইবে, তাহা কথিত হইতেছে। পাশকক্ষেপণদ্বারা শিকল প্রস্তুত করিয়া দেখিবে যে, এই শিকল মধ্যে যদি হুম্রা ও নকী এই দুই জায়দা থাকে, তাহা হইলে মুষ্টি মধ্যে দ্রব্য আছে নিশ্চয় করিবে। এবং শিকল মধ্যে যদি উক্ত দুইটি জায়দার একটিও না থাকে, তবে মুষ্টিতে কোন দ্রব্য নাই জানিবে। অথবা ঐ দুই জায়দা যদি শিকলের বহুস্থানে থাকে, তবে মুষ্টি মধ্যে অনেক বস্তু আছে বলিবে। মতান্তরে শিকল মধ্যে যদি চতুর্থ ও ষষ্ঠ গৃহে দাখিল ও সাবিত জায়দা থাকে তবে মুষ্টি মধ্যে বস্তু আছে স্থির করিবে। অনেক মনুষ্য একত্র থাকিলে কোন ব্যক্তির মুষ্টিতে দ্রব্য আছে, তাহা নিশ্চয় করিতে হইলে প্রথমতঃ দৈবজ্ঞ আপনার সম্মুখে সেই মনুষ্য-দিগকে পঙ্ক্তিক্রমে নিবেশিত করিবে। এক পঙ্ক্তিতে দশজনের অধিক রাখিবে না, দশজনের অধিক হইলে পৃথক পঙ্ক্তিতে স্থাপন করিতে হইবে। তৎপরে পাশকক্ষেপণ করিয়া শিকল নির্ম্মাণ করিবে। এই শিকলের সপ্তম গৃহে যে জায়দা হইবে অগ্রহ পঙ্ক্তিক্রমে সেই জায়দার শূন্যাঙ্ক গ্রহণ করিবে। যদি শিকলের নবম গৃহে দাখিল বা সাবিত জায়দা থাকে তবে দক্ষিণ হস্তে ঐ অঙ্ক সংখ্যা গণনা করিবে। এই রূপ গণনা করিয়া ঐ মনুষ্য পঙ্ক্তির যাহার উপরে অঙ্ক শেষ হইবে, সেই ব্যক্তির মুষ্টিতে দ্রব্য আছে। আর যদি শিকলের নবমে খারিজ বা মুনক্লীব জায়দা থাকে, তবে বামহস্তে গণনা করিবে।

দক্ষিণ হস্তের মুষ্টিতে কিম্বা বাম হস্তের মুষ্টিতে বস্তু আছে?

এইরূপ প্রশ্ন হইলে শিকল প্রস্তুত করিয়া বিচার করিবে। যদি শিকলের ষষ্ঠ, নবম ও পঞ্চম গৃহে দাখিল কিম্বা সাবিত জায়দা থাকে, তাহা হইলে দক্ষিণ হস্তের মুষ্টিতে দ্রব্য আছে, বলিবে। আর যদি শিকলের ঐ সকল গৃহে খারিজ কিম্বা মুনক্লীব জায়দা দৃষ্ট হয়, তবে বামহস্তের মুষ্টিতে দ্রব্য আছে, জানাযায়। অথবা শিকলের পঞ্চম ও ষষ্ঠ জায়দা হইতে একটি জায়দা করিয়া বিচার করিবে। এই জায়দা দাখিল বা সাবিত হইলে দক্ষিণহস্তের এবং খারিজ বা মুনক্লীব হইলে বাম হস্তের মুষ্টিতে দ্রব্য আছে বোধ হয়।

মুষ্টি মধ্যে কিপ্রকার দ্রব্য আছে, তাহা নিশ্চয়ের প্রক্রিয়া কথিত হইতেছে। শিকলের প্রথম গৃহে দ্রব্য কঠিন কি মৃদু, দ্বিতীয় গৃহে দ্রব্যের বর্ণ, তৃতীয়গৃহে দ্রব্যের স্বরূপ, চতুর্থ গৃহে দ্রব্য দীর্ঘ কি বর্তুল, পঞ্চম গৃহে দ্রব্যের মূল্য, ষষ্ঠ গৃহে দ্রব্যের গুরুত্বাদি পরিমাণ, সপ্তমে দ্রব্যসংখ্যা, অষ্টমে দ্রব্যের শক্রতা, নবমে দ্রব্য পূর্ণ কি খণ্ডিত, দশমে খাদ্য কি অখাদ্য, একাদশ গৃহে দ্রব্যনির্ম্মাণ, দ্বাদশগৃহে মূলাদি বিবেচনা করিবে। দ্রব্য ধাতু, মূল কি জীব এই বিষয় অষ্টম গৃহ দৃষ্টে বিচার করিতে হইবে। যে খণ্ডা দৃষ্টে যে প্রশ্নের উত্তর করিবে তাহার সপ্তমখণ্ডাদ্বারা সেই পদার্থ কিম্বা তাহার সম্ভাবনা বলিবে। দুই পদার্থের বিরুদ্ধভাব সম্ভব হইলে, সেই দুই খণ্ডা হইতে একটি নূতন জায়দা করিয়া ফল স্থির করিতে হইবে।

পূর্ব্বে যে, গৃহবিশেষে দ্রব্যবিশেষের কথা বলা হইয়াছে, তাহার বিশেষ বিবরণ কথিত হইতেছে। দ্বিতীয় গৃহে আগ্নেয় খণ্ডা থাকিলে কান্তিযুক্ত বর্ণ বলিবে। প্রথম গৃহে জলীয় খণ্ডা থাকিলে মুষ্টি মধ্যে মৃত্তিকার কন্দুকাদি, এবং অবযাজ জায়দা থাকিলে দৃঢ় রজ্জুবৎ পদার্থ বলিতে হইবে। তৃতীয় গৃহে অবযাজ থাকিলে মধ্যশূন্যবস্তু বুঝাইবে। তারিখ জায়দা তৃতীয়ে বা নবমে হইলে সচ্ছিদ্র, সূক্ষ্মচিহ্নযুক্ত, চিত্রিত, অঙ্কিত, বস্তু জানাযাইবে। এবং তৃতীয়ে কি নবমে নকী কিম্বা ফরহা থাকিলে সচ্ছিদ্র ত্রিকোণ বস্তু বলিবে। তৃতীয় ও প্রথম গৃহে ওকলা থাকিলে বস্ত্র কিম্বা বল্কল বেষ্টিত দ্রব্য, নবমে বায়ুখণ্ডা থাকিলে লোমান্বিত বস্তু, চতুর্দ্দশ গৃহে ওকলা থাকিলে অগ্নিদগ্ধ দ্রব্য বলিবে। এই প্রকারে মুষ্টিগত দ্রব্যের প্রকার কথিত হইল। এইক্ষণে খণ্ডা সকলের লক্ষণ কথিত হইতেছে। লহীয়ান, নক্রুতুল-দাখিল, অতবেদাখিল, অবযাজ, ইস্তমাত ও ফর্হা এই সকল খণ্ডা মৃদু। নকী, অতবেখারিজ, জমাএত, হুমরা, নক্রুতুল-খারিজ, কব্জুলদাখিল, এই সকল জায়দা কঠোর। অক্কীশ, ওকলা, কব্জুলখারিজ ও তারিখ, এই সকল খণ্ডা মিশ্রিত।

জায়দা সকলের বর্ণ কথিত হইতেছে। লহীয়ান পীত ও রক্ত বর্ণ, অতবেখারিজ পীত ও শ্যামবর্ণ, কব্জুলদাখিল শ্বেত ও শ্যামবর্ণ, কব্জুলখারিজ শ্বেত ও কৃষ্ণবর্ণ, অক্কীশ কৃষ্ণবর্ণ ও শ্যামবর্ণ, অবযাজ শ্বেতবর্ণ, জমাএত গোধূমবর্ণ, হুমরা রক্তবর্ণ, নক্রুতুলখারিজ পীতবর্ণ, ইস্তমাত হরিতবর্ণ, নক্রুতুল-দাখিল শ্যামবর্ণ, ফরহা শ্বেত, পীত, শ্যাম মিশ্রিতবর্ণ, অতবে-দাখিল শ্বেত হরিত ও শ্যামবর্ণ, নকী পীত, হরিত ও শ্যামবর্ণ, তারিখ হরিত, শ্বেত শ্যামবর্ণ। লহীয়ান্ দীর্ঘ, কবজুলদাখিল বর্তুল, কব্জুলখারিজ দীর্ঘ, জমাএত দীর্ঘচতুরস্র, ফরহা ও ওকলা বর্তুল, অক্কীশ অসমান, হুমরা বর্তুল, অবযাজ দীর্ঘ ও বিস্তৃত, নক্রুতুলখারিজ দীর্ঘ, নক্রুতুলদাখিল বিস্তীর্ণ, অতবে-খারিজ দীর্ঘ, নকী বিস্তীর্ণ, অতবেদাখিল ও ইস্তমাত বর্তুল, তারিখ বিস্তীর্ণ।

লহীয়ান, নক্রুতুলখারিজ, ও অতবেখারিজ এই সকল জায়দাতে নগরে ও অরণ্যে বাস বুঝায়, তারিখে কৃষিস্থানে, কব্জুলদাখিল ও জমাএতে সোনা রূপাবিক্রয়স্থলে, অক্কীশে ও ইস্তমাতে হাটে, নকীতে বনে ও গ্রামে, অতবেদাখিলে বনবৃক্ষে, নক্রুতুলদাখিল উদ্যানে ও পাঠশালাতে, অবযাজে ক্ষেত্রে, উদ্যানে ও প্রবাসে, কব্জুলখারিজে বনে ও পর্ব্বতে, ফরহাতে নৃত্যালয়ে ও উদ্যানে, ওকলাতে অন্ধকারস্থানে, হুমরাতে অস্ত্র ও বৈদ্যস্থানে বাস জানাযায়। লহীয়ান ও নক্রুতুলদাখিল এই জায়দায় অধিক মূল্য, অবযাজে মধ্যমূল্য দুই ওকলতে, তারিখে ও কব্জুলদাখিলে সমমূল্য, নকী, অতবেখারিজ, কব্জুলখারিজ জমাএত ও অক্কীশ এই সকল জায়দাতে মূল্যহীন, ফরহা, হুমরা, ইস্তমাত ও অতবেদাখিলে অল্প মূল্য বলিবে।

অগ্নি ও বায়ুতত্ত্বের খণ্ডাতে অল্পভার এবং জল ও পৃথ্বীতত্ত্বের খণ্ডাতে অধিক ভার বোধ হয়। লহীয়ান, কব্জুলখারিজ, এই সকল জায়দায় কটু ও তীক্ষ্ণরস জানা যায়। হুমরা, ফরহা, ইস্তমাত ও অতবেদাখিল এই সকল জায়দায় মিষ্টান্ন, অবযাজে ক্ষার, তারিখেতিক্ত, জমাএত, ওকলা, ও কব্জুলদাখিলে মিষ্টান্ন, নকীতে ক্ষাররস ও অক্কীশে অম্লরস জানিবে।

## অথ মূলধাতু জীবজ্ঞানং।

কব্জুলদাখিল, জমাএত, ওকলা, অক্কীশ, অবযাজ, নক্রুতুল দাখিল, নকী ও তারিখ এই সকল জায়দায় মূল; লহীয়ান,

কব্জুলথারিজ, নক্রত্তুলথারিজ, ও অতবেথারিজ এই সকল জায়দায় ধাতু; ফরহা, হোম্রা, অতবেদাখিল, ও ইস্তমাত এই সকল জায়দায় জীব জানিবে। মুষ্টি প্রশ্নের যে সকল বিষয় লিখিত হইল দৈবজ্ঞ এই সকল বিশেষ রূপ বিবেচনা করিয়া প্রশ্নের উত্তর করিবে।

## অথমূকপ্রশ্নঃ।

পাশকক্ষেপণ করিয়া শিকল প্রস্তুত করিয়া তাহার আদ্য ও ত্রয়োদশ খণ্ডা হইতে একটী নূতন জায়দা করিয়া বিচার করিবে। যদি এই নূতন খণ্ডাটি শিকলে দৃষ্ট হয়, তাহা হইলে প্রশ্নকর্ত্তার নিজ প্রশ্ন বলিতে হইবে। আর ঐ খণ্ডা শিকলে না থাকিলে অন্যসম্বন্ধীয় প্রশ্ন জানিবে। এই নূতনজায়দা শকুন পঙ্‌ক্তির যে গৃহের খণ্ডা হইবে, সেই গৃহ দৃষ্টে মূকপ্রশ্নের বিচার করিবে। মূকপ্রশ্নের এই প্রথম প্রকার বলা হইল, এই ক্ষণ প্রকারান্তর কথিত হইতেছে। শিকলের আদ্য হইতে ষোড়শখণ্ডাপর্য্যন্ত সকল জায়দার শূন্য গণনা করিয়া যত হইবে তাহা ১৬. দিয়া ভাগ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে শিকলের ততসংখ্যক গৃহে মূকপ্রশ্নের বিচার করিবে। ত্রয়োদশ, চতুর্দ্দশ, পঞ্চদশ, ষোড়শ, আদ্য, দ্বিতীয়, তৃতীয়, ও চতুর্থ, এই সকল গৃহে প্রশ্নের সংস্থান জানিবে। এইটি মূকপ্রশ্নের দ্বিতীয় প্রণালী। মূকপ্রশ্নের অন্যান্য প্রণালী আছে।

## অথ চোরের নাম কথন প্রকার।

প্রথমত চোরের নামে কত অক্ষর আছে তাহা নির্ণয় করিয়া, পরে নামের অক্ষর নির্ণয় করিবে। পাশকদ্বারা শিকল প্রস্তুত করিয়া লইবে। এইক্ষণ কোন গৃহে ফরহা আছে, তাহা দৃষ্টি করিয়া প্রশ্নের উত্তর করিতে হইবে। শিকলের প্রথম গৃহে ফরহা থাকিলে চোরের নামে সপ্ত অক্ষর আছে জানিবে। এই দ্বিতীয় গৃহে ফরহা থাকিলে চোরের নামে দুই বর্ণ, তৃতীয় গৃহে তিন বর্ণ, চতুর্থ গৃহে চারি বর্ণ, পঞ্চম গৃহে পাঁচ বর্ণ, ষষ্ঠ গৃহে ছয় বর্ণ, সপ্তম গৃহে সপ্ত বর্ণ, অষ্টমে ছয় বর্ণ, নবমে পঞ্চ বর্ণ, দশমে চারি বর্ণ, একাদশে তিন বর্ণ, দ্বাদশে সপ্ত বর্ণ চোরের নামে আছে, স্থির করিবে। ত্রয়োদশ গৃহে ফরহা থাকিলে দ্বিতীয় গৃহে যে খণ্ডা আছে, অব্জহ পঙ্‌ক্তিক্রমে তাহার অঙ্ক সংখ্যা যত হইবে, তত সংখ্যক বর্ণ চোরের নামে জানিবে। এবং চতুর্দ্দশ ও ষোড়শ গৃহে ফরহা থাকিলে চোরের নামে চারি বর্ণ আছে স্থির করিবে। যদি শিকলের দুই তিন গৃহে ফরহা থাকে, তাহা হইলে যে গৃহ অধিক বলযুক্ত হইবে, তাহার অঙ্কানুসারে চোরের নামাক্ষর সংখ্যা স্থিরকরিবে। আর যদি শিকলে ফরহা খণ্ডা না থাকে, তাহা হইলে অব্জহ পঙ্‌ক্তির ক্রমে প্রথম গৃহের অঙ্ক সংখ্যা যত হইবে, চোরের নামে তত অক্ষর নিশ্চয় করিবে। এই প্রকারে চোরের নামাক্ষর সংখ্যা কথিত হইল। এইক্ষণ সেই সকল অক্ষরানয়ন প্রণালী কথিত হইতেছে। শিকলের আদ্য ও ত্রয়োদশ জায়দা হইতে একটী নূতন জায়দা করিয়া চোরের নামাক্ষর উদ্ধার করিবে। এই নূতন জায়দা বিজদহপঁক্তির যত সংখ্যক গৃহে থাকিবে নিম্ন অঙ্কিত চক্রের উপরি হইতে তত সংখ্যক পঙ্‌ক্তি গণনা করিবে। এবং ঐ নূতন জায়দা নির্ম্মিত শিকলের যত সংখ্যক গৃহে দৃষ্ট হইবে, চক্রের উপরি পঙ্‌ক্তির তত সংখ্যক গৃহ গ্রহণ করিবে, পরে এই দুই পঙ্‌ক্তির মিলন স্থলে যে বর্ণ প্রাপ্ত হইবে সেই বর্ণ চোরের নামের আদ্য বর্ণ হইবে। এই প্রকারে নামের প্রথম বর্ণ স্থির করিয়া নিম্নলিখিত প্রকারে নামের দ্বিতীয় বর্ণ আনয়ন করিবে। শিকলের চতুর্থ ও চতুর্দ্দশ জায়দা হইতে একটী নূতন জায়দা করিয়া এই জায়দা বিজদহ পঙ্‌ক্তির যত সংখ্যক গৃহে ও নির্ম্মিত শিকলের যত সংখ্যক গৃহে দৃষ্ট হইবে সেই দুইঅঙ্ক লইয়া পূর্ব্ববৎ কার্য্য করিলে যে বর্ণ হইবে সেই বর্ণই নামের দ্বিতীয় বর্ণ জানিবে। উৎপন্ন খণ্ডা নির্ম্মিত শিকলে না থাকিলে বিজদহ পঙ্‌ক্তির অঙ্ক লইয়া কার্য্য করিবে।

তৃতীয় বর্ণ আনয়নের প্রণালী এই—শিকলের সপ্তম ও পঞ্চদশ খণ্ডা হইতে একটী নূতন জায়দা করিয়া পূর্ব্বপ্রণালীক্রমে চোরের নামের তৃতীয় বর্ণ স্থির করিবে। এইপ্রকার দশম ও ষোড়শ জায়দা হইতে নূতন জায়দা করিয়া তাহার অঙ্কদ্বার চক্র দৃষ্টে নামের চতুর্থ বর্ণ জানিতে পারিবে।

চোরের নামের পঞ্চম বর্ণ আনয়নের বিধি—শিকলের প্রথম তৃতীয়, পঞ্চম, সপ্তম, নবম, একাদশ ওপঞ্চদশ এই সকল গৃহের শূন্য গণনা করিয়া একত্র যোগ করিবে পরে এই যুক্তাঙ্ককে ১৬ দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা বিজদহ পঙ্‌ক্তির প্রথমাদি গৃহে বসাইবে, যে গৃহে তাহা শেষ হইবে সেই গৃহের খণ্ডা লইয়া পূর্ব্ববৎ কার্য্য করিলে নামের পঞ্চম বর্ণ পাওয়া যাইবে।

ষষ্ঠ বর্ণ আনয়নের বিধি—কেন্দ্র অর্থাৎ শিকলের প্রথম চতুর্থ, সপ্তম ও দশম এই চারি জায়দার শূন্য ও রেখাঙ্ক সকল যোগ করিয়া তাহাকে ১৬ দিয়া ভাগ করিলে যত অবশি

থাকিবে বিজদহ পঙ্ক্তির প্রথম গৃহ হইতে সেই অঙ্ক বসাইবে, যে ঘরে এই অঙ্ক শেষ হইবে সেই ঘরের জায়দা লইয়া পূর্ব্ববৎ কার্য্য করিয়া ষষ্ঠ বর্ণ স্থির করিবে।

সপ্তম বর্ণ আনয়নের বিধি—শিকলের ত্রয়োদশ, চতুর্দ্দশ, পঞ্চদশ ও ষোড়শ এই চারি জায়দার শূন্য ও রেখার সংখ্যা যোগ করিয়া পূর্ব্ববৎ ১৬ দ্বারা ভাগ দিয়া কার্য্য করিবে। এইপ্রকারে চোরের নামের অক্ষর সকল নির্ণয় করিয়া স্ববুদ্ধিদ্বারা জাতি অনুসারে চোরের নাম বলিবে।

## নামাক্ষরানয়নের উদাহরণ।

পাশকক্ষেপণদ্বারা শিকল করিয়া তাহার প্রথম ও ত্রয়োদশ জায়দা হইতে নূতন জায়দা করিলে ওকলা নামক জায়দা পাওয়া গেল। এই ওকলা বিজদহপঙ্ক্তির দশম গৃহে এবং নির্ম্মিত শিকলের ষষ্ঠ গৃহে আছে। অতএব বিজদহপঙ্ক্তির গৃহাঙ্ক ১০ দশ ও নির্ম্মিত শিকলের গৃহাঙ্ক ৬ ছয় পাওয়া গেল। এইক্ষণ চক্রের উপরিস্থিত পঙ্ক্তি হইতে নিম্নদিকে গণনা করিয়া দশমপঙ্ক্তি ও উপরিস্থিত পঙ্ক্তির দক্ষিণাভিমুখে গণনা করিয়া ষষ্ঠপঙ্ক্তি এই দুই পঙ্ক্তির সন্ধিস্থলে স আছে, অতএব চোরের নামের প্রথম অক্ষর স জানা গেল।

## দ্বিতীয়বর্ণ আনয়নের উদাহরণ।

শিকলের চতুর্থ ও চতুর্দ্দশ জায়দা হইতে নূতন জায়দা

| আলফ | বে | জীম | দাল | হেচ্ছোটী | বার | জে | হেবড়ী | তোয় | যে | কাফ | মকর | জবালা | মোম | নূন | সীন | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| • • — • | • — — — | — • • • | — — • — | • • • • | • — • — | — • — — | — — — • | • • — — | • — — • | — • • — | — — • • | • • • — | • — • • | — • — • | — — — — | | |
| অ ১ | ব ২ | জ ৩ | দ ৪ | হ ৫ | ব ৬ | জ ৭ | হ ৮ | ত্ব ৯ | য ১০ | ক ২০ | ল ৩০ | ম ৪০ | ন ৫০ | স ৬০ | অ ৭০ | ১ | ঐন |
| ব | জ | দ | হ | ব | জ | হ | ত্ব | য | ক | ল | ম | ন | স | অ | ফ ৮০ | ২ | |
| জ | দ | হ | ব | জ | হ | ত্ব | য | ক | ল | ম | ন | স | অ | ফ | স ৯০ | ৩ | স্বাদ |
| দ | হ | ব | জ | হ | ত্ব | য | ক | ল | ম | ন | স | অ | ফ | স | ক ১০০ | ৪ | কাফবড়া |
| হ | ব | জ | হ | ত্ব | য | ক | ল | ম | ন | স | অ | ফ | স | ক | র ২০০ | ৫ | |
| ব | জ | হ | ত্ব | য | ক | ল | ম | ন | স | অ | ফ | স | ক | র | শ ৩০০ | ৬ | শীনবড়ী |
| জ | হ | ত্ব | য | ক | ল | ম | ন | স | অ | ফ | স | ক | র | শ | ত ৪০০ | ৭ | |
| হ | ত্ব | য | ক | ল | ম | ন | স | অ | ফ | স | ক | র | শ | ত | স ৫০০ | ৮ | সে |
| ত্ব | য | ক | ল | ম | ন | স | অ | ফ | স | ক | র | শ | ত | স | ষ ৬০০ | ৯ | স্বে |
| য | ক | ল | ম | ন | স | অ | ফ | স | ক | র | শ | ত | স | ষ | য ৭০০ | ১০ | |
| ক | ল | ম | ন | স | অ | ফ | স | ক | র | শ | ত | স | ষ | য | জ ৭০০ | ১১ | জাল |
| ল | ম | ন | স | অ | ফ | স | ক | র | শ | ত | স | ষ | য | জ | জ্ব ৮০০ | ১২ | জাদ |
| ম | ন | স | অ | ফ | স | ক | র | শ | ত | স | ষ | য | জ | জ্ব | গ ৯০০ | ১৩ | জ্বোয় |
| ন | স | অ | ফ | স | ক | র | শ | ত | স | ষ | য | জ | জ্ব | গ | অ | ১৪ | |
| স | অ | ফ | স | ক | র | শ | ত | স | ষ | য | জ | জ্ব | গ | অ | ব ১০০ | ১৫ | রৌন |
| অ | ফ | স | ক | র | শ | ত | স | ষ | ষ | জ | জ্ব | গ | অ | ব | জ | ১৬ | |

করিলে অন্তীশ পাওয়া গেল, এই অন্তীশ বিজদহপঙ্ক্তির অষ্টম গৃহে আছে, কিন্তু নির্মিত শিকলের কোন গৃহেও অন্তীশ নাই, অষ্টম গৃহে কব্জুলদাখিল আছে, এই কব্জুলদাখিল চক্রের নবম গৃহে দেখা যায় এবং বিজদহপঙ্ক্তির নবম গৃহে কব্জুলখারিজ, অতএব চক্রের নিম্নে নবমপঙ্ক্তি ও উপরিভাগে অষ্টমপঙ্ক্তি লইয়া এই দুই পঙ্ক্তির মিলনস্থলের বর্ণ গ্রহণ করিলে অ পাওয়া গেল, সুতরাং চোরের নামের দ্বিতীয় অক্ষর অ নির্দ্ধারিত হইল।

তৃতীয় বর্ণ আনয়নের উদাহরণ—শিকলের সপ্তম ও পঞ্চদশ জায়গা হইতে নূতন জায়গা করিলে লহীয়ান হইল। এই লহীয়ান বিজদহ পঙ্ক্তির দ্বিতীয় গৃহে এবং নির্মিত শিকলের তৃতীয় গৃহে আছে, অতএব চক্রের নিম্নদিকের দ্বিতীয় পঙ্ক্তি এবং উপরিভাগের তৃতীয় পঙ্ক্তির মিলনস্থানে দ দেখা গেল, সুতরাং চোরের নামের তৃতীয় বর্ণ দ জানা গেল। এই প্রকারে সকল অক্ষর উদ্ধার করিয়া চোরের নাম নির্ণয় করিতে পারিবে।

## মতান্তরে চোর নির্ণয়।

সম্মুখস্থিত ব্যক্তি গণের মধ্যে কোন ব্যক্তি চোর, তাহা নিশ্চয় করণ প্রণালী কথিত হইতেছে। পাশকক্ষেপণদ্বারা পূর্ব্বকথিত প্রণালীতে শিকল করিবে। একটি সাধারণ ও অন্য একটি মুনক্বীব এই দুই শিকল করিয়া প্রশ্ন বিবেচনা করিবে। এইক্ষণ দেখিতে হইবে যে, দুই শিকলের মধ্যে কোন শিকলের কোন গৃহে জমাএত আছে। এক শিকলের যে গৃহে জমাএত থাকিবে, অপর শিকলের সেই গৃহে যদি দাখিল কিম্বা সাবিত জায়গা থাকে, তাহা হইলে সম্মুখস্থিত জনসমূহের মধ্যে চোর আছে নিশ্চয় করিবে। আর যদি ঐ প্রকারে খারিজ কিম্বা মুনক্বিব দৃষ্ট হয়, তবে সম্মুখে চোর নাই জানিতে হইবে। তৎপরে সম্মুবর্ত্তী জন সকলকে দুই ভাগে বিভক্ত করিয়া তাহার কোন ভাগে চোর আছে, তাহা পূর্ব্ববৎ শিকল করিয়া গণনাদ্বারা স্থির করিবে। এই প্রকারে পুনঃ পুনঃ দুইভাগ করিয়া কে চোর তাহা নির্ণয় করিতে পারিবে। আর যদি দ্বিতীয় শিকলের অষ্টমে জমাএত, দ্বিতীয়ে বা নবমে নকী ও প্রথম শিকলের অষ্টমে নকী দৃষ্ট হয় তাহা হইলে যে, ব্যক্তি প্রশ্ন করিয়াছে সেই ব্যক্তিকেই চোর বলিয়া নিশ্চয় করিবে। এইরূপে সম্মুখস্থ ব্যক্তিগণের মধ্যে কে চোর তাহা জানা যাইতে পারিবে।

অন্যপ্রকারে চোর নির্ণয় কথিত হইতেছে।—পূর্ব্ববৎ রমল পাতদ্বারা শিকল করিয়া গণনা করিবে। যদি নির্ম্মিত শিকলে নকী ও হুমরা দৃষ্ট হয়, তাহা হইলে সম্মুখস্থিত জন সমূহের মধ্যে চোর আছে নিশ্চয় করিবে। আর এই দুই জায়গা শিকলে না থাকে তবে ঐ সকল জনের মধ্যে চোর নাই স্থির করিবে। আর যদি উক্ত দুইটি জায়গার মধ্যে একটী জায়গা থাকে এবং তাহা বলবান হয়, তবে চোর আছে ও বলহীন হইলে চোর নাই জানিবে। সম্মুখস্থিত জনসমূহের মধ্যে চোর আছে নিশ্চয় হইলেঐ সকল জনকে দুইভাগ করিয়া পৃথক পৃথক শিকল করিয়া যে ভাগের শিকলে হুমরা ও নকী দৃষ্ট হইবে সেই ভাগে চোর আছে স্থির করিবে। এই প্রকারে পুনঃ পুনঃ ভাগ ও শিকল করিয়া গণনা করিলে জনসমূহের মধ্যে কোন ব্যক্তি চোর তাহা নিশ্চিত হইবে।

চৌর নির্ণয়ের মতান্তর কথিত হইতেছে—এই মতে গণনা করিলে নিশ্চয় চোর প্রকাশিত হইবে। দৈবজ্ঞ সম্মুখস্থ ব্যক্তি সকলকে পঙ্ক্তি ক্রমে দণ্ডায়মান করাইয়া রমলপাত পূর্ব্বক বিচার করিবে। শিকলের পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম এই তিন জায়গার বিজদহ পঙ্ক্তিক্রমে অঙ্ক গ্রহণ করিয়া যোগ করিবে। যোগজ অঙ্ক যত হইবে সেই অঙ্ক শ্রেণীস্থিত জনের প্রথম হইতে গণনা করিয়া। যাহার উপরি অঙ্ক শেষ হইবে, সেই ব্যক্তি চোর, ইহাই নিশ্চয় করিয়া লইবে। মনুষ্য সংখ্যা হইতে অঙ্ক সংখ্যা অধিক হইলে প্রথম হইতে পুনঃ পুনঃ গণনা করিবে। এইরূপে অনেক প্রকারে চোর নির্ণয়ের সঙ্কেত প্রণালী কথিত হইল দৈবজ্ঞ এই সকল সঙ্কেতদ্বারা সাবধান হইয়া প্রশ্নোত্তর করিবে।

## অথ বর্ষ ফলবিচার!

দৈবজ্ঞ সুস্নাত ও হর্ষসংযুক্ত হইয়া শোভন বেশ ধারণ করিয়া সুস্থির চিত্তে অভীষ্ট দেবতাকে নমস্কার ও গুরুদেবকে ধ্যান-করত সপ্তবার মন্ত্রপাঠ করিবে। তৎপরে সায়ন মেষগত রবিতে দিবসের পূর্ব্বভাগে পাশকদ্বয় ক্ষেপণ করিয়া পৃথিবীস্থ সমস্ত লোকের এবং দেশের শুভাশুভ বিবেচনা করিবে। অগ্রে মনুষ্যের বর্ষফল বিচার করা কর্ত্তব্য। শিকল প্রস্তুত করিয়া তাহার প্রথমাদি একাদশ গৃহে তনুধনাদি একাদশ ভাবের শুভাশুভ বিচার করিবে। তনুধনাদিভাবের গৃহ অশুভ হইলেও যদি শকুন পঙ্ক্তির স্বীয় গৃহে থাকে ও বলবান হয়, তাহা হইলে সেই ভাবের শুভফল বলিবে। এবং খারিজ, দাখিলাদি বিবেচনাতেও তনুধনাদি ভাবের শুভাশুভ পরিজ্ঞাত হইবে। শিকলের দ্বাদশ গৃহে দ্বাদশমাসের ফল নিরূপণ করিতে হয়, প্রথম গৃহে প্রথম মাসের, দ্বিতীয় গৃহে দ্বিতীয় মাসের ফল নির্ণয় করিবে এইরূপে অন্যান্য গৃহ দৃষ্টে অন্যান্য মাসের ফল স্থির

হইবে। মাস খণ্ডা শুভ হইলে শুভ ফল এবং অশুভ হইলে অশুভ ফল বলিবে। দুইটি খণ্ডা শুভ হইলে শুভ ফল এবং ইহার বিপরীতে অশুভ ফল জানিবে। এইরূপে মাস ফল উক্ত হইল, এইক্ষণ দশাফল কথিত হইতেছে।

পাশকক্ষেপণদ্বারা শিকলপ্রস্তুত করিয়া তাহার ত্রয়োদশ, দশম, একাদশ ও চতুর্দ্দশ এই চারি খণ্ডা লইয়া আর একটি নূতন শিকল করিবে, তৎপরে এই নূতন শিকলের প্রথম ও ত্রয়োদশ হইতে একটি; দ্বিতীয় ও দশম হইতে একটি; তৃতীয় ও ত্রয়োদশ হইতে একটি এবং চতুর্থ ও চতুর্দ্দশ হইতে একটি এই চারি জায়দা করিয়া তদ্দ্বারা আর এক শিকল প্রস্তুত করিবে। এই রূপ শিকলের সাবিত সংজ্ঞা হয়। যদি ইহাতে সাবিত না থাকে, তাহা হইলে পুনর্ব্বার ত্রয়োদশ, দশম, একাদশ, ও চতুর্দ্দশ জায়দা লইয়া শিকল করিবে। যাবৎকাল সাবিত না হয়, তাবৎ কাল পর্য্যন্ত পুনঃ পুনঃ এইরূপ করিবে। ছয় শিকলের অধিক সাবিত গমন করেনা। যদি প্রথমে সাবিত হয়, তাহা হইলে লাভ ও সুখ হয়। দ্বিতীয়ে সাবিত হইলে সুখ, তৃতীয়ে সাবিত হইলে ধন, চতুর্থে সাবিত হইলে মধ্য ফল, পঞ্চমে সাবিত হইলে ক্লেশ এবং ষষ্ঠে সাবিত হইলে অতিক্লেশ বলিবে।

স্থির শিকলের অঙ্ক সংখ্যাকে বর্ষ পরিমাণদ্বারা ভাগ করিয়া যাহা ভাগ ফল প্রাপ্ত হইবে, তাহা স্থূল দশা এবং এই দশাকে ১২ দিয়া ভাগ করিলে যে ভাগ ফল হইবে তাহা সূক্ষ্ম দশা হয়। এই শিকলের এক এক খণ্ডাতে পূর্ব্বোক্ত মাস বিচারের ন্যায় সূক্ষ্ম দশার বিচার করিবে। প্রথম খণ্ডাতে আদ্য দশা, দ্বিতীয় খণ্ডাতে দ্বিতীয়দশা এবং তৃতীয় খণ্ডাতে তৃতীয় দশার ফল বলিবে। এইরূপে শিকলের খণ্ডা সকল দৃষ্টে তাহার শুভাশুভাদি বিবেচনা করিয়া দশা ফল স্থির করিতে পারিবে।

এইক্ষণ সূক্ষ্মদশার ফলসাধনার্থ প্রকারান্তর কথিত হইতেছে। মাস খণ্ডা ও দশা খণ্ডা হইতে একটি খণ্ডা প্রস্তুত করিবে, এই খণ্ডার নাম ফল খণ্ডা। এই খণ্ডানুসারে সূক্ষ্মদশার ফল বলিবে। ঐ খণ্ডা যদি শুভ, শুভগৃহে পতিত ও বলযুক্ত হয়, তাহা হইলে শুভ ফল এবং ইহার বিপরীতে অশুভ ফল হইয়া থাকে।

অনন্তর বর্ষ, মাস ও দিন ফল কথিত হইতেছে। পাশক ক্ষেপণ করিয়া শিকল প্রস্তুত করিবে। পুনর্ব্বার পূর্ব্বোক্তক্রমে সাবিত করিয়া পরে সাবিত হইতে আর এক শিকল করিবে, এই শিকলের প্রথম ও ত্রয়োদশ জায়দা হইতে এক জায়দা করিয়া পৃথক স্থানে রাখিবে, পরে চতুর্থ ও চতুর্দ্দশ খণ্ডা হইতে এক খণ্ডা করিয়া স্থানান্তরে রাখিবে, তৎপরে সপ্তম ও পঞ্চদশ খণ্ডা হইতে একখণ্ডা করিয়া এক স্থানে রাখিয়া দশম ও ষোড়শ জায়দা হইতে এক জায়দা করিয়া অপরস্থানে রাখিবে। এইরূপে চারি খণ্ডা প্রস্তুত করিয়া এই চারি খণ্ডা হইতে অপর দুই খণ্ডা করিবে। অনন্তর এই দুই খণ্ডা হইতে অপর এক খণ্ডা প্রস্তুত করিয়া সেই খণ্ডার ভাব দৃষ্টে বর্ষ ফল বলিবে।

যদি মাস ফল জানিতে ইচ্ছা হয় তবে, পূর্ব্বোক্ত প্রকারে সাবিত শিকল করিয়া তাহা হইতে চারি জায়দা করিবে, তৎপরে এই চারি জায়দা হইতে অপর দুই জায়দা এবং এই দুই জায়দা হইতে নূতন এক জায়দা করিয়া তাহা হইতে প্রথম মাসের ফলস্থির করিবে। তৎপরে আদ্য মাসের শিকল হইতে দ্বিতীয় মাসের খণ্ডা, দ্বিতীয় মাসের শিকল হইতে তৃতীয় মাসের খণ্ডা এবং তৃতীয় মাসের শিকল হইতে চতুর্থ মাসের খণ্ডা করিবে। এই প্রকারে দ্বাদশ মাসের দ্বাদশ খণ্ডা রচনা করিয়া পশ্চাৎ লিখিত নিয়মে দ্বাদশ মাসের ফল নিরূপণ করিবে।

যদি প্রতিদিনের ফল জানিতে ইচ্ছা থাকে, তবে তাহার প্রণালী এই—আদ্য মাসের শিকল হইতে চারি খণ্ডা করিয়া তাহা হইতে অপর দুই খণ্ডা ও এই দুই খণ্ডা হইতে একটি নূতন খণ্ডা প্রস্তুত করিয়া তাহাতে মাসের আদ্য দিনের ফল বলিবে। তৎপরে প্রথম হইতে দ্বিতীয়ের, দ্বিতীয় হইতে তৃতীয়ের, তৃতীয় হইতে চতুর্থ দিনের জায়দা করিবে। এই প্রকারে ত্রিংশদ্দিনের ত্রিংশৎ জায়দা প্রস্তুত করিয়া প্রথম, মাসের ত্রিশ দিবসের ফল নিশ্চয় করিয়া লইবে। তৎপরে পূর্ব্বোক্ত প্রকারে দ্বিতীয় মাসের শিকল হইতে দ্বিতীয় মাসের এবং তৃতীয় মাসের শিকল হইতে সেই মাসের ত্রিশ দিনের ত্রিশ খণ্ডা করিবে। এই প্রকারে দ্বাদশ মাসের শিকল হইতে তত্তন্মাসের দিন সকলের খণ্ডা প্রস্তুত করিয়া সেই সেই খণ্ডা দৃষ্টে সেই সেই মাসের দিন ফল বিচার করিবে।

এইক্ষণ পূর্ব্বকৃত বর্ষমাসাদির খণ্ডা সকলের ফল কথিত হইতেছে। যদি বর্ষমাসাদির খণ্ডাটি লহীয়ান হয়, তাহা হইলে সেই বর্ষমাসাদিতে মনুষ্য শুভকার্য্যে তৎপর হয় এবং তাহার সর্ব্বপ্রকার মঙ্গল হইয়া থাকে। আর কৃষিকার্য্যে অন্নলাভ হয়, ভীতি ভয় থাকে না, এবং চতুষ্পাদ জন্তু ও স্বীয় ভৃত্য হইতে কিঞ্চিৎ কষ্ট হইয়া থাকে।

যদি বর্ষমাসাদি খণ্ডা কবজুলদাখিল হয়, তাহা হইলে

ব্যাপারে বহুলাভ, পুণ্য কর্ম্মে মতি, বৃক্ষেতে অমৃত তুল্য অনেক ফল, ভোজনে সুখ ও উত্তম পদার্থের বৃদ্ধি হইয়া থাকে। এবং সেই বর্ষ মাসাদিতে রাজগণ সুখী ও সুনীতিযুক্ত হয়। প্রজা পালনেও তাহাদের প্রীতি জন্মে। সংসারে স্থিতিরক্ষা ও পূর্ব্ব-দিগ্বর্ত্তি জন সকলের স্বাস্থ্য এবং ভয় নিবারণ হইয়া থাকে।

বর্ষমাসাদির খণ্ডা কব্জুলখারিজ হইলে সেই বর্ষমাসাদিতে মনুষ্য সকল উদ্বিগ্ন হয়, অধিক বৃষ্টি ও অধিক গ্রীষ্ম হইয়া থাকে। এবং রাজগণ অন্যায়তৎপর, গৃহে গৃহে কলহ, নীচব্যক্তি ও চোরগণের বৃদ্ধি হয়। জল ও অগ্নি হইতে অনেক দ্রব্য নষ্ট হয়। দংশক প্রাণীদিগের বৃদ্ধি হয়, ও হটাৎ লোকের মৃত্যু হয়। এই সকল উপদ্রব নৈঋত দিকে হইয়া থাকে।

যদি বর্ষমাসাদি খণ্ডা জমাএত হয় তাহা হইলে সকল প্রকার পদার্থের বৃদ্ধি হয়, রাজগণ ন্যায়তৎপর হয় ও প্রজা সকল সুখী হইয়া থাকে। প্রাণী বর্গের শ্লেষ্মরিকার জন্য কিঞ্চিৎ ভয় উপস্থিত হয়। এই ফল উত্তর দিগ্বর্ত্তি দেশে জানিবে।

বর্ষমাসাদি খণ্ডা ফরহা হইলে ধনবৃদ্ধি, প্রতিগৃহে মঙ্গল কার্য্য, প্রজাবর্গের সুখবৃদ্ধি, অনেক সন্তান ও অন্নাদি সঞ্চয় হইয়া থাকে এবং মধ্যে মধ্যে অন্নাদি মহার্ঘ হয়। রাজাদিগের বহু কার্য্য ও যথাকালে সুবৃষ্টি হয়। এবং রত্ন পরীক্ষকদিগের বৃদ্ধি হইয়া থাকে।

যদি বর্ষমাসাদি খণ্ডা ওকলা হয় তাহা হইলে ভক্ষ্যদ্রব্য মহার্ঘ হয়, মনুষ্য গণের বহুরোগ, উদ্বেগ, অল্প বৃষ্টি, বহুবাত হইয়া থাকে। রাজগণ অন্যায় তৎপর ও দাসাদির উপদ্রব হয়। এই ফল মধ্য দেশে হইয়া থাকে।

বর্ষমাসাদি খণ্ডা অঙ্কীশ হইলে সেই বর্ষমাসাদিতে অল্পবৃষ্টি, ভক্ষ্যদ্রব্য মহামূল্য, মনুষ্য দিগের বহু রোগ ও কার্য্য সিদ্ধির কঠিনতা হয়। এবং বহু মেঘ হইয়াও তদনুরূপ বৃষ্টি হয় না। শত্রুবর্গ ও রাজা হইতে উদ্বেগ উপস্থিত হয়। এবং দেশস্থ প্রধান ব্যক্তিদিগের বহু ক্লেশ হয়। এই ফল পশ্চিম দেশে হইবে।

যদি বর্ষমাসাদি খণ্ডা হুমরা হয়, তাহা হইলে সেই বর্ষমাসাদিতে অল্প বৃষ্টি, অতিশয় বায়ু ও চোর ভয় উপস্থিত হয়। রাজগণ অন্যায় পথগামী হইয়া চৌরাদি হইতে ধন রক্ষাকরিতে সমর্থ হয় না। অনেক লোক নষ্ট হয়। এবং লতা, বৃক্ষ ও ফলের বৃদ্ধি হয়, মনুষ্যগণ অনেক দ্রব্য লাভ করে, ও তাহাদের হর্ষ বৃদ্ধি হইয়া থাকে। এই ফল অগ্নিকোণস্থ দেশে জানিবে।

বর্ষমাসাদি খণ্ডা অবয়াজ হইলে সেই বর্ষমাসাদিতে বহুবিধ কার্য্য সিদ্ধ ও প্রবাসী ব্যক্তিদিগের প্রবাসের ফল সম্পন্ন হইয়া থাকে। মনুষ্যগণের মিষ্টান্ন ভোজন, বহু দ্রব্য বৃদ্ধিও বহু শস্য উৎপন্ন হয়। রাজগণ সুখী, ন্যায়পর ও শাস্ত্রানুরাগী হইয়া থাকে। এবং ব্যবসায়িদিগের বহুলাভ ও বৃদ্ধি হয়। বায়ব্য দেশে এই সকল ফল জানিবে।

যদি নক্রতুলখারিজ বর্ষমাসাদি খণ্ডা হয়, তাহা হইলে সেই বর্ষমাসাদিতে অল্প বৃষ্টি, বাণিজ্যহানি, রাজভয়, চৌরভয়, মধ্যবিধ শস্যোৎপত্তি, কঠোর বায়ু, জলে নৌকা মগ্ন, লোকভয়, প্রজাবর্গের রোগ বৃদ্ধি, হইয়া থাকে।

নক্রতুলদাখিল বর্ষমাসাদি খণ্ডা হইলে সেই বর্ষমাসাদিতে মনুষ্যের সুখবৃদ্ধি অধিক হর্ষ, বহুশস্যোৎপত্তি ও ভয় নিবারণ হয় এবং রাজগণ নীতিযুক্ত, মনুষ্যের বহু ধন ও যথাকালে সুবৃষ্টি হয়। বৃক্ষে সুগন্ধি ও সুমিষ্ট ফল জন্মে। রাজ্যস্থিত সকল ব্যক্তি ধার্ম্মিক হয়, দেশে কোন ভয় থাকে না, এবং শস্য বৃদ্ধি হইয়া থাকে।

যদি অতবেখারিজ বর্ষমাসাদি খণ্ডা হয়, তাহা হইলে সেবক দিগের অল্প লাভ, অল্প বৃষ্টি, কূপ ও নদীতে অল্প জল, অধিক শীত হয়। এবং প্রবল বায়ু বহিতে থাকে, জলেতে নৌকা মগ্ন হয়। রাজা প্রজার প্রতি রাগ প্রকাশ করেন, ও রাজার লোভ বৃদ্ধি হয়, দেশে ও গ্রামে বহু উপদ্রব উপস্থিত হইয়া থাকে। এবং মধ্যদেশে ব্যাঘ্রাদির ভয় উপস্থিত হয়।

নকী বর্ষমাসাদি খণ্ডা হইলে সেই বর্ষমাসাদিতে বহু মেঘ গর্জ্জন, অল্প বৃষ্টি, বিদ্যুৎপাত, বজ্রপাত হয়। চৌরাদিরা ঘাতক হয়, মনুষ্যদিগের স্বাস্থ্যাভাব, নৈরাশ্য, অন্নাদির বহুমূল্য, রাজগণ অন্যায় তৎপর, রাজার শত্রুবৃদ্ধি, ইত্যাদি ফল হইয়া থাকে।

যদি অতবেদাখিল বর্ষমাসাদি খণ্ডা হয় তাহা হইলে সেই বর্ষমাসাদিতে মনুষ্যের হর্ষ বৃদ্ধি, প্রতি গৃহে মঙ্গলোৎসব হয়, এবং এত অধিক বৃষ্টি হইয়া থাকে যে, তাহাতে পৃথিবী জলপূর্ণ হয়। রাজগণ সুনীতি যুক্ত হওয়াতে সর্ব্বত্র দ্রব্যের সমান মূল্য হইয়া থাকে। এবং বৃক্ষেতে অমৃততুল্য সুমিষ্ট ফল জন্মে বহু ধন বৃদ্ধি হয়, প্রতি গৃহে বিবাহ কার্য্য হইতে থাকে।

ইস্তমাত বর্ষমাসাদি খণ্ডা হইলে সেই বর্ষমাসাদিতে মনুষ্যের হর্ষ ও শুভ কার্য্যে অভিলাষ জন্মে এবং নিত্য কার্য্যে অনুরাগ ও ব্যবসায়ীদিগের বৃদ্ধি হয়। রাজাদিগের সমতা ও স্বাধীন ব্যক্তিদিগের কিঞ্চিৎ কষ্ট হয়। সুগন্ধি দ্রব্য ও রত্ন বৃদ্ধি হইয়া থাকে।

শস্যের সম মূল্য হয়, এবং দ্রব্য লাভ হইয়া থাকে। এই সকল ফল উত্তর দিগস্থিত দেশে হয়।

যদি তারিখ বর্ষমাসাদি খণ্ডা হয়, তাহা হলে সেই বর্ষমাসাদিতে পূর্ব্বদেশে মহা বৃষ্টি ও প্রবল বায়ু প্রবাহিত হয়। সর্ব্বদেশে সকল মনুষ্যই দুশ্চরিত্র হয় এবং খল ব্যক্তির লাভ হইয়া থাকে। কপট দূতের বৃদ্ধি, ভূমিকম্প ও গণকের বৃদ্ধি হয়। এই প্রকার বিশেষ বিচার করিয়া বর্ষমাসাদির ফল নিশ্চয় করিবে।

এই রমলশাস্ত্র দুই প্রকার। কেবল শূন্যপাতদ্বারা চেহারা প্রস্তুত করিয়া যে ফলাফল গণনা করা যায়, তাহার নাম সহজ রমল। এবং অষ্টধাতুনির্ম্মিতপাশক ক্ষেপণ করিয়া তদ্দ্বারা চেহারা প্রস্তুত করিয়া ও ঐ শিকলের গ্রহ রাশি নক্ষত্র ও তাহাদিগের দৃষ্টি বলাবলাদি বিচারে যে ফলাফল বলা যায়, তাহার নাম যৌগিকরমল। ইহা ফলিতজ্যোতিষশাস্ত্রের তুল্য। এ পুস্তকে এই যৌগিকরমলই লিখিত হইল। সহজরমল আমার প্রকাশিত Extracts from Works on Astrology নামক গ্রন্থের ৭২৭ পৃষ্ঠা হইতে ৭৪৮ পৃষ্ঠা পর্য্যন্ত লিখিত হইয়াছে। এই রমলশাস্ত্র বহুকাল হইতেই যবনদেশে প্রচলিত আছে। ইংলণ্ডদেশের কোন কোন জ্যোতির্ব্বিৎ ঐ শাস্ত্রের অনুবাদ করিয়া প্রকাশ করিয়াছিলেন। দেখা যাইতেছে যে, ১৬৫৩ খ্রীষ্টাব্দে রিচার্ড স্যাণ্ডার্স (Richard Sanders) নামক জ্যোতির্ব্বেত্তা তাঁহার প্রকাশিত সামুদ্রিকশাস্ত্রে এই রমলপাক্ষি'-গণনার উল্লেখ করিয়া নানাবিধ ফলাফল গণনার প্রণালী লিখিয়াছেন। তাহাতে রমলপাক্ষি'গণনার ১৬টি চেহারার নাম ও রাশি ও গ্রহ ইত্যাদি ইংরাজী নাম যাহা লিখিত আছে তাহা উদ্ধৃত করিয়া নিম্নে প্রকটিত করা গেল। এই গণনা যে যথার্থ, তাহা অনায়াসে ভাবাভাবদৃষ্টে অবশ্যই বিশ্বাস করা কর্ত্তব্য।

| মেষ। | বৃষ। | মিথুন। | কর্কট। | সিংহ। | কন্যা। | তুলা। | বৃশ্চিক। |
|---|---|---|---|---|---|---|---|
| — | • | — | — | • | — | • | — |
| • | — | • | — | • | • | — | — |
| — | — | — | • | • | • | • | — |
| • | — | — | — | • | — | — | • |
| Acquisitio. | Lætetia. | Rubeus. | Albus. | Viæ. | Conjunctio. | Amissio. | Justitia. |
| বৃহস্পতি। | বৃহস্পতি। | মঙ্গল। | বুধ। | সোম। | বুধ। | শুক্র। | শনি। |
| কব্জুলদাখিল। | লহিয়ান্। | হুম্রা। | বিয়াজ। | তারিখ। | ইস্তমাত্। | কব্জুলখারিজ। | অক্কিশ। |

| ধনুঃ। | মকর। | কুম্ভ। | মীন। | মেষ। | সিংহ। | ধনুঃ। | তুলা। |
|---|---|---|---|---|---|---|---|
| • | — | • | • | — | • | — | ৯ |
| • | — | — | — | • | • | — | • |
| — | — | • | — | • | • | • | — |
| • | — | • | • | • | — | • | — |
| Puer. | Populus. | Puella. | Carcer. | Caput Draconis. | Cauda Draconis. | Fortuna Major. | Fortuna Minor. |
| শুক্র। | সোম। | মঙ্গল। | শনি। | | | রবি। | রবি। |
| ফর্হা। | জমায়েৎ। | নকী। | ওকলা। | অতবেদাখিল। | অতবেখারিজ। | নক্রতুলদাখিল। | নক্রতুল খারিজ। |

জেলা ঢাকার অন্তঃপাতী মহকুমা মাণিকগঞ্জের অধীন বুতুনী নিবাসী শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় কর্ত্তৃক সংকলিত ও প্রকাশিত ফলিতজ্যোতিষে রমলপাক্ষি'গণনা সমাপ্তা।

ইতি দ্বিতীয়খণ্ডঃ সমাপ্তঃ।